নির্দ্দেশ্যে ভগবতি অতর্ক্যৈশ্বর্য্যে। অখিলাত্মনি শস্ত্রাদীনামপি নিয়ন্তরি শস্ত্রাঘাতঃ কথং সম্ভবন্তীতি ভাবঃ। অপুণ্যস্য দুর্ভাগ্যস্য ॥ ৩৩ ॥

অভিচারৈঃ কৃত্যাদিভিঃ অবপাতনৈরত্যুচ্চদেশাদধঃপাতনৈঃ। কৃত্যাদি-সংনিরোধৈ

অনুচর দৈত্যগণ কর্ত্তৃক প্রহ্লাদকে নিহত করিবার যাবদীয় উপায় নিষ্ফল হইলে, দৈত্যরাজের মনোমধ্যে অতীব আশঙ্কা উপস্থিত হইল। হে যুধিষ্ঠির! তখন হিরণ্যকশিপু বিশেষ নীতির অনুসরণে প্রহ্লাদকে নিহত করিতে কৃত-সংকল্প হইয়া, নানাপ্রকার বধোপায় নিরূপণ করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

কখন মত্ত মাতঙ্গের পদে দলিত করিয়া, বিষম বিষধরের অব্যর্থ দংশনের

আভাস।

এস্থলে গ্রন্থকর্ত্তা প্রহ্লাদ-চরিত্র বর্ণন করিয়াছেন। যাহার কেহ নাই, তাহার ভগবান্ আছেন। তাঁহাকে আপনার করিতে পারাই, সংসারে একমাত্র লক্ষ্য। হিরণ্যকশিপুর সকল ছিল; কেবল তিনি (ভগবান্) তাহার পক্ষে ছিলেন না; সুতরাং তাহার ভয়ের সীমা ছিল না এবং নিজের পুত্রের উপলক্ষেই তাহাকে নিহত হইতে হইল। প্রহ্লাদের কেহ ছিল না; কেবল ভগবান্ মাত্র সহায় ছিলেন; তিনি একাকী প্রহ্লাদের সকল অভাবের পূরণে, তাহাকে রক্ষা করিলেন। প্রবল-পরাক্রম হিরণ্যকশিপুর সর্ব্বপ্রকার মারণোপায় বিফল হইয়া গেল। প্রহ্লাদ নিরুদ্বেগে পরমানন্দ উপভোগ করিতে লাগিলেন। হিরণ্যকশিপু সাংসারিক সর্ব্বপ্রকার সদ্ভাবের শীর্ষস্থান অধিকার করিয়াও, সদা উৎকণ্ঠিত-চিত্তে অবস্থান পূর্ব্বক অকালে মৃত্যুকে আলিঙ্গন করিলেন ॥ ৩০—৩৩ ॥

হিমবায়্বগ্নি-সলিলৈঃ পর্ব্বতাক্রমণৈরপি ॥ ৩৪ ॥
ন শশাক যদা হন্তুমপাপমসুরঃ সুতং।
চিন্তাং দীর্ঘতমাং প্রাপ্তস্তৎকর্ত্তুং নাভ্যপদ্যত ॥ ৩৫ ॥
এষ মে বহ্বসাধূক্তো বধোপায়াশ্চ নির্ম্মিতাঃ।

অন্বয়ঃ।

(কৃত্যোৎপাদনৈঃ) অবপাতনৈঃ (গিরিশৃঙ্গাদিভ্যঃ অধঃপাতনৈঃ) মায়াভিঃ (অকস্মাদুৎপাদিতৈঃ সিংহব্যাঘ্রাদিভিঃ) সন্নিরোধৈঃ (অবটাদিষু) গরদানৈঃ বিষপ্রয়োগৈঃ, অভোজনৈঃ উপবাসৈঃ, হিমবায়্বগ্নিসলিলৈঃ তেষু তেষু পাতনৈঃ, পর্ব্বতাক্রমণৈঃ (তদুপরি পর্ব্বত-নিক্ষেপৈঃ) ॥ ৩৪ ॥

(এতৈঃ উপায়ৈঃ) যদা অপাপং নির্দোষং, সুতং হন্তুং ন শশাক তথা তৎ তস্য হননং কর্ত্তুং উপায়ান্তরং চ ন অভ্যপদ্যত ন লেভে, তদা অসৌ অসুরঃ দীর্ঘতমাং চিন্তাং প্রাপ্তঃ ॥৩৫॥

এষঃ বালঃ মে ময়া বহু অসাধু যথা ভবতি তথা উক্তঃ ; তথা অস্য বধোপায়াঃ চ নির্ম্মিতাঃ,

শ্রীধরস্বামী।

সংনিরোধৈশ্চ পর্ব্বতাক্রমণৈঃ পর্ব্বতানাং তদুপরি ক্ষেপণৈঃ। বহুবচনৈরভিচারাদ্যাবৃত্তিং দর্শয়তি ॥ ৩৪ ॥

তদ্ধননং কর্ত্তুং নাভ্যপদ্যত ন প্রাপ, নাশক্নোদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

চিন্তামেবাহ এষ ইতি ত্রিভিঃ। মে ময়া অসাধু পরুষং যথা ভবতি তথোক্তঃ। অসদ্ধর্ম্মৈ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

র্বহুবচনৈরভিচারাদ্যাবৃত্তয়ঃ সূচিতাঃ ॥ ৩৪ ॥

তৎ হননং কর্ত্তুং নাভ্যপদ্যত ন প্রাপ নাশক্নোদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

দ্বারা, নানাপ্রকার অভিচারের প্রয়োগে, কখনও বা উচ্চ গিরিশৃঙ্গ হইতে নিক্ষেপ করত, গর্ত্তাদি গিরিকোটরে বহুকাল বায়ুর গমনাগমন ব্যতীত স্থলে রুদ্ধ রাখিয়া, বিষ প্রয়োগে এবং অনশনে প্রহ্লাদের জীবননাশের বিলক্ষণ চেষ্টা করিয়াও যখন হিরণ্যকশিপু ব্যর্থ-মনোরথ হইলেন, তখন তিনি দারুণ হিমে, ভীষণ বাত্যায়, প্রচণ্ড অগ্নিকুণ্ডে একে একে নিক্ষেপ করত সর্ব্বান্তে পর্ব্বতের উচ্চ শৃঙ্গ হইতে নিক্ষেপ করত পুত্রের প্রাণবধের চেষ্টা করিলেন ॥ ৩৪ ॥

কিন্তু নিষ্পাপ-হৃদয় প্রহ্লাদকে স্বয়ং ভগবান্ রক্ষা করায়, হিরণ্যকশিপুর কোন উদ্যমই সফল হইল না। প্রহ্লাদকে কোন উপায়ে যখন নিহত করিতে পারিলেন না, তখন তাঁহার দীর্ঘ চিন্তা উপস্থিত হইল ॥ ৩৫ ॥

হিরণ্যকশিপু মনোমধ্যে বিশেষ বিবেচনা পূর্ব্বক ভাবিলেন যে, এই সামান্য বালকের নিধনার্থ আমি নানাপ্রকার উপায়েরই প্রয়োগ করিয়াছি! কিন্তু দুঃখের বিষয় এই যে, সেই সমস্ত দারুণ আভিচারিক উপায় সম্পূর্ণ

তৈস্তৈর্দ্রোহৈ রসদ্ধর্ম্মৈর্মুক্তঃ স্বেনৈব তেজসা ॥ ৩৬ ॥
বর্ত্তমানোঽবিদূরে বৈ বালোঽপ্যজরধীরয়ং।
ন বিস্মরতি মেঽনার্য্যং শুনঃশেফ ইব প্রভুঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

কারিতাঃ ; তৈঃ তৈঃ দ্রোহৈঃ শূলঘাতাদিভিঃ অসদ্ধর্ম্মৈঃ অভিচারাদিভিঃ চ স্বেন তেজসা প্রভাবেণৈব ততঃ সঃ মুক্তঃ ॥ ৩৬ ॥

অবিদূরে স্বস্য সমীপে, এব বর্ত্তমানঃ অপি অয়ং অজড়ধীঃ নির্ভয়চিত্তঃ, অতঃ বালঃ অপি শুনঃশেফঃ ইব প্রভুঃ (নিগ্রহানুগ্রহে সমর্থঃ) সঃ মে মম অনার্য্যং দৌর্জন্যং ন বিস্মরতি ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

রূপকারৈরভিচারৈর্বা ॥ ৩৬ ॥

অবিদূরে বর্ত্তমানোঽপি অয়ং বালোঽপি অজড়ধী নির্ভয়চিত্তঃ। মে অনার্য্যমন্যায্যং শক্রুহং বা ন বিস্মরতি। অজীগর্ত্তস্য মধ্যমপুত্রঃ শুনঃশেফোনাম পিতৃভ্যাং হরিশ্চন্দ্রায় বিক্রীতঃ সন্ যথা তয়োরপকারং অবিস্মরন্ তদ্বিপক্ষং বিশ্বামিত্রমাশ্রিত্য গোত্রান্তরমাপন্নস্তদ্বৎ। যদ্বা স্বভাবাপরিত্যাগে দৃষ্টান্তঃ শুনঃশেফপুচ্ছমিবেতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিন্তামাহ এষ ইতি ত্রিভিঃ। অসদ্ভির্ধর্ম্মৈরভিচারৈশ্চ ॥ ৩৬ ॥

নিষ্ফল হইয়া গিয়াছে! এই বালক নিজের বীর্য্য-প্রভাবেই সকল মারণোপায় হইতে অব্যাহতি লাভ করিয়াছে ॥ ৩৬ ॥

অথচ নির্ভয়-চিত্তে আমার নিকটেই অবস্থান করিতেছে। অন্যত্র পলায়নও করে না! তখন আমার বিশেষ বিবেচনা করা কর্ত্তব্য যে, আমি যে সকল অত্যাচার ইহার প্রতি করিয়াছি, সে সমস্ত কি সে সম্পূর্ণ বিস্মৃত হইবে? কিম্বা অজীগর্ত্তের মধ্যম পুত্র শুনঃশেফের ন্যায়, আমারই বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হইবে! ॥ ৩৭ ॥

আভাস।

বরুণের কোপে পতিত রাজা হরিশ্চন্দ্র নরবলি দিবার অঙ্গিকারে বরুণের প্রীতি লাভ করেন। কিন্তু যথাকালে বলির উপযুক্ত নরপশুর অন্বেষণার্থ অজীগর্ত্ত নামক এক ব্রাহ্মণের সমীপে উপনীত হন। পিতা জ্যেষ্ঠ পুত্রকে বলির নিমিত্ত প্রদানে অসম্মত হইলেন এবং বলিলেন যে, রাজার কর্ত্তব্য ব্রাহ্মণীকে জিজ্ঞাসা করা যে, তিনি কোন্ পুত্র প্রদানে ইচ্ছা করেন। ব্রাহ্মণের উপদেশ অনুসারে রাজা যখন বলির নিমিত্ত ব্রাহ্মণীকে জিজ্ঞাসা করিলেন, তখন তিনি বলিলেন, হে রাজন্! জননীর কনিষ্ঠ পুত্রটী একান্ত স্নেহের পাত্র হইয়া থাকে; সুতরাং তিনটী পুত্রের মধ্যে কনিষ্ঠটীকে পরিত্যাগ করত অন্য দুইটীর মধ্য হইতে যেটী আপনি ইচ্ছা করেন, লইতে পারেন। তখন উক্ত ব্রাহ্মণের মধ্যম পুত্র শুনঃশেফ দেখিলেন

অপ্রমেয়ানুভাবোঽয়মকুতশ্চিদ্ভয়োঽমরঃ।
নূনমেতদ্বিরোধেন মৃত্যুর্মে ভবিতা ন বা ॥ ৩৮ ॥
ইতি তচ্চিন্তয়া কিঞ্চিন্ম্লানশ্রিয়মধোমুখং।
শণ্ডামর্কাবৌশনসৌ বিবিক্ত ইতি হোচতুঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

অপ্রমেয়ানুভবঃ (অপ্রমেয়ঃ অপরিমেয়ঃ অনুভবঃ যস্য সঃ) অতঃ ন কুতশ্চিৎ অপি ভয়ং যস্য সঃ, অতএব অমরঃ মরণরহিতঃ, অয়ং বালঃ। নূনং নিশ্চিতং এতদ্বিরোধেন হেতুনা মে মৃত্যুঃ ভবিতা ভবিষ্যতি ন বা ॥ ৩৮ ॥

ইতি এবম্ভূতয়া চিন্তয়া কিঞ্চিৎ ম্লানশ্রিয়ং নিস্তেজস্কং, অধোমুখং অধঃকৃতমুখং তং হিরণ্যকশিপুং ঔশনসৌ উশনসঃ পুত্রৌ শণ্ডামর্কৌ, বিবিক্তে নির্জনে, দেশে ইতি হ উচতুঃ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

অপ্রমেয়ঃ অপরিমেয়োঽনুভাবো যস্য। ন কুতশ্চিদ্ভয়ং যস্য। অমরঃ মৃত্যুশূন্যঃ। নবা ভবিতা অন্যথা মৃত্যুর্নৈব ভবিষ্যতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

ঔশনসৌ উশনসঃ পুত্রৌ নীতিজ্ঞৌ। বিবিক্তে একান্তে ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিদূরে বর্ত্তমানোঽপি মে অনার্য্যং শক্রং বিষ্ণুং ন বিস্মরতি। স্বভাবাপরিত্যাগে দৃষ্টান্তঃ শুনঃশেফঃ পুচ্ছমিব। বস্তুতস্তু শুনঃশেফো নাম পিতৃভ্যাং হরিশ্চন্দ্রায় বিক্রীতো অজীগর্ত্তস্য মধ্যমঃ পুত্রঃ স যথা তয়োরপকারমবিস্মরংস্তদ্বিপক্ষং বিশ্বামিত্রমাশ্রিত্য গোত্রান্তরমাপন্ন স্তদ্বৎ ॥ ৩৭—৩৯ ॥

অহো! এই বালকের বীর্য্যপ্রভাব অনুপম! ইহার দেখিতেছি, ভয় কিছুতেই নাই! এ অমর হইয়া, জন্মগ্রহণ করিয়াছে! আমি জানি না! এই বিরোধে আমার নিজের মৃত্যুই যেন নিশ্চয় অবধারিত হইবে। ৩৮ ॥

এইরূপ ঘোরতর দুশ্চিন্তায় অসুরেন্দ্রের মুখশ্রীঃ ম্লান হইয়া গেল; তিনি ক্ষণকাল অধোমুখে অবস্থান করিলে, পুরোহিতের নন্দনদ্বয় শণ্ডামর্ক তাঁহাকে নির্জ্জনে সম্বোধন করত বলিলেন— ॥ ৩৯ ॥

আভাস।

যে, জ্যেষ্ঠ পুত্র পিতার প্রিয়; কনিষ্ঠ মাতার প্রিয়; আমি মধ্যম হইয়া জন্ম পরিগ্রহ করায়, উভয়ের স্নেহেই বঞ্চিত হইলাম! অতএব জনক জননীর অনুমতি দিবার পূর্ব্বেই বলির জন্য আমারই প্রস্তুত হওয়া কর্ত্তব্য। তখন তিনি রাজার হস্তগত হইয়া যখন গমন করিতেছিলেন, তখন আক্ষেপ করত উচ্চকণ্ঠে বলিয়াছিলেন যে, "পিতরৌ ধনলুব্ধৌ তু রাজা খড়্গধরঃ স্বয়ং। দেবতা বলিমিচ্ছন্তি কো মে ত্রাতা ভবিষ্যতি" ॥ অর্থাৎ জনক জননী

জিতং ত্বয়ৈকেন জগত্ত্রয়ং ভ্রুবোর্বিজৃম্ভণত্রস্ত-সমস্ত-ধিষ্ণ্যপং।
ন তস্য চিন্ত্যং তব নাথ চক্ষ্মহে নবৈ শিশূনাং গুণদোষয়োঃ পদং ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

হে নাথ হে স্বামিন্! ভ্রুবোঃ বিজৃম্ভণেন চলনমাত্রেণ ত্রস্তাঃ ভীতাঃ সমস্তাঃ ধিষ্ণ্যপাঃ লোকপালাঃ যস্মিন্ তৎ জগৎত্রয়ং ত্বয়া একেন এব জিতং, তস্য এবম্ভূতস্য তব চিন্ত্যং (ভয়হেতুত্বেন চিন্তাবিষয়ং) বয়ং ন চক্ষ্মহে ন পশ্যামঃ। শিশূনাং চরিতং গুণদোষয়োঃ পদং বিষয়ঃ, ন ভবতি ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

ভ্রুবোর্বিজৃম্ভণেনৈব ত্রস্তাঃ সমস্তধিষ্ণ্যপা যস্মিন্। চিন্ত্যং ন চক্ষ্মহে ন পশ্যামঃ। পদমালম্বনং নৈবাস্তি। যদ্বা শিশূনাং বৃত্তং গুণদোষয়োঃ পদং বিষয়ো ন ভবতীত্যর্থঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য তব চিন্ত্যং স্বাভিলষণীয়বস্তুনোঽপ্রাপ্ত্যা চিন্তনীয়ং কিমপি ন চক্ষ্মহে ন পশ্যাব। ইত্যর্থঃ। পুত্রোঽয়ং মে মদ্বিরুদ্ধস্বভাব ইতি চেত্তত্রাহ নেতি। শিশূনাং পদং ব্যবসায়ং গুণদোষয়োর্মধ্যে ন চক্ষ্মহে ন কিমপি পশ্যামঃ। শৈশবান্তে সতি বুদ্ধে র্ভদ্রাভদ্রত্বং জ্ঞাস্যাব ইতি ভাবঃ। নবৈ ইতি চার্থে। চক্ষ্মহে ইত্যুভয়ত্রান্বয়ঃ ॥৪০ ॥

হে নাথ! আপনি সামান্য ভ্রূভঙ্গির প্রভাবে এই ত্রিভুবনকে একাকী জয় করত সমস্ত লোকপালগণকে নিজের করতলস্থ করিয়াছেন। অহো! যাঁহার এতাদৃশ বিক্রম! তাঁহার পক্ষে যে এক্ষণে কোন চিন্তার বিষয় উপস্থিত হইয়াছে বলিয়া, আমরা দেখিতে বা বুঝিতে পারিতেছি না। দেখুন! বালকের চরিত্রে ভাবী দোষ বা গুণের নিরূপণ আপাতত করা উচিত নহে। বর্ত্তমান অবস্থা

আভাস।

ধন-লোভে অন্ধ হইয়া আমাকে মৃত্যুর হস্তে অবলীলাক্রমে প্রদান করিলেন! এক্ষণে যদি রাজার নিকট জীবন রক্ষার জন্য প্রার্থনা করি! তাহাও নিরর্থক। কারণ তিনি স্বার্থের অনুরোধে আমার জীবন গ্রহণার্থ স্বয়ং খড়্গ ধারণে দণ্ডায়মান। এদিকে দেবতার শরণাগত হওয়াও বৃথা; কারণ বলি ভোজনার্থ জিহ্বা প্রসারিত করত, তাঁহারা বসিয়া আছেন অতএব এতাদৃশ নিরাশ্রয় অবস্থায় কে আমার পরিত্রাণে সক্ষম হইবেন? শুনঃশেফের তাদৃশ কাতরোক্তি শ্রবণে ব্রহ্মর্ষিত্বপ্রার্থী বিশ্বামিত্র ব্রাহ্মণের বিরুদ্ধে তদীয় পুত্র শুনঃশেফকে আশ্রয় দিয়া, তাহার জীবন রক্ষা করিলেন। তখন শুনঃশেফ পিতৃবংশ পরিত্যাগ পূর্ব্বক বিশ্বামিত্রের গোত্র স্বীকার করিলেন। অতএব প্রাণবধের বিবিধ উপায় করায়, প্রহ্লাদও পাছে শুনঃশেকের ন্যায়, তাঁহার বিরুদ্ধাচারী হইয়া মৃত্যু ঘটায়, এই ভয়ে হিরণ্যকশিপু কাতর হইয়া, ম্লানমুখে ও অধোবদনে অবস্থান করিতেছিলেন; তখন শণ্ডামর্ক তাঁহাকে উৎসাহ প্রদানে সান্ত্বনা করিয়াছিলেন ॥ ৩৭—৪০ ॥

ইমন্তু পাশৈর্বরুণস্য বদ্ধা নিধেহি ভীতো ন পলায়তে যথা
বুদ্ধিশ্চ পুংসো বয়সার্য্যসেবয়া যাবদ্গুরু র্ভ র্গব আগমিষ্যতি ॥ ৪১ ॥

তথেতি গুরুপুত্রোক্তমনুজ্ঞায়েদমব্রবীৎ।
ধর্ম্মো হ্যস্যোপদেষ্টব্যো রাজ্ঞাং যো গৃহমেধিনাং ॥ ৪২ ॥
ধর্ম্মম ঞ্চ কামঞ্চ নিতরাঞ্চানুপূর্ব্বশঃ।

অন্বয়ঃ।

যাবৎ ভার্গবঃ গুরুঃ শুক্রাচার্য্যঃ আগমিষ্যতি আগচ্ছেৎ, তাবৎ যথা ভীতঃ সন্ অয়ং ন পলায়তে পলায়েত, তথা ইমং বরুণস্য পাশৈঃ বদ্ধা নিধেহি স্থাপয়। যতঃ পুংসঃ বুদ্ধিঃ বয়সা বয়সঃ আধিক্যেন, আর্য্যাণাং মহতাং সেবয়া (আর্য্যাণাং মহতাং সেবয়া সঙ্গতস্তদুপদেশেন পরাবর্ত্তিষ্যতে) ॥ ৪১ ॥

এবং গুরুপুত্রোক্তং তথা ইতি অনুজ্ঞায় অঙ্গীকৃত্য, সভায়াং ইদং অব্রবীৎ যথা গৃহমেধীনাং গৃহস্থানাং রাজ্ঞাং যে ধর্ম্মাঃ তে হি এব অস্য প্রহ্লাদস্য উপদেষ্টব্যাঃ ॥ ৪২ ॥

হে রাজন্! প্রশ্রিতাবনতায় প্রহ্লাদায় নিতরাং নিরন্তরং, অনুপূর্ব্বশঃ ধর্ম্মং অর্থং চ কামং

শ্রীধরস্বামী।

তথাপি তু বন্ধনমস্যোচিতমিত্যাহতুরিমান্ত্বিতি। যাবদ্গুরুরাগমিষ্যতি তাবদ্বদ্ধা নিধেহি। ততঃ কিমত উচতুঃ বুদ্ধিশ্চ সমীচীনা বয়সা ভবতীতি ॥ ৪১ ॥

অনুজ্ঞায় তথেত্যঙ্গীকৃত্য ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবতু সংপ্রতি কিং করোমি তত্রাহতুঃ ইমান্ত্বিতি। যতঃ পুংমাত্রস্যৈব বুদ্ধির্ব্বয়সা বাল্যাৎ পরেণৈব তথা আচার্য্যস্য সেবয়াচ। ক আর্য্যঃ কদাবা অনেন সেব্য স্তত্রাহ যাবদ্যদেত্যর্থঃ ভার্গবঃ শুক্র এবাচার্য্য ইত্যর্থঃ ॥ ৪১ ॥

দর্শনে বালকের চরিত্রে শুভাশুভের নির্দ্ধারণ করা একান্ত অসঙ্গত ॥ ৪০ ॥

দেখুন্! বয়সের আধিক্যে এবং আচার্য্যগণের সংসর্গে মানবের বুদ্ধির পরিবর্ত্তন এবং উন্নতি লাভ হয়। অতএব যদবধি ভৃগুনন্দন ভগবান্ শুক্রাচার্য্য গৃহে প্রত্যাগমন না করেন, তদবধি ইহাকে আমাদের আবদ্ধ রাখাই একান্ত কর্ত্তব্য। অতএব যাহাতে এই বালক ভয়ে পলায়ন করিতে না পারে, তজ্জন্য ইহাকে বরুণ-পাশে দৃঢ়রূপে বন্ধন করিয়া রাখা হউক্! ॥ ৪১ ॥

হিরণ্যকশিপু তখন গুরুপুত্রের উপদেশ অনুসারে তথাস্তু বলিয়া স্বীকার করিলেন এবং তদনুসারে ভৃত্যবর্গকেও আদেশ করিলেন। এদিকে গুরু-পুত্রকে সম্বোধন করত বলিলেন যে, আপনারা যে কোন উপায়ে ইহাকে গৃহাশ্রমী রাজন্যবর্গের ধর্ম্ম উত্তমরূপে শিক্ষা প্রদান করুন্! ॥ ৪২ ॥

হে রাজন্! এদিকে শণ্ডামর্ক তাদৃশ বিনম্র এবং আজ্ঞাকারী বালক

প্রহ্লাদায়োচতুঃ রাজন্ প্রশ্রিতাবনতায়চ ॥ ৪৩ ॥
যথা ত্রিবর্গং গুরুভিরাত্মনে উপশিক্ষিতং।
ন সাধু মেনে তচ্ছিক্ষাং দ্বন্দ্বারামোপবর্ণিতাং ॥ ৪৪ ॥
যদাচার্য্যঃ পরাবৃত্তো গৃহমেধীয়-কর্ম্মসু।
বয়স্যৈর্বালকৈস্তত্র সোপহূতঃ কৃতক্ষণৈঃ ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

চ গুরুপুত্রৌ উচতুঃ ॥ ৪৩ ॥

যৎ আত্মনে স্বস্মৈ, যথা যথাবৎ, গুরুভিঃ ত্রিবর্গং উপশিক্ষিতং দ্বন্দ্বারামোপবর্ণিতাং তচ্ছিক্ষাং সাধু ন মেনে ॥ ৪৪ ॥

যদা আচার্য্যঃ পরাবৃত্তঃ অধ্যাপন-স্থানাৎ গৃহং গতঃ, তত্র গৃহমেধীয়কর্ম্মসু চ প্রসক্তঃ তদা কৃতক্ষণৈঃ ক্রীড়ার্থং লব্ধাবসরৈঃ বয়স্যৈঃ সমানবয়স্কৈঃ বালকৈঃ তত্র সঃ প্রহ্লাদঃ উপহূতঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

ততশ্চ তৌ প্রহ্লাদায় ধর্ম্মাদিকমূচতুঃ। প্রশ্রিতশ্চাসাববনতশ্চ তস্মৈ ॥ ৪৩ ॥

যথাবত্ত্রিবর্গমুপশিক্ষিতমপি সাধু ন মেনে তাং শিক্ষাঞ্চ কুতো দ্বন্দ্বে রাগদ্বেষাদিভির্বিষয়েষ্বারমণং যেষাং তৈরুপবর্ণিতাং ॥ ৪৪ ॥

পরাবৃত্তঃ অন্যত্র গতঃ স উপহূতঃ। সন্ধিঃ পাদপূরণার্থং ক্রীড়ার্থং কৃতক্ষণৈঃ কৃতোৎসবৈর্লব্ধাবসরৈরিতি বা ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুজ্ঞায় অঙ্গীকৃত্য ॥ ৪২ ॥ ৪৩ ॥

যথাবৎ ত্রিবর্গমুপশিক্ষিতমপি সাধু ন মেনে তাং শিক্ষাঞ্চ যতো দ্বন্দ্বারামসাংসারিকলোকবিষয়ে এব উপবর্ণিতাং নতু পারমার্থিকে ॥ ৪৪ ॥

পরাবৃত্তঃ অধ্যাপনস্থানাৎ পরাবৃত্ত্য স্বগৃহং গতঃ। কর্ম্মসু প্রাবর্ত্তত। তদা স প্রহ্লাদঃ কৃতক্ষণৈঃ ক্রীড়ার্থং কৃতোৎসবৈঃ। যদ্বা। ভক্তিশিক্ষার্থময়ং নিভৃতঃ সময় ইতি কৃতাবসরৈঃ ॥ ৪৫ ॥

প্রহ্লাদকে ধর্ম্ম, অর্থ এবং কামের সম্বন্ধে আনুপূর্ব্বিক যথেষ্ট উপদেশ প্রদান করিতে লাগিলেন ॥ ৪৩ ॥

কিন্তু সেই ত্রিবর্গের ব্যাপার গুরুগণ তাঁহাকে যতই উপদেশ দিয়াছিলেন, প্রহ্লাদের তাহা কিছুতেই মনঃপূত হয় নাই; যাহারা অনিত্য বিষয় সম্ভোগেই একান্ত উন্মত্ত; দ্বন্দ্ব সুখদুঃখাদিতেই যাহাদের প্রকৃত প্রীতি, তাহাদের উপদেশকে তিনি উত্তম শিক্ষা বলিয়া, মনে করেন নাই ॥ ৪৪ ॥

কোন সময়ে আচার্য্য যখন গৃহকর্ম্মোপলক্ষে অধ্যাপনার স্থান হইতে অন্যত্র

অথ তান্ শ্লক্ষ্ণয়া বাচা প্রত্যাহূয় মহাবুধঃ।
উবাচ বিদ্বাং স্তন্নিষ্ঠাং কৃপয়া প্রহসন্নিব ॥ ৪৬ ॥
তেতু তদ্গৌরবাৎ সর্ব্বে ত্যক্তক্রীড়াপরিচ্ছদাঃ।
বালা অদূষিতধিয়ো দ্বন্দ্বারামেরিতেহিতৈঃ ॥ ৪৭ ॥
পর্য্যুপাসত রাজেন্দ্র তন্ন্যস্তহৃদয়েক্ষণাঃ।

অন্বয়ঃ।

অথ অনন্তরং শ্লক্ষ্ণয়া মধুরয়া, বাচা তান্ বালকান্, প্রত্যাহূয় মহাবুধঃ প্রহ্লাদঃ তন্নিষ্ঠাং (তেষাং নিষ্ঠাং জন্মমরণাদিলক্ষণাং) বিদ্বান্ জানন্, প্রহসন্ ইব কৃপয়া আহ ॥ ৪৬ ॥

দ্বন্দ্বারামেরিতেহিতৈঃ (দ্বন্দ্বারামাণাং ঈরিতৈঃ) উপদেশৈঃ ঈহিতৈঃ চেষ্টিতৈঃ চ (ন দূষিতা ধীঃ যেষাং তে) অদূষিতধিয়ঃ সর্ব্বে তে বালাঃ তু তদ্গৌরবাৎ তদ্বচনগৌরবাৎ (ত্যক্তাঃ ক্রীড়াপরিচ্ছদাঃ ক্রীড়োপকরণানি চ যৈঃ) তথাভূতাঃ সন্তঃ ॥ ৪৭ ॥

হে রাজেন্দ্র! তস্মিন্ প্রহ্লাদে ন্যস্তং হৃদয়ং ঈক্ষণং চ যৈঃ তে তন্ন্যস্তহৃদয়েক্ষণাঃ তং

শ্রীধরস্বামী।

তেষাং নিষ্ঠাং জন্মমরণাদিলক্ষণাং বিদ্বান্ ॥ ৪৬ ॥

দ্বন্দ্বারামাণামীরিতে রীহিতৈশ্চ ন দূষিতা ধীর্যেষাং যতো বালাঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং বালানাং স্বস্মিন্ গুরুত্বনিষ্ঠাং বিদ্বান্ জানন্ প্রহসন্নিব। অহো ইমে অপি ভগবদনুকম্পাজালে পতিতাঃ ইতি স্ময়মানঃ ॥ ৪৬ ॥

গমন করিলেন, তখন সমবয়স্ক দৈত্য বালকেরা অবসর প্রাপ্তে ক্রীড়ার নিমিত্ত প্রহ্লাদকে আহ্বান করিলেন ॥ ৪৫ ॥

মহাজ্ঞানী প্রহ্লাদ তখন অতি মধুর-বচনে সেই বয়স্য বালকগণকে স্ব-সমীপে আহ্বান করত, ঈষৎ হাস্য সহকারে অবশ্য-জ্ঞাতব্য শরীর-সম্বন্ধীয় জন্ম-মরণের বিষয় তাহাদিগের নিকট বলিতে অরিম্ভ করিলেন ॥ ৪৬ ॥

বালকদিগের বুদ্ধি তখনও কলুষিত হয় নাই। তাহারা ভোগীর ভোগোপদেশে তখনও তত দূষিত হয় নাই; সুতরাং প্রহ্লাদের বলিবার গুণপনায় এবং তদুক্তভাবের গুরুত্বে বালকগণ বিস্মিত হইল; এমন কি! শুনিবার কালে তাহাদের বেশভূষার প্রতিও লক্ষ্য ছিল না; তাহারা স্ব স্ব ক্রীড়োপকরণাদি পরিত্যাগ করত, অনন্যমনে প্রহ্লাদের উপদেশ-বাক্যই আগ্রহ সহকারে শুনিতে লাগিল ॥ ৪৭ ॥

এই প্রকারে বালকগণ যখন হৃদয়, প্রাণ সমর্পণ পূর্ব্বক, আগ্রহাতিশয়ে প্রহ্লাদের উপদেশ বাক্য শ্রবণ করিতেছিল, তখন সেই মহাকারুণিক সর্ব্ব

তানাহ করুণো মৈত্রো মহাভাগবতোঽসুরঃ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে প্রহ্লাদানুচরিতে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

প্রহ্লাদ উবাচ ॥

কৌমার আচরেৎ প্রাজ্ঞো ধর্ম্মান্ ভাগবতানিহ।

অন্বয়ঃ।

প্রহ্লাদং পর্য্যুপাসত তস্য সর্ব্বতঃ উপবিষ্টাঃ। তদা তান্ সম্বোধ্য করুণঃ কৃপাপরতন্ত্রঃ, মৈত্রঃ হিতকারী, মহাভাগবতঃ ভগবদ্ভক্তশ্রেষ্ঠঃ অসুরঃ প্রহ্লাদঃ আহ ॥ ৪৮ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

প্রহ্লাদঃ উবাচ। প্রাজ্ঞঃ হেয়োপাদেয়বিভাগজ্ঞঃ, জনঃ কৌমারে (কৌমারং আরভ্য) ইহ

শ্রীধরস্বামী।

তস্মিন্নেব ন্যস্তং হৃদয়মীক্ষণঞ্চ যৈঃ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি সপ্তমে পঞ্চমঃ ॥ * ॥

ষষ্ঠে গুরৌ গৃহব্যগ্রে প্রহ্লাদো দৈত্যবালকান্।
অনুকম্প্য পরং তত্ত্বং নারদোক্তমুপাদিশৎ ॥ * ॥

নিরর্থক-ক্রিয়ালাপৈ রায়ুর্ব্যয়মজানতাং। প্রহ্লাদ. সদয়ং প্রাহ ধর্ম্মং ভাগবতং কৃতী।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বন্দ্বারামাণাং দ্বিজানাং ঈরিতৈর্ব্যাখ্যাতৈরর্থৈ রীহিতৈশ্চেষ্টিতৈশ্চ ন দূষিতা ধীর্যেষাং তে ॥ ৪৭ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
সপ্তমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ষষ্ঠেতু গ্রাহয়ামাস প্রহ্লাদো ভক্তিমর্ভকান্।
আসক্তিং দেহগেহাদৌ ত্যাজয়ামাস বোধয়ন্ ॥ * ॥

তানাহ করুণো মৈত্র ইতি পূর্ব্বমুক্তং তৎ কিমাহেত্যত আহ। কৌমারে বর্ণাশ্রমধর্ম্মা-

---

সুহৃদ্ মহাভাগবত অসুর-কুলতিলক প্রহ্লাদ তাহাদিগকে সম্বোধন করত বলিতে লাগিলেন— ॥ ৪৮ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

প্রহ্লাদ দৈত্য-বালকগণকে সম্বোধন করত বলিলেন, হে বয়স্যগণ! দুর্ল্লভ মনুষ্য জন্ম প্রাপ্ত হইয়া, বিচক্ষণ মেধাবী ব্যক্তিগণের পক্ষে কৌমার

আভাস।

গুরুর অনুপস্থিতিতে দৈত্যবালকগণের সমীপে প্রহ্লাদ কর্ত্তৃক নারদোক্ত উপদেশের বর্ণন ষষ্ঠাধ্যায়ে কথিত হইয়াছে ॥

দুর্ল্লভং মানুষং জন্ম তদপ্যধ্রুবমর্থদং ॥ ১ ॥

অন্বয়ঃ।

মনুষ্যজন্মনি, ভাগবতান্ ধর্ম্মান্ আচরেৎ; যতঃ মানুষং জন্ম দুর্ল্লভং তৎ অপি জন্ম অধ্রুবং অর্থদং (বিবিধ বিচিত্র কর্ম্মবশাদেব তির্য্যগাদি যোনিষু ভ্রমতঃ কদাচিদেব মানুষ্যং লভ্যতে) ॥১

শ্রীধরস্বামী।

কৌমার ইত্যাদিনা ইহৈব মানুষ-জন্মনি ধর্ম্মানাচরেৎ যতোঽর্থদমেতৎ। তত্রচ কৌমার এব যত স্তদপ্যধ্রুবং। নচৈবম্ভূতে জন্মান্তরে যতো দুর্ল্লভং তত্রচ ধর্ম্মানেবাচরেৎ ন সুখার্থপ্রয়াসান্। তত্রচ ভাগবতানেব তান্ ন কাম্যান্ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নামনধিকার স্তত্রাহ ভাগবতান শ্রবণকীর্ত্তনাদীন্ ইহ ভারতভূমৌ তান্ যৌবনাদাবপি কৃত্বা কৃতার্থী ভবতি তত্রাহ প্রাজ্ঞ ইতি। যদি কৌমারাস্তএব মৃত্যুঃ স্যাত্তর্হি কিং ভবেদিতি প্রকৃষ্ট-জ্ঞানবান্। ননু তত্র কা চিন্তা জন্মান্তরং তু ভাবি তত্রৈব ভক্তিঃ কার্য্যেতি তত্রাহ। দুর্ল্লভং মানুষং জন্ম। তদপি ভাগ্যাল্লব্ধমপ্যধ্রুবং। অদ্য বর্ত্তমানত্বেঽপি তস্য শ্বঃ স্থিতৌ নিশ্চয়াভাবাৎ। ননু তর্হি তাবন্মাত্রকালেন কুতো ভক্তিসিদ্ধি স্তত্রাহ অর্থদং। মুহূর্ত্তমাত্র-ব্যাপি-ভক্তিমতামপি খট্টাঙ্গাদীনাং সিদ্ধিদর্শনাৎ ॥ ১ ॥

কাল হইতেই ভাগবত ধর্ম্মের অনুষ্ঠান করা একান্ত কর্ত্তব্য। আপাতত ইন্দ্রিয়-চরিতার্থের পর, প্রাচীন বয়সে ধর্ম্মের অনুষ্ঠান করিব বলিয়া, নিশ্চিন্ত থাকা কোনমতে বিধেয় নহে। কারণ জীবিত কালের কোন নিরূপণ নাই; কোন্ সময়ে যে এই দুর্ল্লভ দেহ পরিত্যাগ করিতে হইবে, মানব তাহার কিছুমাত্র নিশ্চয় করিতে পারে না। অতএব প্রারব্ধ কর্ম্মের আনুকূল্যে যখন একবার মানব জন্ম প্রাপ্ত হওয়া হইয়াছে, তখন পান ভোজনাদির দ্বারা পশুর ন্যায়, বৃথা সময় অতিবাহিত না করিয়া, সৃষ্টিকর্ত্তা পরম পুরুষ ভগবানের সাক্ষাৎকারের জন্য যত্ন করত, ইহার সদ্ব্যবহার করাই একান্ত প্রয়োজন। বিশেষত মানব জীবনই পরমার্থ লাভের একমাত্র সোপান-স্থানীয় ॥ ১ ॥

আভাস।

এই ভারতভূমে জন্ম পরিগ্রহ করত, শ্রবণ কীর্ত্তনাদি ভাগবত ধর্ম্মের অনুষ্ঠান করা মানব মাত্রেরই অবশ্য কর্ত্তব্য। ইহাতে কালের জন্য প্রতীক্ষা করা বিধেয় নহে। কারণ জীবনের কোন স্থিরতা নাই। কোন্ দিবস মৃত্যুর গ্রাসে যে পতিত হইতে হইবে, কেহ তাহার নিরূপণ করিতে পারেন না। এবং পুনরায় যে, এই মনুষ্যদেহই মরণান্তে পাইবেন, তাহারও কোন স্থিরতা নাই। অতএব এই উৎকৃষ্ট অবসর প্রাপ্ত হইয়া, যদি পশুর ন্যায় কেবল বিষয় সম্ভোগেই জীবন অতিবাহিত করা হয়, তাহা হইলে মনুষ্য বিগ্রহে জন্ম ধারণ করা

যথাহি পুরুষস্যেহ বিষ্ণোঃ পাদোপসর্পণং।
যদেষ সর্ব্বভূতানাং প্রিয় আত্মেশ্বরঃ সুহৃৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

ইহ মনুষ্যজন্মনি, পুরুষস্য প্রাণিনঃ, বিষ্ণোঃ পাদোপসর্পণং শরণাগমনং হি এব যথা যথানুরূপং যোগ্যং। যৎ যস্মাৎ এষঃ বিষ্ণুঃ সর্ব্বভূতানাং এব প্রিয়ঃ আত্মা সুহৃদ্ ঈশ্বরঃ চ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ইহ ভাগবতানেব ধর্ম্মানাচরেদিত্যেতদুপপাদয়তি যথাহীতি চতুর্ভিঃ। ইহ পুরুষস্য বিষ্ণোঃ পাদোপসর্পণমেব যথানুরূপং যোগ্যমিত্যর্থঃ। যদ্‌যস্মাৎ এষ প্রিয় ইত্যাদি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাগবতধর্ম্মান্ কেন প্রকারেণাচরেদিত্যপেক্ষায়ামাহ যথা যেন প্রকারেণ বিষ্ণোঃ পাদয়োরুপসমীপে সর্পণং প্রাপ্তি র্ভবেত্তথা আচরেদিত্যনুষঙ্গঃ। তমেব প্রকারং চতুর্ব্বিধং ব্যঞ্জয়ন্ বিষ্ণুং বিশিনষ্টি যদ্‌যস্মাদেষ প্রিয়েত্যাদি। তেন যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টমিতি ভগবদুক্তি-প্রামাণ্যেন কান্তভাব শান্তিরতি দাস্যভাব-সখ্য-ভাবানাং মধ্যে যেন ভাবেন উপসর্পিতুমিচ্ছেত্তেনৈবোপসর্পন্ ভাগবতান্ ধর্ম্মানাচরেদিতি রাগভক্তাবপি বিধি র্ব্যঞ্জিতঃ। আত্মতুল্যত্বাদাত্মা সুত ইতি তন্ত্রেণোক্ত্যা পঞ্চৈব ভাবাঃ প্রহ্লাদেনোপদিষ্টা ইতি বা ॥ ২ ॥

দেখ! মানব মাত্রেরই এরূপ চেষ্টা করা কর্ত্তব্য যে, কোন্ উপায়ে সেই পরম পুরুষ ভগবান্ বিষ্ণুর চরণাশ্রিত হওয়া যায়! কারণ তিনিই মাত্র এই জীব সমূহের প্রিয় পাত্র, আত্মা, ঈশ্বর এবং প্রকৃত সুহৃদ্ ॥ ২ ॥

আভাস।

নিরর্থক হইয়া গেল। অথচ যদি কেবল ভাগবত ধর্ম্মের অনুষ্ঠান আরম্ভ করিয়াও জীবন যায়, তাহাতেও অপূর্ব্ব ফলের উৎপাদন হয়, সন্দেহ নাই।

কিন্তু ভাগবত ধর্ম্মের অনুশীলন বলিলে, কেবল বাহ্যিক লোকাচার অনুসরণ করা মাত্র বুঝায় না। যদবধি হৃদয়-মন্দিরে ভগবৎ-সাক্ষাৎকার না ঘটে, তদবধি উক্ত ধর্ম্মের নিরন্তর প্রাণপনে অনুশীলন করা বিধেয়। ভগবৎ সাক্ষাৎকার যে কেবল পরকালের জন্য তাহা নহে; ঐহিকের সকল ফল সাধিত হইয়া থাকে। অর্থাৎ আমরা সংসারে যে চারিটীর অন্বেষণ করি, তাহা এক ভগবৎস্বরূপেই প্রকৃত আছে; সংসারে অন্যত্র তাহার ভান মাত্র আছে; বস্তুত তাহার কিছুই নাই। আমরা সংসারে প্রিয়ভাবের অন্বেষণ করি। অর্থাৎ আমরা কোন বস্তুই চাহি না, যদি সে প্রিয় না হয়। অতএব প্রিয়ত্ব-নিবন্ধন আমরা নানাপ্রকার বস্তুর আকাঙ্ক্ষা করিয়া থাকি; প্রিয় না হইলে, তাহার কোনটীকে আদর করি না। সেই প্রিয়-ভাবটী মিশ্রিত থাকে বলিয়া, আমরা স্ত্রী পুত্র গৃহক্ষেত্র সকলই চাহিতেছি! ওটীর অভাবে কোনটীই প্রার্থনা করি না। অতএব বস্তু প্রিয় নহে; বস্তুতে প্রিয় আছে বলিয়া, বস্তু আমার

সুখমৈন্দ্রিয়িকং দৈত্যা দেহযোগেন দেহিনাং।
সর্ব্বত্র লভ্যতে দৈবাদ্‌যথা দুঃখমযত্নতঃ॥ ৩॥

অন্বয়ঃ।

হে দৈত্যাঃ! দুঃখং যথা অযত্নতঃ আধুনিক-প্রযত্নং বিনাপি লভ্যতে তথা ঐন্দ্রিয়িকং ইন্দ্রিয়বিষয়ং, সুখং দেহিনাং দেহযোগেন দৈবাৎ প্রাচীনকর্ম্মবশাৎ এব সর্ব্বত্র লভ্যতে; (সুখস্য কারণং পুণ্যং দুঃখস্য কারণং পাপং)॥ ৩॥

শ্রীধরস্বামী।

ভোগোদ্যমঃ কথং ত্যাজ্য ইতি চেৎ তত্রাহ সুখমিতি। সর্ব্বত্র পশ্বাদাবপি দৈবাৎ পূর্ব্বাকৃষ্টাদেব॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুখভোগার্থমুদ্যমস্তু মানুষং দেহং প্রাপ্য ন কর্ত্তব্য ইত্যাহ সুখমিতি। দেহযোগেনেতি সুখদুঃখে দেহধর্ম্মাবেবেত্যর্থঃ। সর্ব্বত্র পশ্বাদাবপি॥ ৩॥

হে দৈত্যগণ! কেবল সুখ-ভোগের প্রার্থনায় প্রয়াস করা কর্ত্তব্য নহে। কারণ ইন্দ্রিয়নিষ্ঠ সুখ দেহ-সম্বন্ধ অনুসারে দেহধারী জীবের ঘটিয়াই থাকে। দেখ! দুঃখ যেমন প্রারব্ধ কর্ম্ম নিবন্ধন বিনা যত্নে সর্ব্বত্র আপনা হইতেই উপস্থিত হয়, সুখও সেইরূপ আপনা হইতেই দেখা দিয়া থাকে॥ ৩॥

আভাস।

বলি। সেই প্রিয়ভাবই পরমাত্মা! তাঁহাকে পাইলে সর্ব্ববিধ প্রিয়প্রাপ্তি যুগপৎ ঘটিয়া থাকে। অর্থাৎ জগতে আমরা যে কয়একটী ভাবের প্রত্যাশায় অগ্রসর হইয়া থাকি, ভগবান্‌ই সেই সকল ভাবের ভাব। যেমন ভিন্ন ভিন্ন ফলের আশ্রয়ে এক রসই ছয়রূপে আত্ম-পরিচয় দেয়, সেইরূপ এক ভগবানই যাবতীয় আসক্তির কারণরূপে আত্ম-পরিচয় দিয়া থাকেন। যেমন ফল পরিহারে আস্বাদস্বরূপ রসকে ভোক্তা গ্রহণ করিয়া থাকে, সেইরূপ যে দিবস আমরা উপাধি পরিত্যাগে, উপহিত ভাব মাত্রকে লক্ষ্য করিতে পারিব, সেই দিবসই আমাদের ভোগের সমাপ্তি হইবে। শ্রুতি বলিয়াছেন, "রসো বৈ সঃ, রসং হ্যেবায়ং লব্ধ্বা-নন্দী ভবতি।" অর্থাৎ তিনিই সার রস; সেই এক রস লাভে সকলে রসিক বলিয়া পরিচিত। আত্মা, ঈশ্বর এবং সুহৃদ্ বলিয়া এক তিনিই লক্ষ্য। অতএব কান্ত, শান্তি, দাস্য এবং সখ্যভাবের মধ্যে যে কোন ভাব অবলম্বনে ভগবৎ সমীপে অগ্রসর হইয়া ভাগবত ধর্ম্মের অনুষ্ঠান করিতে ইচ্ছা করা যায়, তাহাতেই ফলপ্রাপ্তি হইবে, সন্দেহ নাই॥ ২॥

চৈতন্যস্বরূপ পুরুষে সুখদুঃখাদির সংস্পর্শ ঘটে না। দেহাদির আনুকূল্যে সুখ এবং প্রাতিকূল্যে দুঃখ; সুতরাং দেহাদির গঠনের সঙ্গে সঙ্গেই তাহার অনুকূল এবং প্রতিকূল ভাবের সম্বন্ধ গঠিত এবং সংসৃষ্ট হইয়াছে। অতএব এই দেহ আরব্ধ হইবার পর, তাহার আর প্রতিকার সম্ভবপর নহে। সুতরাং দুঃখ যেমন অযত্ন সুলভ, সুখও সেইরূপ অযত্ন

তৎপ্রয়াসো ন কর্ত্তব্যো যত আয়ুর্ব্যয়ঃ পরং।
ন তথা বিন্দতে ক্ষেমং মুকুন্দচরণাম্বুজং ॥ ৪ ॥
ততো যতেত কুশলঃ ক্ষেমায় ভবমাশ্রিতঃ।
শরীরং পুরুষং যাবন্ন বিপদ্যেত পুষ্কলং ॥ ৫ ॥

অন্বয়ঃ

অতঃ তৎ প্রয়াসঃ তদর্থং প্রয়াসঃ যত্নঃ ন কর্ত্তব্যঃ ; যতঃ প্রয়াসাৎ, পরং কেবলং আয়ুষঃ ব্যয়ঃ ক্ষয়ঃ, এব ভবতি। মুকুন্দচরণাম্বুজং ভজন্ যথা ক্ষেমং (নিঃশেষদুঃখনিবৃত্তিপূর্ব্বকং পরমানন্দানুভবরূপং) ক্ষেমং ভবতি প্রাপ্নোতি তথা বিষয়সুখাশয়া যতমানঃ ন বিন্দতে লভতে ॥ ৪ ॥

ততঃ তস্মাৎ কারণাৎ কুশলঃ বিবেকী পুরুষঃ, ভয়ং আশ্রিতঃ সংসারদুঃখাৎ ভীতঃ সন্, পুষ্কলং সর্ব্বাঙ্গপূর্ণং, পৌরুষং মানুষং শরীরং যাবৎ ন বিপদ্যেত তাবৎ ক্ষেমায় ভগবদ্ভজনানন্দরূপ পুরুষার্থ-লাভায়, যতেত ॥ ৫ ॥

শ্রীধরস্বামী

অতস্তদর্থং প্রয়াসো ন কর্ত্তব্যঃ। যতঃ প্রয়াসাৎ পরং কেবলং আয়ুষো ব্যয় এব। যতস্তথা তেন প্রকারেণ ক্ষেমং ন প্রাপ্নোতি যথা মুকুন্দচরণাম্বুজং ভজন্ বিন্দতে তথা নেতি বা ॥৪॥

ভবমাশ্রিতঃ সংসারং প্রাপ্তঃ পুরুষরূপং শরীরং যাবৎ পুষ্কলমস্তি ন বিপদ্যেত অক্ষমং ন ভবেৎ ন নশ্যেদিতি বা তাবচ্ছীঘ্রং ক্ষেমায় যতেত ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

তথানেন প্রকারেণ ক্ষেমং ন বিন্দতে ক্ষেমমেবাহ মুকুন্দেতি ॥ ৪ ॥

ভয়মাশ্রিত ইতি হরিভজনাভাবে স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধ ইতি ভয়ং শ্রুত্বেতি বৈধভক্তৌ বিধিরুক্তঃ। পুষ্কলং জরারোগাদ্যভাবাৎ পুষ্টং যত্নসমর্থমিত্যর্থঃ ॥ ৫ ॥

অতএব সুখপ্রাপ্তির লালসায় বিশেষ যত্ন করিবার প্রয়োজন নাই ; তাহাতে কেবল পরমায়ুঃ বৃথা অতিবাহিত করা হয় মাত্র। পূর্ব্ব পূর্ব্ব জন্মে আমরা যে সমস্ত কর্ম্ম করিয়াছি, তাহার ফল লইয়াই এই জন্ম আরম্ভ হইয়াছে ; এ জন্মে কখন তাহার অন্যথা করা যায় না। তবে এ জন্মে এরূপ কর্ম্মের অনুষ্ঠান করা বিধেয়, যদ্দ্বারা ভাবী কালে পরম সুখ আমরা ভোগ করিতে পারি। কিন্তু সেই কর্ম্মের মধ্যে মুক্তিদাতা শ্রীহরির চরণ কমলের ভজনা করাই শ্রেয়ঃ ! কারণ তাহাতে যে অনির্ব্বচনীয় মঙ্গল এবং শান্তি লাভ করা যায়, অন্য কোন কর্ম্মের ফলেই সেরূপ ঘটে না ॥ ৪ ॥

আমরা এই জন্ম-মরণ-রূপ ভীষণ ভয়বিশিষ্ট সংসারকে আশ্রয় করিয়াই

আভাস।

দুর্লভ। তজ্জন্য আবার বিশেষ উদ্যম করায় কেবল দেহ নষ্ট ও সময় নষ্ট করা হয় মাত্র ॥ ৩। ৪ ॥

পুংসো বর্ষশতং হ্যায়ুস্তদর্দ্ধঞ্চাজিতাত্মনঃ।
নিষ্ফলং যদসৌ রাত্র্যাং শেতেঽন্ধং প্রাপিতস্তমঃ॥ ৬॥
মুগ্ধস্য বাল্যে কৈশোরে ক্রীড়তো যাতি বিংশতিঃ।
জরয়া গ্রস্তদেহস্য যাত্যকল্পস্য বিংশতিঃ॥ ৭॥

অন্বয়ঃ।

পুংসঃ মনুষ্যস্য তাবৎ বর্ষশতং আয়ুঃ শতবর্ষপরিমিতজীবনযোগ্যঃ কালঃ; তস্য অর্দ্ধং পঞ্চাশৎ বর্ষাত্মকং নিষ্ফলং যাতি। যৎ যস্মাৎ অসৌ পুরুষঃ অজিতাত্মনঃ অন্ধং তমঃ নিদ্রাত্মকং অজ্ঞানং প্রাপিতঃ সন্ তূষ্ণীং রাত্র্যাং শেতে॥ ৬॥

এবং বাল্যে মুগ্ধস্য মূঢ়স্য দশ বর্ষাণি, কৈশোরে ক্রীড়তঃ চ দশ বর্ষাণি ইতি এবং বর্ষাণাং বিংশতিঃ নিষ্ফলং যাতি। তথা জরয়া গ্রস্তঃ দেহঃ যস্য তস্য অতএব অকল্পস্য কার্য্যে অসমর্থস্য, বর্ষাণাং বিংশতিঃ বৃথৈব যাতি॥ ৭॥

শ্রীধরস্বামী।

আয়ুর্ব্বায়ক্রমমাহ পুংস ইতি ত্রিভিঃ। যদ্যস্মাৎ শেতে॥ ৬॥
বিংশতিবর্ষাণি আয়ুর্যাতি॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আয়ুর্ব্বায়ক্রমমাহ পুংস ইতি॥ ৬॥
ক্রীড়ত ইতি বাল্যৈঃ বালাভিশ্চ সহ॥ ৭॥

জন্ম পরিগ্রহ করিয়াছি! অতএব এই মনুষ্য কলেবর যে কয় দিবস সুস্থ থাকে, ইন্দ্রিয়াদির বৈকল্যে এবং রোগ শোকাদির দ্বারা বিপন্ন এবং বিহ্বল না হয়, তাহার মধ্যে যিনি সেই পরম মঙ্গল লাভের জন্য চেষ্টা করিতে পারিলেন, তিনিই প্রকৃত বুদ্ধিমান্ এবং মেধাবী॥ ৫॥

দেখ! "শতায়ু বৈ পুরুষঃ" বলিয়া বেদাদিতে মনুষ্যের পরমায়ু সাধারণত শত বর্ষ বলিয়াই নির্ণীত হইয়াছে; তথাপি তন্মধ্যে অতি অল্পকালই আমরা স্বেচ্ছাধীনে ব্যবহার করিতে পারি। কারণ প্রথমত সেই শত বৎসরের অর্দ্ধেক কাল অজিতেন্দ্রিয় ব্যক্তিগণের বৃথায় অতিবাহিত হইয়া থাকে। যেহেতু ঘোর তমোগুণের আবরণে তাহারা রাত্রিকাল কেবল নিদ্রায় কর্ত্তন করে মাত্র; সে সময় জীবনের কোন ফলাভ হয় না॥ ৬॥

এদিকে জীবনের প্রথমাবস্থায় বাল্য ও কৈশোর-কালোচিত মোহের অনুরোধে বিংশতি বৎসর বৃথায় অতিবাহিত হয় এবং শেষ জীবনে জরাগ্রস্থ সুতরাং সকল কর্ম্মে অপটু হইয়া, বৃথা বিংশতি বৎসর দেহ ধারণ করা হয়॥ ৭॥

দুরাপূরেণ কামেন মোহেনচ বলীয়সা।
শেষং গৃহেষু সক্তস্য প্রমত্তস্যাপযাতি হি ॥ ৮ ॥
কো গৃহেষু পুমান্ সক্তমাত্মানমজিতেন্দ্রিয়ঃ।
স্নেহপাশৈর্দৃঢ়ৈর্বদ্ধমুৎসহেত বিমোচিতুং ॥ ৯ ॥
কোন্বর্থতৃষ্ণাং বিসৃজেৎ প্রাণেভ্যোঽপি য ঈপ্সিতঃ।

অন্বয়ঃ।

শেষং অবশিষ্টং, আয়ুঃ দুরাপূরেণ (দুঃখৈঃ আপূর্য্যমাণেন) কামেন তথা বলীয়সা মোহেন চ গৃহেষু সক্তস্য, অতঃ প্রমত্তস্য কর্ত্তব্যানুসন্ধান-শূন্যস্য অপযাতি বৃথা যাতি ॥ ৮ ॥

গৃহেষু পুত্রদার-গৃহাদিষু সক্তং অতএব দৃঢৈঃ ভগবৎকৃপাং বিনা দুর্মোচনীয়ৈঃ, স্নেহপাশৈঃ বদ্ধং আত্মানং কঃ পুমান্ বিমোচিতুং উৎসহেত উৎসাহং কুর্য্যাৎ ॥ ৯ ॥

যঃ অর্থঃ প্রাণেভ্যঃ অপি ঈপ্সিতঃ প্রিয়তমঃ, যং তস্করঃ চোরঃ, সেবকঃ অস্ত্রজীবী, বণিক্

শ্রীধরস্বামী।

দুরাপূরেণ দুঃখৈঃ সমন্তাৎ পূর্য্যমাণেন ॥ ৮ ॥

নন্থ যৌবনে গৃহাসক্তোঽপি পশ্চাদ্বিরক্তঃ সন্ ক্ষেমং যাস্যতীতি আশঙ্ক্য তদসম্ভবং দর্শয়ন্ কৌমার এবাচরেদিতি এতদুপদাদয়তি কো গৃহেষ্বিতি সপ্তভিঃ ॥ ৯ ॥

যমর্থমনুভিঃ ক্রীণাতি প্রাণহানিমঙ্গীকৃত্যাপি তস্করাদি র্যং সাধয়তি তস্মিন্নর্থে তৃষ্ণাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শেষমবশিষ্টমায়ুঃ ॥ ৮ ॥

তত্র তত্র কৃষ্ণং ভজেদিতি বিবেকবত্ত্বেঽপি ভজনাসামর্থ্যমাহ ক ইতি। তস্মাৎ কৌমারত এব ভজনে আরভ্যমাণে ভজন এবাসক্তাব্যুৎপদ্যমানয়া অন্যত্রানাসক্ত্যা ভজনং সিদ্ধ্যতি নান্যথেতি ভাবঃ ॥ ৯ ॥

অতএব মধ্যের অবশিষ্ট পরমায়ুঃ দুর্ল্লভ কামনাপূরণের প্রত্যাশায় এবং তীব্র মোহের আবরণে মানব গৃহ ক্ষেত্রাদিতে আসক্ত হইয়া, সম্পূর্ণ প্রমত্ত ভাবেই জীবন অতিবাহিত করিয়া থাকে ॥ ৮ ॥

যৌবনাদি উপযুক্ত কর্ম্মঠ কালে যদি ইন্দ্রিয়-পরতন্ত্র হইয়া, পুত্র কলত্রাদির অচ্ছেদ্য স্নেহ-পাশে নিতান্ত আবদ্ধ হয়, তবে সেই সংসারাসক্ত মানব আর কোন্ উপায়ে আপনাকে এই স সার-বন্ধন হইতে নির্ম্মুক্ত করিতে সাহসী হইবেন ? ॥ ৯ ॥

অহো! সংসারে অর্থটী যেন প্রাণের অপেক্ষাও প্রিয়তম বলিয়া অনুভূত

আভাস।

ভোগে পরিতৃপ্ত হইবার আশা করা অসঙ্গত। কারণ ভোগে ভোগের বৃদ্ধি করে, ত্যাগের অভ্যাসে ত্যাগেরই বৃদ্ধি করে ॥ ৮ ॥

যং ক্রীণাত্যসুভিঃ প্রেষ্ঠৈস্তস্করঃ সেবকো বণিক্ ॥ ১০ ॥
কথং প্রিয়ায়া অনুকম্পিতায়াঃ সঙ্গং রহস্যং রুচিরাংশ্চ মন্ত্রান্।
সুহৃৎসু তৎস্নেহসিতঃ শিশূনাং কলাক্ষরাণামনুরক্তচিত্তঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

নাবিকাদিঃ, প্রেষ্ঠৈঃ অপি অসুভিঃ ক্রীণাতি তাদৃশস্য অর্থস্য তৃষ্ণাং কঃ নু ভো বিসৃজেৎ ॥১০॥

সুহৃৎসু তৎস্নেহসিতঃ (তেষাং স্নেহেন সিতঃ বদ্ধঃ) কলাক্ষরাণাং (কলানি মধুরাণি অক্ষরাণি যেষাং তেষাং) শিশূনাং সঙ্গং তথা অনুকম্পিতায়াঃ অনুকূলায়াঃ প্রিয়ায়াঃ রহস্যং রহসি ভবং, সঙ্গং রুচিরান্ মনোজ্ঞান্, মন্ত্রান্ হিতালাপানি, স্মরন্ অনুরক্তচিত্তঃ জনঃ কথং ত্যজেৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

কো নু বিসৃজেৎ ॥ ১০ ॥

কিঞ্চ কথমিত্যাদি প্রিয়ায়াঃ সঙ্গাদিকং স্মরন্ কথং ত্যজেদিতি তৃতীয়েনান্বয়ঃ। মন্ত্রান্ হিতশিক্ষালাপান্। সুহৃৎসুচ সঙ্গং তেষাং স্নেহেন সিতো বদ্ধঃ। কলানি মধুরাণ্যক্ষরাণি যেষাং তেষাঞ্চ সঙ্গং। তেষ্বনুরক্তং চিত্তং যস্য ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্রব্যাসক্তেঃ প্রাবল্যং দর্শয়তি কোন্বিতি। যোঽর্থঃ। অর্থস্য প্রাণেভ্যোঽপি প্রিয়ত্বমাহ। যং অর্থং প্রাণৈঃ ক্রীণাতি প্রাণহানিমঙ্গীকৃত্যৈব তস্করো দ্রব্যার্থং রাত্রৌ ধনিনাং গৃহং প্রবিশতি সেবকো রাজকীয়ো যুদ্ধাভিমুখং চলতি। বণিক্ সমুদ্রাদি দুর্গগামী ॥ ১০ ॥

স্ত্রীপুত্রাদ্যাসক্তেঃ প্রাবল্যং দর্শয়তি কথমিতি। প্রিয়ায়াঃ সঙ্গাদিকং স্মরন্ কথং ত্যজেদিতি তৃতীয়েনান্বয়ঃ। মন্ত্রান্ হিতশিক্ষালাপান্। সিতো বদ্ধঃ। শিশূনাঞ্চ সঙ্গং। তাঃ শ্বশুরগৃহে

হয়, কারণ এই অর্থের সংগ্রহার্থ পরম প্রিয় প্রাণেরও বিনিময়ে অনেকে তস্কর, সেবক এবং বণিকের বৃত্তি অবলম্বন করিয়া থাকে ॥ ১০ ॥

সংসারাসক্ত অনুরাগী মানব স্ত্রী, পুত্র, গৃহ ক্ষেত্রাদিতে যখন স্নেহবদ্ধ হয়, তখন চিত্তানুকারিণী প্রণয়িনীর নির্জ্জন সংসর্গ এবং মিষ্টালাপপূর্ণ হিতকর পরামর্শ সকল এবং মধুরভাষী শিশু সন্তানের মধুর আলাপ কি কখন বিস্মৃত হইতে পারে ? ॥ ১১ ॥

পরে ক্রমশঃ বয়সের আধিক্য অনুসারে উপযুক্ত পুত্র সমূহ, হৃদয়ঙ্গমা

আভাস।

জীবন বিক্রয় করত মানব যে ধন সংগ্রহে প্রস্তুত হয়, তাহার দৃষ্টান্ত-স্বরূপে তিনটীর মাত্র নাম উল্লেখ করা হইয়াছে। অর্থাৎ প্রাণহানি স্বীকার করিয়াও তস্কর ধন সংগ্রহার্থ রাত্রিকালে ধনীর গৃহে প্রবেশ করে, সেবক যুদ্ধাভিমুখী হয় এবং বণিক্ সমুদ্রাদি দুর্গম স্থলেও অনায়াসে গমন করে ॥ ১০ ॥

পুত্রান্ স্মরংস্তা দুহিতৃ র্হৃদয্যা ভ্রাতৃন্ স্বসৃর্ব্বা পিতরৌ চ দীনৌ।
গৃহান্মনোজ্ঞোরুপরিচ্ছদাংশ্চ বৃত্তিস্তু কুল্যাঃ পশুভৃত্যবর্গান্ ॥ ১২ ॥
ত্যজেত কোশস্কৃদিবেহমানঃ কর্ম্মাণি লোভাদবিতৃপ্তকামঃ।
ঔপস্থ্য-জৈহ্ব্যং বহুমন্যমানঃ কথং বিরজ্যেত দুরন্তমোহঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

পুত্রান্, হৃদয্যাঃ হৃদয়ঙ্গমাঃ, দুহিতৃঃ পুত্রীঃ, ভ্রাতৃন্, স্বসৃঃ ভাগনীঃ, দীনৌ পিতরৌ মাতা-পিতরৌ, মনোজ্ঞাঃ মনোহরাঃ, উরবঃ বহবঃ, পরিচ্ছদাঃ ভোগোপকরণানি, যেষু তান্ গৃহান্, কুল্যাঃ কুলপরম্পরাগতাঃ বৃত্তীঃ, পশুভৃত্যবর্গান্ কথং ত্যজেৎ ॥ ১২ ॥

তথা কোশস্কৃৎ কোশকারী কীটঃ যথা তথা লোভাৎ অবিতৃপ্তকামঃ এব কর্ম্মাণি ঈহমানঃ কুর্ব্বন্ দুরন্তঃ মোহঃ যস্য তাদৃশঃ পুমান্ ঔপস্থ্যং শৈশ্ন্যং জৈহ্ব্যং চ সুখং বহুমন্যমানঃ কথং বিরজ্যেত ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তাঃ শ্বশুরস্য গৃহে স্থিতা হৃদয্যা হৃদয়ঙ্গমাঃ। মনোজ্ঞা উরবঃ পরিচ্ছদা যেষু তান্। বৃত্তী জীবিকাঃ। কুল্যাঃ কুলপরম্পরাগতাঃ ॥ ১২ ॥

কোশস্কৃৎ কোশকারী কীটঃ স যথা গৃহং কুর্ব্বন্ আত্মনো নির্গমায় দ্বারমপি নাবশেষয়তি তথা কর্ম্মাণীহমানঃ। নন্ু অবিতৃপ্তকামোঽপি দোষদর্শনেন বিরক্তঃ সন্ ত্যজেৎ তত্রাহ ঔপস্থ্যঞ্চ শৈশ্ন্যং জৈহ্ব্যঞ্চ সুখং তদেবাধিকং মন্যমানঃ অতো দুরন্তো মোহো যস্য সঃ কথং বিরজ্যেত বিরক্তঃ স্যাৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থিতাঃ হৃদয্যাঃ হৃদয়ঙ্গমাঃ। বৃত্তী জীবিকাঃ। কুল্যাঃ কুলপরম্পরা প্রাপ্তাঃ ॥ ১১ ॥ ১২ ॥

কোশস্কৃৎ কোশকারী কীটঃ। স যথা গৃহং কুর্ব্বন্নাত্মনো নির্গমায় দ্বারমরুন্ধন্ ম্রিয়তে তথৈব কর্ম্মাণি ঈহমানঃ ঔপস্থ্যং সুখং জৈহ্ব্যঞ্চ সুখং ॥ ১৩ ॥

কন্যা, ভ্রাতা, ভগিনী, বৃদ্ধ পিতামাতা, বাস-ভবন, মনোজ্ঞ নানাপ্রকার পরিচ্ছদ, গো, অশ্ব এবং মহিষাদি প্রতিপাল্য পশু, আজ্ঞাকারী ভৃত্যবর্গ, জীবিকা এবং পূর্ব্ব পরম্পরাগত কৌলিক মর্য্যাদা স্মরণ করত, পুনরায় তাহা পরিত্যাগ করিয়া, পরে কি আর ভগবদর্চ্চনায় মন নিবিষ্ট হইবে? ॥ ১২ ॥

অহো! কোশকারী কীট যেমন নিজের নির্গমনের দ্বার না রাখিয়া, স্বীয় আবরক আচ্ছাদন গৃহ প্রস্তুত করে, ভোগে অপরিতৃপ্ত-কাম মানবও সেইরূপ মোহের দুরন্ত স্রোতে নিপতিত হইয়া, উত্তরোত্তর লোভ বশত আহার বিহারের সুখকেই শ্রেষ্ঠ জ্ঞানে তদুপযুক্ত যথেষ্ট কর্ম্মের অনুষ্ঠান করত এরূপ বদ্ধ হয় যে, পুনরায় বৈরাগ্য লাভের আর পথ পর্য্যন্ত রাখে না ॥ ১৩ ॥

কুটুম্বপোষায় বিয়ন্নিজায়ুর্ন বুধ্যতেঽর্থং বিহতং প্রমত্তঃ।
সর্ব্বত্র তাপত্রয়দুঃখিতাত্মা নির্ব্বিদ্যতে ন স্বকুটুম্বরামঃ॥ ১৪॥
বিত্তেষু নিত্যাভিনিবিষ্টচেতা বিদ্বাংশ্চ দোষং পরবিত্তহর্ত্তুঃ।
প্রেত্যেহ বাথাপ্যজিতেন্দ্রিয়স্তদশান্তকামো হরতে কুটুম্বী॥ ১৫॥

অন্বয়ঃ।

কুটুম্বপোষায় কুটুম্বপোষণ-নিমিত্তেন কর্ম্মণা, বিয়ৎ ক্ষীয়মাণং, নিজং আয়ুঃ, বিহতং অর্থং পুরুষার্থং ভগবদারাধনাদি-পরমানন্দাবাপ্ত-লক্ষণং, প্রমত্তঃ জনঃ ন বুধ্যতে। স্বকুটুম্বেষু আরামং রতিঃ যস্য তাদৃশঃ সঃ সর্ব্বত্র তাপত্রয়-দুঃখিতাত্মা সর্ব্বস্মিন্ দেশে কালে চ আধ্যাত্মিকাদিতাপত্রয়েণ দুঃখিতঃ আত্মা মনো যস্য সঃ ন নির্ব্বিদ্যতে তত্র দুঃখবুদ্ধিং ন করোতি॥ ১৪॥

বিত্তেষু ধনাদিষু, অভিনিবিষ্টং চেতঃ যস্য সঃ যতঃ অশান্তকামঃ অতঃ অজিতেন্দ্রিয়ঃ কুটুম্বী পরবিত্তহর্ত্তুঃ ইহ রাজদণ্ডাদি প্রেত্য মরণানন্তরং, যম-যাতনাদিরূপং দোষং বিদ্বান্ জানন্, অপি তৎ পরবিত্তং হরতে॥ ১৫॥

শ্রীধরস্বামী।

বিয়ৎ ক্ষীয়মাণং নিজমায়ুঃ পুরুষার্থঞ্চ হতং ন বুদ্ধ্যতে। বটিকামাত্রস্যাপ্যপচয়ন্তু বুধ্যত এবেতি ভাবঃ। তদপি তস্মান্ন নির্ব্বিদ্যতে॥ ১৪॥

প্রেত্য নরকলক্ষণং ইহচ রাজদণ্ডাদিরূপং দোষং যদ্যপি বিদ্বান্ তত্তদপি তানি বিত্তানি হরতে॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুরন্তমোহত্বং দর্শয়ন্নাহ কুটুম্বপোষায় বিয়ৎ বিশেষেণ যৎক্ষীয়মাণং নিজমায়ুঃ পুরুষার্থঞ্চ বিহতং ন বুধ্যতে অতএব তাপত্রয়েণ দুঃখিতচিত্তোঽপি ন নির্বিদ্যতে দুঃখবুদ্ধিং ন করোতি। যতঃ স্বকুটুম্বে রামো রতির্যস্য॥ ১৪॥

প্রত্যুত চৌর্য্যং করোতীত্যাহ বিত্তেষ্বিতি। নিত্যমভিনিবিষ্টং চেতো যস্য সঃ পরবিত্তহর্ত্তুঃ প্রেত্য নরকলক্ষণং ইহচ দণ্ডাদি রূপং দোষং যদ্যপি বিদ্বান্ তথাপ্যশান্তাভিলাষঃ তৎ পরবিত্তং হরত্যেব॥ ১৫॥

কুটুম্ববর্গের ভরণ পোষণে নিজের পরমায়ুঃ যে ক্রমশঃ ক্ষয় হইয়া যাইতেছে এবং পুরুষার্থ যে বিনষ্ট হইতেছে, সংসার-মদে প্রমত্ত মানব তাহার কিছুমাত্র অনুভব করিতে পারে না। পোষ্যবর্গের আসক্তিতে উন্মত্ত থাকিয়া, ত্রিতাপে নিরন্তর জর্জ্জরিত হইলেও, তাহাতে কণামাত্র ক্লেশানুভব করে না; বা সংসারে বীতরাগ হয় না॥ ১৪॥

পরবিত্তাপহারীর পরলোকে যমদণ্ড এবং ইহলোকে রাজদণ্ডাদির বিষয় বিলক্ষণ অবগত থাকিয়াও, পুত্র কলত্রাদিতে পরিবৃত সংসারী ব্যক্তি

বিদ্বানপীত্থং দনুজাঃ কুটুম্বং পুষ্ণন্ স্বলোকায় ন কল্পতে বৈ।
যঃ স্বীয়-পারক্য-বিভিন্ন-ভাবস্তমঃ প্রপদ্যেত যথাবিমূঢ়ঃ॥ ১৬॥

অন্বয়ঃ।

হে দনুজাঃ! বিদ্বান্ শাস্ত্রজ্ঞতয়া অতি পণ্ডিতঃ, অপি বৈ অবধারণে ইত্থং আসক্তভয়া কুটুম্বং পুষ্ণন্ স্বলোকায় ভগবৎ-পরমানন্দ-প্রাপ্তয়ে ন বৈ কল্পতে সমর্থো ন ভবতি। অপি তু যঃ স্বীয়ং ইদং পারক্যং ইদং ইতি বিভিন্নঃ ভাবঃ ভাবনা যস্য সঃ বিমূঢ়ঃ যথা তথা পরবিত্তহর্ত্তুঃ তমঃ নরকাদিকং, প্রপদ্যেত প্রাপ্নুয়াৎ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

তদেবং কো গৃহেষু পুমানিত্যাদি সপ্তভিঃ শ্লোকৈরুপপাদিতং গৃহাদিষু প্রসক্তস্য বৈরাগ্যাদ্য-সম্ভবং উপসংহরতি বিদ্বানপীতি। স্বলোকায় আত্মপরামর্শায় ন কল্পতে কিন্তু বিমূঢ়ো যথা তথা বিদ্বানপি তমোঽভিনিবেশমেব প্রপদ্যেত তত্র হেতুর্ঘ ইতি। স্বীয়মিদং পারক্যমিদমিতি বিভিন্নঃ ভাবো ভাবনা যস্য সঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিদ্বানপি শাস্ত্রজ্ঞোঽপি স্বলোকায় কোঽহং কিং করোমীতি স্বমবলোকিতুমিত্যর্থঃ। যথা বিমূঢ়স্তথৈব। হে দনুজাঃ॥ ১৬॥

অর্থের প্রার্থনায় এত লালায়িত হয় যে, তাহাদের আর ধৈর্য্য থাকে না; তাহাদের কামনা উত্তরোত্তর এতই পরিবর্দ্ধিত হয় যে, দোষ জানিয়া শুনিয়াও, তাহারা পরধন অনায়াসে হরণ করিয়া থাকে॥ ১৫॥

হে দৈত্যকুমারগণ! সুপ্রসিদ্ধ শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণও যখন কেবল আসক্তির দোষে পোষ্যবর্গের প্রতিপালনোপলক্ষে আত্মসাক্ষাৎকারের দ্বারা পরমানন্দ লাভে বঞ্চিত হন, তখন সাধারণ লোক যে বঞ্চিত হইবে, তাহাতে আর সন্দেহ কি! এই আমার, উহা পর; এই ভেদ বুদ্ধিই যাবতীয় অনিষ্টের মূল! ইহার আশ্রয়ে বিমোহিত মানব পরধন হরণ করত, নরকানলে নিপাতিত হইয়া থাকে॥ ১৬॥

বিষয়-লম্পট ব্যক্তিগণ বামাক্ষীগণের, কামবাণে বিদ্ধ হইয়া, তাহাদের নিকট ক্রীড়ামৃগ (বানর) সাজিয়া অবস্থান করে। তখন পত্নীর গর্ভজাত

আভাস।

শ্রেষ্ঠ জ্ঞানবান্ ও শাস্ত্রজ্ঞ ব্যক্তিকেও পোষ্যবর্গের প্রতিপালনের অনুরোধে দুষ্কর্ম্ম করিতে দেখা যায়। অতএব জ্ঞান বা বিচার আসক্তির সমীপে অতি তুচ্ছ হইয়া পড়ে। যে ব্যক্তি আসক্তিকে পরাজয় করিতে সমর্থ হইয়াছেন, তিনি শাস্ত্রজ্ঞানের অভাবেও পাণ্ডিত্য লাভ করেন এবং বিনা কর্ম্মে কর্ম্মঠ হন॥ ১৫॥ ১৬॥

যতো ন কশ্চিৎ ক্বচ কুত্রচিদ্বা দীনঃ স্বমাত্মানমলং সমর্থঃ।
বিমোচিতুং কামদৃশাং বিহার-ক্রীড়া-মৃগো যন্নিগড়ো বিসর্গঃ ॥ ১৭ ॥
ততো বিদূরাৎ পরিহৃত্য দৈত্যা দৈত্যেষু সঙ্গং বিষয়াত্মকেষু।
উপেত নারায়ণমাদিদেবং স মুক্তসঙ্গৈরিষিতোঽপবর্গঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

অলং দীনঃ বিষয়েষু অতিলম্পটঃ, অতএব কামদৃশাং (কামঃ দৃশি যাসাং তাসাং) বিহার-ক্রীড়ামৃগঃ (বিহারে ক্রীড়া নিমিত্তে ক্রীড়ামৃগঃ বানরতুল্যঃ) যৎ যাসু নিগড়ঃ শৃঙ্খলাতুল্যঃ বিসর্গঃ পুত্রাদিরূপঃ, ভবতি; তাদৃশঃ কশ্চিৎ জনঃ ক্বচিৎ অপি কালে কুত্রচিৎ অপি দেশে বা স্বং আত্মানং বিমোচিতুং ন সমর্থঃ ॥ ১৭ ॥

ততঃ তস্মাৎ, হে দৈত্যাঃ! বিদূরাৎ দূরতঃ এব বিষয়াত্মকেষু (বিষয়েষু আত্মা মনঃ যেষাং তেষু) দৈত্যেষু সঙ্গং পরিহৃত্য ত্যক্ত্বা, আদিদেবং নারায়ণং উপেত শরণং ব্রজ! মুক্তসঙ্গৈঃ পরমবিবেকিভিঃ, ইষিতঃ ইষ্টঃ, অপবর্গঃ মোক্ষঃ সঃ এব ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

তস্মাৎ কৌমার এব ভাগবতান্ ধর্ম্মানাচরেদিতি সহেতুকমুপসংহরতি যতঃ কশ্চিদপি স্বমাত্মানং বিমোচিতুং ন সমর্থঃ। ততঃ শ্রীনারায়ণমুপেত শরণং যাতেত্যুত্তরেণান্বয়ঃ। অসামর্থ্যে হেতুঃ অলং দীনো লম্পটঃ। অতঃ কামো দৃশি যাসাং তাসাং বিহারে ক্রীড়ায়াং নিমিত্তে ক্রীড়ামৃগঃ। বিহারমিতি পৃথক্ পাঠে তাসাং বিহারসাধনং আত্মানং যতস্তাসাং ক্রীড়ামৃগঃ স ইত্যন্বয়ঃ। কিঞ্চ যৎ যাসু নিগড়ঃ শৃঙ্খলাতুল্যো বিসর্গঃ পুত্রাদিরূপো ভবতি ॥ ১৭ ॥

বিদূরাদ্বিদূরতঃ সঙ্গং পরিহৃত্য। যদ্বা আবিদূরাৎ শীঘ্রং উপেতেত্যন্বয়ঃ! যস্মাৎ সএবাপবর্গ ইষ্টঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ কুটুম্বাৎ ক্বাপি দেশে কুত্রচিদপি কালে সমর্থঃ শাস্ত্রজ্ঞানাদিসামর্থ্যবানপি কশ্চিদপি আত্মানং স্বীয়ং বা বিমোচয়িতুং অলং ন শক্নোতি। বিহারামিত পাঠে আত্মা ইমিত্যস্য বিশেষণং। সমাসপাঠে কর্ত্তৃবিশেষণং যাঃ কামদৃশঃ এব নিগড়ো যত্র তথাবিধঃ সর্গো জন্ম ভবেৎ ॥ ১৭ ॥

অপবর্গঃ সংসারবন্ধবিমোচক ইষিতঃ ইষ্টঃ ॥ ১৮ ॥

সন্তান সন্ততিই সেই পুরুষের পাদশৃঙ্খল হইয়া দাড়ায়। তাদৃশ পুত্র-কলত্র-বিশিষ্ট সংসারাসক্ত কামুক ব্যক্তি কখন কোন-স্থানে আপনাকে সংসার হইতে বিমুক্ত করিতে পারে না ॥ ১৭ ॥

অতএব হে দৈত্যবালকগণ! বিষয়-লম্পট তাদৃশ দৈত্যগণের সংসর্গ দূর হইতে বিসর্জ্জন করত, আদিদেব নারায়ণের শরণাগত হও! পরমবিবেকী সাধু ব্যক্তিগণ এই শরণাগত হওয়াকেই অপবর্গ বা মোক্ষ নামে অভিহিত

নহ্যচ্যুতং প্রীণয়তো বহ্বায়াসোঽসুরাত্মজাঃ।
আত্মত্বাৎ সর্ব্বভূতানাং সিদ্ধত্বাদিহ সর্ব্বতঃ॥ ১৯॥
পরাবরেষু ভূতেষু ব্রহ্মান্তস্থাবরাদিষু।
ভৌতিকেষু বিকারেষু ভূতেষ্বথ মহৎসুচ।

অন্বয়ঃ।

হে অসুরাত্মজাঃ! সর্ব্বভূতানাং আত্মত্বাৎ তথা ইহ সর্ব্বতঃ সিদ্ধত্বাৎ অচ্যুতং (ন চ্যবতি সকৃৎ আশ্রিতঃ যস্মাৎ সঃ তথাবিধং) প্রীণয়তঃ প্রসন্নং কুর্ব্বতঃ পুংসঃ বহু আয়াসঃ ন॥ ১৯॥

ব্রহ্মান্তস্থাবরাদিষু ব্রহ্মা অন্তঃ যেষাং স্থাবরঃ বৃক্ষাদিঃ আদিঃ যেষাং তেষাং তেষু পরাবরেষু উচ্চাবচেষু ভূতেষু জীবেষু, ভৌতিকেষু বিকারেষু পৃথিব্যাদি পঞ্চমহাভূতকার্য্যেষু ঘটাদিষু, মহৎসু চ ভূতেষু আকাশাদিষু॥

শ্রীধরস্বামী।

বালানামস্মাকং তদ্ভজনমশক্যমিতি চেৎ তত্রাহ নহীতি। বহ্বায়াসঃ অতি প্রয়াসঃ॥ ১৯॥ আত্মত্বাৎ সর্ব্বত্র সিদ্ধত্বাদিতিচ হেতুদ্বয়মুপপাদয়তি পরাবরেষ্বিতি চতুর্ভিঃ। ব্রহ্মা অন্তো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রীণয়তঃ পরিচর্য্যয়া প্রীণয়িতুং ন বহ্বায়াসঃ। যথা কুটুম্বং প্রণীয়ত ইতি ভাবঃ। নচ তস্যান্বেষণে শ্রমঃ আত্মত্বাৎ হৃদ্যেব বর্ত্তমানত্বাৎ নচ তৎ প্রীণনেঽপি শ্রমঃ সর্ব্বতঃ সর্ব্বৈরপি প্রকারৈ র্মানসৈরপ্যুপচারৈ স্তৎপ্রীণনস্য সিদ্ধত্বাৎ তথা অচ্যুতং প্রীণয়ানীতি সঙ্কল্পমাত্রেণাপি প্রীতেঃ সিদ্ধত্বাৎ শ্রবণকীর্ত্তনাদ্যন্যতমেনাপি বা সিদ্ধত্বাৎ॥ ১৯॥

ন কেবলং স্বহৃদয় এব বর্ত্তমানঃ পরিচরণীয়ঃ অপিতু সর্ব্বত্রৈব বর্ত্তমানঃ সর্ব্বসংমাননেনৈব সন্তোষণীয় ইত্যুপদেষ্টুং তস্য সার্ব্বত্রিকীং সার্ব্বকালিকীঞ্চ সত্তামাহ দ্বাভ্যাং পরাবরেষু উৎকৃষ্ট-নিকৃষ্টেষু ভূতেষু জীবেষু ব্রহ্মা অন্তো যেষাং স্থাবর আদি র্যেষাং তেষু। ভৌতিকেষ্ব-

---

করিয়াছেন॥ ১৮॥

হে অসুরনন্দনগণ! সেই পরমপুরুষ পরমেশ জীবমাত্রেরই অন্তরাত্মা; অথচ তিনি এই সংসারের সর্ব্বত্র সমান ভাবে বিরাজ করিতেছেন। শরণাগত ব্যক্তি কখন তাঁহার সন্নিধান হইতে বিচ্যুত হয় না। অতএব তাদৃশ ভগবান্ অচ্যুতকে প্রসন্ন করিবার জন্য, জীবের বিশেষ প্রয়াসের প্রয়োজন নাই॥ ১৯॥

চতুরানন ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া, স্থাবর বৃক্ষযোনি পর্য্যন্ত যাবতীয় উৎকৃষ্ট এবং নিকৃষ্ট প্রাণিসমূহে, পঞ্চ মহাভূতবর্গে, ভৌতিক পৃথিব্যাদি এবং ঘটকুণ্ডলাদিতে॥

সত্ত্ব, রজঃ এবং তমো নামক গুণত্রয়ে, গুণসাম্য প্রকৃতিতে, গুণ-বৈষম্যে প্রসূত মহদহঙ্কারাদিতে অনির্দ্দেশ্য এবং ভেদরহিত ভাবে তিনি বিরাজ করিলেও, স্থাবর জঙ্গমাত্মক পদার্থের প্রত্যগাত্মস্বরূপে অর্থাৎ তত্তদ্দ্রষ্টা জীবরূপে এবং

গুণেষু গুণসাম্যে চ গুণব্যতিকরে তথা।
এক এব পরো হ্যাত্মা ভগবানীশ্বরোঽব্যয়ঃ॥

অন্বয়ঃ।

গুণেষু সত্ত্বরজস্তমঃসু, গুণসাম্যে প্রধানে, তথা গুণব্যতিকরে গুণবৈষম্যবতি মহদহঙ্কারাদৌ (অতি সূক্ষ্মত্বাৎ) অনির্দ্দেশ্যঃ অবিকল্পিতঃ ভেদরহিতঃ অপি (স্থাবরজঙ্গমানাং) প্রত্যগাত্ম-স্বরূপেণ (তত্তদ্দৃষ্টা ভোক্তা চ জীবঃ তৎস্বরূপেণ) দৃশ্যং ভোগ্যং দেহাদি তদ্রূপেণ

শ্রীধরস্বামী।

যেষাং স্থাবর আদি র্যেষাং তেষু জীবেষু ভৌতিকেষু অজীবেষু ঘটাদিষু মহৎসুচ ভূতেষ্বাকাশা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবেষু ঘটাদিষুচ মহৎসু ভূতেষ্বাকাশাদিষু গুণসাম্যে প্রধানে গুণব্যতিকরে মহত্তত্ত্বাদৌ পরঃ ভূতাদিভ্যঃ প্রাকৃতেভ্যঃ প্রকৃতেশ্চ সকাশাদন্য একঃ পরব্রহ্মেতি আত্মা পরমাত্মা ইতি

দৃশ্য অর্থাৎ ভোগ্য দেহাদি বিষয়রূপে তিনি নিজে বিকল্পিত অর্থাৎ ভিন্নরূপে ব্যাপ্য ব্যাপক ভাবে নির্দ্দিষ্ট হইয়াছেন। তিনি নিজে কিন্তু অপক্ষয়াদি-শূন্য

আভাস।

গৃহাশ্রমীর পক্ষে বৈরাগ্যলাভ অসম্ভব; ইহাই উপর্য্যুপরি সাতটী শ্লোকে বর্ণন করিয়া, উপসংহারে প্রকাশ করিলেন যে, শাস্ত্রজ্ঞ পণ্ডিতের পক্ষেও বাহ্যিক সন্ন্যাস গ্রহণ বিধেয়; নতুবা সংসারে আসক্ত হইবার অভ্যাসে অন্তকালে তিনিও ভগবদ্ভজনে বঞ্চিত হইয়া, বিষয়-চিন্তা করিতে করিতে প্রাণত্যাগ করেন; সুতরাং অজ্ঞানীর ন্যায় জ্ঞানীরও অধঃপতন হয়, সন্দেহ নাই॥

অতএব গৃহাশ্রমে লিপ্ত থাকিয়া, যখন এপর্য্যন্ত কেহ কখন আপনাকে সংসার-বন্ধন হইতে বিমুক্ত করিতে পারেন নাই; বরং উত্তরোত্তর বিষয়লম্পট হইয়া, কামিনীর নিকট ক্রীড়ামৃগ সাজিয়া নীচতা স্বীকার করিতেই হয়, তখন পূর্ব্ব হইতেই সাবধান হওয়া মনুষ্য মাত্রেরই কর্ত্তব্য। সাবধান হইবার মূল মন্ত্রই অভ্যাসের পরিবর্ত্তন। অভ্যাস আমরা ত্যাগ করিতে পারি না এবং অভ্যাস ত্যাজ্যও নহে। অভ্যাস ঈশ্বর-দত্ত; অভ্যাসের যেমন দোষ দেখা যায়, গুণও সেইরূপ অনন্ত আছে। অভ্যাস নরকে নিপাতিত করে বটে, আবার উচ্চ হইতে উচ্চতম সোপানে আরোহণ করাইয়া, ব্রহ্ম-সাক্ষাৎকার করাইয়া দেয়। অভ্যাস জীবের পরম উপকার সাধিত করে, যদি তাহার বিষয় উৎকৃষ্ট হয়। অতএব বিষয়াসক্তির অভ্যাসকে যত্ন সহকারে গঠিত করিতে হইবে। সংসারে বিষয় অনন্ত আছে; তাহাতে কিন্তু কাহারও কোন ক্ষতিবৃদ্ধি নাই। কিন্তু অভ্যাস যাহার সহিত মিলিত হইবে, তাদৃশ ফলই মানব প্রাপ্ত হইয়া থাকে। অতএব অভ্যাসকে সাবধানে গঠিত করিতে হইবে। অল্পদিনে অভ্যাসের মূর্ত্তি গঠিত হয় না। "পৌনঃ পুণ্যেন চেতসি নিবেশনং অভ্যাসঃ" বারংবার চিত্তে নিবিষ্ট করার নামই অভ্যাস। সুতরাং প্রাচীন বয়সে কিছু দিবস ভগবানের আরাধনায় অভ্যাস বাল্য-জীবন হইতে পরিপক্ক বিষয়-চিন্তার অভ্যাসের নিকট কখনই জয়লাভে সমর্থ হয় না।

প্রত্যগাত্ম-স্বরূপেণ দৃশ্যরূপেণ চ স্বয়ং।
ব্যাপ্য-ব্যাপক-নির্দ্দেশ্যো হ্যনির্দ্দেশ্যোঽবিকল্পিতঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

চ স্বয়মেব বিকল্পিতঃ ভিন্নঃ সন্ ব্যাপ্যব্যাপকনির্দ্দেশ্যঃ (ব্যাপ্যতয়া কালাকাশাদিরূপেণ চ ব্যাপকতয়া নির্দ্দেশ্যঃ ভবতি যঃ সঃ একঃ অদ্বিতীয়ঃ অব্যয়ঃ অপক্ষয়াদিরহিতঃ প্রকৃতেঃ পরঃ ভগবান্ ঈশ্বরঃ আত্মা পরমাত্মা হি এব ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

দিষু গুণসাম্যে প্রধানে গুণব্যতিকরে মহত্তত্ত্বাদৌচ পরো ব্রহ্মস্বরূপঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবানিতি শব্দত্রয়বাচ্য ঈশ্বর ঈয়ত ইত্যুত্তরেণান্বয়ঃ। কীদৃশঃ অব্যয়ঃ সর্ব্বেষ্বপি কালেষপক্ষয়-শূন্যঃ ॥ ২০ ॥

অদ্বিতীয় প্রকৃতির অতীত পরম পুরুষ সর্ব্বাধিপ পরমাত্মা সর্ব্বেশ্বর নারায়ণ ॥ ২০ ॥

আভাস।

অতএব বিষয়বিষে হৃদয়কে জর্জ্জরিত করিবার পূর্ব্বে ভগবৎস্বরূপ চিন্তা করিবার অভ্যাসে সকলেরই অভ্যস্ত হওয়া কর্ত্তব্য ॥

বিষয়সংগ্রহ করিতে যেরূপ পরিশ্রম ও ক্লেশ স্বীকার করিতে হয়, ঈশ্বরচিন্তায় দ্বারা মুক্তিলাভে সেইরূপ পরিশ্রম বা ক্লেশের কণামাত্র স্বীকার করিতে হয় না। জলের উপর ভাসিয়া থাকাই শোলার ধর্ম্ম; তাহাকে ডুবাইতে হইলে, অনেক মৃত্তিকা তাহার অঙ্গে লেপন করিতে হয়; তবে সে জলের নিম্নের তলে অবগাহন করে। এবং যেমনই মৃত্তিকা তাহার অঙ্গ হইতে খসিতে থাকে, সে আপন ধর্ম্মে আপনা হইতে উর্দ্ধে উঠিতে থাকে। সেইরূপ সংসারী হইতে হইলে, অনেক বিষয়াসক্তি তাহার চিত্তে মিলাইতে হয়। অনেক পরকে সাধ করিয়া, আপন করিতে হয়। কিন্তু তাহারা প্রকৃত আপন নহে; জলের স্রোতে শোলার অঙ্গ হইতে মৃত্তিকার অপসরণের ন্যায়, কালস্রোতে বিষয়াসক্তি হৃদয় হইতে ক্রমশ বিসর্জ্জিত হইলে, চিত্তস্থ চিদানন্দময় আপনা হইতেই প্রবুদ্ধ হন এবং পরমানন্দে জীব সংমিলিত হয়। কারণ তিনিই প্রকৃত আপন বস্তু। জীব তাঁহার প্রতি দৃষ্টি না রাখিলেও, তিনি কখন জীবকে পরিত্যাগ করেন না। হৃদয়ের সার নিধিরূপে তিনি নিরন্তর হৃদয়াকাশে সমুদিত আছেন। সর্ব্বস্ব দান করিয়াও, বিষয়ের সন্তোষ প্রাপ্ত হওয়া যায় না। বিষয়ের আরাধনা অতীব দুরূহ। কিন্তু অনন্তদেবের আরাধনা নিতান্তই সুগম। তাঁহাকে কিছুই প্রদান করিতে হয় না; কেবল যাহার দ্বারা চিরকাল বিষয়ের তোষামোদ করিয়া, কেবল বিপদকেই আহ্বান করা হইয়াছে, সেই মনটী মাত্র তাঁহাকে সমর্পণ করিলেই, ভগবদারাধনার সমাপ্ত করা হয়। মানসোপচারের পূজাই সর্ব্বত্র প্রশস্ত। তিনি যে কেবল আমার হৃদয়ে আছেন, তাহা নহে; তিনি সর্ব্বত্র সর্ব্বভাবে এবং সর্ব্বরূপে বিরাজ করিতেছেন। যেমন দেহের আশ্রয়ে জীবত্বের নিরূপণ করিতে

কেবলানুভবানন্দস্বরূপঃ পরমেশ্বরঃ।
মায়য়ান্তর্হিতৈশ্বর্য্য ঈয়তে গুণসর্গয়া ॥ ২১ ॥

অন্বয়ঃ।

কেবলানুভবানন্দস্বরূপঃ (কেবলঃ অনুভবাত্মকঃ জ্ঞানস্বরূপঃ আনন্দঃ এব স্বরূপং যস্য সঃ) অতএব পমেশ্বরঃ পুরুষোত্তমঃ গুণসর্গয়া (গুণানাং সর্গঃ যয়া তয়া) মায়য়া অন্তর্হিতৈশ্বর্য্যঃ (অন্তর্হিতং ঐশ্বর্য্যং স্বরূপং যেন সঃ) ঈয়তে প্রতীয়তে ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

কথং তর্হি দ্রষ্টৃ দৃশ্য-ভোক্তৃভোগ্যাদিভেদঃ মায়য়েত্যাহ প্রত্যগাত্মা দ্রষ্টা ভোক্তা তৎস্বরূপেণ ব্যাপকতয়া নির্দ্দেশ্যঃ দৃশ্যং ভোগ্যং দেহাদি তদ্রূপেণচ ব্যাপ্যতয়া নির্দ্দেশ্যো মায়য়া ঈয়তে ইত্যুত্তরেণান্বয়ঃ। বস্তুতস্তু স্বয়মবিকল্পিতোঽনির্দ্দেশ্যোঽপি সন্ যদ্বা অনির্দ্দেশ্যোঽপ্যেবং নির্দ্দেশ্যঃ সন্ বিকল্পিত ঈয়তে ইত্যন্বয়ঃ। যতঃ কেবলোঽনুভবাত্মক আনন্দ এব স্বরূপং যস্য। নন্বু স এব চেৎ সর্ব্বত্র তর্হি সর্ব্বত্র সর্ব্বজ্ঞত্বাদ্যুপলভ্যেত তত্রাহ গুণাত্মকঃ সর্গো যস্যাঃ সা গুণসর্গী তয়া মায়য়ান্তর্হিতমৈশ্বর্য্যং যেন সঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু স জ্ঞায়তে চেদিদমিত্থংকারেণ নির্দ্দিশ্যতামিত্যত আহ প্রত্যগাত্মেতি। প্রতীচাং সর্ব্বজীবানামাত্মা পরমাত্মা তৎস্বরূপেণ ব্যাপকঃ দৃশ্যং জগৎ তদ্রূপেণ ব্যাপ্য ইত্যেব ব্যাপ্য-ব্যাপক-নির্দ্দেশ্যঃ বস্তুতঃ স্বয়ং হ্যনির্দ্দেশ্যঃ। অনির্দ্দেশ্যোঽপি বিকল্পিতঃ। উপাসকভেদৈর্ব্রহ্ম পরমাত্মা ভগবানিত্যেবং বিকল্প-বিষয়ীকৃতঃ। বিকল্পবিষয়ীকৃতোঽপি কেবল একোঽনুভবাত্মক আনন্দ এব স্বরূপং যস্য সঃ এব সর্ব্বত্র স্ব স্বরূপভূতৈশ্বর্য্যেণ প্রকটমেব বিরাজমানোঽপি মায়য়া স্ববিদ্যয়া হেতুনা জীবৈর্দ্রষ্টৃ মশক্যত্বাদন্তর্হিতৈশ্বর্য্য ঈয়তে। কীদৃশ্যা গুণানাং ইন্দ্রিয়ৈরনুভূয়মানানাং শব্দাদীনাং সর্গঃ সৃষ্টি র্যত স্তয়েতি। শব্দাদয় এবানুভাব্যন্তে নন্বু তত্রৈব প্রতি তয়া স্ববৃত্ত্যা সন্নপীশ্বরঃ। ঈশ্বরং প্রতি তয়া স্ববৃত্ত্যা অবিদ্যয়া জীবদৃষ্টেরাবরণাত্তেন দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি ভগবদুক্তে স্তদ্ভক্ত্যৈব মায়াতরণে সতি স যথাযোগং ভক্তিতারতম্যেন নির্দ্দেশ্যোঽপি ভবতীতি ভাবঃ ॥ ২১ ॥

কেবল অনুভবানন্দ-স্বরূপ পুরুষোত্তম পরমেশ্বর গুণময়ী মায়ার গুণ-কার্য্যের প্রভাবে প্রচ্ছন্ন ভাবে যেন বিলুপ্তৈশ্বর্য্যের ন্যায় প্রতীত হন ॥ ২১ ॥

আভাস।

হয়, সেইরূপ সমষ্টি এবং ব্যষ্টিভাবে বিরাজমান এই বিরাট্ কলেবরের আশ্রয়ে সেই জগজ্জীবনকে নিরূপণ করাই মানব জীবনের সার্থকতা। শ্রুতি বলিয়াছেন—ভোক্তা ভোগ্যং প্রেরিতারং চ মত্বা। সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্ম বৈ তৎ ॥ তাঁহার শক্তির পরিণামে জগৎ ;- তিনিই তদন্তরে জীব হইয়া, ভোগ করিতেছেন এবং প্রেরক ঈশ্বরস্বরূপে বিদ্যমান থাকিয়া, ভোগ্য বিষয় এবং ভোক্তা জীবের সম্বন্ধ নিরূপণ করিতেছেন। সৃষ্টিকার্য্যে তিনিই নির্দ্দেশ্য বস্তু এবং

তস্মাৎ সর্ব্বেষু ভূতেষু দয়াং কুরুত সৌহৃদং।
ভাবমাসুরমুন্মুচ্য যয়া তুষ্যত্যধোক্ষজঃ ॥ ২২ ॥
তুষ্টেচ তত্র কিমলভ্যমনন্ত আদ্যে কিং তৈর্গুণব্যতিকরাদিহ যে স্বসিদ্ধাঃ।

অন্বয়ঃ।

তস্মাৎ সর্ব্বেষু ভূতেষু আসুরং ভাবং দ্বেষাদিকং, উন্মুচ্য ত্যক্ত্বা, সৌহৃদং মৈত্রীং, দয়াং দুঃখপ্রহাণেচ্ছাং কুরুত! যয়া দয়য়া অধোক্ষজঃ ভগবান্ তুষ্যতি ॥ ২২ ॥

তত্র তস্মিন্ অনন্তে অনন্তগুণে, আদ্যে সর্ব্বকারণভূতে ভগবতি তুষ্টে সতি (তদ্ভক্তানাং) কিং অলভ্যং (ন কিঞ্চিদিতি) তথাপি গুণব্যতিকরাৎ কর্ম্মানুগুণ-সত্ত্বাদি-গুণ-পরিণামাৎ

শ্রীধরস্বামী।

যস্মাদেবং তস্মাৎ সর্ব্বেষু ভূতেষু যথোচিতং দয়াং সৌহৃদঞ্চ কুরুত। উন্মুচ্য সংত্যজ্য। যয়া দয়য়া ॥ ২২ ॥

ততঃ কিমত আহ তুষ্টেচ তত্র তস্মিন্ কিমলভ্যং তথাপি গুণপরিণামাৎ দৈবাদেব স্বসিদ্ধা অযত্নতঃ সিদ্ধা যে ধর্ম্মাদয় স্তৈঃ কিং অগুণেনচ মোক্ষেণ কাঙ্ক্ষিতেন কিং তমুপগায়তাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতো ভক্তিগম্য এব ভগবান্ সাচ তাঁভ্যঃ সর্ব্বভূতেষু দয়াসৌহৃদাভ্যাং সুস্থিরা নির্ব্বিঘ্না ভবতাতস্তে এব বিধত্তে তস্মাদিতি। সৌহৃদং স্নেহঞ্চ সর্ব্বাণীমানি ভূতানি ভগবচ্ছক্তিময়-ত্বদ্ভগবদ্রূপাণ্যেব স্বরূপেণাপি সর্ব্বত্রৈবৈতেষু স মৎপ্রভু র্বিরাজত এব শ্রীমদ্গুরুবৈষ্ণব-কৃপয়া যদি মাং ভক্তিদেবী স্বীকরিষ্যতি তদা সোঽপি সাক্ষাৎ দ্রষ্টব্য ইতি বুদ্ধ্যেতি ভাবঃ। যয়া দয়য়া সৌহৃদেনচ ॥ ২২ ॥

ততশ্চ তস্মিন্ তুষ্টে তৈঁ র্ধর্ম্মাদিভিঃ কাঙ্ক্ষিতৈঃ কিং ন কিমপি ফলমিত্যর্থঃ। যে গুণানাং ব্যতিকরাৎ পরিণামাৎ ইহ জগতি স্বত এব সিদ্ধাঃ। অগুণেন মোক্ষেণচ কিং যতঃ চরণয়োঃ

অতএব জীবগণের প্রতি আসুরিক হিংসাদি দ্বেষভাব পরিত্যাগ করত, সৌহার্দ্দ এবং দয়ার প্রকাশে তাহাদিগের দুঃখ নিবারণে যত্নবান্ হও! দেখ! এই দয়ার গুণে ভগবান্ অধোক্ষজ সুপ্রসন্ন হইয়া থাকেন ॥ ২২ ।

অহো! সেই সর্ব্ব-কারণ-কারণ অনন্ত-গুণ ভগবান্ অনন্তদেব পরিতুষ্ট হইলে, তদীয় ভক্তগণের আর কি অলভ্য থাকে? পুণ্যকর্ম্মের আনুকূল্যে

আভাস।

নিরূপণকারী জীব। সূর্য্য যেমন কিরণ জালের বিস্তারে জগৎকে আলোকিত করত আত্ম-ভাব প্রচ্ছন্ন রাখেন, সেইরূপ ভগবান্ স্বীয় বৈষ্ণবী শক্তির প্রভাবে অনন্তভাবের প্রকাশ করত নিজ-স্বরূপকে প্রচ্ছন্ন রাখেন। সুতরাং অনির্দ্দেশ্য। কর্ম্মরূপা মায়ার দ্বারা কখন সেই মায়াতীতকে পাওয়া যায় না। কিন্তু ভক্তির প্রভাবে ভক্তের নিকট তিনি নির্দ্দেশ্য হইয়া থাকেন ॥ ১৬—২১ ॥

ধর্ম্মাদয়ঃ কিমগুণেনচ কাঙ্ক্ষিতেন সারং জুষাং চরণয়োরুপগায়তাং নঃ ॥ ২৩ ॥
ধর্ম্মার্থকাম ইতি যোঽভিহিতস্ত্রিবর্গ ঈক্ষা ত্রয়ী নয়দমৌ বিবিধাচ বার্ত্তা।

অন্বয়ঃ।

স্বসিদ্ধাঃ অযত্নসিদ্ধাঃ, যে ধর্ম্মাদয়ঃ ধর্ম্মার্থকামরূপাঃ যে পুরুষার্থাঃ তৈ, তথা ভগবতঃ চরণয়োঃ সারং জুষাং পরমানন্দং অনুভবতাং, তং উপগায়তাং নঃ অস্মাকং, কাঙ্ক্ষিতেন অগুণেন মোক্ষেণাপি কিং প্রয়োজনং ন কিমপি ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ধর্ম্মার্থকামঃ চ ইতি যঃ ত্রিবর্গঃ বেদেন অভিহিতঃ তদর্থং চ যা ঈক্ষা আত্মবিদ্যা, ত্রয়ী কর্ম্মবিদ্যা, নয়ঃ নীতিঃ, দমঃ দণ্ডঃ, বিবিধা কৃষ্যাদিরূপা বার্ত্তা, জীবিকা চ অভিহিতা তদেতৎ অখিলং সর্ব্বং নিগমস্য বেদস্য অর্থজাতং স্বসুহৃদঃ পরমস্য পুংসঃ পুরুষোত্তমস্য স্বাত্মার্পণং

শ্রীধরস্বামী।

নোঽস্মাকং আকাঙ্ক্ষিতস্যাপি তস্য সিদ্ধেঃ। যদ্বা মাভুন্মোক্ষঃ তচ্চরণয়োঃ সারং জুষাং সুধাং সেবমানানাং তেনাপি কিমিত্যর্থঃ ॥ ২৩ ॥

ননু চ ধর্ম্মাদেরপুরুষার্থত্বে কিমিত্যাচার্য্যাভ্যাং বেদোক্তত্বেন সত্য এবাভিহিতঃ। তত্রাহ ধর্ম্মার্থকাম ইতি। যস্ত্রিবর্গস্তদর্থঞ্চ যে ঈক্ষাদ্যা অভিহিতা ঈক্ষা আত্মবিদ্যা ত্রয়ী কর্ম্মবিদ্যা নয়দমৌ তর্কদণ্ডনীতী বিবিধাচ বার্ত্তা জীবিকা তদেতৎ সর্ব্বং নিগমস্যার্থজাতং স্বসুহৃদঃ স্বান্তর্যামিণঃ পরমস্য পুংসঃ স্বাত্মার্পণসাধনত্বেনৈবার্হি সত্যং মন্যে সত্যপরত্বাৎ অন্যথা তদসত্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সারং যুষাং সেবমানানাং উপ মোক্ষাদপ্যাধিক্যেন গায়তামিতি চরণয়োঃ কমলত্বং সারস্য সৌরভ্যমাধুর্য্যাদিত্বং তৎসেবিনাং ভ্রমরত্বমারোপিতং ভ্রমরত্বেন স্বাভাবিকং কাঙ্ক্ষিতান্তর-শূন্যত্বং ব্যঞ্জিতং ॥ ২৩ ॥

ননুচ ধর্ম্মাদেরপুরুষার্থত্বে কথং সএব গুরুপুত্রাভ্যাং বেদোক্তত্বেনোক্তস্তত্রাহ ধর্ম্মার্থ ইতি। ঈক্ষা আত্মবিদ্যা। ত্রয়ী কর্ম্মবিদ্যা। নয়দমৌ তর্কো দণ্ডনীতিশ্চ বিবিধাচ বার্ত্তা জীবিকা তদেতখিলং নিগমস্যৈব সম্বন্ধি বেদোক্তমেব মন্যে এব নতু দূষয়ামি তাদৃশাধিকারিসম্মতত্বাদিতি ভাবঃ। সত্যং সত্যোঽহিতং তু পরমপুংসঃ পরমে পুংসি স্বাত্মার্পণং স্বস্যাত্মন স্তদীয়ত্বেনার্পণং।

সত্ত্বগুণের উদ্ভাসন হইলে, অযত্নসিদ্ধ ধর্ম্ম, অর্থ এবং কামরূপ পুরুষার্থ উপস্থিত হইলেও, ভগবচ্চরণারবিন্দের সার গ্রহণে যাঁহারা নিরন্তর পরমানন্দ উপভোগ করেন তাঁহাদের এবং ভগবল্লীলা গানকারী আমাদের পক্ষে তাদৃশ পুরুষার্থের প্রয়োজন কি! অধিক কি! চিরপ্রার্থিত গুণময় ভাবের অতীত পরম পদ মোক্ষকেও আমরা প্রার্থনীয় বলিয়া, মনে করি না ॥ ২৩ ॥

বেদে ধর্ম্ম, অর্থ এবং কামকে যে ত্রিবর্গ বলিয়া উল্লেখ করিয়াছেন এবং উক্ত ত্রিবর্গ-সাধনার্থ আত্মবিদ্যারূপ ঈক্ষা, ত্রয়ী (কর্ম্মবিদ্যা) নীতি, দণ্ড, কৃষ্যাদিরূপ নানাপ্রকার জীবিকার উপায় বর্ণিত হইয়াছে, সেই সমস্ত বিষয়,

মন্যে তদেতদখিলং নিগমস্য সত্যংস্বাত্মার্পণং স্বসুহৃদঃ পরমস্য পুংসঃ ॥২৪॥
জ্ঞানং তদেতদমলং দুরবাপমাহ নারায়ণো নরসখঃ কিল নারদায়॥

অন্বয়ঃ।

এই প্রকারে ভক্তিযোগের সম্পূর্ণাবস্থায় উপনীত হইলে, পুণ্যপাপাত্মক যাবতীয় কর্ম্মবন্ধন হইতে মানব নিষ্কৃতি লাভ করিতে পারে; প্রবল ভক্তিভাবে বন্ধনের বীজভূত অবিদ্যারূপ দেহাধ্যাস আপনা হইতে পরিদগ্ধ হইয়া যায়; চিত্তে কোনরূপ বাসনা আর থাকে না। তৎকালে ভগবানের লীলাভাবের নিরন্তর চিন্তনে ভক্তের চিত্ত যখন ভগবদ্ভাবে আকারিত হইয়া যায়, তখনই সাধক বাক্যমনের অগোচর সেই ভগবানকে অপরোক্ষভাবে প্রাপ্ত হন; সন্দেহ নাই ॥ ২৯ ॥

আভাস।

ভগবানে রতি জন্মিলে যে সকল চিহ্ন মানবে পরিদৃষ্ট হয়, এস্থলে তাহারই উল্লেখ করত বলিলেন যে, গোবর্দ্ধনধারণ এবং কংসবধাদি ভগবানের লীলা স্মরণে তাঁহার প্রতি নিজের চিত্ত সমর্পণ পূর্ব্বক দাস্য সখ্যাদি ভাবের পরিচয় আইসে ॥ ২৮ ॥ ২৯ ॥

অধোক্ষজালম্ভমিহাশুভাত্মনঃ শরীরিণঃ সংসৃতিচক্রশাতনং।
তদ্‌ব্রহ্ম নির্ব্বাণসুখং বিদুর্বুধা ততো ভজধ্বং হৃদয়ে হৃদীশ্বরং ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

ইহ লোকে অশুভাত্মনঃ তাপত্রয়সন্তপ্তমনসঃ শরীরিণঃ অধোক্ষজালম্ভঃ (অধোক্ষজস্য আলম্ভঃ স্পর্শঃ প্রাপ্তিঃ এব) সংসৃতি-চক্র শাতনং (চক্রবৎ পরিবর্ত্তমানায়াঃ সংসৃতেঃ শাতনং নিবর্ত্তকং। তৎ অধোক্ষজালম্ভনং এব ব্রহ্মনির্ব্বাণসুখং বুধাঃ ব্রহ্মবিদঃ, বিদুঃ জানন্তি। ততঃ হৃদয়ে হৃদীশ্বরং ভগবন্তং ভজধ্বং ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ অধোক্ষজস্যালম্ভঃ মনসা স্পর্শং অধোক্ষজালম্বমিতি পাঠে তস্যাশ্রয়ণং। অশুভঃ রাগাদিযুক্ত আত্মা মনো যস্য। সংসৃতিচক্রশাতনং তন্নিবর্ত্তকং বুধা বিদুঃ তদেব ব্রহ্মণি নির্ব্বাণং লয়ো মোক্ষঃ তদাত্মকং সুখং বিদুঃ হৃদীশ্বরমন্তর্যামিণং ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ ব্রহ্ম-নির্ব্বাণ-সুখমেব পুরুষার্থ-সার ইতি প্রসিদ্ধিঃ। সত্যং তদপি অধোক্ষজ-সংযোগ-সুখএবান্তর্ভবতীত্যাহ অধোক্ষজস্যালম্ভং মনসা ঈষৎ স্পর্শং সাক্ষাৎপ্রাপ্তিং বা সংসৃতি-চক্রস্য শাতনং নিবর্ত্তকং বিদুর্জানন্তি তদেব ব্রহ্মনির্ব্বাণসুখঞ্চ অধোক্ষজস্যৈব ব্রহ্মত্বাৎ তচ্চরণ-মাধুর্য্যানুভবস্যৈব পরমানন্দ-রূপত্বেন নির্ব্বাণ-সুখ-রূপত্বাৎ তত্র দাস্যাদি-ভাবত্বেন মমতা-বিশেষোত্থং তু সুখমধিকমপারমেব যথা সর্ব্বজনসুভগে পরমাহ্লাদকে চন্দ্রে দৃষ্টে যঃ স্বাভাবিক আনন্দ স্তস্মাৎ কোটি গুণিত আনন্দঃ স্বপুত্রে খোড়াঙ্কবধিরেঽপি সর্ব্বজনদুর্ভগেঽপি মমতোত্থঃ স্যাদিতো ভগবতি দাস্যাদি-ভাববত্ত্বে পরব্রহ্মণি স্বরূপোত্থ এব পরমানন্দাবধি স্তত্রৈব যদি মমতোত্থেঽপি স্যাত্তদা কিং বক্তব্যমানন্দপারাবার-পরস্পরহস্র-সম্মর্দ্দমধ্যপাতিত্ব-সৌভগোৎ-কর্ষঃ মহামহত্ত্বমতএবোক্তং; যা নির্ব্বৃতি স্তনুভৃতামিত্যাদ্যন্যত্র চ ব্রহ্মানন্দো ভবেদেষ চেৎ পরার্দ্ধ-গুণীকৃতঃ। নৈতি ভক্তি-সুখাম্ভোধেঃ পরমাণু তুলামপীতি। অধোক্ষজালম্বমিতি পাঠে অধোক্ষজ আলম্বো বিষয়ালম্বনো যত্র তং অর্থাদাস্য-সখ্যাদি-রসং। হৃদীশ্বরং হৃদয়নাথমিতি দাস্যাদিভাববিশিষ্টা ভক্তি র্ব্যঞ্জিতা ॥ ৩০ ॥

আধ্যাত্মিকাদি তাপত্রয়ে সুসন্তপ্তচিত্ত দেহধারী জীবের পক্ষে অধোক্ষজ ভগবানের সাক্ষাৎকার-লাভই এই সংসার-চক্র নিবারণের একমাত্র উপায়। এই ভগবৎসাক্ষাৎকারকেই পণ্ডিতগণ ব্রহ্মনির্ব্বাণ বা মোক্ষপদ-নামে অভিহিত করিয়া থাকেন। অতএব হে দৈত্যবালকগণ! তোমরা স্বকীয় হৃদয়ে সেই হৃদয়বল্লভ ভগবানকেই নিরন্তর ধ্যান ও পূজা কর! ॥ ৩০ ॥

আভাস।

ব্রহ্মনির্ব্বাণ-সুখই পুরুষার্থের সার বলিয়া প্রসিদ্ধ আছে; সে স্থলে ভক্তি পূর্ব্বক ভগবানে রতির কি প্রয়োজন? এরূপ আশঙ্কা স্থলে প্রকাশ করিয়াছেন যে; সে সুখও

কোঽতিপ্রয়াসোঽসুরবালকা হরেরুপাসনে স্বে হৃদি ছিদ্রবৎ সতঃ।
স্বস্যাত্মনঃ সখ্যুরশেষদেহিনাং সামান্যতঃ কিং বিষয়োপপাদনৈঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

হে অসুরবালকাঃ! স্বে স্বকীয়ে হৃদি হৃদয়-পুণ্ডরীকে ছিদ্রবৎ আকাশবৎ, সতঃ বর্ত্তমানস্য, স্বস্য জীবস্য, আত্মনঃ স্বরূপভূতস্য, সখ্যুঃ হিতকর্ত্তুঃ, হরেঃ ভগবতঃ, উপাসনে কঃ অতি প্রয়াসঃ ন কোঽপি ইত্যর্থঃ। অশেষদেহিনাং সর্ব্বেষাং দেহিনাং শূকরাদীনাং অপি সামান্যতঃ সাধারণত্বাৎ, বিষয়োপপাদনৈঃ (বিষয়াণাং উপপাদনৈঃ অর্জ্জনৈঃ) কিং প্রয়োজনং ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ভক্তিরশক্যেতিচ ন মন্তব্যমিত্যাহ ক ইতি। ছিদ্রবৎ আকাশবৎ তিষ্ঠতঃ; বিষয়াণামুপপাদনৈরর্জ্জনৈঃ কিং তত্র হেতুঃ সর্ব্বদেহিনাং সামান্যতো বিষয়নিষ্ঠত্বে শূকরাদি সাধারণ্যাপত্তেরিত্যর্থঃ। নচৈবমাদৌ পৌনরুক্ত্যদোষ-নারদোক্তানুবাদ-রূপত্বাৎ অস্য প্রকরণস্য ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বশ্রেষ্ঠায়া অপি ভক্তেঃ সুখসাধ্যত্বমাহ কোঽতীতি। ছিদ্রবৎ আকাশবৎ। আত্মনো জীবস্য সখ্যুঃ। সযুজৌ সখায়াবিতি শ্রুতেঃ। নহি সখ্যুরুপাসনে কিঞ্চিৎ কষ্টমিতি ভাবঃ। উপাস্যস্য স্বতো বিদ্যমানত্বাৎ প্রিয়ত্বাচ্চ উপাসনস্য চ শ্রবণাদিরূপত্বাৎ তৎসাধনানাং শ্রোত্রাদীনাঞ্চ স্বতএব বিদ্যমানত্বান্নহি কুতশ্চন কাচন তৎসামগ্রী আনেতব্যেতি ভাবঃ। বরং নরক-সাধনেঽপি শ্রমোঽস্তীতি ব্যঞ্জয়ন্ বৈষয়িক-সুখ-প্রবৃত্তিং নিন্দতি। বিষয়াণাং স্রক্-চন্দন-বনিতাদীনাং উপপাদনৈ র্দ্রব্যাদিনোপার্জ্জনৈঃ কিং। তত্র হেতুঃ সর্ব্বদেহিনাং সামান্যতঃ বিষয়-নিষ্ঠত্বে শূকরাদি-সাধারণ্যাপত্তেরিতি ভাবঃ ॥ ৩১ ॥

হে বয়স্যগণ! ভগবদ্ভজনে মানবকে কোন বিশেষ প্রয়াস পাইবার প্রয়োজন নাই; কারণ তিনি জীবমাত্রেরই হৃদয়-পদ্ম-মধ্যে নিত্যসিদ্ধ আকাশের ন্যায়, নিরন্তর বিদ্যমান রহিয়াছেন। তিনি জীবস্বরূপ আত্মার পরম-হিতকারী আশ্রয়প্রদ পরমাত্মা। সকল জীবের পক্ষেই ভোগ তুল্য। মানব যেমন আপনার উপযুক্ত ভোগ্য লাভে পরিতৃপ্ত হয়, অতি নিকৃষ্ট শূকরাদি যোনিতেও তদুপযুক্ত ভোগ্য লাভে তদপেক্ষা কোন প্রকারে তাহারা অল্পতৃপ্ত হয় না।

আভাস।

অধোক্ষজালিঙ্গনের সুখেরই অন্তর্গত। অধোক্ষজ ভগবানই পরাৎপর ব্রহ্ম; সুতরাং তদীয় চরণস্পর্শে এবং মাধুর্য্যানুভবে পরমানন্দরূপ নির্ব্বাণ-সুখেরই প্রাপ্তি ঘটে। তবে দাস্যভাবাদির দ্বারা ভগবৎপ্রাপ্তি কিছু সুগম বলিয়াই, দেবর্ষি নারদ বালক প্রহ্লাদকে ভক্তি-সাধনের উপদেশই প্রদান করিয়াছিলেন ॥ ৩০ ॥

ভগবানে ভক্তি করা অসম্ভব বলিয়া পাছে আশঙ্কা হয়, এই নিমিত্ত জীবের সহিত ভগবানের নৈ ট্যভাবের পরিচয়ে বিচার-জ্ঞানের অপেক্ষা ভক্তি-সাধনের বরং সুকরত্বেরই পরিচয় প্রদান

রায়ঃ কলত্রং পশবঃ সুতাদয়ো গৃহা মহী কুঞ্জরকোষভূতয়ঃ।
সর্ব্বেঽর্থকামাঃ ক্ষণভঙ্গুরায়ুষঃ কুর্ব্বন্তি মর্ত্ত্যস্য কিয়ৎ প্রিয়ঞ্চলাঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

রায়ঃ ধনানি, কলত্রং ভার্য্যা, পশবঃ গবাশ্বাদয়ঃ, সুতাঃ পুত্রাঃ, আদিপদেন সম্বন্ধিনঃ চ গৃহাঃ মহী ক্ষেত্রং, কুঞ্জরাঃ গজাঃ, কোষঃ, ভূতয়ঃ ভোগোপকরণানি, চলাঃ অস্থিরাঃ, সর্ব্বে অর্থাঃ কামাঃ চ ক্ষণভঙ্গুরায়ুষঃ (ক্ষণেন অল্পকালেন ভঙ্গুরং আয়ুঃ যস্য তস্য) মর্ত্ত্যস্য মনুষ্যস্য কিয়ৎ প্রিয়ং কুর্ব্বন্তি জনয়ন্তি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

অনর্থকঞ্চ বিষয়ার্জ্জনমিত্যাহ রায়ঃ অর্থাঃ। ক্ষণভঙ্গুরমায়ুর্যস্য তদুক্তমিতিহাসে। ধনং হি পুরুষো লোকে পুরুষং ধনমেব বা। অবশ্যমেকং ত্যজতি তস্মাৎ কিং ধনতৃষ্ণয়েতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ কামিনাং বৈষয়িক সুখমপি বস্তুতোঽস্তীত্যাহ রায়ো ধনানি। অর্থাশ্চ কামাশ্চ ॥ ৩২ ॥

ভোগ সম্বন্ধে তির্য্যক্ যোনির সহিত মানবের কোন তারতম্য নাই। অতএব মানব-যোনি লাভ করত, মুক্তিলাভে পরাঙ্মুখ হইয়া, তাদৃশ বিষয়োপার্জ্জনের আর প্রয়োজন কি? ৩১ ॥

বিত্ত কলত্র পুত্র মিত্র গৃহ ক্ষেত্র হস্তী অশ্ব গো মহিষাদি পশুসমূহ ধনাগার, ভৃত্যবর্গ এবং যে কোন ভোগোপকরণ মানব পাইয়া থাকে, তাহার কোনটীই স্থায়ী নহে; যাবতীয় বিষয় এবং ভোগই অনিশ্চিত ও ক্ষণস্থায়ী। অতএব ক্ষণভঙ্গুর জীবন লাভে এবং ক্ষণভঙ্গুর ভোগের সম্পর্কে মানবের আর কি বিশেষ সুখ-সম্ভাবনা আছে! ॥ ৩২ ॥

আভাস।

করিয়াছেন। অর্থাৎ আকাশ যেমন সর্ব্বগত, তৎসাক্ষাৎকারার্থ তাহাকে আর অন্বেষণ করিতে হয় না, সেইরূপ ভগবান্ সর্ব্বগত এবং জীবমাত্রেরই হৃদয়ে অন্তর্যামিরূপে নিরন্তর বিদ্যমান থাকেন। তিনি আমাদের সহজ বন্ধু; সুতরাং তাঁহার উপাসনায় কিছু মাত্র ক্লেশ বা নিরাশার সম্ভাবনা নাই। তাঁহার লীলাদি শ্রবণ ও কীর্ত্তন করিলেই, আরাধনা ও উপাসনা করা হয়; তজ্জন্য কোন উপহারাদিরও অপেক্ষা করে না। বরং নরক-সাধনে পরিশ্রম আছে; ঈশ্বরারাধনায় পরিশ্রম বা ক্লেশ একেবারেই নাই। কারণ অনেক স্বার্থত্যাগ এবং মূল্য প্রদান না করিলে, স্রুক্ চন্দন বধূ বস্ত্রাদির সংগ্রহ হয় না; ঈশ্বরারাধনায় তাদৃশ কোন মূল্যাদি প্রদান করিতে হয় না ॥ ৩১ ॥

ভোগীরও প্রকৃত প্রস্তাবে বৈষয়িক সুখ নাই। কারণ যাহা লইয়া সুখী হইবার বাসনা, তাহা স্বয়ংই নশ্বর। সুখী হইবার প্রত্যাশয় তাহাদিগকে সংগ্রহ করত, কেবল তাহাদের বিচ্ছেদ-জনিত ক্রন্দনকেই বরং সংগ্রহ করা হয় মাত্র। একদিবস একদিবস পরস্পরের বিচ্ছেদ অপরিহার্য্য ॥ ৩২ ॥

এবং হি লোকাঃ ক্রতুভিঃ কৃতা অমী ক্ষয়িষ্ণবঃ সাতিশয়া ন নির্ম্মলাঃ।
তস্মাদদৃষ্ট-শ্রুতদূষণং পরং ভক্ত্যোক্তয়েশং ভজতাত্মলব্ধয়ে ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

এবং অমী শাস্ত্রপ্রসিদ্ধাঃ অপি স্বর্গাদি-লোকাঃ যতঃ ক্রতুভিঃ যাগাদ্যনুষ্ঠানৈঃ, কৃতাঃ সাধিতাঃ, অতঃ ক্ষয়িষ্ণবঃ সাতিশয়াঃ ন নির্ম্মলাঃ চ। তস্মাৎ আত্মলব্ধয়ে (মায়য়া তিরস্কৃতস্য স্বস্বরূপস্য মায়ানিবৃত্ত্যা লাভায় অথবা আত্মনঃ পরমাত্মনঃ পরমানন্দস্বরূপস্য লাভায়) উক্তয়া ভক্ত্যা, অদৃষ্ট-শ্রুত-দূষণং (ন দৃষ্টং নাপি শ্রুতি-স্মৃতিভ্যাং শ্রুতং দূষণং যস্য তং) পরং পরমাত্মানং ঈশং, মায়াদি-সর্ব্ব-নিয়ন্তারং ভজত ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

যন্ন দুঃখেন সংভিন্নং নচ গ্রস্তমনন্তরং। অভিলাষোপনীতঞ্চ সুখং স্বর্গপদাস্পদমিত্যেবং স্তুতাঃ স্বর্গাদিভোগা অপি ন সেবার্হা ইত্যাহ এবং হীতি। ক্ষয়িষ্ণুত্বে হেতুঃ ক্রতুভিঃ কৃতা ইতি। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি শ্রুতেঃ। অতএব পুণ্যতারতম্যেন সাতিশয়াঃ নচ নির্ম্মলাঃ স্পর্দ্ধাদিমত্ত্বাৎ। ন বিদ্যতে দৃষ্টং শ্রুতঞ্চ দূষণং যস্মিন্ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বর্গাদি ভোগা অপি ন সেবার্হা ইত্যাহ এবং হীতি। ক্ষয়িষ্ণবঃ তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে। এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি শ্রুতেঃ। পুণ্যতারতম্যেন সাতিশয়াঃ স্পর্দ্ধাদিময়ত্বাচ্চ ন নির্ম্মলাঃ। আত্মলব্ধয়ে আত্ম-কর্ত্তৃক-হরি-প্রাপ্তয়ে পরমাত্ম-প্রাপ্তয়ে বা। যদ্বা আত্মরূপ-রত্নস্য প্রাপ্ত্যৈ। অন্যথা তৎস্বর্গ-নরকাদি-কর্দ্দমে ক্ষিপ্তং নষ্টমেব জানীতেতি ভাবঃ ॥ ৩৩ ॥

এই প্রকারে শাস্ত্রাদিতে যে সকল পুণ্যজন্য সুখময় স্বর্গাদি ভোগের বিষয় বর্ণিত আছে, সে সমস্তও যখন যজ্ঞাদির অনুষ্ঠানে সাধিত হয়, তখন তাহাতেও প্রকৃত সুখ বা শান্তি নাই। স্বর্গও ক্ষয় এবং অতিশয়াদি দোষযুক্ত; সুতরাং তাহাও পবিত্র নহে। এবং স্বর্গলাভেও প্রকৃত আনন্দ-লাভের প্রত্যাশা নাই। অতএব আত্মসাক্ষাৎকারের দ্বারা দুঃখের নিবৃত্তি পূর্ব্বক,

আভাস।

যদিও স্বর্গকে দুঃখহীন সুখের আস্পদ এবং অভিলষিত বস্তুসমূহের পুঞ্জীকৃত অবস্থা বলিয়া কীর্ত্তন করিয়াছেন, তথাপি তাহা প্রার্থনীয় এবং সেবার উপযুক্ত নহে, বলিয়া স্বীকার করিয়াছেন। কারণ স্বর্গেরও নিবৃত্তি আছে। পূর্ব্বে স্বর্গ ছিল না; যজ্ঞের অনুষ্ঠানে যখন তাহা প্রাপ্ত হওয়া যায়, তখন একদিন আসিবে, যে দিবস কৃত যজ্ঞের পুণ্য ক্ষীণ হইলে, স্বর্গ হইতে বিচ্যুতি ঘটিবে। এতদর্থে শ্রুতি বলিয়াছেন যে, এই জগতে কর্ম্মের দ্বারা অর্জ্জিত সুখের যেমন সমাপ্তি হয়, পরজীবনে পুণ্যার্জ্জিত স্বর্গেরও সেইরূপ অভাব পুণ্য-

যদর্থ ইহ কর্ম্মাণি বিদ্বন্মান্যসকৃন্নরঃ।
করোত্যতো বিপর্য্যাসমমোঘং বিন্দতে ফলং ॥ ৩৪ ॥
সুখায় দুঃখমোক্ষায় সংকল্প ইহ কর্ম্মিণঃ।
সদাপ্নোতীহয়া দুঃখমনীহায়াঃ সুখাবৃতঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ

বিদ্বান্ নরঃ প্রাণী ইহ সংসারে যদর্থে যস্য বৈষয়িকসুখস্যার্থে অসকৃৎ বারংবারং কর্ম্মাণি লৌকিকালৌকিকানি করোতি অতঃ বিপর্য্যাসং বিপরীতং দুঃখাত্মকং, এব ফলং অমোঘং অবশ্যং, বিন্দতে লভতে ॥ ৩৪ ॥

ইহ কর্ম্মমার্গে সুখায় সুখপ্রাপ্ত্যর্থং তথা দুঃখমোক্ষায় দুঃখনিবৃত্ত্যর্থং বা কর্ম্মিণঃ পুরুষস্য, সংকল্পঃ ভবতি। ততঃ চ যঃ অনীহায়াঃ হেতোঃ সুখেন আবৃতঃ ব্যাপ্তঃ আসীৎ সঃ এব ঈহয়া আরব্ধেন ব্যাপারেণ সর্ব্বদা দুঃখং প্রাপ্নোতি ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী

কিঞ্চ যদর্থে যৎ সংকল্প্য অতঃ সংকল্পিতাদ্বিপর্য্যাসং বিপরীতং ফলং অমোঘং অবশ্যং প্রাপ্নোতি ॥ ৩৪ ॥

তদেব দর্শয়তি সুখায়েতি। ঈহয়া ইচ্ছয়া ক্রিয়য়া বা যঃ পূর্ব্বমনীহয়া হেতোঃ সুখেনাবৃতো ব্যাপ্ত আসীৎ স ঈহয়া দুঃখমাপ্নোত্যেব ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যদর্থে যৎ সঙ্কল্প্য অতঃ সঙ্কল্পিতাৎ বিপর্য্যাসং বিপরীতং ফলমমোঘমবশ্যং প্রাপ্নোতি ॥ ৩৪ ॥
অনীহায়া হেতোঃ সুখাবৃতঃ সুখপরিপূর্ণঃ স্যাৎ ॥ ৩৫ ॥

পরমানন্দ লাভের প্রত্যাশা থাকিলে, পূর্ব্বোক্ত ভক্ত-সহকারে পরম পুরুষ পরমেশের আরাধনা কর। সেই ভগবানে কখন কোনরূপ দোষ স্পর্শ করিতে দেখা যায় না; এবং বেদাদিতেও তাদৃশ দুঃখময় ভাবের কথাও কখন শুনা যায় না ॥ ৩৩ ॥

শাস্ত্রজ্ঞ পণ্ডিত ব্যক্তিগণ এই সংসারে বৈষয়িক সুখলাভের প্রত্যাশায় বিবিধ লৌকিক এবং অলৌকিক বেদোক্ত যাগ যজ্ঞাদির বারংবার অনুষ্ঠান করেন বটে, কিন্তু ফলে তাহার কিছুই ঘটে না; বরং তদ্বিপরীত ফল দুঃখাদিই সংগ্রহ করেন, সন্দেহ নাই ॥ ৩৪ ॥

এই ভীষণ কর্ম্মমার্গে দুঃখের নিবৃত্তি পূর্ব্বক সুখ-লাভের জন্য কর্ম্মিগণের

আভাস।

ক্ষয়ে অবশ্যম্ভাবী। সুতরাং পুণ্যের তারতম্যে স্বর্গেও সুখের তারতম্য স্বীকার করিতে হইবে। স্বর্গে কেহ রাজত্ব করেন এবং কেহ বা ভৃত্যবৎ সেই রাজার সেবা করেন। অতএব এই মর্ত্ত্যধামের মত, স্বর্গাদি লোকের সুখও স্পর্দ্ধাদিবিশিষ্ট; সুতরাং সম্পূর্ণ বর্জ্জনীয় ॥ ৩৩ ॥

কামান্ কাময়তে কাম্যৈ র্যদর্থমিহ পূরুষঃ।
স বৈ দেহস্তু পারক্যো ভঙ্গুরো যাত্যুপৈতিচ ॥ ৩৬ ॥
কিমু ব্যবহিতাপত্য-দারাগার-ধনাদয়ঃ।
রাজ্যকোষ-গজামাত্য-ভৃত্যাপ্তা মমতাস্পদাঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

ইহ লোকে পুরুষঃ যদর্থং (যস্য দেহস্য অর্থে প্রয়োজনায়) কাম্যৈঃ কর্ম্মভিঃ কামান্ শব্দাদি-বিষয়ান্ কাময়তে সঃ দেহঃ তু পারক্যঃ স্বশৃগালাদিভক্ষ্যঃ, ভঙ্গুরঃ নশ্বরঃ, যাতি (আত্মানং জহাতি) উপৈতি (তং পুনঃ আলিঙ্গতি চ) ॥ ৩৬ ॥

(যদা সাক্ষাৎ সম্বন্ধিনঃ হন্তাস্পদস্য দেহস্য ইয়ং অবস্থা তদা) ব্যবহিতাঃ দেহসম্বন্ধেন সম্বন্ধাঃ, মমতাস্পদাঃ অপত্য-দারাগার-ধনাদয়ঃ রাজ্যকোষগজামাত্যভৃত্যাপ্তাঃ ভঙ্গুরাঃ যান্তি উপযন্তি ইতি কিমু বক্তব্যং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ কামান্ ভোগান্ কাম্যৈ র্বিষয়ৈঃ কর্ম্মভির্ব্বা। পারক্যঃ শ্বাদিভোগ্যঃ নশ্বরাত্মীয়ঃ ভঙ্গুরশ্চ ॥ ৩৬ ॥

কিমু দেহাদ্ব্যবহিতা অপত্যাদয়ো মমতাবিষয়াঃ পারক্যা ইতি বক্তব্যং ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কাম্যৈঃ কর্ম্মভিঃ। অপৈতি নশ্যতি। উপৈতি পুনরপি দুঃখদানার্থমুৎপদ্যায়াতি ॥ ৩৬ ॥ ৩৭ ॥

সংকল্প হয় বটে, কিন্তু ফলে প্রার্থনা করিবার পূর্ব্বে, বরং অকামতা নিবন্ধন কিছু শান্তি ছিল; এক্ষণে কেবল কামনার অনুরোধে আরব্ধ কার্য্যে আশার স্রোতে নিপতিত হইয়া, সর্ব্বদা অপ্রাপ্তি-নিবন্ধন দুঃখের তরঙ্গেই নিরন্তর ভাসমান হইয়া থাকেন ॥ ৩৫ ॥

এই সংসারে মানব যাহার উপলক্ষে কাম্য কর্ম্মাদির অনুষ্ঠানে ভোগ্য বিষয়ের প্রার্থনা করে, সেই দেহই ক্ষণধ্বংসী; কখন যে দেহ জীবাত্মাকে পরিত্যাগ পূর্ব্বক শৃগাল কুক্কুরের খাদ্য হইবে এবং কখন যে অভিনব বেশ ধারণে হিতকারীর রূপে আত্মাকে আলিঙ্গন করে, তাহার কিছুরই স্থিরতা নাই ॥ ৩৬ ॥

অতএব যখন অতি নিকট সম্বন্ধবিশিষ্ট স্বীয় দেহেরই এতাদৃশ বিনাশশীল অবস্থা, তখন দূর সম্পর্কবিশিষ্ট মমতার আস্পদ ক্ষণধ্বংসী দারাপত্য গৃহক্ষেত্র রাজ্য কোষ গজামাত্য বন্ধু বান্ধব এবং ভৃত্যবর্গ যে মানবকে অবশ্য পরিত্যাগ করিবে এবং কখনও বা পরিবেষ্টিত হইবে, তাহাতে আর বক্তব্য কি? ॥ ৩৭ ॥

কিমেতৈরাত্মনস্তুচ্ছৈঃ সহ দেহেন নশ্বরৈঃ।
অনর্থৈরর্থসংকাশৈ র্নিত্যানন্দরসোদধেঃ ॥ ৩৮ ॥
নিরূপ্যতামিহ স্বার্থঃ কিয়ান্ দেহভৃতোঽসুরাঃ।
নিষেকাদিষ্ববস্থাসু ক্লিশ্যমানস্য কর্ম্মভিঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

তুচ্ছৈঃ অত্যল্পৈঃ, বস্তুতঃ অনর্থৈঃ নরকাদ্যনর্থ-হেতুভিঃ, অর্থসংকাশৈঃ বিচারং বিনা পুরুষার্থতয়া প্রকাশমানৈঃ, তথাপি নশ্বরৈঃ তথাভূতেন দেহেন সহ এতৈঃ দারাপত্যাদিভিঃ, নিত্যানন্দ-রসস্য উদধিঃ সমুদ্রঃ যঃ শ্রীহরিঃ সেব্যতয়া বিদ্যতে যস্য তস্য আত্মনঃ ভক্তস্য কিং প্রয়োজনং ? ॥ ৩৮ ॥

হে অসুরাঃ! ইহ সংসারে (প্রাচীনৈঃ) কর্ম্মভিঃ ক্লিশ্যমানস্য দেহভৃতঃ প্রাণিনঃ নিষেকাদিষু স্ত্রীসম্ভোগাদিষু, অপি অবস্থাসু স্বার্থঃ উৎপন্নঃ আনন্দঃ কিয়ান্ তৎ নিরূপ্যতাম্ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ স্বয়ং পুরুষার্থরূপস্য কিমেতৈরিতি তুচ্ছৈরিত্যাহ কিমেতৈরিতি ॥ ৩৮ ॥

ভোগাবসরাভাবাচ্চ এতৈঃ ক উপযোগ ইত্যাহ নিরূপ্যতামিতি। নিষেকাদিষু গর্ভসম্ভবাদিষু প্রাচীনৈঃ কর্ম্মভিঃ ক্লিশ্যমানস্য কর্ম্মভিঃ কিয়ানর্থ ইতি বান্বয়ঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনঃ স্বস্য নিত্যো ভজনরূপ আনন্দরসোদধির্যস্য তস্য ভক্তজনস্য ॥ ৩৮ ॥

ক্লিশ্যমানস্যেতি ভোগেঽবসর এব নাস্তীতি ভাবঃ ॥ ৩৯ ॥

সংসার অনিত্য! ভোগ্য বিষয়প্রাপ্তিকে জীবনের প্রধান উদ্দেশ্য বা লক্ষ্য বলিয়া অবিবেক বশত প্রতীত হইলেও, মূলে তাহা অতি তুচ্ছ সুখপ্রদ; বরং নিরয়-গমনের অতি অপূর্ব্ব সোপান। অতএব এতাদৃশ নশ্বর দেহ প্রাপ্ত হইয়া, যে ভক্ত পরমা ভক্তি সহকারে নিত্যানন্দ-রসের সমুদ্র-স্থানীয় ভক্ত-দুঃখহারী ভগবান্ শ্রীহরিকে আপনার সেব্য ও আরাধনীয় বলিয়া অনুভব করিতে পারে না, তাঁহার পক্ষে পূর্ব্বোক্ত তুচ্ছ অকিঞ্চিৎকর ক্ষণস্থায়ী দারাপত্যাদি বিষয়ের আরাধনায় কি প্রয়োজন সাধিত হইতে পারে ? ॥ ৩৮ ॥

হে অসুরগণ! এই সংসারে যে সকল জীব পূর্ব্ব-সঞ্চিত কর্ম্মের ফলে দেহধারণ পূর্ব্বক নিরন্তর সংসার-যাতনায় জর্জ্জরিত হইতেছে, তাহাদের পক্ষে স্ত্রীসম্ভোগাদি অবস্থাতে সমুৎপন্ন আনন্দ যে পরিণামে কত সামান্য, তাহা মনে মনে তোমরাই একবার চিন্তা করিয়া দেখ! ॥ ৩৯ ॥

কর্ম্মাণ্যারভতে দেহী দেহেনাত্মানুবর্ত্তিনা।
কর্ম্মভি স্তনুতে দেহমুভয়ং ত্ববিবেকতঃ।। ৪০ ।।
তস্মাদর্থাশ্চ কামাশ্চ ধর্ম্মাশ্চ যদপাশ্রয়াঃ।
ভজতানীহয়াত্মানমনীহং হরিমীশ্বরং ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

দেহী জীবঃ আত্মানুবর্ত্তিনা দেহেন কর্ম্মাণি পুণ্যপাপাত্মকানি আরভতে করোতি, তৈঃ চ নিমিত্তভূতৈঃ কর্ম্মভিঃ দেহান্তরং তনুতে বিভর্ত্তি। (এতেন বীজাঙ্কুর-ন্যায়েন পরিবৃত্তি ন নিবর্ত্ততে ইতি দেহেন কর্ম্মাণি কর্ম্মভিঃ দেহং ইত্যেতৎ) উভয়ং তু অবিবেকতঃ দেহাদ্যাত্মাধ্যাস-হেত্বিদ্যাতঃ এব ॥ ৪০ ॥

তস্মাৎ অর্থাশ্চ কামাশ্চ ধর্ম্মাশ্চ যদপাশ্রয়াঃ যদধীনাঃ, তং অনীহং আত্মানং ঈশ্বরং হরিং অনীহয়া তৎকামনারাহিত্যেন ভজত ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

নন্বু কর্ম্মসু সমাপ্তেষু ভোগাবসরঃ স্যাত্তত্রাহ কর্ম্মাণীতি। নচেদং কর্ম্ম তৎফলং দেহাদিকঞ্চ পরমার্থ ইত্যাহ উভয়ং কর্ম্ম দেহঞ্চ অবিবেকতঃ অজ্ঞানেনৈব তনুতে ॥ ৪০ ॥

যদপাশ্রয়া যদধীনাঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহেন মানুষ-শরীরেণ কর্ম্ম-সাধকেন দেহং স্বর্গি শরীরং উভয়ং তদ্দেহদ্বয়ং অবিবেকতঃ তদুভয়স্যাহং কর্ম্ম কুর্ব্বে ইতি অহং কর্ম্মফলং স্বর্গমুপভুঞ্জে ইত্যভিমান-মূলত্বাত্তদভিমানস্যাবিবেক-মূলত্বাৎ আত্মনশ্চ দেহদ্বয়াতিরিক্তত্বাৎ ॥ ৪০ ॥

তর্হি বিবেক এব কস্তত্রাহ তস্মাদিতি। যদপাশ্রয়া যদধীনা। অনড়ুহাং বৃষাণাং কর্ত্তৃত্ব-ভোক্তৃত্বাদয়ঃ স্বাম্যধীনা ইবেত্যর্থঃ। অনীহয়া কামনা-রাহিত্যেন। অনীহং নিরপেক্ষং ॥ ৪১ ॥

দেহধারী মানব স্বীয় স্বভাবের বশবর্ত্তী হইয়া, বর্ত্তমান দেহের দ্বারা বিবিধ পুণ্যপাপাত্মক কর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকে; এবং সেই কর্ম্মের দ্বারা যে পুণ্য এবং পাপ সংগ্রহ করা হইল, তাহার ভোগের জন্য মরণান্তে পুনরায় দেহ ধারণ করে। অতএব বীজাঙ্কুর-ন্যায়ের ন্যায়, কর্ম্মের ফলে দেহ এবং দেহের দ্বারা কর্ম্ম, এইরূপ পুনরাবৃত্তির আর তাহাদের নিবৃত্তি হয় না। কিন্তু এই সংসার-প্রবাহ এক অবিদ্যা-নিবন্ধন অচেতন দেহাদিতে চৈতন্যস্বরূপ আত্মার নিরর্থক আরোপের দোষেই ঘটিয়া থাকে, সন্দেহ নাই।। ৪০ ।।

অতএব যাবতীয় ধর্ম্ম, অর্থ বা কামের প্রাপ্তি বা অপ্রাপ্তি যাঁহার অধীনে নিরন্তর বিদ্যমান, সেই পূর্ণকাম নিস্পৃহ সর্ব্বান্তর্যামী ভগবান্

সর্ব্বেষামপি ভূতানাং হরিরাত্মেশ্বরঃ প্রিয়ঃ।
ভূতৈর্মহদ্ভিঃ স্বকৃতৈঃ কৃতানাং জীবসংজ্ঞিতঃ ॥ ৪২ ॥
দেবোঽসুরো মনুষ্যো বা যক্ষো গন্ধর্ব্ব এব বা।
ভজন্মুকুন্দচরণং স্বস্তিমান্ স্যাদ্‌যথা বয়ং ॥

অন্বয়ঃ।

স্বকৃতৈঃ স্বসৃষ্টৈঃ মহদ্ভিঃ ভূতৈঃ পৃথিব্যাদিভিঃ, কৃতানাং স্বেন সৃষ্টানাং, সর্ব্বেষাং দেবাসুরাদীনাং ভূতানাং দেহানাং জীবসাঙ্গতঃ আত্মা অতঃ প্রিয়ঃ ঈশ্বরঃ হরিঃ সঃ এব ॥ ৪২ ॥

দেবঃ অসুরঃ মনুষ্যঃ বা যক্ষঃ গন্ধর্ব্বঃ এব বা মুকুন্দচরণং ভজন্ বয়ং যথা স্বস্তিমন্তঃ জাতাঃ তথা স্বস্তিমান্ স্যাৎ ॥

শ্রীধরস্বামী।

ভূতানাং প্রাণিনাং জীবসংজ্ঞিতোঽন্তর্যামী ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ সর্ব্বেষাং দেহশ্চ জীবশ্চ পরমাত্মাচ প্রিয়শ্চ বস্তুতো হরিরেব তস্মাত্তং ভজতেত্যাহ। সর্ব্বেষাং দেবতির্য্যগাদীনামপি আত্মা পরমাত্মা স এবেশ্বরঃ। স্বেনৈব কৃতৈঃ কৃতানামিতি। দেহোঽপি তৎকারণত্বাৎ সএব জীবসংজ্ঞা সংজাতা যস্য সঃ। জীবস্য তদীয়-তটস্থ-শক্তিরূপত্বাৎ। যদ্বা সর্ব্বেষাং প্রিয়ত্বাদপি তমেব ভজতেত্যাহ সর্ব্বেষাং ভূতানাং যো জীবসংজ্ঞা জীবনামা ততোঽপি প্রিয়ঃ ॥ ৪২ ॥

শ্রীহরিকে নিষ্কাম ভাবে আরাধনা কর ! ॥ ৪১ ॥

তিনিই এই পৃথিব্যাদি পঞ্চ মহাভূতকে সৃজন করিয়াছেন এবং পঞ্চীকরণাদি পদ্ধতির প্রকরণে সেই পরমেশই আবার দেবতা, অসুর ও মানবাদি বিচিত্র দেহের সৃষ্টি করত, নিজেই তদন্তরে জীব নামক আত্মা হইয়া, অবস্থান করিতেছেন। অতএব তিনিই পরমার্থত জীবের পরম প্রিয় সর্ব্বেশ্বর এবং দুঃখহন্তা ॥ ৪২ ॥

অন্যের কথা দূরে থাকুক! হে বালকগণ! আমরা যেমন সেই পরমেশের পূজা ও আরাধনা করিয়া শান্তি এবং মঙ্গল লাভ করিয়া থাকি, দেবতা, গন্ধর্ব্ব, যক্ষ, রক্ষ, মানব এবং অসুরগণও সেই মুকুন্দের পদারবিন্দ ভজনা করিয়া তাদৃশ তৃপ্তি এবং শান্তি লাভ করিয়া থাকেন। সকলকেই তাঁহার শরণাগত হইতে হয় ॥

হে বয়স্যগণ! এই সংসারে দ্বিজত্ব, দেবত্ব, ঋষিত্ব, লাভ করিতে পারিলে অথবা সদাচারী হইলে বা বহুদর্শী হইলেই যে মুকুন্দের সন্তোষের কারণ হয়, তাহা নহে; ভক্তির প্রয়োজন! কেবল নির্ম্মল ভক্তির দ্বারা তাঁহাকে

নালং দ্বিজত্বং দেবত্বমৃষিত্বম্বাসুরাত্মজাঃ।
প্রীণনায় মুকুন্দস্য ন বৃত্তং ন বহুজ্ঞতা ॥ ৪৩ ॥
ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানিচ।
প্রীয়তেঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনং ॥
ততো হরৌ ভগবতি ভক্তিং কুরুত দানবাঃ।
আত্মৌপম্যেন সর্ব্বত্র সর্ব্বভূতাত্মনীশ্বরে ॥ ৪৪ ॥
দৈতেয়া যক্ষ-রক্ষাংসি স্ত্রিয়ঃ শূদ্রা ব্রজৌকসঃ।

অন্বয়ঃ।

ন দ্বিজত্বং দেবত্বং ঋষিত্বং বা ন বৃত্তং নাপি বহুজ্ঞতা মুকুন্দস্য প্রীণনায় সন্তোষায় অলং সমর্থাঃ ন তে ভবন্তি। যতঃ অসৌ হরিঃ অমলয়া ভক্ত্যা এব প্রীয়তে সন্তুষ্যতি ; ন দানং ন তপঃ ন ইজ্যা, ন শৌচং ন ব্রতানি তস্য প্রীতয়ে ভবন্তি, অন্যৎ দ্বিজত্বাদিকং তু বিড়ম্বনমেব ॥ ৪৩ ॥

তস্মাৎ হে দানবাঃ! আত্মৌপম্যেন স্বতুল্যতয়া, সর্ব্বত্র সর্ব্বভূতেষু স্নেহরূপাং ভক্তিং সর্ব্বভূতাত্মনি ঈশ্বরে সর্ব্বনিয়ন্তরি ভগবতি হরৌ কুরুত ॥ ৪৪ ॥

দৈতেয়াঃ (তৃণাবর্ত্তাদয়ঃ) যক্ষাঃ (শঙ্খচূড়াদয়ঃ) রক্ষাংসি (বিভীষণাদয়ঃ) স্ত্রিয়ঃ (তাড়কা-পুতনাদয়ঃ) শূদ্রাঃ (চানূরাদয়ঃ) ব্রজৌকসঃ (বনবাসিনো যমলার্জ্জুনবৃক্ষাদয়ঃ) খগাঃ (জটায়ু-

শ্রীধরস্বামী।

অসুরাণামস্মাকমত্র নাধিকার ইত্যপি ন বাচ্যমিত্যাহ দেব ইতি পঞ্চভিঃ ॥ ৪৩ ॥

অমলয়া নিষ্কাময়া। বিড়ম্বনং নটনমাত্রং ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মাদেবং তস্মাৎ সর্ব্ব এব ভক্তিং কুর্য্যুরিত্যাহ দেব ইতি ॥ ৪৩ ॥

প্রীণনায় নালং ন সমর্থমিত্যর্থঃ। বিড়ম্বনং পুংসঃ প্রত্যুত তিরস্কার-কারণমিত্যর্থঃ ॥

আত্মৌপম্যেনেত্যত্র সুখদুঃখাদিদৃষ্টেরিতি শেষঃ ॥ ৪৪ ॥

নচ ভক্তিঃ সজ্জাত্যাদিকমপেক্ষত ইত্যাহ দৈতেয়া ইতি। অচ্যুততাং চিন্ময়শরীরত্বেন অচ্যুত-

---

প্রসন্ন করা যায়। ভক্তির বলে ভগবানকে যত সহজে আত্মীয় করা যাইতে পারে দান, তপস্যা, যজ্ঞ, শৌচ এবং ব্রতাদির অনুষ্ঠানে তাদৃশ করা যাইতে পারে না। আভিজাত্যাদি বরং বিড়ম্বনারই কারণ হয়, সন্দেহ নাই ॥ ৪৩ ॥

অতএব হে দানবগণ! ভগবান্ শ্রীহরি যখন নিখিল প্রাণীর অন্তরাত্মা, তখন আত্মতুলনায় সর্ব্বত্র সকল জীবের প্রতি স্নেহের পরিচয়ে সেই ভূত-ভাবন ভগবানের প্রতি ভক্তিরই অনুষ্ঠান কর! ॥ ৪৪ ॥

হে বয়স্যগণ! (তৃণাবর্ত্তাদি) দৈত্যগণ, (শঙ্খচূড়াদি) যক্ষগণ, (বিভীষণাদি)

খগা মৃগাঃ পাপজীবাঃ সন্তি হ্যচ্যুততাং গতাঃ ॥ ৪৫ ॥
এতাবানেব লোকেঽস্মিন্ পুংসঃ স্বার্থঃ পরঃ স্মৃতঃ।

অন্বয়ঃ।

বক-প্রভৃতয়ঃ) মৃগাঃ (মারীচ-কেশ্যাদয়ঃ) এবম্বিধাঃ পাপজীবাঃ অপি অচ্যুততাং ভগবৎসাযুজ্যং চ্যুতিরাহিত্যং গতাঃ সন্তি ॥ ৪৫ ॥

অস্মিন্ লোকে সংসারে পুংসঃ পরঃ সর্ব্বতঃ উৎকৃষ্টঃ স্বার্থঃ পুরুষার্থঃ এতাবান্ এব তত্ত্বজ্ঞৈঃ স্মৃতঃ নিরূপিতঃ, যৎ গোবিন্দে শ্রীকৃষ্ণে একান্তা ভক্তিঃ যৎ সর্ব্বত্র স্থাবর-জঙ্গমেষু তস্য

শ্রীধরস্বামী।

অচ্যুততাং অমৃতত্বং ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তুল্যত্বং। যদ্বা অচ্যুততাং অচ্যুতিং গতাঃ। কর্ম্মণ ইব ন চ্যুতা ভবন্তীত্যর্থঃ। যদুক্তং কাশী-খণ্ডে। ন চ্যবন্তেচ যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলে লোকে বিদ্বদ্ভিঃ পরিগীয়তে ॥ ৪৫ ॥

একান্তভক্তিরনন্যা ভক্তি র্যৎ যস্যাং ভক্তৌ সত্যাং সর্ব্বত্রৈব স্থাবর-জঙ্গম-বস্তুষু তদীক্ষণং ভগবতো ভাবনা-পরিপাকেন ভগবদীক্ষণং। যদুক্তং নারায়ণময়ং ধীরাঃ পশ্যন্তি পরমার্থিনঃ।

রাক্ষসগণ, (তাড়কা এবং পুতনাদি) নারীগণ, (চাণূরাদি) শূদ্রগণ, অধিক কি! (বনবাসী যমলার্জ্জুন বৃক্ষাদি) ব্রজবাসিগণ, (জটায়ু এবং বকাসুর প্রভৃতি) খেচর পক্ষী এবং (মারীচ ও কেশী প্রভৃতি) মৃগযোনি পর্য্যন্ত অতি নিকৃষ্ট পাপজীবন প্রাণিগণও অনেকে কেবল ভক্তিযোগের বলে অচ্যুততুল্য চিন্ময় বিগ্রহ-লাভে মুক্তিপদ প্রাপ্ত হইয়াছে ॥ ৪৫ ॥

একান্ত ভক্তি-সহকারে স্থাবর-জঙ্গমাত্মক পরিদৃশ্যমান যাবতীয় জীব-জগতে

ভাভাস।

জাতির সহিত ভক্তির কোন সম্পর্ক নাই। ভক্তি কোন জাতিকে অপেক্ষা না করিয়াই প্রবাহিত হইয়া থাকে। ভক্তির বলে অতি নিকৃষ্ট পাপ-জীবনও অতি পবিত্র চিন্ময়রূপ ধারণে মুক্ত হইয়া থাকে। কাশীখণ্ডে উক্ত আছে যে, মহাপ্রলয়রূপ আপদ্‌কাল উপস্থিত হইলেও, যাঁহার ভক্তগণ কখন বিপন্ন হন না, সেই নিমিত্ত তিনি জগতে অচ্যুত নামে পরিকীর্ত্তিত হইয়াছেন ॥ ৪৫ ॥

সর্ব্বকারণ-কারণ সর্ব্বাধিপ সর্ব্বেশ্বর ভগবানকে নিরন্তর চিন্তা করিতে করিতে যখন স্থাবর-জঙ্গমাত্মক বস্তুনিচয়ে ভগবদ্ভাবের প্রতীতি ঘটে, তখনই অনন্যা ভক্তি জন্মিয়াছে বলিয়া স্বীকার্য্য। যথা উক্ত আছে যে, লুব্ধ ব্যক্তি যেমন জগৎসংসারকে ধনময়, অর্থাৎ যাবতীয় পদার্থই প্রয়োজনীয় এবং কামুক ব্যক্তি কামিনীময়, অর্থাৎ নারীমাত্রকেই কামুকী এবং সম্ভোগের বস্তু বলিয়া জ্ঞান করে, সেইরূপ ধীর পরমার্থদর্শী ব্যক্তি সমগ্র সংসারকে

একান্তভক্তি র্গোবিন্দে যৎ সর্ব্বত্র তদীক্ষণং ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে বালানুশাসনো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

নারদ উবাচ ॥

অথ দৈত্যসুতাঃ সর্ব্বে শ্রুত্বা তদনুবর্ণিতং।
জগৃহু র্নিরবদ্যত্বান্নৈব গুর্ব্বনুশিক্ষিতং ॥ ১ ॥

অন্বয়ঃ।

গোবিন্দস্য ঈক্ষণং তদ্দৃষ্ট্যা সর্ব্ব-সম্মাননং ইতি ॥ ৪৬ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ ॥

নারদঃ উবাচ। দৈত্যসুতাঃ সর্ব্বে তদনুবর্ণিতং (তেন প্রহ্লাদেন অনুবর্ণিতং) শ্রুত্বা অথ অনন্তরং তস্য নিরবদ্যত্বাৎ নির্দুষ্টত্বাৎ তৎ এব জগৃহুঃ; গুরুণা আচার্য্যেণ, অনুশিক্ষিতং যৎ তৎ তু ন জগৃহুঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অধ্যায়দ্বয়োক্তমুপসংহরতি। এতাবানিতি তদীক্ষণং গোবিন্দ-দৃষ্ট্যা সম্মাননং ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সপ্তমে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমেঽতিরুষা স্বসুং নিঘ্নন্ দৈত্যো হতঃ স্বয়ং।
আবির্ভূয় নৃসিংহেন সচ ব্রহ্মাদিভিঃ স্তুতঃ।

অন্তঃকৃপামুধাপূর্ণো বহিঃক্রোধো নৃকেশরী। দৈত্যেন্দ্রমরিভাবেন ভজন্তং স্বমভাবয়ৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জগদ্ধনময়ং লুব্ধাঃ কামুকাঃ কামিনীময়মিতি। যথাঽয়ং প্রহ্লাদঃ স্তম্ভেঽপি ভগবন্তমপশ্যৎ ॥ ৪৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
সপ্তমে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টমে স্বসুতং হন্তুমহন্ স্তম্ভং রুষাঽরুণঃ। স্তম্ভোত্থ স্তমহন্ সাক্ষান্ নৃসিংহো দৈবতৈঃ স্তুতঃ ॥১

শ্রীগোবিন্দের স্বরূপ-জ্ঞানে সম্মান করাকেই সংসারে মানবের পক্ষে সর্ব্বোৎকৃষ্ট পুরুষার্থ বলিয়া শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণ নিরূপণ করিয়াছেন ॥ ৪৬ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

নারায়ণময় জ্ঞানে প্রণাম করিয়া থাকেন। এস্থলে ভক্ত প্রহ্লাদও স্ফটিকস্তম্ভে ভগবানকে অবলোকন করিয়াছিলেন ॥ ৪৬ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

অষ্টমাধ্যায়ে রোষবশত প্রহ্লাদকে বধ করিতে গিয়া, নৃসিংহ-হস্তে হিরণ্যকশিপুর আত্মবিনাশ বর্ণিত হইয়াছে ॥

অথাচার্য্যসুতস্তেষাং বুদ্ধিমেকান্তসংস্থিতাং।
আলক্ষ্য ভীতস্ত্বরিতো রাজ্ঞ আবেদয়দ্ যথা ॥ ২ ॥
কোপাবেশচলদ্গাত্রঃ পুত্রং হন্তুং মনো দধে।
ক্ষিপ্ত্বা পরুষয়া বাচা প্রহ্লাদমতদর্হণং ॥

অন্বয়ঃ।

অথ তেষাং দৈত্যসুতানাং একান্তসংস্থিতাং (একান্তে ভগবদ্ভজনে সম্যক্ নিশ্চলতয়া স্থিতাং) বুদ্ধিং অলক্ষ্য দৃষ্ট্বা (রাজোপালম্ভাৎ) ভীতঃ অতএব ত্বরিতঃ আচার্য্যসুতঃ যথা যথাবৎ, রাজ্ঞে আবেদয়ৎ নিবেদিতবান্ ॥ ২ ॥

(তৎ অপ্রিয়ং শ্রুত্বা) কোপাবেশেন চলৎকম্পমানং গাত্রং শরীরং যস্য তাদৃশঃ সন্ পুত্রং প্রহ্লাদং হন্তুং মনঃ দধে কৃতবান্; প্রকৃতিদারুণঃ প্রকৃত্যা স্বভাবতঃ এব দারুণঃ ক্রূরঃ, হিরণ্যকশিপুঃ তদা পদা আহতঃ তাড়িতঃ, সর্পঃ ইব শ্বসন্ শ্বাসান্ বিমুঞ্চন্, প্রশ্রয়াবনতং (প্রশ্রয়েণ

শ্রীধরস্বামী।

একান্তসংস্থিতাং প্রত্যঙ্ নিষ্ঠাং। যথা যথাবৎ ॥ ২ ॥

সচ হন্তুং মনো দধে। কথম্ভূতঃ কোপস্যাবেশেন উদ্রেকেণ চলদ্গাত্রং বপুর্যস্য সঃ ক্ষিপ্ত্বা তিরস্কৃত্য ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একো মুখ্যশ্চাসাবন্তঃ সর্ব্বেষাং চেত্যেকান্তো বিষ্ণু র্ভক্তিযোগো বা তত্র সংস্থিতাং ॥ ২ ॥৪ ॥

দেবর্ষি নারদ বলিলেন, হে নরনাথ! ভগবদ্ভক্ত প্রহ্লাদের তাদৃশ উক্তি শ্রবণে দৈত্যকুমারগণ অতীব প্রীত হইল এবং প্রহ্লাদের তাদৃশ বর্ণনে কোনরূপ দোষ না দেখিয়া, সকলে আচার্য্য শণ্ডামর্কের শিক্ষাকে উপেক্ষা করত, প্রহ্লাদের উপদেশেরই অনুসরণ করিতে সম্মত হইল ॥ ১ ॥

এদিকে দৈত্যপুত্রগণের প্রহ্লাদের উপদেশ অনুসারে ভগবদ্ভজনে সম্পূর্ণ নিশ্চলা মতি অবলোকন করিয়া, আচার্য্য-পুত্র একান্ত শঙ্কিত হইলেন; এবং পাছে রাজা হিরণ্যকশিপু কোন সূত্রে এই ব্যাপার অবগত হইয়া, তিনি বা তাঁহার পিতার প্রতি ক্রুদ্ধ হন, এই নিমিত্ত আর কাল-বিলম্ব না করিয়া, সমস্ত বৃত্তান্ত রাজসমীপে নিবেদন করিলেন ॥ ২ ॥

আচার্য্য-পুত্রের মুখে প্রহ্লাদের তাদৃশ আচরণের বিষয় শ্রবণ করিয়া, হিরণ্যকশিপুর শরীর ক্রোধের আবেগে কম্পিত হইয়া উঠিল; তখন তিনি স্বয়ং প্রহ্লাদকে নিহত করিবার অভিপ্রায়ে তাহাকে নিজের সমীপেই আনাইলেন। তখন পিতাকে দর্শন করিয়া, অঞ্জলি-বন্ধন পূর্ব্বক অতি শান্ত এবং বিনম্রভাবে উপবিষ্ট প্রহ্লাদকে একান্ত কঠোর বাক্যে পিতা তিরস্কার করিলেন।

আহেক্ষমাণঃ পাপেন তিরশ্চীনেন চক্ষুষা ॥ ৩ ॥
প্রশ্রয়াবনতং দান্তং বদ্ধাঞ্জলিমবস্থিতং।
সর্পঃ পদাহত ইব শ্বসন্ প্রকৃতিদারুণঃ ॥ ৪ ॥
হিরণ্যকশিপুরুবাচ ॥
হে দুর্ব্বিনীত মন্দাত্মন্ কুলভেদকরাধমঃ।
স্তব্ধং মচ্ছাসনোল্লঙ্ঘিং নেষ্যে ত্বাদ্য যমক্ষয়ং ॥ ৫ ॥

অন্বয়ঃ।

বিনয়েন অবনতং নম্রং) দান্তং নির্জ্জিতদেহেন্দ্রিয়াদিসঙ্ঘাতং বদ্ধাঞ্জলিং (বদ্ধঃ অঞ্জলিঃ যেন তং) স্বসম্মুখে অবস্থিতং, অতদর্হণং তিরস্কারানর্হং, প্রহ্লাদং পরুষয়া কঠোরয়া, বাচা ক্ষিপ্ত্বা তিরস্কৃত্য, পাপেন সরোষেণ তিরশ্চীনেন বক্রেণ চক্ষুষা তং ঈক্ষমাণঃ আহ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৩ ॥ ৪ ॥

হিরণ্যকশিপুঃ উবাচ। হে দুর্ব্বিনীত! হে অধম! হে নীচ! হে কুলভেদকর কুলনাশক! হে মন্দাত্মন্ মন্দবুদ্ধে! মৎশাসনোল্লঙ্ঘিং মদাজ্ঞোল্লঙ্ঘনং, স্তব্ধং অনম্রীভূতং, ত্বা ত্বাং, অদ্য যমক্ষয়ং (যমস্য ক্ষয়ং স্থানং) নেষ্যে প্রাপয়িষ্যামি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

পাপেন সরোষেণ। তিরশ্চীনেন বক্রেণ ॥ ৪ ॥
মন্দাত্মন্ অল্পবুদ্ধে। মদাজ্ঞালঙ্ঘিনং ত্বাং অদ্য যমালয়ং নেষ্যামি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুর্ব্বিনীতেতি। বস্তুর্থশ্চায়ং দুষ্টেষ্বপি বিশিষ্টং নীতং কৃপালক্ষণং যস্য। পরদুঃখাসহিষ্ণুত্বাৎ মন্দানামপ্যাত্মা মনো যত্র। সর্ব্বচিত্তাকর্ষকত্বাৎ কুলভেদকরাঃ কুলবিশেষ-স্রষ্টারঃ প্রজাপতয়োঽপ্যধমা যস্মাৎ। মহাবিভূতিমত্ত্বাৎ স্তব্ধং অসুরেষু পূজ্যবুদ্ধিত্বাভাবাৎ। মচ্ছাসনোল্লঙ্ঘিং মদাজ্ঞালঙ্ঘনং। যমক্ষয়ং যমালয়ং। পক্ষে যমানামষ্টাঙ্গযোগানাং ক্ষয়ং নিবাসভূতং ত্বাং নেষ্যে স্বত্রায়কত্বেনাঙ্গীকরিষ্যামীত্যর্থঃ ॥ ৫ ॥

অহো! বিষধর সর্প পদাহত হইয়া যেমন ফণা উত্তোলনে গর্জ্জন করে, সেইরূপ দারুণ-প্রকৃতি হিরণ্যকশিপুও ক্রোধে দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক, কুটিল কটাক্ষের নিক্ষেপে পুত্রের প্রতি নিরীক্ষণ করত, ক্রোধভরে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৩ ॥ ৪ ॥

ওরে নিকৃষ্ট কুলাঙ্গার! তোর বুদ্ধি এতই মন্দ হইয়াছে যে, তুই কিছুতেই আমার আজ্ঞা প্রতিপালন করিতেছিস্ না! তুই একান্ত দর্পিত হইয়া, আমার শাসনকে যখন সম্পূর্ণ উল্লঙ্ঘন করিয়াছিস্! তখন এখনি তোকে যমালয়ে প্রেরণ করিতেছি ॥ ৫ ॥

ক্রুদ্ধস্য যস্য কম্পন্তে ত্রয়ো লোকাঃ সহেশ্বরাঃ।
তস্য মেঽভীতবন্মূঢ় শাসনং কিংবলোঽত্যগাঃ॥

প্রহ্লাদ উবাচ॥

ন কেবলং মে ভবতশ্চ রাজন্ স বৈ বলং বলিনাঞ্চাপরেষাং।
পরে বরেঽমী স্থিরজঙ্গমা যে ব্রহ্মাদয়ো যেন বশং প্রণীতাঃ॥ ৬॥
স ঈশ্বরঃ কাল উরুক্রমোঽসাবোজঃ সহঃ সত্ত্ববলেন্দ্রিয়াত্মা।

অন্বয়ঃ।

হে মূঢ়! ক্রুদ্ধস্য যস্য (ভয়েন) সহেশ্বরাঃ লোকপালসহিতাঃ, ত্রয়ঃ লোকাঃ কম্পন্তে তস্য মম, শাসনং আজ্ঞাং, অভীতবৎ কিংবলঃ (কিং বলং যস্য সঃ তাদৃশঃ) ত্বং অত্যগাঃ অতিক্রান্তবান্ অসি॥

প্রহ্লাদঃ উবাচ। হে রাজন্! (ত্বয়া পৃষ্টং যৎ মম বলং তৎ) ন কেবলং মম অপি তু ব্রহ্মাদয়ঃ পরে অবরে উচ্চাবচাঃ, স্থিরজঙ্গমাঃ চরাঃ অচরাঃ সর্ব্বে অমী লোকাঃ যেন যস্য বশং প্রণীতাঃ প্রাপিতাঃ, সঃ বৈ ভবতঃ অপরেষাং বলিনাং চ বলং ইতি॥ ৬॥

সঃ এব উরুক্রমঃ পরমঃ ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা কালঃ (সর্ব্বপরিণামহেতুঃ) অসৌ এব ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, সহঃ মনঃশক্তিঃ, সত্ত্বং ধৈর্য্যং, বলং দেহশক্তিঃ, ইন্দ্রিয়াণি চ তেষাং আত্মা

শ্রীধরস্বামী।

অভীতবৎ ভয়শূন্য ইব। কিং বলং যস্য স কিংবলঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভীতবৎ। কিং বলং যস্য সঃ॥ ৬। ৭॥

অহো! যাহার ক্রোধের উদ্রেক দেখিলে, লোকপালাদি সহ ত্রিভুবন কম্পিত হইতে থাকে, তোর এমন কি বল হইয়াছে যে, সম্পূর্ণ নির্ভয়-চিত্তে তাদৃশ আমার ন্যায় হিরণ্যকশিপুর শাসনকেও তুই অবলীলাক্রমে উপেক্ষা করিতেছিস্!॥

ভগবদ্ভক্ত প্রহ্লাদ পিতার কঠোর তিরস্কারে কিছুমাত্র বিচলিত না হইয়া, তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! আমিই যে কেবল তাঁহার বলে বলীয়ান্, তাহা নহে; অন্যান্য যে কোন বলবান্ ব্যক্তি এই চরাচর সংসারে আছেন, সকলেরই বল একাকী তিনি! অধিক্ কি! আপনার বলও তিনি। এই বিশ্ব সংসারে স্থাবর-জঙ্গমাত্মক যে কোন উৎকৃষ্ট বা নিকৃষ্ট পদার্থ আছে, তাহারা এবং তাহাদের বিধাতারূপে বিদ্যমান ব্রহ্মাদি দেবতাগণও সেই পরমেশের আজ্ঞার প্রতিপালনে নিরন্তর কার্য্য করিতেছেন॥ ৬॥

তিনিই প্রবল-বিক্রম কালরূপে সকলের নিয়মন করিতেছেন এবং ওজঃ,

স এব বিশ্বং পরমঃ স্বশক্তিভিঃ সৃজত্যবত্যত্তি গুণত্রয়েশঃ ॥ ৭ ॥
জহ্যাসুরং ভাবমিমং ত্বমাত্মনঃ সমং মনো ধৎস্ব ন সন্তি বিদ্বিষঃ।
ঋতেঽজিতাদাত্মন উৎপথে স্থিতাত্তদ্ধি হ্যনন্তস্য মহৎ সমর্হণম্ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

স্বরূপং যতঃ সঃ) গুণত্রয়েশঃ গুণানাং সত্ত্বরজস্তমসাং ঈশঃ নিয়ন্তা, স্বশক্তিভিঃ সত্ত্বাদিভিঃ, সর্ব্বং বিশ্বং সৃজতি অবতি পালয়তি, সংহরতি চ ॥ ৭ ॥

আত্মনঃ স্বস্য ইমং আসুরং ভাবং ত্বং জহি পরিত্যজ। অজিতাৎ অবশীভূতাৎ অতএব উৎপথে দুর্বিষয়ে, স্থিতাৎ আত্মনঃ মনসঃ, ঋতে বিনা, অন্যে বিদ্বিষঃ শত্রবঃ, ন সন্তি; সমং (শত্রুমিত্রাদ্যনুসন্ধান-রহিতং যথা ভবতি তথা) মনঃ ধৎস্ব ধারয়। হি যস্মাৎ, তৎ (সর্ব্বত্র ভগবদ্দর্শনং এব) অনন্তস্য দেশকাল-বস্তু-পরিচ্ছেদ-শূন্যস্য, মহৎ সর্ব্বোৎকৃষ্টং সমর্হণং সম্যক্ আরাধনং এব ইতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বশং প্রণীতা ইত্যত্র হেতুঃ স ঈশ্বর ইতি। উরবঃ ক্রমাঃ পাদবিক্ষেপা যস্য বহুপরাক্রম ইতি বা। ওজ আদি রূপঃ সত্ত্বং ধৈর্য্যং বুদ্ধির্বা ॥ ৭ ॥

মচ্ছত্রুরসৌ কথং মমাপি সএব বলং স্যাদিত্যত আহ জহীতি। আত্মনঃ স্বস্য আসুরং ভাবং ত্যজ। যতঃ অজিতাদাত্মনো মনস ঋতে বিনা অন্যে বিদ্বিষো ন সন্তি। কিঞ্চ তদ্ধি হি তদেবহি সাম্যেন মনসো ধারণমেব সমর্হণং আরাধনং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জহি ত্যজ। আত্মনঃ স্বস্য মনঃ সমং স্বস্মিন্নিব সর্ব্বত্র তুল্যং কুরু। ননু শত্রুষু স্বসমং মনঃ কথং করোমি। তত্রাহ বিদ্বিষঃ শত্রবো নৈব সন্তি। অজিতাদবশীকৃতাদাত্মনো মনসঃ সর্ব্বত্র স্বতুল্যদর্শনলক্ষণং সাম্যমেব বশীভাবস্তস্মিন্ সতি শাত্রবাদর্শনান্ন কেঽপি শত্রব ইতি ভাবঃ। তদেব সর্ব্বত্র সাম্যমেব সমর্হণমারাধনং ॥ ৮ ॥

সহঃ, সত্ত্ব, বল এবং ইন্দ্রিয়ের সার সর্ব্বস্বরূপে এই সংসারে তিনিই একাকী বিরাজ করিতেছেন। সেই পরম পুরুষ পরমেশ্বর সত্ত্ব, রজঃ এবং তমোগুণের অধীশ্বর থাকিয়া, স্বীয় শক্তি-প্রভাবে এই অনন্ত বিশ্বের সৃষ্টি, পালন এবং সংহার কার্য্য সাধিত করিতেছেন ॥ ৭ ॥

হে পিতঃ! আপনি আপনার এই ভীষণ আসুরিক ভাবকে সম্পূর্ণ পরিত্যাগ করুন্! নিরন্তর উৎপথগামিত্ব-নিবন্ধন সম্পূর্ণ অবশীভূত স্বকীয় মন ব্যতীত বাহিরে কেহ শত্রু নাই। মনই প্রয়োজন মত শত্রু মিত্রের সৃষ্টি করিয়া থাকে। অতএব স্বীয় মনকে বশীভূত করত, সমপ্রতিষ্ঠিত করুন্! এই সমগুণে চিত্তের প্রতিষ্ঠা করাতেই সেই অনন্তদেবের প্রকৃত পূজার পরিচয় হয়, সন্দেহ নাই! ॥ ৮ ॥

দস্যূন্ পুরা ষণ্ণ বিজিত্য লুম্পতো মন্যন্ত একে স্বজিতা দিশো দশ।
জিতাত্মনো জ্ঞস্য সমস্য দেহিনাং সাধোঃ স্বমোহপ্রভবাঃ কুতঃ পরে ॥ ৯ ॥

হিরণ্যকশিপুরুবাচ।

ব্যক্তং ত্বং মর্ত্তুকামোঽসি যোঽতিমাত্রং বিকত্থসে।

অন্বয়ঃ।

পুরা প্রথমং স্বশরীরে এব বর্ত্তমানান্ আত্মনঃ ঐশ্বর্য্যাদিধনানি লুম্পতঃ অপহরতঃ, ষট্ ইন্দ্রিয়রূপান্ দস্যূন্ শত্রূন্, ন বিজিত্য একে ভবাদৃশাঃ দশ দিশঃ স্বজিতাঃ স্বেন জিতাঃ মন্যন্তে। জিতাত্মনঃ নির্জিত-মন-ইন্দ্রিয়াদি-সম্জাতস্য জ্ঞস্য (সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ ইতি জানতঃ) অতঃ সর্ব্বেষাং দেহিনাং সমস্য (সর্ব্বত্র তমেব পশ্যতঃ) সাধোঃ স্বমোঽপ্রভবাঃ (স্বমোহেন দেহাদ্যাত্মাভিমানেন প্রভবঃ প্রতীতিঃ যেষাং তে) পরে শত্রবঃ কুতঃ ভবেয়ুঃ ॥ ৯ ॥

হিরণ্যকশিপুঃ উবাচ। যঃ ত্বং অতিমাত্রং অত্যন্তং, বিকত্থসে আত্মশ্লাঘাং করোষি, সঃ ত্বং ব্যক্তং নিশ্চিতং, মর্ত্তুকামঃ অসি! হে মন্দাত্মন্! হে মন্দবুদ্ধে! মুমূর্ষূণাং আসন্ন-

শ্রীধরস্বামী।

ময়া দিগ্বিজয়ে সর্ব্বে জিতা অতঃ ন সন্তীতি সত্যমিতিচেত্তত্রাহ দস্যূনিতি। একে ভবাদৃশা মন্দাঃ পুরা আদৌ লুম্পতঃ সর্ব্বস্বং হরতঃ ষট্ইন্দ্রিয়লক্ষণান্ শত্রূন্ ন বিজিত্য অজিত্বা দশ দিশঃ স্বয়ং জিতা মন্যন্তে সাধোস্তু জিতচিত্তস্য দেহিনাং সমস্য জ্ঞস্য বিদুষঃ স্বাজ্ঞান-কল্পিতাঃ পরে শত্রবঃ কুতঃ স্যুঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একে যুষ্মাদৃশা মন্দাঃ দস্যূন্ কামাদীন্ লুম্পতঃ সর্ব্বস্বং হরতঃ স্বসঙ্গে স্থিতানপি অবিজিত্য অজিত্বা দশদিশঃ স্বজিতা স্বেন জিতা মন্যন্তে। জিতচিত্তস্য চিত্তজয়েনৈব বিজিত-ষট্-সপত্নস্য জ্ঞস্য বিদুষঃ পরে শত্রবঃ কুতো হেতোরপিতু নৈব ইত্যর্থঃ। যতঃ স্বমোহ-প্রভবাঃ ॥ ৯ ॥

বিকত্থসে হরিভক্তত্বাদহমেব বিজিত-ষড়মিত্রো নতু মমায়ং জনকঃ ইত্যাত্মশ্লাঘাং

অহো! আপনার ন্যায় প্রবল-পরাক্রম ব্যক্তিগণ কেবল দশদিক্ জয় করিয়াই, সংসারে আপনাকে জয়ী জ্ঞানে অভিমান করিয়া থাকেন। কিন্তু দুঃখের বিষয়! ইন্দ্রিয় ষড়্বর্গকে বশীভূত না করায়, কামাদি প্রবল শত্রুকুল অন্তরে নিরন্তর অবস্থান পূর্ব্বক, নিজের সর্ব্বস্ব যে হরণ করিতেছে, একবার ভ্রমেও তাহা লক্ষ্য করিতে পারে না। কিন্তু যাঁহারা কেবল ইন্দ্রিয়াদি অন্তঃকরণ-বৃত্তির সংযমে মনকে সমগুণ-সম্পন্ন করিয়াছেন, তাদৃশ পণ্ডিত সাধু ব্যক্তিগণের পক্ষে সম্মোহ-সমুৎপন্ন শত্রুমিত্রাদি ভেদ-সম্বন্ধের সম্পর্ক কোথায়? শত্রু বা মিত্র বলিয়া কোন ভেদদৃষ্টি তাঁহাদের নাই ॥ ৯ ॥

মুমূর্ষূণাং হি মন্দাত্মন্ ননু স্যুর্বিপ্লবা গিরঃ ॥ ১০ ॥
যস্ত্বয়া মন্দভাগ্যোক্তো মদন্যো জগদীশ্বরঃ।
ক্বাসৌ যদি স সর্ব্বত্র কস্মাৎ স্তম্ভে ন দৃশ্যতে। ১১ ॥
সোঽহং বিকত্থমানস্য শিরঃ কায়াদ্ধরামি তে।
গোপায়েত হরি স্ত্বাদ্য যস্তে শরণ মীপ্সিতং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

মৃত্যূনাং গিরঃ বাচঃ, বিক্লবাঃ অনন্বিতাঃ স্যুঃ ভবন্তি ॥ ১০ ॥

হে মন্দভাগ্য! ত্বয়া উক্তঃ মদন্যঃ জগদীশ্বরঃ সঃ যদি অস্তি তর্হি অসৌ ক্ব অস্তি? সর্ব্বত্র চেৎ, অস্মিন্ স্তম্ভে কস্মাৎ ন দৃশ্যতে! ॥ ১১ ॥

সঃ সর্ব্বেশ্বরত্বেন প্রসিদ্ধঃ অহং এবং বিকত্থমানস্য তে তব কায়াৎ শরীরাৎ, শিরঃ হরামি ছিনদ্মি। যঃ হরিঃ তে তব ঈপ্সিতং প্রার্থিতং, শরণং রক্ষকঃ, সঃ ইদানীং ত্বা ত্বাং, গোপায়েত রক্ষেত ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ব্যক্তং নিশ্চিতং বিক্লবা অনন্বিতা ইত্যর্থঃ ॥ ১০ ॥

হে মন্দভাগ্য যদ্যসাবস্তি তর্হি ক্বাস্তি। প্রহ্লাদ আহ সর্ব্বত্রাস্তি। হিরণ্যকশিপুরাহ তর্হি কস্মাৎ স্তম্ভে নাস্তি। প্রহ্লাদস্তু তং স্তম্ভং নিরীক্ষমাণো নমস্যন্নাহ দৃশ্যত ইতি ॥ ১১ ॥

হিরণ্যকশিপুস্তু তং অপশ্যন্নাহ সোঽহমিতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

করোষীত্যর্থঃ। বিপ্লবা অনন্বিতাঃ ॥ ১০ ॥

হে মন্দভাগ্যেতি। যথা জগদৈশ্বর্য্যং মম তথৈব মৎপুত্রত্বাত্তবাপি তন্ন্যায়প্রাপ্তমিতি। ত্বয়া ত্যজ্যত ইতি ভাবঃ। যদ্যসাবস্তি তর্হি ক্বাস্তি? প্রহ্লাদ আহ সর্ব্বত্রাস্তি। হিরণ্যকশিপুরাহ স্তম্ভে কস্মাৎ নাস্তি? প্রহ্লাদস্তু সপ্রণামং পশ্যন্নাহ দৃশ্যত ইতি ॥ ১১ ॥

হিরণ্যকশিপু স্তত্র তমপশ্যন্নাহ সোঽহমিতি ॥ ১২ ॥

প্রহ্লাদের তাদৃশ যুক্তিযুক্ত বাক্য শ্রবণ করিয়া, হিরণ্যকশিপু বলিলেন, আমি নিশ্চয় বুঝিতেছি যে, কেবল মরিবার বাসনায় তুই এরূপ নিরর্থক অভদ্রোচিত বাক্যের প্রয়োগ করিতেছিস্! রে মন্দবুদ্ধে! আমি বিশেষরূপে জানি যে, যাহাদের মরণকাল অতি নিকট হয়, তাহাদেরই কেবল এইরূপ বাক্যবিপ্লব ঘটিয়া থাকে ॥ ১০ ॥

অরে মন্দভাগ্য! তুই যখন আমি ব্যতীত অন্য একজন জগদীশ্বর আছেন, বলিয়া স্পষ্টত প্রতিবাদ করিয়াছিস্! তবে বল্! তিনি কোথায় আছেন। যদি সর্ব্বত্র তাঁহার থাকা সম্ভব হয়, তবে এই আমার স্ফটিকস্তম্ভে তাঁহাকে কেন দেখা যাইতেছে না? ॥ ১১ ॥

এবং দুরুক্তৈর্মুহুরর্দ্দয়ন্ রুষা সুতং মহাভাগবতং মহাসুরঃ।
খড়্গং প্রগৃহ্যোৎপতিতো বরাসনাৎ স্তম্ভং ততাড়াতিবলঃ স্বমুষ্টিনা॥
তদৈব তস্মিন্নিনদোঽতিভীষণো বভূব যেনাণ্ডকটাহমস্ফুটৎ।
যং বৈ স্বধিষ্ণ্যোপগতং ত্বজাদয়ঃ শ্রুত্বা স্বধামাত্যয়মঙ্গ মেনিরে॥ ১৩॥

অন্বয়ঃ।

এবং দুরুক্তৈঃ পরুষোক্তিভিঃ, রুষা ক্রোধেন, মহাভাগবতং ভক্তশ্রেষ্ঠং, সুতং মুহুঃ বারংবারং, অর্দ্দয়ন পীড়য়ন, খড়্গং প্রগৃহ্য অতিবলঃ মহাসুরঃ সঃ হিরণ্যকশিপুঃ বরাসনাৎ সিংহাসনাৎ, উৎপতিতঃ সন্ স্বমুষ্টিনা স্তম্ভং ততাড়॥

তদা এব তস্মিন্ স্তম্ভে, অতিভীষণঃ নিনদঃ ধ্বনিঃ, বভূব। যেন নিনদেন, অণ্ডকটাহং অস্ফুটৎ ভিন্নং অভূৎ। অঙ্গ যুধিষ্ঠির! যং নিনদং স্বধিষ্ণ্যোপগতং স্বস্থানপ্রাপ্তং শ্রুত্বা তু অজাদয়ঃ ব্রহ্মাদয়ঃ, স্বধামাত্যয়ং স্বধাম্নাং নাশং, মেনিরে॥ ১৩॥

শ্রীধরস্বামী।

প্রহ্লাদেন মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলিনা নিরীক্ষ্যমাণং স্তম্ভং তাড়িতবান্॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্ফুটদিবেত্যর্থঃ। যং নিনদং। অপায়ং নাশং॥ ১৩॥

অতএব যখন তুই বৃথা প্রলাপোক্তির দ্বারা কেবল মিথ্যা গর্ব্বেরই পরিচয় দিতেছিস্, তখন এই তীক্ষ্ণধার অসির প্রহারে তোর কলেবর হইতে মস্তক ছেদন করিতেছি! তুই যাহার শরণাগত হইয়াছিস্! সেই হরি যদি থাকেন, তবে অদ্য আসিয়া তোকে রক্ষা করুন্!॥ ১২॥

মহাসুর হিরণ্যকশিপু ক্রোধে অস্থির হইয়া, সেই মহাভাগবত পুত্র প্রহ্লাদকে বারংবার তর্জ্জন করত, তীক্ষ্ণধার খড়্গহস্তে উল্লম্ফন পূর্ব্বক সিংহাসন হইতে অবতরণ করিলেন এবং প্রহ্লাদ ঈষৎ অবনত মস্তকে বদ্ধাঞ্জলি হইয়া যে স্তম্ভের প্রতি নিরীক্ষণ করত উপবিষ্ট ছিলেন, অতি বলের পরিচয়ে হিরণ্যকশিপু সেই স্তম্ভোপরি দৃঢ় মুষ্ট্যাঘাত করিলেন॥

হে নরনাথ! মুষ্টিপ্রহার করিবা মাত্র, সেই স্তম্ভ হইতে এমন একটী ভয়ঙ্কর শব্দ উত্থিত হইল, যেন তদ্দ্বারা ব্রহ্মাণ্ডকটাহ ভেদ হইয়া গেল। ব্রহ্মাদি লোকপালগণ স্ব স্ব লোকে অবস্থান পূর্ব্বক সেই ভয়াবহ নিনাদের তীব্র রোল শ্রবণে মনে করিলেন যে, তাঁহাদের স্বকীয় লোক সমূহেরই যেন প্রলয়-কাল উপস্থিত হইয়াছে॥ ১৩॥

এদিকে হিরণ্যকশিপু প্রচণ্ড বিক্রমের পরিচয়ে পুত্রবধের উদ্‌যোগ করিবার কালে সেই ভীষণ নিনাদ শ্রবণ করিয়া, সভয়-হৃদয়ে ইতস্ততঃ

স বিক্রমন্ পুত্রবধেপ্সুরোজসা নিশম্য নির্হ্রাদমপূর্ব্বমদ্ভুতং।
অন্তঃ সভায়াং ন দদর্শ তৎপদং বিতত্রসুর্যেন সুরারিযূথপাঃ॥ ১৪॥
সত্যং বিধাতুং নিজভৃত্যভাষিতং ব্যাপ্তিঞ্চ ভূতেষ্বখিলেষু চাত্মনঃ।

অন্বয়ঃ।

ওজসা বলেন পুত্রবধেপ্সুঃ হিরণ্যকশিপুঃ তদর্থং বিক্রমন্ পরাক্রমং কুর্ব্বন্, সঃ দৈত্যেন্দ্রঃ যেন সুরারিযূথপাঃ দৈত্যশ্রেষ্ঠাঃ বিতত্রসুঃ ত্রাসং প্রাপুঃ তং অশ্রুতপূর্ব্বং অদ্ভুতং নির্হ্রাদং-নিশম্য শ্রুত্বা, অন্তঃসভায়াং সভামধ্যে, তৎপদং তস্য ধ্বনেঃ পদং আশ্রয়ং কর্ত্তারং, ন দদর্শ॥ ১৪॥

নিজ-ভৃত্য-ভাষিতং (নিজভৃত্যেন প্রহ্লাদেন ভাষিতং যৎ স্তম্ভেঽপি দৃশ্যত ইতি) তৎ

শ্রীধরস্বামী।

তৎপদং তস্য ধ্বনেরাশ্রয়ং॥ ১৪॥

ভগবাং স্তদা অদৃশ্যত দৃশ্যো বভূব কিমর্থং নিজভৃত্যেন প্রহ্লাদেন যদ্ভাষিতং দৃশ্যত ইতি তৎ সত্যং বিধাতুং কর্ত্তুং তথা অখিলেষু ভূতেষু আত্মনো ব্যাপ্তিঞ্চ সত্যাং কর্ত্তুং স্তম্ভে অদৃশ্যত। তৎকিমর্থং ভৌতিকেষু চ ভাবেষু ভূতেষ্বথ মহৎসুচ ভগবানাস্ত ইতি তেনৈব ভৃত্যেন ভাষিতং সত্যং কর্ত্তুং তথা অত্যদ্ভুতং দৈত্যঘাতকং অতিঘোরং রূপং উদ্বহন্ দধৎ তৎ কিমর্থং নিজ-ভৃত্যৈঃ সনকাদিভিঃ শাপানন্তরমনুতপ্তৈ স্ত্রিভি র্জন্মভিঃ শাপমোক্ষো ভবত্বিতি যদুক্তং তৎ সত্যং কর্ত্তুং তথা অত্যদ্ভুতং ব্রহ্মস্রষ্টাবদৃষ্টমশ্রুতঞ্চ রূপমুদ্বহন্ তচ্চ ন মৃগাকারং ন মনুষ্যাকারমুদ্বহন্ সভায়াং মধ্যোঽদৃশ্যত। তৎকিমর্থং নিজভৃত্যেন হিরণ্যকশিপুনা ব্রহ্মাণং প্রতি যদ্ভাষিতং ভূতেভ্য স্ত্বদ্বিস্রষ্টেভ্যো মৃত্যু র্মাভূন্মম প্রভো ইতি। তথা নান্ত র্ন বহিরিতি। ন নরৈ র্ন মৃগৈ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য ধ্বনেঃ পদমাশ্রয়ং॥ ১৪॥

নিজভৃত্যস্য প্রহ্লাদস্য ভাষিতং দৃশ্যত ইতি বচনং সত্যং বিধাতুং। সত্যমেব তল্লোকেঽপি সত্যত্বেন প্রকটীকর্ত্তুমিত্যর্থঃ। তথৈবাখিলেষু আত্মনো নৃসিংহাদ্যাকারস্য ব্যাপ্তিঞ্চ সত্যাং কর্ত্তুং স্তম্ভে অদৃশ্যত দৃষ্টো বভূব। কীদৃশঃ ন মৃগং ন মৃগসম্বন্ধি নাপি মানুষং রূপং সভায়া-মুদ্বহন্ অত্রাপি হেতুঃ সত্যমিতি। নিজভৃত্যস্য হিরণ্যকশিপো র্ভাষিতং ভূতেভ্য স্ত্বদ্বি-স্রষ্টেভ্যো মৃত্যু র্মাভূন্মম প্রভো ইতি। তথা নান্ত র্ন বহিরিতি ন নরৈ র্ন মৃগৈরিতি প্রার্থিতং

দৃষ্টি নিক্ষেপ করিলেন; কিন্তু সভাস্থ দৈত্যযুথপতি প্রভৃতি সকলেই ভয়ে বিষন্নপ্রায়! অথচ কোথা হইতে যে শব্দের উদয় হইল, তাহার কারণ কেহ কিছু অনুসন্ধান করিতে পারিলেন না॥ ১৪॥

ভক্ত প্রহ্লাদ বলিয়াছিলেন যে, ভগবান্ সর্ব্বব্যাপী; তিনি যাহাতে নাই, এমন বস্তুই নাই! এই সভাস্থ স্ফটিকস্তম্ভেও তিনি পরিদৃষ্ট হইতেছেন! স্বীয় ভক্ত দাসের এই উক্তিকে সত্য করিবার অভিপ্রায়ে এবং নিখিল বস্তুতে

অদৃশ্যতাত্যদ্ভুতরূপমুদ্বহন্ স্তম্ভে সভায়াং ন মৃগং ন মানুষং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

সত্যং বিধাতুং কর্ত্তুং, তথা অখিলেষু ভূতেষু আত্মনঃ স্বস্য ব্যাপ্তিং চ সত্যং কর্ত্তুং, ন মৃগং নাপি মানুষং ইতি অদ্ভুতং রূপং উদ্বহন্ সভায়াং সভামধ্যে, স্তম্ভে অদৃশ্যত ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী

রিতিচ ব্রহ্মণাচ নিজভৃত্যেন তথাস্ত্বিতি যদ্ভাষিতং তৎসর্ব্বং সত্যং কর্ত্তুং। নহি তদ্ব্রহ্মসৃষ্টং ভূতং নচ নরো বা মৃগো বা নচ সভাগৃহস্যান্তঃ নচ প্রাঙ্গণবদ্বহিঃ। এবং তাভ্যাং ভাষিতং সত্যং কর্ত্তুং যচ্চ হিরণ্যকশিপুনা ভাষিতং ; নূনমেতদ্বিরোধেন মৃত্যুর্মে ভবিতেতি তথা অয়মকুতশ্চিদ্ভয়োঽমর ইতি যচ্চ নারদেন নিজভৃত্যেন ইন্দ্রং প্রতি ভাষিতং অয়ং মহান্ন সংস্থাং প্রাপ্স্যতি অনন্তানুচর ইত্যনেন স্বস্য ভক্তপক্ষপাতিত্বঞ্চ যদ্ভাষিতং তচ্চ সত্যং কর্ত্তুমদৃশ্যত। চকারান্নিজভাষিতঞ্চ যং কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ইতি। তথা তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসার-সাগরাদিত্যাদি তচ্চ সত্যং কর্ত্তুং অদৃশ্যতেতি দ্রষ্টব্যং অলমতিবিস্তরেণ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যং কর্ত্তুং। যতো ন হি তদ্ব্রহ্মসৃষ্টং ভূতং নচ নরো বা মৃগো বা নচ সভাগৃহস্যান্তঃ নাপি প্রাঙ্গণবদ্বাহিরিতি। এবঞ্চ কেচিৎ নিজস্য ভৃত্যানাং নারদাদীনামপি ভাষিতং সত্যং বিধাতু-মপি ব্যাচক্ষতে। তথাহি কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতীতি নিজোক্তং। অয়ং মহান্ সংস্থাং ন প্রাপ্স্যতীতীন্দ্রং প্রতি নারদোক্তং। নূনমেতদ্বিরোধেন মৃত্যুর্মে ভবিতেতি হিরণ্যকশিপুনা নীয়মানে বরে তথাস্ত্বিতি ব্রহ্মোক্তেশ্চ ॥ ১৫ ॥

নিজের ব্যাপিত্বের পরিচয়ে মৃগ নয় এবং মানুষও নয়, এই প্রকার এক অদ্ভুত বিগ্রহ পরিগ্রহে ভগবান্ জনার্দ্দন সেই সভাস্থ স্তম্ভ হইতে আত্ম-স্বরূপের প্রকাশ করিলেন ॥ ১৫ ॥

আভাস।

হিরণ্যকশিপু যখন প্রহ্লাদকে বলিয়াছিলেন যে, রে মন্দবুদ্ধে! তোর্ ভগবান্ যদি থাকেন ত, কোথায় আছেন! প্রহ্লাদ বলিলেন যে, তিনি সর্ব্বত্র আছেন। হিরণ্যকশিপু বলিলেন যে, "তবে এই স্ফটিকস্তম্ভে তাঁহাকে কেন দেখিতে পাওয়া যায় না! তখন প্রহ্লাদ যেন স্তম্ভের দিকে বিশেষ অনুসন্ধান পূর্ব্বক নিরীক্ষণ করত বলিলেন যে, ঐ যে স্তম্ভেও আমার সর্ব্বেশ্বর দেখা দিতেছেন!" এই কথা শুনিয়া, হিরণ্যকশিপু আর ধৈর্য্য ধারণে সক্ষম হইলেন না। স্তম্ভে ভগবান্ আছেন শুনিয়াই, দৈত্য প্রচণ্ডবেগে স্তম্ভোপরি মুষ্টি-প্রহার করিলেন। তখনই একটী ভীষণ ধ্বনির প্রয়োগে ভগবান্ সেই স্তম্ভ হইতেই বিনির্গত হইলেন। আপন ভৃত্যগণের উক্তিকে সত্য করাই তাঁহার স্তম্ভ হইতে নির্গত হইবার কারণ ভক্ত প্রহ্লাদ বলিয়াছেন, আমার ভগবান্ এই স্তম্ভেও আছেন! সুতরাং প্রহ্লাদের বাক্য রক্ষার্থে তিনি স্তম্ভ হইতেই প্রকাশ পাইলেন। সনকাদি ঋষিগণ জয় বিজয়কে

স সত্ত্বমেবং পরিতো বিপশ্যন্ স্তম্ভস্য মধ্যাদনুনির্জ্জিহানং।
নায়ং মৃগো নাপি নরো বিচিত্রমহো কিমেতন্নৃমৃগেন্দ্ররূপং ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

সঃ দৈত্যেন্দ্রঃ (শব্দস্য আশ্রয়-নির্দ্ধারণার্থং) পরিতঃ বিপশ্যন্ স্তম্ভস্য মধ্যাৎ অনুনির্জ্জিহানং নির্গচ্ছৎ নৃমৃগেন্দ্রয়োঃ মিশ্রং রূপং দৃষ্ট্বা নায়ং মৃগঃ নাপি নরঃ অহো আশ্চর্য্যং কিং এতৎ বিচিত্রং অদ্ভুতং সত্ত্বং প্রাণিবিশেষঃ ইতি মীমাংসিতবান্ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

স দৈত্য এবং ধ্বনিং শ্রুত্বা তদাশ্রয়ং সত্ত্বং প্রাণিবিশেষং সর্ব্বতো বিলোকয়ন্ স্তম্ভস্য মধ্যাৎ নির্গচ্ছৎ নৃমৃগেন্দ্রয়োঃ মিশ্রং রূপং অহো কিমেতদিতি মীমাংসিতবানিতি শেষঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স দৈত্যঃ এবম্ভূতং প্রাণিবিশেষং স্তম্ভমধ্যান্নির্গচ্ছন্তং পরিত স্তম্ভস্য চতুর্দ্দিক্ষু বিপশ্যন্ কিমেতদিতি মীমাংসিতবানিত শেষঃ ॥ ১৬ ॥

অনন্তর দৈত্যপতি সেই ভীষণ ধ্বনির কারণ অবগত হইবার মানসে ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক স্তম্ভের মধ্যদেশ হইতে নরসিংহের মিশ্র মূর্ত্তি বিনির্গত হইতে অবলোকন করিয়া, বিস্মিতভাবে চিন্তা করিতে লাগিলেন যে, প্রকৃত সিংহও নহে এবং মানবও নহে! এরূপ অদ্ভুত প্রাণী কোথা হইতে উপস্থিত হইল!॥ ১৬ ॥

আভাস।

শাপ প্রদান কালে বলিয়াছিলেন যে, "তিন জন্মে তোমরা মুক্তিলাভ করিবে।" সুতরাং এই প্রথমবারে যখন জয় বিজয় হিরণ্যাক্ষ হিরণ্যকশিপুরূপে জন্ম পরিগ্রহ করিল; তাহাদের মুক্তির পথ প্রশস্ত করিবার জন্য, ভগবান্ স্বয়ং উপনীত হইয়া, তাহাদিগকে নিহত করিলেন। হিরণ্যকশিপু একজন পরম ভক্ত। তপস্যায় ব্রহ্মাকে সন্তুষ্ট করিয়া, যখন বর প্রার্থনা করেন; তখন বলিয়াছিলেন যে, ব্রহ্মার সৃষ্ট কোন মানব বা জন্তু যেন তাঁহাকে নিহত করিতে না পারে; সুতরাং ব্রহ্মা এবং হিরণ্যকশিপু এই উভয়ের সম্মান রক্ষা করিবার উপলক্ষে ভগবানকে এই অদ্ভুত রূপ পরিগ্রহ করিতে হইয়াছিল; যাহা ব্রহ্মার সৃষ্ট নহে এবং মানব বা মৃগমূর্ত্তি নহে। এতদ্দ্বারা পরিচয় দিলেন যে, সৃষ্ট জীবের কল্পনায় বা বুদ্ধিবৃত্তির দ্বারা ভগবানের ক্রিয়াকে সীমাবদ্ধ করিতে পারা যায় না। হিরণ্যকশিপু বলিয়াছিলেন যে, এই এই পুত্রের সহিত বিষম বিরোধই আমার মৃত্যুর কারণ হইবে; সন্দেহ নাই। ভগবান্ সেই মৃত্যুই ঘটাইয়া, হিরণ্যকশিপুর সন্দেহ নিরাকরণ করিলেন। নারদ দেবেন্দ্রকে বলিয়াছিলেন যে, এই গর্ভস্থ সন্তান তোমার বধ্য কোন মতে হইবেন না; সুতরাং প্রহ্লাদের জীবন রক্ষা করত, তদীয় পিতার নিধনসাধন হইল। অহো! ভগবানের নিজোক্ত "হে কৌন্তেয়! আমি নিশ্চয় বলিতেছি যে, আমার ভক্ত কখন বিনষ্ট হয় না"

মীমাংসমানস্য সমুত্থিতোঽগ্রতো নৃসিংহরূপং তদলং ভয়ানকং ॥ ১৭ ॥
প্রতপ্ত-চামীকরচণ্ডলোচনং স্ফুরৎসটাকেশরজৃম্ভিতাননং।
করালদংষ্ট্রং করবাল-চঞ্চল-ক্ষুরান্ত-জিহ্বং ভ্রুকুটী-মুখোল্বণং ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

এবং অলং ভয়ানকং, তৎ নৃসিংহরূপং মীমাংসমানস্য বিচারয়তঃ, তস্য হিরণ্যকশিপোঃ অগ্রতঃ নৃসিংহরূপঃ হরিঃ সমুত্থিতঃ। তস্য ভয়ানকত্বং এব বিবৃণোতি ত্রিভিঃ শ্লোকৈর্যথা ॥ ১৭ ॥

প্রতপ্তং যৎ চামীকরং স্বর্ণং, তদ্বৎ পিশঙ্গে চণ্ডে উগ্রে, লোচনে যস্মিন্ তৎ ; সটাঃ জটাঃ কেশরাঃ কণ্ঠরোমাণি স্ফুরদ্ভিঃ জটাকেশরৈঃ জৃম্ভিতং সাটোপমাননং, আননং যস্মিন্ তৎ ; করালাঃ উদগ্রাঃ দংষ্ট্রাঃ যস্মিন্ তৎ ; করবালঃ খড়্গাঃ তদ্বৎ চঞ্চলা ক্ষুরান্তবৎ তীক্ষ্ণা চ জিহ্বা যস্মিন্ তৎ ; ভ্রুকুটীযুক্তেন মুখেন উল্বণং ভয়ঙ্করং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

তস্যৈবমলং ভয়ানকং তৎ নৃসিংহরূপং মীমাংসমানস্যাগ্রতঃ স নৃসিংহরূপো হরিঃ সমুত্থিতঃ ॥ ১৭ ॥

ভয়ানকত্বমেব দর্শয়ন্ তদ্রূপমনুবর্ণয়তি ত্রিভিঃ। প্রতপ্তং চামীকরং সুবর্ণমিব পিশঙ্গানি চণ্ডানি লোচনানি যস্মিন্। সটা জটাঃ কেশরাঃ কণ্ঠলোমানি স্ফুরদ্ভিঃ সটাকেশরৈ র্জৃম্ভিতং সাটোপমাননং যস্মিন্। করালা স্তুঙ্গা দংষ্ট্রা যস্মিন্। করবালঃ খড়্গা স্তদ্বচ্চঞ্চলা ক্ষুরান্তবত্তীক্ষ্ণাচ জিহ্বা যস্মিন্। ভ্রুকুটীযুক্তেন মুখেন উল্বণং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদলমতিশয়েন ভয়ানকং নৃমৃগেন্দ্ররূপং মীমাংসমানস্য তস্যাগ্রত এব নৃসিংহরূপঃ সমুত্থিত ইত্যন্বয়ঃ ॥ ১৭ ॥

ভয়ানকত্বং বিবৃণ্বন্ রূপং বিশিনষ্টি ত্রিভিঃ। প্রতপ্তেতি চামীকরং সুবর্ণং। সটাঃ জটা কেশরাঃ কণ্ঠরোমাণি। করবালঃ খড়্গাঃ। ভ্রুকুটীযুক্তেন মুখেন উল্বণং ॥ ১৮ ॥

হিরণ্যকশিপু মনে মনে এইরূপ চিন্তা করিতেছেন, ইত্যবসরে ভগবান্ উক্ত নরসিংহ বিগ্রহ ধারণে তাঁহার সম্মুখে উপনীত হইলেন ॥ ১৭ ॥

নৃসিংহদেবের লোচনদ্বয় তপ্তকাঞ্চনের ন্যায় পিঙ্গলপর্ণ এবং উগ্র ; জটাকলাপ ও গ্রীবাস্থ কেশররাজির দ্বারা বিরাজিত প্রকাণ্ড বিজৃম্ভিত মুখমণ্ডলে অতীব ভীষণ ভাবের পরিচয় ছিল ; তদন্তরে করাল দন্তপংক্তি এবং ক্ষুরাগ্রবৎ তীক্ষ্ণধার জিহ্বাটী খড়্গের ন্যায় লহ লহ ভাবে

আভাস।

যাহারা আমার শরণাগত, আমি এই ভীষণ জন্মমরণরূপ সংসার-প্রবাহ হইতে তাহাদিগকে উদ্ধার করিয়া থাকি ;" আজ সত্য হইল। তিনি প্রহ্লাদের জীবন রক্ষা করত, হিরণ্যকশিপুকে নিহত করায়, ভক্তপক্ষপাতিত্বের জ্বলন্ত দৃষ্টান্ত জগতে প্রদর্শন করিয়াছেন ॥ ১৫ ॥

স্তব্ধোর্দ্ধকর্ণং গিরিকন্দরাদ্ভুতব্যাত্তাস্যনাসং হনুভেদভীষণং।
দিবিস্পৃশং কায়মদীর্ঘ-পীবর-গ্রীবোরুবক্ষঃস্থলমল্পমধ্যমং ॥ ১৯ ॥
চন্দ্রাংশুগৌরৈশ্ছুরিতং তনূরুহৈ র্বিষ্বগ্ ভুজানীকশতং নখায়ুধং।

অন্বয়ঃ।

স্তব্ধৌ উন্নতৌ শঙ্কুবৎ ঊর্দ্ধৌ কর্ণৌ যস্মিন্ তৎ, গিরিকন্দরবৎ অদ্ভুতং ব্যাত্তং প্রসৃতং আস্যং নাসে চ যস্মিন্ তৎ ; হনূ কপোলপ্রান্তৌ তয়োঃ ভেদেন বিদারণেন ভীষণং, দিবি স্পৃশন্ কায়ঃ যস্মিন্ তৎ, অদীর্ঘা হ্রস্বা পীবরা স্থূলা গ্রীবা যস্মিন্; উরু বিশালং বক্ষঃস্থলং যস্মিন্ তৎ, তৎ চ অল্পং মধ্যমং উদরং যস্মিন্ তৎ ॥ ১৯ ॥

চন্দ্রাংশুবৎ গৌরৈঃ তনূরুহৈঃ রোমভিঃ ছুরিতং ব্যাপ্তং, বিষ্বক্ সর্ব্বতঃ, প্রসৃতাঃ ভুজাঃ তেষাং অনীকানি স্তোমাঃ তেষাং শতানি যস্মিন্ তৎ ; নখানি এব আয়ুধানি যস্মিন্ তৎ ; দুরাসদং দুর্ল্লভং, সর্ব্বাণি চ নিজানি চক্রাদীনি ইতরাণি বজ্রাদীনি তে এব আয়ুধ-প্রবেকাঃ

শ্রীধরস্বামী।

স্তব্ধৌ উন্নতৌ শঙ্কুবৎ ঊর্দ্ধৌ কর্ণৌ যস্মিন্। গিরিকন্দরবৎ অদ্ভুতং ব্যাত্তং প্রসৃতমাস্যং নাসেচ যস্মিন্। হনূ কপোলপ্রান্তৌ তয়োর্ভেদেন বিদারণেন ভীষণং। দিবিস্পৃশন্ কায়ো যস্মিন্ অলুকসমাসঃ। অদীর্ঘা হ্রস্বা পীবরাচ স্থূলা গ্রীবা যস্মিন্। উরু বিশালং বক্ষঃস্থলং যস্মিন্ ; তচ্চ তচ্চ অল্পং মধ্যমং উদরং যস্মিন্ ॥ ১৯ ॥

চন্দ্রাংশুবদ্গৌরৈ স্তনূরুহৈ র্লোমভি শ্ছুরিতং ব্যাপ্তং বিষ্বক্ সর্ব্বতঃ প্রসৃতা ভুজা স্তেষামনীকানি স্তোমা স্তেষাং শতানি যস্মিন্। নখান্যেবায়ুধানি যস্মিন্ দুরাসদং প্রাপ্তুমশক্যং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হনূ কপোলপ্রান্তৌ তয়ো র্ভেদেন বিদারণেন ভীষণং। অদীর্ঘা পীবরাচ গ্রীবা যস্মিন্। উরু বিশালং বক্ষঃস্থলং যস্মিন্ তৎ। অল্পমধ্যং ক্ষীণমধ্যদেশং ॥ ১৯ ॥

চন্দ্রাংশুবদ্গৌরৈঃ শ্বেতৈঃ বিষ্বক্ সর্ব্বদিক্ষু স্থিতানাং ভুজানীকানাং শতানি যস্মিং স্তৎ। নখান্যায়ুধতুল্যানি যস্মিং স্তৎ। সর্ব্বাণি নিজানি চক্রাদীনি ইতরাণি বজ্রাদীনি। তান্যে-

---

তুলিতেছিল। অহো! ভ্রুকুটীর দ্বারা নৃসিংহের মুখের কি ভীষণ ভাবই তখন পরিলক্ষিত হইতেছিল! ॥ ১৮ ॥

কর্ণযুগল শঙ্কুর (শড়্‌কির) ন্যায় তীক্ষ্ণ এবং উন্নত। মুখ-বিবর এবং নাসারন্ধ্র গিরিকন্দরের ন্যায় গভীর এবং প্রশস্ত; কপোলের উভয় প্রান্ত বিদীর্ণ থাকায়, অতীব ভয়ানক ভাবেরই পরিচয় তাঁহাতে হইতেছিল। তদীয় কলেবর যেন নভোমণ্ডলকে স্পর্শ করিতেছিল; গ্রীবাদেশ হ্রস্ব অথচ স্থূল; বক্ষঃস্থল বিশাল এবং মধ্যমভাগ অর্থাৎ উদর অপেক্ষাকৃত অতীব ক্ষুদ্র ॥ ১৯ ॥

চন্দ্রকিরণের ন্যায়, শুভ্র রোমাবলি শরীরের সর্ব্বত্র পরিব্যাপ্ত ছিল; ভুজগুচ্ছ চতুর্দ্দিকে প্রসৃত; স্বকীয় দুর্ল্লভ চক্রাদি আয়ুধ সমূহ এবং বজ্রাদি

দুরাসদং সর্ব্বনিজেতরায়ুধ-প্রবেক-বিদ্রাবিত-দৈত্যদানবং ॥ ২০ ॥
প্রায়েণ মে ২য়ং হরিণোরুমায়িনা বধঃ স্মৃতোঽনেন সমুদ্যতেন কিং।
এবং ব্রুবংস্ত্বভ্যপতদ্গদায়ুধো নদন্ নৃসিংহং প্রতি দৈত্যকুঞ্জরঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

শস্ত্রোত্তমাঃ তৈঃ বিদ্রাবিতাঃ দৈত্যদানবাঃ চ যেন তৎ। এবং রূপং মীমাংসমানস্য হিরণ্য-কশিপোঃ, অগ্রতঃ সমুত্থিতঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২০ ॥

প্রায়েণ মহামায়াবিনা হরিণা মে মম অয়মেবম্ভূতঃ বধঃ মৃত্যুহেতুঃ স্মৃতঃ চিন্তিতঃ। তথাপি অনেন সমুদ্যতেন কৃতোদ্যমেন অপি কিং? এবং ব্রুবন্ গদায়ুধঃ দৈত্যকুঞ্জরঃ হিরণ্যকশিপুঃ নদন্ নাদং কুর্ব্বন্, নৃসিংহং প্রতি অভ্যপতৎ যুদ্ধার্থং সম্মুখং জগাম ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাণিচ নিজানি চক্রাদীনি ইতরাণি বজ্রাদীনি তএবায়ুধপ্রবেকাঃ শস্ত্রোত্তমা স্তৈর্ব্বিদ্রাবিতা দৈত্যা দানবাশ্চ যেন তদ্রূপং মীমাংসমানস্যাগ্রতঃ সমুত্থিত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২০ ॥

তদাবির্ভাব-প্রয়োজন-বিমর্ষ-পূর্ব্বকং তেন সহ দৈত্যস্য যুদ্ধমাহ সপ্তভিঃ। প্রায়েণ মহামায়াবিনা হরিণা মেঽয়মেবম্ভূতো বধো মৃত্যুহেতুঃ স্মৃতশ্চিন্তিতঃ তথাপ্যনেন সমুদ্যতেন কিং ন কিঞ্চিদপি স্যাদিত্যেবং ব্রুবন্ প্রত্যাপতদিত্যন্বয়ঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বায়ুধ-প্রবেকাঃ শস্ত্রোত্তমা স্তৈর্ব্বিদ্রাবিতা দৈত্যদানবা যত্র তৎ ॥ ২০ ॥

তদদ্ভুতং দৃষ্ট্বা তস্য মানসং বাচিকঞ্চ ব্যবহারমাহ প্রায়েণেতি। বধঃ স্মৃত ইতি প্রাক্ চিকীর্ষিত এবাসীৎ। সংপ্রতি সংস্মৃতিবিষয়ীকৃত ইত্যর্থঃ। তদপ্যন্যেন হরিণা সমুদ্যতেন তদর্থং কৃতোদ্যমেনাপি কিং ন কিঞ্চিদপীত্যর্থঃ। মদ্বলস্যানেন দুষ্পারত্বাদিতি ভাবঃ ॥ ২১ ॥

অন্যান্য অস্ত্র শস্ত্র প্রত্যেক করে লক্ষিত হইতেছিল। সেই সমস্ত অস্ত্র শস্ত্রের দ্বারা তিনি দৈত্য দানবগণের প্রাণ-সংহার করিয়াছিলেন ॥ ২০ ॥

হিরণ্যকশিপু ভগবানের তাদৃশ রূপ দর্শনে মনে মনে ভাবিলেন যে, সেই মহামায়াবী হরি এই প্রকারেই আমার মৃত্যু অবধারিত করিয়াছেন; সত্য! কিন্তু তথাপি নিরস্ত থাকা কোনমতে কর্ত্তব্য নহে। কারণ ইহাঁর উদ্যমে আমার কি হইতে পারে! এই বলিয়া দৈত্যকুঞ্জর হিরণ্যকশিপু সিংহনাদ করত, যুদ্ধ করিবার অভিপ্রায়ে গদাহস্তে নৃসিংহদেবের অভিমুখে সত্বর অগ্রসর হইলেন। ২১ ॥

অহো! পতঙ্গ যেমন অগ্নিকুণ্ডে আত্ম সমর্পণ করত আত্মহারা হয়, হিরণ্যকশিপুও সেইরূপ ভগবানের অতুল তেজোরাশির অন্তরে অলক্ষিতের ন্যায় বিলীন হইয়া পড়িল। তাদৃশ বিশুদ্ধ সত্ত্বগুণের আধারভূত ভগবানে

অলক্ষিতোঽগ্নৌ পতিতঃ পতঙ্গমো যথা নৃসিংহৌজসি সোঽসুরস্তদা।
ন তদ্বিচিত্রং খলু সত্ত্বধামনি স্বতেজসা যোঽনু পুরা পিবত্তমঃ॥ ২২॥
ততোঽভিপদ্যাহভাহনন্মহাসুরো রুষা নৃসিংহং গদয়োরুবেগয়া।
তং বিক্রমন্তং সগদং গদাধরো মহোরগং তার্ক্ষ্যসুতো যথাগ্রহীৎ॥ ২৩॥

অন্বয়ঃ।

তদা অসৌ অসুরঃ নৃসিংহস্য ওজসি দীপ্তৌ, অগ্নৌ পতঙ্গমঃ ইব পতিতঃ সন্ অলক্ষিতঃ অদৃষ্টঃ অভূৎ। সত্ত্বধামনি শুদ্ধসত্ত্বাশ্রয়ে ভগবতি যৎ তস্য তমোময়স্য দৈত্যস্য অদর্শনং তৎ খলু ন বিচিত্রং যতঃ সঃ ভগবান্ পুরা সৃষ্ট্যাদৌ, প্রলয়কালিকং তমঃ নু অতিগাঢ়ং স্বতেজসা অপিবৎ তিরস্কৃতবান্॥ ২২॥

ততঃ মহাসুরঃ অভিপদ্য অভিমুখং আগত্য, রুষা উরুবেগয়া ভ্রাম্যমাণয়া গদয়া নৃসিংহং অভ্যাহনৎ হন্তুং প্রবৃত্তঃ। অথ ইত্থং বিক্রমন্তং সগদং তং হিরণ্যকশিপুং তার্ক্ষ্যসুতঃ গরুড়ঃ, যথা মহোরগং গৃহ্লাতি তথা গদাধরঃ নৃসিংহঃ তং হিরণ্যকশিপুং অগ্রহীৎ॥ ২৩॥

শ্রীধরস্বামী।

তদা সোঽসুরো নৃসিংহস্যৌজসি দীপ্তৌ পতিতঃ সন্ অলক্ষিতোঽদৃষ্টোঽভূৎ। সত্ত্বধাম্নি সত্ত্বপ্রকাশে হরৌ পাততস্য তমোময়স্য অদর্শনং তদ্বিচিত্রং ন ভবতি। তত্র হেতুঃ যো হরিঃ পুরা সৃষ্ট্যাদৌ প্রলয়কালীনং তমঃ নু অহো অপিবৎ তস্মিন্॥ ২২॥

বিক্রমন্তং ততস্ততঃ প্রহরন্তং॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স নৃসিংহস্যৌজসি দীপ্তৌ পতিতঃ সন্নলক্ষিতোঽদৃষ্টোঽভূৎ। সত্ত্বধামনি শুদ্ধসত্ত্বপ্রকাশে হরৌ তৎ তস্য তমোময়স্যাদর্শনং ন বিচিত্রং। যতঃ পুরা সৃষ্ট্যাদৌ প্রলয়কালীনং তমোঽপিবৎ মহত্তত্ত্বমধিষ্ঠায়ৈব নাশয়ামাস সংপ্রতি সাক্ষাৎ স্বরূপভূতত্বেন কিমুতেতি ভাবঃ॥ ২২॥

ততস্তস্মাৎ পৃথগভূয় অভিপদ্য অভিমুখমাগত্য॥ ২৩॥

সম্পূর্ণ তমোময় দৈত্যের অদর্শন কখন অসম্ভব নহে; কারণ সৃষ্টির পূর্ব্বে অতি গাঢ়তর তমকে নিজের তেজের দ্বারা তিনি সম্পূর্ণ গ্রাস করিবার ছলে বিনষ্ট করিয়াছিলেন॥ ২২॥

অনন্তর মহাসুর হিরণ্যকশিপু একান্ত ক্রোধভরে নৃসিংহের সমক্ষে অগ্রসর হইয়া, তীব্রবেগে ঘূর্ণিত গদার প্রহারে তাঁহাকে নিহত করিবার উদ্যম করিলেন। কিন্তু প্রহারের উদ্‌যোগ করিতে না করিতে, গরুড় যেমন বিষধর সর্পকে অকস্মাৎ গ্রাস করে, ভগবান্ নৃসিংহদেবও সেইরূপ গদাহস্ত হিরণ্যকশিপুকে অকস্মাৎ আক্রমণ করিলেন॥ ২৩॥

স তস্য হস্তোৎকলিতস্তদাসুরো বিক্রীড়তো যদ্বদহি র্গরুত্মতঃ।
অসাধ্বমন্যন্ত হৃতৌকসোঽমরা ঘনচ্ছদা ভারত সর্ব্বধিষ্ণ্যপাঃ ॥ ২৪ ॥
তং মন্যমানো নিজবীর্য্যশঙ্কিতং যদ্ধস্তমুক্তো নৃহরিঃ মহাসুরঃ।
পুনস্তমাসজ্জত খড়্গচর্ম্মণী প্রগৃহ্য বেগেন গতশ্রমো মৃধে ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

তেন গৃহীতঃ সঃ অসুরঃ তদা গরুত্মতঃ গরুড়াৎ, যদ্বৎ অহিঃ সর্পঃ তথা বিক্রীড়তঃ তস্য নৃসিংহস্য হস্তাৎ উৎকলিতঃ বিনিঃসৃতঃ ; (ক্রীড়য়া ভগবতঃ তৎ বিসর্জনং) হৃতৌকসঃ (হৃতং ওকঃ স্থানং যেষাং তে) অতঃ ভয়েন ঘনচ্ছদাঃ মেঘান্তরিতাঃ, সন্তঃ স্থিতাঃ, সর্ব্বে ধিষ্ণ্যপাঃ লোকপালাঃ, অমরাঃ ইন্দ্রাদয়ঃ, অসাধু অমঙ্গলং, তৎ ইতি অমন্যন্ত ॥ ২৪ ॥

মহাসুরঃ যৎ যস্মাৎ হস্তাৎ মুক্তঃ তস্মাৎ নৃহরিং নিজবীর্য্যাৎ স্ববলাৎ, শঙ্কিতং ভীতং, মন্যমানঃ স্বয়ং মৃধে যুদ্ধে, জিতশ্রমঃ শ্রমরহিতঃ, সন্ খড়্গচর্ম্মণী প্রগৃহ্য পুনঃ বেগেন নৃসিংহং আসজ্জত অভ্যপতৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

হস্তাদুৎকলিতঃ নিঃসৃতঃ। তদা অমরা দেবাঃ সর্ব্বে ধিষ্ণ্যপা অসাধ্বমন্যন্ত। হৃতানি ওকাংসি স্থানানি যেষাং তে তস্মিন্ ঘনচ্ছদা মেঘান্তরিতাঃ সন্তঃ ॥ ২৪ ॥

যস্য হস্তাৎ স্বয়ং মুক্তস্তং নৃসিংহং স্ববীর্য্যাচ্ছঙ্কিতং মন্যমানং খড়্গচর্ম্মণী প্রগৃহ্য পুনস্তমাসজ্জত অভ্যপদ্যতেত্যন্বয়ঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হস্তাদুৎকলিতঃ নিঃসৃতঃ। ঘনচ্ছদা মদ্বধমেতে দিদৃক্ষন্ত ইতি দৈত্যকোপভয়ান্মেঘান্তরিতাঃ। হৃতৌকসোঽসাধ্বমন্যন্তেতি। ওকাংস্যপহৃতবানেব সংপ্রতি যদ্যয়ং জীবিষ্যতি তদস্মাকমবশিষ্টান্ প্রাণানপি হরিষ্যতীতি ভাবঃ ॥ ২৪ ॥

নিজবীর্য্যাচ্ছঙ্কিতং মন্যমানঃ। যদ্যস্মাৎ হস্তান্মুক্তঃ ॥ ২৫ ॥

কিন্তু পক্ষিরাজ গরুড় যেমন স্বীয় ভোক্ষ্য সর্পকে লইয়া ক্রীড়া করে, অর্থাৎ আক্রমণ করিবা মাত্র গ্রাস না করিয়া, দুই একবার সম্মুখে নির্ম্মুক্তের ন্যায় পরিত্যাগও করে, সেইরূপ হিরণ্যকশিপুকে আক্রমণ করিয়াও, ভগবান্ কেবল ক্রীড়াচ্ছলে যখন একবার সেই অসুরকে নির্ম্মুক্তের ন্যায় পরিত্যাগ করিয়াছিলেন, অমনি হিরণ্যকশিপুর ভয়ে চির প্রবাসিত লোকপালগণ এবং যাবতীয় ইন্দ্রাদি দেবতাগণ হিরণ্যকশিপুকে নৃসিংহ-হস্ত হইতে নির্ম্মুক্ত জ্ঞানে তথা হইতে তৎক্ষণাৎ পলায়ন করত, মেঘের অন্তরাল হইতে আপনাদের দুর্ভাগ্যের জন্য পরিতাপ করিতে আরম্ভ করিলেন ॥ ২৪ ॥

এদিকে হিরণ্যকশিপুও নৃহরির হস্ত হইতে মুক্তিলাভে আপনাকে তদপেক্ষা বলবান্ এবং নৃসিংহকে দুর্ব্বল ও শঙ্কিত মনে করিয়া, খড়্গ

তং শ্যেনবেগং শতচন্দ্রবর্ত্মভিশ্চরন্তমচ্ছিদ্রমুপর্য্যধো হরিঃ।
কৃত্বাট্টহাসং খরমুৎস্বনোল্বণং নিমীলিতাক্ষং জগৃহে মহাজবঃ ॥ ২৬ ॥
বিষক্ স্ফুরন্তং গ্রহণাতুরং হরির্ব্যালো যথাখুং কুলিশাক্ষতত্বচং।

অন্বয়ঃ।

তং শ্যেনবেগং (শ্যেনস্য বেগঃ ইব বেগঃ যস্য তং) শতচন্দ্রবর্ত্মভিঃ খড়্গচর্ম্মমার্গৈঃ অচ্ছিদ্রং অন্যপ্রহারস্য অনবসরং যথা ভবতি এবং উপর্য্যধঃ চরন্তং, (তথা খরং তীব্রং উৎস্বনেন মহাশব্দেন উল্বণং ভয়ঙ্করং অট্টহাসং স্বয়ং কৃত্বা তদ্ভয়েন স্বতেজসা চ) নিমীলিতেক্ষণং অসুরং মহাজবঃ হরিঃ জগৃহে ॥ ২৬ ॥

ততঃ বিষক্ সর্ব্বতঃ, স্ফুরন্তং (সর্ব্বাবয়বান্ প্রচালয়ন্তং) যতঃ গ্রহণেন হেতুনা আতুরং বিবশং, প্রাক্ কুলিশাক্ষতত্বচং (ইন্দ্রেণ সহ যুদ্ধে তৎপ্রযুক্তেন কুলিশেনাপি ন ক্ষতা ত্বক্ অপি যস্য তং) হিরণ্যকশিপুং, আখুং মুষিকং, ব্যালঃ সর্পঃ, যথা গৃহ্লাতি তথা হরিঃ দ্বারি ঊরুং

শ্রীধরস্বামী।

শ্যেনস্যেব বেগো যস্য তং শতচন্দ্রবর্ত্মভিঃ খড়্গচর্ম্মমার্গে রচ্ছিদ্রং যথা ভবত্যেবং উপর্য্যধশ্চরন্তং। অট্টহাসমেবাহ খরং তীব্রং উৎস্বনেন মহাশব্দেন উল্বণং ভয়ঙ্করং তদ্ভয়েন হরে স্তেজসাচ নিমীলিতে অক্ষিণী যস্য ॥ ২৬ ॥

গ্রহণে দৃষ্টান্তঃ ব্যালো যথা আখুং মুষিকং। বিদারণে দৃষ্টান্তঃ অহিং গরুড় ইব ইতি। বিষক্ সর্ব্বতঃ স্ফুরন্তং নিঃসরন্তং গ্রহণেনাতুরং বিবশং ইন্দ্রেণ সহ যুদ্ধে তৎপ্রযুক্তেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শতচন্দ্রবর্ত্মভিঃ খড়্গচর্ম্মমার্গৈঃ অট্টহাসশব্দোত্থভয়েন নিমীলিতে অক্ষিণী যেন তং ॥ ২৬ ॥

ব্যালো যথা মুষিকমিতি গ্রহণে দৃষ্টান্তঃ। গরুড়ো যথাহিমিতি বিদারণে। কুলিশেনাক্ষতা ত্বগপি যস্য তং। লীলয়াহবহেলয়ৈব দদার। দ্বারি সভায়াং। নান্ত র্ন বহিঃ। ঊরুং ঊরৌ

চর্ম্ম গ্রহণে পুনরায় যুদ্ধার্থ ভগবানের অভিমুখে ধাবিত হইল ॥ ২৫ ॥

এবং শ্যেন পক্ষী যেমন ইতস্ততঃ বেগে পরিভ্রমণ করে, সেইরূপ খড়্গ চর্ম্মের ইতস্ততঃ সঞ্চালনে অসুররাজ এরূপ কৌশলের পরিচয় দিতে লাগিলেন, যেন অচ্ছিদ্র ভাবে আপনাকে স্বীয় অস্ত্রের আবরণেই সম্পূর্ণ আবৃত করিয়াছেন; এমন কি! তাহার দেহের উপরি কোন পার্শ্ব হইতে কোনরূপ অস্ত্র পতনেরও সম্ভাবনা নাই। তখন মহাতেজস্বী ভগবান্ নৃসিংহ খরবেগ ভীষণ শব্দ-সহকারে যেমন অট্টহাস্য করিলেন, অমনি সেই মহাসুর ভয়ে নিমীলিত-লোচন হইল। শ্রীহরিও তৎক্ষণাৎ পুনরায় তাহাকে আক্রমণ করিলেন ॥ ২৬ ॥

শ্রীহরির আক্রমণে হিরণ্যকশিপু নিতান্ত কাতর এবং বিষণ্ণপ্রায় হইল; তাহার অঙ্গ প্রত্যঙ্গ স্পন্দিত হইতে লাগিল। অহো! পূর্ব্বে ইন্দ্রের সহিত মহাসমরে বজ্রাঘাতেও যাহার ত্বকের পর্য্যন্ত কোনরূপ ব্যাঘাত হয় নাই, অদ্য

দ্বার্যূরুমাপত্য দদার লীলয়া নখৈর্যথাহিং গরুড়ো মহাবিষং ॥ ২৭ ॥
সংরম্ভদুষ্প্রেক্ষ্য-করাললোচনো ব্যাত্তাননান্তং বিলিহন্ স্বজিহ্বয়া।
অসৃগ্লবাক্তারুণকেশরাননো যথাস্ত্রমালী দ্বিপহত্যয়া হরি ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

স্বোরৌ অঙ্কে, নিপাত্য মহাবিষং অহিং গরুড়ঃ যথা তথা লীলয়া অনায়াসেন, নখৈঃ দদার বিদারিতবান্ ॥ ২৭ ॥

সংরম্ভেন দুষ্প্রেক্ষ্যে দুর্নিরীক্ষ্যে, করালে ভয়ঙ্করে লোচনে যস্য সঃ, ব্যাত্তং বিকাশিতং, আননং মুখং তস্য অন্তং স্বজিহ্বয়া বিলিহন্, অসৃজঃ রক্তস্য, লবৈঃ বিন্দুভিঃ, অক্তাঃ সিক্তাঃ অতএব অরুণাঃ কেশরাঃ আননং চ যস্য সঃ ; নৃসিংহঃ দ্বিপস্য গজস্য হত্যয়া বধেন, অস্ত্রস্য মালাধরঃ হরিঃ সিংহঃ, যথা তথা বভৌ ইতি শেষেণান্বয়ঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী

কুলিশেন ন ক্ষতা ত্বগপি যস্য। দ্বারি সভায়াং নাস্তর্ন বহিঃ। ঊরুং ঊরৌ নিপাত্য ন ভূমৌ ন চাম্বরে। নখৈ র্নতু বাসুভিরসুমদ্ভির্বা। এবং দিবানক্তং পরিহারায় সন্ধ্যায়ামিতি দ্রষ্টব্যং ॥ ২৭

দৈত্যবধমুক্ত্বা তদৃত্যবধমাহ দ্বাভ্যাং। সংরম্ভেণ দুষ্প্রেক্ষ্যাণি করালানি লোচনানি যস্য। অসৃজো রক্তস্য লবৈ র্বিন্দুভি রাক্তাঃ সিক্তাঃ অতএবারুণাঃ কেশরা আননঞ্চ যস্য সঃ। ক ইব দ্বিপহত্যয়া গজবধেন হরিঃ সিংহো যথা এবংভূতস্তস্যানুচরান্ অহন্নিত্যুক্ত-রেণান্বয়ঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিপাত্য ন ভূমৌ নাম্বরে। নখৈর্ন ব্যসুভি রসুমদ্ভির্বা। এবং দিবানক্তং পরিহায় সন্ধ্যায়া-মিতি জ্ঞেয়ং ॥ ২৭ ॥

অসৃজো রক্তস্য লবৈর্বিন্দুভিরাক্তাঃ সিক্তাঃ। অতএবারুণাঃ কেশরা আননঞ্চ যস্য।

সর্পগ্রাসে পতিত মূষিকের ন্যায়, নৃসিংহের হস্তমধ্যে অবসন্নের ন্যায় সেই মহাসুর নিপতিত রহিল ; ভগবান্ দ্বারদেশে স্বীয় অঙ্কোপরি সেই মহাসুরকে পাতিত করত, গরুড় যেমন মহাসর্পকে অবলীলাক্রমে আত্মসাৎ করে, সন্ধ্যা-কালে তিনিও সেইরূপ হিরণ্যকশিপুকে স্বীয় নখ-প্রহরণে বিদীর্ণ করিয়া ফেলিলেন ॥ ২৭ ॥

তৎকালে ভগবান্ ক্রোধজ্বলিত করাল লোচনদ্বয়ের বিকাশে বদন বিস্তার পূর্ব্বক, স্বীয় জিহ্বার দ্বারা উভয় ওষ্ঠপ্রান্ত মধ্যে মধ্যে লেহন করিতেছিলেন ; রক্ত বিন্দুর দ্বারা শুভ্র কেশর-জাল এবং মুখমণ্ডল সম্পূর্ণ সংসিক্ত হইয়াছিল ; কেশরী যেমন মত্ত মাতঙ্গকে নিহত করিয়া, তদীয় অস্ত্রসমূহের মালা গলদেশে ধারণ করত ভীষণ মূর্ত্তিতে পরিদৃষ্ট হয়, ভগবান্ নৃসিংহও সেইরূপ দুর্নিরীক্ষ্য-বেশে তৎকালে অবস্থান করিতেছিলেন। ২৮ ॥

নখাঙ্কুরোৎপাটিত-হৃৎসরোরুহং বিসৃজ্য তস্যানুচরানুদায়ুধান্।
অহন্ সমস্তান্নখশস্ত্রপাণিভি র্দোর্দণ্ডযূথোঽনুপথান্ সহস্রশঃ ॥ ২৯ ॥
সটাবধূতা জলদাঃ পরাপতন্ গ্রহাশ্চ তদ্দৃষ্টিবিমুষ্টরোচিষঃ।
অম্ভোধয়ঃ শ্বাসহতা বিচুক্ষুভু র্নির্হ্রাদভীতা দিগিভা বিচুক্রুশুঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

দোর্দ্দণ্ডানাং যূথানি যস্য সঃ নৃসিংহঃ নখাঙ্কুরৈঃ উৎপাটিতং হৃৎসরোরুহং হৃদয়কমলং যস্য তং দৈত্যেন্দ্রং বিসৃজ্য ত্যক্ত্বা উদায়ুধান্ (উদ্যতানি আয়ুধানি যৈঃ তান্) তস্য সহস্রশঃ অনুপথান্ অনুগতান্ তথা সমস্তান্ অনুচরান্ নখাস্ত্রপাণিভিঃ অহন্ হতবান্ ॥ ২৯ ॥

তস্য সটাভিঃ অবধূতাঃ প্রকম্পিতাঃ, জলদাঃ মেঘাঃ, পরাপতন্ ব্যশীর্য্যন্ত। তস্য দৃষ্ট্যা বিমুষ্টং অপহৃতং রোচিঃ যেষাং তে তথাভূতাঃ গ্রহাঃ অভূবন্; তস্য শ্বাসেন হতাঃ অম্ভোধয়ঃ সমুদ্রাঃ, চুক্ষুভুঃ সঙ্ক্ষোভং প্রাপুঃ, তস্য নির্হ্রাদেন শব্দেন, ভীতাঃ দিগিভাঃ দিগ্‌গজাঃ বিচুক্রুশুঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী

নখাঙ্কুরৈরুৎপাটিতং হৃৎসরোরুহং যস্য তং। দোর্দ্দণ্ডানাং যূথানি যস্য সঃ। তমনু পশ্চা যেষাং তান্। অন্যানপি তৎপক্ষপাতিন ইত্যর্থঃ ॥ ২৯ ॥

দৈত্যবধব্যগ্রস্য নৃহরে রাটোপমাং দ্বাভ্যাং। সটাভিরবধূতাঃ প্রকম্পিতাঃ। পরাপতন্ ব্যশীর্য্যন্ত। তস্য দৃষ্ট্যা বিমুষ্টং রোচি র্যেষাং তে তিরস্কৃতপ্রভা অভবন্নিতি শেষঃ। দিগিভা দিগ্‌গজাঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্ত্রমালী মালারূপেণাস্ত্রং দধান ইত্যর্থঃ। দ্বিপহত্যয়া হস্তিবধেনান্বিতো হরিঃ সিংহ ইব। নখাঙ্কুরৈরুৎপাটিতং হৃৎসরোরুহং যস্যেতি। যত্রাহমেব প্রতিক্ষণং সুখমবসং তত্র সংপ্রত্যয়ং মন্দভাগ্যঃ ক্রোধমৎসরাদিকং তামসং কথং বাসয়তি স্মেতি দ্রষ্টুমিবেত্যুৎপ্রেক্ষা সরোরুহ-রূপকেণ ব্যজ্যতে। অতএবাঙ্কুররূপকং সরোরুহ-ভঙ্গাভাবায়ৈব বুধ্যতে। দোর্দ্দণ্ডানাং যূথানি যস্য সঃ। অনুপথান্ অনুবর্ত্তিনঃ ॥ ২৮ ॥ ২৯ ॥

তৎপ্রতাপানাহ সটেত্যাদি ॥ ৩০ ॥

অসংখ্য ভুজদণ্ডে দেদীপ্যমান ভগবান্ নৃসিংহদেব নখ-নিকৃন্তনের দ্বারা হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করত, তাহার হৃদয়পদ্ম উৎপাটন করিলেন; পরে তাহার যে সকল অনুচরবর্গ অস্ত্র শস্ত্রাদি ধারণে যুদ্ধার্থ উপস্থিত ছিল, এবং তাহাদের পক্ষপাতী অন্যান্য উপস্থিত সহস্র সহস্র অসুরকেও তিনি কেবল নখাস্ত্রবিশিষ্ট কর-সঞ্চালনেই তাহাদের সকলগুলিকে নিহত করিলেন। হে ভারত! এতদুপলক্ষে ভগবান্ নখাস্ত্রবিশিষ্ট অসংখ্য ভুজদণ্ডের আবিষ্কার করিয়াছিলেন ॥ ২৯ ॥

অহো! দৈত্যবধের উদ্‌যোগে সঞ্চালিত ভগবানের শিরোরুহের স্পর্শে

দ্যৌস্তৎসটোৎক্ষিপ্তবিমানসঙ্কুলা প্রোৎসর্পত ক্ষ্মাচ পদাভিপীড়িতা।
শৈলাঃ সমুৎপেতুরমুষ্য রংহসা তত্তেজসা খং ককুভো ন রেজিরে॥ ৩১॥
ততঃ সভায়ামুপবিষ্টমুত্তমে নৃপাসনে সংভৃততেজসং বিভুং।

অন্বয়ঃ।

তস্য সটাভিঃ উৎক্ষিপ্তানি যানি বিমানানি তৈঃ সঙ্কুলা ব্যাপ্তা দ্যৌঃ প্রোৎসর্পত প্রচলিতা ইব অভূৎ। ক্ষ্মা পৃথ্বী, তস্য পদাভিপীড়িতা অভূৎ; অমুষ্য রংহসা বেগেন শৈলাঃ সমুৎপেতুঃ; তস্য তেজসা খং আকাশঃ, ককুভঃ দিশঃ চ ন রেজিরে॥ ৩১॥

ততঃ সভায়াং উত্তমে নৃপাসনে উপবিষ্টং অত্যমর্ষণং অতিভয়ঙ্করং, যতঃ প্রচণ্ডং উগ্রং বক্ত্রং যস্য তং; সংভৃততেজসং (সংভৃতং সম্পূর্ণং তেজঃ যস্য তং) অতঃ অলক্ষিত-দ্বৈরথং

শ্রীধরস্বামী।

তস্য সটাভিরুৎক্ষিপ্তানি বিমানানি তৈঃ সঙ্কুলা ব্যাপ্তা সতী প্রোৎসর্পত স্বস্থানাৎ প্রকর্ষেণ উদসর্পত॥ ৩১॥

স্বভৃত্যৈশ্বর্যমাশ্চর্য্যমিব মত্বা কৌতুহলেন তস্যাসনে উপবিষ্টং ভয়াৎ কোঽপি ন বভাঞ্জ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সটাভিরূর্দ্ধং ক্ষিপ্তৈশ্চালিতৈর্বিমানৈঃ সঙ্কুলা ব্যাপ্তা ক্ষ্মাচ প্রোৎসর্পত অড়াগমাভাবতশ্চ বার্ষৌ তির্য্যগূর্দ্ধাধো ভাবেনাতিষ্ঠৎ॥ ৩১॥

নৃপাসনে উপবিষ্টমিতি যেন যঃ পরাভূয়তে তেন তদধিকারঃ স্বীক্রিয়তে ইতি রাজনীতিং প্রদর্শয়ন্নিব। যদ্বা। শাপগ্রস্তেঽপি স্বভৃত্যে স্বাভিমান-ত্যাগাভাবো ব্যঞ্জিতঃ। যঃ কিল

নভোমণ্ডলস্থ জলদরাশি ইতস্ততঃ প্রচালিত ও ছিন্ন ভিন্ন হইয়াছিল। তদীয় দৃষ্টিপ্রভাবে গ্রহাদি জ্যোতিষ্কগণের তেজোরাশি মলিন হইয়া পড়িল; বারিধি-সমূহ তদীয় নিশ্বাস-পবনে আহত হইয়া, তরঙ্গায়িত হইয়াছিল এবং তদীয় গর্জ্জন-ধ্বানতে মত্ত দিগ্‌ঘস্তী সকল ভয়ে কাতরকণ্ঠে চিৎকার করিয়াছিল॥ ৩০॥

তাঁহার জটার আঘাতে বিপর্য্যস্ত বিমান-রাজির গতিতে যেন নভোমণ্ডলেরও চাঞ্চল্যভাবের উপস্থিতি ঘটিয়াছিল। ধরিত্রী তদীয় পদবিক্ষেপে যেন একান্ত ভার-পীড়িতা হইয়াছিলেন এবং তদীয় বেগে অচল পর্ব্বত-সমূহ চঞ্চল হইয়া উৎপাটিতের ন্যায়, পতিত হইতে লাগিল; অধিক কি! তদীয় তেজে নভোমণ্ডল এবং দিক্ দিগন্ত যেন প্রভাহীন মলিন বলিয়া উপলব্ধ হইল॥ ৩১।

দৈত্যরাজ হিরণ্যকশিপুকে নিহত করিয়া, ভগবান্ নৃসিংহদেব সভামধ্যে উৎকৃষ্ট নৃপাসনে উপবেশন করিলেন। কিন্তু তদীয় উগ্র বদন-মণ্ডলের অসহ্য

অলক্ষিতদ্বৈরথমত্যমর্ষণং প্রচণ্ডবক্ত্রং ন বভাজ কশ্চন ॥ ৩২ ॥
নিশম্য লোকত্রয়মস্তকজ্বরং তমাদিদৈত্যং হরিণা হতং মৃধে।
প্রহর্ষবেগোৎকলিতাননামুহুঃ প্রসূনবর্ষৈ র্ববৃষুঃ সুরস্ত্রিয়ঃ ॥ ৩৩ ॥
তদা বিমানাবলিভি র্নভস্তলং দিদৃক্ষতাং সংকুলমাস নাকিনাং।
সুরানকাদুন্দুভয়ো হথজঘ্নিরে গন্ধর্ব্বমুখ্যা ননৃতু র্জগুঃ স্ত্রিয়ঃ ॥

অন্বয়ঃ।

(ন লক্ষিতঃ দ্বৈরথঃ প্রতিযোদ্ধা যেন তৎ) বিভুং (প্রভুং শ্রীনৃসিংহং কশ্চন সেবকঃ ন বভাজ সেবিতুং সমীপং ন জগাম ॥ ৩২ ॥

লোকত্রয়স্য মস্তকজ্বরং শিরোরোগং, দুঃসহং তং আদিদৈত্যং হিরণ্যকশিপুং, হরিণা শ্রীনৃসিংহেন, মৃধে যুদ্ধে, হতং নিশম্য দৃষ্ট্বা, প্রহর্ষবেগেন উৎকলিতানি বিকশিতানি আননানি যাসাং তাঃ সুরস্ত্রিয়ঃ মুহুঃ পুনঃ, প্রসূনবর্ষৈঃ তং নৃসিংহং ববৃষুঃ ॥ ৩৩ ॥

তদা দিদৃক্ষতাং দ্রষ্টুং ইচ্ছতাং, নাকিনাং দেবানাং, বিমানাবলিভিঃ নভস্তলং সঙ্কুলং ব্যাপ্তং, আস বভূব। অথ অনন্তরমেব, সুরাণাং আনকাঃ পটহাঃ দুন্দুভয়ঃ চ জঘ্নিরে তৈঃ বাদিতাঃ বভূবুঃ ; গন্ধর্ব্বমুখ্যাঃ জগুঃ ; স্ত্রিয়ঃ অপ্সরসঃ, ননৃতুঃ ॥

শ্রীধরস্বামী।

নাসেবেত। ন লক্ষিতো দ্বৈরথঃ প্রতিযোদ্ধা যেন ॥ ৩২ ॥

লোকত্রয়স্য মস্তকজ্বরং শিরোব্যথামিব দুঃসহং। প্রহর্ষস্য বেগেন উৎকলিতানি বিকসিতানি আননানি যাসাং তাঃ নৃহরিং ববৃষুঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋষিভিরপি সমর্পিতানন্যানুপহৃতান্মন্ত্রপূতানপ্যাসনাদ্যুপহারান্ সাক্ষান্নাঙ্গীকরোতি সএব ভগবান্ স্বভক্তেনাসুরভাবগ্রস্তেন শাপভ্রষ্টেনাপ্যদত্তমপি তদুপভুক্তমপি সিংহাসনং যং স্বয়মেবাস্ত তদ্ভক্তসৌভাগ্যমেব সর্ব্বান্ দর্শয়ামাসেতি তত্ত্বং। সংভৃততেজসং সংপূর্ণপ্রকাশং ন লক্ষিতো দ্বৈরথঃ প্রতিযোদ্ধা যেন তৎ-ন বভাজ। ভয়াদ্যজনাদিনা ভক্তোঽপি কোঽপি নাসেবেত ॥ ৩২ ॥　　নিশম্য দৃষ্ট্বা। মস্তকস্য জ্বরমিব দুঃসহং ॥ ৩৩ ॥

তেজ, সংগ্রামে অমিত বিক্রম এবং অতুল প্রভাব দর্শনে কোন সেবক তদীয় সেবার জন্য সমীপে অগ্রসর হইতে সাহসী হয় নাই ॥ ৩২ ॥

ত্রিলোকের শিরোরোগ-সদৃশ ভীষণ দৈত্যপতি হিরণ্যকশিপু ভগবান্ নৃসিংহ কর্ত্তৃক সংগ্রামে নিহত হইয়াছে অবলোকন করিয়া, আনন্দোচ্ছ্বাসে বিকশিত-বদনা সুরবনিতাগণ নৃসিংহদেবের উপর পুষ্পবর্ষণ করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

এই তুমুল ব্যাপার প্রত্যক্ষ করিবার নিমিত্ত উপনীত অমরবাসিগণের

তত্রোপব্রজ্য বিবুধা ব্রহ্মেন্দ্রগিরিশাদয়ঃ।
ঋষয়ঃ পিতরঃ সিদ্ধা বিদ্যাধরমহোরগাঃ ॥ ৩৪ ॥
মনবঃ প্রজানাং পতয়ো গন্ধর্ব্বাপ্সরচারণাঃ।
যক্ষাঃ কিংপুরুষাস্তাত বেতালাঃ সহ কিন্নরাঃ ॥
বিষ্ণুপার্ষদাঃ সর্ব্বে সুনন্দ-কুমুদাদয়ঃ ॥ ৩৫ ॥
মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলিপুটা আসীনং তীব্রতেজসং।
ঈড়িরে নরশার্দ্দূলং নাতিদূরচরাঃ পৃথক্ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

তত্র ব্রহ্মেন্দ্রগিরিশাদয়ঃ বিবুধাঃ ঋষয়ঃ পিতরঃ সিদ্ধাঃ বিদ্যাধরাঃ মহোরগাঃ প্রজানাং পতয়ঃ, মনবঃ, চারণাঃ, যক্ষাঃ, কিম্পুরুষাদয়ঃ, বিষ্ণুপার্ষদাঃ চ সহকিন্নরাঃ বেতালাঃ সুনন্দ-কুমুদাদয়ঃ সর্ব্বে তত্র উপব্রজ্য ॥ ৩৪ ॥ ৩৫ ॥

মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলিপুটাঃ সন্তঃ নাতিদূরচরাঃ এব (সিংহাসনে) আসীনং উপবিষ্টং তীব্রতেজসং নরশার্দ্দূলং নৃহরিং, পৃথক্ পৃথক্ যূথশঃ ঈড়িরে তুষ্টুবুঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী

নাকিনাং বিমানাবলিভিঃ। সুরাণাং আনকাঃ পটহা স্তৈর্জ্জিরে বাদিতাঃ। স্ত্রিয়োঽপ্সরসো ননৃতুঃ ॥ ৩৪ ॥

গন্ধর্ব্বাশ্চ অপ্সরসশ্চ চারণাশ্চেত্যর্থঃ ॥ ৩৫ ॥ নরশার্দ্দূলং পুরুষোত্তমং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

নাকিনাং স্বর্গিণাং। আস বভূব ॥ ৩৪ ॥ অপ্সরচারণা ইত্যার্ষং ॥ ৩৫ ॥ ৩৬ ॥

বিমান-শ্রেণীতে নভোমণ্ডল পরিব্যাপ্ত হইয়াছিল। হিরণ্যকশিপুর নিধনে দেবতাগণ সকলে স্বর্গ হইতে আনক এবং দুন্দুভি প্রভৃতির বাদ্যধ্বনি করিয়াছিলেন; গন্ধর্ব্বগণ মুক্তকণ্ঠে গীতালাপ করিতে লাগিলেন এবং অপ্সরাগণ নৃত্য করিয়াছিলেন ॥

ব্রহ্মা, ইন্দ্র এবং মহাদেবাদি দেবতাগণ, ঋষিগণ, পিতৃগণ, সিদ্ধ, চারণ, বিদ্যাধর, মহোরগ, প্রজাপতিগণ, মনুগণ, যক্ষ, রক্ষ, কিন্নর, কিম্পুরুষ, বেতাল এবং সুনন্দ ও কুমুদাদি ভক্তগণ সকলে আনন্দ-সহকারে তথায় উপস্থিত হইলেন ॥ ৩৪ ॥ ৩৫ ॥

তাঁহারা সকলে অবনত-মস্তকে বদ্ধাঞ্জলি হইয়া, সিংহাসনোপবিষ্ট ভগবান্ নৃহরির নিকটবর্ত্তী হইয়া, পৃথক্ পৃথক্ দলে দলে তাঁহার স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ৩৬ ॥

ব্রহ্মোবাচ।

নতোঽস্ম্যনন্তায় দুরন্তশক্তয়ে বিচিত্রবির্য্যায় পবিত্রকর্ম্মণে।
বিশ্বস্য সর্গ-স্থিতি-সংযমান্ গুণৈঃ স্বলীলয়া সন্দধতেঽব্যয়াত্মনে ॥ ৩৭ ॥

রুদ্র উবাচ।

কোপকালো যুগান্ত স্তে হতোঽয়মসুরোঽল্পকঃ।

অন্বয়ঃ।

ব্রহ্মা উবাচ। অনন্তায় দেশ-কাল-বস্তু-পরিচ্ছেদ-শূন্যায়, দুরন্তশক্তয়ে (দুরন্তাঃ দুর্জ্ঞেয়াঃ শক্তয়ঃ যস্য তস্মৈ) বিচিত্রবীর্য্যায় (বিচিত্রাণি বীর্য্যাণি প্রভাবাঃ যস্য তস্মৈ) পবিত্রকর্ম্মণে তথা গুণৈঃ স্বলীলয়া বিশ্বস্য সর্গস্থিতিসংযমান্ সন্দধতে অব্যয়াত্মনে তে নতঃ অস্মি ॥ ৩৭ ॥

শ্রীরুদ্রঃ উবাচ। হে ভক্তবৎসল তব কোপস্য কালঃ যুগান্তঃ দ্বিপরার্দ্ধাবসানং

শ্রীধরস্বামী।

ব্রহ্মাদয়ো নৃসিংহস্য শঙ্কয়াকুলচেতসঃ। আরাদেব স্তবন্ সপ্তদশশ্লোকৈঃ পৃথক্ পৃথক্। অনন্তায় অনন্তং প্রসাদয়িতুং নতোঽস্মি। অনন্তত্বে হেতুঃ দুরন্তাঃ শক্তয়ো যস্য। তৎ কুতঃ বিচিত্রাণি বীর্য্যাণি প্রভাবা যস্য। তৎ কিমর্থং পবিত্রাণি শোধকানি কর্ম্মাণি যস্য বিচিত্র-বীর্য্যত্বমেবাহ বিশ্বস্যেতি। সন্দধতে সম্যক্ কুর্ব্বতে। এবমপি অব্যয়াত্মনেঽপ্রচ্যুতস্বরূপায় ॥৩৭॥

শ্রীরুদ্রস্তু তৎকোপকালাভজ্ঞো নায়ং কোপাবসর ইতি তং প্রার্থয়তে সহস্রযুগান্ত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সনকাদীন্ কোপয়সি স্বভক্তো ভ্রংশয়সি ময়া বরান্ দাপয়সি দৈত্যগৃহে ভক্তরাজমাবির্ভাবয়সি। দৈত্যং প্রেষ্য ভক্তং জিঘাংসয়সি। ভক্তরক্ষার্থং স্বয়মেব মাবির্ভবসীতি তব বিধিৎসিতং ন কোঽপি বেত্তীত্যাহ নতোঽস্মীতি। অনন্তায় ন জ্ঞাতুং শক্যোঽন্তো যস্য তস্মৈ। অনন্তং ত্বাং প্রসাদয়িতুং দুরন্তশক্তয়ে দুর্জ্ঞেয়োঽন্তো যাসাং তথাভূতাঃ শক্তয়ো যস্য তস্মৈ। বিচিত্রবীর্য্যায় ক্ষণমাত্রেণ সর্ব্বাজেয়দৈত্যনিহন্ত্রে। ক্রোধচেষ্টিতস্যেঽপি শুদ্ধময়ত্বাৎ পবিত্রং কর্ম্ম যস্য তস্মৈ। সন্দধতে কুর্ব্বতে ॥ ৩৭ ॥

তব ঘোরস্বরূপমালক্ষ্য প্রলয়শঙ্কয়া সর্ব্বে বিভ্যতি ন ত্বহমিত্যাহ কোপেতি। যুগান্তঃ

কমলাসন ব্রহ্মা বলিলেন, হে অনন্তদেব! আপনার শক্তির অন্ত নাই এবং দেশ, কাল বা বস্তুর দ্বারা আপনার কোনরূপ সীমা বা পরিচ্ছেদও ঘটে না। আপনার লীলা বিচিত্র এবং প্রভাবও অনির্ব্বচনীয়! আপনি সত্ত্ব, রজঃ এবং তমো নামক স্বকীয় শক্তিস্বরূপ গুণের প্রভাবে এই বিশ্ব সংসারের সৃষ্টি, স্থিতি ও সংহার কার্য্য সাধিত করিতেছেন! আপনি অব্যয়াত্মা! আপনাকে প্রণাম করি! ॥ ৩৭ ॥

রুদ্র বলিলেন, হে ভক্তবৎসল! দেব-পরিমাণে দ্বিপরার্দ্ধের অবসান

তৎসুতং পাহ্যপসৃতং ভক্তং তে ভক্তবৎসল ॥ ৩৮ ॥

ইন্দ্র উবাচ ॥

প্রত্যানীতাঃ পরম ভবতা ত্রায়তা নঃ স্বভাগা
দৈত্যাক্রান্তং হৃদয়কমলং ত্বদ্গৃহং প্রত্যবোধি।

অন্বয়ঃ।

এব; অয়ং তু অসুরঃ অল্পকঃ তুচ্ছঃ (ন তব কোপযোগ্যঃ) হতঃ এব অধুনা ন কোপস্য কিঞ্চিৎ প্রয়োজনং দৃশ্যতে। অতঃ ইদানীং তস্য উপসৃতং শরণাগতং, সুতং তে তব ভক্তং প্রহ্লাদং, পাহি ॥ ৩৮ ॥

ইন্দ্রঃ উবাচ। হে পরম পরমেশ্বর! সর্ব্বান্তর্যামিন্! নঃ অস্মান্, ত্রায়তা রক্ষতা, ভবতা স্বীয়াঃ এব ভাগাঃ দৈত্যাৎ প্রত্যানীতাঃ প্রত্যাহৃতাঃ। বস্তুতঃ অস্মদীয়ং হৃদয়কমলং ত্বদ্গৃহং এব (এতাবৎ পর্য্যন্তং ভয়হেতুত্বেন) দৈত্যাক্রান্তং (দৈত্যেন আক্রান্তং ব্যাপ্তং সৎ)

শ্রীধরস্বামী।

স্তব কোপস্য কালঃ। ন কোপযোগ্যশ্চায়মিত্যাহ অল্পকঃ। অত্যল্পঃ অতঃ কোপনিবৃত্ত্যা প্রহ্লাদং মাহিংসীরিত্যাহ তৎসুতমিতি। যদ্বা অকালেঽপায়ং কোপঃ অস্য ভক্তস্য রক্ষণায় ইতি চেত্তর্হি ইদানীং কোপং ত্যক্ত্বা ইমং পাহীত্যর্থঃ ॥ ৩৮ ॥

ইন্দ্রস্তু নাস্মাকং হবির্ভাগলাভঃ পুরুষার্থঃ কিন্তু তৎপরিচর্য্যৈব। ভবতা পুনরনেন সংরম্ভেণ তৎকার্য্যমেব সাধিতং। তস্য চ সিদ্ধত্বাৎ উপসংহরৈনং ক্রোধমিত্যাশয়েনাহ হে পরম

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রলয়ঃ তব কোপস্য কালঃ প্রলয় স্তব সংহারে কর্ম্মণি অহমেব ত্বদংশোবার্ত্তরৈবেতি ভাবঃ। ভক্তবাৎসল্যার্থময়ং কোপ ইতি চেৎ অল্পকঃ ত্বদপেক্ষয়া অত্যল্পোঽয়মসুরো হত এব। অত স্তৎসুতং প্রহ্লাদং উপসৃতমনুগতং ॥ ৩৮ ॥

এতাবদ্দিনপর্য্যন্তং ত্বচ্চরণ-স্মরণ-বিমুখ এবাহং বর্ত্তে ইত্যাহ হে পরম! নোঽস্মাংস্ত্রায়তা রক্ষতা ভবতা স্বীয়া এব ভাগা দৈত্যাৎ প্রত্যানীতাঃ প্রত্যাহৃতাঃ। ইন্দ্রাদীনাং ত্বদ্দাসানামস্মাকং বস্তুষু বস্তুতঃ প্রভো স্তবৈব স্বত্বৌচিত্যাৎ কিঞ্চাস্মাকং হৃদয়ং খলু কমলং তত্র শশ্বত্তবৈব-

---

হইলে যে যুগান্ত কাল, তাহাই আপনার কোপের অবসর। এক্ষণে ত সে কাল উপস্থিত হয় নাই! এই তুচ্ছ অসুর আপনার সামান্য ক্রোধদৃষ্টিতেই নিহত হইয়াছে; এক্ষণে আর কোপের ত কোন প্রয়োজন পরিদৃষ্ট হইতেছে না। অতএব এক্ষণে ক্রোধ পরিহার করত, ভবদীয় পরম ভক্ত অসুর-নন্দন প্রহ্লাদকে রক্ষা করুন! ॥ ৩৮ ॥

ইন্দ্র বলিলেন, হে সর্ব্বান্তর্যামিন্ পরম পুরুষ পরমেশ্বর! আমাদিগকে এই অসুরহস্ত হইতে রক্ষা করিবার উপলক্ষে, আপনি স্বীয় যজ্ঞভাগেরই

কালগ্রস্তং কিয়দিদমহো নাথ শুশ্রূষতাং তে
মুক্তিস্তেষাং নহি বহুমতা নারসিংহাপরৈঃ কিং ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

প্রত্যবোধি তদ্বধাদ্ভয়াপাকরণেন ত্বয়া বিকাশং নীতং; অহো নাথ! হে স্বামিন্! তে তব শুশ্রূষতাং সেবকানাং, ইদং কালগ্রস্তং ত্রৈলোক্যৈশ্বর্য্যং কিয়ৎ? অতি তুচ্ছমেব। হে নারসিংহ! নরস্য সিংহস্য চ আকারাভ্যাং আবির্ভূত! তে ত্বাং শুশ্রূষতাং সেবমানানাং, পরমপুরুষার্থরূপা মুক্তিঃ অপি যদা ন বহুমতা, তর্হি তদা অপরৈঃ ধর্ম্মাদিভিঃ পুরুষার্থৈঃ, কিং প্রয়োজনং? ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

নোহস্মান্ ত্রায়তা রক্ষতা ভবতা স্বীয়া এব ভাগা দৈত্যাক্রান্তা প্রত্যানীতাঃ। অন্তর্যামিণ স্তবৈব যজ্ঞেষু ভোক্তৃত্বাৎ। অস্মদীয়ঞ্চ হৃদয়কমলং ত্বদ্ধাম হমেব। এতৎ পর্য্যন্তং ভয়হেতুত্বেন অস্মৎস্মৃতিপথে নিত্যং স্থিতেন দৈত্যেনাক্রান্তং ব্যাপ্তং সৎ প্রত্যবোধি ভয়াপাকরণেন বিকাশং নীতং। তব ত্রৈলোক্যৈশ্বর্য্যসাধনার্থং অয়মুদ্যম ইতি চেত্তত্রাহ কালগ্রস্তমিতি। তে ত্বং হে নারসিংহ নরসিংহাকারাভ্যামাবির্ভূত ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধ্যাতত্বাত্ত্বদ্ধাম হৃদং। তচ্চ কমলং যথা নিঃশ্রীকং রাত্রৌ তমসাক্রান্তং মলিনং নিদ্রিতং ভবেৎ তথৈব দৈত্যজন্মারভ্য এতাবদ্দিনপর্য্যন্তং ভয়াদ্দৈত্যস্যৈব ধ্যাতত্বাদ্দৈত্যাক্রান্তং সংপ্রতি তব নৃসিংহসূর্য্যস্যোদয়ে সতি প্রত্যবোধি স্বচ্চরণাক্রান্তং সদ্ব্যকসদিত্যর্থঃ। যদ্বা ত্বদ্ধাম হৃদং বৈকুণ্ঠং প্রতি অবোধি ত্বচ্চরণসেবার্থং বুদ্ধিং প্রাপেত্যর্থঃ। নন্বু ভক্তাভিমানিনিন্দ্রপদং গৃহাণেতি তত্র সত্যমহং সকামো ভক্তিশূন্যো গ্রহীষ্যামীত্যাহ ত্বান্নষ্কাম-ভক্তানান্তু কালগ্রস্তমিতি ইদমিন্দ্রপদং অপরে যোগৈশ্বর্য্যাদিভিঃ ॥ ৩৯ ॥

দৈত্যহস্ত হইতে পুনরাহরণ করিয়াছেন। হে হৃদয়বল্লভ! আমাদের হৃদয়-কমলই আপনার চিরপ্রসিদ্ধ বাস-মন্দির! কিন্তু দুঃখের বিষয় এই যে, হিরণ্যকশিপুর ভয়ে আমরা সতত ভীত থাকায়, এতকাল উক্ত দৈত্যপতিই আপনার আবাস-মন্দির আমাদের হৃদয়-কমলকে অধিকার করত অবস্থান করিতেছিল। আমাদের স্মৃতিপথে আপনার পরমস্বরূপের পরিবর্ত্তে উক্ত অসুর-মূর্ত্তিই নিরন্তর জাগরূক থাকিত। কিন্তু হে প্রভো জগৎস্বামিন্! অদ্য সেই দৈত্যরাজকে নিহত করিয়া, আমাদের হৃদয়-কন্দরে আপনি স্বকীয় পরম বিগ্রহের প্রকটন করিয়াছেন। হে নাথ! যাহারা ভবদীয় শ্রীচরণের অনুরক্ত ভক্ত, তাহাদের আর এই কাল-নাশ্য ত্রিলোকের ঐশ্বর্য্যেরই বা ফল কি আছে! আপনার সেবকগণ যখন পরম পদ মোক্ষপদেরও কোনরূপ প্রার্থনা করেন না, তখন ধর্ম্মাদি অন্যান্য পুরুষার্থের কিছুমাত্র

ঋষয় ঊচুঃ ॥

ত্বমস্তপঃ পরমমাথ যদাত্মতেজো যেনেদমাদিপুরুষাত্মগতং সসর্জ্জ।
তদ্বিপ্রলুপ্তমমুনাদ্য শরণ্যপাল রক্ষাগৃহীত-বপুষা পুনরন্বমংস্থাঃ। ৪০ ॥

অন্বয়ঃ।

ঋষয়ঃ উচুঃ। হে আদিপুরুষ! ত্বং নঃ অস্মাকং ঋষীণাং যৎ পরমং আত্মনঃ তব তেজঃ প্রভাবরূপং যেন আত্মনি লীনং ইদং সসর্জ্জ সৃষ্টবান্ এব, সর্ব্বসাধনোৎকৃষ্টং তস্য ধ্যানলক্ষণং যৎ তপঃ আথ উপদিষ্টবান্, তৎ অধুনা দৈত্যেন বিপ্রলুপ্তং প্রলোপিতং সৎ হে শরণ্যপাল! অদ্য রক্ষার্থং গৃহীতেন অনেন বপুষা পুনরপি (তপঃ কুরুত ইতি) অন্বমংস্থাঃ তদ্বধেন অনুজ্ঞাপিতবানসি! তস্মৈ তে নমঃ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

ঋষয়স্তু তপঃ প্রবর্ত্তনেনাস্মাকং মহাননুগ্রহঃ কৃত ইত্যাহুঃ। ত্বং নো যদাথ পরমং ধ্যানলক্ষণং তপঃ। পরমত্বে হেতুঃ আত্মন স্তব তেজঃ প্রভাবরূপং তদেবাহুঃ যেন তপসা আত্মনি লীনমিদং বিশ্বং সসর্জ্জ সৃষ্টবানসি তৎ অমুনা দৈত্যেন বিপ্রলুপ্তং কুণ্ঠীকৃতং সৎ হে শরণ্যপাল অদ্য রক্ষণার্থং গৃহীতেনানেন বপুষা পুনরপি তপঃ কুরুতেত্যভ্যনুজ্ঞাতবানসি। তস্মৈ তে নম ইত্যুত্তরশ্লোক-চতুর্থপাদস্যানুষঙ্গঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতাবদ্দিনপর্য্যন্তমস্মাভি র্ন তপস্তপ্তমিত্যাহুঃ। ত্বং নোঽস্মাকং পরমং যুষ্মদ্ধ্যানময়ং স্বরূপ স্তৎ আত্মনঃ স্বস্য তেজঃ আথ অস্মাসু তপঃ প্রবর্ত্তনার্থমাত ভাবঃ। যেন তেজসা তপোরূপেণ আত্মনি লীনমিদং বিশ্বং সসর্জ্জিথ অস্রাক্ষীঃ। সসর্জ্জেতাপি পাঠঃ। স্বজামি তপসৈবেদমিতি ত্বহুক্তেঃ। তত্তপঃ অমুনা দৈত্যেন সৌরং তেজো রাহুণেব বিপ্রলুপ্তং। তৎ সংপ্রতি রক্ষার্থং গৃহীতেনানেন বপুষা নৃসিংহাকারেণ অন্বমংস্থাঃ পুনরপ্যস্মৎকর্ত্তব্যত্বেন অনুমতং সম্মতমকরোঃ ॥ ৪০ ॥

প্রয়োজন যে তাঁহাদের নাই, তাহাতে আর বক্তব্য কি!॥ ৩৯ ॥

ঋষিগণ বলিলেন, হে আদিপুরুষ! আপনি যে তেজের প্রভাবে আত্মস্বরূপে বিলীন এই সংসারকে পুনরায় সৃজন করিতেছেন, সেই ভবদীয় তেজঃস্বরূপের চিন্তনরূপ সর্ব্বসাধনোৎকৃষ্ট তপস্যার উপদেশ আমাদের ন্যায় ঋষিগণকে আপনি প্রদান করিয়াছিলেন; কিন্তু এই দৈত্যপতির অত্যাচারে এতকাল তাহা সম্পূর্ণ বিলুপ্ত হইয়াছিল। আপনার স্বরূপচিন্তা পরিত্যাগ করিয়া, দারুণ দৌরাত্ম্য-নিবন্ধন এই অসুরের চিন্তাতেই এতকাল আমরা নিমগ্ন ছিলাম। হে শরণাগত-প্রতিপালক! জগতের রক্ষার্থ আপনি যে এই বিগ্রহ ধারণ করিয়াছেন এবং তপস্যা কর! বলিয়া অনুমতি প্রদান করিতেছেন, তাহাতেই আমরা একান্ত অনুগৃহীত হইলাম! আপনাকে প্রণাম করি!॥ ৪০ ॥

পিতর ঊচুঃ ॥

শ্রাদ্ধানি নোঽধিবুভুজে প্রসভং তনূজৈর্দত্তানি তীর্থসময়েঽপ্যপিবত্তিলাম্বু।
তস্যোদরান্নখবিদীর্ণবপাদ্ য আর্চ্ছত্তস্মৈ নমো নৃহরয়েঽখিলধর্ম্মগোপ্ত্রে ॥৪১॥

সিদ্ধা ঊচুঃ ॥

যো নো গতিং যোগসিদ্ধামসাধু রহার্ষীদ্‌যোগতপোবলেন।

অন্বয়ঃ।

পিতরঃ ঊচুঃ। নঃ অস্মাকং তনূজৈঃ পুত্রৈঃ, দত্তানি শ্রাদ্ধানি শ্রদ্ধাযুক্তানি পিণ্ডাদীনি, যঃ অধিবুভুজে অধিকৃত্য বুভুজে, তথা তীর্থস্নান-সময়ে নঃ অস্মভ্যং দত্তং তিলোদকং অপি যঃ প্রসভং বলাৎ, অপিবৎ ইদানীং নখবিদীর্ণবপাং (নখৈঃ বিদীর্ণা বপা মেদঃ যস্য তস্মাৎ) তস্য উদরাৎ যঃ আর্চ্ছৎ আহৃতবান্, অখিল-ধর্ম্ম-গোপ্ত্রে, তস্মৈ নৃহরয়ে তে তুভ্যং নমঃ ॥ ৪১ ॥

সিদ্ধাঃ ঊচুঃ। হে নৃসিংহ! যঃ অসাধুঃ দুরাত্মা দৈত্যঃ নঃ অস্মাকং যোগেন সিদ্ধাং গতিং অনিমাদিরূপাং যোগতপোবলেন অহার্ষীৎ অপহৃতবান্ নানাদর্পং ধনাভিজনাদি-

শ্রীধরস্বামী।

পিতরস্তু শ্রাদ্ধোদ্ধারণেন পরমোপকারিণং প্রণমন্তি শ্রাদ্ধানি শ্রদ্ধাযুক্তানি পিণ্ডাদীনি নোঽস্মভ্যং পুত্রৈর্দত্তানি প্রসভং বলাৎ স্বয়মধিকৃত্য বুভুজে কিঞ্চ তীর্থস্নানসময়ে দত্তং তিলোদকমপি অপিবৎ তানি তস্যোদরাৎ য আর্চ্ছৎ আহৃতবান্। কথম্ভূতাৎ নখৈ র্বিদীর্ণা বপা যস্য তস্মাৎ। বপাবিদারণস্য তদ্গতপিণ্ডোদ্ধারণমেব ফলমিতি ভাবঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়মেতাবদ্দিনপর্য্যন্তমুপবাসপরা এবাভূমেত্যাহুঃ। শ্রাদ্ধানি শ্রাদ্ধপিণ্ডাদীনি। তীর্থস্নানসময়ে তিলাম্বু তিলতর্পণোদকং তানি তচ্চ। উদরাদ্‌য আর্চ্ছৎ আহৃতবান্। কথম্ভূতাৎ নখৈ র্বিদীর্ণা বপা মেদো যস্য তস্মাৎ। বপা বিবর-মেদসোরিতি মেদিনী। বপাং বিদার্য্য পিণ্ডতিলোদকাদীন্যেবাস্মান্ দর্শয়ামাসেত্যর্থঃ ॥ ৪১ ॥

যোগৈশ্বর্য্যসম্পত্তিহীনা রক্ষা ইব বয়মেতং কালং প্রতীক্ষামহে ইত্যাহুঃ। যো নো গতি-

---

পিতৃগণ বলিলেন, হে জগৎস্বামিন্! আমাদের পুত্রগণ আমাদের উদ্দেশ্যে শ্রদ্ধা সহকারে যে সকল শ্রাদ্ধীয় অন্ন এবং পিণ্ডাদি প্রদান করে, কিম্বা তীর্থস্নান কালে যে তিলোদক প্রদান করে, এই অসুর এযাবৎকাল বলপূর্ব্বক তাহা সমস্তই অধিকার করিয়া আসিয়াছে। কিন্তু হে দয়াময়! আপনি স্বীয় নখরূপ প্রখর অস্ত্রের আঘাতে ইহার মেদাদি বিদীর্ণ করত, সে সমস্তই আহরণ করিয়াছেন। হে নিখিল-ধর্ম্ম-পালক নৃহরে! আপনাকে প্রণাম করি! ॥ ৪১ ॥

সিদ্ধগণ বলিলেন, হে নরসিংহ! আমরা যমনিয়মাদি যোগের অনুশীলনে

নানাদর্পস্তনখৈ র্বিদদার তস্মৈ তুভ্যং প্রণতাঃ স্মো নৃসিংহ ॥ ৪২ ॥

বিদ্যাধরা ঊচুঃ ॥

বিদ্যাং পৃথঙ্ধারণয়ানুরাদ্ধাং ন্যষেধদজ্ঞো বলবীর্য্যদৃপ্তঃ।

স যেন সংখ্যে পশুবদ্ধত স্তং মায়ানৃসিংহং প্রণতাঃ স্ম নিত্যং ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

জনিতানেকগর্ব্বযুক্তং তং দৈত্যং যঃ নখৈঃ বিদদার বিদারিতবান্, তস্মৈ তুভ্যং বয়ং প্রণতাঃ স্মঃ ॥ ৪২ ॥

বিদ্যাধরাঃ ঊচুঃ। যঃ বলবীর্য্যদৃপ্তঃ (বলং দেহশক্তিঃ বীর্য্যং পরাভবসামর্থ্যং তাভ্যাং দৃপ্তঃ গর্ব্বিতঃ) অজ্ঞঃ মূর্খঃ পৃথক্ পৃথক্ মনোধারণয়া অনুরাদ্ধাং সিদ্ধাং, অস্মাকং বিদ্যাং অন্তর্ধানাদি-লক্ষণাং ন্যষেধৎ প্রতিবদ্ধাং অকরোৎ, সঃ অসুরঃ, যেন সংখ্যে যুদ্ধে, পশুবৎ হতঃ তং ত্বাং মায়ানৃসিংহং (মায়য়া গৃহীতনৃসিংহ-বিগ্রহং) বয়ং নিত্যং প্রণতাঃ স্মঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

যোগসিদ্ধাং গতিং অণিমাদিসিদ্ধিং নানা অনেকা দর্পা যস্য তং। তস্মৈ তুভ্যং ত্বাং ত্বামুদ্দিশ্য ॥ ৪২ ॥

বিদ্যামন্তর্দ্ধানাদিলক্ষণাং অনুরাদ্ধাং সম্প্রাপ্তাং। সংখ্যে যুদ্ধে ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মণিমাদিসিদ্ধিং নানাদর্পমনেকদর্পবন্তং তমসুরং ॥ ৪২ ॥

বয়মপ্যেতাবদ্দিনপর্য্যন্তং বিদ্যারহিতা এবাস্মেত্যাহুঃ। বিদ্যামন্তর্দ্ধানাদিলক্ষণাং। রাদ্ধাং সিদ্ধাং। সংখ্যে যুদ্ধে। মায়ানৃসিংহং কৃপাপ্রধানং নৃসিংহং ॥ ৪৩ ॥

অণিমাদি বিচিত্র সিদ্ধি-লাভে সর্ব্বদা অব্যাহত গতিতে সর্ব্বত্র বিচরণ করিয়া থাকি! কিন্তু এই দুরাত্মা দৈত্য নিজের যোগ এবং তপোবলের দ্বারা আমাদেরও সেই ঐশ্বর্য্য অপহরণ করিয়াছে। এযাবৎকাল ধন-জনাদি-জনিত বিচিত্র অভিমানে দর্পিত হইয়া, বিলক্ষণ প্রতিপত্তিরই পরিচয় প্রদান করিতেছিল! কিন্তু ভাগ্যবলে উক্ত দর্পিত দানবকে আপনি নখরাঘাতে বিদীর্ণ করিয়া, জগতে শান্তি স্থাপন করিয়াছেন, আপনাকে আমরা প্রণাম করি! ॥ ৪২ ॥

বিদ্যাধরগণ বলিলেন, যে বিবেকহীন মূর্খ অসুর শারীরিক বল এবং বীর্য্যমদে একান্ত দর্পিত হইয়া, পৃথক্ পৃথক্ ভাবে মনঃ সংযমের দ্বারা লব্ধ অন্তর্ধানাদি লক্ষণা আমাদের অপূর্ব্ব বিদ্যাসমূহকে বিলুপ্ত করিয়াছিল, অদ্য সেই প্রবল পরাক্রম দৈত্য আপনার সহিত সংগ্রামে পশুর ন্যায় নিহত হইয়াছে! অহো! আপনি কেবল স্বীয় ইচ্ছাক্রমে এই নৃসিংহ বিগ্রহ ধারণে, অবতীর্ণ হইয়াছেন! আপনাকে আমরা প্রণাম করি! ॥ ৪৩ ॥

নাগা ঊচুঃ ॥

যেন পাপেন রত্নানি স্ত্রীরত্নানি হৃতানি নঃ।
তদ্বক্ষঃ পাটনেনাসাং দত্তানন্দ নমোঽস্তু তে ॥ ৪৪ ॥

মনব ঊচুঃ ॥

মনবো বয়ং তব নিদেশকারিণো দিতিজেন দেব পরিভূতসেতবঃ।
ভবতা খলঃ স উপসংহৃতঃ প্রভো করবাম তে কিমনুশাধি কিঙ্করান্ ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

নাগাঃ ঊচুঃ যেন পাপেন দুরাচারেণ, নঃ অস্মাকং, রত্নানি ফণাসু স্থিতানি, স্ত্রীরত্নানি চ হৃতানি তস্য বক্ষঃপাটনেন আসাং স্ত্রীণাং, হে দত্তানন্দ ! (দত্তঃ আনন্দঃ যেন তৎসম্বোধনে) তে তুভ্যং নমঃ ॥ ৪৪ ॥

মনবঃ ঊচুঃ। হে দেব ! বয়ং তব নিদেশকারিণঃ মনবঃ ! এতাবন্তং কালং যেন দিতিজেন পরিভূতসেতবঃ (পরিভূতাঃ পরিহাপিতাঃ সেতবঃ বর্ণাশ্রমমর্য্যাদাঃ যেষাং তাদৃশাঃ) বভূবিম। অধুনা সঃ খলঃ দিতিজঃ ভবতা উপসংহৃতঃ। অতঃ হে প্রভো ! হে স্বামিন্ ! তে তব কিং করবাম তৎ কিঙ্করান্ অস্মান্ অনুশাধি আজ্ঞাপয় ! ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

রত্নানি ফণাসু স্থিতানি। স্ত্রীরত্নানিচ উত্তমাঃ স্ত্রিয়ঃ। আসাং স্ত্রীণাং দত্ত আনন্দো যেন তৎ সম্বোধনং। অস্মদ্দত্তানন্দেতি পাঠে অস্মাকং দত্ত আনন্দো যেন ইতি ॥ ৪৪ ॥

নৃসিংহেনাবলোকিতাঃ সন্তো মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলয়ো মনবঃ প্রোচুঃ। মনবো বয়ং ধর্ম্মপালকাঃ। পরিভূতাঃ সেতবো বর্ণাশ্রমধর্ম্মমর্য্যাদা যেষাং তে। অনুশাধি অনুশিক্ষয় ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হৃতধনা হৃতস্ত্রীকা এব বয়মেতাবদ্দিনপর্য্যন্তং সন্তপ্তা এবেত্যাহুঃ যেনেতি। তদ্বক্ষসঃ পাটনেন বিদারণেন আসাং স্ত্রীণাং। হে দত্তানন্দ ! ॥ ৪৪ ॥

নৃসিংহেনাকস্মাদবলোক্যমানা মনবো মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলয়ো বয়ং ত্বদাজ্ঞাকারিণো মনবো ভবামেত্যাহুঃ। এবমগ্রেঽপ্যবতারিকা জ্ঞেয়া মনব ইতি। সেতবো বর্ণাশ্রমধর্ম্মমর্য্যাদাঃ ॥ ৪৫ ॥

নাগগণ বলিলেন, যে দুরাচারী পাপাত্মা কর্ত্তৃক আমাদের ফণাস্থিত মণি এবং সুন্দরী নারীগণ অপহৃত হইয়াছিল, সেই পাষণ্ডের বক্ষঃস্থল বিদীর্ণ করত, আমাদের পত্নীগণের হৃদয়ে আপনি প্রকৃত পবিত্র আনন্দের প্রচার করিয়াছেন ! আপনাকে প্রণাম করি ! ॥ ৪৪ ॥

মনুগণ বলিলেন, হে দেব ! আমরা আপনার আজ্ঞা-প্রতিপালনকারী মনু ; এযাবৎ যে দিতিপুত্র হিরণ্যকশিপুর প্রভাবে অভিভূত হইয়া, আমরা সনাতন বর্ণাশ্রম-মর্য্যাদা প্রতিপালনে সক্ষম হই নাই, এক্ষণে সেই পাপিষ্ঠ

প্রজাপতয় ঊচুঃ॥

প্রজেশা বয়ন্তে পরেশাভিসৃষ্টা ন যেন প্রজা বৈ সৃজামো নিষিদ্ধাঃ।
সএষ ত্বয়া ভিন্নবক্ষানুশেতে জগন্মঙ্গলং সত্ত্বমূর্ত্তেঽবতারঃ॥ ৪৬॥

গন্ধর্ব্বা ঊচুঃ॥

বয়ং বিভো তে নটনাট্যগায়কা যেনাত্মসাদীর্য্যবলৌজসা কৃতাঃ।

অন্বয়ঃ।

প্রজাপতয়ঃ উচুঃ। হে পরেশ! (পরেষাং ব্রহ্মাদীনাং উৎপাদক!) তে ত্বয়া, অভিসৃষ্টাঃ উৎপাদিতাঃ প্রজেশাঃ বয়ং যেন দৈত্যেন নিষিদ্ধাঃ সন্তঃ প্রজাঃ ন বৈ সৃজামঃ, সঃ এষঃ ত্বয়া ভিন্নবক্ষঃ ভিন্নং বক্ষঃ যস্য তথাভূতঃ নু নিশ্চিতং শেতে মৃতঃ এব হে সত্ত্বমূর্ত্তে! তব অয়ং অবতারঃ জগন্মঙ্গলং জগতাং মঙ্গলরূপঃ এব॥ ৪৬॥

গন্ধর্ব্বাঃ উচুঃ। হে বিভো হে স্বামিন্! বয়ং তে ত্বদীয়াঃ নটনাট্যগায়কাঃ (নটাঃ

শ্রীধরস্বামী।

প্রজাপতয়োঽপি তদবলোকিতাঃ প্রোচুঃ হে পরেশ! তে ত্বয়াভিসৃষ্টাঃ প্রজেশা বয়ং যেন নিষিদ্ধাঃ সন্তঃ প্রজা ন সৃজামঃ সঃ এষ ভিন্নং বক্ষো যস্য সঃ নু নিশ্চিতং মৃতঃ শেতে। অতঃপরং প্রজাঃ স্রক্ষ্যামইতি হৃষ্যন্ত আহুঃ। হে সত্ত্বমূর্ত্তে! তবায়মবতারো জগতাং মঙ্গলং॥ ৪৬॥

গন্ধর্ব্বা অপি তদবলোকিতাঃ প্রোচুঃ। হে প্রভো তে ত্বদীয়া নটা নর্ত্তকা নাট্যে নৃত্যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে পরেশ পরমেশ্বর! নিষিদ্ধাঃ অরে মা প্রজাঃ সৃজতেত্যাজ্ঞপ্তাঃ। হে সত্ত্বমূর্ত্তে তবাবতারো জগন্মঙ্গলং॥ ৪৬॥

অসুর কেবল আপনার প্রসাদেই জীবলীলা সম্বরণ করিয়াছে। অতএব হে প্রভো! হে জগৎস্বামিন্! আমরা আপনার চিরানুগত কিঙ্কর! অনুমতি করুন্! এক্ষণে আপনার কোন্ কার্য্য আমাদিগকে সম্পাদন করিতে হইবে? আমরা এক্ষণে তাহার সাধনে সমর্থ হইয়াছি॥ ৪৫॥

প্রজাপতিগণ বলিলেন, হে পরমেশ! প্রজাসৃষ্টি করিবার নিমিত্তই আপনি আমাদিগকে উৎপাদন করিয়াছেন; কিন্তু দুঃখের বিষয় এই যে, এই দৈত্যের প্রতাপে আমরা এযাবৎ অবসন্ন-প্রায় হইয়াছিলাম। প্রজাসৃষ্টি করত, আপনার অভিপ্রায় সাধনে আমরা এযাবৎকাল সমর্থ হই নাই। সম্প্রতি আপনি তাহার বক্ষঃস্থল বিদীর্ণ করাতেই সে মৃত্যুমুখে নিপতিত হইয়াছে। হে সত্ত্বমূর্ত্তে! আপনার এই অবতার কেবল জগতের মঙ্গলের জন্যই সন্দেহ নাই! আপনাকে প্রণাম করি!॥ ৪৬॥

গন্ধর্ব্বগণ বলিলেন, হে জগৎস্বামিন্ প্রভো পরমেশ্বর!- আমরা আপনার

সএষ নীতো ভবতা দশামিমাং কিমুৎপথস্থঃ কুশলায় কল্পতে ॥ ৪৭ ॥

চারণা ঊচুঃ ॥

হরে তবাঙ্ঘ্রিপঙ্কজং ভবাপবর্গমাশ্রিতাঃ।

যদেষ সাধুহচ্ছয় ত্বয়াঽসুরঃ সমাপিতঃ ॥ ৪৮ ॥

অন্বয়ঃ।

নর্ত্তকাঃ নাট্যে নৃত্যে, গায়কাঃ চ বীর্য্যবলৌজসা (বীর্য্যং শৌর্য্যং বলং শক্তিঃ তাভ্যাং ওজঃ প্রভাবঃ যস্য তথাভূতেন) যেন আত্মসাৎ কৃতাঃ স্বাধীনাঃ কৃতাঃ, সঃ এষঃ দৈত্যঃ ভবতা ইমাং দশাং মরণাবস্থাং নীতঃ। অহো! উৎপথস্থঃ ত্বদ্ভজনবিরোধিমার্গস্থঃ জনঃ কিং কুশলায় কল্পতে কিং ক্ষেমী ভবতি? ন ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

চারণাঃ ঊচুঃ। হে হরে! ভবাপবর্গং সংসার-নিবর্ত্তকং তব অঙ্ঘ্রিপঙ্কজং চরণকমলং বয়ং আশ্রিতাঃ। যৎ যস্মাৎ সাধূনাং ত্বদ্ভক্তানাং, হৃদি ভয়জনকত্বেন শেতে তিষ্ঠতি যঃ সঃ এষঃ অসুরঃ ত্বয়া সমাপিতঃ অন্তং নীতঃ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

গায়কাশ্চ যেন স্বাধীনাঃ কৃতাঃ কথম্ভূতেন বীর্য্যং শৌর্য্যং বলং শক্তিঃ তাভ্যামোজঃ প্রভাবো যস্য তেন ইমাং দশাং মৃতিং। উচিতমেবৈতদিত্যাহুঃ কিমিতি ॥ ৪৭ ॥

ভবাপবর্গং সংসারনিবর্ত্তকং। আশ্রয়ণে হেতুঃ যদ্‌যস্মাৎ সাধূনাং হৃদি ভয়জনকত্বেন শেতে তিষ্ঠতীতি তথা স এষোঽসুরঃ ত্বয়া সমাপিতঃ অন্তং নীতঃ ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেন দৈত্যেনাত্মসাৎ কৃতাঃ সন্ত স্তস্যৈব নটা নাট্যে তস্যৈব গায়কাশ্চাভূমেত্যর্থঃ ॥ ৪৭ ॥

সাধূনাং হৃদি তচ্ছয্যায়ামপি শেতে ইতি সঃ। অতএব তদসহিষ্ণুনেব ত্বয়া সমাপিতঃ অন্তং নীতঃ। অতএবাদ্যারভ্য তেষাং হৃদি ত্বমেব শেষ্বেতি ভাবঃ ॥ ৪৮ ॥

উদ্দেশে নৃত্য গীতাদি কার্য্যের জন্যই সৃষ্ট হইয়াছি! কিন্তু বিপুল বল ও বীর্য্যসম্পন্ন এই অসুরের প্রভাবে আমরা সম্পূর্ণ পরাস্ত হইয়া, এযাবৎ তাহার সেবাতেই নিযুক্ত ছিলাম! সম্প্রতি আপনিই তাহাকে করাল কাল-কবলে নিপাতিত করিয়াছেন! এক্ষণে আমরা নিশ্চয় বুঝিলাম যে, সনাতন ধর্ম্মমার্গকে যে অতিক্রম করিয়া কার্য্য করে, তাহার কখনই শ্রেয়োলাভ হয় না! ॥ ৪৭ ॥

চারণগণ স্তব করত বলিলেন, হে শরণাগত-দুঃখহারিন্ হরে! আমরা ভবদীয় ঐ চরণপদ্মকে আশ্রয় করিয়াই অবস্থান করিতেছি! কিন্তু এই দারুণ দুর্বৃত্ত দানব আপনার আবাস-মন্দির সাধুজনের হৃদয়পদ্মে প্রবিষ্ট হইয়া, নিরন্তর ভয়ের উৎপাদনে অবলীলাক্রমে তাহাকে অধিকার করিয়াছিল। সম্প্রতি আপনিই সেই অসুরের নিধন সাধনে, সাধুজনের হৃদয়-শৈল অপ-

যক্ষা ঊচুঃ ॥

বয়মনুচরমুখ্যাঃ কর্ম্মভি স্তে মনোজ্ঞৈ স্ত ইহ দিতিসুতেন প্রাপিতা বাহকত্বং।
স তু জনপরিতাপং তৎকৃতং জানতা তে
নরহর উপনীতঃ পঞ্চতাং পঞ্চবিংশ ॥ ৪৯ ॥

কিংপুরুষা ঊচুঃ ॥

বয়ং কিংপুরুষা স্বন্তু মহাপুরুষ ঈশ্বরঃ।

অন্বয়ঃ।

যক্ষাঃ ঊচুঃ। হে পঞ্চবিংশ চতুর্ব্বিংশতি-তত্ত্ব-নিয়ামক! মনোজ্ঞৈঃ কর্ম্মভিঃ তে তব অনুচরমুখ্যাঃ বয়ং তে ইহ এতস্মিন্ কালে দিতিসুতেন বাহকত্বং প্রাপিতাঃ স্থিতাঃ; হে নরহরে! তেন দৈত্যেন, কৃতং জনপরিতাপং জনানাং দুঃখং, জানতা তে ত্বয়া, সঃ তু দুঃখদঃ অসুরঃ পঞ্চতাং মৃত্যুং, উপনীতঃ প্রাপিতঃ ॥ ৪৯ ॥

কিম্পুরুষাঃ ঊচুঃ। বয়ং কিম্পুরুষাঃ কুৎসিতাঃ পুরুষাঃ! ত্বং তু মহাপুরুষঃ পুরুষোত্তমঃ ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা চ। সাধুভিঃ যদা ধিক্কৃতঃ তিরস্কৃতঃ অতঃ অয়ং কুপুরুষঃ

শ্রীধরস্বামী।

মনোজ্ঞৈঃ কর্ম্মভিঃ। অনুচরেষু মুখ্যাঃ। পঞ্চতাং মৃত্যুং। হে পঞ্চবিংশ চতুর্ব্বিংশতিতত্ত্বনিয়ামক ॥ ৪৯ ॥

কিংপুরুষাস্তু ত্বাং স্তোতুং বয়ং কে বরাকা ইত্যাহুঃ। বয়ং কিংপুরুষা স্তুচ্ছপ্রাণিনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে তব মনোজ্ঞৈঃ কর্ম্মভিরনুচরেষু মুখ্যাঃ। যদ্বা। অনুচরা ভক্তা এব মুখ্যা যেষাং তে বয়ং অপি শিবিকাবাহকত্বং প্রাপিতাঃ। তেন দিতিসুতেন কৃতং জনপরিতাপং জানতা

সারিত করিয়াছেন! আপনাকে প্রণাম করি! ॥ ৪৮ ॥

যক্ষগণ বলিলেন, হে দেব! চতুর্ব্বিংশতি তত্ত্বের নিয়ামক বলিয়া শাস্ত্র ও আচার্য্যমুখে আপনিই পঞ্চবিংশ নামে আখ্যাত! আমরা আপনার মনোজ্ঞ কর্ম্মের অনুশীলনে অনুচর-শ্রেষ্ঠ বলিয়া পরিচিত! কিন্তু দুঃখের বিষয় এই যে, উক্ত দিতিপুত্র এতকাল পর্য্যন্ত আপনার কার্য্য-সাধনে প্রতিনিবৃত্ত করত, আমাদিগকে তাহার বাহকরূপে নিযুক্ত রাখিয়াছিল। হে নরহরে! সেই দৈত্যকর্ত্তৃক প্রদত্ত জীবগণের পরিতাপের বিষয় আপনি অবগত হইয়া, উক্ত দৈত্যকে নিহত করিয়াছেন! আপনাকে প্রণাম করি! ॥ ৪৯ ॥

কিম্পুরুষগণ বলিলেন, আমরা আপনার সৃষ্ট নিতান্ত কুৎসিত পুরুষ! আপনি কিন্তু সর্ব্বনিয়ন্তা সর্ব্বেশ্বর পুরুষশ্রেষ্ঠ মহাপুরুষ! সাধু ব্যক্তিগণ যখন ধিক্কার প্রদানে এই অসুরকে তিরস্কার করিয়াছেন, তখন তাহাতেই তাহার

অয়ং কুপুরুষো নষ্টো ধিক্ তঃ সাধুভি র্যদা ॥ ৫০ ॥

বৈতালিকা ঊচুঃ ॥

সভাসু সত্রেষু তবামলং যশো গীত্বা সপর্য্যাং মহতীং লভামহে।
যস্তামনৈষীদ্বশমেষ দুর্জ্জনো দিষ্ট্যা হতস্তে ভগবন্ যথাময়ঃ ॥ ৫১ ॥

কিন্নরা ঊচুঃ ॥

বয়মীশ কিন্নরগণা স্তবানুগা দিতিজেন বিষ্টিমমুনাঽনুকারিতাঃ।

অন্বয়ঃ।

নষ্টঃ নষ্টপ্রায়ঃ (অত স্তদ্বধে কিং মাহাত্ম্যং বর্ণনীয়মিতি) ॥ ৫০ ॥

বৈতালিকাঃ ঊচুঃ। হে ভগবন্! সভাসু সত্রেষু যজ্ঞেষু তব অমলং সকল-মল-নিবর্ত্তকং, যশঃ গীত্বা বয়ং মহতীং সপর্য্যাং পূজাং, লভামহে; যঃ তাং পূজাং অনৈষীৎ, নিবারিতবান্ সঃ এষঃ দুর্জ্জনঃ তে ত্বয়া, আময়ঃ রোগঃ, যথা তথা হতঃ; এতৎ দিষ্ট্যা ভদ্রং এব জাতং ॥৫১॥

কিন্নরাঃ ঊচুঃ। হে ঈশ! বয়ং তব অনুগাঃ অনুচরাঃ, কিন্নরগণাঃ এব। এতাবন্তং কালং অমুনা দিতিজেন বিষ্টিং অনুকারিতাঃ দ্রব্যাদিদানং বিনা এব কার্য্যকারিতাঃ;

শ্রীধরস্বামী।

ত্বন্তু মহান্ অদ্ভুতপ্রভাবঃ পুরুষঃ। নন্বয়ং মহান্ দৈত্যো হত ইতি কিং ন বর্ণ্যতে ইত্যাশঙ্ক্য কিয়দেতদিত্যাহুরমিতি ॥ ৫০ ॥

সত্রেষু যজ্ঞেষু। তে ত্বয়া হতঃ এতদ্দিষ্ট্যা ভদ্রং কৃতং ॥ ৫১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়া পঞ্চতাং মৃত্যুং। হে পঞ্চবিংশ চতুর্ব্বিংশতিতত্ত্বনিয়ামক ॥ ৪৯ ॥ ৫০ ॥

তাং অস্মৎসংপ্রদানকসপর্য্যাং। বশং স্বাধীনতাং বিশেষেণ অনৈষীৎ নীতবান্ ॥ ৫১ ॥

মৃত্যু হইয়াছে! অতএব তাদৃশ অসুরের বধে আর কি বিশেষ মাহাত্ম্য-বর্ণনের প্রয়োজন আছে? ॥ ৫০ ॥

বৈতালিকগণ বলিলেন, হে ভগবন্! যাবদীয় সভাস্থলে এবং যজ্ঞক্ষেত্রে ভবদীয় অমল ও পবিত্র যশোরাশি কীর্ত্তন করিয়া, আমরা সংসারে যথেষ্ট পূজা এবং সম্মান লাভ করিয়া থাকি। কিন্তু এই দুষ্ট ক্রূরকর্ম্মা হিরণ্যকশিপু আমাদের সেই পূজা এবং সম্মান-লাভে বিলক্ষণ প্রতিবন্ধক করিয়াছিল। অহো! রোগ নিবারণে যেমন শান্তিলাভ হয়, অদ্য নিতান্ত সৌভাগ্যবশে আপনা কর্ত্তৃক সেই দুর্ব্বিনীত দুর্জ্জনের নিধনেও আমরা সেইরূপ চির শান্তি লাভ করিলাম! সন্দেহ নাই ॥ ৫১ ॥

কিন্নরগণ বলিলেন, আমরা আপনার অনুচর কিন্নর-নামে বিখ্যাত! কিন্তু দুর্ভাগ্যের বিষয়! এযাবৎ আপনার সঙ্গ পরিত্যাগ করাইয়া, এই দুষ্ট অসুর

ভবতা হরে সবৃজিনোঽবসাদিতো নরসিংহ নাথ বিভবায় নো ভব ॥ ৫২ ॥

বিষ্ণুপার্ষদা ঊচুঃ ॥

অদ্যৈতদ্ধরি-নররূপমদ্ভুতং তে দৃষ্টং নঃ শরণদ সর্ব্বলোকশর্ম্ম।

সোঽয়ন্তে বিধিকর ঈশ বিপ্রশপ্তস্তসোদং নিধনমনুগ্রহায় বিদ্মঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে হিরণ্যকশিপু-বধোঽষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

অন্বয়ঃ।

অতঃ হে হরে! সবৃজিনঃ পাপাত্মা, সঃ দৈত্যঃ ভবতা অবসাদিতঃ নাশিতঃ। অতঃ হে নরসিংহ! হে নাথ! নঃ অস্মাকং, বিভবায় সুখ-সমৃদ্ধয়ে, ত্বং ভব! ॥ ৫২ ॥

বিষ্ণুপার্ষদাঃ ঊচুঃ। হে শরণদ আশ্রয়প্রদ! সর্ব্বলোকশর্ম্ম সর্ব্বেষাং লোকানাং শর্ম্ম সুখাবহং এতৎ অদ্ভুতং অবিতর্ক্যং তে তব হরি-নররূপং নরসিংহরূপং, তু অদ্যৈব নঃ অস্মাভিঃ, দৃষ্টং। হে ঈশ স্বামিন্! সঃ অয়ং দৈত্যঃ অপি তে তব বিধিকরঃ কিঙ্করঃ, এব। বিপ্রৈঃ সনকাদিভিঃ, শপ্তঃ সন্ ইদানীং দৈত্যঃ জাতঃ। তস্য ইদং নিধনং নাশঃ, অনুগ্রহায় শাপবিমুক্ত্যা স্বলোক-প্রাপ্তয়ে, ত্বয়া কৃতঃ ইতি বয়ং বিদ্মঃ ॥ ৫৩ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

অমুনা দিতিজেন বিষ্টিং নির্মূল্যং কর্ম্ম অনু নিরন্তরং কারিতাঃ। অতঃ পরং নো বিভবায় সমৃদ্ধয়ে ভব ॥ ৫২ ॥

নোঽস্মাকং ভক্তানাং শরণদ আশ্রয়প্রদ সর্ব্বেষাং লোকানাং শর্ম্ম মঙ্গলমেতদদ্ভুতং রূপমদ্যৈব দৃষ্টং নতু পূর্ব্বং। বিধিকরঃ কিঙ্করঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি সপ্তমে অষ্টমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষ্টিং নির্মূল্যং কর্ম্ম। অনু নিরন্তরং কারিতাঃ। বৃজিনো দুঃখদঃ ॥ ৫২ ॥

সোঽয়ং হিরণ্যকশিপু স্তে বিধিকরো দাসএব বিপ্রৈঃ সনকাদিভিঃ শপ্তঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

সপ্তমস্যাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আমাদিগকে তাহার বিনা-বেতনের ভৃত্য করিয়া রাখিয়াছিল। হে নৃহরে! তদ্দা নিতান্ত সৌভাগ্যবলে উক্ত পাপাত্মা আপনার হস্তে পঞ্চত্ব লাভ করিয়াছে। এক্ষণে হে নাথ নরসিংহ! আপনি আমাদিগকে কল্যাণ দানে কৃতার্থ করুন! ॥ ৫২ ॥

বিষ্ণুপার্ষদগণ বলিলেন, হে শরণাগত-প্রতিপালক! আপনার এই সর্ব্বলোক-সুখাবহ অদ্ভুতস্বরূপ দর্শন করিলাম! হে স্বামিন্! উক্ত দৈত্যরাজ

নারদ উবাচ ॥

এবং সুরাদয়ঃ সর্ব্বে ব্রহ্ম-রুদ্র-পুরঃসরাঃ।
নোপৈতুমশকন্মন্যু-সংরম্ভং সুদুরাসদং ॥ ১ ॥

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। তদা ব্রহ্ম-রুদ্র-পুরঃসরাঃ সর্ব্বে সুরাদয়ঃ এবং দূরতঃ স্তবন্তঃ অপি মন্যুসংরম্ভং (মন্যুনা সংরম্ভঃ আবেশঃ যস্য তং) দুরাসদং দুষ্প্রাপং, ভগবন্তং উপেতুং সমীপং গন্তুং, ন অশকন্ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

নবমে ব্রহ্মণা ভীতা চোদিতোঽসুরবালকঃ।
কোপং প্রশময়ন্তোঽং নৃসিংহমতিভীষণং ॥ * ॥

উগ্রোপ্যনুগ্র এবায়ং স্বভক্তানাং নৃকেশরী। কেশরীব স্বপোতানামন্যেষামুগ্রবিগ্রহ ইত্যাগমোক্তাং ভক্তানুকম্পিতামাহ এবমিতি সপ্তভিঃ। এবং দূরত এব স্থিত্বা স্তবন্তঃ মন্যুনা সংরম্ভ আবেশো যস্য তমুপগন্তুং নাশকুবন্ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্ববিদ্যু স্তদাগস্তমস্তিকং নবমে হরেঃ। প্রহ্লাদো ব্রহ্মণা দিষ্ট স্তুষ্টুবে সন্নিধিং গতঃ ॥
রমাপি যত্র ন প্রাভূদন্যেষাং তত্র কা কথা। বাৎসল্যং মূর্ত্তিমৎ কিন্তু প্রহ্লাদোঽনুবভূব তৎ ॥ * ॥

ননু স্ব স্ব দুঃখমাবেদয়ন্তো দূরতএব স্তুবানা দেবাদয়ঃ কিমিতি সমীপমেত্য নোপাসতে স্ম তত্রাহ এবমিতি মন্যুনা সংরম্ভ আবেশো যস্য তং ॥ ১ ॥

হিরণ্যকশিপুও আপনার আজ্ঞাকারী কিঙ্কর! কেবল সনকাদি বিপ্রগণের অভিসম্পাতেই অসুর-মূর্ত্তিতে জন্ম পরিগ্রহ করিয়াছিল! সুতরাং অদ্য তাহার নিধন করায়, শাপ নির্ম্মুক্তির দ্বারা স্বকীয় বৈকুণ্ঠধামে প্রেরণ করত একান্ত অনুগ্রহই তাহার প্রতি প্রকাশ করিয়াছেন; ইহাই আমরা বিলক্ষণ অবধারণ করিলাম ॥ ৫৩ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

নারদ বলিলেন, হে রাজন্ যুধিষ্ঠির! ব্রহ্মা এবং রুদ্রাদি দেবতাগণ সকলে দূর হইতেই ভগবান্ নৃসিংহদেবের স্তব উক্ত প্রকারে করিলেন বটে, কিন্তু আশ্চর্য্যের বিষয়! এই যে, তাঁহার তাদৃশ ক্রোধপূর্ণ অসহ্যবিক্রম বিগ্রহ দর্শনে কেহই তাঁহার সমীপে আর অগ্রসর হইতে সাহসী হইলেন না ॥ ১ ॥

এই প্রকারে দেবতাগণ নিজেরা তাঁহার নিকটে অগ্রসর হইতে না পারিয়া,

আভাস।

নবমাধ্যায়ে নৃসিংহের কোপোপশমনার্থ ভীতচিত্ত ব্রহ্মার নিয়োগে প্রহ্লাদ কর্ত্তৃক ভগবানের স্তব বর্ণিত হইয়াছে ॥

সাক্ষাৎ শ্রীঃ প্রেষিতা দেবৈ র্দৃষ্ট্বা তৎ মহদদ্ভুতং।
অদৃষ্টাশ্রুতপূর্ব্বত্বাৎ সা নোপেয়ায় শঙ্কিতা ॥ ২ ॥
প্রহ্লাদং প্রেষয়ামাস ব্রহ্মাবস্থিতমন্তিকে। ●
তাত প্রশময়োপেহি স্বপিত্রে কুপিতং প্রভুং ॥
তথেতি শনকৈ রাজন্ মহাভাগবতোঽর্ভকঃ।
উপেত্য ভুবি কায়েন ননাম বিধৃতাঞ্জলিঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

তদা দেবৈঃ শ্রীঃ লক্ষ্মীঃ প্রেষিতা। সা তু তস্য তৎ মহদদ্ভুতং ভয়ঙ্করং নৃসিংহং রূপং দৃষ্ট্বা অদৃষ্টাশ্রুতপূর্ব্বত্বাৎ শঙ্কিতা সতী ন উপেয়ায় সমীপং ন জগাম ॥ ২ ॥

ততঃ চ ব্রহ্মা অন্তিকে সমীপে অবস্থিতং প্রহ্লাদং ইতি উক্ত্বা প্রেষয়ামাস; যথা হে তাত! উপেহি সমীপং গচ্ছ! তথা স্বপিত্রে কুপিতং প্রভুং প্রশময় প্রসন্নং কুরু! ॥

হে রাজন্ যুধিষ্ঠির! তথা ইতি ব্রহ্মবাক্যং অভ্যুপগম্য মহাভাগবতঃ অর্ভকঃ প্রহ্লাদঃ শনকৈঃ উপেত্য সমীপং গত্বা, বিধৃতাঞ্জলিঃ মূর্দ্ধ্নি বদ্ধাঞ্জলিঃ সন্ কায়েন ভুবি দণ্ডবৎ ননাম ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

মহদদ্ভুতং রূপং দৃষ্ট্বা শঙ্কিতা সতী তং নোপজগাম। অদ্ভুতত্বে হেতুঃ অদৃষ্টেতি ॥ ২ ॥
উপেহি উপগচ্ছ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদৃষ্টাশ্রুতপূর্ব্বত্বাদিতি নৃসিংহরূপস্য পূর্ব্বকল্পদৃষ্টত্বেঽপি নৃসিংহস্য বৈকুণ্ঠে সদৈব দৃষ্টত্বেঽপি তদানীমদৃষ্টাশ্রুতত্বপ্রতীতি লীলাশক্ত্যৈব কারিতা। অদ্ভুত-রসাস্বাদ-প্রাপণার্থমিত্যাহঃ ॥২॥৩॥

সাক্ষাৎ কমলাকে তৎসমীপে অগ্রসর হইতে অনুরোধ করিলেন। কিন্তু লক্ষ্মী তাঁহার তাদৃশ অদৃষ্ট এবং অশ্রুতপূর্ব্ব রূপ দর্শনে এতই ভীতা হইলেন যে, স্বয়ং চির সেবিকা হইয়াও, কোনমতে সমীপে যাইতে সাহস করিলেন না ॥ ২ ॥

তখন কমলাসন ব্রহ্মা নিজের সমীপে উপবিষ্ট প্রহ্লাদকে সম্বোধন করত বলিলেন, হে বৎস! তুমিই নৃসিংহদেবের সমীপে অগ্রসর হও! এবং তোমার পিতার প্রতি ক্রুদ্ধ দেবদেব জগন্নাথকে প্রসন্ন করিতে যত্নবান্ হও! ॥

হিরণ্যগর্ভের আদেশকে শিরোধার্য্য করিয়া, ভক্ত প্রহ্লাদ ভগবানের সমীপে ধীরে ধীরে অগ্রসর হইলেন; এবং ভগবদ্ভক্ত বালক প্রহ্লাদ করযোড়ে দণ্ডবৎ ভূমিতে পতিত হইয়া, ভগবানকে প্রণাম করিলেন! ॥ ৩ ॥

অহো! স্বকীয় চরণতলে সেই বালককে ভক্তিভরে নিপতিত অবলোকন করিয়া, ভগবানের ক্রোধ উপশমিত হইল; তিনি করুণার্দ্র চিত্তে বালককে

স্বপাদমূলে পতিতং তমর্ভকং বিলোক্য দেবং কৃপয়া পরিপ্লুতঃ।
উত্থাপ্য তচ্ছীর্ষ্ণ্যদধাৎ করাম্বুজং কালাহি-বিত্রস্ত-ধিয়াং কৃতাভয়ম্ ॥ ৪ ॥
স তৎকরস্পর্শ-ধুতাখিলাশুভঃ সপদ্যভি-ব্যক্ত-পরাত্ম-দর্শনঃ।
তৎপাদপদ্মং হৃদি নির্বৃতো দধৌ হৃষ্যত্তনুঃ ক্লিন্নহৃদশ্রুলোচনঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

ততঃ চ স্বপাদমূলে পতিতং তং অর্ভকং প্রহ্লাদং বিলোক্য দেবঃ নৃসিংহঃ, কৃপয়া পরিপ্লুতঃ ব্যাপ্তঃ সন্ তং উত্থাপ্য তস্য শিরসি কালাহিবিত্রস্তধিয়াং (কালঃ এব অহিঃ সর্পঃ তস্মাৎ বিত্রস্তা ভীতা ধীঃ যেষাং তেষাং) কৃতাভয়ং (কৃতং অভয়ং অভয়দানং যেন তৎ করাম্বুজং অধাৎ নিহিতবান্ ॥ ৪ ॥

সঃ প্রহ্লাদঃ তস্য ভগবতঃ করস্পর্শেন ধুতং নিরস্তং অখিলং অশুভং দুরদৃষ্টং যস্য সঃ অতঃ সপদি তৎক্ষণমেব অভিব্যক্তং অপরোক্ষীভূতং, পরস্য আত্মনঃ ভগবতঃ দর্শনং যথার্থ-জ্ঞানং যস্য সঃ, অতঃ নির্বৃতঃ পরমানন্দপূর্ণঃ, হৃষ্যত্তনুঃ (হৃষ্যন্তী রোমাঞ্চিতা তনুঃ যস্য সঃ) অশ্রূণি লোচনয়োঃ যস্য সঃ তাদৃশঃ সন্ তস্য ভগবতঃ পাদপদ্মং হৃদি দধৌ ধৃতবান্ ॥ ৫ ॥

শ্রীপরস্বামী।

কাল এবাহি-স্তস্মাৎ বিত্রস্তা ধীর্যেষাং তেষাং কৃতমভয়ং যেন তৎ ॥ ৪ ॥

তস্য করস্পর্শেন ধুতং নিরস্তমখিলমশুভং যস্য। সপদি তৎক্ষণমেবাভিব্যক্তং অপরোক্ষী-ভূতং পরাত্মদর্শনং ব্রহ্মজ্ঞানং যস্য। নির্বৃতঃ সন্ হৃদি দধৌ। হৃষ্যন্তী রোমাঞ্চিতা তনুর্যস্য। ক্লিন্নং প্রেমার্দ্রং হৃদ্যস্য। অশ্রূণি লোচনয়ো র্যস্য। পরমপুরুষার্থতয়া দধৌ ন সাধনত্বেনেত্যর্থঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃতমভয়ং যেন তৎ ॥ ৪ ॥

অসুরজাতিত্বাত্তদীয়-স্পর্শাদি-প্রাপ্ত্যসংভাবনালক্ষণমশুভং যৎ পূর্ব্বমাসীৎ তৎ ধুতং নিরস্তং যস্য সঃ। তৎকর-স্পর্শ-প্রভাবাৎ অভিব্যক্তং পূর্ব্বসিদ্ধমেব তদানীং সর্ব্বতোভাবেন ব্যক্তীভূতং পরমাত্ম-দর্শনং পরমাত্মানুভবো যস্য সঃ ॥ ৫ ॥

নিজে উত্তোলন করিলেন; এবং কালভয়ে ভীতচিত্ত ব্যক্তিগণের অভয়প্রদ স্বকীয় করকমল তাহার মস্তকে প্রদান করিলেন ॥ ৪ ॥

ভগবানের করস্পর্শে প্রহ্লাদের যাবদীয় দুরদৃষ্ট বিনষ্ট হইয়া গেল; পরাৎপর পরমেশ ভগবানের স্বরূপজ্ঞান তাঁহার হৃদয়ে তৎক্ষণাৎ জাগরূক হইল; তখন প্রহ্লাদ পরমানন্দে পরিপূর্ণ হইলেন; আনন্দে তদীয় দেহ রোমাঞ্চিত হইল; নয়নযুগল হইতে আনন্দধারা নিপতিত হইতে লাগিল; তিনি তখন কেবল ভগবানের পাদপদ্মই হৃদয়-মন্দিরে ধ্যান করিতে লাগিলেন ॥ ৫ ॥

ক্ষণকাল পরে কথঞ্চিৎ ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক, ভগবানে হৃদয় প্রাণ সমর্পণ

অস্তৌষীদ্ধরিমেকাগ্র-মনসা সুসমাহিতঃ।
প্রেম-গদ্গদয়া বাচা তন্ন্যস্ত-হৃদয়েক্ষণঃ॥ ৬॥
প্রহ্লাদ উবাচ॥
ব্রহ্মাদয়ঃ সুরগণা মুনয়োঽথ সিদ্ধাঃ সত্ত্বৈকতানগতয়ো বচসাং প্রবাহৈঃ।

অন্বয়ঃ।

ততশ্চ সুসমাহিতঃ সাবধানঃ, সন্ একাগ্রমনসা তস্মিন্ ভগবতি ন্যস্তং হৃদয়ং ঈক্ষণং চ যেন সঃ প্রেম্না গদ্গদয়া স্খলিতাক্ষরয়া বাচা হরিং অস্তৌষীৎ॥ ৬॥

প্রহ্লাদঃ উবাচ। ব্রহ্মাদয়ঃ সুরগণাঃ, মুনয়ঃ, সনকাদয়ঃ সিদ্ধাঃ সত্ত্বৈকতানমতয়ঃ (সত্ত্বেষু সত্ত্বকার্য্যেষু একতানা অনবচ্ছিন্না মতিঃ যেষাং তে তাদৃশাঃ জনাঃ) জ্ঞানিনঃ অপি অধুনা বহুকালং বচসাং প্রবাহৈঃ পুরুগুণৈঃ বহুভিঃ বক্ষ্যমাণৈঃ গুণৈঃ যং আরাধয়িতুং

শ্রীধরস্বামী।

সুসমাধিমেবাহ তস্মিন্নেব ন্যস্তং হৃদয়মীক্ষণঞ্চ যেনেতি॥ ৬॥

স্বস্মিন্নিব সমস্তেষু তৎকৃপামৃতবৃষ্টয়ে। প্রহ্লাদঃ স্তৌতি সংপদ্যৈ দ্বিচত্বারিংশতা হরিং। তত্র তাবদাত্মনো ভগবতঃ স্তুতৌ অনধিকারমিবাশঙ্ক্যাধিকারং সম্ভাবয়ন্নাহ ব্রহ্মাদয় ইতি পঞ্চভিঃ। মুনয়ো মননশীলাঃ সিদ্ধা জ্ঞানিনোঽপি কথংভূতাঃ সত্ত্ব এবৈকস্মিন্ তানো বিস্তারো যস্যাঃ সা গতি র্মতি র্যেষাং তথাবিধা অপি বচসাং প্রবাহৈরপি তথা বহুভির্বক্ষ্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুসমাধিমাহ। তস্মিন্নেব ন্যস্তং হৃদয়মীক্ষণঞ্চ যেন সঃ॥ ৬॥

ভো দুরবগমাশ্চর্য্য প্রভো ময়ি কং গুণমালম্ব্য কৃপয়সীত্যাহ ব্রহ্মাদয় ইতি সাত্ত্বিকত্বমপি ন তে কৃপায়াঃ কারণং কিং পুনস্তামসত্বমিত্যাহ সত্ত্বেষু ধর্ম্ম-জ্ঞান-তপস্বেব একতানা অনন্য-বর্ত্তিনী মতি র্যেষাং তে। কিং পুনরধর্ম্মাজ্ঞান-বিষয়-ভোগৈকতান-মতয়ো বয়মিতি ভাবঃ। একতানোঽনন্যবৃত্তিরিত্যমরঃ। নচ কেবলং স্তুতিবাদানামেব ত্বৎপ্রসাদকত্বমিত্যাহ বচসাং প্রবাহৈঃ পুরুগুণৈ র্ধ্বনিগুণালঙ্কারযুক্তৈঃ। প্রবাহপক্ষে স্বচ্ছত্ব-শৈত্য-মাধুর্য্য-পাবিত্র্যাদ্যৈঃ।

করত প্রহ্লাদ একাগ্রচিত্তে এবং প্রেম-গদ্গদ-বাক্যে ভগবানকে স্তব করিতে আরম্ভ করিলেন। ৬॥

প্রহ্লাদ বলিলেন, অহো! যাহারা সম্পূর্ণ সাত্ত্বিকপ্রকৃতি; সাত্ত্বিক কর্ম্মেই যাঁহাদের চিত্ত নিরন্তর নিবৃত্ত থাকে, তাদৃশ ব্রহ্মাদি দেবতাগণ, ঋষিগণ এবং সনকাদি সিদ্ধ পুরুষ ও প্রকৃত জ্ঞানিগণ বহুবিধ গুণের পরিচয়ে এবং যুক্তিযুক্ত স্বার্থ বচনসমূহের প্রয়োগে বহুকাল হইতে আরম্ভ করিয়া, এযাবৎ যাঁহার সন্তোষ উৎপাদনে সমর্থ হন নাই, তখন এই নিকৃষ্ট অসুরকুলে জন্ম ধারণ করত আমার ন্যায়, অসুরের পক্ষে সেই পরম পুরুষ ভগবান্ শ্রীহরির সন্তোষ

নারাধিতুং পুরুগুণৈরধুনাপি পিপ্রুঃ কিং তোষ্টুমর্হতি স মে হরিরুগ্রজাতেঃ ॥৭॥
মন্যে ধনাভিজনরূপ-তপঃ-শ্রুতৌজ-স্তেজঃ-প্রভাব-বল-পৌরুষ-বুদ্ধি-যোগাঃ।

অন্বয়ঃ।

যস্য সন্তোষং উৎপাদয়িতুং ন পিপ্রুঃ ন পূর্ণাঃ, সঃ হরিঃ উগ্রজাতেঃ (উগ্রা ঘোরা আসুরী জাতিঃ যস্য তাদৃশস্য) মে মম কিং তোষ্টুং তোষং প্রাপ্তুং অর্হতি ? ॥ ৭ ॥

ধনাদয়ঃ (ধনং বিত্তং, অভিজনঃ সৎকুলে জন্ম, রূপং সৌন্দর্য্যং, তপঃ স্বধর্ম্মঃ কৃচ্ছ্রাদিরূপং, শ্রুতং পাণ্ডিত্যং, ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, তেজঃ কায়কান্তিঃ, প্রভাবঃ প্রতাপঃ, বলং শরীরশক্তিঃ,

শ্রীধরস্বামী।

মাপৈগুণৈরপি যমারাধয়িতুং ন পিপ্রুঃ ন পূর্ণাঃ ন শক্তা ইত্যর্থঃ। স হরি র্মে কথং তোষং প্রাপ্তুমর্হতি। তত্র হেতুঃ উগ্রা ঘোরা অসুরী জাতি র্যস্য ॥ ৭ ॥

এবং হরিতোষণে স্বস্যাযোগ্যতামাশঙ্ক্য তৎসম্ভাবয়তি মন্য ইতি দ্বাভ্যাং। অভিজনঃ সৎকুলে জন্ম। রূপং সৌন্দর্য্যং। শ্রুতং পাণ্ডিত্যং। ওজ ইন্দ্রিয়নৈপুণ্যং। তেজঃ কান্তিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আরাধিতুং আরাধয়িতুং স্বেষু সন্তোষয়িতুমিত্যর্থঃ। ন পিপ্রুঃ নাশক্নুবন্নিত্যর্থঃ। মে ময়ীত্যর্থঃ। উগ্রজাতে র্মহাতামসজাতেঃ ॥ ৭ ॥

নচ বহুধন-প্রদানাদিভি স্ত্বং তুষ্যসীত্যাহ মন্য ইতি। অভিজনঃ সৎকুলে জন্ম। ওজ ইন্দ্রিয়-নৈপুণ্যং। তেজঃ কান্তিঃ। প্রভাবঃ প্রতাপঃ। পৌরুষমুদ্যমঃ। যোগোঽষ্টাঙ্গঃ কর্ম্ম-

---

উৎপাদনার্থ স্তব করিতে অগ্রসর হওয়া, কোনমতেই সঙ্গত নহে। এবং আমার স্তবে তাঁহারও সন্তুষ্ট হওয়া উচিত নহে ॥ ৭ ॥

কিন্তু আমার মনে হয় যে, ধন ঐশ্বর্য্য সৎকুলে জন্ম, দেহের সৌন্দর্য্য, কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যা, শাস্ত্রাদির পাণ্ডিত্য, ইন্দ্রিয়শক্তি ওজঃ, দেহের কান্তি তেজঃ, পরাভব-সামর্থ্য, শারীরিক বল, বিচিত্র পুরুষকার উদ্যম, প্রজ্ঞা এবং

আভাস

প্রহ্লাদ স্তব করত ভগবানকে বলিলেন, হে দেবদেব বিশ্বম্ভর! আমার কোন্ গুণ দেখিয়া, আমার প্রতি আপনি যে এরূপ তুষ্ট হইয়াছেন, তাহা আমি কিছুই অবধারণ করিতে পারিলাম না। ব্রহ্মাদি দেবতাগণ যখন আপনার কৃপার পাত্র হইতে অদ্যাপি পারেন নাই, তখন সম্পূর্ণ তামস ভাবাপন্ন অধর্ম্মাদি কুৎসিত গুণে সম্পূর্ণ কলুষিত নিকৃষ্ট অসুরবংশে সমুৎপন্ন হইয়া, কোন্ সাহসে আপনার কৃপায় পাত্র হইলাম বলিয়া, মনে মনে নিশ্চয় করিব ? ॥ ৭ ॥

কিন্তু আপনার কৃপার যথেষ্ট পরিচয় যখন প্রাপ্ত হইতেছি, তখন সুস্পষ্ট বুঝিলাম যে, বহু ধনাদি প্রদানে আপনার সন্তোষ লাভ হয় না! আপনি মান সম্ভ্রম কুল শীল বহুজ্ঞতা বা যোগ নিয়মের কোন প্রত্যাশা করেন না; আপনি ভক্তের ধন! এক ভক্তির বলে জীব মাত্রেই আপনাকে তুষ্ট করিতে পারে। যেমন মধুর গন্ধ পাইলে, ভ্রমর আর পুষ্পের আকার

নারাধনায় হি ভবন্তি পরস্য পুংসো ভক্ত্যা তুতোষ ভগবান্ গজযূথপায় ॥ ৮ ॥
বিপ্রাদ্দ্বিষড়্ গুণযুতাদরবিন্দনাভপাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠং।

অন্বয়ঃ।

প্রভাবঃ, পৌরুষং উদ্যমঃ, বুদ্ধিঃ প্রজ্ঞা, যোগঃ যমনিয়মাদ্যষ্টাঙ্গঃ কর্ম্মযোগশ্চ তে) পরস্য পুংসঃ পূর্ণানন্দস্য আরাধনায় ন ভবন্তি। হি যতঃ ভগবান্ গজযূথপায় গজেন্দ্রায় ধনাদি-রহিতায় কেবলয়া ভক্ত্যা এব তুতোষ ॥ ৮ ॥

দ্বিষড়্গুণযুতাৎ (দ্বিষট্ দ্বাদশগুণাঃ পূর্ব্বোক্তাঃ ধনাদিরূপাঃ তৈঃ যুতাৎ যুক্তাৎ) বিপ্রাৎ তদর্পিত-মনো-বচনেহিতার্থ-প্রাণং (তস্মিন্ অরবিন্দনাভে অর্পিতাঃ মনঃ আদয়ঃ যেন তৎ

শ্রীধরস্বামী।

প্রভাবঃ প্রতাপঃ। বলং শারীরং। পৌরুষং উদ্যমঃ। বুদ্ধিঃ প্রজ্ঞা। যোগোঽষ্টাঙ্গঃ। এতে ধনাদয়ো দ্বাদশা অপি গুণাঃ পরস্য পুংসঃ আরাধনায় ন ভবন্তি হি যতঃ কেবলয়া ভক্ত্যৈব গজেন্দ্রায় তুষ্টোঽভবৎ ॥ ৮ ॥

এবং ভক্ত্যৈব কেবলয়া হরেস্তোষঃ সম্ভবতীত্যুক্তং ইদানীং ভক্তিং বিনা নান্যৎ কিঞ্চি-ত্তোষহেতুরিত্যাহ বিপ্রাদিতি। পূর্ব্বোক্তা ধনাদয়ো যে দ্বিষড়্গুণা স্তৈর্যুক্তাদ্বিপ্রাদপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যোগো জ্ঞানযোগশ্চ। নারাধনায় ন সন্তোষণায়। তর্হি কেনাহং সন্তুষ্যামীত্যত আহ ভক্ত্যেতি। তুতোষেতি ভূতনির্দ্দেশেন নাত্র কাপ্যন্যা যুক্তিরন্বেষ্টব্যা কিন্তু ভবতঃ স্বভাব এবায়ং ভক্তেব্বা কাপ্যদ্ভুতা শক্তিরিতি দ্যোত্যতে। তেন চ ত্বৎসন্তোষান্যথানুপপত্যা ময্যপি শ্রীনারদকৃপোদ্ভূতো ভক্তিগন্ধো বর্ত্তত ইতি ব্যঞ্জিতং ॥ ৮ ॥

কিমন্যদ্বক্তব্যং ভক্ত্যভাব-সদ্ভাবাভ্যামেবং বিবিচ্যত ইত্যাহ ভক্তিহীনাৎ বিপ্রাদপি শ্বপচং

যমাদি অষ্টাঙ্গযোগের অনুষ্ঠানে পূর্ণানন্দ-স্বরূপ পরম পুরুষের আরাধনা হয় না; কেবল ভক্তিবলেই তাঁহাকে পরিতুষ্ট করা যাইতে পারে। কারণ ধন-মানাদি-শূন্য গজেন্দ্রের প্রতি কেবল ভক্তির অনুরোধেই ভগবান্ পরিতুষ্ট হইয়াছিলেন ॥ ৮ ॥

আভাস।

প্রকার বা সৌন্দর্য্যাদির বিষয় বিচার না করিয়া, মধুবিশিষ্ট সকল ফুলেরই আনুগত্য করে, হে দীনদয়াল! আপনিও সেইরূপ ভক্তির সামান্য লেশ মাত্র দেখিতে পাইলে, জাতি প্রভৃতির বিচার না করিয়া, সকল জীবেরই সন্নিকট হইয়া থাকেন। আপনি যখন গজপতির ভক্তিতে প্রসন্ন হইয়া, মহানক্রের আক্রমণ হইতে তাহাকে উদ্ধার করিয়াছেন, তখন আমার প্রতি কৃপা বিতরণ যে করিবেন, তাহাতে আর বিচিত্র কি? মহামুনি দেবর্ষি যে ভক্তির উপদেশ আমাকে প্রদান করিয়াছিলেন, আমার হৃদয় হইতে তাহা যে বিলুপ্ত হয় নাই, আপনার কৃপা দর্শনে তাহাও অদ্য আমার স্পষ্টত উপলব্ধ হইল ॥ ৮ ॥

মন্যে তদর্পিতমনো-বচনেহিতার্থপ্রাণং পুনাতি সকুলং নতু ভূরিমানঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তত্র মনসঃ অর্পণং তদ্ব্যতিরিক্তস্য অচিন্তনং; বচনস্য অর্পণং তদ্বার্ত্তাকথনাতিরিক্তা-কথনং, ঈহিতং কর্ম্ম তদর্পণং তৎপ্রীতয়ে আচরণং, অর্থঃ বিত্তং তস্যার্পণং তদর্থে বিনিয়োগঃ; প্রাণস্য অর্পণং যাবজ্জীবং তৎসেবাদিকরণং) শ্বপচং, বরিষ্ঠং মন্যে; যতঃ তাদৃশঃ শ্বপচঃ সকুলং আত্মানং পুনাতি। ভূরিমানঃ (ভূরিঃ মানঃ গর্ব্বঃ যস্য সঃ অন্যকৃত-সম্মান-বিশিষ্টঃ বিপ্রস্তু) আত্মানং অপি ন পুনাতি কুতঃ কুলং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

শ্বপচং বরিষ্ঠং মন্যে। যদ্বা সনৎসুজাতোক্তা দ্বাদশ ধর্ম্মাদয়ো গুণা দ্রষ্টব্যাঃ। তদুক্তং মহাভারতে। ধর্ম্মশ্চ সত্যঞ্চ দমস্তপশ্চামাৎসর্য্যং হ্রী স্তিতিক্ষাঽনসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতিঃ শ্রুতঞ্চ ব্রতানি বৈ দ্বাদশ ব্রাহ্মণস্য ইতি। কথম্ভূতাৎ বিপ্রাৎ অরবিন্দনাভস্য পাদার-বিন্দাৎ বিমুখাৎ। কথংভূতং শ্বপচং তস্মিন্নরবিন্দনাভেঽর্পিতা মন আদয়ো যেন তৎ। ঈহিতং কর্ম্ম। বরিষ্ঠত্বে হেতুঃ স এবংভূতঃ শ্বপচঃ সর্ব্বং কুলং পুনাতি। ভূরির্মানো গর্ব্বো যস্য সতু বিপ্রঃ আত্মানমপি ন পুনাতি কুতঃ কুলং। যতো ভক্তিহীনস্যৈতে গুণা গর্ব্বায়ৈব ভবন্তি নতু শুদ্ধয়ে। অতো হীন ইতি ভাবঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বরিষ্ঠং মন্যে কিমুত ক্ষত্রিয়াদিভ্যঃ। তত্রাপি দ্বিষট্ পূর্ব্বোক্তা ধনাদয়ো দ্বাদশ গুণা স্তৈর্যুক্তাৎ কিমুত সপ্তাষ্টত্রিচতুরাদি গুণযুক্তাৎ কিমুততরাং তত্তদ্গুণ-হীনাৎ তত্রাপি বরিষ্ঠমতিশয়েনাধিক-মেব সনৎসুজাতোক্তা দ্বাদশ বা গুণা দ্রষ্টব্যাঃ। তদুক্তং জ্ঞানঞ্চ সত্যঞ্চ দমঃ শ্রুতঞ্চ ক্ষমাৎসর্য্যং হ্রীস্তিতিক্ষানসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতিঃ শমশ্চ মহাব্রতা দ্বাদশ ব্রাহ্মণস্যেতি। অরবিন্দেতি তেন জ্ঞানযোগাদিসত্ত্বে বিপ্রো ভগবদ্বিমুখো নোচ্যতে ইতি মতং পরাস্তং। শ্বপচং কীদৃশং তস্মিন্নরবিন্দনাভে অর্পিতা মন আদয়ো যেন তৎ। ঈহিতং কর্ম্ম। অর্থো ধনং বিপ্রাদ্বরিষ্ঠত্বে হেতুঃ স শ্বপচঃ কুলং স্বীয়ং সর্ব্বমেব পুনাতি। ভূরি র্মানো লোকেষ্বাদরো যস্য

পূর্ব্বোক্ত ধনাভিজাত্যাদি দ্বাদশ গুণে অলঙ্কৃত একজন মাননীয় বিপ্রের অপেক্ষা অতি নিকৃষ্ট চণ্ডালও উৎকৃষ্ট, যদি তাহার মন সেই পদ্মনাভে সমর্পিত হয়। যে ব্যক্তি তিনি ব্যতীত অন্য ভোগাদিকে স্বপ্নেও হৃদয়ে স্থান দেয় না; যাহার মুখ হইতে শ্রীহরির লীলাকথা ব্যতীত অন্য কথার প্রয়োগই হয় না; যে কেবল ভগবৎ-প্রীতির কামনায় সকল কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে এবং যাবজ্জীবন তাঁহার সেবার জন্যই আত্মোৎসর্গ করিয়াছে, তাদৃশ চণ্ডালও

আভাস।

এতদ্দ্বারা আমি স্পষ্টত বুঝিলাম যে, কেবল ভক্তির অভাবে সর্ব্বগুণসম্পন্ন শ্রেষ্ঠবংশজাত বিপ্রও নিকৃষ্ট; এবং অন্যান্য যাবতীয় গুণের সহিত সম্পূর্ণ সম্পর্কশূন্য এক জন নীচ চণ্ডালও

নৈবাত্মনঃ প্রভুরয়ং নিজলাভপূর্ণো মানং জনাদবিদুষঃ করুণো বৃণীতে।

অন্বয়ঃ।

অয়ং নিজলাভপূর্ণঃ (নিজলাভেন আনন্দস্বরূপেণ এব পূর্ণঃ) করুণঃ প্রভুঃ সর্ব্বস্বামী ভগবান্ অবিদুষঃ অজ্ঞাৎ জনাৎ, আত্মনঃ মানং পূজাং, ন বৃণীতে ন স্বীকরোতি। যং যং

শ্রীধরস্বামী

তর্হি কিং ধনাদ্যর্পণেন সম্মানং প্রাকৃত ইব ভগবানপেক্ষতে নেত্যাহ নৈবেতি। অয়ং প্রভুরীশ্বরঃ অবিদুষোঽল্পকাৎ জনাৎ মানং পূজাং আত্মনোঽর্থে ন বৃণীতে নেচ্ছতি যতো নিজলাভেনৈব পূর্ণঃ। তর্হি কিং পূজাং নেচ্ছত্যেব তত্রাহ করুণঃ কৃপালুঃ অতো বৃণীতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথাভূতোঽপি সতু বিপ্র আত্মানমপি ন পুনাতি কুতঃ কুলমিতি ভাবঃ। ভক্তিহীনস্যৈতে গুণা গর্ব্বায়ৈব ভবন্তি নতু শুদ্ধয়ে ইতি শ্রীস্বামিচরণাঃ॥ ৯॥

ননু তর্হি শ্রবণ-কীর্ত্তনার্হণাদিভি র্মৎসংমাননং হি ভক্তি স্তয়ৈব তুষ্যাম্ নতু তপঃ-শ্রুতাদিভিঃ পুংনিষ্ঠৈর্গুণৈরিতি চেন্মম স্বার্থপরত্বং প্রসজ্যং তত্র নহি নহীত্যাহ নৈবেতি। অয়ং প্রভুরীশ্বরো ভবান্ আত্মনঃ স্বস্য মানং সংমাননং জনাৎ জনমাত্রাৎ ন বৃণীতে কীদৃশাৎ অবিদুষঃ তদপেক্ষয়া ব্রহ্মাদি-স্তম্বপর্য্যন্ত, সর্ব্ব এব জনো হ্যবদ্যানেবেত্যর্থঃ। নহি শাস্ত্রাদি

অনেক অংশে শ্রেষ্ঠ বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। কারণ তাদৃশ চণ্ডাল কেবল আপনাকে নহে, নিজের কুলকে পর্য্যন্ত উদ্ধার করে। কিন্তু পাণ্ডিত্যাদি বহুবিধ গুণ সম্পন্নত্ব-নিবন্ধন পরকৃত সম্মানে কেবল গর্ব্বিত উচ্চ বংশোদ্ভব একজন ভক্তিহীন ব্রাহ্মণ নিজের কুলের কথা দূরে থাকুক, আপনাকে পর্য্যন্ত পবিত্র করিতে সক্ষম হন না॥ ৯॥

ভগবান্ স্বকীয় পরমানন্দেই নিরন্তর পরিপূর্ণ। জীবের মঙ্গলার্থ তাঁহার হৃদয় সর্ব্বদাই আর্দ্র। তিনি কখন অনভিজ্ঞ সংসারাসক্ত মানবগণের নিকট

আভাস।

যদি ভগবদ্ভক্তিবিশিষ্ট মাত্র হয়, তবে তাহাকেই শ্রেষ্ঠ এবং ভগবানের প্রিয়পাত্র বলিয়া স্বীকার করিতে হইবে। সনৎসুজাত বলিয়াছেন যে জ্ঞান, সত্য, বিদ্যা, দম, অমাৎসর্য্য, হ্রী, তিতিক্ষা, অনসূয়া, যজ্ঞ, দান, ধৃতি এবং শম এই দ্বাদশটী মহাব্রত নামে অভিহিত; এই দ্বাদশগুণে অলঙ্কৃত অথচ ভক্তিহীন ব্রাহ্মণের পক্ষে স্বীয় কুলের কল্যাণ-বৃদ্ধি করা দূরে থাকুক, আপনার কল্যাণসাধনেও তিনি সমর্থ হন না। কিন্তু একজন চণ্ডাল কেবল ভক্তিবলে স্বকীয় কুল সহ নিজের কল্যাণ লাভ করে, সন্দেহ নাই॥ ৯॥

নিত্য-নৈমিত্তিকাদি কর্ম্মসাধনে কৃতসংকল্প ব্যক্তির প্রতি ভগবান্ যেরূপ সন্তুষ্ট হন, শ্রবণ এবং কীর্ত্তন-পরায়ণ ভক্তিপূর্ণ ব্যক্তির প্রতি তদপেক্ষা ভগবান্ বিশেষ তৃপ্ত হন বলায়, যেন শ্রবণ কীর্ত্তনে ভগবানের কোনরূপ অভীষ্টসিদ্ধি ঘটে বলিয়া, স্বীকার করিতে হয়। কিন্তু ভগবানে কোন

যদ্‌যজ্জনো ভগবতে বিদধীত মানং তচ্চাত্মনে প্রতিমুখস্য যথা মুখশ্রীঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

মানং জনঃ ভগবতে বিদধীত করোতি, তৎ এব মুখশ্রীঃ (মুখে কৃতা এব শ্রীঃ তিলকাদিশোভা) প্রতিমুখস্য প্রতিবিম্বস্য, যথা তথা আত্মনে এব ভবতি ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

চ তত্র হেতুঃ যদ্‌যদিতি। যং যং মানং যদ্বা যদ্‌যস্মাৎ যদ্‌যেন ধনাদিনা ভগবতে মানং বিদধীত তদেবাত্মনে ভবতি নান্যৎ যথা মুখে কৃতৈব তিলকাদি শ্রীঃ শোভা প্রতিবিম্বস্য ভবতি নতু সাক্ষাত্তস্যৈব কর্ত্তুং শক্যতে তদ্বৎ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিদ্যা-জ্ঞান-শূন্য-জনকৃতং সংমাননং ভব্যঃ কশ্চিদাদ্রিয়তীতি মানাগ্রহণে জননিষ্ঠো জ্ঞান-লক্ষণো ধর্ম্মো হেতু রুক্তঃ। তত্র ত্বন্নিষ্ঠো ধর্ম্মোঽপি হেতুরস্তীত্যাহ নিজলাভেন পূর্ণঃ কিন্তু করুণঃ কৃপালুঃ সন্ বৃণীতেচ যং কুতশ্চিদ্‌বৃণীতে ইতি দৃশ্যতে। তত্তমনুগ্রহীতুমেবেতি মান-গ্রহণেঽপি করুণত্ব-লক্ষণ ত্বন্নিষ্ঠো ধর্ম্মএব হেতুরস্তীতি ভাবঃ। নচ প্রাকৃত-জনদত্তেন মানেন তব কশ্চিদুৎকর্ষো ভবেদপিতু মানপ্রদাতুরেবেত্যাহ। যদ্‌যৎ যং যং মানং পূজাং ভগবতে বিদধীত কুর্য্যাৎ তৎ স মানঃ আত্মনে স্বস্মৈ স্বোৎকর্ষায়ৈব ভবেৎ। যথা মুখশ্রীঃ মুখে কৃতা তিলকাদিশোভা প্রতিমুখস্য প্রতিবিম্বস্য ভবেৎ। নতু প্রতিবিম্বে কৃতা প্রতিবিম্ব-স্যেত্যর্থঃ ॥ ১০ ॥

হইতে সম্মান বা পূজার প্রার্থনা করেন না। তবে জলাদিতে প্রতিবিম্বিত মুখকে তিলকাদির দ্বারা শোভিত করিতে হইলে, যেমন মূল মুখকে শোভিত করিতে হয়, প্রতিবিম্বে তিলকাদি প্রদান করা যায় না; সেইরূপ যে যে মানের দ্বারা ভগবানের পূজা করা হয়, জীব তদ্দ্বারা সেই সেই মানাদিতে নিজেই সংযুক্ত হয়; সন্দেহ নাই। ভগবানের পূজার দ্বারা, নিজেরই সেই সেই বিষয়ের সংগ্রহ করা হয় মাত্র ॥ ১০ ॥

আভাস।

লাভালাভের সম্ভাবনা নাই। তিনি পূর্ণকাম! তিনি সংসারী জীবের নিকট হইতে কিছুরই প্রত্যাশা করেন না। তথাপি মানব যে যাহা তাঁহার উদ্দেশে প্রদান করে, তাহাই প্রকৃত পক্ষে সে নিজে সঞ্চয় করে। অন্য প্রকারে যে কিছু প্রদান করে, তাহাই তাহার প্রকৃত ব্যয়; তাহার পুনঃ প্রাপ্তির সম্ভাবনা নাই। কিন্তু ভগবানের উদ্দেশে যাহা কিছু অর্পিত হয়, কাল-ক্রমে তাহার কত লক্ষগুণ জীব যে পুনঃ প্রাপ্ত হয়, কে তাহার নিরূপণ করিতে পারে? সূর্য্য-সন্নিধানে জলাদিতে সূর্য্যের প্রতিবিম্বের ন্যায়, ভগবৎসমীপে জীবসমূহ চিত্তস্থ তদীয় প্রতিবিম্ব মাত্র। জলস্থ স্বীয় প্রতিবিম্বকে সুসজ্জিত করিতে হইলে, যেমন প্রতিবিম্বিত-মুখকে সুসজ্জিত করা প্রয়োজন, সেইরূপ সংসারে কোনরূপ নিজের ঐশ্বর্য্য বা ভোগলাভের বাসনা থাকিলে,

তস্মাদহং বিগতবিক্লব ঈশ্বরস্য সর্ব্বাত্মনা মহি গৃণামি যথা মনীষং।
নীচোঽজয়া গুণ-বিসর্গমনুপ্রবিষ্টঃ পূয়েত যেন হি পুমাননুবর্ণিতেন ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তস্মাৎ অহং নীচঃ সর্ব্বগুণহীনঃ অপি বিগতবিক্লবঃ অধিকারাভাবশঙ্কাশূন্যঃ, সন্ সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন, যথামনীষং যথাজ্ঞানং, ঈশ্বরস্য মহি মহিমানং, গৃণামি অনুবর্ণয়ামি; যেন অনুবর্ণিতেন, মহিম্না অজয়া অবিদ্যয়া গুণবিসর্গং দেহং, অনুপ্রবিষ্টঃ পুরুষঃ পূয়েত অবিদ্যা-নিবৃত্ত্যা বিমুচ্যেত ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবং ভগবান্ ভক্ত্যৈব তুষ্যতি তস্মাদহং নীচোঽপি বিগতবিক্লবঃ গতশঙ্কঃ সন্ ঈশ্বরস্য মহি মহিমানং সর্ব্বপ্রযত্নেন স্বমনীষানুসারেণ অনুবর্ণয়ামি। অজানতোঽপি স্তুতি-করণে হেতুমাহ যেনৈব মহিম্না অনুবর্ণিতেন অবিদ্যয়া সংসারমনুপ্রবিষ্টঃ পুমান্ শুদ্ধ্যেত তস্মিন্ অন্যস্য তথা শোধকস্যাভাবাদিত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মাদেবং ভবান্ ভক্ত্যৈব তুষ্যতি নতু সজ্জাত্যাদিভি র্যস্মাচ্চ ত্বৎসংমাননং স্বস্যাত্মনোঽপি ফলতি তস্মাদহং নীচোঽপি মহি মহিমানং গৃণামি স্তৌমি যেন ত্বন্মহিম্না অনুবর্ণিতেন গুণ-বিসর্গং সংসার-ব্যাধিমনুপ্রবিষ্টো জনঃ পূয়েত তস্মান্মুচ্যেতেত্যর্থঃ ॥ ১১ ॥

অতএব আমি এক জন সর্ব্বগুণশূন্য নীচ হইলেও, অনধিকারত্ব-নিবন্ধন কিছুমাত্র ভীত বা শঙ্কিত হই না। আমি যথাজ্ঞান কায়মনোবাক্যে সেই পরম পুরুষ পরমেশের মহিমা বর্ণন করিব। অহো! এই মহিমা বর্ণনের বলে অবিদ্যারচিত গুণময় দেহে অনুপ্রবিষ্ট জীব অবলীলাক্রমে এই ভীষণ সংসার-স্রোত হইতে মুক্তিলাভ করিতে পারে ॥ ১১ ॥

হে বিভো! পরম মঙ্গলময় সত্ত্বগুণের পরম আশ্রয়ই আপনি; তথন আমাদের ন্যায় অসুর-কুল-জাত তামস-প্রকৃতি জীবের পক্ষে আপনার মূর্ত্তি ভয়ের কারণ হয়, ক্ষতি নাই! আপনার সমীপে উপনীত এই সমস্ত

আভাস।

কেবল "আমার হউক," বলিয়া চেষ্টা করিলে, চলিবে না। চিত্তে উপহিত চিদানন্দময় পূর্ণব্রহ্ম ভগবানে নিজের অভিলষিত বিষয়ের কিঞ্চিৎ (নমুনা) মাত্র কায়মনোবাক্যে প্রদান করা বিধেয়। তাহা হইলে কালক্রমে তাহার রাশিলাভের উপায় উন্মোচিত হয়। অতএব নিজের নিমিত্ত যাহা কিছু তাঁহাকে অর্পণ করা; তাঁহার জন্য তাঁহাকে অর্পণ করিবার আবশ্যক নাই ॥ ১০ ॥

অতএব ভক্তিই যখন ভগবৎ-পরিতোষের উত্তম উপায়, তখন আমি অত্যন্ত নীচ জাতি হইলেও, ভীত হইব না। যাঁহার মহিমাবলে সংসার-দাবানল অনায়াসে নির্ব্বাপিত হয়, ভক্তিভরে তাঁহার চরণে শরণ লইলে, আমার নীচত্ব কোথায় থাকিবে? ॥ ১১ ॥

সর্ব্বে হ্যমী বিধিকরা স্তব সত্ত্বধাম্নো ব্রহ্মাদয়ো বয়মিবেশ ন চোদ্বিজন্তঃ।
ক্ষেমায় ভূতয় উতাত্মসুখায় চাস্য বিক্রীড়িতং ভগবতো রুচিরাবতারৈঃ॥ ১২॥
তদ্‌যচ্ছ মন্যুমসুরশ্চ হত স্ত্বয়াদ্য মোদেত সাধুরপি বৃশ্চিকসর্পহত্যা।

অন্বয়ঃ।

হে ঈশ! বয়ং ইব উদ্বিজন্তঃ বিভ্যতঃ সর্ব্বে অমী ব্রহ্মাদয়ঃ সত্ত্বধায়ঃ সত্ত্বমূর্ত্তেঃ, তব বিধিকরাঃ কিঙ্করাঃ, এব ন বয়ং ইব অসুরাঃ দ্বেষকারিণঃ; ভগবতঃ রুচিরাবতারৈঃ যৎ বিক্রীড়িতং বিবিধং ক্রীড়নং তৎ অস্য বিশ্বস্য, ক্ষেমায় লব্ধ-পরিপালনায়, ভূতয়ে অলব্ধ-লাভায়, উত আত্মসুখায় এব নতু ভয়োৎপাদনায়॥ ১২॥

তৎ তস্মাৎ মন্যুং ক্রোধং, যচ্ছ উপসংহর। (যদর্থো হয়ং মন্যুঃ সঃ) অসুরঃ ত্বয়া অদ্য হতঃ; অহো! বৃশ্চিক-সর্পহত্যা যথা সাধুঃ অপি মোদতে হৃষ্যতি, তথা (অসুরবধেন)

শ্রীধরস্বামী।

এবং মানঃ স্তুতাবনধিকারং পরিহৃত্য ইদানীং স্তবন কোপসংহারং প্রার্থয়তে সর্ব্বে হীতি দ্বাভ্যাং। ভো ঈশ! অমী উদ্বিজন্তো বিভ্যতঃ সর্ব্বে ব্রহ্মাদয়ঃ সত্ত্বমূর্ত্তে স্তব বিধিকরা-স্ত্বন্নিয়োগ-কর্ত্তারো ভক্তাএব নান্যে নচ বয়মসুরা ইব বৈরভাবেনৈতে ভক্তাঃ কিন্তু শ্রদ্ধয়ৈব তব রুচিরৈরবতারৈ র্বিবিধং ক্রীড়নং অস্য বিশ্বস্য ক্ষেমাদি-প্রয়োজনায় নতু ভয়োৎ-পাদনায়॥ ১২॥

তত্তস্মাত্তেষাং ভয়পরিহারায় মন্যুং যচ্ছ উপসংহর যদর্থেহয়ং মন্যুঃ স চাসুরঃ সাধূনাং সন্তোষার্থমদ্য হতঃ। অতঃ পরং ক্রোধেন কার্য্যাভাবাৎ তং নিযচ্ছ। নমু অন্যেষাং বধেন সাধুঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়মসুরাএবাস্মিন্ জগত্যভক্তা মন্দভাগ্যা অন্যেতু সর্ব্বে তব ভক্তা ভূরিভাগা এবেত্যাহ সর্ব্বে বিধিকরা স্ত্বন্নিয়োগ-কর্ত্তারো দাসাএব নচ বয়মসুরা ইব বৈরভাববত্ত্বাদুদ্বিজন্তঃ স্বতো ভীতাঃ। অতোঽস্য স্বভক্তরূপস্য বিশ্বস্য ক্ষেমায় ভূতয়ে সম্পত্ত্যৈচ উত আত্মনঃ স্বস্যচ সুখার্থং তবেদমসুরবধাদি বিক্রীড়িতং ভবেৎ॥ ১২॥

যস্মাদ্বিশ্বস্য ক্ষেমাদ্যভূৎ তস্মান্মন্যুং যচ্ছ দূরীকুরু। নমু পরদুঃখেন সুখিত্বাৎ কথমস্য বিশ্বস্য সাধুত্বং তত্রাহ সাধুরপি পরোদ্বেজক-বৃশ্চিক-সর্পাদীনাং হত্যা হিংসয়া অন্যকৃতয়া-

---

ব্রহ্মাদি সাত্ত্বিক-প্রকৃতি ভবদীয় একান্ত আজ্ঞাবাহী ভৃত্যবৎ অবস্থিত দেবতা-গণও এতদুপলক্ষে ভয় পাইতেছেন। হে দেবদেব! যখন যে কোন মধুর অব-তার গ্রহণে আপনি আবির্ভূত হন এবং ক্রীড়াচ্ছলে লীলা করেন, সে সমস্তই জগতের মঙ্গল এবং উন্নতির জন্য; সন্দেহ নাই। তন্মধ্যে অসুর-বধাদি ক্রীড়ার উপলক্ষে আপনি নিজেও কেবল আত্মসুখেরই উপলব্ধি করিয়া থাকেন॥ ১২॥

অতএব জগতের ভয়নিবারণার্থ আপনি ক্রোধ সম্বরণ করুন! যে নিমিত্ত ক্রোধ করা, সে কার্য্য সমাধা হইয়াছে! দুষ্ট অসুর আপনার ক্রোধে নিহত

লোকাশ্চ নির্বৃতিমিতাঃ প্রতিযন্তি সর্ব্বে রূপং নৃসিংহ বিভয়ায় জনাঃ স্মরন্তি ॥১৩॥
নাহং বিভেম্যজিত তেঽতিভয়ানকাস্য-জিহ্বার্ক-নেত্র-ভ্রুকুটী-রভসোগ্রদংষ্ট্রাৎ।

অন্বয়ঃ।

লোকাঃ নির্বৃতিং সুখং ইতাঃ প্রাপ্তাঃ, সন্তঃ প্রতিযন্তি ক্রোধোপসংহারং প্রতীক্ষন্তে। হে নরসিংহ! বিভয়ায় ভয়নিবৃত্তয়ে, তব ইদং রূপং সর্ব্বে জনাঃ স্মরন্তি স্মরিষ্যন্তি ॥ ১৩ ॥

হে অজিত! তে তব, আস্যং চ জিহ্বা চ, অর্কসদৃশে নেত্রে, ভ্রুকুটীনাং রভসঃ আটোপঃ চ উগ্রাঃ দংষ্ট্রাঃ চ-এতানি অতিভয়ানকানি যস্মিন্ তস্মাৎ, অন্ত্রমযঃ স্রজঃ যস্মিন্

শ্রীধরস্বামী।

কিং মোদেত তত্রাহ বৃশ্চিকাদেঃ পরোপদ্রবকারিণোঽন্যে এব জাতয়া হত্যা বধেন তস্যৈব তদ্ভদ্রং জাতমিতি সাধুরপি মোদেত এব তর্হি বহূনাং সুখাবহত্বাদমুং ক্রোধং ন ত্যজামীতি চেত্তত্রাহ লোকাশ্চ নির্বৃতিমিতাঃ প্রাপ্তাঃ সন্তঃ প্রতিযন্তি ক্রোধোপসংহারং প্রতীক্ষন্তে। তর্হি জনানাং পুনর্ভয়াভাবায় মন্যুং ধারয়ামীতি চেত্তত্রাহ রূপমিতি। বিভয়ায় ভয়নিবৃত্ত্যৈ এতদ্রূপ-স্মরণাদেব ভয়নিবৃত্তেন মন্যুধারণে ন কৃত্যমস্তীত্যর্থঃ ॥ ১৩ ॥

ত্বদ্ধেদ্বিভেষি তর্হি ত্যজামীতি চেত্তত্রাহ নাহমিতি। ভো অজিত তেঽস্মদ্রূপাদহং ন বিভেমি। কথম্ভূতাৎ আস্যঞ্চ জিহ্বাচ অর্কসদৃশনেত্রাণিচ ভ্রুকুটীনাং রভস আটোপশ্চ উগ্রদংষ্ট্রাশ্চ এতানি অতিভয়ানকানি যস্মিন্ তস্মাৎ। অন্ত্রমযঃ স্রজো যস্মিন্ তদান্ত্রস্রক্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোদেতেতি বিধে র্নাসাধুত্বমিত্যর্থঃ। প্রতিযন্তি তব দুষ্টনিগ্রহ-শিষ্টপালন-কর্ত্তৃত্বে প্রতীতিং প্রাপ্নুবন্তি। নচাতঃ পরং তবৈতাদৃশাবতারাপেক্ষাপীত্যাহ হে নৃসিংহ! তব রূপমেবেদং বিভয়ায় ভয়াভাবায় স্মরন্তি। তবৈতদ্রূপ-স্মরণেনৈবাতঃ পরং ভীতাঃ অসুরা নঙ্ক্ষ্যন্তীতি ভাবঃ ॥ ১৩ ॥

অসুরজাতিত্বেঽপ্যন্যেষামসুরাণামিব ত্বত্তো ন মে ভয়মিত্যাহ নাহমিতি। তেঽস্মদ্রূপাদহং ন বিভেমি কীদৃশাৎ অতি ভয়ানকং আস্যং জিহ্বা অর্কতুল্যনেত্রাণি ভ্রুকুটী। রভস আটোপঃ

হইয়াছে; এখনও কিন্তু আপনার ক্রোধের অবসান হয় নাই। সামান্য ক্রূর-স্বভাব সর্প বা বৃশ্চিকের বিনাশে যখন সাধুগণের আনন্দ জন্মে, তখন এই ভীষণ অসুরের নিধনে জনগণ যাহাতে নিশ্চিন্ত হইয়া, আনন্দ উপভোগ করিতে পারে, তাহার ব্যবস্থা আপনি করুন! হে নৃসিংহদেব! ভবদীয় এই অপূর্ব্ব মূর্ত্তির স্মরণে যাহাতে তাহারা শান্তি ও তৃপ্তি অনুভব করিতে পারে, এরূপ ভাব আপনি পরিগ্রহ করুন! ॥ ১৩ ॥

করাল কালানলের ন্যায় ভবদীয় জিহ্বা, প্রচণ্ড মার্ত্তণ্ড সদৃশ লোচনদ্বয়, কুটিল ভ্রূযুগলের নিরন্তর সঞ্চালন, উগ্র দশন-বিশিষ্ট করাল বদন, গলদেশে বেষ্টিত অন্ত্রের মালা, রক্তরঞ্জিত শুভ্র কেশর-জাল, শঙ্কুর ন্যায় তীক্ষ্ণ এবং উন্নত

আন্ত্রস্রজঃ ক্ষতজকেশরশঙ্কুকর্ণান্নির্হ্রাদভীতদিগিভাদরিভিন্নখাগ্রাৎ ॥ ১৪ ॥
ত্রস্তোঽস্ম্যহং কৃপণবৎসল দুঃসহোগ্র-সংসার-চক্র-কদনাৎ গ্রসতাং প্রণীতঃ।

অন্বয়ঃ।

তস্মাৎ, ক্ষতজাক্তাঃ রুধিরাক্তাঃ কেশরাঃ যস্মিন্, শঙ্কুবৎ উন্নতৌ স্তব্ধৌ কর্ণৌ যস্মিন্ তচ্চ তচ্চ তস্মাৎ ; নির্হ্রাদেন উৎকটশব্দেন, ভীতাঃ দিগিভাঃ যস্মাৎ তস্মাৎ অরিভিন্নখাগ্রাৎ তব তাদৃশাৎ ভয়ঙ্কররূপাৎ অহং ন বিভেমি ॥ ১৪ ॥

হে কৃপণবৎসল ! দুঃসহোগ্রসংসার-চক্র-কদনাৎ (দুঃসহং যৎ উগ্রং সংসারচক্রং তস্মিন কদনং দুঃখং তস্মাৎ) এব অহং ত্রস্তঃ অস্মি। অহো ! স্বকর্ম্মভিঃ বদ্ধঃ সন্ গ্রসতাং

শ্রীধরস্বামী।

তস্মাৎ। ক্ষতজাক্তাঃ কেশরা যস্মিন্ ; শঙ্কুবদুন্নতৌ স্তব্ধৌ কর্ণৌ যস্মিন্ তচ্চ তচ্চ তস্মাৎ। নির্হ্রাদেন ভীতা দিগিভা যস্মাৎ। অরীন্ ভিন্দন্তীতি অরিভিন্দি তানি নখাগ্রাণি যস্মিন্ এম্ভূতাদপি তে রূপাদহং ন বিভেমি ॥ ১৪ ॥

মহদ্ভয়ং ত্বন্যদন্তীত্যাহ ত্রস্তোঽস্মীতি। দুঃসহং যদুগ্রং সংসারচক্রে কদনং দুঃখং তস্মাদহং ত্রস্তোঽস্মি। তত্রচ গ্রসতাং হিংস্রাণাং মধ্যে স্বকর্ম্মভির্বদ্ধঃ সন্ প্রণীতঃ নিক্ষিপ্তো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উগ্রদ ষ্ট্রাশ্চ যত্র তস্মাৎ। অন্ত্রময়ঃ স্রজো যত্র তদান্ত্রস্রক্ তস্মাৎ। ক্ষতজাক্তাঃ কেশরা যস্মিন্ শঙ্কুবদুন্নতৌ স্তব্ধৌ কর্ণৌ যস্মিন্ তচ্চ তচ্চ তস্মাৎ। নির্হ্রাদেন ভীতা দিগিভা যস্মাৎ। অরীন্ ভিন্দন্তীত্যরিভিন্দ তানি নখাগ্রাণি যস্মিন্ তস্মাৎ ॥ ১৪ ॥

কিন্তু ত্বদ্বৈমুখ্য-প্রদায়ক-দুঃসঙ্গাদিভ্য এব ভীতোঽস্মীত্যাহ ত্রস্তোস্মীতি। দুঃসহং যত্তন্নিন্দা-দ্বেষাদি-ময়ত্বাদুগ্রং সংসার-চক্র-কদনং তস্মাদেব ত্রস্তোঽস্মি নতু সাধারণ-সংসারাদিতি প্রহ্লা-

---

শ্রবণ-যুগল এবং দিক্‌হস্তিগণেরও ভয়প্রদ প্রচণ্ড গর্জ্জন এবং শত্রুকুলের বিদারণকারী ভবদীয় নখাগ্র-অস্ত্রকে নিরীক্ষণ করত, হে অজিত ! আমি কিন্তু কিছু মাত্র ভীত বা শঙ্কিত নহি ! ॥ ১৪ ॥

কেবল দারুণ সংসার-চক্রের তীব্র আক্রমণে একান্ত নিষ্পেষিত হইয়া আমি ভয়ে আকুল হইতেছি ! সংসারের তুলনায় আপনার এই বিকট বেশও

আভাস।

প্রহ্লাদ বলিলেন, হে ব্রহ্মণ্যদেব ! বিশ্বসংসারের উপকারার্থ যখন অসুরের নিধন করিয়াছেন, তখন আর এখনও ক্রোধের পরিচয় দিলে, জীবের হৃদয়ে আনন্দের ব্যাঘাত জন্মিবে। সুতরাং ভবদীয় অসুর-নিপাতন কার্য্যোপলক্ষে যাহাতে সকলে আনন্দ-ভোগ করিতে পারে, অন্ততঃ তজ্জন্যও আপনার ক্রোধের সম্বরণ করা বিধেয় ॥ ১৩ ॥

পাছে ভগবান্ বলেন যে, হে প্রহ্লাদ ! তুমি নিতান্ত বালক বিধায় যদি ভীত হও, তাহা হইলে, আমি অবশ্য ক্রোধ সম্বরণ করিব ! তদুত্তরে প্রহ্লাদ বলিলেন, হে বিভো !

বদ্ধঃ স্বকর্ম্মভিরুশত্তম তেঽঙ্ঘ্রিমূলং প্রীতোঽপবর্গশরণং হ্বয়সে কদানু ॥ ১৫ ॥
যস্মাৎ প্রিয়াপ্রিয়বিয়োগ-সযোগ-জন্ম-শোকাগ্নিনা সকলযোনিষু দহ্যমানঃ।

অন্বয়ঃ ঃ

হিংস্রাণাং অসুরাণাং, মধ্যে প্রণীতঃ নিক্ষিপ্তঃ, অহং। হে উশত্তম! অতিকমনীয়! কদানু ভোঃ ত্বং প্রীতঃ সন্ অপবর্গস্য শরণং আশ্রয়ং), তে তব অঙ্ঘ্রিমূলং প্রতি মাং হ্বয়সে আহ্বয়িষ্যসি ॥ ১৫ ॥

যস্মাৎ প্রিয়ৈঃ অপ্রিয়ৈঃ চ সহ বিয়োগসংযোগাভ্যাং জন্ম যস্য তেন শোকাগ্নিনা সকল-

শ্রীধরস্বামী।

হ্যস্মি। হে কৃপণবৎসল হে উশত্তম কদা নু ত্বং প্রীতঃ সন্ অপবর্গভূতং শরণং তবাঙ্ঘ্রিমূলং প্রতি হ্বয়সে মামাহ্বয়িষ্যসি ॥ ১৫ ॥

দাস্যে সতি মৎপ্রীতিরিতি চেত্তর্হি নানাযোনিষু ক্লিশ্যমানস্য মম দাস্যজ্ঞানাভাবাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দাভি-প্রায়ো ব্যাখ্যেয়ঃ। নৈবোদ্বিজে পরদুরত্যয়-বৈতরণ্যা স্ত্বদীর্য্যগায়ন-মহামৃত-মগ্নচিত্ত ইত্যগ্রিম-তদুক্তেঃ। যতঃ গ্রসতাং ত্বদ্ভক্তং মাং ভক্ষিতুমিবেচ্ছতামসুরাণাং মধ্যে প্রণীতো নিক্ষিপ্তঃ। ননু ত্বং কিং ময়া নিক্ষিপ্ত স্তত্র নহি নহীত্যাহ বদ্ধঃ সন্ স্বকর্ম্মভিরেব। তস্মাৎ কদানু প্রীতঃ সন্ অপবর্গভূতং শরণং তবাঙ্ঘ্রিকমলং প্রতি হ্বয়সে পাদসম্বাহনার্থং মামাহ্বাস্যসি ॥ ১৫ ॥

ননু মদাঙ্ঘ্রিসেবয়া কিং করিষ্যসি? পৈতৃকং ত্রিজগদৈশ্বর্য্যসুখং তাবৎ ভুঙ্ক্ষ্বেত্যত আহ যস্মাৎ প্রিয়েরপ্রিয়ৈশ্চ যথাসংখ্যং বিয়োগ-সংযোগাভ্যাং জন্ম যস্য তেন শোকাগ্নিনা সকল-

---

আমার নিকট কমল হইতেও কমনীয় বলিয়া অনুভূত হইতেছে। আমি পূর্ব্ব-জন্মার্জ্জিত কর্ম্মফলে আকৃষ্ট হইয়া, এই সংসারের করাল কবলে নিপতিত হইয়াছি এবং নিরন্তর নিষ্পেষিত হইতেছি! হে শরণাগত-প্রতিপালক! বলুন! আমার সেই দিন কবে হইবে? যে দিবস আপনি আমাকে আপনার বলিয়া সম্বোধন করত, ভবদীয় অপবর্গপ্রদ চরণমূলে শরণ লইবার জন্য আহ্বান করিবেন ॥ ১৫ ॥

হে দেব! প্রিয়-বিয়োগ এবং অপ্রিয়-সংযোগ নিবন্ধন দারুণ শোকাগ্নিতে নিরন্তর দগ্ধীভূত হইয়া, সকল যোনিতেই পরিভ্রমণ করিতে হয়। হে সর্ব্ব

আভাস।

আমি বালক হইলেও, আপনার ক্রোধমূর্ত্তি দর্শনে তত ভীত নহি; কিন্তু এই দুঃসহ সংসার-চক্রের নিদারুণ পেষণে আমি একান্ত কাতর হইয়াছি! এক্ষণে কৃপা বিতরণে যাহাতে আপনি এই সংসার-চক্রের হস্ত হইতে আমার নিষ্কৃতি পাইবার কোন উপায় করিয়া দেন, তজ্জন্যই এত মিনতি করিতেছি ॥ ১৪। ১৫।

দুঃখৌষধং তদপি দুঃখমতদ্ধিয়াঽহং ভূমন্ ভ্রমামি বদ মে তব দাস্যযোগং ॥১৬॥

অন্বয়ঃ।

যোনিষু দেবতির্যঙ্ নরাদিষু দহ্যমানঃ অহং অতদ্ধিয়া দেহাদ্যাত্মাভিমানেন ভ্রমন্ যৎ যস্মাৎ দুঃখৌষধং (দুঃখনাশস্য দৃষ্টাদৃষ্টং উপায়ং অপি) দুঃখদং দুঃখাত্মকং জানামি! অতঃ হে ভূমন্! তব দাস্যযোগং মে মহ্যং, বদ! ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ত্বমেব তদুপদিশেতি প্রার্থয়তে। যস্মাৎ প্রিয়ৈরপ্রিয়ৈশ্চ যথাসংখ্যং বিয়োগ-সংযোগাভ্যাং জন্ম যস্য তেন শোকাগ্নিনা সকলযোনিষু দহ্যমানোঽস্মি। দুঃখস্য প্রতীকারঃ কার্য্য ইতি চেত্তত্রাহ দুঃখস্যৌষধং প্রতীকারঃ তদপি দুঃখমেব। এবমপি অতদ্ধিয়া দেহাদ্যভিমানেন মুহ্যামি। অতঃ হে ভূমন্ বিভো যে তব দাস্যরূপং যোগং নিস্তারোপায়ং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোনিষ্বিতি রাজদেহেঽপি তাদৃশ-শোকাগ্নি-দাহস্য নাসম্ভাব ইতি ভাবঃ। ননু শোকাগ্নেঃ প্রতীকারা অপি বহবো বর্ত্তন্ত ইত্যত আহ দুঃখস্যৌষধং প্রতীকার স্তদপি দুঃখমেব। তদপি অতদ্ধিয়া দুঃখবুদ্ধ্যৈব শূকরাদিযোনাবপ্যহং সুখীতি বুদ্ধ্যৈব ভ্রমামি। অতস্তব দাস্যস্য যোগমুপায়ং বদ; কোনোপায়েন তব দাস্যং প্রাপ্নুয়াং তত্ত্বমেবোপদিশ! ত্বদ্দাস্যবত্ত্বে সতি নানাযোনি-গতস্যাপি ন মে কিমপি দুঃখমিতি ভাবঃ ॥ ১৬ ॥

স্বামিন্! ইতি মধ্যে সেই সকল দুঃখের প্রতীকারের চেষ্টায় কেবল দুঃখেরই শ্রীবৃদ্ধি করা ব্যতীত, পরমার্থত কোনরূপ প্রতীকার ত দেখা যায় না। হে শরণাগত-প্রতিপালক! দেহাদিতে অভিমানই যাবতীয় দুঃখের এক মাত্র হেতু; আমিও সেই অভিমানে বিমোহিত হইয়া, এই প্রচণ্ড সংসার-দাবানলে জন্ম-জন্মান্তর পরিদগ্ধ হইতেছি! এক্ষণে সেই ভব-ব্যাধি হইতে নিষ্কৃতি লাভের উৎকৃষ্ট ঔষধিস্বরূপ ভবদীয় দাস্যরূপ অপূর্ব্ব যোগের বিষয় আমাকে উপদেশ করুন্! আমি নিস্তার লাভে কৃতার্থ হই ॥ ১৬ ॥

হে নৃসিংহ! আমি আপনার দাস হইয়া, ভবদীয় লীলা-কথার নিরন্তর কীর্ত্তনে এই অপার দুঃখ-সাগরকে অবলীলাক্রমে অতিক্রম করিব! বিরিঞ্চি-

আভাস।

আপনার দাস্য-লাভই যে সংসারের চক্র হইতে নিষ্কৃতি পাইবার উপায়, তাহা আমি বিলক্ষণ অবধারণ করিয়াছি। কিন্তু উৎকৃষ্ট এবং নিকৃষ্ট নানাযোনিতে পারভ্রমণ করিয়া এবং দুঃখ-নিবৃত্তির বিবিধ উপায় অবলম্বন করিয়া, বরং ক্লেশেরই বৃদ্ধি করিয়াছি! শান্তি-লাভের প্রকৃত উপায়কে কিছুতেই আশ্রয় করিতে পারি নাই। এক্ষণে প্রার্থনা যে, নিজের চেষ্টায় আমি আশ্রয় করিতে না পারিলেও, আপনি আমাকে সামর্থ্য দিন্! এবং কেমন করিয়া যে আপনার দাস্যভাব আমার লাভ হয়, তাহার উপদেশ আমাকে প্রদান করুন্! ॥ ১৬ ॥

সোঽহং প্রিয়স্য সুহৃদঃ পরদেবতায়া লীলাকথা স্তব নৃসিংহ বিরিঞ্চগীতাঃ।
অঞ্জ স্তিতর্ম্ম্যনুগৃণন্ গুণবিপ্রমুক্তো দুর্গাণি তে পদযুগালয়-হংসসঙ্গঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

সঃ ত্বয়া অনুগৃহীতঃ অতঃ তব পাদযুগং এব আলয়ঃ নিবাসস্থানং যেষাং তে ভক্তাঃ এব হংসাঃ সারাসারবিবেকিনঃ, তৈঃ সঙ্গঃ যস্য সঃ অহং হে নৃসিংহ! বিরিঞ্চগীতাঃ প্রিয়স্য সুহৃদঃ পরদেবতায়াঃ তব লীলাকথাঃ গৃণন্ গুণবিপ্রমুক্তঃ সন্ অঞ্জঃ অনায়াসেন, দুর্গাণি তিতর্ম্মি তরিষ্যামি ন গণয়িষ্যামি ইতি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ননু দাস্যযোগে প্রবৃত্তস্যাপি তদন্তরায়-ভূতানাং পূর্ব্বোক্ত-নানাদুঃখানাং কুতঃ পরিহার স্তত্রাহ সোঽহং ত্বদ্দাসঃ সন্ ভো নৃসিংহ তব লীলাকথা অনুগৃণন্ দুর্গাণি মহাদুঃখানি অঞ্জসা তিতর্ম্মি তরামি ন গণয়িষ্যামীত্যর্থঃ। তত্র হেতুঃ গুণৈ রাগাদিভি র্বিশেষেণ প্রমুক্তঃ সন্ তৎকুতঃ তে পদযুগমেবালয়ো যেষাং ভক্তানাং তএব হংসা জ্ঞানিনঃ তৈঃ সঙ্গো যস্য মম সোঽহং কথম্ভূতস্য কথা স্তত্রাহ প্রিয়স্যেত্যাদি। কুতো জ্ঞাতা বিরিঞ্চেন গীতাঃ তৎসম্প্রদায়-প্রবৃত্তাঃ। তথা চাথর্ব্বণী শ্রুতিঃ। দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্নিত্যাদি দাস্যে প্রবৃত্তস্য ভগবদনুগ্রহেণ সৎসঙ্গঃ ততো বীতরাগতয়া ভগবদ্গুণবর্ণনং ততশ্চ ন দুঃখাভিভবঃ স্যাদিতি বাক্যার্থঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু মদ্দাস্যে বর্ত্তমানেঽপি ত্বয়া প্রস্তুত-সাংসারিক-দুঃখস্যৌষধমন্যদন্বেষ্টব্যমেবেতি তত্র সাটোপং সপ্রগল্ভাস্ফোটঞ্চাহ। সোঽহং ত্বদনন্য-ভক্তঃ শ্রীনারদ-ভৃত্যত্বেন প্রসিদ্ধঃ। প্রহ্লাদোঽহমন্য ইব ন জ্ঞান-কর্ম্মাদিকং স্বপ্নেঽপ্যঙ্গীকরোমীতি ভাবঃ। তব লীলাকথা গৃণন্ কীর্ত্তয়ন্নেব গুণবিপ্রমুক্তো গুণাতীত ইতি যদ্যহং গুণাতীতোঽভূবং তদা মে কুতঃ প্রস্তুত-দুঃখং দুঃখৌষধং বেতি ভাবঃ। ননু গুণাতীতস্য ভক্তস্যাপি দুঃখানি দৃশ্যন্তে তত্রাহ দুর্গাণি ত্বদ্বিরহ-সন্তাপান্ অঞ্জঃ শীঘ্রং তিতর্ম্মি অতিশয়েন তরাণীতি সৎ সাক্ষাৎ সেবা প্রাপ্তা-বপি ত্বৎ-কীর্ত্তন-প্রসাদান্মে নাতিবিলম্বো ভাবীতি ভাবঃ। ত্বৎপদযুগস্য কমলত্বাৎ তদালয়ৈ র্হংসৈ স্তৎপার্ষদৈ র্মাং নেতুমাগচ্ছদ্ভিঃ সহ সঙ্গো যস্য সঃ। বিরিঞ্চগীতা ইতি কথানাং প্রামাণ্যং নচ ত্বৎকথা কীর্ত্তনে কেষামপি শ্রম ইত্যাহ প্রিয়স্য উজ্জ্বলভক্তানাং কান্তস্য সুহৃদঃ সখ্যভক্তানাং সখ্যু পরদেবতায়াঃ দাস্যভক্তানাং মদ্বিধানাং প্রভোঃ ॥ ১৭ ॥

পরিকীর্ত্তিত আপনার ন্যায় পরম প্রিয় সর্ব্ব-সুহৃদ্ পরদেবতার লীলা-কীর্ত্তনে আমার গুণ-সম্বন্ধ-নিষ্ঠ অভিমান নিরস্ত হইলে, ভবদীয় চরণ-কমলের নিত্য-

আভাস।

হে গুণগণার্ণব! আপনার লীলাকথায় আমার মন যখন মত্ত হইবে, তখন রোগ, শোক, জরা, ভয় প্রভৃতি সুখের অন্তরায়ভূত সাংসারিক যাবতীয় অনর্থ আপনা হইতে প্রভাবহীন হইয়া

বালস্য নেহ শরণং পিতরৌ নৃসিংহ নার্ত্তস্য চাগদমুদন্বতি মজ্জতো নৌঃ।

অন্বয়ঃ।

তপ্তস্য জনস্য তৎপ্রতিবিধিঃ তস্য দুঃখস্য প্রতীকারঃ নিবর্ত্তকঃ, ইহলোকে যঃ তাবৎ ইষ্টঃ সম্মতঃ, সঃ ত্বদুপেক্ষিতানাং তনুভৃতাং প্রাণিনাং, কিং অঞ্জসা সাক্ষাৎ তন্নিবর্ত্তকঃ ভবতি ? (ব্যভিচার-দর্শনাৎ ন); যতঃ ইহ বালস্য, পিতরৌ মাতাপিতরৌ, শরণং রক্ষকৌ, ন ভবতঃ; (তাভ্যাং পাল্যমানস্য দুঃখদর্শনাৎ)। আর্ত্তস্য রোগিনঃ, অগদং ঔষধং, (শরণং কৃতেঽপি মৃত্যু-

শ্রীধরস্বামী।

নন্বু দুঃখৈস্তপ্তস্য তৎপ্রতীকারো লোকপ্রসিদ্ধ এব কিং মদ্দাস্যাদিনা তত্রাহ বালস্যেতি। ভো নৃসিংহ তপ্তস্য তৎপ্রতিবিধি র্দুঃখ-প্রতীকার ইহলোকে যোঽঞ্জসা ইষ্টঃ স ত্বয়োপেক্ষিতা-পেক্ষিতানাং তাবদেব ক্ষণমাত্রমেব নত্বাত্যন্তিকং তদেবাহ বালস্য পিতরৌ শরণং রক্ষকাবিহ ন ভবতঃ তাভ্যাং পাল্যমানস্যাপি তস্য দুঃখদর্শনাৎ ক্বচিদাজীগর্ত্তাদিষু তাভ্যামেব তদ্বধ-দর্শনাৎ। ন চার্ত্তস্য রোগিণোঽগদং ঔষধং শরণং কৃতেঽপ্যৌষধে মৃত্যুদর্শনাৎ। নচোদন্বতি সমুদ্রে মজ্জতঃ পুংসো নৌঃ শরণং তয়া সহ মজ্জনদর্শনাৎ। অতস্ত্বমেব শরণমিত্যর্থঃ। অথবা এবং কাকা ব্যাখ্যেয়ং। তপ্তস্য তৎপ্রতিবিধি র্য ইহ তাবৎ প্রসিদ্ধঃ স ত্বদুপেক্ষিতানাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ দুঃখস্য প্রতীকারা অপি ত্বাং বিনা ফলন্তীত্যাহ বালস্য পিতরৌ শরণং রক্ষকাবিহ ন ভবতঃ। তাভ্যাং পাল্যমানস্যাপি তস্য দুঃখদর্শনাৎ ক্বচিদাজীগর্ত্তাদিষু তাভ্যামেব তদ্বধ-দর্শনাচ্চ। ন চার্ত্তস্য রোগিণঃ অগদমৌষধং শরণং কৃতেঽপ্যৌষধে মৃত্যুদর্শনাৎ। নচ উদন্বতি সমুদ্রে মজ্জতঃ পুংসঃ নৌঃ শরণং তয়া সহৈব মজ্জন-দর্শনাৎ। অত স্তপ্তস্য দুঃখিন

সেবক পরম হংসগণের পবিত্র সমাগমে আমার মন প্রাণ পবিত্র হইবে; সাংসারিক দুর্গতির সম্বন্ধ পর্য্যন্তও আর থাকিবে না ! ॥ ১৭ ॥

হে বিভো ! আপনার উপেক্ষিত দেহধারী জীবের পক্ষে লৌকিক দুঃখ-প্রতিকারের উপায়-সমূহ তাৎকালিক উপায় বলিয়া পরিগণিত হইলেও, কার্য্যকালে তাহাদের দ্বারা যে প্রকৃত প্রস্তাবে কোন ফল লাভ হয় না, তাহা সর্ব্বত্রই প্রতীত হইতেছে। কারণ জনক-জননী পুত্রের রক্ষক থাকিতেও, পুত্র অকালে কাল-কবলে কবলিত হইতেছে; রোগের শত শত

আভাস।

পড়িবে। যেমন নিদ্রালু ব্যক্তির পক্ষে কোনরূপ দৈহিক যন্ত্রণা যন্ত্রণার মধ্যে গণ্য হয় না, সেইরূপ আপনার প্রেমালুর পক্ষে সংসার-যাতনাও তুচ্ছ হইয়া যাইবে ॥ ১৭ ॥

হে জগজ্জীবন ! আপনাকে আশ্রয় করিয়া, দুঃখের প্রতীকারার্থ উদ্যমও ফলপ্রদ হয়; কিন্তু আপনাকে উপেক্ষা করত, নিশ্চিত প্রতীকারের উপায়-সকলও অনিশ্চিতের মধ্যে পরিগণিত হইয়া পড়ে। যদিও কিছু প্রতীকার ঘটে, তাহাও অল্পকাল-স্থায়ী এবং সময়ে সময়ে তদ্দ্বারা

তপ্তস্য তৎপ্রতিবিধির্য ইহাঞ্জসেষ্টস্তাবদ্বিভো তনুভৃতাং ত্বদুপেক্ষিতানাং ॥ ১৮ ॥
যস্মিন্ যতো যর্হি যেনচ যস্য যস্মাদ্যস্মৈ যথা যদুতয়ন্ত্বপরঃ পরো বা।

অন্বয়ঃ।

দর্শনাৎ ন); উদ্বতি সমুদ্রে, মজ্জতঃ পুংসঃ নৌঃ শরণং ন(তয়া সহিতস্য মজ্জন দর্শনাৎ) ॥১৮॥

যস্তু অপরঃ অর্ব্বাচীনঃ অপকৃষ্টঃ পিত্রাদিঃ, পরঃ প্রাচীনঃ উৎকৃষ্টঃ, ব্রহ্মাদিরূপঃ ভাবঃ কর্ত্তা, যস্মিন্ অধিকরণে, যতঃ নিমিত্তাৎ, যর্হি কালে, যেন করণেন হেতুকর্ত্রা সঞ্চোদিতাঃ প্রেরিতঃ,

শ্রীধরস্বামী।

কিমঞ্জসেষ্টঃ; অপিতু নেষ্টএব। যদ্বা যস্তাবদিহ প্রতিবিধিরিষ্টঃ স কিমঞ্জসা নৈবাঞ্জসেত্যাদি যোজ্যং বালস্যেত্যাদি পূর্ব্ববদেব ॥ ১৮ ॥

নন্থ ক্বচিৎ কুতশ্চিৎ কেনচিৎ কদাচিৎ কশ্চিৎ রক্ষকোঽপি দৃশ্যতে ইত্যাশঙ্ক্য তত্রাপি তত্তদ্রূপেণ ত্বমেব রক্ষক ইত্যুররীকৃত্য তস্যৈব সর্ব্বাত্মতামাহ যস্মিন্নিতি। অপরোঽর্ব্বাচীনঃ পিত্রাদিঃ পরো ব্রহ্মাদির্ব্বা। ভাবঃ কর্ত্তা। তত্তৎকারকৈ র্যদ্যৎ করোতি তৎসর্ব্বং ভবত এব স্বরূপং নতু পৃথক্। যস্মিন্নধিকরণে যতো নিমিত্তাৎ যর্হি যস্মিন্ কালে যেন করণেন যে চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তৎ প্রতিবিধি র্দুঃখ-প্রতীকারো য ইহ ইষ্টঃ স ত্বদুপেক্ষিতানাং ত্বদিচ্ছায়া অবিষয়ী-ভূতানাং জনানাং নেতি পূর্ব্বেণান্বয়ঃ। তাবদিতি বাক্যালঙ্কারে ॥ ১৮ ॥

কেষাঞ্চিদ্ যঃ পিত্রাদিকো রক্ষকো দৃশ্যতে সোঽপি ত্বদ্রূপ এবেত্যাহ যস্মিন্নিতি। অপরোঽর্ব্বাচীন জনঃ পরঃ প্রাচীনো ব্রহ্মাদির্ব্বা ভাবঃ কর্ত্তা কারকৈ র্যৎ যৎ করোতি তৎ সর্ব্বং ভবতো মায়াশক্তিযুক্তস্য স্বরূপং স্বীয়ং রূপমিত্যর্থঃ। যস্মিন্নধিকরণে যতো নিমিত্তাৎ যর্হি যস্মিন্ কালে, যেন করণেন যেন হেতুনা কর্ত্রা বা সঞ্চোদিতশ্চ যস্য সম্বন্ধি যস্মাদুপাদানাৎ

ঔষধ থাকিতে এবং তাহার সেবনেও রোগী মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি পায় না; এবং উত্তরণের তরী সত্তেও তরী সহ সমুদ্রগর্ভে বণিক্ প্রাণ হারাইতেছে ॥ ১৮ ॥

হে দীননাথ! যদি কোথাও কোন কারণ বশত কখন কাহাকেও রক্ষক হইতে দেখা যায়, সেও আপনি মাত্র। কারণ আপনি সর্ব্বময়! সামান্য জাগতিক পিতামাতাদির বেশে বা উৎকৃষ্ট ব্রহ্মাদির রূপে যে যে উপায়ে যে যে কার্য্য সাধিত হইতেছে, সে সমস্ত আপনারই ভাবান্তর বা রূপান্তরের পরিচয় মাত্র। কারণ যে অধিকরণে যে নিমিত্ত, যে কালে, যে যে উপায়ে

আভাস।

বরং বিপরীত ফলেরই উৎপাদন পরিলক্ষিত হইয়া থাকে। অর্থাৎ রক্ষক হইয়াও, জনক-জননী পুত্রের মৃত্যুর কারণ হইয়া থাকেন ॥ ১৮ ॥

কারণ আপনি সর্ব্বময়। সপ্তবিধ বিভক্তির দ্বারা যে যে ভাবের পরিচয় হয়, সেই সকল ভাবে একাকী আপনিই বিরাজ করিতেছেন। যে ব্যক্তি বুদ্ধিমান্, তিনি আপনাকে

ভাবঃ করোতি বিকরোতি পৃথক্ স্বভাবঃ সঞ্চোদিতস্তদখিলং ভবতঃ স্বরূপং ॥ ১৯॥
মায়া মনঃ সৃজতি কর্ম্মময়ং বলীয়ঃ কালেন চোদিতগুণা নুমতেন পুংসঃ।

অন্বয়ঃ।

যস্য সম্বন্ধি, যস্মাৎ অপাদানাৎ, যস্মৈ সম্প্রদানায়, যৎ ঈপ্সিততমং কর্ম্ম ঔত অপি পৃথক্ পৃথক্ করোতি উৎপাদয়তি, বিকরোতি রূপান্তরং নয়তি, তৎ অখিলং সর্ব্বং কারকাদি ভগবতঃ স্বরূপং এব ন ত্বত্তঃ পৃথক্ ইতি ॥ ১৯ ॥

হে অজ! ত্বদংশস্য পুংসঃ অনুমতেন ঈক্ষণমাত্রেণ, প্রেরিতেন কালেন চোদিতাঃ ক্ষোভিতাঃ, গুণাঃ সত্ত্বাদয়ঃ যস্যাঃ সা মায়া প্রকৃতিঃ, কর্ম্মময়ং অনন্তকর্ম্মময়বাসনাবাসিতং,

শ্রীধরস্বামী।

হেতুনা কর্ত্রা সঞ্চোদিতঃ যস্য সম্বন্ধিনঃ যস্মাদপাদানাৎ যস্মৈ সম্প্রদানায় যদীপ্সিততমং যঃ কর্ত্তেত্যেবং সপ্তবিভক্ত্যর্থাঃ। যথা যেন প্রকারেণেতি ক্রিয়াবিশেষণানামব্যয়ানামর্থাঃ পৃথক্ স্বভাবং সত্ত্বাদি প্রকৃতিঃ করোতি উৎপাদয়তি বিকরোতি রূপান্তরং নয়তীতি ॥ ১৯ ॥

অতোঽন্যস্য রক্ষকস্যাভাবাৎ সংসারিত্বাচ্চ নিত্যমুক্তস্ত্বমেব মাং শরণাগতং রক্ষেতি প্রার্থয়তে মায়েতি দ্বাভ্যাং। ত্বদংশস্য পুংসোঽনুমতেন ঈক্ষণরূপেণানুগ্রহেণ মনঃ প্রধানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মৈ সংপ্রদানায় যদীপ্সিততমং যঃ কর্ত্তেত্যেবং সপ্তবিভক্ত্যর্থাঃ যথা যেন প্রকারেণ ইতি ক্রিয়া-বিশেষণ-ভূতানামব্যয়ানামর্থাঃ ত্বত্তো নির্গুণাৎ পৃথক্স্বভাবঃ সত্ত্বাদি প্রকৃতিঃ করোতি উৎপাদয়তি বিকরোতি রূপান্তরং নয়তি ॥ ১৯ ॥

নন্বু যদ্যহমেব সর্ব্বরূপ স্তর্হি সংসারোঽপ্যহমেব কুতো মদ্রূপাৎ সংসারাদস্মাদ্বিমোক্তু-মিচ্ছসীত্যত আহ দ্বাভ্যাং মায়া ত্বদীয়-বহিরঙ্গ-শক্তি র্মনো মহদাদ্যাত্মকং লিঙ্গদেহং জীব-স্যোপাধিং সৃজতি কর্ম্মাণি লৌকিক-বৈদিক-ব্যাপারা স্তন্ময়ং। বলীয়ো দুর্জ্জয়ং। পুংস

এবং যে হেতু ও যৎকর্ত্তৃক যাহার সম্বন্ধে, যাহা হইতে এবং যাহার উপলক্ষে যে কোন অভিলষিত কার্য্যের অনুষ্ঠান ঘটে, বা তাহা বিনষ্ট হয়, সেই সকল রূপে এবং সকল ভাবে এক আপনিই বিরাজ করিতেছেন ॥ ১৯ ॥

হে ঈশ! ভবদীয় অংশস্বরূপ জীবের ঈক্ষণানুরূপ দৃষ্টির অনুসারেও কাল-সহকারে ক্ষোভিত-গুণা মায়া এই কর্ম্মময় বলবান্ মনকে সৃজন করিয়াছেন;

আভাস।

ধরিয়া, ভাবকে লক্ষ্য করেন; এবং সর্ব্বপ্রকারে জয়ী হন। আর যিনি ভাবের প্রতি কেবল লক্ষ্য করিয়া, আপনাকে বিস্মৃত হন; তাঁর সকল বিষয়ে বঞ্চিত হন; সন্দেহ নাই ॥ ১৯ ॥

সর্ব্বরূপে সর্ব্বঘটে একাকী আপনি বিরাজমান থাকায়, অন্য নামে রক্ষককে আহ্বান না করিয়া, সর্ব্বরক্ষকরূপে বিরাজমান কেবল আপনাকেই আমি কায়মনোবাক্যে আহ্বান করিতে প্রার্থনা করি। কারণ প্রাকৃতিক সকল ভাবই অভাব-গ্রস্ত। কখন্ থাকে, কখন্ যে যায়, কেহ

ছন্দোময়ং যদজয়ার্পিত-ষোড়শারং সংসারচক্রমজকোঽতিতরেত্ত্বদন্যঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ছন্দোময়ং বেদোক্তকর্ম্মপ্রধানং অজয়া অবিদ্যয়া অর্পিতাঃ ষোড়শ (একাদশেন্দ্রিয় পঞ্চ মহাভূতাত্মকাঃ) অরাঃ যস্মিন্ তৎ সংসারচক্রং সংসারচক্রাত্মকং মনঃ (প্রধানং লিঙ্গং শরীরং) সৃজতি; তৎ সংসারচক্রং ত্বদন্যঃ ত্বত্তঃ পৃথক্‌স্থিতঃ বিমুখঃ ত্বাং অভজন্ কঃ পুমান্ অতিতরেৎ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

লিঙ্গং মায়া সৃজতি। কথম্ভূতা কালেন চোদিতা ক্ষোভিতা গুণা যস্যাঃ কথম্ভূতং মনঃ কর্ম্মময়ং কুর্ব্বদ্রূপং। বলীয়ঃ দুর্জ্জয়ং। ছন্দোময়ং বেদোক্ত-কর্ম্ম-প্রধানঞ্চ। অজয়া জীবস্যাবিদ্যয়া তদ্ভোগার্থমর্পিতাঃ ষোড়শ অরা বিকারা যস্মিন্ যদেবম্ভূতং সংসার-চক্রাত্মকং মনস্তৎ কোঽতিতরেৎ। ভো অজ ত্বদন্যঃ ত্বত্তঃ পৃথক্ স্থিত ত্বামভজন্নিত্যর্থঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বদংশস্য অনুমতেন ঈক্ষণরূপেণ চোদিতাঃ ক্ষোভিতাঃ গুণা যস্যাঃ সা। ছন্দোময়ং। বাসনাময়ং ছন্দঃ পদ্যেভিলাষে চেত্যমরঃ। যদেব খল্বিদং সংসার-চক্রং ভবেৎ। কীদৃশং অজয়া অবিদ্যয়া অর্পিতা ষোড়শ অরা বিকারা যস্মিংস্তচ্চ তৎ কোঽতিতরেৎ। তদন্যঃ ত্বত্তঃ পৃথগ্‌ভূতঃ ত্বামভজন্নিত্যর্থঃ। ত্বদনন্যভক্তস্তু তরেদেবেত্যর্থঃ ॥ ২০ ॥

এবং যাবতীয় বাসনার আকর-স্থানীয় এই মন ষোড়ষ অরারূপ বিকার-সমূহে নির্ম্মিত এই সংসার-চক্রের আকারে নিরন্তর পরিভ্রমণ করিতেছে। হে অজ! আপন গতিতে নিরন্তর পর্য্যটনশীল এই মন-চক্রকে নিবারণ করিতে, আপনি ব্যতীত অন্য কাহাকেও ত আর লক্ষ্য করিতে পারি না! ॥ ২০ ॥

আভাস।

তাহার নিরূপণ করিতে পারে না। কেবল নিত্য মুক্ত ও সত্যস্বরূপে আপনি বিদ্যমান রহিয়াছেন। আপনি আমাকে আশ্রয় দানে, কৃতার্থ করুন্! আমি বাহ্য জগতে ভীত নহি! অন্তর্জগতের জন্য আমি একান্ত বিব্রত। অসীম কৌশলের পরিচয়ে মহামায়া যে মন আমাকে সৃজন করিয়া দিয়াছেন, তাহাকে বশীভূত করিতে না পারিলে, অনন্ত জগৎ বশীভূত করিবার ফল হয় না। এক মনই অনন্ত জগৎ ও জাগতিক পদার্থের বেশে আমার অন্তরে নিরন্তর সংসার সাজাইতেছে। হে মায়াপতে! আমার মনচক্রকে নিবারণ করাই সংসার-নিবারণ। কিন্তু তাহাকে কিছু ভোগ দিয়া যে নিরস্ত করিব, তাহা সম্ভবপর নহে। কারণ তাহার উদর অসীম। সমগ্র ব্রহ্মাণ্ড তাহাকে ভোজন করাইলেও, তাহার ক্ষুন্নিবৃত্তি হয় না। সুতরাং তাদৃশ সংসারচক্র নিরন্তর হৃদয়ে বহন করত, আমি কিরূপে সংসারমুক্ত হইব! হে দীনশরণ! আপনি আমার প্রতি কৃপা দৃষ্টি করুন্! আমি বিলক্ষণ অবধারণ করিতেছি যে, আমার এই নব-দ্বার-বিশিষ্ট পুরীর মধ্যে মায়ার আশ্রয়ে এবং মনের সংস্রবে আপনি দর্শন শ্রবণ

স ত্বং হি নিত্যবিজিতাত্মগুণঃ স্বধাম্না কালো বশীকৃত-বিসৃজ্য-বিসর্গশক্তিঃ।
চক্রে বিসৃষ্টমজয়েশ্বর ষোড়শারে নিষ্পীড্যমানমুপকর্ষ বিভো প্রপন্নং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

হি যস্মাৎ সঃ ত্বং স্বধাম্না চিচ্ছক্ত্যা, নিত্যং বিজিতাঃ দূরতঃ নিরস্তাঃ আত্মনঃ জীবস্য গুণাঃ ধর্ম্মাঃ সুখদুঃখরাগাদয়ঃ যেন সঃ ; কালঃ মায়াদিনিয়ন্তা, অতএব (বশীকৃতাঃ বিজৃজ্য-বিসর্গশক্তিঃ বিসৃজ্যানাং কার্য্যাণাং বিসর্গাণাং কারণানাং চ শক্তয়ঃ যেন সঃ) তস্মাৎ হে ঈশ্বর! সর্ব্বনিরন্তর্! হে বিভো সর্ব্বসমর্থ! অজয়া অবিদ্যয়া, ষোড়শারে সংসারচক্রে বিসৃষ্টং পাতিতং (অতএব ইক্ষুদণ্ডবৎ) নিষ্পিড্যমানং অপিতু (ত্বাং) প্রপন্নং শরণাগতং, মাং উপকর্ষ স্ব-সমীপং নয়! ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

ননু মমাপি মায়াসম্বন্ধাৎ কর্ত্তৃত্বাদ্যবিশেষাচ্চ ত্বত্তঃ কো বিশেষ ইত্যত আহ স ইতি। স্বধাম্না চিচ্ছক্ত্যা নিত্যং বিজিতা আত্মনো বুদ্ধিগুণা যেন স হি ত্বং যতঃ কালঃ মায়াপ্রেরকঃ অতএব বশীকৃতা বিসৃজ্যানাং কার্য্যাণাং বিসর্গাণাং সাধনানাঞ্চ শক্তয়ো যেন। অতঃ ইক্ষু-দণ্ডবন্নিষ্পীড্যমানং মাং উপকর্ষ স্বসমীপং নয় ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতো মায়াময়ং স্বচ্ছক্তিত্বাত্তময়ং সংসারচক্রং যদ্যপি তদ্রূপং তদপি ত্বং স্বরূপশক্ত্যা তস্মাৎ পৃথগ্ভূত এব তস্মান্নিমোচ্য লোকমিমং স্বচরণান্তিকং নয়েত্যাহ স ত্বমিতি। যন্মায়াহি গুণময়ং জীবোপাধিং সৃজতি স ত্বং স্বধাম্না স্বরূপশক্ত্যা বিজিতা আত্মগুণা বুদ্ধিগুণা যেন সঃ। যো গুণান্ ক্ষোভয়তি স কালোঽপি ত্বং। অতএব বশীকৃতা বিসৃজ্যা মায়া-কার্য্যভূতা উপাধয় স্তেষু বিসর্গো নিক্ষেপঃ শক্তিরবিদ্যাচ যেন সঃ। অত ইক্ষুদণ্ডবন্নিষ্পাড্যমানং প্রপন্নং জনমুপকর্ষ সমীপং নয় ॥ ২১ ॥

আপনি স্বকীয়া নিত্যসিদ্ধা চিচ্ছক্তির প্রভাবে স্বকীয় বুদ্ধিগুণকে পরাজয় করত, মায়ারও প্রেরক মহাকালরূপে বিরাজ করিতেছেন। সৃষ্ট যাবদীয় কার্য্য এবং তাহার সাধনরূপ শক্তিসমূহ আপনার আজ্ঞাতেই চালিত হইতেছে। অতএব ইক্ষুদণ্ড যেমন চক্রের অন্তরে নিপীড়িত হয়, আমিও সেইরূপ এই ষোড়শ অরা-বিশিষ্ট সংসার-চক্রের অন্তরে একান্ত নিপীড়িত হইতেছি! হে বিভো! এই শরণাগত জনকে আপন সমীপে লইয়া নিস্তীর্ণ করুন! ॥ ২১ ॥

আভাস।

পর্য্যন্ত অনন্ত ফলের ব্যবস্থা করিয়াছেন। এবং আপনি একাকী সেই সকল ফলের পরিচালক হইয়া, কার্য্য করিতেছেন। আমি কেবল তেত্রিশ কোটি নাড়ীর যোগাযোগে অনন্ত কলের কার্য্য দেখিয়া বিস্মিত হইতেছি ; কলের চালক আপনাকে আর ধারতে পারিতেছি

দৃষ্টা ময়া দিবি বিভোঽখিলধিষ্ণ্যপানামায়ুঃ শ্রিয়ো বিভব ইচ্ছতি যান্ জনোঽয়ং।
যেঽস্মৎ পিতুঃ কুপিতহাসবিজৃম্ভিতভ্রূবিস্ফূর্জিতেন লুলিতাঃ সতু তে নিরস্তঃ ॥২২॥

অন্বয়ঃ।

হে বিভো! দিবি স্বর্গে, যান্ ভোগান্ অয়ং জনঃ (সংসারী) ইচ্ছতি তে অখিল-ধিষ্ণ্যপানাং সর্ব্বলোকপালানাং, আয়ুঃ শ্রিয়ঃ বিভবঃ ইত্যাদয়ঃ ময়া দৃষ্টাঃ; যে আয়ুরাদয়ঃ অস্মৎপিতুঃ কোপহাস-বিকৃতভ্রূভঙ্গমাত্রেণ বিলুলিতাঃ বিধ্বস্তাঃ; অহো! সঃ অস্মৎ পিতাপি তে ত্বয়া নিরস্তঃ মারিতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

নন্থ লোকপালানাং ভোগান্ ভুঙ্ক্ষ্ব পিত্র্যঞ্চ রাজ্যমিদং দাস্যামি কিমিতি সংসারাদুদ্বিজসে তত্রাহ দৃষ্টা ইতি ত্রিভিঃ। শ্রিয়ঃ সম্পদঃ বিভব উদ্ভবঃ আয়ুরাদয়ো দৃষ্টা ইতি কাকা তুচ্ছত্বমুক্তং। তদেবাহ যেঽস্মৎ পিতুঃ কোপহাস-বিকৃত-ভ্রূভঙ্গমাত্রেণ বিধ্বস্তাঃ সচ ত্বয়া নিরস্তঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ ত্বাং বিনান্যং কমপ্যৈশ্বর্য্যবন্তং পশ্যামি যমহং প্রপদ্যেয়ং যো মাং সংসারাদুদ্ধরিষ্যতীত্যাহ দৃষ্টা ইতি। দিবিস্থানামখিললোকপালানামায়ুরাদয়ো দৃষ্টাঃ। শ্রিয়োধনসংপদঃ। বিভবঃ ঐশ্বর্য্যং। যে ধিষ্ণ্যপাঃ অস্মৎ পিতুঃ কোপহাস-বিকৃত-ভ্রূভঙ্গমাত্রেণৈব বিধ্বস্তাঃ সচ ত্বয়া নিরস্ত ইত্যসাধারণ-প্রভাবাদপি ত্বমেব পরমেশ্বর ইতি জানামীতি ভাবঃ ॥ ২২ ॥

হে বিভো! অমরাপুরে লোকপালগণের ঐশ্বর্য্যে বা মদীয় পৈত্রিক রাজ্যে আমার কোন আকাঙ্ক্ষা নাই। যিনি নিখিল লোকপালগণের শ্রীঃ আয়ুঃ ভোগ বা ঐশ্বর্য্য পাইবার জন্য কামনা করেন, তিনি ভ্রান্ত; কারণ তাঁহার বুঝা উচিত যে, উক্ত লোকপালগণের যাবতীয় ঐশ্বর্য্য, আয়ুঃ বা শ্রীঃ যাঁহার কুটিল ভ্রূভঙ্গির সহ কুপিত হাস্যেই সমস্ত বিনষ্ট হইয়াছিল, সেই মদীয় পিতা মহাসুর হিরণ্যকশিপুও আপনার করাল গ্রাসে পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছেন; তখন আপনি ব্যতীত কালভয় নিবারণ করিবার পাত্র ত অন্য কাহাকেও নয়ন-গোচর করি না ॥ ২২ ॥

আভাস।

না। কলের কার্য্য দেখিয়া আপনার অস্তিত্ব অনুমান করিতেছি বটে, কিন্তু কোন্ উপায়ে যে আপনাকে ধরিব, তাহা নিরূপণ করিতে পারিতেছি না। কলের গতি বড়ই দ্রুত! গতি সত্ত্বে আপনাকে লক্ষ্য করিতে পারিব না; অথচ আপনাকে ধরিতে না পারিলেও আমার কল-চলা বন্ধ হইবে না। কিন্তু এ যাত্রায় আমার ধরা অসম্ভব! তবে যদি আপনি নিজে ধরা দিয়া, ক্ষণকালের জন্যও আমার পরিচয় লহেন, অর্থাৎ মনের মূলে একটু নিস্তব্ধ

তস্মাদমুস্তনুভৃতামহমাশিষোঽজ্ঞ আয়ুঃ শ্রিয়ং বিভবমৈন্দ্রিয়মাবিরিঞ্চ্যাৎ।
নেচ্ছামি তে বিলুলিতানুরুবিক্রমেণ কালাত্মনোপনয় মাং নিজভৃত্যপার্শ্বং ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

তস্মাৎ তনুভৃতাং জীবানাং, অমুঃ আশিষঃ ভোগান্, আয়ুঃ শ্রিয়ঃ বিভবং ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়-ভোগ্যং আবিরিঞ্চ্যাৎ ব্রহ্মণোভোগং অভিব্যাপ্য তথা কালাত্মনা উরুবিক্রমেণ তে ত্বয়া বিলুলিতান্ বিধ্বস্তান্ অণিমাদীন্ অপি জ্ঞঃ সারাসারবিবেকী, অহং ন ইচ্ছামি। মাং নিজ-ভৃত্যানাং স্বসেবকানাং, পার্শ্বং সমীপং, নয় প্রাপয়। ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবং তস্মাদাশিষো ভোগান্। অতস্তং পরিপাকং বিদ্বান্ অহং ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়ৈ র্ভোগ্যং ব্রহ্মণো ভোগমভিব্যাপ্য কিমপি নেচ্ছামি। তে কালাত্মনা উরুবিক্রমেণ বিলুলিতান্ বিধ্বস্তান্ অণিমাদীনপি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততঃ কিমত আহ তস্মাদিতি। যস্মান্মৎপিতা তাদৃশৈশ্বর্য্য-সম্পত্তিমানপি নিরস্ত স্তস্মাদহং আশিষো ভোগান্ জ্ঞ স্তৎপরিপাকং বিদ্বান্ ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়ৈ র্ভোগ্যং আবিরিঞ্চ্যাৎ ব্রহ্মণো ভোগমপ্যভিব্যাপ্য কিমপি নেচ্ছামি। তে কালস্বরূপেণ বিলুলিতান্ বিধ্বস্তান্ অণিমাদীনপি। নিজভৃত্যপার্শ্বমিতি তদেব সর্ব্বোত্তমং জানামীতি ভাবঃ ॥ ২৩ ॥

অতএব দেহধারী জীবসমূহের যে কোন প্রকার ভোগ্য বিষয়, ভোগ কাল পরমায়ুঃ, ঐশ্বর্য্য এবং ব্রহ্মার আয়ু পরিমিত কালব্যাপ্য ভোগ্য বিষয়সমূহও যখন ভবদীয় বিষমবিক্রম প্রচণ্ড কালবেগে বিধ্বস্ত হইয়া থাকে; অধিক কি? যাঁহার সমীপে অণিমাদি অষ্টৈশ্বর্য্যেরও অব্যাহতি নাই, তখন জানিয়া শুনিয়া এই সমস্তের কিছুই আমি গ্রহণে অভিলাষী নহি! আপনি অনুগ্রহ পূর্ব্বক আপনার ভৃত্য সেবকগণের সমীপে আমাকে স্থান দিন! আমি কৃতার্থ হই! ॥ ২৩ ॥

শব্দাদি যে কোন ভোগ্য বিষয় জগতে আছে, তাহারা কেবল শ্রবণেন্দ্রি-য়ের তৃপ্তি-সাধন করে মাত্র; ফলে মৃগতৃষ্ণিকাতে তৃষ্ণা-নিবারণার্থ জলের

আভাস।

ভাবে বিশ্রাম করেন, তাহা হইলে আমার কল-চলা জনমের মত সাঙ্গ হয়। তখন তোমার চরণে ধরিব; গতিরোধ করিব! কলের অঙ্গ স্পর্শ আর করিতে দিব না ॥ ২০—২২ ॥

ক্ষণধ্বংসী অকিঞ্চিৎকর আপাত-মনোরম ভোগের লালসায় নিত্যসুখে বঞ্চিত হওয়া, বুদ্ধিমান্ ব্যক্তির কর্ত্তব্য নহে। তাদৃশ ঐশ্বর্য্যবান্ হইয়াও, আমার জনক-হিরণ্যকশিপুরও যখন অবসান হইয়াছে, তখন আমি আপনার নিকট এক ভৃত্যভাব ব্যতীত অন্য কিছুরই প্রার্থনা করি না! ॥ ২৩ ॥

কুত্রাশিষঃ শ্রুতিসুখা মৃগতৃষ্ণিরূপাঃ ক্বেদং কলেবরমশেষরুজাং বিরোহঃ।
নির্ব্বিদ্যতে নতু জনো যদপীতি বিদ্বান্ কামানলং মধুলবৈঃ শময়ন্ দুরাপৈঃ ॥২৪॥

অন্বয়ঃ।

আশিষঃ শব্দাদয়ঃ বিষয়াঃ, শ্রুতিসুখাঃ তং শ্রবণেন্দ্রিয়ং সুখয়ন্তীতি) মৃগতৃষ্ণিরূপাঃ (মৃগতৃষ্ণিকা মরীচতোয়ং তস্য প্রাপ্তিঃ যথা দুর্ল্লভাঃ আশিষঃ শব্দাদয়ঃ বিষয়াঃ কুত্র, তথা অশেষাণাং রুজাং রোগাণাং বিরোহঃ উদ্ভবস্থানং ইদং কলেবরং ক্ব? যৎ অপি যদ্যপি বিদ্বান্ জনঃ জানাতি তথাপি কামানলং দুরাপৈঃ দুর্ল্লভৈঃ অপি মধুলবৈঃ বিন্দুতুল্যৈঃ, বৈষয়িক-সুখলেশৈঃ শময়ন্ ন এব নির্ব্বিদ্যতে ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ বর্ত্তমান-কালেঽপি ন ভোগার্হা ইত্যাহ কুত্রেতি। শ্রুতিঃ শ্রবণং তদেব সুখং যাসু তাঃ। মৃগতৃষ্ণকাবন্মিথ্যাভূতাশ্চাশিষঃ ক্ব। অশেষাণাং রুজাং রোগাণাং বিরোহ উদ্ভব স্থানং ক্বচ ইদং কলেবরং এবক্বেৎ সর্ব্বোঽপি জনঃ কিং ন বিরজ্যতে তত্রাহ যদপি যদ্যপীত্যেবং বিদ্বানয়ং জন স্তথাপি নানির্ব্বিদ্যতে বিরক্তো ন ভবতি। কুতঃ কাম এবানল স্তং মধুতুল্যৈঃ সুখলবৈঃ দুঃসাধ্যৈরপি শময়ন্ কামাগ্নি-শমন-ব্যগ্রস্য নির্ব্বেদেঽপ্যবকাশো নাস্তীত্যর্থঃ। যদ্বা অচিন্ত্যমিদং তব মায়াচেষ্টিতমিতি ভাবঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি কিমিতি ভোগৈশ্বর্য্যং সর্ব্বএব লোকো বাঞ্ছতীতি চেৎ সর্ব্বোঽপ্যনভিজ্ঞ এবেত্যাহ কুত্রেতি মৃগতৃষ্ণিরূপাঃ মৃগতৃষ্ণা যথা দৃষ্টিসুখরূপা স্তথৈবাশিষো রাজ্যাদ্যা অপি শ্রুতিসুখমাত্র্যঃ স্পর্দ্ধাসূয়া-রাগ-দ্বেষাপায়-চিন্তাদিভির্ব্বস্তুতঃ সুখলেশস্যাপ্যভাবাৎ। অস্তু বা সুখং তস্য ভোগাসামর্থ্যান্নহদেব দুঃখমিত্যাহ কেদমিতি। যদ্যতো বিদ্বানপি জন ইতি বিচার্য্যাপি ন নির্ব্বিদ্যতে ততো মূর্খঃ কিমুতেতি ভাবঃ। কীদৃশঃ কামরূপমনলং মধুলবৈঃ সুখলেশৈঃ শময়ন্নিতি। নহি মধুলবৈরনলঃ শাম্যতি প্রত্যুত দীপ্যতে এব। দুরাপৈরিতি তেচ সুখলেশা দুঃখৈরেবোপার্জ্যন্তে ॥ ২৪ ॥

প্রাপ্তি যেমন দুর্ল্লভ, সেইরূপ ভোগে তৃপ্তি বা শান্তি লাভের আশা কেবল কল্পনা মাত্র। প্রকৃত সুখের সহিত তাহাদের কোন সম্পর্কই নাই। অহো! অনন্ত রোগের উৎপত্তিস্থান এই কলেবরকে আশ্রয় করিয়া, নিরন্তর দুঃখ-জর্জ্জরিত দেহে বিন্দুতুল্য বিকীর্ণ বৈষয়িক সুখের সংগ্রহের দ্বারা দুর্ল্লভ কামানলের নিবারণার্থ যত্ন করিতে গিয়া, কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি কবে শান্তি বা তৃপ্তি লাভ করিয়াছেন? ॥ ২৪ ॥

আভাস।

আমরা যদি একটু প্রণিধান পূর্ব্বক লক্ষ্য করি, তাহা হইলে স্পষ্টত বুঝিতে পারিব যে, ভোগে তৃপ্তিলাভ হয় না; কারণ ভোগের কোন ভিত্তি নাই। আশার কুহকে পতিত হইয়া

কাহং রজঃপ্রভব ঈশ তমোঽধিকেঽস্মিন্ জাতঃ সুরেতরকুলে ক্ব তবানুকম্পা।
ন ব্রহ্মণো নতু ভবস্য ন বৈ রমায়া যন্মেঽর্পিতঃ শিরসি পদ্মকরঃ প্রসাদঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

রজঃপ্রভবে (রজসা প্রভবঃ জন্ম যস্মিন্ তস্মিন্) তমোঽধিকে (তমঃ অধিকং যস্মিন্ তস্মিন্) সুরেতরকুলে (সুরেতরাণাং অসুরাণাং কুলে) জাতঃ অহং ক্ব তথা হে ঈশ! ক্ব চ তব অনুকম্পা যৎ যস্মাৎ পদ্মকরঃ (পদ্মবৎ সকল-সন্তাপহরঃ করঃ) মে মম, শিরসি ত্বয়া অর্পিতঃ ইতি সঃ প্রসাদঃ ন ব্রহ্মণঃ নতু ভবস্য, ন বৈ রমায়াঃ আসীৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

তর্হি ত্বং কথং নির্ব্বিঘ্নোঽসি! অনর্হেঽপি ময়ি প্রবৃত্তয়া ত্বৎকৃপয়ৈবেত্যাশয়েনাহ কেতি। রজসৈব প্রভাবো জন্ম যস্য সঃ সপ্তম্যন্তং বা কুলবিশেষণং। তমোঽধিকং যস্মিন্ তস্মিন্নসুরাণাং কুলে জাতোঽহং ক্ব কচ তবানুকম্পা তামেবাহ ব্রহ্মাদীনাং শিরসি যো নার্পিতঃ স পদ্মবৎ সকল-সন্তাপহরঃ করঃ প্রসাদঃ পুরুষার্থ-রূপো মে শিরস্যর্পিত ইতি যৎ। যৎ যয়ানুকম্পয়েতি বা ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ যদ্যপি মাদৃশো নাস্তি কোঽপ্যধমস্তদপি ত্বং মাং সর্ব্বোত্তমমকরোস্তত্তে কৃপামাহাত্ম্যং কিং বর্ণয়ামীত্যাহ ক্বাহমিতি। যৎ যঃ পদ্মকরঃ মম শিরস্যর্পিতঃ সন্ ব্রহ্মণ ইত্যাদি ॥ ২৫ ॥

হে কৃপানিধান! আপনার অনুকম্পার সীমা নাই! কারণ অতি নিকৃষ্ট রজোগুণ হইতে সমুৎপন্ন এবং ভীষণ তমোগুণে পরিবর্দ্ধিত অসুর-কুলে জন্ম পরিগ্রহ করত, আমি কোথায়! এবং আপনার অনুকম্পাই বা কোথায়! এতদুভয়ের সম্পর্ক সম্পূর্ণ অসমঞ্জস! কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, আমার মস্তকে করকমল প্রদানে আপনি যে অনুগ্রহের পরিচয় দিয়াছেন, তাহা সাক্ষাৎ কমলাসন ব্রহ্মা, সর্ব্বসংহারক ভব বা চির-সেবিকা কমলার অদৃষ্টেও এ যাবৎ কখন ঘটে নাই ॥ ২৫ ॥

আভাস।

ভোগ্যের অভিমুখে ধাবিত হই মাত্র; কিন্তু মায়ামারীচিকা জলদানের বেশ গ্রহণ করিয়াছে মাত্র, প্রকৃত পক্ষে তৃষ্ণা নিবারণ করে না; বরং সমীপবর্ত্তী তৃষ্ণাতুরের প্রাণ হরণ করে, সেইরূপ সুখ প্রদানের বেশে প্রতীয়মান ভোগ্য বিষয়সমূহও কেবল তাহাদের অর্জ্জন এবং রক্ষণাদির ক্লেশ দিয়াই, বিশ্লিষ্ট হইয়া পড়ে। অহো! প্রজ্বলিত হুতাশন যেমন বিন্দু বিন্দু মধুর পরিসিঞ্চনে উপশমিত না হইয়া, বরং উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হয়, সেইরূপ অন্তরস্থ কামানল বিন্দু বিন্দু সুখলেশে শান্ত না হইয়া, উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হইয়া থাকে ॥ ২৪ ॥

যে দাস্য ভাবের সামান্য উদয়ে আমার ন্যায় এরূপ নিকৃষ্ট ব্যক্তি তাদৃশ উৎকৃষ্ট ফল

নৈষা পরাবরমতি র্ভবতো ননু স্যাজ্জন্তো র্যথাত্মসুহৃদো জগতস্তথাপি।
সংসেবয়া সুরতরোরিব তে প্রসাদঃ সেবানুরূপমুদয়ো ন পরাবরত্বং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

জন্তোঃ (প্রাকৃতস্য) জনস্য যথা পরাবরমতিঃ (পরঃ উত্তমঃ অবরঃ নীচঃ ইতি এষা মতিঃ) বিষমা বুদ্ধিঃ যথা অস্তি তথা জগতঃ আত্মসুহৃদঃ (আত্মনঃ সুহৃদঃ হিতকারিণঃ চ) ভবতঃ ননু নিশ্চিতং, ন স্যাৎ নাস্তি এব। তথাপি সংসেবয়া সুরতরোঃ ইব সেবানুরূপং এব তে তব প্রসাদঃ (তথা ধর্ম্মাদীনাং) উদয়ঃ চ ভবতি। ন পরাবরত্বং অত্র বিষমত্বে কারণং ইতি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

নচ ত্বদীয়মতিচিত্রমিত্যাহ নৈষেতি। এতে ব্রহ্মাদয় উত্তমাঃ অয়মসুরো নীচ ইত্যেষা পরাবরমতি র্জন্তোঃ প্রাকৃতস্য যথা তথা ভবতো নৈব স্যাৎ তত্র হেতুঃ জগত আত্মনঃ সুহৃদশ্চ। তর্হি সর্ব্বত্র মৎপ্রসাদ একরূপঃ কিং ন স্যাত্তত্রাহ সংসেবয়া তব প্রসাদো ভবতি। তত্রচ সেবানুরূপং তত্তদিচ্ছানুসারেণ ধর্ম্মাদীনাং উদয়ো ভবতি এবং সত্যপি বৈষম্যাভাবে দৃষ্টান্তঃ সুরতরুর্যথা সেবকস্যৈব সংকল্পানুসারেণ ফলং দদাতি নচ বিষমস্তদ্বৎ ন পরাবরত্বমত্র কারণমিতি শেষ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ ত্বং স্বকৃপায়া উত্তমাধমৌ গণয়সীত্যাহ নৈষেতি। এতে ব্রহ্মাদয়ঃ উত্তমাঃ অয়মসুরো নীচ ইত্যেষা পরাবরমতি র্জন্তোঃ প্রাকৃতস্য যথা তথা ভবতো নৈব স্যাৎ। তত্র হেতুঃ। জগত আত্মনঃ সুহৃদশ্চ। তর্হি সর্ব্বত্রৈব সময়ে মৎপ্রসাদোঽস্তু তত্রাহ সংসেবয়া যথা সুরতরুরাশ্রিতস্যৈব সঙ্কল্পানুসারেণ ফলং দদদপি নবিষমস্তথৈব ত্বমপি তত্রাপি সেবানুরূপ উদয়ঃ সেবাতারতম্যেনৈব কৃপায়া উদয়তারতম্যং নতু পরাবরত্বং উৎকৃষ্টত্বমেব কৃপোদয়তারতম্যস্য কারণমিত্যর্থঃ ॥ ২৬ ॥

উৎকৃষ্ট নিকৃষ্ট বা আত্মীয়ও পর বলিয়া সাধারণ প্রাকৃতিক জীবের হৃদয়ে যে বিষমা বুদ্ধির উদয় হয়, জগতের পরম সুহৃদ্ অনন্য-শরণ ভবদীয় স্বরূপে তাদৃশ ভেদ-বুদ্ধির কোনরূপ সম্ভাবনা নাই। তথাপি সেবার অনুরোধে যে বিচিত্রতার পরিচয় ঘটে, তাহা আপনার নহে। অর্থাৎ কল্পতরু যেমন যাচকের প্রার্থনা অনুসারে বিচিত্র ফল প্রদান করিয়া থাকে, আপনিও সেইরূপ প্রার্থনা এবং বিচিত্র ক্রিয়ার অনুরূপে কাহাকেও বা অমৃতময়, কাহাকেও বা বিষময় ভোগ প্রদান করিয়া থাকেন। প্রকৃত প্রস্তাবে আপনার স্বরূপে কোনরূপ বৈষম্য নাই ॥ ২৬ ॥

আভাস।

প্রাপ্ত হইয়াছে, সেই দাস্য ভাবই সর্ব্বপ্রযত্নে রক্ষণীয়। আমি স্পষ্টত বুঝিলাম! আপনার নিকট বিষম বুদ্ধি নাই। আপনি ভাবগ্রাহী জনার্দ্দন। হৃদয়ের ভাব অনুসারেই ফল

এবং জনং নিপতিতং প্রভবাহিকূপে কামাভিকামমনু যঃ প্রপতন্ প্রসঙ্গাৎ ।

অন্বয়ঃ ।

হে ভগবন্ ! প্রভবাহিকূপে (প্রভবঃ সংসারঃ এব অহিকূপঃ কালাজগরযুক্তঃ কূপঃ তস্মিন্) নিপতিতং যতঃ কামাভিকামং (কামান্ শব্দাদিবিষয়ান্ অভিতঃ কামং কাময়মানং) জনং অনু-অনুসৃত্য, তৎপ্রসঙ্গাৎ তত্র প্রপতন্ যঃ অহং সুরর্ষিণা নারদেন, আত্মসাৎকৃত্বা স্বকীয়-

শ্রীধরস্বামী ।

এতচ্চ তদ্ভৃত্য-কৃপয়া ময়া প্রাপ্তমিতি ত্বদ্ভৃত্য-পার্শ্বমেব মাং নয় ইত্যাশয়েনাহ এবমিতি। যথা ত্বয়ানুকম্পিতোঽস্মি এবং নারদেনাত্মসাৎ কৃত্বা পূর্ব্বমনুগৃহীতঃ সোঽহং কথং ত্বদ্ভৃত্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ননু মৎসংসেবয়া ত্বয়ি মম সম্যক্ প্রসাদ ইত্যত্র সুরতরু দৃষ্টান্তেন মদ্বৈষম্যং পর্য্যহার্ষীঃ কিন্তু সংসেবায়াঃ কিং কারণং তদ্ব্রূহীতি তত্রাহ। এবং উৎকৃষ্ট-নিকৃষ্ট-ভাবেন জনং সর্ব্বমেব কামানভিকাময়মানং প্রভব এবাহিষু কূপ স্তত্র নিপতিতং অনু তৎপ্রসঙ্গাৎ প্রপতন্নে-বাহং সুরর্ষিণা শ্রীনারদেন আত্মসাৎ কৃত্বা অয়ং জীবো মদীয়ো ভবত্বিতি ময়ি স্বস্বত্ব-মারোপ্য গৃহীতঃ বলাৎ স্বপাণিনৈব গৃহীত্বা ততঃ সকাশাৎ স্বান্তিকং নীত্বা তন্মন্ত্ররাজমুপদিশ্য স্বসেবকীকৃতঃ ইতি ভাবঃ। সোঽহং সংসার-কূপ-পতিত এব সংপ্রত্যহং প্রহ্লাদ ত্বদ্ভক্তো ষৎ প্রসাদাদভবং তস্য তব ভৃত্যস্য শ্রীমদঙ্ঘ্রেঃ সেবাং কথং বিসৃজামি ত্যজামি যথা কর্ম্ম জ্ঞানি যোগিনঃ ফলপ্রাপ্তৌ সাধনং ত্যজন্তি তথেত্যর্থঃ। ভক্তিমার্গেহি সাধনস্যাপি ফলীভাবাৎ ভগবন্তং প্রাপ্তানামপি ধ্রুবাদীনাং সাধু-সঙ্গাদি-সাধন-স্পৃহা যথা ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি

হে ভগবন্ ! সুখী হইবার প্রত্যাশায় সুখসেব্য কাম্য শব্দাদি বিষয়-সমূহকে অন্বেষণ করিতে অগ্রসর হইয়া, জনগণ বিষম বিষধর-স্কুশল অন্ধ-কূপ সদৃশ দুরন্ত সংসার-কূপেই নিপতিত হইয়া থাকে। হে দেব ! আমিও তাদৃশ জনগণের সংসর্গে তাদৃশ ভীষণ স্থানেই পতিত হইবার উপক্রম করিতেছিলাম ; কিন্তু সৌভাগ্যবলে দেবর্ষি নারদ কৃপা প্রদর্শন পূর্ব্বক পরমতত্ত্বের উপদেশ প্রদানে, আমাকে তাঁহার স্বীয় ভক্তরূপে গ্রহণ করিয়া-ছেন। অহো ! সেই কৃপার ফলে অদ্য আমি যখন ভগবানের প্রসাদ লাভ করিয়াছি, তখন আমি এক্ষণে আপনার ন্যায় ভগবানের ভৃত্যভাব কেমন করিয়া পরিত্যাগ করিব ? ॥ ২৭ ॥

আভাস ।

প্রদান করিয়া থাকেন। যে যাহা চাহে, তাহাকে তাহাই আপনি দেন। সুতরাং প্রার্থনার দোষ বা গুণ আপনার কার্য্যের উপর লোকে আরোপ করে মাত্র ॥ ২৫-২৬ ॥

আপনার দাসের দাস্যভাব লাভে আমার যখন এরূপ সৌভাগ্যের পরিচয় হইয়াছে, তখন

কৃত্বাত্মসাৎ সুরর্ষিণা ভগবন্ গৃহীতঃ সোঽহং কথং নু বিসৃজে তব ভৃত্যসেবাং ॥ ৭॥
মৎপ্রাণরক্ষণমনন্ত পিতুর্ব্বধশ্চ মন্যে স্বভৃত্য-ঋষিবাক্যমৃতং বিধাতুং।

অন্বয়ঃ।

ত্বেন অঙ্গীকৃতঃ এবং যথা ভগবৎপ্রসাদঃ জাতঃ, তেন অনুগৃহীতঃ অহং তব ভৃত্যসেবাং কথং নু বিসৃজে বিসৃজামি ॥ ২৭ ॥

হে অনন্ত অনন্তগুণপূর্ণ! যং যদা অসদ্বিধিৎসুঃ (অসৎ অযুক্তং ত্বদ্ভক্তস্য স্বপুত্রস্য মম হিংসনং কর্ত্তুং ইচ্ছুঃ, সন্ খড়্গাং প্রগৃহ্য "মদপরঃ মদ্ব্যতিরিক্তঃ ঈশ্বরঃ কশ্চিৎ অস্তি চেৎ, তদা তব কং শিরঃ, হরাসি সঃ ত্বাং অবতু" ; ইতি যং অবোচং আহ, তদা আবির্ভূয় মৎপ্রাণরক্ষণং তথা মাং

শ্রীধরস্বামী।

সেবাং বিসৃজামি কথম্ভূতোঽনুগৃহীতোঽসি প্রভব এবাহযুক্তঃ কুপঃ তস্মিন্ কামানভিতঃ কাময়মানং জনং নিপতিতমনু তৎপ্রসঙ্গাৎ প্রপতন্ যোঽহং ॥ ২৭ ॥

তদেবং তদ্ভৃত্যস্য শ্রীনারদস্যানুগ্রহেণ ত্বয়াত্যন্তমনুকম্পিতোঽস্মি। অয়মেবচ মম পরমোঽনুগ্রহঃ ন পুনরিদমতিতুচ্ছং মৎপ্রাণরক্ষাদি নচেদং ত্বয়া মদনুগ্রহার্থং কৃতং কিন্তু অন্যার্থমিত্যাহ ভো অনন্ত! যদেতৎ মৎপ্রাণরক্ষণং মাং হন্তুমুদ্যতস্য মম পিতুর্ব্বধশ্চ তদুভয়ং স্বভৃত্য-ঋষিবাক্যং ঋতং বিধাতুমিত্যহং মন্যে। কুতঃ যদ্বৎ মাদসৎ অযুক্তং বিধিৎসুঃ খড়্গাং গৃহীত্বা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মে প্রসঙ্গো ভূয়াদনন্ত মহতামমলাশয়ানামিতি ধ্রুবায়ং শ্চরাম্যনুগৃহাণ যথা স্মৃতিঃ স্যাদিতি চাতএব বিচার্য্যৈব ময়া প্রার্থিতং নয় মাং নিজ-ভৃত্য-পার্শ্বমিতি ॥ ২৭ ॥

অতস্তব ভক্তবশ্যত্বাদ্ভক্ত-কৃপানুগামিন্যেব লোকেষু তব কৃপা দৃষ্টা নতু ত্বং স্বভক্তমনাশ্রিতান্ কাংশ্চিদপি কৃপয়সীতি ন তে ক্বাপি বৈষম্যং ময্যপি তব স্বভক্তানুরোধেনৈব সর্ব্ব এবানুগ্রহ ইত্যাহ মদিতি। স্বভৃত্যঋষি র্যো নারদ স্তস্য বাক্যং সত্যং কর্ত্তুমিত্যহং মন্যে। মন্মাত্রা মদর্থং প্রার্থিতেন শ্রীনারদেন ত্বৎপুত্রস্য বিদ্বেষক-নাশাদিনা কল্যাণং ভবিষ্যতীতি

হে অনন্তগুণপূর্ণ ভগবন্ অনন্তদেব! পিতা হিরণ্যকশিপু অসদভিপ্রায়ে তদীয় পুত্র ভগবদ্ভক্ত আমাকে নিহত করিবার অভিপ্রায়ে খড়্গ উত্তোলন পূর্ব্বক, আমাকে সম্বোধন করত বলিয়াছিলেন যে, "রে প্রহ্লাদ! তুমি যখন আমি ব্যতীত অন্য কাহাকেও ত্রিজগতের ঈশ্বর বলিয়া স্বীকার করিতেছ, তখন বল! তিনি কোথায় আছেন? এবং প্রকৃতই যদি তাঁহার থাকা সাব্যস্ত হয়, তবে আমি এই অসির আঘাতে তোমার মস্তকচ্ছেদন

আভাস।

সর্ব্বমূলীভূত আপনার সেবক হইতে পারিলে যে অনন্ত ফলপ্রাপ্তি হইবে, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৭ ॥

খড়্গং প্রগৃহ্য যদবোচদসম্বিধিৎসু স্ত্বানীশ্বরো মদপরোঽবতু কং হরামি ॥ ২৮ ॥
একস্ত্বমেব জগদেতদমুষ্য যত্ত্বমাদ্যন্তয়োঃ পৃথগবস্যসি মধ্যতশ্চ।

অন্বয়ঃ।

হন্তুং উদ্যতস্য মৎপিতুঃ বধঃ চ এতদুভয়ং ত্বয়া কৃতং তৎ স্বভৃত্যঋষিবাক্যং ঋতং বিধাতুং সত্যং কর্ত্তুং, এব ইত্যহং মন্যে ॥ ২৮ ॥

এতৎ জগৎ ত্বং এব একঃ; যৎ যতঃ, অমুষ্য বিশ্বস্য, আদ্যন্তয়োঃ (সৃষ্টেঃ পূর্ব্বং প্রলয়ান-

শ্রীধরস্বামী।

অবোচৎ কিং মদপরো মদ্ব্যতিরিক্তশ্চেৎ ঈশ্বরোঽস্তি তর্হি ত্বামিদানীং অবতু তব কং শিরঃ অহং হরামীতি। অসূন বিধিৎসু রিতপাঠেঽপ্যয়মেবার্থঃ। যদ্‌যদা অবোচৎ তদা মৎপ্রাণ-রক্ষণমিতি বাক্যয়ঃ। এতচ্চ সত্যং বিধাতুং নিজভৃত্যভাষিতং ইত্যত্রৈব বহুধা ব্যাখ্যাতং ॥ ২৮ ॥

নচেদং পক্ষপাতেন রক্ষণং দৈত্যহননঞ্চ ত্বয়ি স্বাভাবিকং কিন্তু মায়াগুণোপাধিকং সর্ব্বা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বরদানাৎ। যদুক্তং ঋষিং পর্য্যচরত্তত্র ভক্ত্যা পরময়া সতী। অন্তর্ব্বত্নী স্বগর্ভস্য ক্ষেমায়েচ্ছা-প্রসূতয়ে। ঋষিঃ কারুণিক স্তস্যাঃ প্রাদাদুভয়মীশ্বর ইতি। যদ্‌যস্মাদসৎ মদ্বিধিংসনং বিধিৎসুঃ কং শিরো হরামীতি। তথাহি দিগ্‌গজাদিভ্যো যথা মদ্রক্ষণং তথা তদ্ধন্তান্ন সম্ভবতীতি তদ্বধশ্চ ত্বয়া কৃত ইতি। এবং ভগবতঃ সর্ব্বত্র সাম্যেঽপি ভক্তবশ্যত্বং বিশিষ্যত ইতি প্রহ্লাদেন জ্ঞাপিতং ॥ ২৮ ॥

এবং গুণাতীতানাং মাদৃশ-ভক্তানাং গুণাতীতেন ত্বয়া ভক্তবৎসলেন পালনং গুণাতীত-

---

করিতেছি; তিনি তোমার ঈশ্বর যদি থাকেন, এই বেলা আসিয়া, তোমাকে রক্ষা করুন!"- বলিলে, আপনি তৎক্ষণাৎ আবির্ভূত হইয়া, আমার জীবন-রক্ষা করিলেন এবং আমার বধে উদ্যত সেই পিতারও নিধন-সাধন করিলেন। হে দেব! এই উভয় কার্য্যের দ্বারা কেবল স্বকীয় ভৃত্য, দেবর্ষি নারদের বাক্যকেই সত্য করিয়াছেন মাত্র। অতএব স্বীয় ভৃত্যের মান রক্ষা করিবার জন্য ভগবানকে যদি এতাদৃশ কার্য্য করিতে হয়, তবে কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি তাদৃশ ভগবানের ভৃত্যভাবকে পরিত্যাগ করিতে বাসনা করে। ২৮ ॥

এই সমগ্র সংসার এক আপনি মাত্র! কারণ এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টির পূর্ব্বে এবং প্রলয়ের পর পৃথক্ পৃথক্ সকল পদার্থকে আত্মস্বরূপে

আভাস।

আপনার ভক্তের কৃপা অনুসারেই আপনি কৃপা করিয়া থাকেন। আপনার ভক্তের অনুরোধই বলবান্। সুতরাং আমাকেও আপনার ভক্তমধ্যে পরিগণিত করুন! ॥ ২৮ ॥

স্রষ্টা গুণব্যতিকরং নিজমায়য়েদং নানেব তৈরবসিতস্তদনুপ্রবিষ্টঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

স্তরং, চ ত্বমেব পৃথক্ অবস্যসি বিরামং করোষি, কারণত্বেন অবধিত্বেন চ বর্ত্তসে। অতঃ মধ্যে অপি মধ্যতঃ চ নিজমায়য়া প্রকৃত্যা, গুণব্যতিকরং গুণপরিণামাত্মকং ইদং, জগৎ স্রষ্টা তদনুপ্রবিষ্টঃ ত্বং এব তৈঃ দেবতির্য্যগাদিরূপেণ পরিণতৈঃ, নানা ইব (উৎপাদকঃ রক্ষকঃ হন্তা ইব) অবসিতঃ প্রতীতঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

স্বকে ত্বয়ি স্বতস্তদযোগাদিত্যাহ এক ইতি। এতজ্জগৎ ত্বমেবৈকঃ। যদ্যতঃ অমুষ্য আদাবন্তে চ পৃথক্ অবস্যসি বিরামং করোষি সন্মাত্রতয়া কারণত্বেন অবধিত্বেনচ বর্ত্তসে ইত্যর্থঃ। অতো মধ্যতশ্চ ত্বমেব। কুতঃ তর্হি ভেদপ্রতীতিঃ তত্রাহ নিজমায়য়া গুণপরিণামাত্মকং ইদং জগৎ স্রষ্টা তদনুপ্রবিষ্টস্ত্বং তৈর্গুণৈ র্হেতুভূতৈ র্নানেব রক্ষক ইব হন্তেব চ অবসিতঃ প্রতীতঃ। তদুক্তং স্কন্ধোপক্রমে নির্গুণোঽপি হ্যজোঽব্যক্তো ভগবান্ প্রকৃতেঃ পর ইত্যাদিনা ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেব। গুণময়স্য জগতস্তু সৃষ্টি-পালন-সংহারা উদাসীনেনৈব ত্বয়া গুণময়া এবেতি বদং স্তু জগত স্ত্বৎকারণকত্বাত্ত্বন্ময়ত্বমেবেত্যাহ এক ইতি। যদ্যস্মাদমুষ্য আদাবন্তে মধ্যেচ অমুষ্মাৎ পৃথগ্‌ভূতোঽপি ত্বমেব অবস্যসি অবসীয়সে বিবেকিভিঃ প্রতীয়সে ইত্যর্থঃ। কুতস্তর্হি তথা ন প্রতীতি স্তত্রাহ নিজমায়য়া গুণপরিণামাত্মকমিদং জগৎ স্রষ্টেতি। নির্গুণস্য তব মায়াশক্তেঃ স্বরূপশক্তিত্বাভাবাদিতি ভাবঃ। তদনুপ্রবিষ্টস্ত্বং তৈর্গুণৈ র্হেতুভূতৈ র্নানেব হন্তেব পালক ইব উৎপাদক ইব অবসিতঃ। বস্তুতস্তু তমোগুণ এব হন্তা সত্ত্বগুণএব পালকঃ রজোগুণ এব স্রষ্টা তেষ্বৌদাসীন্যেন ত্বৎপ্রবেশাদেব ত্বং হন্তেত্যাদি ব্যপদেশঃ ॥ ২৯ ॥

আপনি গ্রহণ করেন; যেহেতু সকলের উপাদান কারণরূপে এক আপনিই সকলের শেষ সীমায় অবস্থান করিতেছেন। এই সৃষ্টি এবং প্রলয়ের মধ্যাবস্থায় এক আপনিই স্বকীয় মায়া প্রকৃতির দ্বারা গুণের পরিণামে রচিত এই জগৎ সৃজন করত, তাহার অন্তরে জীবরূপে নিজেই প্রবেশ করত দেব, তির্য্যক্ এবং মনুষ্যাদি বিচিত্র মূর্ত্তিতে পরিচিত হইয়া, উৎপাদক, রক্ষক ও হন্তাদি নানাভাবে প্রতীত হইতেছেন ॥ ২৯ ॥

হে পরমেশ! এই কার্য্য-কারণরূপে সৃষ্ট জগৎ-সংসার এক আপনি মাত্র। ভবদীয় সত্তা ব্যতীত, ইহাদের কোন স্বাধীন সত্তা নাই। সুতরাং

আভাস।

হে দেব! আপনি সর্ব্বময়! সুতরাং হিংসা বা দ্বেষ আপনাতে থাকিতে পারে না। যে যেরূপ প্রকৃতিবিশিষ্ট, সে সেইরূপই ফল আপনার নিকট হইতে পাইয়া থাকে ॥ ২৯ ॥

ত্বং বা ইদং সদসদীশ ভবাংস্ততোঽন্যো মায়া যদাত্ম-পরবুদ্ধিরিয়ং হ্যপার্থা।

অন্বয়ঃ।

হে ঈশ! সদসৎ কার্য্যকারণাত্মকং, ইদং জগৎ ত্বং এব! নতু ত্বত্তঃ পৃথক্; ভবান্ তু ততঃ অন্যঃ। অতঃ অয়ং আত্মীয়ঃ অয়ং পরঃ ইতীয়ং যা ভেদবুদ্ধিঃ সা অপার্থা মায়া ভ্রান্তিরূপা এব। যৎ যস্মাৎ যস্য জন্ম ঈক্ষণং প্রকাশঃ, চ যস্মিন্ নিধনং চ স্থিতিঃ চ তদ্বৈ তদেব অষ্টিতর্ব্বোঃ (অষ্টিঃ বীজং কারণং তরুঃ কার্য্যং তয়োঃ যথা) বসুকালবৎ বসুত্বকালত্বে যথা;

শ্রীধরস্বামী।

নন্বু যদ্যেতজ্জগদহমেব তর্হি জগতো বৈষম্যেণ মম বৈষম্যমপি কিং স্যাদিত্যত আহ ত্বং বৈ ত্বমেব ইদং জগৎ সদসৎ কার্য্যকারণাত্মকং জগৎ নতু ত্বত্তঃ পৃথক্। ভবাংস্তু ততোঽন্যঃ আদ্যন্তয়োঃ পৃথগবস্থানাৎ। যদ্যস্মাদেবং অতোঽয়ং আত্মীয়োঽয়ং পর ইতি যা বুদ্ধিঃ সা অপার্থা মায়ৈব। কার্য্যকারণাভেদং দৃষ্টান্তেন সাধয়তি যদ্যতঃ যস্য জন্ম ঈক্ষণং প্রকাশশ্চ যস্মিন্ নিধনঞ্চ স্থিতিশ্চ তদ্বৈ তদেব অষ্টিবীজং কারণং তরুঃ কার্য্যং তয়ো যথা বসুকালমাত্রত্বং। অয়মর্থঃ কালশব্দেন নীলত্বাসাধারণ-গুণযোগাৎ পৃথ্বীবসুশব্দেন বস্তুমাত্রং ভূতসূক্ষ্মং তত্র তরো র্যথা পৃথ্বীময়-বীজমাত্রত্বং তস্যচ যথাভূতসূক্ষ্মমাত্রত্বং এবং সর্ব্বমপি কার্য্যকারণাত্মকং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু জগতো মায়িকত্বেঽপি মায়ায়া মচ্ছক্তিত্বাজ্জগতো বৈষম্যে মমাপি বৈষম্যং কিং ন স্যাদিত্যত আহ। ত্বং বৈ ইদং সদসৎ কার্য্যকারণাত্মকং জগৎ প্রাধানিকত্বাৎ সত্যমেব নতু ত্বত্তঃ পৃথক্। ততোঽস্মাজ্জগতস্তু ভবাননন্যঃ পৃথগেব আদ্যন্তয়োঃ পৃথগবস্থানাৎ। যদ্যতস্তু তস্মিন্নেব জগতি আত্মা অয়ং মমাত্মীয়ঃ পরঃ অয়ং মম শত্রুরিতি বুদ্ধিঃ সা মায়া অবিদ্যা জীবস্যাবিদ্যাকল্পিতৈবেত্যর্থঃ। অপার্থা সাতু মিথ্যাভূতৈবেত্যর্থঃ। কার্য্যস্য কারণাভেদমপি সাধয়ন্ দৃষ্টান্তেন পরমকারণস্য ভগবতো বৈষম্যমপি নিরাকরোতি। যদ্যতঃ যস্য জন্ম ঈক্ষণঞ্চ প্রকাশশ্চ যস্মিন্নিধনং স্থিতিশ্চ তদ্বৈ তদেব। অষ্টি বীজং কারণং তরুঃ কার্য্যং তয়োর্ব্বসুকালবৎ বসুত্বকালত্বে যথেত্যর্থঃ। বসুশব্দেন বস্তুমাত্রং ভূতসূক্ষ্মমুচ্যতে কাল-শব্দেন নীলত্বাসাধারণগুণযোগাৎ পৃথ্বী-কালশব্দোঽত্র নীলগুণবাচী। ততশ্চ কারণকার্য্যাত্ম-কয়োরষ্টিতর্বো র্দ্বয়োরেব যথা পৃথিবীত্বং গন্ধত্বঞ্চ তথৈব কারণকার্য্যাত্মকস্য জগতঃ প্রধানত্বং পরমেশ্বরত্বঞ্চ। অয়মর্থঃ। যথা বসুমাত্রত্বং কালস্য কালমাত্রত্বং পৃথিবীমাত্রত্বমষ্টেঃ অষ্টিমাত্রত্বং তরোঃ এবমেবেশ্বরমাত্রত্বং প্রধানস্য প্রধানমাত্রত্বং মহদাদীনাং মহদাদিমাত্রত্বং

আপনি জগৎরূপে পরিণত না হইলেও, আপনি ব্যতীত জগৎ থাকিতে পারে না। অতএব সৃষ্ট পদার্থের মধ্যে পরস্পরের সহিত পরস্পরের যে আত্মীয় বা পর বলিয়া সম্বন্ধ নিরূপণ করা, তাহা কেবল মায়া-নিবন্ধন ভ্রান্তির উপলক্ষে মাত্র। কারণ বীজাঙ্কুর-সম্বন্ধের ন্যায়, বসু-কাল-সম্বন্ধে এই বিরাট্ ব্রহ্মাণ্ড যে অনির্দ্দিষ্ট কারণ-স্থানীয় ভবদীয় ভাব হইতে উৎপন্ন হইয়া প্রকাশমান রহিয়াছে,

যদ্‌যস্য জন্ম নিধনং স্থিতিরীক্ষণঞ্চ তদ্বৈ তদেব বস্তুকালবদৃষ্টিতর্কোঃ ॥ ৩০ ॥
ন্যস্যেদমাত্মনি জগদ্বিলয়াম্বুমধ্যে শেষেঽত্মনা নিজসুখানুভবো নিরীহঃ।

অন্বয়ঃ।

(বস্তুশব্দেন ভূতসূক্ষ্মং কালশব্দেন পৃথ্বী; পৃথ্বীময়তরোঃ পৃথ্বীময়বীজমাত্রত্বং তথা সর্ব্বমপি কার্য্যকারণাত্মকং জগৎ পরম-কারণ-ভবদাত্মকমেব) ॥ ৩০ ॥

অত্মনা (ইতি ছ মার্ষং ছন্দোঽনুরোধেন) আত্মনা, স্বেনৈব আত্মনি স্বস্মিন্ এব ইদং জগৎ ন্যস্য নিক্ষিপ্য, বিলয়াম্বুমধ্যে প্রলয়োদকমধ্যে, শেষে শয়নং করোষি; যোগেন স্বরূপানুসন্ধান-লক্ষণেন, মীলিতদৃক্ (মীলিতে দৃশৌ যেন সঃ) অতএব নিরীহঃ সর্ব্বচেষ্টাক্রিয়াশূন্যঃ,

শ্রীধরস্বামী।

জগৎ পরম-কারণাত্মকমেব ইতি। তথাচ পারমর্ষং সূত্রং তদনন্যত্বমারম্ভণ শব্দাদিভ্য ইতি। শ্রুতিশ্চ বাচারম্ভণমিত্যাদি ॥ ৩০ ॥

তত্র তাবদস্তে পৃথগবস্থানং দর্শয়তি ন্যস্যেতি। ইদং জগৎ আত্মনা আত্মনৈব আত্মনি নিক্ষিপ্য স্বসুখমেবানুভবন্ নিষ্ক্রিয়ঃ সন্ প্রলয়োদকমধ্যে শয়নং করোষি। তর্হি জীবস্যেব মমাপি কিং তমোবৃত্তিরূপা নিদ্রা অস্তি। নহি নহি যোগ এব তু বহির্বৃত্ত্যভাব-সাম্যাৎ নিদ্রোচ্যতে ইত্যাহ যোগেন মীলিতে দৃশৌ যেন। আত্মনা স্বরূপপ্রকাশেন নিষ্পীতা নিদ্রা যেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবতির্য্যগাদিময়-জগতঃ এবঞ্চ তর্ব্বাদি-সর্ব্বকার্য্য-কারণাত্মকং যথা ভূত-সূক্ষ্মমেকো গন্ধএব তথা দেবতির্য্যগাদি সর্ব্বকার্য্যকারণাত্মক একো ভবানেব। তথাচ পারমর্ষসূত্রং তদনন্যত্বমারম্ভণ-শব্দাদিভ্য ইতি। শ্রুতিশ্চ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি। তেন পার্থিব-পদার্থানাং কাষ্ঠপাষাণাদীনাং বৈষম্যেঽপি তৎ পরম-কারণস্য গন্ধস্য যথা ন বৈষম্যং তথৈব জগতো বৈষম্যেঽপি ন ভগবত ইতি ॥ ৩০ ॥

আদ্যন্ত-মধ্যাবস্থানেনোক্তং জগৎকারণত্বং প্রপঞ্চয়তি ন্যস্যেতি পঞ্চাভিঃ। ইদং জগৎ আত্মন্যেব ন্যস্য বিলয়নি বিগতলয়ান্যনশ্বরাণি অম্বূনি যস্য তস্য কারণার্ণবস্য মধ্যে শেষে স্বাপষি। আত্মনা আত্মস্বরূপশক্ত্যৈব নিজ-সুখন্যানুভবো যস্য সঃ। নিরীহঃ মায়িক-লীলামনিচ্ছুঃ। তর্হি কিং জীবস্যেব মমাপি তমোবৃত্তিরূপা নিদ্রাস্তি নহি নহি বহির্বৃত্ত্যভাব-

---

এবং প্রলয়ে যে কারণ-ভাবে প্রলীন হয়, সেই আপনিই সর্ব্বজগন্ময়। বীজ হইতে বৃক্ষ উৎপন্ন হইলেও, বৃক্ষ যেমন বীজময় ভাবে অবস্থান করে, সেইরূপ বসু নামক সূক্ষ্ম ভূতের আশ্রয়ে এই স্থূল ভাবাপন্ন কালনামক পৃথিব্যাদি স্থূল ভূতবর্গ উৎপন্ন হইয়া, সূক্ষ্ম ভূতময় হইয়া আছে। কিন্তু সর্ব্বকারণ-কারণরূপে হে ঈশ! আপনিই সর্ব্বত্র অনুস্যূত রহিয়াছেন ॥ ৩০ ॥

প্রলয়কাল উপস্থিত হইলে, স্বীয় বিবেকবলে এই বিচিত্র ব্রহ্মাণ্ডস্বরূপ পরিদৃশ্যমান জগৎকে আত্মস্বরূপে নিহিত করত, স্বয়ং প্রলয়পয়োধির অন্তরে

যোগেন মীলিতদৃগাত্মনিপীত-নিদ্র স্তুর্য্যে স্থিতো নতু তমো ন গুণাংশ্চ যুঙ্ক্তে ॥৩১
তস্যৈব তে বপুরিদং নিজকালশক্ত্যা সঞ্চোদিত-প্রকৃতিধর্ম্মণ আত্মগূঢ়ং।

অন্বয়ঃ।

বস্তুতঃ তু আত্মনিপীতনিদ্রঃ (আত্মনা স্বরূপপ্রকাশেন নিপীতা নিরস্তা নিদ্রা যেন সঃ) তথা তুর্য্যে জাগ্রদাদ্যবস্থাত্রয়াতীতে স্বরূপে, স্থিতঃ ত্বং শেষে শয়নং করোষি। ন তু সুপ্তঃ ইব তমঃ নাপি গুণান্ বিষয়ান্, যুঙ্ক্তে যোজয়সি পশ্যসি। যতঃ নিজসুখানুভবঃ এব ত্বং ॥ ৩১ ॥

নিজকালশক্ত্যা সঞ্চোদিতাঃ কার্য্যার্থং সংপ্রেরিতাঃ, প্রকৃতেঃ ধর্ম্মাঃ সত্ত্বাদয়ঃ গুণাঃ যেন তস্য, অতএব অনন্তশয়নাৎ শেষপর্য্যঙ্কাৎ, বিরমন্ সমাধিঃ নিদ্রা যস্য তস্য, এব তে তব,

শ্রীধরস্বামী।

যতস্তুর্য্যেঽবস্থাত্রয়াতিরিক্তে স্বরূপে স্থিতস্ত্বং নতু সুষুপ্ত ইবাত্মনা তমো যুঙ্ক্তে যোজয়সি পশ্যসি নচ জাগ্রৎস্বপ্নয়োরিব গুণান্ বিষয়াংশ্চেত্যর্থঃ ॥ ৩১ ॥

ইদানীং কারণত্বেনাদাবপি পৃথগবস্থানং দর্শয়ন্ মধ্যতশ্চ ত্বমেবেত্যেতৎ প্রপঞ্চয়তি চতুর্ভিঃ। যস্ত্বমস্তসি শেষে তস্যৈব তে ইদং জগদ্বপুঃ স্বরূপং নান্যস্য। যতস্ত্বং মধ্যতোঽপি স্যাঃ। কথং-ভূতস্য নিজকালশক্ত্যা সঞ্চোদিতাঃ প্রকৃতে ধর্ম্মাঃ সত্ত্বাদয়ো যেন স্বরূপত্বে হেতুঃ অনন্তশয়নাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাম্যান্নিদ্রোচ্যতে ইত্যাহ যোগেন মীলিতে দৃশৌ যেন আত্মনা স্বরূপপ্রকাশনেন নিপীতা নিদ্রা যেন। যতস্তুরীয়ে অবস্থাত্রয়াতিরিক্তে স্বরূপে স্থিতএব নতু তমঃ সুষুপ্ত ইব যুঙ্ক্তে জীববৎ স্বীকরোষি; নাপি জাগ্রৎস্বপ্নয়োরিব গুণান্ বিষয়ান্ ॥ ৩১ ॥

ততশ্চ তস্যৈব তব পুনঃ সৃষ্ট্যারম্ভে নিজকালশক্ত্যা সঞ্চোদিতাঃ প্রকৃতে ধর্ম্মাঃ সত্ত্বাদয়ো যেন তস্য আত্মনি স্বস্মিন্ গূঢ়মেব ইদং ব্রহ্মাণ্ডরূপং বপুঃ প্রকৃতেঃ সকাশাৎ প্রকটয়তঃ।

শয়ন করিয়া থাকেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, জীব-নিদ্রার ন্যায়, আপনার সে নিদ্রায় মোহাবরণ নাই! আপনি নয়ন নিমীলন পূর্ব্বক স্বরূপ-সন্ধানেই নিমগ্ন থাকেন। সুতরাং বহিঃক্রিয়াশূন্য হইয়া, নিরীহ ভাবেই আপনি বিশ্রাম করেন। কারণ স্বপ্রকাশ ভাবের নিরন্তর উচ্ছ্বাসে আপনার নিদ্রা আপনা হইতেই নিরস্ত হইয়াছে; সুতরাং তাদৃশ নিদ্রায় আপনি জাগ্রত স্বপ্ন এবং সুষুপ্তি নামক অবস্থাত্রয়ের অতীত তুরীয় অবস্থাতেই বিশ্রাম করিয়া থাকেন মাত্র। আপনি কখন নিদ্রিত নহেন; কারণ তৎকালে তমোগুণের প্রাদুর্ভাব থাকে না; বা গুণকার্য্যভূত বিষয়সমূহও দর্শন করেন না। স্বীয় সুখানুভবেই আপনি পরিতৃপ্ত থাকেন ॥ ৩১ ॥

পুনরায় সমাধির বিরামে অনন্তশয্যা হইতে উত্থিত হইবার বাসনা যখন আপনার জন্মে, তখন ত্বদীয় সত্ত্বাদি গুণত্রয় কার্য্যার্থ উন্মুখী হয় এবং ভবদীয় নাভি-কমল হইতে সেই কারণ বারিধির অন্তরে এই বিশ্ব ব্রহ্মাণ্ডাত্মক মহাপদ্ম

অম্ভস্যনন্তশয়নাদ্বিরমৎসমাধে র্নাভেরভূৎ স্বকণিকা-বটবন্মহাব্জং ॥ ৩২ ॥
তৎসম্ভবঃ কবিরতোঽন্যদপশ্যমান স্ত্বাং বীজমাত্মনি ততং স বহির্বিচিন্ত্য।
নাবিন্দদব্দশতমপ্সু নিমজ্জমানো জাতেঽঙ্কুরে কথমুহোপলভেত বীজং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

নাভেঃ সকাশাৎ অম্ভসি একার্ণবোদকে, আত্মগূঢ়ং আত্মনি ত্বয়ি এব গূঢ়ং লীনং, ইদং মহাব্জং লোকাত্মকং পদ্মং, বপুঃ স্বকণিকাবটবৎ (স্বকণিকাতঃ সূক্ষ্মাৎ বটবীজাৎ মহাবটবৎ) অভূৎ পদ্মরূপেণ আবিরভূৎ ॥ ৩২ ॥

তস্মিন্ অব্জে সম্ভবঃ যস্য সঃ (তৎসম্ভবঃ) কবিঃ সূক্ষ্মদর্শী, ব্রহ্মা অতঃ পদ্মাৎ অন্যৎ অপশ্যমানঃ অপশ্যন্, ত্বাং বীজং উপাদান-কারণভূতং আত্মনি স্বস্মিন্ ততং ব্যাপ্তং, সন্তং অপি (স্বতঃ) বহিঃ বিচিন্ত্য অন্বেষণায় অপ্সু নিমজ্জমানঃ অব্দশতং তৎকাল-পর্য্যন্তং বিচিন্বন্ অপি ন অবিন্দৎ ন লেভে ; উহ যুক্তং চৈতৎ, অঙ্কুরে জাতে সতি বীজং (তদনুগতমপি পুমান্) কথং উপলভেত পশ্যেৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

শেষপর্য্যঙ্কাৎ বিরমন্ সমাধির্যস্য তস্য তব নাভেঃ সকাশাদেকার্ণবোদকে মহাব্জং লোকপদ্মমভূৎ। কথম্ভূতং আত্মনি ত্বয্যেব গূঢ়ং সৎ স্বকণিকাতঃ সূক্ষ্মাদ্বটবীজান্মহাবট ইব ॥ ৩২ ॥

তদেবং কারণত্বেনানুগতঃ সন্ মধ্যতশ্চ ত্বমেব বর্ত্তস ইত্যুক্তং। এতদেব শুদ্ধসত্ত্বস্য ব্রহ্মণোঽনুভবেন স্ফুটয়িতুং তস্য প্রাক্তনীমবস্থামাহ তৎসম্ভব ইতি। তস্মিন্নব্জে সম্ভবো যস্য স কবি র্ব্রহ্মা অতঃ পদ্মাদন্যদপশ্যন্ বীজং উপাদানকারণভূতং ত্বাং স্বস্মিন্ ব্যাপ্তং সন্তমপি যুক্তঞ্চৈতৎ উত অহো অঙ্কুরে জাতে সতি বীজং তদনুগতং কারণং পৃথক্ কথং নাম নাবিন্দৎ। পুমান্ পশ্যেৎ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ততশ্চ অম্ভসি তদণ্ডগর্ভোদে শয়ানস্য তব অনন্তশয়নাৎ বিরমন্ সমাধির্যস্য তস্য নাভেঃ সকাশাৎ মহাব্জমভূৎ স্বকণিকাতঃ সূক্ষ্মাদ্বটবীজান্মহাবট ইব ॥ ৩২ ॥

তৎসম্ভবঃ তদব্জাদন্যদপশ্যন্ তদ্বীজং স্বশক্ত্যৈবোপাদান-কারণং ত্বাং আত্মনি স্বস্মিন্ বিততং ব্যাপ্ত্যা সন্তমপি স্ববহিরেব বর্ত্তমানং বিচার্য্য অব্দশতং ব্যাপ্যাব্বিষ্যন্নপি নাবিন্দৎ। যুক্তঞ্চৈতৎ। উ অহো অঙ্কুরে জাতে তত্র স্বাংশেন বর্ত্তমানমপি বীজং তত্রাঙ্কুরেঽধিকরণে কথং উপলভেত কিন্তু তণ্ডুলে এব উপলভেতেত্যর্থঃ। কমলশূরণাদীনামঙ্কুরেষূৎপদ্যোৎপদ্য নষ্টেষ্বপি বীজনাশাদৃষ্টেঃ। তত্তুলন্তু তদানীং ব্রহ্মণোঽগম্যমেবাসীদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

উত্থিত হইল। পূর্ব্বে যাহা আপনাতেই বিলীন ছিল ; এক্ষণে বীজ হইতে বৃহৎ বট বৃক্ষের উৎপত্তির ন্যায়, ভবদীয় স্বরূপ হইতে এই লোকত্রয়াবভাসক মহাপদ্মের উদয় হইয়া থাকে ॥ ৩২ ॥

সেই মহাপদ্মে সূক্ষ্মদর্শী সর্ব্বজ্ঞান-সম্পন্ন হিরণ্যগর্ভ-ব্রহ্মা জন্ম পরিগ্রহ

স ত্বাত্মযোনি রতিবিস্মিত আশ্রিতোঽজ্ঞং কালেন তীব্র-তপসা পরিশুদ্ধভাবঃ।
ত্বামাত্মনীশ ভুবি গন্ধমিবাতিসূক্ষ্মং ভূতেন্দ্রিয়াশয়ময়ে বিততং দদর্শ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

আত্মযোনিঃ (আত্মা শ্রীনারায়ণঃ যোনিঃ কারণং যস্য সঃ) তু সঃ ব্রহ্মা (তং অদৃষ্ট্বা) অতি-বিস্মিতঃ আশ্চর্য্যযুক্তঃ সন্ (পুনঃ পরাবৃত্ত্যা) অজ্ঞং আশ্রিতঃ মহতা কালেন তীব্রেণ তপসা ধ্যানেন, পরিশুদ্ধভাবঃ (পরিশুদ্ধঃ ভাবঃ অন্তঃকরণং যস্য সঃ তথাবিধঃ সন্) হে ঈশ! ভুবি গন্ধং ইব ভূতেন্দ্রিয়াশয়ময়ে আত্মনি স্বদেহে, এব বিততং ব্যাপ্তং, অতি সূক্ষ্মং ত্বাং দদর্শ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

ভবদুপাসনয়া তু স্বস্মিন্নেব দৃষ্টবানিত্যাহ স ত্বিতি। পরাবৃত্ত্যাজ্ঞমাশ্রিতঃ সন্ তীব্রেণ তপসা ধ্যানেনানেন সন্মাত্ররূপেণ উপাদানতয়া দর্শনযুক্তং ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আশ্রিতঃ অন্বেষণাদিবৃত্ত্য অজমেবাশ্রিতঃ সন্ তীব্রতপসা ত্বদীয়-ধ্যানেন আত্মনি স্বদেহে এব ভুবি কার্য্যভূতায়াং স্থিতং কারণগন্ধমিব ত্বাং দদর্শ ॥ ৩৪ ॥

করিলেন। তিনি সেই পদ্মাসনে উপবিষ্ট হইয়া, ইতস্ততঃ অবলোকনে যখন অন্য কিছুই আর নিরীক্ষণ করিলেন না, তখন মনে মনে অত্যন্ত চিন্তিত হইলেন; এবং কোথা হইতে তিনি স্বয়ং এবং সেই মহাপদ্ম উৎপন্ন হইল, ভাবিয়া সেই আদিভূত উপাদান-কারণের অন্বেষণে কমলের নালকে অবলম্বন পূর্ব্বক তদীয় মূল নিরূপণার্থ, সেই কারণ-বারিতে ব্রহ্মা নিমগ্ন হইলেন। কিন্তু ব্রহ্মার পরমায়ু পরিমিত শত সম্বৎসর কাল অন্বেষণ করিয়াও, তিনি তাহার মূল পাইলেন না। বীজ হইতে অঙ্কুরের প্ররোহ ঘটিলে, বীজ অঙ্কুরময় হইয়া থকে; অঙ্কুর হইতে বীজের পৃথক্ সত্তা আর উপলব্ধ যেমন হয় না, সেইরূপ কমলাসনের পক্ষে তদীয় কারণানুসন্ধানে অকৃতার্থতা কিছু অসঙ্গত নহে ॥ ৩৩ ॥

এস্থলে স্বয়ং নারায়ণ হইতে জন্ম পরিগ্রহ করত, কমলাসন ব্রহ্মা তাঁহাকে অবলোকন না করিয়া, একান্ত বিস্মিত হইলেন; এবং সেই কারণ-বারিধি হইতে পুনঃ প্রত্যাগমন করত, স্বীয় আসন সেই মহাপদ্মে পুনরায় উপবেশন করিলেন; এবং বহুকাল যাবৎ তীব্র তপস্যার অনুশীলনে ভগবচ্চিন্তাতেই নিমগ্ন রহিলেন। এই প্রকারে বহুকালব্যাপী তপস্যার ফলে তাঁহার অন্তঃকরণ সম্পূর্ণ বিশুদ্ধ হইলে, পৃথিবীতে অনুস্যূত গন্ধ তন্মাত্রার ন্যায়, সর্ব্বানুস্যূত পরম সূক্ষ্ম পবিত্র ব্রহ্মভাব তিনি স্বকীয় ভূত, ইন্দ্রিয় এবং চিত্তাদিতে সমান্বিত স্বকীয় দেহে নিত্য বিরাজমান বলিয়া ক্রমশঃ উপলব্ধি করিলেন ॥ ৩৪ ॥

সূক্ষ্মভাব অবধারণ করিবার পরই, ব্রহ্মা ভবদীয় সহস্র বদন, সহস্র মস্তক,

এবং সহস্রবদনাঙ্ঘ্রি-শিরঃকরোরুনাসাস্য-কর্ণ-নয়নাভরণায়ুধাঢ্যং।
মায়াময়ং সদুপলক্ষণসন্নিবেশং দৃষ্ট্বা মহাপুরুষমাপ মুদং বিরিঞ্চঃ ॥ ৩৫ ॥
তস্মৈ ভবান্ হয়শিরস্তনুবং হি বিভ্রদ্বেদদ্রুহাবতিবলৌ মধুকৈটভাখ্যৌ।

অন্বয়ঃ।

এবং (যথা সূক্ষ্মং রূপং দৃষ্টবান্) তথা সহস্রং অপরিমিতানি যানি বদনাদীনি তৈঃ আঢ্যং যুক্তং, মায়াময়ং প্রকৃতিপ্রধানং, সতা সপ্তপাতালাদি-প্রপঞ্চেন, উপলক্ষিতঃ সন্নিবেশঃ পাদাদি-রচনা যস্য তং মহাপুরুষং দৃষ্ট্বা বিরিঞ্চঃ ব্রহ্মা মুদং আনন্দং, আপ ॥ ৩৫ ॥

তদা হয়শিরস্তনুবং হয়গ্রীবমূর্ত্তিং, চ বিভ্রৎ সন্ বেদদ্রুহৌ রজঃ তমশ্চ ইতি রজস্তমঃ-

শ্রীধরস্বামী।

ঈশ্বরত্বেনচ দৃষ্ট্বা কৃতার্থোঽভবদিত্যাহ। এবমনেন প্রকারেণ সহস্রমপরিমিতানি যানি বদনাদীনি তৈরাঢ্যং সমৃদ্ধং মায়াময়ং মায়াপ্রধানং সতা প্রপঞ্চেন পাতালাদিনোপলক্ষ্যতে সন্নিবেশঃ পাদাদি-রচনা যস্য ॥ ৩৫ ॥

তদাচ ভবাং স্তস্যানুগ্রহং কৃতবানিত্যাহ তস্মা ইতি। হয়গ্রীবমূর্ত্তিং বিভ্রৎ সন্ রজস্তমো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমনেন প্রকারেণ সহস্রমপরিমিতানি যানি বদনাদীনি তৈরাঢ্যং মহাপুরুষং চিদানন্দ-বিগ্রহং যতো মায়াময়ং স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়াখ্যয়া যুতঃ। অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি মনীষিণ ইতি শ্রুতিঃ। যদ্বা। মায়ায়া জীবস্যাবিদ্যায়া আময়ং রোগমিব বিনাশকং সন্ সমুচিতত্বেনোত্তমঃ উপ আধিক্যেন লক্ষিতঃ সামুদ্রক-লক্ষণাঙ্কিতঃ সন্নিবেশো নয়ন-গ্রীবাদি বিন্যাসো যস্য তং। যদ্বা। তমেব কারণকার্য্যয়োরৈক্যাৎ সতা প্রপঞ্চেন পাতালাদিনা উপলক্ষিতঃ সন্নিবেশঃ পাদাদিরচনা যস্য তথাভূতং বৈরাজং মায়াময়ং দৃষ্ট্বেতি সম্বন্ধঃ ॥ ৩৫ ॥

স্বভক্তং তঞ্চ পুনঃ পুনরবতীর্য্য ত্বমরক্ষীরিত্যাহ তস্মৈ ইতি। হয়গ্রীবমূর্ত্তিং দধৎ শ্রুতি-গণান্ অনয়ৎ তস্মৈ সমর্পয়ামাস। মধুকৈটভাখ্যৌ কুদৃশৌ রজস্তমস্বভাবাবিত্যর্থঃ। তয়োর্হননে হেতুঃ। সত্ত্বমিতি যদ্যপি গুণমাত্র এবোদাসীনস্য হরেঃ সত্ত্বগুণো ন প্রিয়োঽপি তদপি তৎস্বরূপভূতে শুদ্ধসত্ত্বে সত্ত্বগুণস্য প্রাতিকূল্যাভাব-দর্শনাদেব প্রিয়তমত্বমুৎপ্রেক্ষিতং।

সহস্র চরণ, সহস্র হস্ত এবং সহস্র উরুদেশ, নাসিকা, কর্ণ এবং নয়নাদি বিশিষ্ট অনুপম মূর্ত্তি নয়ন-গোচর করিলেন। অহো! তৎকালে সহস্র সহস্র আভরণ ও অস্ত্রাদি আপনার অঙ্গে পরিলক্ষিত হইতেছিল এবং পাতালাদি চতুর্দ্দশ ভুবনও আপনার শরীরে লক্ষিত হইয়াছিল। অহো! প্রকৃতির অধিনায়ক সৎস্বরূপে প্রতীয়মান সেই মহাপুরুষস্বরূপ আপনাকে নয়ন-গোচর করিয়া, বিরিঞ্চি বিশেষ আনন্দ এবং তৃপ্তি অনুভব করিলেন ॥ ৩৫ ॥

অনতিবিলম্বে আপনি হয়গ্রীব মূর্ত্তি পরিগ্রহে রজঃ এবং তমঃস্বভাব-সম্পন্ন বেদদ্রোহী বলদৃপ্ত মধুকৈটভ নামক দুইটী দৈত্যকে নিহত করত, তাহাদের

হত্বানয়চ্ছ্রুতিগণাংশ্চ রজস্তমশ্চ সত্ত্বং তব প্রিয়তমাং তনুমামনন্তি। ৩৬॥
ইত্থং নৃ-তির্য্যগৃষি-দেব-ঋষাবতারৈ র্লোকান্ বিভাবয়সি হংসি জগৎপ্রতীপান্।
ধর্ম্মং মহাপুরুষ পাসি যুগানুবৃত্তং ছন্নঃ কলৌ যদভব স্ত্রিযুগোঽথ স ত্বং॥ ৩৭॥

অন্বয়ঃ।

প্রধানৌ অতিবলৌ মধুকৈটভাখ্যৌ দৈত্যৌ হত্বা (তাভ্যাং হৃতান্) শ্রুতিগণান্ ভবান্ তস্মৈ ব্রহ্মণে অনয়ৎ সমর্পিতবান্। সত্ত্বং এব তব প্রিয়তমাং তনুং ঋষয়ঃ আমনন্তি॥ ৩৬॥

এবং নৃতির্য্যগৃষিদেব-ঋষাবতারৈঃ লোকান্ বিভাবয়সি পালয়সি, জগতঃ প্রতীপান্ প্রতিকূলান্, অসুরাদীন্ হংসি ঘাতয়সি, যুগানুবৃত্তং ধর্ম্মং পাসি। হে মহাপুরুষ! যৎ যস্মাৎ ত্বং কলৌ ছন্নঃ অভবঃ অথ তস্মাৎ ত্রিষু এব যুগেষু আবির্ভাবাৎ সঃ ত্বং ত্রিযুগঃ ইতি প্রসিদ্ধঃ॥৩৭॥

শ্রীধরস্বামী।

রূপৌ মধুকৈটভাখ্যৌ হত্বা তস্মৈ শ্রুতিগণান্ সমর্পিতবান্। তত্র হেতুঃ সত্ত্বমিতি॥ ৩৬॥

এবম্ভূতমেব ইত্যাদিভিরষ্টভিঃ শ্লোকৈর্যদুক্তং পক্ষপাতেন রক্ষণং তদ্বিপক্ষবধশ্চ সত্ত্বোপাধিতো ন স্বত ইতি তদুপসংহরতি ইত্থমিতি। বিভাবয়সি পালয়সি। হংসি ঘাতয়সি। কলৌ তু তন্ন করোষি। যতস্তদা ত্বং ছন্নোঽভবঃ। যতস্ত্রিষ্বেব যুগেষ্বাবির্ভাবাৎ স এবম্ভূত ত্বং ত্রিযুগ ইতি প্রসিদ্ধঃ॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নতু বস্তুতঃ প্রিয়তমত্বমপি। কিন্তু সাত্ত্বিক-লোক-পক্ষপাতিত্বমেব তব তাদৃশোৎপ্রেক্ষায়াং হেতুঃ। অতঃ শিষ্টপালনার্থমেব তব দুষ্ট-নিগ্রহো যত্তৎ খলু গুণানামেব স্বভাবো নতু বস্তুত স্তস্মিন্ বৈষম্যমিতি ভাবঃ॥ ৩৬॥

যথা বিরিঞ্চস্য কৃতে হয়গ্রীবাবতার স্তথৈবান্যেষামপি ভক্তানাং কৃতে অন্যেঽপ্যবতারা ইত্যাহ ইত্থমিতি। বিভাবয়সি পালয়সি। হংসি ঘাতয়সি। যুগে যুগে অনুরূপং বৃত্তং চরিত্রং যস্য সঃ যদ্যস্মাৎ ত্বং কলৌ ছন্নঃ অন্যদীয়রূপভাবাভ্যাং বহিরাচ্ছন্নঃ অতএব ত্বং ত্রিযুগ ইতি প্রসিদ্ধঃ। সত্যাদি যুগত্রয়ে এব স্বস্য প্রখ্যাপনাৎ নতু কলাবিত্যর্থঃ। অতএবাগ্রে তৎপ্রমাণবচনমপ্যর্থান্তরাচ্ছন্নতয়ৈব বক্ষ্যতে। নানাতন্ত্র-বিধানেন কলাবপি তথা শৃণু। কৃষ্ণবর্ণং ত্বিষা কৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদং। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈ র্যজন্তি হি সুমেধসঃ ইতি॥ ৩৭॥

দ্বারা বিনষ্ট-প্রায় শ্রুতি-সমূহকে পুনরুদ্ধার করত, আপনিই ব্রহ্মাকে প্রত্যর্পণ করিয়াছেন। এবং সত্ত্বই যে আপনার প্রিয় মূর্ত্তি, তাহা ঋষিগণ সকলে এক-বাক্যে স্বীকার করিয়া থাকেন॥ ৩৬॥

হে ভগবন্! এই প্রকারে মনুষ্য, দেবতা, তির্য্যক্, ঋষি, এমন কি! মৎস্যাদি বিচিত্র অবতার গ্রহণে জগতের প্রতিকূল অসুরগণের-নিধন আপনি স্বয়ং করিতেছেন, অন্যের দ্বারা করাইতেছেন এবং যুগানুরূপ ধর্ম্মকে রক্ষা করিতেছেন। কিন্তু হে মহাপুরুষ! এই ঘোর কলিযুগে আপনি স্বকীয় ভাব

নৈতন্মনস্তব কথাসু বিকুণ্ঠনাথ সংপ্রীয়তে দুরিত-দুষ্টমসাধু তীব্রং।
কামাতুরং হর্ষশোকভয়ৈষণার্ত্তস্তস্মিন্ কথং তব গতিং বিমৃষামি দীনঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

হে বিকুণ্ঠনাথ! অসাধু ত্বদ্বিমুখং, কামাতুরং ভোগকামনয়া ব্যাকুলং, হর্ষশোকভয়ৈঃ এষণাত্রয়েণচ আর্ত্তং পীড়িতং, তীব্রং অনুনেতুং অশক্যং, দুরিতৈঃ দুরদৃষ্টৈঃ দুষ্টং কলুষিতং, এতৎ মম মনঃ তব কথাসু ন সংপ্রীয়তে প্রীতিযুক্তং ন ভবতি। অতঃ দীনঃ অহং তব গতিং তত্ত্বং, কথং বিমৃষামি বিচারয়ামি ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

তদেব ভগবত স্তত্ত্বং নিরূপ্য স্বস্যচ তদ্বিচারাযোগ্যতাং নিবেদয়ন্ প্রার্থয়তে নৈতদিতি ত্রিভিঃ। অসাধু বহির্মুখং তীব্রং দুর্দ্ধরং হর্ষ-শোক-ভয়ৈরেষণা-ত্রয়েণ চার্ত্তং দুঃখিতমপি তৎকথাসু ন সংপ্রীয়তে তস্মিন্নেবম্ভূতে মনসি সতি কথং তব তত্ত্বং বিচারয়ামি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং মুহুরপ্যবতীর্য্য ত্বং স্বীয়রূপ-গুণ-লীলামৃতং বর্ষসি তদপ্যস্মাকং পাপিষ্ঠং মন স্তত্র ন প্রীণাতি। দুর্ব্বিষয়-গর্ত্ত এব মুহুঃ পততি কিং কুর্ম্ম ইত্যাহ নৈতদিতি ত্রিভিঃ। তব রূপ-গুণলীলাদীনাং কথাসু। নন্বতিসাদ্বীষ্বপি কথাসু কিমিতি ন প্রীয়তে তত্রাহ দুরিতদুষ্টং। যথা পিত্তদুষ্টা রসনা সিতাস্বিত্যর্থঃ। তীব্রং দুর্ব্বারং। এষণা ধনাদিবাসনা। তস্মিন্ মনসি তব গতিং তত্ত্বং কথং বিমৃষামি যদ্যপি মহাভাগবতস্য প্রহ্লাদস্য মনো ন প্রাকৃতমেতাদৃশং তদ্বীর্য্য-গায়ন-মহামৃত-মগ্নচিত্ত ইত্যস্যৈবাগ্রিমোক্তে স্তদপি প্রেম্নো বিবিধ-বিচিত্র-তরঙ্গবত্ত্বে-নাতিদৈন্যোদয়াদেব প্রেমিলোকস্যৈব মুক্তি র্ন বিরুদ্ধ্যতে ॥ ৩৮ ॥

প্রচ্ছন্ন করত, ধর্ম্মাদির রক্ষার্থ কখন আবির্ভূত হন না; কেবল উক্ত তিন যুগেই আবির্ভূত হন বলিয়া, আপনি ত্রিযুগ-নামে অভিহিত হইয়াছেন ॥ ৩৭ ॥

হে বৈকুণ্ঠনাথ! আমার মন নিরন্তর বিষয়-চিন্তায় এতই বিব্রত হইয়াছে, যে ভবদীয় গুণ-কথার আলোচনায় তাহার প্রবৃত্তিই কখন জন্মে না। সর্ব্বদা কুচিন্তাতেই নিমগ্ন থাকে; সৎচিন্তায় তাহার সাবকাশই নাই। বিষয়-বিষে সততই জর্জ্জরিত; হর্ষ, শোক, ভয় এবং প্রাপ্তির কামনায় সে একান্ত উদ্বিগ্ন; সুতরাং, তাদৃশ মনের দ্বারা, হে ভগবন্! আপনার পরম তত্ত্বের অন্তরে আমি কি প্রকারে প্রবেশ করিতে পারিব? ॥ ৩৮ ॥

এক দিকে জিহ্বা আমাকে মধুরাদি রসের অভিমুখে অতৃপ্তের ন্যায় আকর্ষণ করিতেছে; অন্য দিকে শিশ্না-কামিনী সম্ভোগার্থ প্রাণপণে আকর্ষণ করিতেছে। এই প্রকার কোন দিকে ত্বক্, কোন দিকে আহারার্থ উদর, কোন দিকে শ্রবণ মধুর গীতাদি শব্দ শুনিবার নিমিত্ত, কোন দিকে নাসিকা-সুগন্ধার্থ এবং কোন

জিহ্বৈকতোঽচ্যুত বিকর্ষতি মাবিতৃপ্তা শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক্বচ কর্ম্মশক্তি র্বহ্ব্যঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি ॥৩৯॥
এবং স্বকর্ম্মপতিতং ভব-বৈতরণ্যামন্যোন্য-জন্ম-মরণাশন-ভীত-ভীতং।

অন্বয়ঃ।

হে অচ্যুত! অবিতৃপ্তা জিহ্বা মা মাং, একতঃ মধুরাদিরসং প্রতি বিকর্ষতি। তথা শিশ্নঃ অন্যতঃ কামিনীং প্রতি, ত্বক্ স্রক্চন্দনাদি প্রতি, উদরং আহারং প্রতি, শ্রবণং গীতাদি প্রতি, ঘ্রাণঃ সুগন্ধং প্রতি, চপলা দৃক্ রূপং প্রতি, কর্ম্মশক্তিঃ স্ব স্ব ব্যাপারং প্রতি তথা আকর্ষতি যথা বহ্ব্যঃ সপত্ন্যঃ গেহপতিং স্বামিনং স্বস্বগৃহং প্রতি লুনন্তি ত্রোটয়ন্তি ॥ ৩৯ ॥

ভববৈতরণ্যাং (ভবঃ সংসার এব বৈতরণী তপ্তসলিলা যমদ্বারস্থা নদী) তস্যাং স্বকর্ম্মভিঃ দুরদৃষ্টৈঃ, পতিতং অতঃ কর্ম্মবশাৎ অন্যোঽন্যতঃ যানি জন্মমরণাদীনি, তেভ্যঃ ভীতং অতিভীতং,

শ্রীধরস্বামী।

কিঞ্চ জিহ্বা অবিতৃপ্তা সতী ভো অচ্যুত মা মাং যতো মধুরাদি রসন্তত আকর্ষতি। উদরন্তু ক্ষুধা সন্তপ্তং সদ্য এব যৎ কিঞ্চিদাহারমাত্রং প্রতি। চপলা দৃক্ চক্ষুঃ কর্ম্মশক্তিঃ কর্ম্মেন্দ্রিয়াণি। লুনন্তি ত্রোটয়ন্তি ॥ ৩৯ ॥

ন কেবলমহমেক এব কষ্টাং দশামাপন্নঃ কিন্তু মহাজনোঽপ্যেবমেব ক্লিশ্যতি। অতঃ সর্ব্বং জনং পালয় ইতি প্রার্থয়তে এবমিতি ভবঃ সংসার এব বৈতরণী যমদ্বার-নদী তস্যাবিমূত্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনসো দুষ্টত্বেঽপি মৎকীর্ত্তনাদিনা জনঃ কৃতার্থী ভবতীতি চেত্তত্রাহ জিহ্বা বাগিন্দ্রিয়ং রসনেন্দ্রিয়ঞ্চ অবিতৃপ্তা সতী ভো অচ্যুত মামাকর্ষতি গ্রাম্যকটুমিথ্যাদিপ্রলাপং প্রতি মধুরাদি-রসং প্রতি চেতি ভাবঃ। অন্যত স্তুতোঽপ্যন্যত্র কামিনীষু। ধর্ম্মধনোপার্জ্জনাদাবন্য-তাড়নাদৌ বা শক্তিঃ সামর্থ্যং। লুনন্তি ত্রোটয়ন্ত্যত স্তৎকীর্ত্তনাদাববকাশমেব ন প্রাপ্নোমীতি ভাবঃ ॥ ৩৯ ॥

ন কেবলমহমেক এব অপি তু সাংসারিকঃ সর্ব্বএব জনঃ ক্লিশ্যতীতি তদুদ্ধারং প্রার্থয়তে এবমিতি। ভব এব বৈতরণী যমদ্বার-নদী তস্যাং। স্বেষাং পরেষাঞ্চ বিগৃহে যথাযথং বৈরং

দিকে চঞ্চল নয়ন এবং কোন পার্শ্বে কর্ম্মেন্দ্রিয় সকল আমার চিত্তকে সতত আকর্ষণ করিতেছে। অহো! বহুপত্নীবিশিষ্ট গৃহপতিকে যেমন তদীয় পত্নীগণ স্ব স্ব গৃহে লইবার জন্য প্রত্যেকে আকর্ষণ করত অবসন্ন করে, আমার পূর্ব্বোক্ত ইন্দ্রিয়াদি আন্তরিক শত্রুসমূহও সেইরূপ আমাকে নিরন্তর বিপন্ন করিতেছে ॥ ৩৯ ॥

হে দয়াময়! সংসারই প্রকৃত প্রস্তাবে যমদ্বারস্থা বৈতরণী নদী। কেবল আমি কেন! জনসমূহ প্রায় সকলেই স্বকীয় কর্ম্মফলে সেই বিমূত্রশোণিতাদি-পূর্ণ দেহরূপা বৈতরণীর আবর্ত্তে পতিত হইয়া, পরস্পরের জন্ম-মরণ-ভক্ষণাদি এবং শত্রুমিত্রাদির ভয়ে সততই ভীত! হে শরণাগত-প্রতিপালক! আপনিই

পশ্যন্ জনং স্বপর-বিগ্রহ-বৈরমৈত্রং হন্তেতি পারচর পীপৃহি মূঢ়মদ্য ॥ ৪০ ॥
কোঽস্বত্র তেঽখিলগুরো ভগবন্ প্রয়াস উত্তারণেঽস্য ভব-সম্ভব-লোপহেতোঃ।

অন্বয়ঃ।

স্বেষাং পরেষাং চ বিগ্রহে দেহে যথাযথং বৈরং মৈত্রং চ যস্য তং এবম্ভূতং মূঢ়ং জনং পশ্যন্ হে পারচর! তস্যাঃ পারে স্থিত নিত্যমুক্ত ত্বং হন্তেতি কষ্টং ভোঃ পীপৃহি পালয় ॥ ৪০ ॥

হে অখিলগুরো ভগবন্! অত্র সর্ব্বজনোত্তারণে অস্য বিশ্বস্য ভবসম্ভবলোপানাং সৃষ্টি-স্থিতিসংহারাণাং হেতোঃ কর্ত্তুঃ তে তব কঃ নু প্রয়াসঃ ন কোঽপি। হে আর্ত্তবন্ধো! মূঢ়েষু অজ্ঞেষু মহদনুগ্রহঃ (মহতঃ তব অনুগ্রহঃ) উচিতঃ এব। তে তব প্রিয়জনান্ ভক্তান্, অনুসেবতাং অনুসেবমানানাং, নঃ অস্মাকং, তেন সংসারোত্তারণেন, কিং ন কিমপি ইত্যর্থঃ।

শ্রীধরস্বামী

শোণিতাদিপূর্ণায়াং দেহলক্ষণায়াং যমনদ্যামিত্যর্থঃ স্বকর্ম্মণা পতিতমন্যোঽন্যতো যানিজন্ম-মরণভক্ষণানি তেভ্যো ভীত্যাভীতং স্বেষাং পরেষাঞ্চ বিগ্রহে যথাযথং বৈরং মৈত্রঞ্চ যস্য এবং মূঢ়ং জনং পশ্যন্ ত্বং হে পারচর তস্যাঃ পারে স্থিত নিত্যমুক্ত হন্তেতি অহো কষ্টমিত্যেব-মনুকম্প্য অদ্য পীপৃহি বৈতরণীমুত্তার্য্য পালয় ॥ ৪০ ॥

একেন ময়া কথং সর্ব্বজন স্তারণীয় ইতি চেত্তত্রাহ কোনু তেঽত্র সর্ব্বজনোত্তারণে প্রয়াস ন কোঽপি। কুতঃ অস্য বিশ্বস্য ভব-সম্ভব-লোপানাং উৎপত্তি-স্থিতি-সংহারাণাং হেতো স্ততোঽপি কিমেতদ্দুষ্করমিতি ভাবঃ। উচিতঞ্চৈতদিত্যাহ মূঢ়েষ্বিতি। ত্বাঞ্চ ত্বদীয়াংশ্চ তারয়িষ্যামি ইদং দুরাগ্রহং মাকুথা ইতি চেত্তত্রাহ তব যে প্রিয়জনা ভক্তা স্তান্ অনুসেব-মানানাং নোঽস্মাকং তেনোত্তারণেন কিং কোঽতিপ্রয়াস ইহ নোঽসুরবালকানাং কোঽস্বত্র তে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

মৈত্র্যঞ্চ যস্য তং। হে পারচর এবম্ভূতবৈতরণ্যাঃ পারএব বিরচিতক্রীড় ইতি হেতো র্হন্ত কৃপয়া পীপৃহি বৈতরণীমুত্তার্য্য পালয় ॥ ৪০ ॥

একেন ময়া কথং সর্ব্বো জনস্তারণীয় ইতি চেত্তত্রাহ কোঽস্বিতি। অখিলগুরো গুরুরূপধারিণা একেনাপি ত্বয়া পরঃ পরার্দ্ধেনাপি ভবিতুং সমর্থেন সর্ব্বএব জনো নিস্তার্য্যতামিতি ভাবঃ।

কেবল এই সংসারের পরপারে অবস্থান করিতেছেন! এই দীনহীন ব্যক্তি-গণের প্রতি কৃপাবলোকনে ইহাদিগকে আপনিই উদ্ধার করুন! ॥ ৪০ ॥

হে নিখিল-গুরো ভগবন্! এই বিশ্ব সংসারের উৎপাত্ত, পালন এবং সংহার করিবার সামর্থ্য যখন এক আপনাতেই নিত্য বিদ্যমান, তখন এই ভবসাগরে ভাসমান জনগণের উদ্ধার ব্যাপারে আপনার কি বিশেষ প্রয়াস হইবে? হে আর্ত্তবন্ধো! আপনি মহান্! অজ্ঞ ব্যক্তিগণের প্রতি কৃপা করা, আপনার একান্ত কর্ত্তব্য! আপনার ভক্তজনের সেবায় নিরত কেবল আমা-দিগকে উদ্ধার করিলে, আপনার শ্রেষ্ঠত্বের কি বিশেষ পরিচয় হইবে? ॥ ৪১ ॥

মূঢ়েষু বৈ মহদনুগ্রহ আর্ত্তবন্ধো কিন্তে ন তে প্রিয়জনাননু-সেবতাং নঃ ॥ ৪১ ॥
নৈবোদ্বিজে পর দুরত্যয়-বৈতরণ্যাস্ত্বদ্বীর্য্যগায়ন-মহামৃতমগ্নচিত্তঃ।
শোচে ততো বিমুখচেতস ইন্দ্রিয়ার্থমায়াসুখায় ভরমুদ্বহতো বিমূঢ়ান্ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

ত্বত্তক্তসেবা-প্রভাবাৎ বয়ং স্বয়মেব সংসারং তরিষ্যামঃ তেন তব কিং যশঃ স্যাৎ ॥ ৪১ ॥

হে পর পুরুষোত্তম! ত্বদ্বীর্য্যস্য প্রভাবস্য, গায়নং এব মহামৃতং তস্মিন্ মগ্নং চিত্তং যস্য সঃ অহং দুরত্যয়া দুস্তারা যা ভববৈতরণী তস্যাঃ সকাশাৎ নৈব উদ্বিজে নৈব বিভেমি। ততঃ ত্বদ্বীর্য্যগায়ন-মহামৃতাৎ বিমুখং চেতঃ যেষাং তান্, অতঃ ইন্দ্রিয়ার্থং যৎ মায়াসুখং বিষয়সুখং তদর্থং ভরং কুটুম্বাদিভারং, উদ্বহন্তঃ বিমূঢ়ান্ জনান্ অহং শোচে ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

হখিলগুরো ভগবন্ প্রয়াসঃ। প্রহ্লাদ ইত্থমুপমন্ত্র্য মিথো নরাণামীশেন সখ্যমকরোদপনীয় মায়াং ॥ ৪১ ॥

বৎস প্রহ্লাদ ত্বাং তাবত্তারয়িষ্যামি তাবতৈব কৃতার্থঃ স্যাঃ কিমনেন নির্ব্বন্ধেনেত্যত আহ নৈবেতি। হে পর সর্ব্বোত্তম! ত্বদ্বীর্য্যগায়নমেব মহামৃতং তস্মিন্ মগ্নং চিত্তং যস্য সোঽহং ভববৈতরণ্যা নৈবোদ্বিজে কিন্তু বিমূঢ়ান্ শোচামি তানেবাহ ততো মহামৃতাদ্বিমুখং চেতো যেষাং প্রত্যুত ইন্দ্রিয়ার্থনিমিত্তং যন্মায়াসুখং তদর্থং ভরং কুটুম্বাদি ভারমুদ্বহতঃ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচৈতাবৎ সামর্থ্যং মে নাস্তীতি বাচ্যমিত্যাহ অস্য বিশ্বস্য জন্ম-স্থিতি-সংহার-কারণস্য যদি জন্মাদেঃ কারণমভূস্তদা উদ্ধারস্যাপি কারণং ভবিতুমর্হস্যেবেতি ভাবঃ। উচিতমেবৈতদিত্যাহ মূঢ়েষ্বিতি। ত্বাঞ্চ ত্বদীয়াংশ্চ তারয়িষ্যামি ইমমতিদুরাগ্রহং মাকৃথা ইতি চেত্তত্রাহ। তব যে প্রিয়জনা ভক্তা স্তাননুসেবমানানাং নোঽস্মাকং তেন ত্বৎকর্ত্তৃকোত্তারণেন কিং ত্বত্তক্তসেবা-প্রভাবাৎ স্বয়মেব বয়ং তরিষ্যাম ইতি ভাবঃ ॥ ৪১ ॥

কিঞ্চাহং স্বার্থস্তু সংসারতরণং নৈবার্থয় ইত্যাহ নৈবেতি। হে পর সর্ব্বশ্রেষ্ঠ! বৈতরণ্যাঃ সকাশান্নোদ্বিজে। তত্র হেতুঃ ত্বদ্বীর্য্যেতি। কিন্তু বিমূঢ়ান্ শোচামি। ইন্দ্রিয়ার্থ-হেতুকং যন্মায়াময়ং সুখং তদর্থং ভরং কুটুম্বভরণাদিভারমুদ্বহতঃ ॥ ৪২ ॥

অহো! আপনার পবিত্র লীলাগানরূপ পরম অমৃত-হ্রদে আমাদের চিত্ত নিত্য নিমগ্ন থাকায়, অন্যের পক্ষে দুরতিক্রমণীয় হইলেও, বৈতরণীর জন্য আমরা উদ্বিগ্ন নহি। ইন্দ্রিয়-চরিতার্থের উপলক্ষে বৃথা মায়াময় সুখের অনুরোধে কুটুম্ব-ভরণের বিষম ভার নিরন্তর বহন করত, যাহারা ভবদীয় লীলা শ্রবণ ও কীর্ত্তনাদিতে সম্পূর্ণ বিমুখ, আমি তাদৃশ মূঢ় ব্যক্তিগণের জন্যই সতত চিন্তা করিতেছি ॥ ৪২ ॥

প্রায়েণ দেব মুনয়ঃ স্ববিমুক্তিকামা মৌনং চরন্তি বিজনে পরার্থনিষ্ঠাঃ।
নৈতান্ বিহায় কৃপণান্ বিমুমুক্ষ একো নান্যং ত্বদস্য শরণং ভ্রমতোঽনুপশ্যে ॥৪৩॥
যন্মৈথুনাদি গৃহমেধিসুখং হি তুচ্ছং কণ্ডূয়নেন করয়োরিব দুঃখদুঃখং।

অন্বয়ঃ।

হে দেব! মুনয়ঃ তু প্রায়েণ স্ববিমুক্তিকামাঃ সন্তঃ বিজনে একান্তদেশে, স্থিত্বা মৌনং চরন্তি (ধ্যান-বিচারাদিপরাঃ তূষ্ণীং এব তিষ্ঠন্তি) অতঃ তে ন পরার্থনিষ্ঠাঃ। অতঃ ত্বং ত্বত্তঃ অন্যং শরণং অস্য মূঢ়জনস্য নানাযোনিষু ভ্রমতঃ (সংসার-দুঃখাদুদ্ধারে অবলম্বং) ন অনুপশ্যে ন এব পশ্যামি। অহং চ এতান্ কৃপণান্ বিহায় একঃ একাকী, ন বিমুমুক্ষে বিমুক্তিং নৈব ইচ্ছামি ॥ ৪৩ ॥

মৈথুনাদিনা স্ত্রীসম্বন্ধাদিনা গৃহমেধিনাং গৃহস্থানাং যৎ সুখং তৎ তুচ্ছং; করয়োঃ কণ্ডূয়নেন সজ্ঘর্ষণেন যথা দুঃখং অনু দুঃখং এব ভবতি এবং বহুদুঃখভাজঃ অপি ইহ গৃহ-

শ্রীধরস্বামী।

ত্বং তাবন্মুক্তিং গৃহাণ! তাংস্তু তত্ত্বজ্ঞা মুনয়ঃ উপদেক্ষ্যন্তীতি চেত্তত্রাহ প্রায়েণেতি। ন বিমুমুক্ষে বিমুক্তিং নেচ্ছামি তর্হ্যন্যং কমপি প্রার্থয়স্ব মামেব কিমিতি নির্ব্বন্ধাসীতি চেদত আহ ত্বত্তোঽন্যমস্য জনস্য শরণং ন পশ্যামি ॥ ৪৩ ॥

নন্বেতে স্ত্রীসম্ভোগাদিনা সুখিন এব ন কৃপণা স্তত্রাহ যদিতি। করয়োঃ কণ্ডূয়নেন সংঘর্ষেণৈব দুঃখমনু দুঃখং যস্মিন্ তর্হি দুঃখত্বাদেব ততো নির্ব্বিদ্য মুচ্যেরন্ তত্রাহ কৃপণাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বং তাবন্মুক্তিং গৃহাণ! তাংস্তু তত্ত্বজ্ঞা মুনয়ো মুক্তিসাধনমুপদেক্ষ্যন্তীতি চেত্তত্রাহ প্রায়েণেতি। অহন্তু ন তথা বুভূষামীত্যাহ নৈতানিতি। ত্বত্তোঽন্যমস্য শরণং ন পশ্যামি ॥৪৩॥

নন্বেতে স্ত্রীসম্ভোগাদিভিঃ সুখিন এব ন কৃপণা স্তত্রাহ যদিতি। করয়োঃ কণ্ডূয়নেন সংঘর্ষেণৈব দুঃখমনু দুঃখং যত্র তৎ। তর্হি দুঃখত্বাদেব ততো নির্ব্বিদ্য মুচ্যেরংস্তত্রাহ। কৃপণাঃ

হে দেব! তাহাদের উদ্ধারার্থ মুনিগণের নিকট কোন প্রত্যাশা নাই। কারণ তাঁহারা কেবল নিজের মুক্তির প্রার্থনায় মৌনাবলম্বনে নির্জ্জন-বাসেই কালাতিপাত করিয়া থাকেন। পরের উপকারার্থ তাঁহাদের কিছুমাত্র লক্ষ্য নাই। হে মুক্তিদাতন্! তাদৃশ দীনহীন ব্যক্তিগণকে পরিত্যাগ করিয়া, আমি একাকী মুক্তি-লাভের বাসনা করি না! হে ভগবন্! এই ভীষণ সংসারারণ্যে সতত পরিভ্রমণশীল তাদৃশ ব্যক্তিগণের পক্ষে আপনি ব্যতীত অন্য কাহাকেও শরণ্য বা আশ্রয়-স্থল বলিয়া আমি দেখিতেছি না! ॥ ৪৩ ॥

গৃহস্থগণের পক্ষে মৈথুনাদি-জনিত সুখ অতি তুচ্ছ! তাহা সুখের মধ্যে গণ্যই নহে; বরং কণ্ডূয়নের দ্বারা করদ্বয়ের যেমন বেদনাদি-জনিত উত্তরোত্তর

তৃপ্যন্তি নেহ কৃপণা বহু দুঃখভাজঃ কণ্ডূতিবন্মনসিজং বিষহেত ধীরঃ ॥ ৪৪ ॥
মৌনব্রতশ্রুতপোঽধ্যয়নস্বধর্ম্ম-ব্যাখ্যা-রহো-জপ-সমাধয় আপবর্গ্যাঃ।
প্রায়ঃ পরং পুরুষ তে ত্বজিতেন্দ্রিয়াণাং বার্ত্তা ভবন্ত্যুত ন বাত্র তু দাম্ভিকানাং ॥৪৫

অন্বয়ঃ।

মেধিসুখে ন তৃপ্যন্তি ন অলমিতি মন্যন্তে। ধীরঃ তু কণ্ডূতিবৎ মনসিজং কামং বিষহেত ॥ ৪৪ ॥

হে পুরুষ! যে মৌনাদয়ঃ (মৌনং তূষ্ণীম্ভাবঃ, ব্রতানি একাদশ্যুপবাসাদীনি, শ্রুতং কথা-শ্রবণং, তপঃ কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদি, ব্যাখ্যা গ্রন্থব্যাখ্যানং, রহঃ বিবিক্তবাসঃ, জপঃ মন্ত্রানুষ্ঠানং, সমাধিঃ মনসঃ ঐকাগ্র্যং) ইতি দশ আপবর্গ্যাঃ মোক্ষসাধকাঃ, প্রসিদ্ধাঃ তে তু অত্র সংসারে অজিতেন্দ্রিয়াণাং প্রায়শঃ পরং কেবলং, বার্ত্তা জীবনোপায়াঃ এব ভবন্তি ; দাম্ভিকানাং তু অত্র বার্ত্তা বা বিকল্পে এব ভবন্তি ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

কামুকা বহুদুঃখভাজোঽপি ইহ গৃহমেধিসুখে ন তৃপ্যন্তি অলমিতি ন মন্যন্তে কণ্ডূতিবৎ কামস্য দুঃসহত্বাৎ। নন্থ কেচিৎ কণ্ডূতিমপি সহন্তে কামঞ্চেত্তত্রাহ তৎপ্রসাদাত্তু কশ্চিদ্ধীর এব মনসিজং কামং বিষহতে নতু সর্ব্বে তত্রাপি কণ্ডূতিবদিতি দৃষ্টান্তঃ ॥ ৪৪ ॥

নন্থ মৌনাদিভিঃ মোক্ষসাধনৈঃ সুলভৈব তেষামপি মুক্তিঃ তত্রাহ মৌনেতি। হে পুরুষ অন্তর্যামিন্! যে মৌনাদয়ো দশ আপবর্গ্যাঃ অপবর্গহেতবঃ প্রসিদ্ধাঃ। রহঃ বিবিক্তবাসঃ। তেতু প্রায়শোঽজিতেন্দ্রিয়াণাং ইন্দ্রিয়ভোগার্থং বিক্রীণতাং বার্ত্তা জীবনোপায়া ভবন্তি। দাম্ভিকানান্তু বার্ত্তা উত অপি ভবন্তি বা ন বা। দম্ভস্যানিয়তফলত্বাৎ ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামুকাঃ বহুদুঃখভাজোঽপি ইহ গৃহমেধিসুখে দুঃখরূপে ন তৃপ্যন্তি অলমিতি ন মন্যন্তে। কণ্ডূতিবৎ কণ্ডূত্যাবিবেত্যর্থঃ। নন্থ কশ্চিৎ কশ্চিত্ততো নির্ব্বিণ্ণোঽপি দৃশ্যতে সত্যং। ত্বৎ প্রসাদাদ্ধীরএব মনসিজং কামং দুঃখস্বরূপমেব বিষহতে নতু সর্ব্বে ॥ ৪৪ ॥

নন্থ ব্রাহ্মণানাং তাবন্মৌনাদিভি র্মোক্ষসাধনৈঃ স্বতএব সিদ্ধৈর্মোক্ষোঽপি স্বতএব সিদ্ধ-স্তত্রাহ মৌনেতি। হে পুরুষ অন্তর্যামিন্! ত্বাং কিং বিজ্ঞাপয়ামীতি ভাবঃ। যে মৌনাদয়ো দশ আপবর্গ্যা অপবর্গহেতবঃ প্রসিদ্ধাঃ। রহঃ বিবিক্তবাসঃ। তেতু প্রায়শঃ অজিতেন্দ্রিয়াণাং বিষয়ভোগার্থমেব তান্ বিক্রীণতাং বার্ত্তা জীবনোপায়াএব ভবন্তি। দাম্ভিকানান্তু বার্ত্তা অপি ভবন্তি ন বা। দম্ভস্যানিয়তফলত্বাৎ ॥ ৪৫ ॥

ক্লেশ মাত্রই হয় এবং অঙ্গের জ্বালা যন্ত্রণাদিই পরে উপলব্ধ হয়, সেইরূপ মৈথুন্য-সুখে দুঃখেরই উপস্থিতি ঘটিয়া থাকে মাত্র। কামুক ব্যক্তি কখন ভোগে পরিতৃপ্ত হয় না; বরং সামান্য সুখের লালসায় গুরুতর দুঃখেই নিপতিত হইয়া থাকে। ধীর বিবেকী ব্যক্তিগণ কণ্ডূতিকে সহ্য করিবার ন্যায়, মনসিজ কামকে সর্ব্বান্তঃকরণে সহ্য করিয়াই থাকেন ॥ ৪৪ ॥

রূপে ইমে সদসতী তব বেদসৃষ্টে বীজাঙ্কুরাবিব ন চান্যদরূপকস্য।
যুক্তাঃ সমক্ষমুভয়ত্র বিচক্ষতে ত্বাং যোগেন বহ্নিমিব দারুষু নান্যতঃ স্যাৎ॥ ৪৬॥

অন্বয়ঃ।

বীজাঙ্কুরৌ ইব প্রবাহাপন্নে ইমে সদসতী কার্য্যকারণাত্মকে বেদসৃষ্টে তব রূপে এব; অরূপকস্য তব ন অন্যৎ ত্বতঃ ন ভিন্নে; এবম্ভূতং ত্বাং যুক্তাঃ বশীকৃতান্তঃকরণাদিসজ্ঘাতাঃ, যোগেন উভয়ত্র কার্য্যে কারণে চ দারুষু বহ্নিং ইব সমক্ষং প্রত্যক্ষং, এব ত্বাং বিচক্ষতে পশ্যন্তি। অন্যতঃ উপায়ান্তরেণ দেবতান্তরেণ ন স্যাৎ॥ ৪৬॥

শ্রীধরস্বামী।

তজ্জ্ঞানন্তু ভক্তিং বিনা সকামৈ মৌনাদিভি ন ভবত্যেবেত্যাহ রূপে ইতি ত্রিভিঃ। বীজাঙ্কুরাবিব প্রবাহাপন্নে ইমে সদসতী কার্য্যকারণে এব তে রূপে উপলক্ষণভূতে বেদেন সৃষ্টে প্রকাশিতে ন চান্যৎ। স্বসমবেতং গৌরত্বাদিকমিব দেবদত্তাদেঃ কুতঃ অরূপকস্য প্রাকৃত-রূপাদিশূন্যস্য। অতো যুক্তাঃ সংযতা এব ভক্তিযোগেন প্রত্যক্ষং ত্বামুভয়ত্র কার্য্যে কারণে চানুগতং পশ্যন্তি। মথনেন দারুষু বহ্নিমিব নান্যতঃ স্যাৎ জ্ঞানমিতি শেষঃ। যদ্বা জ্ঞান-প্রকারমাহ এতদুভয়মন্যতঃ প্রধান-পরমাণ্বাদের্ন স্যাৎ। স ঐক্ষত ইত্যাদি শ্রুতেঃ। অতস্ত্বমেব কারণত্বাৎ সর্ব্বানুস্যূত ইতি॥ ৪৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বৎপ্রাপ্তিস্তু ভক্তিযোগং বিনা মৌনাদিভি র্নৈব ভবতীত্যাহ রূপে। সচ অন্যৎ সমষ্টি-ব্যষ্ট্যাত্মকং বিশ্বমিদং ত্বত্তোভিন্নং ন ভবতি। অরূপকস্য প্রাকৃত-রূপ-রহিতস্য তব। অতো যুক্তা বিবেকিনঃ ত্বাং উভয়ত্র সমষ্টৌ ব্যষ্টৌ চ বিচিন্বতে প্রাপ্তুমিচ্ছন্তি। যত ত্বং কারণ-ত্বেনোভয়ত্র বর্ত্তসে ইতি ভাবঃ। যোগেন উপায়েন ভক্তিযোগেনৈব ন চান্যতো জ্ঞানাদিনা। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি ত্বদুক্তেরিতি ভাবঃ। বহ্নিপক্ষে যোগেন মন্থনেন অতএব ভক্ত্যো-ত্যস্য স্পষ্টশব্দস্যাপ্রয়োগঃ॥ ৪৬॥

হে অন্তর্যামিন্! মৌন, একাদশ্যাদি ব্রত, বেদাধ্যয়ন, চান্দ্রায়ণাদি তপস্যা, শাস্ত্রাধ্যয়ন, ধর্ম্মানুষ্ঠান, ধর্ম্মগ্রন্থের ব্যাখ্যা, নির্জ্জন বাস, মন্ত্রজপ এবং সমাধি প্রভৃতি যোগচর্য্যা অপবর্গপ্রদ বলিয়া কীর্ত্তিত হইলেও, প্রকৃত প্রস্তাবে ইহাতে তাহা ঘটে না; ঐ সমস্তের দ্বারা অজিতেন্দ্রিয় পুরুষগণের কেবল জীবন-যাত্রা নির্ব্বাহের উপায় মাত্র হয়। আবার যাহারা উক্ত বিষয়ের অনুষ্ঠানে দাম্ভিক হয়, তাহাদের পক্ষে উহা সম্পূর্ণ নিরর্থক; কারণ তদ্দ্বারা তাহাদের জীবিকা নির্ব্বাহও সুকঠিন হইয়া উঠে॥ ৪৫॥

এই সদসৎ রূপে প্রতীয়মান কার্য্য-কারণাত্মক জগৎ-সংসার বেদমার্গা-বলম্বনে সৃষ্ট হইলেও, বীজস্বরূপ আপনা হইতেই সমুৎপন্ন। বীজ হইতে যেমন অঙ্কুরের উৎপত্তি হয়; এই বিশ্ব ব্রহ্মাণ্ডও সেইরূপ আপনা হইতে

ত্বং বায়ুরগ্নিরবনি র্বিয়দম্বুমাত্রাঃ প্রাণেন্দ্রিয়াণি হৃদয়ং চিদনুগ্রহশ্চ।
সর্ব্বং ত্বমেব সগুণো বিগুণশ্চ ভূমন্ নান্যত্ত্বদস্ত্যপি মনোবচসা নিরুক্তং ॥ ৪৭ ॥
নৈতে গুণা ন গুণিনো মহদাদয়ো যে সর্ব্বে মনঃপ্রভৃতয়ঃ সহদেবমর্ত্ত্যাঃ।

অন্বয়ঃ।

হে ভূমন্! বায়ুঃ অগ্নিঃ অবনিঃ বিয়ৎ অম্বু মাত্রাঃ শব্দাদিবিষয়বর্গঃ, প্রাণাঃ ইন্দ্রিয়াণি, হৃদয়ং মনঃ, চিৎ চিত্তং, অনুগ্রহঃ অহঙ্কারঃ, অনুগ্রাহকঃ দেবতাবর্গঃ, সগুণঃ গুণকার্য্যঃ স্থূলঃ, বিগুণঃ সূক্ষ্মঃ (জীবান্তর্যাম্যাদিপদার্থঃ) সর্ব্বং ত্বং এব। (কিং বহুনা) মনঃ চ বচঃ চ তেন নিরুক্তং প্রকাশিতং, কিমপি বস্তু ত্বৎ ত্বতঃ অন্যৎ ভিন্নং নাস্তি; সর্ব্বং ত্বমেব ॥ ৪৭ ॥

হে উরুগায়! হে সর্ব্বাত্মন্! হি যস্মাৎ, যে ত্বদ্বিমুখাঃ তে এতে গুণাঃ সত্ত্বরজস্তমাংসি,

শ্রীধরস্বামী।

তদেবাহ ত্বং বায়ুরিতি। হৃদয়ং মনঃ। চিৎ চিত্তং। অনুগ্রহোঽহঙ্কারঃ দেবতাবর্গো বা। সগুণঃ স্থূলঃ। বিগুণঃ সূক্ষ্মঃ। মনশ্চ বচশ্চ মনোবচঃ তেন নিরুক্তং প্রকাশিতং কিমপি ত্বত্তোঽন্যন্নাস্তি ॥ ৪৭ ॥

অভক্তাস্তু স্বস্মিন্নগতমপি ত্বাং ন জানন্তীত্যাহ। নৈতে ইতি এতে গুণাদ্যভিমানিনো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তমর্থং বিবৃণোতি ত্বমিতি। হৃদয়ং মনঃ। চিৎ চিত্তং। অনুগ্রহোঽনুগ্রাহকো দেবতাবর্গঃ। সগুণঃ স্থূলঃ। বিগুণঃ সূক্ষ্মঃ মনশ্চ বচশ্চ মনোবচ স্তেন নিরুক্তং প্রকাশিতং কিমপি ত্বত্তোঽন্যৎ নাস্তীতি ॥ ৪৭ ॥

তর্হি জ্ঞানং ত্বত্তৈক্যেব ভবেন্নতু শাস্ত্রাধ্যয়ন-বুদ্ধিকৌশলাদিভিরিত্যাহ নেতি। যদ্যেতে গুণাঃ

উৎপন্ন; অথচ আপনি প্রাকৃতিক রূপ বা গুণের অতীত। সংযতচেতা বিচক্ষণ ব্যক্তিগণ সর্ব্বোৎকৃষ্ট ভক্তিযোগের আশ্রয়ে, উভয় কার্য্য এবং কারণের অন্তরে অরণিস্থ হুতাশনের ন্যায়, বিদ্যমান এক আপনাকেই সর্ব্বকারণ-কারণ-রূপে প্রত্যক্ষ করিয়া থাকেন; প্রকৃতি বা পরমাণু প্রভৃতিকে জগতের কারণরূপে তাঁহারা কখনই নিরূপণ করেন না ॥ ৪৬ ॥

হে ভূমন্! পৃথিবী, সলিল, অনল, অনিল, আকাশ, শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধাদি পঞ্চ তন্মাত্র; প্রাণশক্তি, ইন্দ্রিয়বর্গ, মন, অহঙ্কার, বুদ্ধি এবং চিত্ত-রূপে এক আপনিই সর্ব্বত্র বিরাজ করিতেছেন! সগুণ ভাবে বিদ্যমান স্থূলভাব এবং বিগুণরূপে বিদ্যমান সূক্ষ্মভাব, সমস্তই আপনি। এই সংসারে মন বা বাক্যের দ্বারা যে কোন ভাব বা পদার্থের উল্লেখ করা যাইতে পারে, সে সমস্ত আপনি ব্যতীত কিছুই নাই ॥ ৪৭ ॥

হে ব্রহ্মণ্যদেব! আপনি উন্মুক্ত-প্লুতভাবে সর্ব্বত্র সর্ব্বকালে বিরাজমান

আদ্যন্তবন্ত উরুগায় বিদন্তি হি ত্বামেবং বিমৃষ্য সুধিয়ো বিরমন্তি শব্দাৎ ॥ ৪৮ ॥
তস্মৈ২র্হত্তম নমঃ-স্তুতি-কর্ম্ম-পূজাঃ কর্ম্মস্মৃতি শ্চরণয়োঃ শ্রবণং কথায়াং।

অন্বয়ঃ।

গুণিনঃ তদভিমানিনঃ দেবাঃ, মহদাদয়ঃ (মহাভূতানাং পঞ্চতন্মাত্রাণাং দশবিধেন্দ্রিয়াণাং তত্তদভিমানিনঃ দেবাঃ) মনঃপ্রভৃতয়ঃ চিত্তবুদ্ধ্যহঙ্কারাঃ তদভিমানিনঃ দেবাঃ সহদেবমর্ত্ত্যাঃ দেবৈঃ মর্ত্ত্যৈঃ চ সহিতাঃ মহদাদয়ঃ, আদ্যন্তবন্তঃ সর্ব্বে ত্বাং ন বিদন্তি। তস্মাৎ সুধিয়ঃ বিবেকিনঃ এবং বিমৃষ্য বিচার্য্য, শব্দাৎ শাস্ত্রাভ্যাসাৎ বিরমন্তি ত্বাং এব উপাসতে ॥ ৪৮ ॥

তৎ তস্মাৎ তে তব, নমঃ নমস্কারঃ, স্তুতিঃ, কর্ম্মপূজা সর্ব্বকর্ম্মসমর্পণং, কর্ম্ম পরিচর্য্যা,

শ্রীধরস্বামী।

দেবাঃ আদ্যন্তবন্তঃ জড়োপাধিত্বাৎ অনাদ্যন্তং নিরুপাধিং ত্বাং ন বিদন্তি হি যস্মাৎ সুধিয়ো বিদ্বাংসঃ এবং বিচার্য্য শব্দাদধ্যয়নাদিব্যাপারাৎ উপরমন্তি ত্বামেব সমাধিনা উপাসত ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহ ইতি নানুধ্যায়েদ্বহূন্ শব্দান্ বাচো বিগ্লাপনং হি তদিতি চ। স্মৃতিশ্চ। যদা তে মোহকলিলং বুদ্ধি র্ব্যতিতরিষ্যতি। তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ইত্যাদি ॥ ৪৮ ॥

উপসংহরতি তদিতি হে অর্হত্তম নমঃ-স্তুতি-কর্ম্ম-পূজাঃ প্রণিপাত-স্তুতি-সর্ব্ব-কর্ম্মার্পণানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন বিদন্তি তস্মৈ তৈরেব মনোবুদ্ধ্যাদিভিঃ শাস্ত্রাণ্যধ্যয়নাধ্যাপনাদিভি র্বিচার্য্য জীবাঃ কথং জ্ঞাস্যন্তীতি বিমৃশ্য শব্দাদধ্যয়নাদি-ব্যাপারাদুপরমন্তি। তথাচ শ্রুতিঃ কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যাম ইতি। নানুধ্যায়েদ্বহূন্ শব্দান্ বাচো বিগ্লাপনং হি তদিতি। স্মৃতিশ্চ। যদা তে মোহকলিলং বুদ্ধি র্ব্যতিতরিষ্যতি। তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চেত্যাদি ॥ ৪৮ ॥

স্তুতিমুপসংহরতি তদিতি। যস্মাদধ্যয়নাদিতি স্বজ্ঞানং ন ভবেত্তস্মাত্তজ্জ্ঞানার্থমাগ্রহং পরিত্যজ্য সর্ব্ব-পুরুষার্থ-সারস্য ত্বৎপ্রেম্নঃ সাধনার্থমেব যতেতেত্যাহ। হে অর্হত্তম নমো-

---

থাকিলেও, অভক্ত আপনাকে লক্ষ্য করিতে পারে না। অধিক কি! এই গুণাভিমানী দেবতাগণ, মহদাদি গুণবিশিষ্ট ব্রহ্মাদিগণ, মনের অধিষ্ঠাত্রী দেবতাসমূহ, অন্যান্য দেবতা বা মর্ত্ত্য মানব আদ্যন্তশূন্য ভবদীয় ভাবের অবধারণ করিতে পারে না; কারণ সকলেই মায়োপাধিতে পরিচ্ছিন্ন; সুতরাং অল্পজ্ঞ। অতএব মায়ার দ্বারা যখন মায়ারই নিরূপণ হয় মাত্র, তখন মায়ার অতীত ভবদীয় বিশুদ্ধ ভাব কেবল ভবদীয় ভক্তি-প্রভাবেই উপলব্ধ হইয়া থাকে জানিয়া এবং বিশেষ বিচার করত, ধীমান্ ব্যক্তিগণ শব্দশক্তি দ্বারা মায়া-বিচারের সমাপন করিয়া, শাস্ত্রের বিচার বা শাস্ত্রবিহিত সকল কর্ম্ম হইতে প্রতিনিবৃত্ত হইয়া থাকেন ॥ ৪৮ ॥

সংসেবয়া ত্বয়ি বিনেতি ষড়ঙ্গয়া কিং ভক্তিং জনঃ পরমহংসগতৌ লভেত ॥ ৪৯ ॥

নারদ উবাচ ॥

এতাবদ্বর্ণিতগুণো ভক্ত্যা ভক্তেন নির্গুণঃ।
প্রহ্লাদং প্রণতং প্রীতো যতমন্যুরভাষত ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

চরণয়োঃ স্মৃতিঃ, কথায়াং শ্রবণং ইত্যেবং ষড়ঙ্গয়া সংসেবয়া বিনা জনঃ কিং পরমহংসগতৌ (পরমহংসানাং গতৌ প্রাপ্যে) ত্বয়ি (প্রেমলক্ষণাং) ভক্তিং লভেত ? অতঃ হে অর্হত্তম পূজ্যতম ! ত্বং এব সর্ব্বজনং উদ্ধর ; ॥ ৪৯ ॥

নারদঃ উবাচ। ভক্তেন প্রহ্লাদেন ভক্ত্যা এতাবদ্বর্ণিতগুণঃ নির্গুণঃ প্রাকৃতগুণরহিতঃ, হরিঃ তস্মিন্ প্রীতঃ অতঃ, যতঃ মন্যুঃ উপসংহৃতকোপঃ সন্ প্রণতং প্রহ্লাদং অভাষত ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মচ পরিচর্য্যা চরণয়োঃ ; স্মৃতিঃ কথায়াং শ্রবণঞ্চেত্যেবং ষড়ঙ্গয়া সম্যক্ সেবয়া বিনা পরমহংসানাং গতৌ প্রাপ্যে ত্বয়ি জনঃ কথং ভক্তিং লভেত। যস্মাদেবং ভক্তিং বিনা ন মোক্ষঃ নচ ভক্তিং সেবয়া বিনা অতঃ প্রাক্ প্রার্থিতং দাস্যযোগমেব দেহীতি প্রকরণার্থঃ ॥ ৪৯ ॥

এতাবতা বর্ণিতা গুণা যস্য। যতমন্যুঃ উপসংহৃতকোপঃ ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমস্কারশ্চ স্তুতিকর্ম্ম স্তবকরণঞ্চ। পূজা অর্চ্চনঞ্চ তাঃ বর্ম্ম পরিচর্য্যা। চরণয়োঃ স্মৃতিশ্চ। কথায়াং শ্রবণঞ্চেত্যেবং ষড়ঙ্গয়া সেবয়া ভক্ত্যা বিনা ত্বয়ি কিং ভাক্তং প্রেমাণং লভেত নৈব লভেতেত্যর্থঃ। পরমহংসানাং জ্ঞানিনাং গতি র্মুক্তি যস্মাত্তস্মিন্নিতি কথঞ্চিদ্ভক্তিমিশ্রজ্ঞানেন মুক্তিমেব লভেতেতি ভাবঃ। তস্মাৎ সর্ব্ব-কৃতার্থতা-মূল-ত্বং-প্রেমভক্তি-সম্পাদিনীং ষড়ঙ্গাং সংসেবামেব সর্ব্বেভ্যোঽপি দেহি ! সা দুর্ল্লভা চেৎ মুক্তিমেব দত্ত্বা সংসার-দুঃখাত্তাবৎ সর্ব্বান্ ত্রায়স্ব। অহন্তু ত্বদ্ভক্তসেবয়ৈব কৃতার্থীকৃত এব বর্ত্তে ইতি ন কাচিচ্চিন্তোত ভাবঃ ॥ ৪৯ ॥

গুণাঃ কারুণ্যাদয়ঃ। নির্গুণঃ প্রাকৃত-গুণরহিতঃ। যতমন্যুঃ মদ্ভক্তায় প্রহ্লাদায়াপি দ্রুহ্যতীতি যো দুর্ব্বারো মন্যুরভূৎ স প্রহ্লাদস্যানন্দদর্শনাদুপশান্ত ইত্যর্থঃ ॥ ৫০ ॥

অতএব হে পূজ্যতম ! প্রণাম, স্তুতি, পূজা, লীলাস্মরণ, চরণে শরণাগত হওয়া, আপনাতে সকল কর্ম্ম সমর্পণ করা এবং ভবদীয় লীলাশ্রবণরূপ ষড়ঙ্গ সেবা ব্যতীত, পরমহংসগণের প্রাপ্য আপনার স্বরূপের ভক্তি অন্য কোন্ উপায়ে জীব লাভ করিবে ? ॥ ৪৯ ॥

নারদ বলিলেন, ভক্ত এই প্রকার ভক্তি-সহকারে গুণবর্ণন করিলে, গুণাতীত ভগবান্ নৃসিংহদেব প্রহ্লাদের প্রতি প্রসন্ন হইলেন ; তাঁহার ক্রোধ উপশমিত হইল ; তিনি প্রসন্নচিত্তে প্রহ্লাদকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৫০ ॥

শ্রীভগবানুবাচ ॥

প্রহ্লাদ ভদ্র ভদ্রন্তে প্রীতোঽহন্তে সুরোত্তম।
বরং বৃণীষাভিমতং কামপূরোঽস্ম্যহং নৃণাং ॥ ৫১ ॥
মামপ্রীণত আয়ুষ্মন্ দর্শনং দুর্ল্লভং হি মে।
দৃষ্ট্বা মাং ন পুনর্জ্জন্তুরাত্মানং তপ্তুমর্হতি ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে প্রহ্লাদ! হে ভদ্র! হে সুরোত্তম! তে তুভ্যং, অহং প্রীতঃ অস্মি। তে ভদ্রং কল্যাণং, ভবিষ্যতি। যতঃ অহং নৃণাং কামপূরঃ অভীষ্টপ্রদঃ। অতঃ অভিমতং বরং বৃণীষ ॥ ৫১ ॥

হে আয়ুষ্মন্! মাং অপ্রীণতঃ অপ্রীণয়তঃ, জনস্য মে মম দর্শনং দুর্লভং এব; অতঃ মাং দৃষ্ট্বা তু জন্তুঃ প্রাণী পুনঃ আত্মানং তপ্তুং শোচিতুং ন অর্হতি ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

কামান্ পূরয়তীতি তথা যদ্বা পুরুষার্থপ্রবাহোঽস্মীত্যর্থঃ ॥ ৫১ ॥
অপ্রীণতঃ অপ্রীণয়তঃ। তপ্তুং অপূর্ণকামত্বেন শোচিতুং ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিমতং বৃণীষেতি ময়ি ভৃত্যবৎসলে পরমোদার-চূড়ামণৌ কঃ সঙ্কোচ ইতি ভাবঃ। যেষাং কৃতে ত্বং মাং প্রার্থয়সে তেষামপি নৃণামহং কামপূরোঽস্মি পুরুষার্থ-প্রবাহরূপ এব বর্ত্তে কিং পুনরেকাং মুক্তিমেব দদে ইতি ভাবঃ। তেন প্রহ্লাদবুদ্ধি-বিষয়ীকৃতা স্তাৎকালিকা জীবা নিস্তীর্ণা এব। জীবানামানন্ত্যাৎ তদন্যেরেব জীবৈ স্তদনন্তরং ব্রহ্মাণ্ডমপূরাতি জ্ঞেয়ং ॥ ৫১ ॥

অপ্রীণতঃ অপ্রীণয়তঃ। তপ্তুমপূর্ণকামত্বেন শোচিতুং ॥ ৫২ ॥

প্রীণন্তি প্রীণয়ন্তি। মাং প্রতি তুষ্যন্তীতি বা। সর্ব্বভাবেন দাস্যসখ্যাদিনা ॥ ৫৩ ॥

ভগবান্ বলিলেন, হে প্রহ্লাদ! তোমার মঙ্গল হইবে! তুমি চরিত্রে দেবগণের মধ্যেও শ্রেষ্ঠ! আমি তোমার প্রতি বিশেষ সন্তুষ্ট হইয়াছি! আমা হইতে মানবের সকল কামনার যখন পূরণ হইয়া থাকে, সেই আমি তোমার সমক্ষে প্রসন্নচিত্তে উপনীত হইয়াছি! যথাভিলষিত বর প্রার্থনা কর! আমি তোমাকে তাহাই প্রদান করিব! ॥ ৫১ ॥

হে আয়ুষ্মন্! ইচ্ছা করিলেই কেহ কখন আমাকে দেখিতে পায় না; আমার সাক্ষাৎকার লাভ জীবের পক্ষে অতীব দুর্ল্লভ। আমি যাহার প্রতি প্রীত হই, তাহাকেই দেখা দিয়া থাকি। আমাকে একবার দর্শন করিলে, জীবকে আর পুনরায় এই ত্রিতাপে জর্জ্জরিত হইতে হয় না ॥ ৫২ ॥

হে মহাভাগ! ধীর বিবেকী ব্যক্তিগণ শ্রেয়ঃপ্রাপ্তির কামনায় সর্ব্বান্তঃ-

ভৃত্যলক্ষণজিজ্ঞাসুর্ভক্তং কামেষ্বচোদয়ৎ।
ভবান্ সংসারবীজেষু হৃদয়গ্রন্থিষু প্রভো ॥ ৩ ॥
নান্যথা তেঽখিলগুরো ঘটতে করুণাত্মনঃ।
যস্ত আশিষ আশাস্তে ন স ভৃত্যঃ স বৈ বণিক্ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

হে প্রভো! ভৃত্যলক্ষণজিজ্ঞাসুঃ সন্ ভবান্ হৃদয়গ্রন্থিষু (হৃদয়স্য গ্রন্থিবৎ দুর্বিমোচ্যেষু) সংসার-বীজেষু কামেষু, ভক্তং মাং অচোদয়ৎ প্রেরিতবান্ ॥ ৩ ॥

অন্যথা এবং ন চেৎ, তদা তে তব অখিলগুরোঃ সর্ব্বহিতোপদেষ্টুঃ করুণাত্মনঃ কৃপা-পূর্ণান্তঃকরণস্য (অনর্থ-সাধনে স্বভক্ত-প্রবর্ত্তনং) ন ঘটতে। তে ত্বত্তঃ পরম-পুরুষার্থ-স্বরূপাৎ যঃ পুমান্ আশিষঃ বিষয়ান্, আশাস্তে কাময়তে, সঃ তব ভৃত্যঃ ন; সঃ বৈ বণিক্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ননু কিমহং ভক্তং প্রলোভয়ানি? নহি নহি কিন্তু বরং বৃণীষ্বেতি বদত স্তবাভিপ্রায়োঽন্য এব ইত্যাহ ভৃত্যলক্ষণেতি। হৃদয়স্য গ্রন্থিবদ্দুর্ভেদ্যেষু ॥ ৩ ॥

অন্যথানর্থ-সাধনেষু প্রবর্ত্তনং ন ঘটেতেত্যর্থঃ কথমেবং ভৃত্যলক্ষণজ্ঞানং স্যাৎ তত্রাহ য ইতি। তে ত্বত্তঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু কিমহং ভক্তং প্রলোভয়ানি নহি নহি স্বভক্তস্য সর্ব্বোৎকৃষ্টাং নিষ্ঠাং লোকে খ্যাপ-য়সীত্যাহ। ভৃত্যেতি ময়া দীয়মানান্ বরান্ কথং ন গৃহ্ণাসীত্যুক্তে মদ্ভক্ত্যস্য লক্ষণং কথয়িষ্যতীত্যভিপ্রায়স্তবাবগম্যত ইতি ভাবঃ। প্রভুরিতি। সর্ব্বজ্ঞস্য তব জিজ্ঞাসা নোপ-পদ্যতে ইত্যতঃ সর্ব্বান্ জ্ঞাপয়িতুমেবেতি ভাবঃ। অখিলগুরোঃ সর্ব্বহিতোপদেষ্টুঃ স্তব ব্রহ্মরুদ্রাদীনামিবেতি ভাবঃ ॥ ৩ ॥

তদ্ধি ভৃত্যলক্ষণমিতি চেৎ স্বামিভৃত্যয়োরুভয়োরপি লক্ষণং ব্রবীমীত্যাহ য ইতি। তে ত্বত্তঃ। বণিগিতি তুভ্যং কিঞ্চিৎ পত্রপুষ্পফলৈর্বেদ্যাদিকং দত্ত্বা হস্ত্যশ্বরথাদিমতীং সম্পত্তিং ব্রহ্মে-ন্দ্রাদি পদং বা জিঘৃক্ষতীতি ভাবঃ ॥ ৪ ॥

হে নৃহরে! আমি কামের এবং কামাঙ্কুরের সংসর্গে একান্ত ভীত হইয়াছি! কাম্য ভোগে আর আমার বাসনা নাই! আমি ভোগে একান্ত বিরক্ত হইয়া, এই কাম-বন্ধন হইতে মুক্তিলাভের প্রার্থনায় আপনার শরণাগত হইয়াছি! এক্ষণে আসক্তির বন্ধনেই যখন আমার জন্ম; বিষয়াসক্তিই আমার স্বভাবসিদ্ধ বৃত্তি, তখন আর এই সমস্ত বর প্রদানে আমাকে প্রলোভিত করিবেন না! ॥ ২ ॥

হে প্রভো! কোন্ কোন্ লক্ষণাক্রান্ত হইলে আপনার ভৃত্য হইতে পারি?

আশাসানো নবৈ ভৃত্যঃ স্বামিন্যাশিষ আত্মনঃ।
ন স্বামী ভৃত্যতঃ স্বাম্যমিচ্ছন্ যো রাতি চাশিষঃ ॥ ৫ ॥
অহং ত্বকামস্ত্বদ্ভক্ত স্ত্বঞ্চ স্বাম্যনপাশ্রয়ঃ।

অন্বয়ঃ।

যঃ স্বামিনি আত্মনঃ অশিষঃ আশাসানঃ কাময়মানঃ, ভবতি সঃ বৈ ভৃত্যঃ ন ভবতি। তথা যঃ ভৃত্যতঃ স্বাম্যং ইচ্ছন্ তস্মৈ আশিষঃ রাতি দদাতি, সঃ অপি স্বামী নৈব ভবতি ॥ ৫ ॥

অহং তু অকামঃ, অনন্যপ্রয়োজনঃ ত্বদ্ভক্তঃ; ত্বং চ অনপাশ্রয়ঃ অনন্য-প্রয়োজনঃ স্বামী; তথা চ যথা রাজসেবকয়োঃ অন্যথা প্রয়োজনং উদ্দিশ্য এব অর্থঃ স্বামিভৃত্যভাবঃ ভবতি

শ্রীধরস্বামী।

নন্থ কামনয়াপি সেবাসেবকয়োঃ স্বামিভৃত্যভাবঃ প্রসিদ্ধঃ সত্যং সোপাধিকোঽসৌ নতু তাত্ত্বিক ইত্যাহ স্বাম্যমিত্যাদিনা। আশিষোঽপেক্ষমাণো নৈব ভৃত্যঃ। ভৃত্যহেতুকমাত্মনঃ স্বাম্যমিচ্ছন্ যো ভৃত্যায় দদাতি সচ নৈব স্বামী ॥ ৫ ॥

আবয়োস্তু তাত্ত্বিকোঽসাবিত্যাহ অহমিতি। অনপাশ্রয়ো নিরভিসন্ধিঃ। অন্যথা কামাভি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তমেবার্থং পুষ্যতি আশাসান ইতি। ভৃত্যহেতুকমাত্মনঃ স্বাম্যমৈশ্বর্য্যং ইচ্ছন্ যো ভৃত্যায় দদাতি সচ নৈব স্বামী ॥ ৫ ॥

আবয়োস্তু স্বামি-ভৃত্য-ভাব স্তাত্ত্বিক ইত্যাহ অহমিতি অনপাশ্রয়ঃ। সেবকাধীনমপকৃষ্ট-মৈশ্বর্য্যং নাশ্রয়সে ইত্যর্থঃ। অন্যথা স্বকামিতাভিসন্ধিনা তেনাভিসন্ধিকঃ স্বামিভৃত্যভাবো

এই মাত্র জিজ্ঞাসা করায়, আপনি হৃদয়ের অচ্ছেদ্য গ্রন্থিস্বরূপ সংসারের বীজভূত কামসমূহে আমার ন্যায় ভক্তকে জড়িত করিতে ইচ্ছা করিতেছেন ॥৩

আপনি যখন নিখিল সংসারের হিতোপদেষ্টা এবং পরম কারুণিক পরমেশ্বর, তখন আপনার প্রেরণা ব্যতীত ভক্তের কখন অনর্থ-সাধনে প্রবৃত্তি ঘটিবার সম্ভাবনা হয় না! হে ভগবন্! যে ব্যক্তি পরম পুরুষার্থের অধিষ্ঠান-স্থানীয় আপনার নিকট হইতে সামান্য ভোগ্য বিষয়-লাভের প্রত্যাশা করে, সে কখন আপনার ভৃত্য নহে; সে বণিক্! ভক্তির বিনিময়ে ভোগ্য বিষয় ক্রয় করিয়া থাকে মাত্র ॥ ৪ ॥

যে ব্যক্তি প্রভুর সমীপে কেবল ভোগের প্রার্থনা করে, তাহাকে কখন প্রকৃত ভৃত্য বলিয়া স্বীকার করা যায় না; এবং যে প্রভু নিজের স্বামিত্বের রক্ষার্থ ভৃত্যকে তাঁহার অভিলষিত ভোগ প্রদান করেন, তিনিও প্রকৃত স্বামী কখন নহেন ॥ ৫ ॥

আমি কিন্তু কোন বিষয়েরই কামনা করি না; কেবল আপনার চরণার-

নান্যথেহাবয়োরর্থো রাজসেবকয়োরিব ॥ ৬ ॥
যদি দাস্যসি মে কামান্ বরাংস্ত্বং বরদর্ষভ।
কামানাং হৃদ্যসংরোহং ভবতস্তু বৃণে বরং ॥ ৭ ॥
ইন্দ্রিয়াণি মনঃ প্রাণ আত্মা ধর্ম্মো ধৃতির্মতিঃ।
হ্রীঃ শ্রী স্তেজঃ স্মৃতিঃ সত্যং যস্য নশ্যন্তি জন্মনা ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তথা ইহ আবয়োঃ দ্বয়োঃ অপি প্রয়োজনোদ্দেশঃ নাস্তি ॥ ৬ ॥

অতঃ হে বরদর্ষভ! যদি ত্বং মে মহ্যং কামান ইষ্টান্ বরান, দাস্যসি (হে ঈশ! রাসি দদাসি ইত্যপি পাঠঃ) তর্হি ভবতঃ সকাশাৎ অহং মম হৃদি কামানাং অসংরোহং অনুৎপত্তি-রূপং বরং এব বৃণে ॥ ৭ ॥

যস্য কামাঙ্কুরস্য জন্মনা হৃদি সংরোহমাত্রেণ, ইন্দ্রিয়াণি, মনঃ, প্রাণঃ, আত্মা, ধর্ম্মঃ, ধৃতিঃ, মতিঃ, হ্রীঃ, শ্রীঃ, ঐশ্বর্য্যং, তেজঃ, প্রতাপঃ, স্মৃতিঃ তথা সত্যং যথার্থবচনং চ নশ্যন্তি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

সদ্ধিনাহর্থং প্রয়োজনং নাস্তি ॥ ৬ ॥

নন্থ তথাপি পরমোদারস্য মম সন্তোষার্থং কিমপি বৃণীষ্ব ইতি চেদত আহ যদীতি। কামাঙ্কুরাণাং অসংরোহং অনুৎপত্তিং ভবতঃ সকাশাৎ ॥ ৭ ॥

নন্থ কামোৎপত্তৌ সত্যাং কো দোষঃ তত্রাহ ইন্দ্রিয়াদীনি যস্য কামস্য জন্মনা নশ্যন্তীতি। আত্মা দেহঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকে প্রসিদ্ধোঽপি স্বোপাধিত্বাদ্বিগীত এবেতি দ্যোতিতং ॥ ৬ ॥

নন্থ তথাপি মম পরমোদারস্য সুখার্থং কিমপি বৃণ্বিতি চেদত আহ অসংরোহং মম হৃদি কামানোৎপদ্যন্তামিত্যর্থঃ ॥ ৭ ॥

যস্য কামস্য ইন্দ্রিয়াদীনাং তস্য দুর্য্যগ্রহণমেব কুপথগামিতা সৈব নাশঃ ॥ ৮ ॥

বিন্দের প্রার্থী মাত্র! আপনিও সেইরূপ কোন প্রয়োজনের অনুরোধে স্বামী নহেন। অতএব রাজা এবং রাজ-কর্ম্মচারীর মধ্যে স্বামী-ভৃত্য-ভাব যেমন স্বার্থমূলক, আমাদের পরস্পরের মধ্যে প্রভু-ভৃত্যভাবে সেরূপ স্বার্থের লেশ মাত্র নাই ॥ ৬ ॥

হে বরদশ্রেষ্ঠ! হে পরমেশ! যদি আপনি আমাকে আমার অভিলষিত বর প্রদানে প্রস্তুত থাকেন, তাহা হইলে আমার হৃদয়ে কামবীজ আর যেন কখন প্ররোহিত হইতে না পারে, এই মাত্র বর আমি আপনার নিকট প্রার্থনা করিতেছি ॥ ৭ ॥

অহো! যাহার হৃদয়ে এই কামবীজের প্ররোহ ঘটে, তাহার ইন্দ্রিয়-

বিমুঞ্চতি যদা কামান্ মানবো মনসি স্থিতান্।
তর্হ্যেব পুণ্ডরীকাক্ষ ভগবত্ত্বায় কল্পতে ॥ ৯ ॥
ওঁ নমো ভগবতে তুভ্যং পুরুষায় মহাত্মনে।
হরয়েঽদ্ভুতসিংহায় ব্রহ্মণে পরমাত্মনে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

হে পুণ্ডরীকাক্ষ! কমললোচন! যদা মানবঃ মনসি স্থিতান্ কামান্ বিমুঞ্চতি তর্হি এব সঃ ভগবত্ত্বায় ত্বৎসমান-জ্ঞানৈশ্বর্য্যাদি-লাভায় কল্পতে সমর্থঃ ভবতি ॥ ৯ ॥

ওঁ ভগবতে জ্ঞানৈশ্বর্য্যাদি-ষড়্‌গুণপূর্ণায়, পুরুষায় সর্ব্বান্তর্যামিণে, মহাত্মনে হরয়ে আর্ত্তিহরায়, অদ্ভুতসিংহায় গৃহীত-নরসিংহরূপায়, ব্রহ্মণে পরমাত্মনে তে তুভ্যং, নমঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

কামাভাবে গুণমাহ বিমুঞ্চতীতি। ভগবত্ত্বায় ত্বৎসমানৈশ্বর্য্যায়। তথাচ শ্রুতিঃ; যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি স্থিতাঃ। অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ইতি ॥ ৯ ॥

নির্দ্দোষান্ কামান্ দাতুং ইচ্ছন্তং প্রত্যাখ্যাস্যন্ নমস্যতি ওঁ নম ইতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু যদি কামং ন কাময়সে তর্হি বদ মে তব দাস্যযোগমিতি ব্রুবন্ কথং মদ্দাস্যং কাময়সে তত্রাহ বিমুঞ্চতীতি। মনসি স্থিতান্ স্থায়িভাবতয়া বর্ত্তমানান্ কামান্ অপ্রাকৃতাং স্বদ্দাস্য-সখ্যাদীনপি যদা বিশেষেণ মুঞ্চতি ভগবত্ত্বায় সাযুজ্যায় তচ্চ সাযুজ্যং মে নাভীষ্টং কিন্তেতৎ গুণ-ব্যতিকরাদিহ যে স্বসিদ্ধাঃ। কর্ম্মাদয়ঃ কিমগুণেনচ কাঙ্ক্ষিতেন সারং জুষাং চরণয়োরুপগায়তাং ন ইতি মদুক্তেরেবাতো ভবদ্দাস্যরূপমপ্রাকৃতং কামমহং বৃণে এব। ভগবত্ত্বায় ভগবৎসমানৈ-শ্বর্য্যায়েতি শ্রীস্বামিচরণাঃ ॥ ৯ ॥

নন্বু মৎসাযুজ্যমাত্মারামমুনিভিরপ্যাদরণীয়ং কিমিত্যসুরবালকোঽপি ভূত্বা তত্র কটাক্ষয়-সীতি ভগবদ্বাচা পরাজিতম্মন্যঃ প্রণমতি ওঁ নম ইতি ॥ ১০ ॥

গ্রাম, মন, প্রাণ, আত্মা, ধর্ম্ম, ধৃতি, মতি, হ্রীঃ, ঐশ্বর্য্য, তেজ, স্মৃতি এবং সত্য এই সমস্তই বিনষ্ট হইয়া যায় ॥ ৮ ॥

হে কমললোচন! মানব যখন চিত্তস্থ বাসনা-জালকে সম্পূর্ণ বিসর্জ্জন করিতে সমর্থ হন, তখনই তিনি আপনার তুল্য জ্ঞানৈশ্বর্য্যাদি লাভে সমর্থ হন, সন্দেহ নাই ॥ ৯ ॥

হে জ্ঞানৈশ্বর্য্যাদি-ষড়্‌গুণপূর্ণ সর্ব্বান্তর্যামী পরমপুরুষ নৃসিংহদেব! আপনাকে প্রণাম করি! আপনিই পূর্ণব্রহ্ম পরমাত্মা! শরণাগতজনের দুঃখ বিদূরিত করিবার নিমিত্তই এই অদ্ভুত নরসিংহ বিগ্রহ ধারণে আপনি আবির্ভূত হইয়াছেন; আপনাকে প্রণাম করি! ॥ ১০ ॥

শ্রীভগবানুবাচ ॥

নৈকান্তিনো মে ময়ি জাত্বিহাশিষ আশাসতেঽমুত্রচ যে ভবদ্বিধাঃ।
তথাপি মন্বন্তরমেতদত্র দৈত্যেশ্বরাণামনুভুঙ্ক্ষ্ব ভোগান্ ॥ ১১ ॥
কথা মদীয়া জুষমাণঃ প্রিয়াস্ত্বমাবেশ্য মামাত্মনি সন্তমেকং।
সর্ব্বেষু ভূতেষ্বধিযজ্ঞমীশং যজস্ব যোগেনচ কর্ম্ম হিন্বন্ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। যে ভবদ্বিধাঃ ত্বৎসদৃশাঃ, ময়ি একান্তিনঃ অনন্য-প্রয়োজনাঃ ভক্তাঃ তে যদ্যপি ইহ অস্মিন্ লোকে, অমুত্র পরলোকে, চ যাঃ আশিষঃ বিষয়াঃ, তান্ জাতু কদাচিৎ অপি মে মত্তঃ, ন আশাসতে ন বাঞ্ছন্তি, তথাপি এতৎ মন্বন্তর-পর্য্যন্তং অত্র ভূমৌ স্থিতঃ এব দৈত্যেশ্বরাণাং অধিপঃ ভূত্বা ভোগান্ ভুঙ্ক্ষ্ব ॥ ১১ ॥

একং অদ্বিতীয়ং, সর্ব্বেষু ভূতেষু সন্তং, অধিযজ্ঞং যজ্ঞাধিষ্ঠাতারং, ঈশং মাং আত্মনি স্বচিত্তে, আবেশ্য ত্বং মদীয়াঃ প্রিয়াঃ কথাঃ জুষমাণঃ শৃণ্বন্ এব যোগেন ময়ি অর্পণেন কর্ম্ম হিন্বন্ ত্যজন্ যজস্ব ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সত্যমেকান্তভক্ত স্ত্বং তথাপি মদাজ্ঞাকরণীয়েত্যাহ নেতি। মে একান্তিনঃ কদাচিদপি ইহ অমুত্রচ মদ্ব্যতিরিক্তং ন বাঞ্ছন্ত্যেব। তথাপ্যেতন্মন্বন্তরমাত্রং ভোগান্ ভুঙ্ক্ষ্ব ॥ ১১ ॥

ননু তর্হি বদ্ধঃ স্যামিত্যত আহ কথা ইতি দ্বাভ্যাং। সর্ব্বেষু ভূতেষু সন্তমেকং যজ্ঞাধিষ্ঠাতারং মামাত্মন্যাবেশ্য যজস্ব তাই অনেনৈব কর্ম্মণা বদ্ধঃ স্যাৎ নেত্যাহ যোগেন মদ্যর্পণেন কর্ম্ম হিন্বন্ ত্যজন্ যজস্ব ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলং তবৈবায়ং স্বাভাবঃ অপিতু সর্ব্বেষামেব মদ্ভক্তানামিত্যাহ নেতি। এতৎ মন্বন্তরমাত্রং ন ত্বধিকং দদামি মাক্রুধ্যেতি ভাবঃ ॥ ১১ ॥

ননু মাং বিষযান্ধকূপে কেনাপরাধেন ক্ষিপসীত্যত আহ কথা ইতি অধিযজ্ঞং সর্ব্বযজ্ঞা-

---

ভগবান্ নৃসিংহদেব ভক্ত প্রহ্লাদকে সম্বোধন করত বলিলেন, হে বৎস! তোমার ন্যায়, আমার প্রতি একান্ত ভক্তিমান্ সাধু ব্যক্তিগণ যদিও এ জীবনে বা পর জীবনে কোনরূপ ভোগ্য লাভের প্রত্যাশা বা প্রার্থনা আমার নিকট কখন করে না, তথাপি আমি তাহাদের প্রয়োজনের পূরণ করিয়া থাকি। সুতরাং তোমার কোনরূপ প্রার্থনা না থাকিলেও, আমার ইচ্ছায় তুমি এই বর্ত্তমান মন্বন্তর কাল পর্য্যন্ত এই মর্ত্ত্যভূমে অবস্থান পূর্ব্বক দৈত্যেশ্বরগণের আধিপত্য লাভে অতুল ভোগ উপভোগ কর! ॥ ১১ ॥

ভোগে ভীত হইও না! দেখ! আমি জীবমাত্রেরই হৃদয়ে অন্তর্যামিরূপে নিরন্তর অবস্থান করিতেছি; এবং কর্ম্মানুরূপ ফল প্রদানে অধিযজ্ঞ নামে

ভোগেন পুণ্যং কুশলেন পাপং কলেবরং কালজবেন হিত্বা।
কীর্ত্তিং বিশুদ্ধাং সুরলোকগীতাং বিতায় মামেষ্যসি মুক্তবন্ধঃ ॥ ১৩ ॥

অন্বয়।

কুশলেন বুদ্ধিকৌশলযুক্তেন, ভোগেন প্রারব্ধং পুণ্যং পাপং চ তথা কালজবেন কালবেগেন, কলেবরং হিত্বা ত্যক্ত্বা, সুরলোকগীতাং বিশুদ্ধাং কীর্ত্তিং চ বিতায় বিস্তার্য্য, মুক্তবন্ধঃ সন্ মাং এষ্যসি প্রাপ্স্যসি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ ভোগেন সুখানুভবেন প্রারব্ধং পুণ্যং হিত্বা মুক্তবন্ধঃ সন্ লোকানুগ্রহার্থং কীর্ত্তিঞ্চ বিস্তার্য্য মাং প্রাপ্স্যসি। কুশলেন পুণ্যাচরণেন পাপং হিত্বেতি বিভীষামাত্রং অন্যথা তস্য প্রাচীনং পাপমস্তি তদধিগমে উত্তর-পূর্ব্বাঘয়ো রশ্লেষ-বিনাশৌ তদ্ব্যপদেশাদিতি ন্যায়াৎ তৎ-সুকৃত-দুষ্কৃতে বিধুন্বত ইতি শ্রুতেঃ। নচেদং প্রারব্ধ-পাপাভিপ্রায়ং তস্য ভোগেনৈব ক্ষয়াৎ কুশলেন হিত্বেতি বচনানুপপত্তেঃ। নচাসাববিদ্বানিতি বাচ্যং ভগবতৈব কৃতার্থস্যানন্তরং বক্ষ্য-মাণত্বাৎ। অতএব যোগেন কর্ম্ম হিন্বন্নিতীদমপি লোকসংগ্রহার্থে কর্ম্মণি প্রবর্ত্তিতস্যানুদ্বেগ-মাত্রায়েতি সর্ব্বমনবদ্যং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধীশ্বরং মাং স্বযোগেন স্বীয়-ভক্তিযোগেনৈব যজস্ব ভজেত্যকৃতা অপ্যশ্বমেধাদয়ো যজ্ঞা কৃতা এব ভবিষ্যন্তীত্যবিধ্যজ্ঞপদেন দ্যোত্যতে। কর্ম্ম বৈদিকং লৌকিকঞ্চ হিন্বন্ ত্যজন্ মত্তক্ত্যধিকারিণ কর্ম্মকরণানৌচিত্যাৎ ॥ ১২ ॥

ভোগহেতুকাং কর্ম্মবন্ধাত্তু নৈব শঙ্কিষ্ঠা স্তব পূর্ব্বজন্মন্যেব সর্ব্বং কর্ম্ম নষ্টমেবেত্যাহ ভোগেন সুখানুভবেন প্রারব্ধং পুণ্যং কুশলেন সুকৃতাচরণেন পাপং কলেবরং পূর্ব্বদেহঞ্চ হিত্বা এষি মাং সংপ্রতি প্রাপ্নোষি। অসি মুক্তবন্ধ ইতি অস্মিন্ জন্মনি তু মুক্তবন্ধো জীবন্মুক্ত এব বর্ত্তসে ইত্যর্থঃ। এবং প্রহ্লাদস্যাংশেন সাধন-সিদ্ধত্বং নিত্যসিদ্ধত্বঞ্চ নারদাদিবজ্ জ্ঞেয়ং ॥ ১৩ ॥

আমিই অভিহিত হইয়া থাকি! অতএব তাদৃশ মদীয় অদ্বিতীয়ত্ব ভাব স্বীয় হৃদয়ে ধারণ করত এবং মন ও শ্রবণের তৃপ্তিকরী মদীয়া লীলাকথা নিরন্তর শ্রবণ করত, পরম গুরু আমাতে যাবদীয় কর্ম্মের ফল সমর্পণ পূর্ব্বক, তুমি ভগবদা-রাধনায় প্রবৃত্ত হও! অনাসক্ত ভাবে ভোগ করিলে, আর সংসার-ভয়ে কাহাকেও কখন ভীত হইতে হয় না ॥ ১২ ॥

কারণ বুদ্ধিপূর্ব্বক অনাসক্ত ভাবে ভোগ করিতে পারিলে, প্রারব্ধ-জনিত পুণ্য এবং পাপ উভয়ই নিবৃত্ত হইয়া যায়। তুমি অনাসক্ত ভাবের অবলম্বনে প্রারব্ধকে ক্ষয় করত, কালক্রমে কলেবর পরিত্যাগ করিয়া, সুরলোকে পরি-কীর্ত্তিত অমলা কীর্ত্তির বিস্তারে আমাতে আগমন করিবে। তুমি সংসার

য এতৎ কীর্ত্তয়েন্মহ্যং ত্বয়া গীতমিদং নরঃ।
ত্বাঞ্চ মাঞ্চ স্মরন্ কালে কর্ম্মবন্ধাৎ প্রমুচ্যতে ॥ ১৪ ॥
প্রহ্লাদ উবাচ ॥
বরং বরয় এতত্তে বরদেশান্মহেশ্বর।
যদনিন্দৎ পিতা মে ত্বামবিদ্বাংস্তেজ ঐশ্বরং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

যঃ নরঃ ত্বাং মাং চ ইদং মম চরিতং স্মরন্ মহ্যং মম এতৎ ত্বয়া গীতং স্তোত্রং কীর্ত্তয়েৎ সঃ কালে (প্রারব্ধাবসানে পাপপুণ্যাত্মকাৎ) কর্ম্মবন্ধাৎ প্রমুচ্যতে ॥ ১৪ ॥

প্রহ্লাদঃ উবাচ। হে মহেশ্বর! বরদেশাৎ (বরদাঃ ব্রহ্মাদয়ঃ তেষাং ঈশাৎ) তে তুভ্যং, এতৎ বরং অহং বরয়ে বৃণে যৎ ঐশ্বরং ঈশ্বরস্য তব ইদং, তেজঃ অবিদ্বান্ অজানন্ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ য ইতি ত্বাঞ্চ মাঞ্চ ইদং মচ্চরিতঞ্চ স্মরন্ এতৎ স্তোত্রং যঃ কীর্ত্তয়েৎ সোঽপি কর্ম্মবন্ধাদ্বিমুচ্যতে কুতস্তব বন্ধশঙ্কেত্যর্থঃ ॥ ১৪ ॥

ঈশ্বরাজ্ঞয়া প্রাপ্তকর্ম্মাধিকারঃ সন্ পিতু র্নিষ্কৃতিং প্রার্থয়তে ত্রিভিঃ। বরং বরণীয়মেতদপরং বৃণে। তে তুভ্যং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তব কর্ম্মবন্ধাভাবে কৈমুত্যং শৃণ্বিত্যাহ য ইতি। মহ্যং মাং প্রসাদয়িতুং ॥ ১৪ ॥

কিঞ্চ পূর্ব্বং সংসারিণাং নৃণাং মোক্ষায় শ্রীমচ্চরণেষু প্রার্থিতং সংপ্রতি যদোতাদৃশং সৌভাগ্যং মহ্যমদা স্তর্হ্যেকস্য মহাপরাধিনোঽপি নিস্তারায় প্রার্থয়ে ইত্যাহ বরমিতি ত্রিভিঃ। বরয়ে বৃণে ॥ ১৫ ॥

বন্ধন হইতে নিষ্কৃতি লাভে মোক্ষপদ প্রাপ্ত হইবে, সন্দেহ নাই ॥ ১৩ ॥

যে ব্যক্তি তোমাকে এবং আমাকে এবং মদীয় এই চরিত্র স্মরণে ত্বৎকৃত মদীয় স্তব কীর্ত্তন করিবেন, তিনি প্রারব্ধ ভোগের অবসানে কর্ম্ম-বন্ধন হইতে মুক্তি লাভ করিবেন ॥ ১৪ ॥

প্রহ্লাদ বলিলেন, হে মহেশ্বর! আপনি যখন ব্রহ্মাদি বরদাতাগণেরও ঈশ্বর, তখন আমি আপনার নিকট এই বর প্রার্থনা করি যে, অনভিজ্ঞতা-নিবন্ধন ভবদীয় পরমৈশ্বর্য্য-ভাবের উপেক্ষায় ক্রোধাকুলিত-চিত্ত মদীয় পিতা হিরণ্যকশিপু আপনাকে তাঁহার ভ্রাতৃহন্তা জ্ঞানে মিথ্যা দ্বেষ করত যে নানা-প্রকার নিন্দা করিয়াছেন; সর্ব্বলোকগুরু বলিয়া সম্মান করেন নাই, বরং আপনার ভক্ত বলিয়া আমার প্রতিও তিনি বিবিধ প্রকারের বিদ্রোহাচরণ করিয়াছেন ॥ ১২ ॥ ১৩ ॥

বিদ্ধামর্ষাশয়ঃ সাক্ষাৎ সর্ব্বলোকগুরুং প্রভুং।
ভ্রাতৃহেতি মৃষা দৃষ্টি স্ত্বদ্ভক্তে ময়ি চাঘবান্ ॥ ১৬ ॥
তস্মাৎ পিতা মে পূয়েত দুরন্তাদ্ দুস্তরাদঘাৎ।
পূতস্তেঽপাঙ্গসংদৃষ্ট স্তদা কৃপণবৎসল ॥ ১৭ ॥
শ্রীভগবানুবাচ ॥
ত্রিঃ সপ্তভিঃ পিতা পূতঃ পিতৃভিঃ সহ তেঽনঘ।
যৎ সাধোঽস্য কুলে জাতো ভবান্ বৈ কুলপাবনঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

মে মম বিদ্ধামর্ষাশয়ঃ (বিদ্ধঃ অমর্ষেণ ক্রোধেন আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ) যতঃ ভ্রাতৃহা ইতি মৃষা দৃষ্টিঃ যস্য সঃ; মে মম পিতা সর্ব্বলোকগুরুং প্রভুং ত্বাং অনিন্দং তথা ত্বদ্ভক্তে ময়ি, অঘবান্ কৃতদ্রোহঃ ॥ ১৬ ॥

হে কৃপণবৎসল! তদা তে তব অপাঙ্গ-সংদৃষ্টঃ (অপাঙ্গেন কটাক্ষেণ সম্যক্ কৃপয়া দৃষ্টঃ) অতঃ পূতঃ অপি মে পিতা তস্মাৎ দুরন্তাৎ দুস্তরাৎ অঘাৎ পাপাৎ যথা পূয়েত ইত্যহং প্রার্থয়ে ইতি ত্রয়াণামন্বয় ॥ ১৭ ॥

শ্রীভগবান্ উবাচ। হে অনঘ সর্ব্বদোষরহিত! হে সাধো! যৎ যস্মাৎ অস্য কুলে কুলপাবনঃ বৈ ভবান্ জাতঃ অতঃ তে তব পিতা ত্রিঃসপ্তভিঃ পিতৃভিঃ সহ পূতঃ পবিত্রঃ জাতঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

বিদ্ধোঽমর্ষেণ ক্রোধেন আশয়ো যস্য ॥ ১৬ ॥

তেঽপাঙ্গসংদৃষ্টঃ অতঃ পূত এব তথাপি ভোঃ কৃপণবৎসল কার্পণ্যেন প্রার্থয়ে ইত্যর্থঃ ॥ ১৭ ॥

যদ্যপি কশ্যপো মরীচি ব্রহ্মাচেতি তং পিতুস্ত্রয় এব পুর্ব্বজাঃ তথাপি ত্রিঃ সপ্তভিঃ সহেতি প্রাক্ কল্পগতপিত্রভিপ্রায়েণোক্তং যদ্বষম্বাৎ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিদ্ধোঽমর্ষেণাশয়ো যস্য সঃ। যদ্যপি অপাঙ্গেন দৃষ্টঃ পূতএব তদপি শ্রীমুখাৎ প্রসাদবাচং শ্রোতুং কার্পণ্যাৎ প্রথয় ইতি ভাবঃ ॥ ১৬ ॥ ১৭ ॥

ত্রিসপ্তভিরিত্যস্মিন্ জন্মন্যয়ং তব পিতা পূত ইতি কিং বক্তব্যং তব ত্রিসপ্ত-জন্মসু যে ত্রিসপ্তসংখ্যাঃ পিতরোঽভুবন্ তেঽপি পূতা ইত্যর্থঃ। পিতৃন্ পুনাসীত্যেতদপি কিয়ৎ যতস্ত্বং কুলপাবনঃ পিতৃমাত্রাদি কুলমপি তে পূতং ॥ ১৮ ॥

হে দীনবৎসল! যদিও তিনি আপনার কটাক্ষ লাভে পবিত্র হইয়াছেন, তথাপি আমার প্রার্থনা এই যে, তিনি যেন ভগবন্নিন্দা-জনিত দুরন্ত এবং অপার এই পাপ-পঙ্ক হইতে নিষ্কৃতি লাভ করেন, এইমাত্র বর আপনার নিকট আমি প্রার্থনা করি! ॥ ১৭ ॥

ভগবান্ নৃসিংহদেব বলিলেন, হে নিষ্পাপ! তোমার ন্যায় কুলপাবন

যত্র যত্রচ মদ্ভক্তাঃ প্রশান্তাঃ সমদর্শিনঃ।
সাধবঃ সমুদাচারা স্তে পূয়ন্তেঽপি কীকটাঃ ॥-১৯ ॥
সর্ব্বাত্মনা ন হিংসন্তি ভূতগ্রামেষু কিঞ্চন।
উচ্চাবচেষু দৈত্যেন্দ্র মদ্ভাব-বিগতস্পৃহাঃ ॥

অন্বয়ঃ।

যত্র যত্র দেশে প্রশান্তাঃ কামক্রোধাদিবর্জ্জিতাঃ, সমদর্শিনঃ স্থাবরজঙ্গমেষু সমং মাং পশ্যন্তঃ, সাধবঃ পরোপকারশীলাঃ, সম্যক্ উত্তমঃ আচারঃ যেষাং তে সদাচারাঃ মদ্ভক্তাঃ তিষ্ঠন্তি তে কীকটাঃ কীকটাদি-নিকৃষ্টদেশ-বাসিনঃ অপি পূয়ন্তে ॥ ১৯ ॥

হে দৈত্যেন্দ্র! মদ্ভাববিগত-স্পৃহাঃ (মদ্ভাবেন মদ্ভক্ত্যা বিগতা স্পৃহা যেষাং তে তাদৃশাঃ জনাঃ) উচ্চাবচেষু উৎকৃষ্টাপকৃষ্টেষু ভূতগ্রামেষু প্রাণিসমূহেষু মধ্যে কিঞ্চন তুচ্ছং কৃকলাস-সর্পাদিকং অপি সর্ব্বাত্মনা কামক্রোধাদি-পারবশ্যেন অপি ন হিংসন্তি হিংসয়ন্তি ন পীড়য়ন্তি ॥

শ্রীধরস্বামী।

সম্যগুত্তম আচারো যেষাং। কীকটা অপি দেশা স্তত্তুল্যা বংশ্যাশ্চ পূয়ন্তে শুদ্ধা ভবন্তি ॥১৯॥

নন্বু ত্বদ্ভক্তানাং তাদৃশো মহিমেতি ন চিত্রং। অহন্তু তাদৃশো ন ভবামীতি চেত্তত্রাহ সর্ব্বাত্মনেতি দ্বাভ্যাং। মদ্ভাবেন মদ্ভক্ত্যা বিগতা স্পৃহা যেষাং ত্বামনুগতা যে কেচিৎ পুরুষা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদ্ভক্তঃ স্বসঙ্গিনং দেশমপি পুনাতি কিমুত পিত্রাদীনিত্যাহ যত্রেতি পূয়ন্তি পূয়ন্তে পূতা ভবন্তীত্যর্থঃ ॥ ১৯ ॥

নন্বু ত্বদ্ভক্তানাময়ং মহিমা ন চিত্রং অহন্তু তাদৃশো ন ভবামীতি চেৎ তত্রাহ সর্ব্বেতি। যে পুরুষা ত্বামনুব্রতা ভবন্তি তেঽপি মদ্ভক্তা ভবন্তি কীদৃশাঃ মম ভাবেন প্রেম্নৈব বিগত-বিষয়-

---

পুত্র যাঁহার বংশে জন্মগ্রহণ করিয়াছেন, সে পিতা কেবল নিজে কেন? তাঁহার একবিংশতি উপরিতন পুরুষ পর্য্যন্ত পবিত্র হইয়াছেন; তাহাতে আর সন্দেহ নাই ॥ ১৮ ॥

প্রশান্ত-চিত্ত সমদর্শী সদাচার-সম্পন্ন সাধু মদীয় ভক্ত যে স্থানেই অবস্থান করুন্ না, এমন কি! অতি নিকৃষ্ট কীকট-দেশীয়ও যদি তিনি হন, তথাপিও তাঁহারা পবিত্র এবং নিষ্পাপ হইবেন, সন্দেহ নাই ॥ ১৯ ॥

হে দৈত্যেন্দ্র! মদীয় ভাবে তন্ময় হওয়ায় যাহাদের হৃদয় হইতে বিষয়-স্পৃহা বিদূরিত হইয়াছে, তাহারা কোন প্রকারে কখন কোন জীবের প্রতি হিংসা বা বিরুদ্ধ ভাবের পরিচয় দেয় না; সুতরাং উৎকৃষ্ট বা নিকৃষ্ট বলিয়া কাহারও প্রতি তাহারা দৃষ্টি করে না। এমন কি! কৃকলাস ও ক্রূর-প্রকৃতি সর্পাদির প্রতিও তাহারা কখন হিংসাভাবের ব্যবহার করে না ॥

ভবন্তি পুরুষা লোকে মদ্ভক্তাস্ত্বামনুব্রতাঃ।
ভবান্ মে খলু ভক্তানাং সর্ব্বেষাং প্রতিরূপধৃক্ ॥ ২০ ॥
কুরু ত্বং পুত্র-কৃত্যানি পিতুঃ পূতস্য সর্ব্বশঃ।
মদঙ্গস্পর্শনেনাঙ্গ লোকান্ যাস্যতি সুপ্রজাঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

লোকে যে কেচিৎ পুরুষাঃ ত্বাং অনুব্রতাঃ ত্বল্লক্ষণসম্পন্নাঃ তে এব মদ্ভক্তাঃ ভবন্তি। ভবান্ খলু মে মম সর্ব্বেষাং ভক্তানাং প্রতিরূপধৃক্ উপমানাস্পদং ॥ ২০ ॥

হে অঙ্গ! মদঙ্গস্পর্শনেন সর্ব্বতঃ পাপাৎ পূতস্য তে তব পিতুঃ (লোকমর্য্যাদা-শাস্ত্রমর্য্যাদা-পরিপালনায়) ত্বং পুত্রকৃত্যানি দাহশ্রাদ্ধতর্পণাদীনি কুরু! তথা সতি সুপ্রজাঃ (সুষ্ঠু প্রজাঃ পুত্রঃ যস্য তাদৃশঃ সঃ) উত্তমান্ লোকান্ যাস্যতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

স্নেহপোবংলক্ষণাঃ সন্তো মদ্ভক্তা ভবন্তি। অতো ভবান্ মে ভক্তানাং সর্ব্বেষাং প্রতিরূপধৃক্ উপমানাস্পদং শ্রেষ্ঠঃ ধন্বিত্যর্থঃ ॥ ২০ ॥

মদঙ্গস্পর্শনেন সর্ব্বশঃ পূতস্য তে পিতুঃ পাপশঙ্কৈব নাস্তি কেবলং পুত্রকৃত্যানি প্রেত-কার্য্যাণি কুরু ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পৃহাঃ সর্ব্বাত্মনা অহিংসকাশ্চ ভবন্তি। অতস্তব মহিমা কেন নিরুচ্যতামিতি ভাবঃ। যতো ভবান্ মে ভক্তানাং প্রতিরূপধৃক্ উপমানাস্পদং তেষু শ্রেষ্ঠত্বাদিতি ভাবঃ ॥ ২০ ॥

মদঙ্গস্পর্শনেনৈব সর্ব্বশঃ পূতস্য তে পিতুঃ পাপশঙ্কৈব নাস্তি। তদপি প্রেতকার্য্যাণি প্রেতস্যৈব কৃত্যানি কুরু কেবলং ব্যবহার-রক্ষার্থমিত্যর্থঃ ॥ ২১ ॥

আমি তোমার চরিত্রে প্রকৃত ভক্তিমানের পরিচয় পাইতেছি। তোমার চরিত্রকে যাহারা অনুকরণ করিবে, তাহারাই আমার উৎকৃষ্ট ভক্ত মধ্যে পরিগণিত হইবে। প্রকৃত প্রস্তাবে যাবদীয় ভক্তের মধ্যে তুমি একজন প্রধান আদর্শস্থল ॥ ২০ ॥

হে শোভন! আমার অঙ্গ সম্পর্কে তদীয় পিতা হিরণ্যকশিপুর সকল পাপ বিদূরিত হইয়াছে; সে পবিত্র হইয়াছে; তথাপি লোক-মর্য্যাদা এবং শাস্ত্র-মর্য্যাদা পালনার্থ তুমি পুত্রের অবশ্য কর্ত্তব্য মৃত পিতার সৎকার, দাহ এবং শ্রাদ্ধ তর্পণাদি কার্য্য সমুদয় সম্পাদন কর! তাহাতে ঐ ব্যক্তি সৎ-পুত্রের কল্যাণে উৎকৃষ্ট লোকাদিতে গমন করিবে, সন্দেহ নাই ॥ ২১ ॥

তুমিও অন্যান্য শ্রেষ্ঠ অধিকারের প্রতি লক্ষ্য না করিয়া, সম্প্রতি স্বীয় পিতার সিংহাসনে অধিষ্ঠিত হইয়া, দৈত্য দানবগণের আধিপত্য লাভ কর!

পিত্র্যঞ্চ স্থানমাতিষ্ঠ যথোক্তং ব্রহ্মবাদিভিঃ।
ময্যাবেশ্য মনস্তাত কুরু কর্ম্মাণি মৎপরঃ॥
নারদ উবাচ॥
প্রহ্লাদোঽপি তথা চক্রে পিতুর্যৎ সাম্পরায়িকং।
যথাহ ভগবান্ রাজন্নভিষিক্তো দ্বিজাতিভিঃ॥
প্রসাদসুমুখং দৃষ্ট্বা ব্রহ্মা নরহরিং হরিং।
স্তুত্বা বাগ্‌ভিঃ পবিত্রাভিঃ প্রাহ দেবাদিভির্বৃতঃ॥ ২২॥

অন্বয়ঃ।

অথ ত্বং অপি পিত্র্যং স্থানং দানবাধিপত্যং আতিষ্ঠ অধিতিষ্ঠ। এবং চ ব্রহ্মবাদিভিঃ যথা উক্তং তথা ময়ি মনঃ আবেশ্য হে তাত! মৎপরঃ সন্ কর্ম্মাণি কুরু॥

নারদঃ উবাচ। হে রাজন্ যুধিষ্ঠির! প্রহ্লাদঃ পিতুঃ যৎ সাম্পরায়িকং প্রেতোদ্দেশেন যৎ কর্ত্তব্যং তৎ চক্রে তথা দ্বিজাতিভিঃ রাজ্যে অভিষিক্তঃ সন্ যথা ভগবান্ আহ তথা তৎপরঃ সন্ কর্ম্মাণি চ চক্রে॥

তদানীং নরহরিং হরিং প্রসাদসুমুখং (প্রসাদে সুমুখং প্রশান্তবদনং) দৃষ্ট্বা দেবাদিভিঃ বৃতঃ ব্রহ্মা পবিত্রাভিঃ বাগ্‌ভিঃ ত্বং স্তুত্বা প্রাহ॥ ২২॥

শ্রীধরস্বামী।

বেদবাদিভিরুক্তং অনতিক্রমন্ মৎপরঃ সন্ কর্ম্মাণি কুরু॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্যপি মদ্ভক্তস্য তব নাস্তি কর্ম্মাধিকার স্তদপি মদাজ্ঞয়ৈব ব্যবহার-রক্ষার্থং কর্ম্মাণি কুরু। মৎপর ইতি। কর্ম্মসু শ্রদ্ধাশূন্যঃ। ইত্যতঃ কর্ম্মণাং করণমপ্যকরণ এব পর্য্যবস্যতীতি মাশুচ ইতি ভাবঃ॥ ২২॥

এবং ব্রহ্মবাদী ব্রাহ্মণগণের উপদেশ অনুসারে আমাতে চিত্ত সমর্পণ পূর্ব্বক ভগবদ্ভক্তের ন্যায় কার্য্য কর!॥

দেবর্ষি নারদ বলিলেন, হে যুধিষ্ঠির! ভক্ত প্রহ্লাদ পিতার ঔর্দ্ধদেহিক প্রেত-পরিকল্পিত পিণ্ডদানাদি কার্য্য-কলাপ সুসম্পন্ন করিলেন; এবং দ্বিজাতি-গণের দ্বারা যথা-বিধানে অভিষিক্ত হইয়া, ভগবান্ নৃসিংহদেবের উপদেশ অনুসারে অতীব পবিত্র যথোপযুক্ত কর্ম্মসমূহ সম্পাদনে নিযুক্ত হইলেন॥

এই সময় ভগবান্ কমলাসন নৃসিংহদেবের প্রশান্ত বদন অবলোকন করিয়া, কথঞ্চিৎ আশ্বস্ত হইলেন; এবং অন্যান্য দেবতাগণে পরিবৃত হইয়া, যুক্তিযুক্ত বাণীর প্রয়োগে ভগবানকে স্তব করিতে আরম্ভ করিলেন॥ ২২॥

ব্রহ্মা বলিলেন, হে অখিলাধ্যক্ষ দেবদেব! ভূতভাবন! আপনি

ব্রহ্মোবাচ ॥
দেবদেবাখিলাধ্যক্ষ ভূতভাবন পূর্ব্বজ।
দিষ্ট্যা তে নিহতঃ পাপো লোকসন্তাপনোঽসুরঃ ॥
যোঽসৌ লব্ধবরো মত্তো ন বধ্যো মম সৃষ্টিভিঃ।
তপোযোগবলোন্নদ্ধঃ সমস্তনিগমানহন্ ॥ ২৩ ॥
দিষ্ট্যা তত্তনয়ঃ সাধু মহাভাগবতোঽর্ভকঃ।
ত্বয়া বিমোচিতো মৃত্যো দিষ্ট্যা ত্বাং সমিতোঽধুনা ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মা উবাচ। হে দেবদেব! হে অখিলাধ্যক্ষ! হে ভূতভাবনপূর্ব্বজ! তে ত্বয়া, অয়ং পাপঃ পাপাত্মা লোকসন্তাপনঃ অসুরঃ নিহতঃ; এতৎ দিষ্ট্যা ভদ্রং এব ॥

মত্তঃ লব্ধবরঃ (লব্ধঃ বরঃ যেন সঃ) যঃ অসৌ অসুরঃ মম সৃষ্টিভিঃ ময়া সৃষ্টৈঃ দেবমনুষ্যাদিভিঃ ন বধ্যঃ সঃ তপোযোগাভ্যাং অর্জ্জিতং যৎ বলং তেন উন্নদ্ধঃ গর্ব্বিতঃ সন্ সমস্তনিগমান্ বেদবিহিতান্ বর্ণাশ্রম-ধর্ম্মান্ অহন্ হতবান্ (সঃ ত্বয়া নিহতঃ ইতি) ॥ ২৩ ॥

তৎ তস্য হিরণ্যকশিপোঃ তনয়ঃ অর্ভকঃ বালকঃ ভাগবতঃ সাধুঃ প্রহ্লাদঃ, মৃত্যোঃ সকাশাৎ ত্বয়া বিমোচিতঃ। এতদপি দিষ্ট্যা ভদ্রং জাতং; অধুনা ত্বাং সমিতঃ সম্যক্ শরণং প্রাপ্তঃ। ইতি ভদ্রং জাতং ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

মম সৃষ্টিভি র্ময়া সৃষ্টৈ র্ভূতৈঃ সমস্তান্ নিগমান্ ধর্ম্মানিত্যর্থঃ। অহন্ হতবান্ স ত্বয়া নিহত এতদ্দিষ্ট্যা ॥ ২৩ ॥ সমিতঃ সম্যক্ প্রাপ্তঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতভাবনাঃ ব্রহ্ম-মরীচ্যাদয়ঃ পূর্ব্বজাঃ প্রথমজাতা যস্মাৎ ॥ ২৩ ॥ ২৪ ॥

পূর্ব্ববর্ত্তী ব্রহ্মাদি লোকগুরুগণেরও গুরু এবং নিয়ামক! এই লোকোপদ্রবকারী পাপাত্মা অসুর হিরণ্যকশিপু আপনার অনুগ্রহে নিহত হওয়ায়, জগতের যথেষ্ট মঙ্গলই সাধিত হইয়াছে; সন্দেহ নাই ॥

আমার সৃষ্ট কোন দেব-মনুষ্যাদি জীব বা অন্য কোন পদার্থের দ্বারা নিহত হইবে না বলিয়াই, সে আমার নিকট হইতে বর প্রাপ্ত হয়। এবং তপস্যা ও যোগবলে বিষম গর্ব্বিত হইয়া, বেদবিহিত যাবতীয় বর্ণাশ্রম ধর্ম্ম বিনষ্ট করিয়াছিল ॥ ২৩ ॥

আপনি তাদৃশ অসুরকে নিহত করিয়াছেন এবং তদীয় ভাগবত-প্রধান সুশীল সাধু পুত্র বালক প্রহ্লাদকে মৃত্যুর হস্ত হইতে রক্ষা করিয়াছেন। এই উভয় কার্য্যে প্রকৃত মঙ্গলেরই ব্যবস্থা করা হইয়াছে! অহো! এক্ষণে সেই শিশু প্রহ্লাদকে আপনার একজন পরম ভক্ত হইতে দেখিয়া, আমরা বিশেষ

এতদ্বপুস্তে ভগবন্ ধ্যায়তঃ পরমাত্মনঃ।
সর্ব্বতো গোপ্তৃ সন্ত্রাসান্মৃত্যোরপি জিঘাংসতঃ ॥ ২৫ ॥
শ্রীভগবানুবাচ ॥
মৈবং বিভোঽসুরাণান্তে প্রদেয়ঃ পদ্মসম্ভব।
বরঃ ক্রূরনিসর্গাণামহীনামমৃতং যথা ॥
নারদ উবাচ ॥
ইত্যুক্ত্বা ভগবান্ রাজং স্তুতশ্চাস্তর্দ্দধে হরিঃ।
অদৃশ্যঃ সর্ব্বভূতানাং পূজিতঃ পরমেষ্ঠিনা ॥

অন্বয়ঃ।

হে ভগবন্! প্রযতাত্মনঃ বশীকৃত-মনসঃ, (পরমাত্মনঃ বা) তব এতৎ বপুঃ নৃসিংহরূপং ধ্যায়তঃ পুংসঃ সর্ব্বতঃ সংত্রাসাৎ এতৎ বপুঃ এব গোপ্তৃ রক্ষকং ইতি ॥ ২৫ ॥

শ্রীভগবান্ উবাচ। হে পদ্মসম্ভব ব্রহ্মন্! ইতঃপ্রভৃতি অসুরাণাং এবং বরং তে ত্বয়া মা ন প্রদেয়ঃ। ক্রূর-নিসর্গাণাং (ক্রূরঃ নিসর্গঃ স্বভাবঃ যেষাং তেষাং) অহীনাং সর্পাণাং, অমৃতস্য পয়সঃ, পানং যথা বিষবর্দ্ধনং তথা তেন তাদৃশেন বরেণ অসুরাণাং পরোপদ্রব-কারণং এব ভবতি॥

নারদঃ উবাচ। হে রাজন্ যুধিষ্ঠির! ভগবান্ হরিঃ ব্রহ্মাণং প্রতি ইতি উক্ত্বা তেন পরমেষ্ঠিনা, পূজিতঃ সন্ তত্রৈব অন্তর্দধে; সর্ব্বভূতানাং অদৃশ্যঃ বভূব ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বতঃ সংত্রাসাৎ গোপ্তৃ রক্ষকং ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৃত্যোঃ সকাশাদপি গোপ্তৃ ॥ ২৫ ॥

তৃপ্তি লাভ করিলাম ॥ ২৪ ॥

হে ভগবান্! আপনি পরমপুরুষ পরমাত্মা! আপনার কোনরূপ রাগ বা দ্বেষ নাই; আপনার এই নৃসিংহ-বিগ্রহের চিন্তনে জীবের সকল প্রকার ভয়ের নিবারণ হইবে। অধিক কি! হননেচ্ছু সাক্ষাৎ কৃতান্ত হইতেও এই বিগ্রহ জীবকে রক্ষা করিবে, সন্দেহ নাই ॥ ২৫ ॥

ভগবান্ নৃসিংহদেব তখন কমলাসনকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! এইক্ষণ হইতে আপনি যেন আর কখন তাদৃশ ক্রূর-স্বভাব-সম্পন্ন কোন অসুরকে তাদৃশ বর প্রদান না করেন। কারণ বিষধরের পক্ষে অমৃতোপম দুগ্ধের পানে যেমন তাহার বিষেরই বৃদ্ধি মাত্র হয়, সেইরূপ বরলাভে পাপাত্মাগণের কেবল লোকোপদ্রবকারক বৃত্তিরই শ্রীবৃদ্ধি হইয়া থাকে; সন্দেহ নাই ॥

ততঃ সংপূজ্য শিরসা ববন্দে পরমেষ্ঠিনং।
ভবং প্রজাপতীন্ দেবান্ প্রহ্লাদো ভগবৎকলাঃ॥
ততঃ কাব্যাদিভিঃ সার্দ্ধং মুনিভিঃ কমলাসনঃ।
দৈত্যানাং দানবানাঞ্চ প্রহ্লাদমকরোৎ পতিং॥
প্রতিনন্দ্য ততো দেবাঃ প্রযুজ্য পরমাশিষঃ।
স্বধামানি যযূ রাজন্ ব্রহ্মাদ্যাঃ প্রতিপূজিতাঃ॥ ২৬॥

অন্বয়ঃ।

ততঃ প্রহ্লাদঃ পরমেষ্ঠিনং ব্রহ্মাণং, ভবং মহাদেবং, প্রজাপতীন্ কশ্যপাদীন্, দেবান্ ভগবৎকলাঃ (ভগবতঃ কলাঃ অবতারভূতান্) তান্ সংপূজ্য শিরসা ববন্দে॥

ততঃ কাব্যাদিভিঃ মুনিভিঃ সার্দ্ধং কমলাসনঃ ব্রহ্মা প্রহ্লাদং দৈত্যানাং দানবানাং চ পতিং অকরোৎ॥

ততঃ হে রাজন্! প্রহ্লাদেন প্রতিপূজিতাঃ ব্রহ্মাদ্যাঃ দেবাঃ তং প্রতিনন্দ্য প্রশস্য, পরমাশিষঃ প্রযুজ্য স্বধামানি যযুঃ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

এবং বর ত্বয়া ন প্রদেয়ঃ। ক্রূরো নিসর্গঃ স্বভাবো যেষাং। অমৃতং ক্ষীরং॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবংবরঃ অতি বৃহত্তমো বরঃ॥ ২৬॥

রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন পূর্ব্বক দেবর্ষি নারদ বলিলেন, হে নরনাথ! ভগবান্ শ্রীহরি কমলাসন ব্রহ্মাকে এই প্রকার বলিলে, ব্রহ্মা সন্তুষ্টচিত্তে তাঁহাকে প্রণাম করিলেন। ব্রহ্মা কর্ত্তৃক পূজিত হইয়া, নৃসিংহদেব সেই স্থানেই অন্তর্হিত হইলেন; কেহ আর তখন তাঁহাকে দেখিতে পাইলেন না॥

অনন্তর প্রহ্লাদ ভগবানেরই অবতারভূত পরমেষ্ঠি ব্রহ্মা, মহাদেব, কশ্যপাদি প্রজাপতিগণ এবং অন্যান্য দেবতাবর্গকে অবনত মস্তকে প্রণাম ও অভিবাদনাদি করিলেন॥

তখন শুক্রাচার্য্যাদি মুনিগণে পরিবৃত হইয়া, ভগাবান্ ব্রহ্মা প্রহ্লাদকে দৈত্য এবং দানবগণের পতিত্বে অভিষিক্ত করিলেন॥

তৎপরে হে রাজন্! প্রহ্লাদ কর্ত্তৃক প্রতিপূজিত ব্রহ্মাদি দেবতাগণ সকলে প্রশংসাবাদের দ্বারা প্রহ্লাদকে আশীর্ব্বাদ করত, স্ব স্ব ধামে গমন করিলেন॥ ২৬॥

শনকাদি বিপ্রগণের অভিসম্পাতে অসুরত্ব লাভে জয় বিজয় নামক ভগবানের যে পার্ষদদ্বয় দিতির পুত্র হইয়া, হিরণাক্ষ ও হিরণ্যকশিপু মূর্ত্তিতে

এবং চ পার্ষদৌ বিষ্ণোঃ পুত্রত্বং প্রাপিতৌ দিতেঃ।
হৃদি স্থিতেন হরিণা বৈরভাবেন তৌ হতৌ॥
পুনশ্চ বিপ্রশাপেন রাক্ষসৌ তৌ বভূবতুঃ।
কুম্ভকর্ণ-দশগ্রীবৌ হতৌ তৌ রামবিক্রমৈঃ॥ ২৭॥
শয়ানৌ যুধি নির্ভিন্ন-হৃদয়ৌ রামশায়কৈঃ।
তচ্চিত্তৌ জহতু র্দেহং যথা প্রাক্তন-জন্মনি॥ ২৮॥
তাবিহাথ পুন র্জাতৌ শিশুপাল-করূষজৌ।

অন্বয়ঃ।

এবং চ (শনকাদিশাপেন) দিতেঃ পুত্রত্বং প্রাপিতৌ বিষ্ণোঃ পার্ষদৌ তৌ জয়-বিজয়ৌ বৈরভাবেন হেতুনা হৃদিস্থিতেন হরিণা হতৌ॥

বিপ্রশাপেন হেতুনা পুনশ্চ তৌ রাক্ষসৌ বভূবতুঃ। তৌ কুম্ভকর্ণ-দশগ্রীবৌ (কুম্ভকর্ণ-রাবণৌ) ভূত্বা রামবিক্রমৈঃ হতৌ॥ ২৭॥

রামস্য শায়কৈঃ বাণৈঃ নির্ভিন্নং হৃদয়ং যয়োঃ তৌ যুধি যুদ্ধে শয়ানৌ সন্তৌ যথা প্রাক্তন-জন্মনি তথা তচ্চিত্তৌ (তস্মিন্ শ্রীরামে চিত্তং যয়োঃ তৌ) দেহং জহতুঃ ত্যজতুঃ॥ ২৮॥

অথ অনন্তরং, ইহ মনুষ্যেষু, তৌ এব পুনঃ শিশুপালঃ করূষজঃ দন্তবক্রঃ চ জাতৌ; হরৌ

শ্রীধরস্বামী।

শিশুপাল-দন্তবক্রয়োর্দ্বিষতোঃ শ্রীকৃষ্ণসাযুজ্যং কথমিতি যৎ পৃষ্টং তদেব তয়োঃ পূর্ব্বজন্ম-কথাদিভিরুপপাদিতমুপসংহরতি এবমিতি সপ্তভিঃ। দিতেঃ পুত্রত্বং প্রাপিতৌ বিপ্রশাপে-নেত্যুত্তরস্যানুষঙ্গঃ॥ ২৭॥　　তচ্চিত্তৌ শ্রীরামং চিন্তয়ন্তৌ॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শিশুপালদন্তবক্রয়োঃ সাযুজ্যং। কথমিতি যৎপৃষ্টং তত্তয়োঃ পূর্ব্বজন্ম-কথনাদিভিরুপ-পাদিতমিত্যুপসংহরতি এবমিতি॥

জন্মগ্রহণ করিয়াছিলেন, কেবল বৈরভাব-নিবন্ধন হৃদিস্থ শ্রীহরি কর্ত্তৃকই তাঁহারা নিহত হইলেন॥

উক্ত বিপ্র-শাপের অনুরোধে তাহারা পরজন্মে রাক্ষস-যোনি প্রাপ্ত হইয়া, বিখ্যাত কুম্ভকর্ণ এবং রাবণনামে বিশ্রুত হইল। ইহারা রামরূপে অবতীর্ণ ভগবান্ বিষ্ণুর হস্তে নিহত হয়॥ ২৭॥

অহো! শ্রীরামের বাণে বিদীর্ণ-হৃদয় হইয়া, যখন এতদুভয়ে সমর-শয্যায় শয়ন করে, তখন পূর্ব্বজন্মের ন্যায়, হৃদয়-মন্দিরে ভগবান্ শ্রীহরিকে চিন্তা করিতে করিতে প্রাণ পরিত্যাগ করিয়াছিল॥ ২৮॥

তাহারা উভয়েই আবার এই মনুষ্য-যোনিতে শিশুপাল এবং দন্তবক্র-

হরৌ বৈরানুবন্ধেন পশ্যত স্তে সমীয়তুঃ॥ ২৯॥
এনঃ পূর্ব্বকৃতং যত্তদ্রাজানঃ কৃষ্ণবৈরিণঃ।
জহু স্তেঽন্তে তদাত্মানঃ কীটঃ পেশস্কৃতো যথা॥ ৩০॥
যথা যথা ভগবতো ভক্ত্যা পরময়া ভিদা।
নৃপাশ্চৈদ্যাদয়ঃ সাম্যং হরে স্তচ্চিন্তয়া যযুঃ॥

অন্বয়ঃ।

[বৈরানুবন্ধেন হেতুনা তে তব পশ্যতঃ এব সতঃ তস্মিন্ হরৌ সমীয়তুঃ সাযুজ্যং প্রাপতুঃ॥২৯॥

কৃষ্ণবৈরিণঃ রাজানঃ যৎ এনঃ নিন্দারূপং পাপং পূর্ব্বকৃতং তৎ আত্মনঃ (তস্য শ্রীকৃষ্ণস্য ইব আত্মা স্বভাবঃ যেষাং তে) তদাত্মানঃ সন্তঃ, তে অন্তে পেশস্কৃতঃ ভ্রমরবিশেষস্য, (ধ্যানাৎ) যথা কীটঃ তদাকারঃ ভবতি তথা জহুঃ॥ ৩০॥

অভিদা আত্মভেদ-দর্শন-রহিতয়া, পরময়া ভগবতঃ ভক্ত্যা হরেঃ চিন্তয়া যথা যথা তস্য সাম্যং তৎসারূপ্যং যযুঃ তথা চৈদ্যাদয়ঃ নৃপাঃ অপি বৈরানুবন্ধেন তচ্চিন্তয়া তৎসারূপ্যং যযুঃ॥

শ্রীধরস্বামী।

করূষজো দন্তবক্রঃ। হরৌ সাযুজ্যং সমীয়তুঃ॥ ২৯॥

শ্রীকৃষ্ণনিন্দাদিনা পূর্ব্বকৃতঞ্চ যৎ এনঃ পাপং তদ্ধ্যানেন তদাত্মানঃ সন্তো জহুঃ। তদাত্মত্বে দৃষ্টান্তঃ কীটঃ পেশস্কৃতো যথা ধ্যানেন তদাত্মা ভবতীতি॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এনোঽপরাধঃ কৃষ্ণনিন্দাদিনেত্যর্থঃ। পূর্ব্বকৃতং যৎ পাপং তদপি তদ্ধ্যানেন তদাত্মানঃ সন্তো জহুঃ। তদাত্মত্বে দৃষ্টান্তঃ। কীটঃ পেশস্কৃতঃ কীটবিশেষস্য ধ্যানেন যথা তদাত্মা ভবতীতি॥ ২৭—৩০॥

ভক্ত্যা যথা যথা অভিদা অভেদেন জ্ঞানিভক্তা হরেঃ সাম্যং যযুঃ। তথা চৈদ্যাদয়োঽপি

রূপে জন্ম গ্রহণ করিয়াছে; এখানেও পূর্ব্ববৎ ভগবান্ শ্রীহরির প্রতি বৈর-ভাবের অনুরোধে আপনার সমক্ষেই ভগবান্ শ্রীহরিতে সাযুজ্যপদ লাভে চরিতার্থ হইয়াছে॥ ২৯॥

কৃষ্ণদ্বেষী যে যে রাজন্যবর্গ এইরূপ নিন্দাবাদের অপরাধে পূর্ব্বে দূষিত হইয়াছিলেন, তাঁহারা সকলেই ঐ নিন্দা করিবার অনুরোধে তদীয় চিন্তায় তদাকারিত-হৃদয় হইয়াছিলেন। সুতরাং কীট (তেলাপোকা) পেশস্কার (কাঁচপোকা) ভ্রমরের চিন্তায় যেমন তদাকার হয়, সেইরূপ নিন্দাবাদের অনুরোধে দ্বেষী রাজাগণও কৃষ্ণমূর্ত্তি চিন্তা করত, অন্তে কৃষ্ণপদবীই প্রাপ্ত হইয়াছিল॥ ৩০॥

ভেদ-দর্শন-শূন্যা অহৈতুকী উৎকৃষ্টা ভক্তি-সহকারে নিরন্তর ভগবৎ-চিন্তার

আখ্যাতং সর্ব্বমেতত্তে যন্মাং ত্বং পরিপৃষ্টবান্।
দমঘোষ-সুতাদীনাং হরেঃ সাত্ম্যমপি দ্বিষাং॥ ৩১॥
এষা ব্রহ্মণ্যদেবস্য কৃষ্ণস্য চ মহাত্মনঃ।
অবতারকথা পুণ্যা বধো যত্রাদিদৈত্যয়োঃ॥ ৩২॥
প্রহ্লাদস্যানুচরিতং মহাভাগবতস্যচ।
ভক্তির্জ্ঞানং বিরক্তিশ্চ যাথার্থ্যঞ্চাস্য বৈ হরেঃ॥

অন্বয়ঃ।

দমঘোষ-সুতাদীনাং শিশুপালাদীনাং দ্বিষাং অপি হরেঃ সাত্ম্যং সাযুজ্যং, কথং ইতি যৎ ত্বং মাং পরিপৃষ্টবান্ তৎ এতৎ সর্ব্বং তে তুভ্যং, ময়া আখ্যাতং॥ ৩১॥

ব্রহ্মণ্যদেবস্য মহাত্মনঃ কৃষ্ণস্য এষা পুণ্যা অবতারকথা ময়া আখ্যাতা যত্র যস্যাং কথায়াং আদিদৈত্যয়োঃ হিরণ্যাক্ষ-হিরণ্যকশিপোঃ বধঃ বর্ণিতঃ॥ ৩২॥

মহাভাগবতস্য প্রহ্লাদস্য অনুচরিতং বর্ণিতং তথা তস্য ভক্তিঃ জ্ঞানং বিরক্তিঃ তথা অস্য হরেঃ যাথার্থ্যং সচ্চিদানন্দাত্মকত্বং চ ময়া আখ্যাতং॥

শ্রীধরস্বামী।

অভিদা ভেদদর্শন-শূন্যায়া। হরেঃ সাত্ম্যং সারূপ্যং॥ ৩১॥

প্রহ্লাদ-চরিতার্থমুপসংহরতি এষেতি চতুর্ভিঃ। অবতারঃ শ্রীনৃসিংহরূপঃ। তস্য কথা আখ্যাতেতি শেষঃ॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তচ্চিন্তয়া তদ্ময়ুঃ। ভক্ত্যা কীদৃশ্যা তদীয়-জ্ঞান-বৈরাগ্যাদিভ্যোঽপি পরময়া। অগ্রেঽপ্যেবং নিভৃতমরুন্মন ইত্যত্র তদরয়োঽপি যযুঃ স্মরণাদিতি বক্ষ্যতে॥

ফলে সাধকগণ যে পদ্ধতির বলে শ্রীহরির সারূপ্য লাভ করিয়াছেন, চৈদ্যাদি নৃপতিগণও কেবল দ্বেষভাবের অনুসরণে ভগবানকে চিন্তা করত, সেই পদ্ধতিতেই তদীয় সারূপ্যপদ প্রাপ্ত হইয়াছেন॥

দমঘোষ-নন্দন দ্বেষী শিশুপালাদি নৃপতিগণ কি নিমিত্ত ভগবানের সাযুজ্য লাভ করিল বলিয়া, আপনি আমার নিকট যে প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন, তাহার উত্তর আনুপূর্ব্বিক আপনার নিকট বর্ণন করিলাম॥ ৩১॥

অহো! ব্রাহ্মণকুলকেই সম্মানিত করা যাঁহার বিশেষ লক্ষ্য, সেই ব্রহ্মণ্য-দেব মহাত্মা শ্রীকৃষ্ণের এই পবিত্র নৃসিংহ বিগ্রহে অবতীর্ণ হইবার কথা, আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম। এই অবতার-কথায়, আদি-দৈত্য হিরণ্যাক্ষ-হিরণ্যকশিপুর বধ-বৃত্তান্ত বর্ণিত হইয়াছে॥ ৩২॥

ভগবদ্ভক্তের অগ্রগণনীয় মহামনা প্রহ্লাদের পবিত্র চরিত্র, তাঁহার ভগবানে

সর্গস্থিত্যপ্যয়েশস্য গুণ-কর্ম্মানুবর্ণনং।
পরাবরেষাং স্থানানাং কালেন ব্যত্যয়ো মহান্ ॥ ৩৩ ॥
ধর্ম্মো ভাগবতানাঞ্চ ভগবান্ যেন গম্যতে।
আখ্যানেঽস্মিন্ সমাম্নাতমাধ্যাত্মিকমশেষতঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

সর্গঃ উৎপত্তিঃ, স্থিতিঃ পালনং, অপ্যয়ঃ প্রলয়ঃ, তেষাং ঈশস্য কর্ত্তুঃ; গুণাঃ ঐশ্বর্য্যাদয়ঃ, কর্ম্মাণি সৃষ্ট্যাদীনি তেষাং অনুবর্ণনং কৃতং। পরাবরেষাং দেবাসুরাদীনাং স্থানানি তেষাং কালেন মহান্ ব্যত্যয়ঃ বিপর্য্যাসঃ, অপি ময়া নিরূপিতঃ ॥ ৩৩ ॥

যেন ধর্ম্মেণ ভগবান্ গম্যতে প্রাপ্যতে, তথাবিধঃ ভাগবতানাং চ ধর্ম্মঃ ব্যাখ্যাতঃ; তথা আধ্যাত্মিকং আত্মানং অধিকৃত্য বর্ত্তমানং প্রকৃত্যাদি বস্তুজাতং চ অস্মিন্ আখ্যানে, অশেষতঃ সমাম্নাতং কথিতং ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

প্রহ্লাদস্যানুচরিতমিত্যাদেঃ সমাম্নাতমিতি তৃতীয়েনান্বয়ঃ। অস্যেতি অনেনোক্তং স্বর্গস্থিত্যপ্যয়ানাং ঈশস্য হরে র্যাথার্থ্যং তত্ত্বং অনেন কৃতং। হরেগুর্ণ-কর্ম্মানু-বর্ণনঞ্চেত্যর্থঃ। পরাবরেষাং দেবদৈত্যাদীনাং যানি স্থানানি। তেষাং ব্যত্যয়ো বিপর্য্যাসঃ ॥ ৩৩ ॥

আধ্যাত্মিকং আত্মানাত্মবিবেকাদি ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ চরিতং আখ্যাতমিতি পূর্ব্বেণ সমাম্নাতমিতি পরেণ বান্বয়ঃ। হরের্যাথাত্ম্যং হরেঃ স্বরূপং অনতিক্রম্য স্বার্থে ষ্যঞ্। সর্গেতি সৃষ্ট্যাদয়োঽপি উক্তাঃ। পরাবরেষাং দেবদৈত্যা-

---

ভক্তি, আত্মানাত্ম-বিচাররূপ বিশুদ্ধ পবিত্র জ্ঞান এবং সংসার-বৈরাগ্য বিশেষ-রূপে বর্ণিত হইয়াছে। বিশেষত ইহার প্রসঙ্গে ভগবান্ শ্রীহরির সচ্চিদানন্দাত্মকস্বরূপ-ভাবের ও বিলক্ষণ পরিচয় প্রদান করা হইয়াছে ॥

সৃষ্টিস্থিত্যন্তকারী পরাৎপর পরমেশের অনুপম ঐশ্বর্য্য এবং সৃষ্ট্যাদি সামর্থ্যের যথেষ্ট বর্ণন এতদুপলক্ষে করা হইয়াছে। দেবলোকাদি উৎকৃষ্ট এবং অসুরলোকাদি নিকৃষ্ট জীবসমূহের বৃত্তান্ত, তাহাদের ভোগ্য লোক এবং কাল-সহকারে সেই সকল স্থানেরও বিপর্য্যাসভাব আমি আপনার নিকট আনুপূর্ব্বিক বর্ণন করিয়াছি ॥ ৩৩ ॥

যে ধর্ম্মের অনুশীলনে পরাৎপর পরমেশের সাক্ষাৎকার লাভে জীব চরিতার্থ হইতে পারে, ভগবদ্ভক্ত সাধু ব্যক্তিগণের সেই পবিত্র ধর্ম্মের বিষয় আমি ব্যাখ্যা করিয়াছি; এতদ্ব্যতীত আত্মাকে অবলম্বন করিয়া, আত্মভাবে প্রতীত প্রকৃত্যাদি তত্ত্বগ্রামের ব্যাখ্যাও এতদুপলক্ষে বিস্তৃত ভাবে করা হইয়াছে ॥ ৩৪ ॥

য এতৎ পুণ্যমাখ্যানং বিষ্ণোর্বীর্য্যোপবৃংহিতং।
কীর্ত্তয়েচ্ছ্রদ্ধয়া শ্রুত্বা কর্ম্মপাশৈ র্বিমুচ্যতে ॥ ৩৫ ॥
এতদ য আদিপুরুষস্য মৃগেন্দ্রলীলাং দৈত্যেন্দ্রযূথপবধং প্রযতঃ পঠেত।
দৈত্যাত্মজস্যচ সতাং প্রবরস্য পুণ্যং শ্রুত্বানুভাবমকুতোভয়মেতি লোকং ॥৩৬।
যূয়ং নৃলোকে বত ভূরিভাগা লোকং পুনানা মুনয়োঽভিযন্তি।

অন্বয়ঃ।

বিষ্ণোঃ বীর্য্যেণ পরাক্রমাদিনা উপবৃংহিতং পুণ্যং পবিত্রং এতৎ আখ্যানং, শ্রদ্ধয়া শ্রুত্বা যঃ কীর্ত্তয়েৎ সঃ কর্ম্মপাশৈঃ বিমুচ্যতে ॥ ৩৫ ॥

যঃ এতৎ এতাং আদিপুরুষস্য বিষ্ণোঃ মৃগেন্দ্রলীলাং দৈত্যেন্দ্র-যূথপ-বধং তথা সতাং ভগবদ্ভক্তানাং, মধ্যে প্রবরস্য শ্রেষ্ঠস্য, দৈত্যাত্মজস্য প্রহ্লাদস্য পুণ্যং অনুভাবং প্রভাবং, শ্রুত্বা প্রযতঃ সন্ পঠেত সঃ অকুতোভয়ং (ন কুতোঽপি ভয়ং যত্র তথাভূতং) লোকং বৈকুণ্ঠং, এতি প্রাপ্নোতি এব ॥ ৩৬ ॥

নৃলোকে যূয়ং বত ভূরিভাগাঃ! লোকং পুনানাঃ মুনয়ঃ অপি যেষাং গৃহান্ অভিযন্তি

শ্রীধরস্বামী।

এতৎ শ্রবণাদিফলমাহ য ইতি দ্বাভ্যাং। এতৎ শ্রুত্বা যঃ কীর্ত্তয়েৎ ॥ ৩৫ ॥

এতৎ এতাং মৃগেন্দ্রস্য ইব লীলাং। তামেবাহ দৈত্যেন্দ্রস্য যূথপানাঞ্চ বধং যঃ শুচিঃ সন্ পঠেৎ। পুণ্যমনুভাবং প্রভাবং মতিনিশ্চয়ং বা লোকং বৈকুণ্ঠং ॥ ৩৬ ॥

অহো প্রহ্লাদস্য ভাগ্যং! যেন দেবো দৃষ্টঃ! বয়ন্তু মন্দভাগ্যা ইতি বিষীদন্তং তং প্রত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দীনাং যানি স্থানানি তেষাং ব্যত্যয়ো বিনাশঃ ॥ ৩১—৩৫ ॥

এতৎ এতাং মৃগেন্দ্রস্য সিংহস্য পক্ষে নৃসিংহলীলাং ঋদ্ধস্য রাজমাতঙ্গা ইতি বৎ সমাস আর্ষঃ। লীলামাহ। দৈত্যেন্দ্র এব যূথপো হস্তী তস্য দৈত্যেন্দ্রাণাং যূথপস্য হিরণ্য-কশিপোশ্চ বধং ॥ ৩৬ ॥

ভগবান্ নারায়ণের পরাক্রমের পরিচয়ে পরিকল্পিত এই পবিত্র পুণ্যপ্রদ আখ্যানটী শ্রদ্ধা-পূর্ব্বক শ্রবণ করত, যিনি অন্যের সমীপে কীর্ত্তন করিবেন, তিনি কর্ম্ম-বন্ধন হইতে অব্যাহতি পাইবেন, সন্দেহ নাই ॥ ৩৫ ॥

অনাদি-নিধন ভগবান্ বিষ্ণুর নৃসিংহ-বিগ্রহের লীলা, দৈত্যপতি হিরণ্য-কশিপুর এবং তাঁহার সেনা-নায়কগণের নিধন, এবং ভগবদ্ভক্তগণের অগ্রগণনীয় উক্ত দৈত্যপতির পুত্র প্রহ্লাদের প্রভাবের বিষয় শ্রবণ করত, যিনি সংযত-চিত্তে তাহা পাঠ করেন, তাঁহাকে আর দুঃখজালে জড়িত হইতে হয় না। তিনি ভয়হীন বৈকুণ্ঠধামে গমন করেন; সন্দেহ নাই ॥ ৩৬ ॥

যেষাং গৃহানাবসতীতি সাক্ষাদ্গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গং ॥ ৩৭ ॥
স বা অয়ং ব্রহ্ম মহদ্বিমৃগ্য-কৈবল্য-নির্ব্বাণ-সুখানুভূতিঃ।

অন্বয়ঃ।

সর্ব্বতঃ আগচ্ছন্তি ; যস্মাৎ মনুষ্যলিঙ্গং নরাকৃতি গূঢ়ং সাক্ষাৎ পরং ব্রহ্ম যুষ্মাকং গৃহান্ অবসতি ইতি ॥ ৩৭ ॥

মহদ্ভিঃ বিবেকিভিঃ, বিমৃগ্যং অন্বেষণীয়ং, যৎ কৈবল্যং নির্ব্বাণসুখং নিরবধিঃ পরমানন্দঃ তস্য অনুভূতিঃ অনুভবরূপং, ব্রহ্ম সঃ বৈ এব অয়ং নরাকৃতিঃ বঃ যুষ্মাকং খলু মাতুলেয়ঃ প্রিয়ঃ

শ্রীধরস্বামী।

যূয়মিতি ত্রিভিঃ। যেষাং যুষ্মাকং গৃহান্ মুনয়োঽভিযন্তি সর্ব্বতঃ সমায়ান্তি। তৎ কস্য হেতোঃ। এষাং গৃহেষু নরাকারং গূঢ়ং সৎ শ্রীকৃষ্ণাখ্যং পরং ব্রহ্ম সাক্ষাৎ বসতীতি ॥ ৩৭ ॥

ননু কৃষ্ণোঽস্মাকং মাতুলেয়ঃ কথং ব্রহ্মেত্যুচ্যতে তত্রাহ সবা ইতি। সোঽয়ং ব্রহ্মৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহো প্রহ্লাদস্য ভাগ্যং! যেন দেবো দৃষ্টঃ। বয়ন্তু মন্দভাগ্যা ইতি বিষীদন্তং রাজানং প্রতি যূয়ং প্রহ্লাদাৎ প্রহ্লাদগুরো র্মত্তোঽপি অন্যেভ্যোঽপি ভক্তেভ্যো যুষ্মৎপূর্ব্বজেভ্যো যদুপুরুরবঃ-প্রভৃতিভ্যোঽপি বশিষ্ঠ মরীচি-কশ্যপাদ্যৃষিভ্যোঽপি ব্রহ্মরুদ্রাভ্যামপি ভূরিসৌভাগ্যবন্ত ইত্যাহ। যূয়ং নৃণাং জীবানাং লোকমধ্যে ভূরিভাগাঃ। যেষাং যুষ্মাকং গৃহান্ লোকং স্বদর্শনদানাদিনা পবিত্রা কুর্ব্বন্তোঽপি মুনয়োঽভি সর্ব্বতোভাবেন স্বকৃতার্থী-করণাদিনা হেতুনাপি গচ্ছন্তি। যতো গূঢ়ং সর্ব্বতোঽপি রহস্যং যন্মনুষ্যলিঙ্গং নরাকৃতি পরং ব্রহ্ম তৎ সম্যক্প্রকারেণ যুষ্মাভি রনাহুতমপ্যাসক্তিপূর্ব্বকং যেষাং গৃহেষু সাক্ষাৎ বসতি সদৈব। নহি প্রহ্লাদাদীনাং গৃহেষু নরাকৃতি পরং ব্রহ্ম সাক্ষাদ্বসতি। নচ তদ্দর্শনেন কৃতার্থী ভবিতুং মুনয়ো গচ্ছন্তীতি ভাবঃ ॥ ৩৭ ॥

নচ পরং ব্রহ্মৈব নরাকৃতিঃ কৃষ্ণোঽভূদিতি বাচ্যং। কিন্তু কৃষ্ণএব পরং ব্রহ্ম ভবতীত্যাহ সোঽয়ং প্রাসঙ্গো নরাকৃতিঃ কৃষ্ণএব ব্রহ্ম। কীদৃশং মহদ্ভির্বিমৃগ্যং যৎ কৈবল্য-নির্ব্বাণ-সুখং নিরুপাধিঃ পরমানন্দ স্তস্যানুভূতিরনুভবরূপমিত্যর্থঃ। কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতিবদনুবাদা-বিধেয়-ভাবেন ব্যাখ্যেয়মত্র প্রমাণং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি গীতোপনিষদেব। এতাবদর্থস্য নিশ্চায়িকেতি বৈশব্দার্থঃ। ন কেবলং স যুষ্মদ্গৃহে বসতি মাত্রং কিন্তু প্রিয়ঃ সন্নিতি যুষ্মাকং

এই মনুষ্যলোকে তোমরাই প্রকৃত ভাগ্যবান্! অহো! যে মুনিগণ চরণরেণু প্রদানে জগৎকে পবিত্র করিতেছেন, তাঁহারা সর্ব্বদাই আপন ইচ্ছায় তোমাদের গৃহে উপনীত হইতেছেন। কারণ মানব-বিগ্রহধারী সাক্ষাৎ পূর্ণব্রহ্মই তোমাদের গৃহে নিরন্তর বাস করিতেছেন ॥ ৩৭ ॥

মহামনা বিবেকী ব্যক্তিগণ যে কৈবল্যস্বরূপ নির্ব্বাণ-সুখকে নিরন্তর অন্বেষণ করিয়া থাকেন, সেই নিরবধি পরমানন্দের পরম অনুভূতিস্বরূপ

প্রিয়ঃ সুহৃদ্বঃ খলু মাতুলেয় আত্মার্হণীয়ো বিধিকৃদ্গুরুশ্চ ॥ ৩৮ ॥
ন যস্য সাক্ষাদ্ভব-পদ্মজাদিভী রূপং ধিয়া বস্তুতয়োপবর্ণিতং।

অন্বয়ঃ।

সুহৃদ্ আত্মা দেহবৎস্বাধীনঃ, অর্হণীয়ঃ ঈশ্বরত্বেন আরাধনীয়ঃ, বিধিকৃৎ আজ্ঞানুবর্ত্তী, গুরুঃ উপদেষ্টা চ ॥ ৩৮ ॥

যস্য ভগবতঃ শ্রীকৃষ্ণস্য, রূপং তত্ত্বং, ভবঃ মহাদেবঃ, পদ্মজঃ ব্রহ্মা, তদাদিভিঃ অপি ধিয়া বস্তুতয়া যাথার্থ্যেন, সাক্ষাৎ ন উপবর্ণিতং ন বিষয়ীকৃতং, সঃ এব সাত্বতাং ভক্তানাং, পতিঃ

শ্রীধরস্বামী।

কথম্ভূতঃ মহদ্ভির্ব্বিমৃগ্যাং যৎ কৈবল্য-নির্ব্বাণ-সুখং নিরুপাধিঃ পরমানন্দঃ তদনুভূতিরূপঃ বো যুষ্মাকং খলু প্রিয়ঃ সুহৃদিত্যাদিরূপো ভবতি। বিধিকৃৎ আজ্ঞানুবর্ত্তী ॥ ৩৮ ॥

ননু পরং ব্রহ্ম চেৎ কথং ষোড়শসহস্রস্ত্রীষু রতিঃ। কথং বা ধর্ম্মাদ্যাচরণং তস্য ইত্যত আহ ন যস্যেতি। যস্য রূপং তত্ত্বং ভবাদিভিরপি ধিয়া স্ববুদ্ধ্যা বস্তুতয়া ইদমিত্থমিতি সাক্ষান্নোপবর্ণিতং। স যুষ্মাকং স্বয়মেব প্রসন্নঃ। অস্মাকন্তু মৌনাদিসাধনৈ স্তৎপ্রসাদঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেনানন্দনীয়ত্বং সুহৃদিতি হিতে প্রবর্ত্তনীয়ত্বং মাতুলেয় ইতি সম্বন্ধ-বিশেষেণানুগম্যত্বং আত্মেতি স্বীয়-শরীরভাবেনাভিমন্তব্যত্বং অর্হণীয় ইতি কৃপয়া প্রতিপাল্যত্বং। বিধিকৃৎ কিঙ্কর ইতি। সারথ্যাদিনোপাস্যত্বং গুরুরিত্যনুশাসনীয়ত্বমিতি। নচ প্রহ্লাদাদীনাং গৃহেষু স গুরু-কিঙ্করাদি-ভাবেন তিষ্ঠতীতি ভাবঃ ॥ ৩৮ ॥

নন্বেবং সাক্ষাৎ পরং ব্রহ্ম প্রতিষ্ঠাভূতস্যাস্য গ্রাম্যানামস্মাদৃশানাং কৈঙ্কর্য্যাদৌ কিং কারণমিতি চেৎ সত্যং অস্য মহৈশ্বর্য্যস্য প্রেমবশ্যতায়াশ্চ তত্ত্বং বিজ্ঞাতুং কোঽহং বরাকঃ? যতঃ ব্রহ্মাদ্যা অপি ন জানন্তীত্যাহ। ন যস্যেতি। রূপং তত্ত্বং বস্তুতয়া যাথার্থ্যেন ইদ-

---

পূর্ণব্রহ্মই এই নরাকৃতি শ্রীকৃষ্ণ তোমাদের পরম সুহৃদ্ পরমাত্মীয় মাতুল-পুত্র-রূপে তোমাদের নিকটেই নিরন্তর বাস করিতেছেন। আপনার দেহের ন্যায়, ইনি তোমাদের একান্ত অনুগত, পরম কারুণিক, হিতোপদেষ্টার ন্যায় আদরণীয় এবং ঈশ্বরতুল্য আরাধনীয়। অধিক কি! ইনি তোমাদের আজ্ঞানুবর্ত্তী হইয়াও, গুরুর ন্যায় উপদেশকভাবে তোমাদের সমীপেই নিরন্তর বাস করিতেছেন ॥ ৩৮ ॥

যে ভগবান্ শ্রীকৃষ্ণের পরমতত্ত্ব দেবাদিদেব ভগবান্ ত্রিলোচন এবং কমলাসন ব্রহ্মা প্রভৃতি বিশ্ব-বিধাতৃগণও ধ্যানে নিরূপণ করিতে পারেন নাই এবং বিচার বলেও তাঁহার স্বরূপ অনুসন্ধানেও সমর্থ হন নাই! সেই ভক্তগণের প্রতিপালক ভগবান্ বিষ্ণু কেবল মৌনব্রত, ভক্তি এবং উপশমের গুণে আরা-

মৌনেন ভক্ত্যোপশমেন পূজিতঃ প্রসীদতামেষ স সাত্বতাং পতিঃ ॥ ৩৯ ॥
স এষ ভগবান্ রাজন্ ব্যতনোদ্বিহতং যশঃ।
পুরা রুদ্রস্য দেবস্য ময়েনানন্তমায়িনা ॥ ৪০ ॥
রাজোবাচ ॥ ৪১ ॥
কস্মিন্ কর্ম্মণি দেবস্য ময়োঽহন্ জগদীশিতুঃ।
যথা চোপচিতা কীর্ত্তিঃ কৃষ্ণেনানেন কথ্যতাং ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

পালকঃ, মৌনেন ভক্ত্যা উপশমেন পূজিতঃ আরাধিতঃ, অস্মাকং প্রসীদতাং ॥ ৩৯ ॥

হে রাজন্! পুরা পূর্ব্বং, দেবস্য রুদ্রস্য, অনন্তমায়িনা ময়েন বিহতং যশঃ সঃ এষঃ ভগবান্ বিষ্ণুঃ এব ব্যতনোৎ বিস্তারিতবান্ ॥ ৪০ ॥

রাজা যুধিষ্ঠিরঃ উবাচ ॥ ৪১ ॥ জগদীশিতুঃ মহাদেবস্য কীর্ত্তিঃ কস্মিন্ কর্ম্মণি ময়ঃ হতবান্ যথা চ অনেন শ্রীকৃষ্ণেন সা কীর্ত্তিঃ উপচিতা তৎ এতৎ দ্বয়ং ত্বয়া কথ্যতাং ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

প্রার্থনীয় এবেত্যাহ মৌনেনেতি। স এষ সাত্বতানাং পতি র্নঃ প্রসীদতু। নহি প্রহ্লাদস্য গৃহে পরং ব্রহ্ম বসতি নচ তদ্দর্শনায় মুনয় স্তদ্গৃহানভিযন্তি। নচ তস্য ব্রহ্ম-মাতুলেয়াদিরূপেণ বর্ত্ততে। নচ স্বয়মেব প্রসন্নঃ। অতো যুষ্মদেব ততোঽপি অস্মত্তো ভূরিভাগ্যা ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

নন্বন্যৈ র্দুষ্করং ত্রিপুরভেদাদিকং শ্রীরুদ্রঃ কৃতবান্ স এবম্ভূত ঈশ্বরোঽপ্যস্য তত্ত্বং ন জানাতীতি কথমিতি অপেক্ষায়াং তস্যাপ্যেতৎ সাহায্যাদেব অসৌ প্রভাবো ন কেবলস্যেতি বক্তুমাখ্যানমুপক্ষিপতি স এষ ইতি ॥ ৪০ ॥ রাজা যুধিষ্ঠির উবাচ ॥ ৪১ ॥

জগদীশিতু র্দেবস্য কীর্ত্তিং কস্মিন্ কর্ম্মণি ময়ো হতবান্ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিথমিতি সাক্ষান্নোপবর্ণিতং। ধিয়েতি তত্র বুদ্ধেঃ প্রবেশাদেবেতি ভাবঃ। মৌনেনেত্যস্মদাদয়ো যৎ প্রসাদং মৌনাদিভিঃ সাধনৈঃ প্রার্থয়ন্তে স কৃষ্ণো যুষ্মৎপ্রসাদং কৈঙ্কর্য্যাদিনা প্রার্থয়ত ইতি যুষ্মদাদাস্মদাদোরেতদেবান্তরমিতি ভাবঃ ॥ ৩৯ ॥

নন্বু পদ্মজো ন জানাতু ভবন্তীশ্বরএব সত্যং তস্যাপ্যৈশ্বর্য্যমেতদ্দত্তমেবেতি বক্তুমাখ্যান-মারভতে। স এষ ইতি ॥ ৪০ ॥ রাজা যুধিষ্ঠিরঃ ॥ ৪১ ॥ অহন্ কীর্ত্তিং ॥ ৪২ ॥

ধিত হইয়া, আমাদের প্রতি প্রসন্ন হউন্! এই মাত্র প্রার্থনা করি! ॥ ৩৯ ॥

হে রাজেন্দ্র! এই ভগবান্ শ্রীকৃষ্ণই পূর্ব্বে অনন্ত-মায়া-শক্তিসম্পন্ন ময়দানব কর্ত্তৃক বিনষ্ট ভগবান্ রুদ্রদেবের যশঃ পুনঃ স্থাপিত করিয়াছিলেন ॥ ৪০ ॥

এতৎশ্রবণে রাজা যুধিষ্ঠির বলিলেন, হে দেবর্ষে! জগৎপতি দেবদেব মহাদেবের কীর্ত্তি সামান্য ময়দানব কোন্ কার্য্যোপলক্ষে বিধ্বস্ত করিয়াছিল?

নারদ উবাচ ॥

নির্জ্জিতা অসুরা দেবৈর্যুধ্যানেনোপবৃংহিতৈঃ।
মায়িনাং পরমাচার্য্যং ময়ং শরণমাযযুঃ ॥ ৪৩ ॥
স নির্ম্মায় পুরস্তিস্রো হৈমী রৌপ্যায়সী বিভুঃ।
দুর্ল্লক্ষ্যাপায়-সংযোগা দুর্ব্বিতর্ক্য-পরিচ্ছদাঃ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। অনেন কৃষ্ণেন উপবৃংহিতৈঃ সংবর্দ্ধিতৈঃ দেবৈঃ যুধি নির্জ্জিতাঃ অসুরাঃ মায়িনাং পরমাচার্য্যং ময়ং শরণং আযযুঃ ॥ ৪৩ ॥

সঃ বিভুঃ ময়ঃ দুর্ল্লক্ষ্যো অপায়-সংযোগৌ গমনাগমনে, যাযাং তাঃ দুর্ব্বিতর্ক্যাঃ পরিচ্ছদাঃ উপকরণানি, যাসু তাঃ হৈমী, রৌপ্যা আয়াসী চ ইতি ত্রিস্রঃ পুরঃনির্ম্মায় তেভ্যঃ দদৌ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

অনেন কৃষ্ণেনোপবৃংহিতৈঃ সম্বর্দ্ধিতৈঃ ॥ ৪৩ ॥

হৈমীচ রৌপ্যাচ আয়সী চেতি তিস্রঃ পুরো নির্ম্মায় তেভ্যো দদাবিতি শেষঃ। দুর্ল্লক্ষ্যো অপায়-সংযোগৌ গমনাগমনে যাসাং। দুর্ব্বিতর্ক্যাঃ পরিচ্ছদা যাসু ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনেন কৃষ্ণেন ॥ ৪৩ ॥

দুর্লক্ষ্যো অপায়-সংযোগৌ গমনাগমনে যাসাং তাঃ। নির্ম্মায়াসুরেভ্যো দদাবিতি শেষঃ ॥ ৪৪ ॥ ৪৫ ॥

এবং ভগবান্ শ্রীকৃষ্ণই বা কি প্রকারে তাহার পুনঃ সংস্থাপন করিলেন, সেই সমস্ত বৃত্তান্ত বর্ণনে আপনি আমাদিগকে কৃতার্থ করুন্! ॥ ৪১ ॥ ৪২ ॥

দেবর্ষি নারদ বলিলেন, হে নরনাথ! ভগবান্ বিষ্ণুর প্রভাবে পরিবর্দ্ধিত দেববৃন্দ এক সময়ে যখন অসুরগণকে পরাজয় করেন, তখন অসুরগণ মায়াবিগণের শ্রেষ্ঠ আচার্য্য ময়দানবের আশ্রয় গ্রহণ করিল ॥ ৪৩ ॥

তখন সেই অসুরগণের উপকারার্থ উক্ত ময়দানব তাহাদিগকে একটী সুবর্ণময়ী, একটী রৌপ্যময়ী এবং একটী লৌহময়ী এই তিনখানি অপূর্ব্ব আকাশচারী পুরী নির্ম্মাণ করিয়া দিলেন। এই বিমান-স্থানীয় পুরীত্রয়ে আরোহণ করত, অসুরগণ কখন কোন্ দিকে গমনাগমন করিত, দেবপক্ষীয় ব্যক্তিগণ কেহই তাহার নিরূপণ করিতে পারিতেন না। এই তিনটী বিমানপুরীও অপূর্ব্ব দ্রব্য সামগ্রী, বিবিধ পরিচ্ছদ এবং গার্হস্থ কত প্রকার উপকরণাদিতে যে পরিপূর্ণ ছিল, কেহই তাহার নিরাকরণ করিতে পারিত না ॥ ৪৪ ॥

সেই পুরীত্রয়ে আরোহণ পূর্ব্বক অসুরপক্ষীয় সেনাপতিগণ পূর্ব্বকৃত শত্রু-

তাভি স্তেঽসুরসেনান্যো লোকাংস্ত্রীন্ সেশ্বরান্ নৃপ।
স্মরন্তো নাশয়াঞ্চক্রুঃ পূর্ব্ববৈরমলক্ষিতাঃ।
ততস্তে সেশ্বরা লোকা উপাসাদেশ্বরং নতাঃ।
ত্রাহি নস্তাবকান্ দেব বিনষ্টাং স্ত্রিপুরালয়ৈঃ॥ ৪৫॥
অথানুগৃহ্য ভগবান্ মাভৈষ্টেতি সুরান্ বিভুঃ।
শরন্ধনুষি সন্ধায় পুরেষ্বস্ত্রং ব্যমুঞ্চত॥ ৪৬॥
ততোঽগ্নিবর্ণা ইষব উৎপেতুঃ সূর্য্যমণ্ডলাৎ।

অন্বয়ঃ।

হে নৃপ যুধিষ্ঠির! তাভিঃ বিমানরূপাভিঃ পুরীভিঃ অসুরসেনান্যঃ সেনাপতয়ঃ, অলক্ষিতাঃ এব পূর্ব্ববৈরং স্মরন্তঃ সেশ্বরান্ সপালান্, ত্রীন্ লোকান্ নাশয়াঞ্চক্রুঃ॥

ততঃ সেশ্বরাঃ ইন্দ্রাদিলোকপালৈঃ সহিতাঃ, লোকাঃ জনাঃ ঈশ্বরং রুদ্রং উপাসাদ্য অভিগম্য, হে বিভো! হে দেব! ত্রিপুরালয়ৈঃ ত্রীণি পুরাণি আলয়ঃ স্থানানি যেষাং তৈঃ অসুরৈঃ বিনষ্টান্ নষ্টপ্রায়ান্, তাবকান্ ত্বদীয়ান্, নঃ অস্মান্, ত্রাহি পালয় ইতি ঊচুঃ॥ ৪৫॥

অথ অনন্তরং, তান্ দেবান্ মা ভৈষ্ট ভয়ং মা কুরুত ইতি অনুগৃহ্য ভগবান্ বিভুঃ সমর্থঃ রুদ্রঃ ধনুষি শরং পাশুপতং, সন্ধায় সংযোজ্য, পুরেষু ব্যমুঞ্চত॥ ৪৬॥

যথা সূর্য্যমণ্ডলাৎ ময়ূখসন্দোহাঃ রশ্মিসমূহাঃ, উৎপতন্তি তথা ততঃ ধনুষঃ অগ্নিবর্ণাঃ ইষবঃ

শ্রীধরস্বামী।

অসুরাণাং সেনান্যঃ সেনাপতয়ঃ। পূর্ব্ববৈরং স্মরন্তঃ॥ ৪৫॥
অস্ত্রমভিমন্ত্রিতং শরং পুরেষু ব্যমুঞ্চৎ॥ ৪৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈশ্বরং রুদ্রং॥ ৪৬॥

তার স্মরণে লোকপাল সহ ত্রিলোকবাসিগণকে নিহত করিতে আরম্ভ করিল॥

তখন লোকপাল সহ ত্রিলোকবাসিগণ ভগবান্ ত্র্যম্বকের শরণাপন্ন হইয়া বলিলেন, হে দেবদেব! অসুরগণ আমাদিগকে পরাস্ত করিয়া, সমগ্র ত্রিভুবনকে অধিকার করিয়াছে! আমরা আপনার একান্ত অনুগত ভৃত্য! হে দেব! আপনি আমাদিগকে নিস্তার করুন্!॥ ৪৫॥

তখন ভগবান্ রুদ্রদেব সেই দেবতাগণকে অভয় প্রদানে বলিলেন, হে দেবগণ! তোমাদের কোন ভয় নাই! এবং নিজে ধনুতে পাশুপত শর সংযোজিত করত, সেই পুরত্রয়ে নিক্ষেপ করিলেন॥ ৪৬॥

অহো! সূর্য্যমণ্ডল হইতে কিরণ-জাল যেমন অবিরল-ধারে নির্গত হইতে থাকে, সেইরূপ সেই পাশুপত ধনুঃ হইতে অগ্নিবর্ণ বাণসমূহ অবিরত ভাবে

যথা ময়ূখসন্দোহা নাদৃশ্যন্ত পুরো যতঃ ॥ ৪৭ ॥
তৈঃ স্পৃষ্টা বাসবঃ সর্ব্বে নিপেতুঃ স্ম পুরৌকসঃ।
তানানীয় মহাযোগী ময়ঃ কূপরসে ক্ষিপৎ ॥ ৪৮ ॥
সিদ্ধামৃতরসস্পৃষ্টা বজ্রসারা মহৌজসঃ।
উত্তস্থু র্মেঘদলনা বৈদ্যুতা ইব বহ্নয়ঃ ॥
বিলোক্য ভগ্ন-সংকল্পং বিমনস্কং বৃষধ্বজং।

অন্বয়ঃ।

উৎপেতুঃ; যতঃ তৈঃ ইষুভিঃ প্রচ্ছন্নাঃ পুরঃ ন অদৃশ্যন্ত ॥ ৪৭ ॥

তৈঃ ইষুভিঃ স্পৃষ্টাঃ তাড়িতাঃ সর্ব্বে পুরৌকসঃ অসুরাঃ বাসবঃ বিগতপ্রাণাঃ, সন্তঃ নিপেতুঃ স্ম। তান্ বাসুন্ অসুরান্ আনীয় মহাযোগী ময়ঃ কূপরসে অমৃতসঞ্জীবয়িতরি অক্ষিপৎ ॥৪৮॥

সিদ্ধামৃতরসেন সংস্পৃষ্টাঃ অসুরাঃ বজ্রসারাঃ বজ্রবৎ অতিদৃঢ়াঃ, মহৌজসঃ মহাবলাঃ সন্তঃ মেঘদলনাঃ মেঘভেদিনঃ, বৈদ্যুতাঃ বিদ্যুদ্রূপাঃ বহ্নয়ঃ ইব উত্তস্থুঃ ॥

তদা ভগ্নঃ সংকল্পঃ যস্য তং বৃষধ্বজং রুদ্রং বিমনস্কং দুঃখিতং, বিলোক্য অয়ং ভগবান্

শ্রীধরস্বামী।

ততঃ শরাৎ সূর্য্য-মণ্ডলাৎ ময়ূখসন্দোহা রশ্মিসমূহা ইব। যতো যেভ্যঃ ॥ ৪৭ ॥

কূপরসে স্বয়ং নির্ম্মিতে কূপামৃতে ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথেতি সূর্য্যমণ্ডলাদিত্যস্মাৎ পূর্ব্বং যোজ্যং যতো যেভ্যঃ ইষুভ্যো হেতুভ্যঃ ॥ ৪৭ ॥

কূপরসে স্বনির্ম্মিত-কূপরসামৃতে ॥ ৪৮ ॥

মেঘদলনা মেঘভেদিনো বিদ্যুদ্রূপা বহ্নয় ইব মেঘস্থা বিদ্যুতো যথা মেঘকান্তি-তিরস্কারিণ্য

এরূপ নির্গত হইতে লাগিল যে, ক্ষণকালের মধ্যে অসংখ্য বাণের নিপাতনে সেই পুরত্রয় আর পরিদৃষ্ট পর্য্যন্ত হইল না ॥ ৪৭ ॥

সেই সকল বাণের প্রহারে ত্রিপুরবাসী অসুর-সেনাগণ মর্ম্ম-পীড়িত হইয়া, প্রাণ পরিত্যাগে নিম্নে নিপতিত হইতে লাগিল; কিন্তু মহাযোগী ময়দানব সেই সমস্ত বিগত-প্রাণ অসুরগণকে লইয়া, স্বরচিত অমৃতপূর্ণ কূপে নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

সিদ্ধ অমৃত-রসের সংস্পর্শে অসুরগণ পুনর্জ্জীবিত হইল; তাহাদের দেহ বজ্রের ন্যায় অতীব কঠিন এবং মহাবল-পরাক্রান্ত হইল; এবং ঘন-বিদলনে ক্ষণপ্রভার বিপুল প্রভাবের আবির্ভাবের ন্যায়, জাজ্বল্যমান হুতাশনের মূর্ত্তিতে ঐ অসুর-সেনাগণ পুনরুত্থিত হইতে লাগিল ॥

বৃষধ্বজ তাহাদিগকে তখন অবলোকন করিয়া, আপনাকে অকৃতার্থ জ্ঞানে

তদায়ং ভগবান্ বিষ্ণু স্তত্রোপায়মকল্পয়ৎ ॥ ৪৯ ॥
বৎসশ্চাসীত্তদা ব্রহ্মা স্বয়ং বিষ্ণুরয়ং হি গৌঃ।
প্রবিশ্য ত্রিপুরং কালে রসকূপামৃতং পপৌ ॥
তেঽসুরা হ্যপি পশ্যন্তো ন ন্যষেধন্বিমোহিতাঃ।
তদ্বিজ্ঞায় মহাযোগী রসপালানিদং জগৌ ॥
স্বয়ন্ বিশোকঃ শোকার্ত্তান্ স্মরন্ দৈবগতিঞ্চ তাং ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

বিষ্ণুঃ তত্র অসুরবিনাশে উপায়ং অকল্পয়ৎ ॥ ৪৯ ॥

তদা ব্রহ্মা বৎসঃ আসীৎ ; অয়ং বিষ্ণুঃ হি স্বয়ং গৌঃ ভূত্বা মধ্যাহ্নকালে ত্রিপুরং প্রবিশ্য রস-কূপামৃতং পপৌ ॥

তে রক্ষকাঃ অসুরাঃ চ পানং কুর্ব্বতীং গাং পশ্যন্তঃ অপি (ভগবন্মায়য়া) বিমোহিতাঃ এব ন ন্যষেধন্। মহাযোগী ময়ঃ তৎ অমৃতপানং বিজ্ঞায় জ্ঞাত্বা, তাং দৈবগতিং (দেবস্য ভগবতঃ গতিং) স্মরন্ স্বয়ং বিশোকঃ এব স্বয়ন্ শোকার্ত্তান্ রসপালান্ অসুরান্ ইদং জগৌ উবাচ ॥৫০॥

শ্রীধরস্বামী।

বজ্রসারা বজ্রবৎ দৃঢ়ঙ্গা মহৌজসো মহাবলাঃ। মেঘভেদিনঃ বিদ্যুদ্রূপা বহ্নয় ইব ॥ ৪৯ ॥

কালে মধ্যাহ্নে ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথৈব তে বীরা অপি শ্যাম-বিমান-কান্তি-তিরস্কারিণ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

কালে মধ্যাহ্নে ॥ ৫০ ॥

দুঃখিত হইলেন ; কিন্তু সেই সময়ে এই ভগবান্ বিষ্ণুই অসুর-কুলের বিনাশের উপায় অবধারণ করিলেন ।। ৪৯ ।।

তিনি স্বয়ং গাভীরূপ ধারণ করিলেন এবং ব্রহ্মা নিজে বৎসরূপ ধারণ করিলেন ; এবং উভয়ে মধ্যাহ্ন সময়ে সেই ত্রিপুরের মধ্যে প্রবেশ পূর্ব্বক রস-কূপস্থ যাবতীয় অমৃত পান করিয়া ফেলিলেন ।।

কিন্তু কি আশ্চর্য্য ! অমৃত-রক্ষক প্রহরী অসুরগণ বৎস-সমন্বিতা ধেনুর তাদৃশ কার্য্য প্রত্যক্ষ করিয়াও, বিষ্ণুমায়ায় বিমোহিতের ন্যায়ই অবস্থান করিতে লাগিল ; অমৃত-পানে তাঁহাদিগকে প্রতিনিবৃত্ত করিল না। অসুরগণ আপনাদের তাদৃশ অনিষ্টকর ব্যাপার শ্রবণে বিশেষ দুঃখিত হইল বটে, কিন্তু মহাযোগী ময়দানব এ সমস্ত বিধির চক্র বিবেচনায়, মনে মনে হাস্য করিলেন এবং সন্তুষ্ট-চিত্তে সেই বিমনা অসুরগণকে সম্বোধন করত বলিলেন ।। ৫০ ।।

দেবোঽসুরো নরোঽন্যো বা নেশ্বরোঽস্তীহ কশ্চন।
আত্মনোঽন্যস্য বা দিষ্টং দৈবেনাপোহিতুং দ্বয়োঃ ॥ ৫১ ॥
অথাসৌ শক্তিভিঃ স্বাভিঃ শম্ভোঃ প্রাধানিকং ব্যধাৎ।
ধর্ম্ম জ্ঞান বিরক্ত্যৃদ্ধি তপো বিদ্যা ক্রিয়াদিভিঃ ॥
রথং সূতং ধ্বজং বাহাঙ্কনুর্ব্বর্ম্ম শরাদি যৎ।
সন্নদ্ধো রথমাস্থায় শরঙ্কনুরুপাদদে ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

দেবঃ অসুরঃ নরঃ মনুষ্যঃ বা যক্ষঃ রক্ষঃ গন্ধর্ব্বাদিঃ অন্যঃ কশ্চন বা আত্মনঃ স্বস্য, অন্যস্য বা দ্বয়োঃ বা দৈবেন ঈশ্বরেণ, যৎ দিষ্টং উপকল্পিতং, তৎ অপোহিতুং অন্যথাকর্ত্তুং, ঈশ্বরঃ সমর্থঃ, ইহলোকে নাস্তি ॥ ৫১ ॥

অথ অসৌ শ্রীকৃষ্ণঃ, ধর্ম্মাদিভিঃ স্বাভিঃ শক্তিভিঃ, শম্ভোঃ রুদ্রস্য, প্রাধানিকং সংগ্রাম-সাধনং রথাদিকং, ব্যধাৎ। রুদ্রঃ চ সন্নদ্ধঃ এব রথং আস্থায় শরং ধনুঃ চ উপাদদে ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

আত্মনো অন্যস্য বা দ্বয়োরপি বা দৈবেন দিষ্টমুপকল্পিতং অপোহিতুং পরিহর্ত্তুং ইহ কশ্চিদীশ্বরঃ সমর্থো নাস্তি ॥ ৫১ ॥

অসৌ শ্রীকৃষ্ণঃ, প্রধনং সংগ্রামঃ তৎসাধনং ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনো বা অন্যস্য বা দৈবেনোপকল্পিতং দিষ্টং অপোহিতুং দূরীকর্ত্তুং ইহ কশ্চিদপীশ্বরঃ সমর্থো নাস্তি ॥

অসৌ কৃষ্ণঃ প্রধনং সংগ্রামস্তদর্হং রথাদিকং স্বাভিঃ শক্তিভি রাদিষ্টং ক্রমেণ ব্যধাদিতি। স্বশক্তীনামনশ্বরত্বাজ্জিষ্ণুত্বাচ্চ তদাবিষ্টানাং রথাদীনামপি তাদৃশত্বং। এতৎ স্বীয়ধর্ম্মস্য ভক্তিযোগস্যাবেশো রথে ভক্তিযোগাশ্রিতানাং জ্ঞানাদীনাং রথাশ্রিতেষু সূতাদিষু জ্ঞেয়ঃ ॥ ৫১ ॥ ৫২ ॥

হে দানবগণ! দেবতা, অসুর, মনুষ্য বা যে কেহ প্রাণী এই সৃষ্ট ব্রহ্মাণ্ডে বাস করিতেছে, কেহ কখন নিজের, অন্যের বা পরস্পরের সম্বন্ধে দৈব-কর্ত্তৃক নির্ব্বাচিত কোনরূপ ভোগ-ব্যবস্থার অন্যথা করিতে সমর্থ হয় না। সকলের ভাগ্য-স্রোত দৈব কর্ত্তৃকই পরিচালিত হইয়া থাকে ॥ ৫১ ॥

অনন্তর ভগবান্ বিষ্ণু ধর্ম্ম, জ্ঞান, বিরক্তি, ঋদ্ধি, তপস্যা, বিদ্যা এবং ক্রিয়াদি স্বকীয় শক্তির প্রভাবে ভগবান্ শম্ভুর সংগ্রামের প্রয়োজনীয় উপকরণ রথাদির ব্যবস্থা করিলেন ॥

তখন ত্রিলোচন সংগ্রামের উপযোগী রথ, সারথি, ধ্বজ, বাহন অশ্বাদি,

শরং ধনুষি সন্ধায় মুহূর্ত্তেঽভিজিতোশ্বরঃ।
দদাহ তেন দুর্ভেদ্যা হরোঽথ ত্রিপুরো নৃপ ॥ ৫৩ ॥
দিবি দুন্দুভয়ো নেদু র্বিমান-শত-সঙ্কুলাঃ।
দেবর্ষি-পিতৃ-সিদ্ধেশা জয়েতি কুসুমোৎকরৈঃ ॥
অবাকিরন্ জগু র্হৃষ্টা ননৃতু শ্চাপ্সরো গণাঃ।
এবং দগ্ধ্বা পুর স্তিস্রো ভগবান্ পুরহা নৃপ ॥
ব্রহ্মাদিভিঃ স্তূয়মানঃ স্বং ধাম প্রত্যপদ্যত ॥ ৫৪ ॥

অন্বয়ঃ।

অথ অনন্তরং হে নৃপ! ঈশ্বরঃ হরঃ রুদ্রঃ, অভিজিতি মধ্যাহ্ন-কালে, ধনুসি শরং সন্ধায় দুর্ভেদ্যাঃ অপি ত্রিপুরঃ তিস্রঃ পুরঃ দদাহ ॥ ৫৩ ॥

বিমান-শত-সঙ্কুলাং বিমানশতানি সঙ্কুলানি সঙ্কীর্ণানি যেষাং তে দেবাদয়ঃ দিবি দুন্দুভয়ঃ নেদুঃ; জয়েতি বদন্তঃ কুসুমোৎকরৈঃ কুসুমবর্ষৈঃ শম্ভুং অবাকিরন্। অপ্সরোগণাঃ হৃষ্টাঃ সন্তঃ জগুঃ ননৃতুঃ ॥

হে নৃপ! ত্রিপুরহা ভগবান রুদ্রঃ এবং কৃষ্ণসহায়েন তিস্রঃ পুরঃ দগ্ধ্বা ব্রহ্মাদিভিঃ স্তূয়মানঃ স্বং ধাম প্রতি অপদ্যত যযৌ ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

অভিজিতি মধ্যাহ্নে ॥ ৫৩ ॥

বিমান-শতানি সঙ্কুলানি সংকীর্ণানি যেষাং তে দেবাদয়ঃ ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিজিতি মধ্যাহ্নে ॥ ৫৩ ॥ ৫৪ ॥

ধনুঃ বর্ম্ম এবং শরাদি প্রাপ্ত হইয়া, কবচ পরিধানে স্বয়ং রথে আরোহণ করিলেন; এবং যুদ্ধার্থ ধনুর্বাণ ধারণ করিলেন ॥ ৫২ ॥

মহাদেব তখন ধনুতে শর-যোজনা করত, মধ্যাহ্ন সময়ে যখন সেই পুর-ত্রয়ের প্রতি বাণ নিক্ষেপ করিলেন, হে রাজন্! অমনি সেই দুর্ভেদ্য বিমান-পুর তৎক্ষণাৎ দগ্ধ হইয়া গেল ॥ ৫৩ ॥

তৎকালে শত শত বিমানারোহণে আকাশ-পথে উপনীত দেববৃন্দ দুন্দুভি-ধ্বনি করিতে লাগিলেন। দেবর্ষিগণ, পিতৃগণ এবং সিদ্ধেশ্বরগণ জয়ধ্বনি করত, মহাদেবের উপর পুষ্প-বর্ষণ করিতে লাগিলেন। অপ্সরাগণ আনন্দ-সহকারে নৃত্য এবং গান করিতে লাগিলেন ॥

হে রাজন্! ত্রিপুরহারী ভগবান্ ত্রিলোচন এই প্রকারে সেই পুরত্রয়কে যখন পরিদগ্ধ করিলেন, তখন ব্রহ্মাদি দেববৃন্দ সন্তোষের পরিচয়ে তাঁহার

এবং বিধান্যস্য হরেঃ স্বমায়য়া বিড়ম্বমানস্য নৃলোকমাত্মনঃ।
বীর্য্যাণি গীতান্যৃষিভি র্জগদ্গুরো র্লোকং পুনানান্যপরং বদামি কিং ॥৫৫॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে প্রহ্লাদ-চরিতং পুরবিজয়শ্চ দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

অন্বয়ঃ।

এবং স্বমায়য়া আত্মনঃ নৃলোকং নরাকারং, বিড়ম্বমানস্য অনুকুর্ব্বতঃ, অস্য জগদ্গুরোঃ হরেঃ শ্রীকৃষ্ণস্য, এবম্বিধানি লোকান্ পুনানানি ঋষিভিঃ গীতানি বীর্য্যাণি সন্তি। অপরং কিং বদামি। তৎ পৃচ্ছ! ॥ ৫৫ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দশমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

আদিত আরভ্য স্কন্ধান্তং নিগময়তি এবংবিধানীতি। নৃলোকং নরাকারং। আত্মনো বিড়ম্বমানস্য অনুকুর্ব্বতঃ ॥ ৫৫ ॥

॥ * ॥ ইতি সপ্তমে দশমঃ ॥ * ॥

একাদশে নৃণাং ধর্ম্মাঃ সাধারণ্যেন বর্ণিতাঃ। বিশেষেণচ বর্ণানাং মুখ্যা মুখ্যাশ্চ ঘোষিতাং ॥
তদেবং দশভি র্জ্ঞান-ভক্তি-যোগাবুদীরিতৌ। অথ পঞ্চভিরধ্যায়ৈঃ কর্ম্মযোগোঽনুবর্ণ্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বমায়য়া বিড়ম্বমানস্য অতএব মোহবশাৎ নৃলোকন্তং ন ভজত ইতি ভাবঃ ॥ ৫৫ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
সপ্তমে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বাসনা ভগবদ্ভক্তসঙ্গাৎ সাধ্বী নিরূপিতা। দশভিঃ পঞ্চভিশ্চাথ সৎকর্ম্ম-প্রভবোচ্যতে ॥
নৃণাং সাধারণান্ ধর্ম্মান্ বিপ্রাদীনাং বিশেষতঃ। স্ত্রীণাং সঙ্করজাতীনাং চোবাচৈকাদশাদিষু ॥

স্তব করিলেন। অনন্তর মহাদেব স্বকীয় ধামে গমন করিলেন ॥ ৪ ॥

অহো! মনুষ্যের ন্যায় মূর্ত্তি পরিগ্রহে নরলীলা করিবার উপলক্ষে এই ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় মায়াবলে এরূপ অনেক কার্য্যের পরিচয় দিয়াছেন। ভগবানের লীলাবীর্য্য ঋষিগণ কীর্ত্তন করত, সমগ্র লোককে পবিত্র করিতেছেন। হে রাজন্ যুধিষ্ঠির! আমি আপনাকে ভগবান্ শ্রীকৃষ্ণের অনুপম বীর্য্যের বিষয় যথেষ্ট বর্ণন করিলাম! এক্ষণে আপনি আর কি শ্রবণে অভিলাষ করেন, তাহা বলুন! ॥ ৫৫ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতানুবাদে দশম অধ্যায় সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে পরীক্ষিৎ! ভগবান্ উরুক্রমে সমর্পিত-চিত্ত মহামনা ব্যক্তিগণের অগ্রণীস্বরূপ দৈত্যপতি প্রহ্লাদের সাধু ব্যক্তিগণের সভায় সংকৃত

শ্রীশুক উবাচ ॥

শ্রুত্বেহিতং সাধুসভা-সভাজিতং মহত্তমাগ্রণ্য উরুক্রমাত্মনঃ।
যুধিষ্ঠিরো-দৈত্যপতে র্মুদান্বিতঃ পপ্রচ্ছ ভূয় স্তনয়ং স্বয়ম্ভুবঃ ॥ ১ ॥

যুধিষ্ঠির উবাচ ॥

ভগবন্ শ্রোতুমিচ্ছামি নৃণাং ধর্ম্মং সনাতনং।
বর্ণাশ্রমাচারযুতং যৎ পুমান্ বিন্দতে পরং ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। সাধূনাং ব্রহ্মবাদীনাং, সভাসু সভাজিতং সৎকৃতং, মহত্তমাগ্রণ্যঃ (মহত্তমানাং ভগবদ্ভক্তানাং অগ্রণ্যঃ মুখ্যস্য) উরুক্রমাত্মনঃ (উরুক্রমে ভগবতি আত্মা মনঃ যস্য তস্য) দৈত্যপতেঃ প্রহ্লাদস্য, ঈহিতং চরিতং, শ্রুত্বা মুদান্বিতঃ যুধিষ্ঠিরঃ স্বায়ম্ভুবঃ ব্রহ্মণঃ, তনয়ং নারদং ভূয়ঃ পপ্রচ্ছ ॥ ১ ॥

যুধিষ্ঠিরঃ উবাচ। হে ভগবন্! অহং বর্ণানাং ব্রাহ্মণাদীনাং, আশ্রমাণাং ব্রহ্মচর্য্যাদীনাং, আচারৈঃ যুতং সনাতনং অনাদিপরম্পরাগতং নৃণাং ধর্ম্মং শ্রোতুং ইচ্ছামি। যৎ যস্মাৎ ধর্ম্মাৎ, পরং পরমাত্মানং, পুমান্ বিন্দতে ॥

শ্রীধরস্বামী।

দৈত্যপতেঃ প্রহ্লাদস্য সাধূনাং সভাসু সভাজিতং সৎকৃতং ঈহিতং চরিতং শ্রুত্বা পুনর্নারদং পপ্রচ্ছ। কথম্ভূতস্যেহিতং মহত্তমানাং অগ্রণ্যঃ মুখ্যস্য তত্র হেতুঃ উরুক্রমে আত্মা মনো যস্য ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং নির্গুণভক্তিবাসনায়াঃ কারণত্বে মহৎকৃপাং দশভি রধ্যায়ৈরুক্ত্বা সগুণ-ভক্তি-বাসনায়াঃ কারণং নিষ্কাম-কর্ম্মযোগং পঞ্চভিরধ্যায়ৈর্বক্তুমারভতে ॥ * ॥

শ্রুত্বেতি। সাধূনাং সভাসু সভাজিতং সৎকৃতং। মহত্তমানামগ্রণ্যো মুখ্যস্য প্রহ্লাদস্য ॥১॥ সনাতনং ফলপ্রাপ্তাবপি স্থাস্নু ভক্তিযোগমিত্যর্থঃ। বর্ণাশ্রমাচারযুতমিতি বর্ণাশ্রমাচার-

---

পবিত্র চরিত্র শ্রবণে সন্তুষ্ট হইয়া, স্বয়ম্ভুর মানস পুত্র দেবর্ষি নারদকে পুনরায় সম্বোধন পূর্ব্বক, যুধিষ্ঠির বলিলেন— ॥ ১ ॥

রাজা যুধিষ্ঠির বলিলেন, হে ভগবন্! আপনি সর্ব্বজ্ঞ! আপনার নিকট মানবের সনাতন ধর্ম্মের বিষয় শ্রবণ করিতে আমার বাসনা জন্মিতেছে। যথা-বর্ণ এবং যথাশ্রম আচার-বিশিষ্ট হইলে, মানব যে ধর্ম্মের অনুষ্ঠানে পরম পুরুষ পরমেশকে অবধারণ করিতে পারেন, তাহা শ্রবণার্থ আমার একান্ত বাসনা জন্মিয়াছে ॥

আভাস।

একাদশাধ্যায়ে সামান্যত মনুষ্যের ধর্ম্ম এবং বিশেষরূপে বর্ণ-ধর্ম্ম ও স্ত্রীধর্ম্মের বর্ণন ॥

ভবান্ প্রজাপতেঃ সাক্ষাদাত্মজঃ পরমেষ্ঠিনঃ।
সুতানাং সম্মতো ব্রহ্মংস্তপোযোগ-সমাধিভিঃ॥ ২॥
নারায়ণপরা বিপ্রা ধর্ম্মং গুহ্যং পরং বিদুঃ।
করুণাঃ সাধবঃ শান্তাস্ত্বদ্বিধা ন তথাপরে॥ ৩॥
নারদ উবাচ।
নত্বা ভগবতেঽজায় লোকানাং ধর্ম্মসেতবে।
বক্ষ্যে সনাতনং ধর্ম্মং নারায়ণমুখাচ্ছ্রুতং॥ ৪॥

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! ভবান্ যতঃ প্রজাপতেঃ পরমেষ্ঠিনঃ ব্রহ্মণঃ সাক্ষাৎ আত্মজঃ পুত্রঃ, তথা তপো-যোগ-সমাধিভিঃ সুতানাং মধ্যে অপি পিতুঃ সম্মতঃ॥ ২॥

কিঞ্চ করুণাঃ কৃপাবন্তঃ সাধবঃ শান্তাঃ নারায়ণপরাঃ ত্বদ্বিধাঃ বিপ্রাঃ যথা পরং উৎকৃষ্টং গুহ্যং ধর্ম্মং বিদুঃ তথা অপরে ন জানন্তি॥ ৩॥

নারদঃ উবাচ। লোকানাং ধর্ম্মসেতবে ধর্ম্মহেতবে ধর্ম্মপ্রবর্ত্তকায়, ভগবতে অজায় নত্বা নারায়ণমুখাৎ শ্রুতং সনাতনং ধর্ম্মং অহং বক্ষ্যে॥ ৪॥

শ্রীধরস্বামী।

শ্রবণেচ্ছায়াং হেতুঃ যদ্যস্মাৎ ধর্ম্মাৎ পরং জ্ঞানং ভক্তিঞ্চ বিন্দতে॥ ২॥
নন্বু স্মৃতিকারৈ ধর্ম্ম উক্ত এব তত্রাহ নারায়ণপরা ইতি॥ ৩॥
অজায় নারায়ণায় তস্যৈব মুখাৎ শ্রুতং॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মঞ্চ শ্রোতুমিচ্ছামি ইত্যর্থঃ॥ ২॥
নন্বন্যে মুনয়ঃ স্মার্ত্তাঃ পৃচ্ছ্যন্তামিত্যত আহ নারায়ণেতি॥ ৩॥

আপনি প্রজাপতি পরমেষ্ঠি কমলযোনির সাক্ষাৎ আত্মজ। বিশেষত তপস্যা, যোগবল এবং সমাধিতে তাঁহার অন্যান্য পুত্রের মধ্যে আপনিই পিতার নিতান্ত প্রিয় পাত্র॥ ২॥

নারায়ণ-পরায়ণ বিপ্রগণই ধর্ম্মের প্রকৃত রহস্য অবধারণ করিয়া থাকেন; এবং পরোপকারী সাধু সচ্চরিত্র শান্ত আপনাদের ন্যায় ব্যক্তিগণের নিকট হইতে সেই ধর্ম্ম-রহস্য পরিজ্ঞাত হইতে যেরূপ প্রত্যাশা করি, সেরূপ অন্য কাহারও নিকট সম্ভব নহে॥ ৩॥

এতৎশ্রবণে দেবর্ষি নারদ বলিলেন, হে নরনাথ! লোক-সমূহের আচরণীয় সনাতন ধর্ম্মের সেতুস্বরূপ ভগবান্ অজকে প্রণাম করত, নারায়ণ-ঋষির মুখে সম্যক্ শ্রুত সনাতন ধর্ম্মের বিষয় আমি আপনার নিকট বর্ণন করিতেছি,

যোঽবতীর্য্যাত্মনোঽংশেন দাক্ষায়ণ্যাস্তু ধর্ম্মতঃ।
লোকানাং স্বস্তয়েঽধ্যাস্তে তপো বদরিকাশ্রমে ॥ ৫ ॥
ধর্ম্মমূলং হি ভগবান্ সর্ব্ববেদময়ো হরিঃ।

অন্বয়ঃ।

যঃ ভগবান্ আত্মানঃ অংশভূতেন সহ ধর্ম্মতঃ দাক্ষায়ণ্যাং দক্ষদুহিতরি, অবতীর্য্য লোকানাং স্বস্তয়ে বদরিকাশ্রমে অদ্যাপি তপঃ অধ্যাস্তে ॥ ৫ ॥

হে রাজন্! ধর্ম্মমূলং (ধর্ম্মস্য মূলং প্রমাণং প্রমাপকং) হি নিশ্চিতং সর্ব্ববেদময়ঃ ভগবান্।

শ্রীধরস্বামী।

তমুখাদাত্মনঃ শ্রবণং সম্ভাবয়ন্ বিশিনষ্টি য ইতি ॥ ৫ ॥

প্রথমং তাবদ্ধর্ম্মে প্রমাণমাহ ধর্ম্মস্য মূলং প্রমাণং স্মৃতঞ্চ স্মৃতি স্তদ্বিদাং বেদবিদাং যেন ধর্ম্মেণচ আত্মা মনঃ প্রসীদতি তুষ্যতি। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। শ্রুতিঃ স্মৃতিঃ সদাচারঃ স্বস্যচ প্রিয়মাত্মনঃ। সম্যক্ সংকল্পজঃ কামো ধর্ম্মমূলমিদং স্মৃতমিতি। মনুশ্চ বেদোঽখিলো ধর্ম্মমূলং স্মৃতিশীলেচ তদ্বিদাং। আচারশ্চৈব সাধূনাং আত্মন স্তুষ্টি রেবচেতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজায় শ্রীকৃষ্ণায় ॥ ৪ ॥ ৫ ॥

ধর্ম্মস্য মূলং কারণং প্রমাণঞ্চ হি নিশ্চিতং ভগবানেব যতঃ সর্ব্ববেদেতি। তদ্ভক্ত্যা বিনা ধর্ম্মা নৈব সিদ্ধ্যন্তীতি ভাবঃ। স্মৃতং স্মৃতিঃ তদ্বিদাং সর্ব্ববেদময়-ভগবদ্বিদাং। তেন প্রাথমিক-বিষ্ণুপূজা-বিরহিত-শ্রদ্ধাদি-সপ্তমীবিদ্ধ-রোহিণ্যষ্টমী-ব্রতাদি-বিধায়িকাঃ স্মৃতয়ো ব্যাবৃত্তাঃ যেনচ আত্মা মনঃ প্রসীদতীতি। স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তি রধোক্ষজে। অহৈতুক্য-প্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতীতিবৎ সুশব্দপ্রয়োগাৎ যথা কেবলয়া ভক্ত্যা ন তথা কর্ম্মাদি মিশ্রয়া ভক্তিমিশ্রকর্ম্মণা বা মনঃ প্রসীদতীতি জ্ঞাপিতং। ভক্তিরহিতো ধর্ম্ম স্তুচ্ছাহ্য এব। তেন শ্রুতিস্মৃতি-সদাচারঃ স্বস্যচ প্রিয়মাত্মনঃ। সম্যক্ সঙ্কল্পজঃ কামো ধর্ম্মমূলমিদং স্মৃতমিতি যাজ্ঞবল্ক্যোক্তে র্বেদোঽখিলো ধর্ম্মমূলং স্মৃতিশীলেচ তদ্বিদাং। আচারশ্চাপি সাধূনামাত্মন স্তুষ্টিরেব চেতি। মনূক্তে রপি সকাশাৎ ধর্ম্মমূলং হি ভগবানিতি নারদোক্তিরেব শ্রেয়সী যদুক্তং নারায়ণহে। সনকাদয়ো নিবৃত্তাখ্যে তেচ ধর্ম্মে নিযোজিতাঃ। প্রবৃত্ত্যাখ্যে মরীচ্যাদ্যা মুক্তৈকং

শ্রবণ করুন্! ॥ ৪ ॥

ভগবান্ নারায়ণ-ঋষি ধর্ম্মের ঔরসে দক্ষকন্যা মূর্ত্তির গর্ভে ভগবদংশে অবতীর্ণ হইয়া, জনসমূহের কল্যাণ-কামনায় বদরিকাশ্রমে তপোঽনুষ্ঠানের দ্বারা অদ্যাপি অবস্থান করিতেছেন ॥ ৫ ॥

ভগবান্ শ্রীহরি সর্ব্ববেদময়; সুতরাং ধর্ম্মের মূল প্রমাণই যে বেদ এবং স্মৃতি, তাহা বেদবিদ্ পণ্ডিতগণ সকলেই একবাক্যে স্বীকার করিয়া থাকেন। এই ধর্ম্মের দ্বারা সম্যক্ আরাধিত হইয়া, পরাৎপর পরমাত্মা সাধকের প্রতি

স্মৃতঞ্চ তদ্বিদাং রাজন্ যেন চাত্মা প্রসীদতি ॥ ৬ ॥
সত্যং দয়া তপঃ শৌচং তিতিক্ষেক্ষা শমোদমঃ।
অহিংসা ব্রহ্মচর্য্যঞ্চ ত্যাগঃ স্বাধ্যায় আর্জবং ॥ ৭ ॥
সন্তোষঃ সমদৃক্ সেবা গ্রাম্যেহোপরমঃ শনৈঃ।

অন্বয়ঃ।

হরিঃ এব ইতি তদ্বিদাং বেদবিদাং, স্মৃতং; যেন ধর্ম্মেণ, স্বারাধনভূতেন আত্মা পরমাত্মা, প্রসীদতি ॥ ৬ ॥

সত্যং যথার্থভাষণং, দয়া (স্বার্থনিরপেক্ষ-পরদুঃখ-প্রহাণেচ্ছা) তপঃ, একাদশ্যুপবাসাদি; শৌচং স্নানাদিজনিতং; তিতিক্ষা শীতোষ্ণাদি-দ্বন্দ্ব-সহিষ্ণুত্বং। ঈক্ষা হেয়োপাদেয়বিবেকঃ; শমঃ অন্তঃকরণজয়ঃ, দমঃ বাহ্যেন্দ্রিয়জয়ঃ, হিংসা পরপীড়নবর্জ্জনং, ব্রহ্মচর্য্যং উপস্থসংযমঃ; ত্যাগঃ লোভরাহিত্যং, স্বাধ্যায়ঃ ইষ্টমন্ত্রজপঃ, আর্জবং কৌটিল্যবর্জনং, ইত্যেকবিংশতিঃ ভক্ত্যুপকরণীভূতাঃ ধর্ম্মাঃ ॥ ৭ ॥

সন্তোষঃ (যদৃচ্ছালব্ধেনালংবুদ্ধিঃ) সমদৃক্সেবা (সমদৃশাং সেবা) গ্রাম্যেহাভ্যঃ প্রবৃত্তি-কর্ম্মভ্যঃ, শনৈঃ উপরমঃ নিবৃত্তিঃ, নৃণাং বিপর্য্যয়েহাঃ নিষ্ফল-ক্রিয়াঃ তাসাং ঈক্ষা পর্য্যালোচনং;

শ্রীধরস্বামী।

তত্র তাবৎ নরমাত্র-সাধারণং ধর্ম্মমাহ সত্যমিতি পঞ্চভিঃ। তপ একাদশ্যুপবাসাদি। ঈক্ষা যুক্তাযুক্ত-বিবেকঃ। শমো মনসঃ সংযমঃ। দমো বাহ্যেন্দ্রিয়াণাং। ত্যাগো দানং স্বাধ্যায়ঃ যথোচিতজপঃ ॥ ৭ ॥

সন্তোষো দৈবলব্ধেন অলংবুদ্ধিঃ। সমদৃশাং মহতাং সেবা। গ্রাম্যেহোপরমঃ প্রবর্ত্তক-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নারদং মুনিমিতি। নারদস্যৈব তেভ্য উভয়েভ্যঃ শ্রৈষ্ঠ্যং সর্ব্বধর্ম্মসার-বিজ্ঞত্বঞ্চ ধ্বনিতং ॥ ৬ ॥

তত্র তাবন্নরমাত্র-সাধারণং সনাতনং ভক্তিযোগং ধর্ম্মমাহ সত্যমিতি পঞ্চভিঃ। তত্র সত্যাদ্যা একবিংশতি ভক্ত্যুপকরণীভূতাঃ। শ্রবণাদ্যা তু সাক্ষাদ্ভক্তিরেবেতি জ্ঞেয়ং। তপ একাদশ্যুপবাসাদি। শমো মনসো নিগ্রহঃ। দমো বাহ্যেন্দ্রিয়াণাং। স্বাধ্যায়ো যথোচিত-জপঃ ॥ ৭ ॥

সমদৃশাং মহতাং সেবা। বিপর্য্যয়েহা নিষ্ফলক্রিয়া স্তাসাং পর্য্যালোচনং। মৌনং

প্রসন্ন হইয়া থাকেন ॥ ৬ ॥

সত্য, দয়া, তপস্যা, শৌচ, দ্বন্দ্ব-সহিষ্ণুতারূপ তিতিক্ষা, হেয়োপাদেয়-স্বরূপ ঈক্ষা, শম, দম, অহিংসা, ব্রহ্মচর্য্য, ত্যাগ, স্বাধ্যায়াদি ইষ্টমন্ত্রের জপ এবং সরলতাদি একবিংশতি ভক্তির উপকরণভূত ধর্ম্ম ॥ ৭ ॥

যদৃচ্ছা লাভে সন্তোষ, সমদর্শী ব্যক্তিগণের শুশ্রূষা, গ্রাম্য ভোগাদি প্রবৃত্তি-মূলক কর্ম্ম হইতে নিবৃত্তি, নিষ্ফল ক্রিয়াসমূহের পর্য্যালোচনা, বৃথা-

নৃণাং বিপর্য্যয়েহেক্ষা মৌনমাত্মবিমর্শনং ॥ ৮ ॥
অন্নাদ্যাদ্যে সংবিভাগো ভূতেভাশ্চ যথার্হতঃ।
তেষ্বাত্মদেবতাবুদ্ধিঃ সুতরাং নৃষু পাণ্ডব ॥ ৯ ॥
শ্রবণং কীর্ত্তনঞ্চাস্য স্মরণং মহতাং গতেঃ।
সেবেজ্যাবনতির্দাস্যং সখ্যমাত্মসমর্পণং ॥ ১০ ॥
নৃণামযং পরো ধর্ম্মঃ সর্ব্বেষাং সমুদাহৃতঃ।

অন্বয়ঃ।

মৌনং বৃথা-লাপ-ত্যাগঃ, আত্মবিমর্শনং দেহাতিরিক্তাত্মনঃ অনুসন্ধানং ॥ ৮ ॥

অন্নাদ্যাদেঃ অন্নবস্ত্রাদেঃ, ভূতেভ্যঃ যথার্হতঃ যথোচিতং, সংবিভাগঃ, তেষু ভূতেষু পশ্বাদিষু, সুতরাং নৃষু হে পাণ্ডব! আত্মা ইতি দেবতা ইতি বুদ্ধিঃ ॥ ৯ ॥

মহতাং ভক্তানাং গতেঃ আশ্রয়ভূতস্য অস্য ভগবতঃ গুণকর্ম্মণাং শ্রবণং কীর্ত্তনং চকারাৎ স্মরণং সেবা ইজ্যা পূজা, অবনতিঃ নমস্কারঃ, দাস্যং সখ্যং বিশ্বাসাদি, আত্মসমর্পণং ইতি সাধনভক্তিরূপাঃ নব ॥ ১০ ॥

হে রাজন্! অয়ং ত্রিংশল্লক্ষণবান্ (অবান্তর-প্রকারভেদেন ত্রিংশৎসংখ্যকঃ) পরঃ উৎকৃষ্টঃ

শ্রীধরস্বামী।

কর্ম্মভ্যো নিবৃত্তিঃ। বিপর্য্যয়েহেক্ষা নিষ্ফল-ক্রিয়াণাং ঈক্ষণং। মৌনং বৃথালাপনিবৃত্তিঃ। আত্ম-বিমর্শনং দেহাদি-ব্যতিরিক্তাত্মানুসন্ধানং ॥ ৮ ॥

আত্মেতি দৈবতেতি চ বুদ্ধিঃ ॥ ৯ ॥

তস্য শ্রীকৃষ্ণস্য শ্রবণাদয়ো নব। ইজ্যা অর্চ্চনং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃথাবাক্যনিবৃত্তিঃ। আত্মবিমর্শনমাত্মনো দেহ-ভিন্নত্ব-ভাবনা ॥ ৮ ॥

অন্নাদ্যাদেঃ অন্নমোদনং আদ্যং মোদকাদি তত্তদাদের্বস্ত্র-স্রক্-চন্দনাদে র্যথোচিতং বিভ-

---

লাপ পরিত্যাগ, দেহাতিরিক্ত আত্মস্বরূপের অনুসন্ধান— ॥ ৮ ॥

যথাযোগ্য পাত্রে অন্ন বস্ত্রাদির সংবিভাগে ভূতসমূহের বিশেষত মানবগণের তৃপ্তি-সাধন; অধিক কি! হে রাজন্! প্রাণিমাত্রকে আত্মা এবং দেবতাবোধে আদর করা— ॥ ৯ ॥

ভক্তগণের অনন্যগতি ভূতভাবন ভগবানের পরাক্রম, লীলা এবং ভক্তবাৎসল্যাদি গুণের স্মরণে তাঁহাকে প্রণাম, দাস্য ও সখ্যভাবের পরিচয়ে ভগবানে আত্ম-সমর্পণরূপ নববিধ সাধন-ভক্তির অনুষ্ঠান করা— ॥ ১০ ॥

হে যুধিষ্ঠির! গৌণ ও মুখ্য-ভেদে এই ত্রিংশৎ প্রকার উৎকৃষ্ট ধর্ম্ম সকল মানবের পক্ষেই সাধারণত অনুষ্ঠেয় বলিয়া ঋষিগণ নিরূপণ করিয়াছেন। এই

ত্রিংশল্লক্ষণবান্ রাজন্ সর্ব্বাত্মা যেন তুষ্যতি ॥ ১১ ॥
সংস্কারা যত্রাবচ্ছিন্নাঃ সদ্বিজোঽজো জগাদ যং ॥ ১২ ॥
ইজ্যাধ্যয়ন-দানানি বিহিতানি দ্বিজন্মনাং।

অন্বয়ঃ।

ধর্ম্মঃ সর্ব্বেষাং নৃণাং সমুদাহৃতঃ সাধারণতয়া ঋষিভিঃ নিরূপিতঃ, যেন ধর্ম্মেণ, সর্ব্বাত্মা ভগবান্, তুষ্যতি ॥ ১১ ॥

সংস্কারাঃ মন্ত্রবন্তঃ গর্ভাধানাদয়ঃ, ষোড়শ যত্র যস্মিন্ অবিচ্ছিন্নাঃ সঃ দ্বিজঃ ; অজঃ ব্রহ্মা, যং বক্ষ্যমাণ-ব্রাহ্মণাদি-ত্রিবর্ণলক্ষণযুক্তং ত্রৈবর্ণিকত্বেন জগাদ ॥ ১২ ॥

জন্মনা বিশুদ্ধেন কুলেন, আচারেণ অবদাতানাং শুদ্ধানাং, এব দ্বিজন্মনাং ত্রৈবর্ণিকানাং

শ্রীধরস্বামী।

এবং ত্রিংশল্লক্ষণবান্ ॥ ১১ ॥

কার্য্যকারণাত্মক স্থূল-সূক্ষ্মভাবের অতীত অক্ষর এবং অপক্ষয়শূন্য পরমাত্মস্বরূপে এই বিশ্ব ব্রহ্মাণ্ড ভাসমান এবং সদসদ্ভাবে প্রকাশমান এই সংসারের রেণু পরমাণুর অন্তরে পরমব্রহ্ম সর্ব্বত্র সর্ব্বদা বিরাজমান রহিয়াছেন; পরিব্রাজক সন্ন্যাসী এই ভাব অবলোকন করিয়া থাকেন ॥ ৩ ॥

সুপ্তিপ্রবোধয়োঃ সন্ধাবাত্মনো গতিমাত্মদৃক্।
পশ্যন্ বন্ধঞ্চ মোক্ষঞ্চ মায়ামাত্রং ন বস্তুতঃ ॥ ৪ ॥
নাভিনন্দেৎ ধ্রুবং মৃত্যুমধ্রুবং বাস্য জীবিতং।
কালং পরং প্রতীক্ষেত ভূতানাং প্রভবাপ্যয়ং ॥ ৫ ॥

অন্বয়ঃ।

সুপ্তি-প্রবোধয়োঃ সন্ধৌ আত্মদৃক্ (আত্মানং লক্ষীকৃত্য স্থিতঃ যতিঃ) আত্মনঃ গতিং তত্ত্বং পশ্যন্ বন্ধং মোক্ষং চ মায়ামাত্রং কল্পিতং ন বস্তুতঃ ইতি পশ্যন্ ॥ ৪ ॥

অস্য দেহস্য ধ্রুবং মৃত্যুং অধ্রুবং জীবিতং বা ন অভিনন্দেৎ অপি তু ভূতানাং প্রভবাপ্যয়ং (প্রভবঃ অপ্যয়ঃ চ যস্মাৎ তৎ) কালং পরং কেবলং প্রতীক্ষেত ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ননু আত্মানং পরং ব্রহ্মেতি কথং সামানাধিকরণ্য-নির্দ্দেশঃ। নহি বন্ধমুক্তয়োরৈক্যং সম্ভবতি তত্রাহ সুপ্তীতি। সুষুপ্তৌ হি তমসাবৃতমাত্মতত্ত্বং। জাগ্রৎস্বপ্নয়োস্তু বিক্ষিপ্তং প্রকাশতে। সন্ধৌ তু ন তমো নাপি বিক্ষেপঃ। অতস্তদা আত্মদৃক্ আত্মানং লক্ষীকৃত্য স্থিতঃ সন্ আত্মনো গতিং তত্ত্বং পশ্যন্ অতএব বন্ধং মোক্ষঞ্চ মায়ামাত্রং পশ্যন্ আত্মানং পরং ব্রহ্ম সর্ব্বত্র পশ্যেদিত্যন্বয়ঃ। তদুক্তং যোগগ্রন্থে নিদ্রাদৌ জাগরস্যান্তে যো ভাব উপজায়তে। তং ভাবং ভাবয়ন্নিত্যং মুচ্যতে নেতরো যতিরিতি ॥ ৪ ॥

অস্য দেহস্য প্রভবোঽপ্যয়শ্চ যস্মাৎ তৎ কালং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুপ্তে সুষুপ্তে হি তমসাবৃতমাত্মতত্ত্বং জাগ্রৎস্বপ্নয়োস্তু বিক্ষিপ্তং প্রকাশতে সন্ধৌতু ন লয়ো নাপি বিক্ষেপঃ। অত স্তদা আত্মদৃক্ আত্মানং লক্ষীকৃত্য স্থিতঃ সন্নাত্মনো গতিং তত্ত্বং পশ্যন্ অতএব বন্ধং মোক্ষঞ্চ মায়ামাত্রং পশ্যন্ আত্মানং পরং ব্রহ্ম সর্ব্বত্র পশ্যেদিত্যন্বয়ঃ। তদুক্তং যোগগ্রন্থে নিদ্রাদৌ জাগরস্যান্তে যো ভাব উপজায়তে। তং ভাবং ভাবয়ন্নিত্যং মুচ্যতে নেতরো যতিরিতি ॥ ৪ ॥ অস্য দেহস্য ॥ ৫ ॥

গাঢ় নিদ্রা এবং জাগ্রত এই উভয় অবস্থার মধ্যদশায় আত্মদর্শী সন্ন্যাসী আত্মস্বরূপের প্রকটিত ভাব অনুভব করত, বন্ধন এবং মুক্তিকে কেবল মায়া মাত্র দ্বৈতভাব বলিয়া নির্ণয় করিয়া থাকেন ॥ ৪ ॥

মৃত্যুকে নিশ্চিত অবধারিত জানিয়াও, জ্ঞানীর কোন দুঃখ বোধ হয় না; এবং অনিশ্চিত জীবিত কালের জন্যও কোন আনন্দ লাভ হয় না। সমগ্র সংসারের এবং সংসারস্থ প্রত্যেক পদার্থের একবার উদয় এবং একবার বিনাশ অবধারণ করত, স্বীয় দেহের অবসানের জন্য কেবল কালের প্রতীক্ষা মাত্র তিনি করিয়া থাকেন ॥ ৫ ॥

নাসচ্ছাস্ত্রেষু সজ্জেত নোপজীবেত জীবিকাং।
বাদবাদাংস্ত্যজেত্তর্কান্ পক্ষং কঞ্চ ন সংশ্রয়েৎ ॥ ৬ ॥
ন শিষ্যাননুবধ্নীত গ্রন্থানৈবাভ্যসেদ্বহূন্।
ন ব্যাখ্যামুপযুঞ্জীত নারম্ভানারভেৎ ক্বচিৎ ॥ ৭ ॥
ন যতেরাশ্রমঃ প্রায়ো ধর্ম্মহেতু র্মহাত্মনঃ।

অন্বয়ঃ।

অসচ্ছাস্ত্রেষু ন সজ্জেত তথা শাস্ত্রেণ জীবিকাং ন জীবেত ন সম্পাদয়েৎ। বাদবাদান্ বিতণ্ডাদিনিষ্ঠান্ তর্কান্ ত্যজেৎ; তথা কং অপি পক্ষং ন আশ্রয়েৎ ॥ ৬ ॥

শিষ্যান্ ন অনুবধ্নীত, বহূন্ গ্রন্থান্ ন অভ্যসেৎ; গ্রন্থানাং ব্যাখ্যাং ন উপযুঞ্জীত। আরম্ভান্ মঠাদিব্যাপারান্ ক্বচিৎ ন আরভেৎ ॥ ৭ ॥

শান্তস্য সমচিত্তস্য মহাত্মনঃ যতেঃ পরমহংসস্য আশ্রমঃ প্রায়ঃ ধর্ম্মহেতুঃ ন ভবতি যতঃ

শ্রীধরস্বামী।

অসৎশাস্ত্রেষু অনাত্মপরেষু। জীবিকাং নক্ষত্রবিদ্যাদিবৃত্তিং। বাদবাদান্ জল্পবিতণ্ডাদি-নিষ্ঠান্। কঞ্চ কমপি পক্ষং নির্ব্বন্ধেন ন সংশ্রয়েৎ ॥ ৬ ॥

নানুবধ্নীত প্রলোভনাদিনা বলান্নাপাদয়েৎ। আরম্ভান্ মঠাদিব্যাপারান্ ॥ ৭ ॥

তত্র পরমহংসস্য বিশেষমাহ ন যতেরাশ্রমো ধর্ম্মার্থঃ কথংভূতস্য মহাত্মনঃ। তস্য লক্ষণং শান্তস্যেতি। প্রায় ইত্যস্যায়ং ভাবঃ জ্ঞানোৎপত্তিপর্য্যন্তং বহূদকাদিলিঙ্গমাশ্রিত্য সত্ত্ব-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। কমপি পক্ষং ন সংশ্রয়েৎ ॥ ৬ ॥

নানুবধ্নীয়াৎ প্রলোভনাদিনা বলান্ন কুর্য্যাদিত্যর্থঃ। আরম্ভান্ মঠাদিব্যাপারান্ ॥ ৭ ॥

সংন্যাসিনাং মধ্যে পরমহংসস্য বিশেষমাহ ন যতেরিতি। যতেরাশ্রমো ন ধর্ম্মপ্রয়োজনকঃ। তস্য লক্ষণং শান্তস্যেত্যাদি। প্রায় ইত্যনেন কথঞ্চিৎ কশ্চিদপারপক্বজ্ঞানস্য সত্ত্বশুদ্ধ্যর্থং

যে শাস্ত্রে পরমাত্মাদি বিচারের কোন উল্লেখ নাই, তাদৃশ অসৎ শাস্ত্রের আলোচনা সন্ন্যাসীর পক্ষে করা কর্ত্তব্য নহে এবং তদ্দ্বারা জীবিকার্জ্জনও বিধেয় নহে। বাদ বিতণ্ডাদি পরিত্যাগ করা বিধেয় এবং বিচারে কোন পক্ষকে সমর্থন করা অবিধেয়। সর্ব্বত্র উদাসীনের ন্যায়, অবস্থান করাই কর্ত্তব্য ॥৬॥

সন্ন্যাসীর পক্ষে শিষ্যসংগ্রহ করা অবিধেয় এবং বহু শাস্ত্র অভ্যাস করাও অকর্ত্তব্য। শাস্ত্র ব্যাখ্যার দ্বারা জীবিকা নির্ব্বাহ করা বিধেয় নহে এবং মঠাদি বা আরামাদির প্রতিষ্ঠা করাও বিধেয় নহে ॥ ৭ ॥

হে নরনাথ! সমগুণাবলম্বী শান্তচেতা যতির আশ্রম কভু ধর্ম্ম কর্ম্মের আলয় হয় না কারণ যদবধি তাঁহাদের সত্ত্বশুদ্ধি দ্বারা জ্ঞানের উদয় না হয়,

শান্তস্য সমচিত্তস্য বিভূয়াদুত বা ত্যজেৎ ॥ ৮ ॥
অব্যক্তলিঙ্গো ব্যক্তার্থো মনীষ্যুন্মত্ত-বালবৎ।
কবি র্মূকবদাত্মানং সদৃষ্ট্যা দর্শয়েন্নৃণাং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

সঃ ধর্ম্মাদিনিয়মান্ বিভূয়াৎ উত বা ত্যজেৎ ॥ ৮ ॥

ব্যক্তার্থঃ (ব্যক্তঃ প্রত্যক্ষঃ অর্থঃ পরমপুরুষার্থঃ যস্য তাদৃশঃ অপি) অব্যক্তলিঙ্গঃ পরৈঃ অবিদিতঃ প্রয়োজনঃ যস্য তথাবিধঃ মনীষী অপি উন্মত্তবালবৎ, কবিঃ অপি মূকবৎ আত্মানং নৃণাং দৃষ্ট্যা সঃ তথাবিধং দর্শয়েৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

শুদ্ধ্যর্থং যমান্নিয়মাং শ্চাচরন্নেব জ্ঞানোৎপত্তৌ যতেত। উৎপন্নে তু জ্ঞানে নিয়মৈ র্নকৃত্য-মস্তি। যমাশ্চ স্বতএব স্যুরতএবাস্য তদা লিঙ্গাদিভিঃ প্রয়োজনাভাবাৎ লোকসংগ্রহার্থং ধারয়েদ্বা ত্যজেদ্বেতি ॥ ৮ ॥

তস্যৈব জ্ঞানদার্ঢ্যাভাবে যোগভ্রংশপরিহারার্থমাহ ন বহির্ব্যক্তং লিঙ্গং যস্য। ব্যক্তোঽর্থঃ প্রয়োজনমাত্মানুসন্ধানং যস্য। মনীষ্যপি উন্মত্তবৎ বালবচ্চ কবিরপি মূকবৎ আত্মানং নৃণাং দিষ্ট্যা দর্শয়েৎ তে যথোন্মত্তাদিরূপং মন্যেরন্ তথা বর্ত্তেত। স্বদিষ্ট্যেতি পাঠে বাহ্যানুসন্ধানা-ভাবেনেত্যর্থঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শমনিয়মধর্ম্মাংশ্চাচরেদপি জ্ঞানপরিপাকে তু ন নিয়মৈঃ কৃত্যমস্তি। যমাশ্চ স্বতএব স্যুঃ। অতস্তদা লিঙ্গাদিভিঃ প্রয়োজনাভাবাল্লোকসংগ্রহার্থং ধারয়েৎ ত্যজেদ্বা ইতি ॥ ৮ ॥

সচ যোগভ্রংশ-পরিহারার্থমেবম্ভূতো ভবেদিত্যাহ,ন বহির্ব্যক্তং লিঙ্গং যস্য সঃ। ব্যক্তোঽর্থঃ প্রয়োজনমাত্মানুসন্ধানং যস্য সঃ ॥ ৯ ॥

তদবধি যম নিয়মাদি যোগাঙ্গের অনুশীলনই তথায় ঘটিয়া থাকে; স্বর্গ ভোগাদির উপলক্ষে যজ্ঞাদি বেদবিহিত ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান তাঁহারা করিলেও পারেন এবং না করিলেও তাঁহাদের কোন প্রত্যবায়ের সম্ভাবনা ঘটে না ॥৮॥

যে পর্য্যন্ত জ্ঞান দৃঢ় না হয়, তদবধি পাছে তিনি যোগভ্রষ্ট হন, তজ্জন্য অতি সাবধানে প্রচ্ছন্নভাবে অবস্থান করাই বিধেয়। বাহ্য বেশ প্রচ্ছন্ন করত, যতি কেবল আত্মানুসন্ধানেই সতত যত্নশীল থাকিবেন। সুতরাং একজন বিচক্ষণ মনীষী হইয়াও এবং সত্যানৃত বিচারে এবং মীমাংসায় বিলক্ষণ পারদর্শী হইয়াও, নিতান্ত অনভিজ্ঞ শিশু বালক বা উন্মত্তের ন্যায় জনসমাজে নিজের পরিচয় দিয়া থাকিবেন। কখন আপনার অভিজ্ঞতার পরিচয়ে বিব্রত হইয়া, আত্মানুসন্ধানে যেন বঞ্চিত না হন ॥ ৯ ॥

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনং।
প্রহ্লাদস্য চ সম্বাদং মুনেরাজগরস্যচ ॥ ১০ ॥
তং শয়ানং ধরোপস্থে কাবের্য্যাং সহ্যসানুনি।
রজস্বলৈস্তনুদেশৈ নির্গূঢ়ামলতেজসং ॥
দদর্শ লোকান্ বিচরন্ লোকতত্ত্ববিবিৎসয়া।
বৃতোঽমাত্যৈঃ কতিপয়ৈঃ প্রহ্লাদো ভগবৎপ্রিয়ঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

অত্র (স্বমাহাত্ম্যাচ্ছাদনেন অবস্থানে) অপি প্রহ্লাদস্য আজগরস্য অজগরবৃত্তস্য, মুনেঃ দত্তাত্রেয়স্য সংবাদরূপং পুরাতনং ইমং ইতিহাসং উদাহরন্তি দৃষ্টান্তত্বেন বুধাঃ দর্শয়ন্তি। ১০॥

লোকানাং প্রাণিনাং তত্ত্বস্য বিবিৎসয়া বেত্তুমিচ্ছয়া, কতিপয়ৈঃ অমাত্যৈঃ বৃতঃ ভগবৎপ্রিয়ঃ প্রহ্লাদঃ লোকান্ বিচরন্ সন্ কাবের্য্যাং কাবেরী-নদীতীরে সহ্যসানুনি (সহ্যাচলস্য সানুনি তটে) ধরোপস্থে ভূমৌ, শয়ানং রজস্বলৈঃ ধূলিধূসরিতৈঃ, তনূদেশৈঃ দেহাবয়বৈঃ, নির্গূঢ়ামলতেজসং (নির্গূঢ়ং অমলং তেজঃ যস্য তং) তং মুনিং দদর্শ। ১১॥

শ্রীধরস্বামী।

পরমহংসধর্ম্মমেব ইতিহাসেন স্ফুটয়তি অত্রাপীতি যাবদধ্যায়সমাপ্তি। অজগরব্রতস্য মুনেঃ॥ ১০॥

ধরোপস্থে ভূপৃষ্ঠে। সহ্যাদ্রেস্তটে। রজোভির্ধূসরৈস্তনূদেশৈ র্দেহাবয়বৈ র্নির্গূঢ়মমলং তেজো যস্য তং। ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আজগরস্য অজগরবৃত্তেঃ। ১০॥

সহ্যনাম্নঃ পর্ব্বতস্য সানৌ। তনূদেশৈঃ তদ্বদবয়বৈঃ। ১১॥

এই আত্মভাব প্রচ্ছন্ন করিবার সম্বন্ধে পুরাবিদ্ পণ্ডিতগণ অজগর-বৃত্তি-বিশিষ্ট দত্তাত্রেয় মুনির সহিত দৈত্যরাজ ভগবদ্ভক্ত প্রহ্লাদের কথোপকথনরূপ ইতিহাস দৃষ্টান্তার্থ উল্লেখ করিয়া থাকেন॥ ১০॥

এক দিবস ভগবৎপ্রিয় দানবরাজ প্রহ্লাদ লোকতত্ত্ব পরিজ্ঞাত হইবার অভিপ্রায়ে, কতিপয় অমাত্যে পরিবৃত হইয়া, যখন ইতস্ততঃ বিচরণ করিতেছিলেন, অকস্মাৎ কাবেরী নদীর তীরে সহ্যাদ্রির প্রান্তদেশে ধরণীপৃষ্ঠে শয়ান এক জন অবধূত ব্রাহ্মণকে নয়নগোচর করিলেন। তদীয় দেহাবয়ব ধূলায় সম্পূর্ণ ধূসরিত থাকায়, তাঁহার দেহের অপূর্ব্ব কান্তি বাহিরে আর পরিলক্ষিত হইতেছিল না॥ ১ ॥

আচার, ব্যবহার, আকার, প্রকার, কথাবার্ত্তা বা বর্ণাশ্রমাদির কোনরূপ

কর্ম্মণা কৃতিভির্ব্বাচা লিঙ্গৈর্বর্ণাশ্রমাদিভিঃ।
ন বিদন্তি জনা যং বৈ সোঽসাবিতি ন বেতিচ॥
তং নত্বাভ্যর্চ্চ্য বিধিবৎ পাদয়োঃ শিরসা স্পৃশন্।
বিবিৎসুরিদমপ্রাক্ষীন্মহাভাগবতোঽসুরঃ॥ ১২॥
বিভর্ষি কায়ং পীবানং সোদ্যমো ভোগবান্ যথা॥ ১৩॥
বিত্তঞ্চেহোদ্যমবতাং ভোগোবিত্তবতামিহ।

অন্বয়ঃ।

যং কর্ম্মণা কৃতিভিঃ বাচা বর্ণাশ্রমাদিভিঃ লিঙ্গৈঃ সঃ অসৌ ইতি ন বা ইতি জনাঃ ন বিদন্তি জানন্তি॥

তং ব্রাহ্মণং বিধিবৎ অভ্যর্চ্চ্য পূজয়িত্বা, শিরসা পাদয়োঃ স্পৃশন্ নত্বা, তত্ত্বং বিবিৎসুঃ মহাভাগবতঃ ভক্তশ্রেষ্ঠঃ অসুরঃ প্রহ্লাদঃ, ইদং বক্ষ্যমাণং অপ্রাক্ষীৎ পৃষ্টবান্॥ ১২॥

সোদ্যমঃ উদ্যমসহিতঃ, ভোগবান্ যথা পীবানং স্থূলং কায়ং বিভর্ত্তি তথা ত্বং উদ্যমাদি-রহিতঃ অপি কথং পীবানং কায়ং বিভর্ষি॥ ১৩॥

ইহ সংসারে উদ্যমবতাং এব বিত্তং ভবতি তথা বিত্তবতাং এব ভোগঃ ভবতি তথা

শ্রীধরস্বামী।

কর্ম্মাদিভির্জনা যং ন বিদুঃ তং পাদয়োঃ শিরসা স্পৃশন্ নত্বা অপ্রাক্ষীদিত্যুত্ত-রেণান্বয়ঃ॥ ১২॥

উদ্যমসহিত এব ভোগবানিব পীবানং স্থূলং দেহং ধারয়সি তত্র হেতুং বদেতি তৃতীয়ে-নান্বয়ঃ॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জনাস্তজ্জন্মভূমিনিবাসিনোঽপি। বিবিৎসুর্বিবিদিষুঃ। মহাভাগবত ইতি মহাভাগবতত্বাদেব সচিত্তাকর্ষণালিঙ্গনৈব তং মহানুভাবং নিশ্চিত্যৈবেতি ভাবঃ॥ ১২॥ পীবানং স্থূলং॥ ১৩॥

নচ স্বভাবেনৈব মৎকায়ঃ পীবেতি বাচ্যমিত্যাহ উদ্যমবতাং বিত্তং বিত্তবতাং ভোগঃ

চিহ্নের দ্বারা যাঁহাকে, "ইনি সেই, কি অন্য," বলিয়া কোন ব্যক্তি নিরূপণ করিতে পারে না, তাদৃশ অবধূত বেশধারী সেই ভিক্ষুককে অবলোকন করিবা মাত্র, প্রহ্লাদ কিন্তু চিনিতে পারিলেন॥

এবং তাঁহার চরণে নিজের মস্তক স্পর্শ করাইয়া, যথাবিধি নম্রতা সহকারে প্রণাম করিলেন; ও তৎসন্নিধানে বিশেষ বিষয়ের অবধারণার্থ প্রশ্ন করত ভগবদ্ভক্ত প্রহ্লাদ বলিলেন—॥ ১২॥

হে ব্রহ্মন্! উদ্যমশীল নিতান্ত ভোগী পুরুষের ন্যায়, আপনি কমনীয় দিব্য মাংসল দেহ ধারণে সংসারে বিচরণ করিতেছেন॥ ১৩॥

ভোগিনাং খলু দেহোঽয়ং পীবা ভবতি নান্যথা ॥ ১৪ ॥
ন তে শয়ানস্য নিরুদ্যমস্য ব্রহ্মন্ হার্থো যত এব ভোগঃ।
অভোগিনোঽয়ং তব বিপ্র দেহঃ পীবা যতস্তদ্বদ নঃ ক্ষমঙ্কেৎ ॥ ১৫ ॥
কবিঃ কল্পো নিপুণদৃক্ চিত্রপ্রিয়কথঃ সমঃ।

অন্বয়ঃ।

ভোগিনাং এব খলু অয়ং দেহঃ পীবা ভবতি অন্যথা ন ॥ ১৪ ॥

হু ভো ব্রহ্মন্! ইহ শয়ানস্য অতঃ নিরুদ্যমস্য তে তব অর্থঃ বিত্তং নাস্তি যতঃ এব বিত্তাৎ ভোগঃ স্যাৎ। হে বিপ্র! অভোগিনঃ ভোগরহিতস্য অপি তব অয়ং দেহঃ যতঃ কারণাৎ পীবা তৎ কারণং নঃ অস্মাভিঃ শ্রোতুং ক্ষমং চেৎ তদা বদ ॥ ১৫ ॥

কবিঃ কথনপটুঃ, কল্পঃ সমর্থঃ, নিপুণদৃক্ চতুরঃ, চিত্রপ্রিয়কথঃ (চিত্রাঃ প্রিয়াঃ লোকরঞ্জনাঃ

শ্রীধরস্বামী।

উদ্যমং বিনৈব মম ভোগোঽস্তীতি তত্রাহ বিত্তকেতি ॥ ১৪ ॥

হু ইতি নিশ্চয়ে; হ ইতি প্রসিদ্ধৌ। তবার্থো নাস্তীতি প্রসিদ্ধমেবেত্যর্থঃ। যতোঽর্থাদেব যতোহেতোঃ পীবা। ক্ষমং যোগ্যঞ্চেৎ ॥ ১৫ ॥

কিঞ্চ বিত্তার্জনাদ্যসমর্থোঽপি অয়ং জনস্তদর্থমুদ্যমং করোতি ত্বন্তু সমর্থোঽপি কিমিতি ন করোষীত্যাহ কবি র্বিদ্বান্ কল্পো দক্ষঃ নিপুণদৃক্ চতুরঃ চিত্রাঃ প্রিয়াঃ লোকরঞ্জনাঃ কথা যস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভোগবতামেব দেহঃ পীবেতি পীবত্বস্যাদিকারনমুদ্যমএব নতু স্বভাব ইত্যর্থঃ ॥ ১৪ ॥

ননু পীনো দেবদত্তো দিবা ন ভুঙ্‌ক্তে ইতিবন্মমোদ্যমাদিকমনুমীয়তামিতি চেত্তত্রাহ নেতি। হু নিশ্চয়ে। হস্পষ্টং। হে বিপ্রেতি ব্রহ্মতেজসৈব বিপ্রত্বস্যাবগমাৎ ॥ ১৫ ॥

কিমেবং তে বিচারেণ ইতি চেৎ ত্বদ্দেহে সামুদ্রক-সল্লক্ষণ-দৃষ্ট্যা কবিত্ব-কল্পত্বাদিকমনুমায় ত্বয়া স্বং কৃতার্থং কর্ত্তুং কমপ্যালাপামৃতমিচ্ছামীত্যাহ কবিরিতি। কর্ম্ম কুর্ব্বতঃ কর্ম্মোদ্যমবত্তৎ

হে ব্রহ্মন্! উদ্যমশীল পুরুষগণই বিত্তবিশিষ্ট হয় এবং বিত্তবান্ ব্যক্তিগণেরই ভোগ-বৈভব ঘটে। ভোগেই কলেবরে কান্তি এবং স্থূলতা জন্মে। ভোগ ব্যতীত দেহ কখন স্থূল হয় না ॥ ১৪ ॥

আপনার কিন্তু কোনরূপ উদ্যম দেখিতেছি না। নিরুদ্বেগে যথেচ্ছ শয়ান থাকিয়াই, কালাতিপাত করিতেছেন; সুতরাং নিঃস্ব দশায় কোনরূপ ভোগের পরিচয় পাইলাম না। অতএব ভোগ ব্যতীত এরূপ পীন কলেবর কি প্রকারে ধারণ করিতেছেন? হে বিপ্র! ইহার তত্ত্ব বলিতে যদি কোন প্রতিবন্ধক না থাকে, তাহা হইলে অনুগ্রহ পূর্ব্বক আমার নিকট বর্ণন করুন! ॥ ১৫ ॥

হে প্রভো! আপনাকে একজন সুপণ্ডিত সুচতুর কর্ম্মদক্ষ এবং লোক-

লোকস্য কুর্ব্বতঃ কর্ম্ম শেষে তদ্বীক্ষিতাপি বা ॥ ১৬ ॥

নারদ উবাচ ॥

স ইত্থং দৈত্যপতিনা পরিপৃষ্টো মহামুনিঃ।

স্ময়মানস্তমভ্যাহ তদ্বাগমৃতযন্ত্রিতঃ ॥ ১৭ ॥

ব্রাহ্মণ উবাচ ॥

বেদেদমসুরশ্রেষ্ঠ ভবান্নর্ষ্যাসম্মতঃ।

অন্বয়ঃ।

কথাঃ যস্য সঃ) তথাপি তত্তৎকর্ম্ম কুর্ব্বতঃ সতঃ তদ্বীক্ষিতাপি বা তৎ সর্ব্বং পশ্যন্ অপি সমঃ উদাসীনঃ সন্ ত্বং শেষে শয়নং করোষি তত্র কিং কারণং ? ॥ ১৬ ॥

নারদঃ উবাচ। দৈত্যপতিনা প্রহ্লাদেন, ইত্থং পরিপৃষ্টঃ সঃ মহামুনিঃ দত্তাত্রেয়ঃ তস্য বাগেব অমৃতং তেন যন্ত্রিতঃ বশীকৃতঃ সন্ স্ময়মানঃ তং অভ্যাহ উত্তরং দত্তবান্ ॥ ১৭ ॥

ব্রাহ্মণঃ উবাচ। হে অসুরশ্রেষ্ঠ ! আর্ষ্যসম্মতঃ (আর্ষ্যাণাং জ্ঞানিনাং সম্মতঃ অভিমতঃ)

শ্রীধরস্বামী।

তথাপি লোকস্য কর্ম্ম কুর্ব্বতঃ সতঃ শেষে তদ্বীক্ষিতাপি বা তত্ত্ব সর্ব্বং পশ্যন্নপি ন দ্বেষি। নৌষি যেতি পাঠে ন দ্বেষি তৎ কর্ম্ম ন দ্বেক্ষি নৌষি বা নচ স্তৌষীত্যর্থঃ ॥ ১৬ ॥

তস্য বাগেবামৃতং তেন যন্ত্রিতো বশীকৃতঃ সন্ ॥ ১৭ ॥

অধ্যাত্মচক্ষুষা অন্তর্দৃষ্ট্যা ভবান্ বেদৈব। আর্ষ্যাণাং জ্ঞানিনাং সম্মতো নন্থ ভবান্ ইদমিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকমনাদৃত্য তমপশ্যন্নেব শেষে শয়নং করোষি। তস্য বীক্ষিতা কৌতুকেন তৎ পশ্যন্নেব বা ॥ ১৬ ॥ ১৭ ॥

অধ্যাত্মচক্ষুষা অন্তর্দৃষ্ট্যা ইদং ভবান্ বেদৈব। কিং ইহোপরময়োঃ সকামত্ব-নিষ্কামত্বয়োঃ পদানি স্থানানি ফলানীত্যর্থঃ। ভোগার্থমুদ্যমৈ র্দেহং পুষ্টীকুর্ব্বতাং লোকানাং দুঃখং

তত্ত্বজ্ঞ বিচক্ষণ বলিয়াই প্রতীত হইতেছে। আপনি লোকাচার স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াও, নিরুদ্যমের ন্যায় কেন শয়ান রহিয়াছেন। লোকে সুখাদির সংগ্রহে অসমর্থ হইয়াও, তজ্জন্য কত যত্ন করিতেছে ; কিন্তু আপনি নিজে সামর্থ্যবান্ হইয়াও, কেন যে উপেক্ষা করিতেছেন, তাহার কারণ বর্ণনে আমাকে কৃতার্থ করুন্ ! ॥ ১৬ ॥

দেবর্ষি নারদ বলিলেন, হে নরনাথ ! ভগবদ্ভক্ত দৈত্যপতি প্রহ্লাদ এই প্রকার জিজ্ঞাসা করিলে, সেই অবধূত ব্রাহ্মণ অত্যন্ত আনন্দিত হইলেন। প্রহ্লাদের অমৃতোপম বাক্য-লহরিতে তাঁহার হৃদয় পুলকিত হইল ; তিনি সহাস্যবদনে প্রহ্লাদকে সম্বোধন করত বলিলেন— ॥ ১৭ ॥

ঈহোপরময়োর্নৃণাং পদান্যধ্যাত্মচক্ষুষা ॥ ১৮ ॥
যস্য নারায়ণো দেবো ভগবান্ হৃদ্গতঃ সদা।
ভক্ত্যা কেবলয়াঽজ্ঞানং ধুনোতি ধ্বান্তমর্কবৎ ॥ ১৯ ॥
তথাপি ব্রূমহে প্রশ্নাংস্তব রাজন্ যথাশ্রুতং।
সম্ভাষণীয়ো হি ভবানাত্মনঃ শুদ্ধিমিচ্ছতাং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ভবান্ অধ্যাত্মচক্ষুষা অন্তর্দৃষ্ট্যা, নৃণাং ইহ উপরময়োঃ প্রবৃত্তিনিবৃত্ত্যোঃ, পদানি স্থানানি বেদ জানাতি এব ॥ ১৮ ॥

অহো। কেবলয়া অনন্যপ্রয়োজনয়া ভক্ত্যা যস্য তব হৃদ্গতঃ সন্ দেবঃ নারায়ণঃ সদা অর্কঃ সূর্য্যঃ যথা ধ্বান্তং অন্ধকারং ধুনোতি তথা অজ্ঞানং ধুনোতি ॥ ১৯ ॥

তথাপি হে রাজন্! যথাশ্রুতং তব প্রশ্নান্ ব্রূমহে উত্তরাণি বদামি। হি যস্মাৎ আত্মনঃ অন্তঃকরণস্য শুদ্ধিং ইচ্ছতাং জনানাং ভবান্ সম্ভাষণীয়ঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

যদুক্তং তদেবাহ নৃণামীহোপরময়োঃ প্রবৃত্তিনিবৃত্ত্যোঃ পদানি স্থানানি ফলানীত্যর্থঃ ॥ ১৮ ॥

বেদেত্যত্র হেতুঃ যস্যেতি। হৃদি প্রবিষ্টঃ সন্ অজ্ঞানং ধুনোতি সঃ অর্কো যথা ধ্বান্তং ॥ ১৯ ॥

যথাশ্রুতমিতি ঔদ্ধত্য-পরিহারায়োক্তং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্যহং নাজ্ঞাস্যং তদা উদ্যমমহমপ্যকরিষ্যমিতি ভাবঃ ॥ ১৮ ॥

বেদেত্যত্র হেতুঃ যস্যেতি। কেবলয়া জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রয়া ॥ ১৯ ॥

অতো ময়া ত্বং সংমাননীয় এবেত্যতঃ সর্ব্বত্র মৌনবতাপি ত্বয়ি মৌনমনাদৃত্যেবোচ্যতে ইত্যাহ তথাপীতি। যদ্যপি ভবান্ বেদৈব অথাপীতি যথাশ্রুতং নতু স্বকপোলকল্পিতং ॥ ২০ ॥

ব্রাহ্মণ বলিলেন, হে অসুরশ্রেষ্ঠ! আপনি একজন সামান্য ব্যক্তি নহেন! মহামনা জ্ঞানিগণ সকলেই আপনার বিশেষ আদর এবং সম্মাননা করিয়া থাকেন; আপনি অধ্যাত্ম জ্ঞানবলে এই জগৎসংসারে মানবগণের প্রবৃত্তি এবং নিবৃত্তিমার্গের ফল উভয়ই উত্তমরূপ পরিজ্ঞাত আছেন ॥ ১৮ ॥

হে রাজেন্দ্র! দিবাকরের উদয়ে নৈশ অন্ধকার যেমন দূরে পলায়ন করে, বিমল জ্ঞান-জ্যোতিতে আপনার অজ্ঞান-অন্ধকারও সেইরূপ বিনিবৃত্ত হইয়াছে! অহো! নিষ্কাম ভক্তির প্রভাবে দেবদেব ভগবান্ নারায়ণ যখন নিরন্তর আপনার হৃদয়-মন্দিরে বিরাজ করিতেছেন, তখন আপনার চিত্তে অজ্ঞানের লেশ মাত্রও কখন থাকিতে পারে না। আপনি সকল বিষয়ই অবগত আছেন; আপনাকে বুঝাইবার কিছুই অপেক্ষা নাই ॥ ১৯ ॥

তৃষ্ণয়া ভববাহিন্যা যোগৈঃ কামৈরপূর্য্যয়া।
কর্ম্মাণি কার্য্যমাণোঽহং নানাযোনিষু যোজিতঃ॥
যদৃচ্ছয়া লোকমিমং প্রাপিতঃ কর্ম্মভি ভ্রমন্।

অন্বয়ঃ।

যোগৈঃ কামৈঃ অপূর্য্যয়া ভববাহিন্যা জন্মপরম্পরাকারিণ্যা তৃষ্ণয়া কর্ম্মাণি কার্য্যমাণঃ অহং নানাযোনিষু যোজিতঃ॥

তথা কর্ম্মভিঃ ভ্রমন্ সম্প্রতি স্বর্গাপবর্গয়োঃ (পুণ্যেন স্বর্গস্য জ্ঞানভক্তিভ্যাং অপবর্গস্য)

শ্রীধরস্বামী

লোকঃ কর্ম্মসু প্রবর্ত্ততে ত্বন্ত নিবৃত্তঃ সন্ শেষে ইতি যদুক্তং তত্রাহ তৃষ্ণয়েতি চতুর্ভিঃ। ভবপ্রবাহকারিণ্যা যথোচিতৈরপি বিষয়ৈঃ পূরয়িতুমশক্যয়া তৃষ্ণয়া কর্ম্মসু প্রবর্ত্ত্যমানোঽহং পূর্ব্বং নানাযোনিষু প্রবেশিতঃ তয়ৈবং লোকং মনুষ্যদেহং যদৃচ্ছয়াপি প্রাপিতঃ। কথংভূতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদহং নিরুদ্যমোঽস্মি তত্র কারণং শৃণ্বিত্যাহ তৃষ্ণয়েতি ত্রিভিঃ। ভবসম্বন্ধিন্যা বাহিন্যা নদ্যেতি। যথা নদ্যা অন্তো দুষ্প্রাপঃ তৃষ্ণায়া অপি। কিঞ্চ। নদী ইন্ধ্রেণ বৃষ্যমাণৈ রসুভিঃ পূর্য্যতে ইয়ন্তু ব্রহ্মণাপি বৃষ্যমাণৈঃ কামৈর্ন পূর্য্যত ইত্যাহ যোগৈর্য্যেরিতি। যথাচ নদ্যা বাহিতো-ঽর্থ স্তৃণ-কাষ্ঠ-পাষাণ-কণ্টকাদিষু যোজ্যতে তথৈবাহমপি নানাযোনিষু। যথাচ নদ্যা গ্রাহ-কচ্ছপাবর্ত্তাদিভি র্ভীষয়িত্বা তৎ পরিত্রাণায় নানাসাধনানি কার্য্যন্তে তথৈবাহমপি কর্ম্মাণি॥

যথাচ নদ্যা কদাচিৎ কশ্চিৎ চতুষ্পথৈকদেশমপি প্রাপ্যতে তথৈবাহমপি সাম্প্রতমিমং লোকং নৃশরীরং। কীদৃশং পুণ্যেন স্বর্গস্য দ্বারং সাধনং। জ্ঞানভক্তিভ্যামপবর্গস্য পাপেন

তথাপি আপনি যে সকল প্রশ্ন আমার নিকট উত্থাপন করিয়াছেন, তাহার যথাশ্রুত উত্তর দেওয়া আমার অবশ্য কর্ত্তব্য। কারণ সংসারে যাঁহারা আপনার বিশুদ্ধি প্রার্থনা করেন, তাঁহাদের পক্ষে আপনার ন্যায় মহামনা ব্যক্তির সম্ভাষণ করা একান্ত কর্ত্তব্য॥ ২০॥

অহো! এই নিরন্তর উৎপত্তি-ধ্বংসশীলা তৃষ্ণাতরঙ্গিণীর খরতর প্রবাহে পতিত হইয়া এবং প্রয়োজনীয় কামের নিরন্তর অপূরণরূপ তরঙ্গের আলো-ড়নে অভীষ্টসাধনার্থ নিরন্তর কর্ম্ম করত আমি কত যোনিতে এযাবৎ যে জন্ম পরিগ্রহ করিয়াছি, কে তাহার নিরূপণ করিতে পারে? কর্ম্মই জীবকে জন্ম জন্মান্তর ভোগ করায়॥

আমিও সেই কর্ম্ম-পথে ভ্রমণ করিতে করিতে যদৃচ্ছাক্রমে সম্প্রতি এই মনুষ্যযোনি লাভ করিয়াছি! অহো! এতদপেক্ষা উৎকৃষ্ট যোনি আর নাই! কারণ এই মনুষ্য-যোনিই উৎকৃষ্ট বা নিকৃষ্ট সকল সাধনের দ্বারস্বরূপ। এই

স্বর্গাপবর্গয়োর্দ্বারং তিরশ্চাং পুনরস্যচ ॥ ২১ ॥
তত্রাপি দম্পতীনাঞ্চ সুখায়ান্যাপনুত্তয়ে।
কর্ম্মাণি কুর্ব্বতাং দৃষ্ট্বা নিবৃত্তোঽস্মি বিপর্য্যয়ং ॥ ২২ ॥

অন্বয়ঃ।

তিরশ্চাং (পাপেন তিরশ্চাং শূকরাদিযোনেঃ, তথা পুণ্যপাপমিশ্রেণ কর্ম্মণা) পুনঃ অস্য মনুষ্য-লোকস্য দ্বারং সাধনং, ইমং মানুষং, লোকং দেহং, যদৃচ্ছয়া অহং প্রাপিতঃ ॥ ২১ ॥

অত্র মনুষ্য-জন্মনি অপি সুখায় সুখপ্রাপ্তয়ে অন্যাপনুত্তয়ে (অন্যস্য দুঃখস্য অপনুত্তয়ে নিবৃত্তয়ে) চ কর্ম্মাণি কুর্ব্বতাং দম্পতীনাং (ফলস্য) বিপর্যয়ং দুঃখপ্রাপ্তিরূপং দৃষ্ট্বা (কর্ম্মভ্যঃ) অহং নিবৃত্তঃ অস্মি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

লোকং ধর্ম্মেণ স্বর্গস্য দ্বারং সাধনং অধর্ম্মেণ তিরশ্চাঞ্চ শূকরাদিযোনে র্দ্বারং মিশ্রাভ্যাং তাভ্যাং পুনরপ্যস্য মনুষ্যত্বস্য দ্বারং সর্ব্বতো নিবৃত্ত্যা অপবর্গস্য দ্বারমিত্যর্থঃ ॥ ২১ ॥

তত্রাপি মনুষ্যত্বেঽপি অন্যাপনুত্তয়ে দুঃখনিবৃত্ত্যৈ। বিপর্য্যয়ং দৃষ্ট্বা নিবৃত্তোঽস্মি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তিরশ্চাং শূকরাদিযোনেরপি পুণ্যপাপাভ্যাং চকারাত্তদ্ভোগান্তেচ পুনরপ্যস্য নৃজন্মনোঽপি দ্বারং ॥ ২১ ॥

অত্রাপি মনুষ্যত্বেঽপি। অন্যাপনুত্তয়ে দুঃখনিবৃত্ত্যৈ বিপর্য্যয়ং দুঃখমেব দৃষ্ট্বা নিবৃত্তোঽস্মি কর্ম্মমাত্রেভ্য ইত্যর্থঃ ॥ ২২ ॥

যোনিতে অবস্থিত জীবই পুণ্য-সাধনের ফলে স্বর্গরাজ্যে আরোহণ করিতে পারে এবং আত্মানাত্ম-বিবেকের বলে এই যোনি হইতেই অপবর্গ লাভে বিমুক্ত হইতে পারে। আবার পাপকর্ম্মের ফলে এই যোনি হইতেই অতি নিকৃষ্ট শূকরাদি পাপ যোনিতে গমন করত, নরক যাতনা ভোগ করিতে পারে; অথবা পাপ পুণ্য উভয় মিশ্রিত কর্ম্মের ফলে পুনরায় মনুষ্যযোনি লাভে পুনঃ সাধনার্থ উদ্‌যোগী হইতে পারে। অতএব যাবতীয় পথ এবং যাবতীয় সাধনার একমাত্র সোপানই এই মনুষ্য যোনি ॥ ২১ ॥

কিন্তু এই মানব-যোনিতে নর-নারী দম্পতি-যুগল দুঃখ-নিবৃত্তি পূর্ব্বক সুখ-লাভের প্রত্যাশায় কত বিচিত্র কর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকেন; কিন্তু ফলত তাহাদের কাহারও কখন কোনরূপ আশার সুসংযোগ ঘটে না; বরং পদে পদে বিপরীত ফলের সম্বন্ধই প্রতীত করিয়া, আমি সকল উদ্যম হইতে প্রতিনিবৃত্ত হইয়াছি। আর সুখ-লাভের প্রত্যাশায় আমার কোনরূপ যত্ন বা উৎসাহ জন্মে না ॥ ২২ ॥

সুখমস্যাত্মনো রূপং সর্ব্বেহোপরতি স্তনুঃ।
মনঃসংস্পর্শজান্ দৃষ্ট্বা ভোগান্ স্বপ্স্যামি সংবিশন্ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অস্য জীবাত্মনঃ স্বরূপং এব সুখং ; সর্ব্বেহোপরতিঃ (সর্ব্বাসাং ঈহানাং ইচ্ছানাং উপরতিঃ নিবৃত্তিঃ এব) অস্য আনন্দরূপস্য তনুঃ দেহঃ প্রকাশকঃ ; ভোগান্ মনঃসংস্পর্শজান্ (মনঃপ্রেরিতেন্দ্রিয়বিষয়য়োঃ সংস্পর্শেন সম্বন্ধেন প্রাদুর্ভবন্তি সম্বন্ধাভাবে তিরোহিতাঃ ভবন্তি তথাভূতান্ তুচ্ছান্) দৃষ্ট্বা সংবিশন্ (প্রারব্ধভোগান্ ভুঞ্জানঃ এব) অহং স্বপ্স্যামি স্বপিমি ॥২৩॥

শ্রীধরস্বামী।

প্রবৃত্ত্যা কদাচিৎ সুখং স্যাদপি নিবৃত্ত্যা তু কিং স্যাদিতি চেত্তত্রাহ সুখমস্য জীবস্য স্বরূপমেব। তর্হি কিং প্রকাশতে তত্রাহ সর্ব্বেতি। তনোতীতি তনুঃ সর্ব্বক্রিয়ানিবৃত্ত্যৈ স্বত এব প্রকাশতে ইত্যর্থঃ। ভোগাংশ্চ মনঃসংস্পর্শজান্ মনোরথমাত্রজান্ অশাশ্বতান্ দৃষ্ট্বা স্বপ্স্যামি নিরুদ্যমোঽস্মীত্যর্থঃ। তর্হি কদাচিৎ কথং ভুঙ্‌ক্তে তত্রাহ সংবিশন্ প্রারব্ধভোগান্ ভুঞ্জান ইত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মণা কদাচিৎ সুখং স্যাদপি সর্ব্বকর্ম্মনিবৃত্ত্যা কিং স্যাদিতি চেত্তত্রাহ সুখমস্য জীবস্য মম স্বরূপমেব। তর্হি কিং ন প্রকাশতে তত্রাহ সর্ব্বেতি। সর্ব্বা ঈহাঃ কর্ম্মাণি তদ্ধেতু তৃষ্ণাশ্চ তাসাং উপরতিরেব তনুঃ। তনুং বিনা যথা সুখং নোপলভ্যতে তথা তামপি বিনেত্যর্থঃ। ভোগাংস্তু প্রাকৃতান্ মনঃস্পর্শজান্ ক্ষণভঙ্গুরান্ দৃষ্ট্বা তত্রারুচিরেব সংবিশন্ স্বাভাবিকানশ্বরাত্ম-সুখমুপভুঞ্জানঃ স্বপ্স্যামি স্বপিমি বৈতৃষ্ণ্যাদি দিব্য-কুসুম-শয্যায়ামিতি। স্বস্য পীনত্বে সুখভোগএব হেতুরুক্তঃ। নির্বৃতিঃ পুষ্টীকরণানামিতি বৈদ্যকোক্তেঃ। যদ্বা। স্বপ্স্যামি সংপ্রত্যপি তৃষ্ণাভাসস্যানিবৃত্ত্যা যদ্যপি সম্যগাত্মসুখানুপলম্ভ স্তথাপি পঞ্চষৈর্দিনৈ স্তস্যাপি নিবৃত্ত্যা সম্যক্ সংবিশন্ শয়িষ্য ইত্যর্থঃ। সংবেশঃ স্বাপস্ত্রীরতবন্ধয়োরিতি মেদিন্যুক্তে রত্র সামান্যত এবোপভোগবাচী সংবেশশব্দো জ্ঞেয়ঃ ॥ ২৩ ॥

আমি বুঝিয়াছি যে, সুখ বাহিরের পদার্থ নহে। সুতরাং তাহাকে পাইবার জন্য যত্ন করিবার প্রয়োজন নাই। জীবাত্মার স্বরূপই সুখ ; এবং সর্ব্বপ্রকার চেষ্টা বা উদ্যম হইতে নিবৃত্তির দ্বারাই উক্ত সুখের মূর্ত্তি গঠিত হয়। বিষয়ের সহিত ইন্দ্রিয়গ্রামের সম্বন্ধ-জনিত উৎপন্ন মনঃকল্পিত ভাবই ভোগ নামে অভিহিত। সুতরাং ভোগ চিরস্থায়ী নহে। পরিবর্ত্তনশীল জগতে পরস্পরের সংযোগ যেমন ক্ষণধ্বংসী, ভোগও সেইরূপ ক্ষণধ্বংসী ; সুতরাং তাদৃশ ক্ষণভঙ্গুর ভোগের প্রতীক্ষায়, হৃষ্ট বা ক্ষুণ্ণ না হইয়া, নিরপেক্ষ ভাবে প্রারব্ধ ফল ভোগ করত আমি নিশ্চিন্তভাবে নিদ্রাসুখ অনুভব করিয়া থাকি। উদ্যমের কঠোর উৎকণ্ঠায় আর আমাকে বিব্রত হইতে হয় না ॥২৩॥

ইত্যেতদাত্মনঃ স্বার্থং সন্তং বিস্মৃত্য বৈ পুমান্।
বিচিত্রামসতি দ্বৈতে ঘোরামাপ্নোতি সংসৃতিং॥ ২৪॥
জলং তদুদ্ভবৈশ্ছন্নং হিত্বাজ্ঞো জলকাম্যয়া।
মৃগতৃষ্ণামুপাধাবেত্তথান্যত্রার্থদৃক্ স্বতঃ॥ ২৫॥

অন্বয়ঃ।

ইতি এতৎ আত্মনঃ জীবস্য সন্তং স্বস্মিন্ এব বিদ্যমানং, স্বার্থং পুরুষার্থং বৈ বিস্মৃত্য অসতি দুঃখহেতুভূতে দ্বৈতে ঘোরাং জন্মমরণাদিভিঃ ভয়ঙ্করাং, বিচিত্রাং দেবতির্য্যগাদি নানা-রূপাং সংসৃতিং পুমান্ আপ্নোতি॥ ২৪॥

অজ্ঞঃ জনঃ যথা জলোদ্ভবৈঃ তৃণশৈবালাদিভিঃ ছন্নং জলং হিত্বা ত্যক্ত্বা জলকাম্যয়া মৃগতৃষ্ণাং মরীচিতোয়ং, উপাধাবেৎ তথা স্বতঃ পুরুষার্থভূতাৎ আত্মনঃ সকাশাৎ অন্যত্র বিষয়েষু অর্থদৃক্ ভবতি॥ ২৫॥

শ্রীধরস্বামী।

এবঞ্চেৎ কোঽপি সংসারং ন প্রাপ্নুয়াত্তত্রাহ ইত্যেতদাত্মনঃ সুখাত্মকং রূপং স্বস্মিন্নেব সন্তং স্বার্থং পুরুষার্থং বিস্মৃত্য। অসত্যপি দ্বৈতে॥ ২৪॥

এতদেব দৃষ্টান্তেন যোজয়তি জলমিতি। তদুদ্ভবৈ স্তৃণশৈবালাদিভিঃ। জলকাম্যয়া জলেচ্ছয়া। স্বত আত্মস্বরূপাদন্যত্র পুরুষার্থং পশ্যন্॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চেৎ সর্ব্বেঽপ্যেবং কিমিতি সুখিনো ন স্যু স্তত্রাহ ইত্যেতদিতি। স্বার্থং স্বীয়ং সুখ-রূপমর্থং বিস্মৃত্য দ্বৈতে দুঃখরূপে অসতি দেহাদৌ বস্তুত আত্মনোঽবিদ্যমানেঽপি। যদ্বা। অসতি অসার্ব্বকালিকে॥ ২৪॥

এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি জলমিতি। তদুদ্ভবৈর্জল এবোদ্ভূতৈ র্নতু জলাদুদ্ভূতৈ স্তৃণ-শৈবালাদিভি শ্ছন্নমিবাত্মসুখং তত্রোদ্ভূতৈ র্মায়িক তৃষ্ণাদিভিশ্ছন্নং হিত্বা অতোঽন্যত্র পুরুষার্থং পশ্যন্॥ ২৫॥

এই আত্ম-নিরূপণের দ্বারা পরমানন্দের স্বরূপ-সন্ধান করাই মানব-জীবনের প্রধান স্বার্থ। কিন্তু দুঃখের বিষয় এই যে, তাদৃশ নিত্য সত্য স্বার্থকে বিস্মৃত হইয়া, মানব এই মায়াময় সম্পূর্ণ মিথ্যাভূত দ্বৈত প্রপঞ্চের অন্তরে সুখ-লাভের প্রত্যাশায় বিচিত্র কর্ম্মের অনুষ্ঠানে বিব্রত হইয়া, এই প্রচণ্ড মায়া-বন্ধনে একান্ত আবদ্ধ হইতেছে॥ ২৪॥

জলজ শৈবালাদি তৃণ-সমূহে সমাচ্ছাদিত গম্ভীরতোয়া জলাশয়কে স্বীয় পার্শ্বে উপেক্ষা করত অনভিজ্ঞ ব্যক্তি যেমন পিপাসায় কাতর হইয়া, জল-প্রাপ্তির কামনায় মায়া মরীচিকার প্রতি ধাবিত হয়, সেইরূপ মূঢ় ব্যক্তিগণ আত্মস্বরূপ পরিহার করত, সুখের লালসায় অন্যত্র পুরুষার্থের অন্বেষণ করিয়া

দেহাদিভি র্দৈবতন্ত্রৈরাত্মনঃ সুখমীহতঃ।
দুঃখাত্যয়ং চানীশস্য ক্রিয়ামোঘাঃ কৃতাঃ কৃতাঃ ॥ ২৬ ॥
আধ্যাত্মিকাদিভির্দুঃখৈ রবিমুক্তস্য কর্হিচিৎ।
মর্ত্ত্যস্য কৃচ্ছ্রোপনতৈরর্থৈঃ কামৈঃ ক্রিয়েত কিং ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

দৈবতন্ত্রৈঃ কর্ম্মায়ত্তৈঃ, দেহেন্দ্রিয়াদিভিঃ আত্মনঃ স্বস্য, সুখং তথা দুঃখনিবৃত্তিং চ ঈহতঃ ইচ্ছতঃ, অনীশস্য জনস্য কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ আরব্ধাঃ, ক্রিয়াঃ মোঘাঃ ব্যর্থাঃ ভবন্তি ॥ ২৬ ॥

আধ্যাত্মিকাদিভিঃ দুঃখৈঃ কর্হিচিৎ কদাচিৎ অপি অবিমুক্তস্য মর্ত্ত্যস্য মরণ-ধর্ম্ম-শীলস্য কৃচ্ছ্রোপনতৈঃ দুঃখেনোপার্জ্জিতৈঃ অর্থৈঃ বিত্তৈঃ কামৈঃ বিষয়ৈঃ চ কিং কিয়ৎ সুখং ক্রিয়েত ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

এবং স্বস্য নিরুদ্যমত্বে কারণমুক্ত্বা বিপর্য্যয়ং দৃষ্টেতি যদুক্তং তদ্বিবৃণোতি দেহ্যাদিভিরিতি পঞ্চভিঃ। ঈহতঃ ইচ্ছতঃ অনীশস্য নির্দ্দৈবস্য পুনঃ পুনঃ প্রারব্ধাঃ ক্রিয়া মোঘা বিফলা এব ভবন্তি ॥ ২৬ ॥

ক্রিয়াণাং সফলত্বেঽপি ফলস্যানুপযোগমাহ আধ্যাত্মিকাদিভিরিতি। মর্ত্ত্যস্য মরিষ্যতঃ কৃচ্ছ্রেণ দুঃখেন উপনতৈঃ প্রাপ্তৈঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপর্য্যয়ং দৃষ্টেতি যদুক্তং তদ্বিবৃণোতি। দেহাদিভিরিতি পঞ্চভিঃ। সুখং দুঃখাত্যয়ঞ্চ ঈহতঃ ঈহমানস্য ক্রিয়া মোঘাঃ নিষ্ফলাঃ ॥ ২৬ ॥

যদি কদাচিৎ সফলাঃ স্যু স্তদপি ফলভোগাসামর্থ্যমাহ আধ্যাত্মিকাদিভিরিতি। দুঃখ-সহিতঃ সুখভোগোঽপি নেত্যাহ মর্ত্ত্যস্য অকস্মাদেব সংভাবিতমৃত্যোঃ ॥ ২৭ ॥

থাকে ॥ ২৫ ॥

জাতি, আয়ু এবং ভোগাদি দেহ-দৈহিক ব্যাপার সম্পূর্ণ পূর্ব্বসঞ্চিত প্রারব্ধের উপরই নির্ভর করে। দেহধারী জীব কখন তাহার অন্যথা করিতে পারে না। কিন্তু যে সমস্ত ভ্রান্ত মানব দুঃখের নিবৃত্তি এবং সুখের প্রাপ্তি-কামনায় উৎকণ্ঠিত হইয়া, প্রাণপণে বিবিধ উদ্যম করিয়া থাকে, তাহাদের কোন আশাই পূর্ণ হয় না; কারণ প্রবল প্রারব্ধের বলে তাহাদের কৃত সকল ক্রিয়াই নিষ্ফল হইয়া যায় ॥ ২৬ ॥

অহো! যাহারা আধ্যাত্মিক, আধিদৈবিক এবং আধিভৌতিক নামক ত্রিতাপের হস্ত হইতে নির্ম্মুক্ত হন নাই, তাদৃশ মরণ-ধর্ম্মশীল মানবের পক্ষে অতি কষ্টে উপার্জ্জিত ধন রত্নাদি অর্থে বা কামের দ্বারা এমন কি বিশেষ ফল লাভ হইতে পারে? যদ্দ্বারা দুঃখ নিবৃত্তি পূর্ব্বক সুখ লাভের সম্ভাবনা ঘটে? ॥ ২৭ ॥

পশ্যামি ধনিনাং ক্লেশং লুব্ধানামজিতাত্মনাং।
ভয়াদলব্ধনিদ্রাণাং সর্ব্বতোঽভিবিশঙ্কিনাং ॥ ২৮ ॥
রাজত শ্চৌরতঃ শত্রোঃ স্বজনাৎ পশুপক্ষিতঃ।
অর্থিভ্যঃ কালতঃ স্বস্মান্নিত্যং প্রাণার্থবদ্ভয়ং ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

লুব্ধানাং অজিতাত্মনাং যতঃ ভয়াৎ অলব্ধনিদ্রাণাং সর্ব্বতঃ অভিবিশঙ্কিনাং ধনিনাং ক্লেশং অহং পশ্যামি ॥ ২৮ ॥

প্রাণার্থবদ্ভয়ং (প্রাণবতাং জীবিতেচ্ছাবতাং অর্থবতাং ধনেচ্ছূনাং ভয়ং) নিত্যং রাজাদিভ্যঃ ভবতি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

কৃচ্ছ্রং বিনৈব প্রাপ্তেঽপ্যর্থে দুঃখং তদবস্তমিত্যাহ পশ্যামীতি ॥ ২৮ ॥

ভয়ং প্রপঞ্চয়তি রাজত ইতি। স্বস্মাৎ স্বতএব কথঞ্চিৎ ত্যাগ-ভোগ-বিস্মরণাদিনা নাশঃ স্যাদিতি প্রাণবতামর্থবতাঞ্চ ভয়ং নিত্যং ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবমর্থে ন দুঃখনিবৃত্তিঃ প্রত্যুত দুঃখাধিক্যমেবেত্যাহ পশ্যামীতি ॥ ২৮ ॥

স্বস্মাদিতি মত্তএব কথঞ্চিদ্দান-ভোগ-বিস্মরণাদিনা নাশঃ স্যাদিতি প্রাণেষু অর্থেষু চাসক্তিমতাং ভয়ং। প্রাণোঽত্র শারীরবলং সম্ভোগাদি-প্রযোজকং জ্ঞেয়ং। জীবনমাত্রন্তু বিহিতমেব জীবস্য তত্ত্বজিজ্ঞাসেত্যাদৌ ॥ ২৯ ॥

হে নরনাথ! ধনেও যে কোন সুখ আছে বলিয়া, আমি বিবেচনা করি না। বরং ধনীর ক্লেশের সীমা নাই! ধনের লাভে এবং ধনের সঞ্চয়ে লোভ উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়াই থাকে। অধিক কি! ধনের অনুরোধে তাহাদের কোনরূপ ধৈর্য্যই আর থাকে না। এবং ধনরক্ষার জন্য ধনীর হৃদয় সর্ব্বদাই উৎকণ্ঠিত। কাহারও প্রতি তাহাদের বিশ্বাস থাকে না; পাছে কেহ নষ্ট করে বলিয়া, সর্ব্বতোভাবে শঙ্কিত অবস্থাতেই তাহারা কালাতিপাত করে; সুখে নিদ্রা যাইতেও তাহারা কখন সক্ষম হয় না ॥ ২৮ ॥

যাহারা অর্থকে প্রাণের ন্যায় প্রেম করে, তাহাদের ভয় অনন্ত। তাহারা রাজা, চোর, শত্রু, স্বজনবর্গ, এমন কি! পশু পক্ষীকে পর্য্যন্ত মনে মনে শত্রুজ্ঞানে ভীত হয়। অর্থীগণকে, কালকে, এমন কি! পাছে নিজেও কখন বিস্মৃত হইয়া নষ্ট করিয়া ফেলে, তজ্জন্য আপনাকেও পর্য্যন্ত সংগৃহীত ধনের অনিষ্টকারী বিবেচনায় মনে মনে সর্ব্বদাই ভীত হয় ॥ ২৯ ॥

অহো! মানবের শোক, মোহ, ভয়, ক্রোধ, রাগ, দৌর্ব্বল্য এবং ভীষণ

শোক-মোহ-ভয়-ক্রোধ-রাগ-ক্লৈব্য-শ্রমাদয়ঃ।
যন্মূলাঃ স্যুর্নৃণাং জহ্যাৎ স্পৃহাং প্রাণার্থয়োর্বুধঃ॥ ৩০॥
মধুকারমহাসর্পৌ লোকেঽস্মিন্নো গুরূত্তমৌ।
বৈরাগ্যং পরিতোষঞ্চ প্রাপ্তা যচ্ছিক্ষয়া বয়ং॥ ৩১॥
বিরাগঃ সর্ব্বকামেভ্যঃ শিক্ষিতো মে মধুব্রতাৎ।
কৃচ্ছ্রাপ্তং মধুবদ্বিত্তং হৃত্বাঽপ্যন্যো হরেৎ পতিং॥ ৩২॥

অন্বয়ঃ।

নৃণাং যন্মূলাঃ শোকঃ (বিনাশে) মোহঃ (বিদ্যমানে) ভয়ং ক্রোধং চ (অপহারকে) (কিঞ্চিৎ-করত্বে) রাগঃ; ক্লৈব্যং (উপার্জ্জনে) শ্রমাদয়ঃ স্যুঃ বুধঃ বিবেকী তাং প্রাণার্থয়োঃ স্পৃহাং ইচ্ছাং, জহ্যাৎ পরিত্যজেৎ॥ ৩০॥

মধুকারঃ মধুমক্ষিকা, মহাসর্পঃ অজগরঃ, চ তৌ নঃ অস্মাকং, অস্মিন্ লোকে, গুরুশ্রেষ্ঠৌ; যয়োঃ শিক্ষয়া বয়ং বৈরাগ্যং পরিতোষং চ প্রাপ্তাঃ॥ ৩১॥

সর্ব্বকামেভ্যঃ বিরাগঃ মে ময়া মধুব্রতাৎ মধুকরাৎ, শিক্ষিতঃ। কৃচ্ছ্রাৎ কষ্টাৎ, আপ্তং অপি মধুবৎ বিত্তং তৎপতিং মধুব্রতান্ হত্বা অন্যঃ হরেৎ॥ ৩২॥

শ্রীধরস্বামী।

অতোঽনর্থহেতুত্বাৎ প্রাণে চার্থেচ স্পৃহা ন কার্য্যা ইত্যাহ শোকেতি॥ ৩০॥

নন্বেবমর্থাননুভবন্তোঽপি ন কেচিদ্বিরজাস্তে নচ যথালাভেন তুষ্যন্তি; ত্বন্তু কথং বৈরাগ্যাদিকং প্রাপ্তোঽসি! তত্রাহ মধুকারেতি। মধুমক্ষিকাঽজগরৌ যয়োঃ শিক্ষয়া বৃত্তিপর্য্যালোচনয়া॥৩১॥

মধুকরাচ্ছিক্ষিতমাহ বিরাগ ইতি। বিত্তপতিং হত্বাপ্যন্যো বিত্তং হরেদিত্যেবং॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণার্থয়োঃ স্পৃহাং জহ্যাদিতি শারীর-বলাধিক্যার্থং ধনাধিক্যার্থঞ্চ ন যতেত! স্বল্পেনাপি বলেন পারমার্থিক-কৃত্য-সিদ্ধেরিতি ভাবঃ॥ ৩০॥

নন্বু কস্মাদ্গুরোরেতত্ত্বয়া শিক্ষিতং তত্রাহ মধুকারেতি॥ ৩১॥

মধুমক্ষিকাতঃ শিক্ষিতমাহ বিত্তপতিং হত্বাপ্যন্যো বিত্তং হরেদিতি মে বিত্তে বিরাগঃ॥৩২॥

শ্রমাদির মূল কারণ যাহা হইতে উৎপন্ন হয়, সেই প্রাণের মমতা এবং অর্থের স্পৃহাকে পণ্ডিতগণ সর্ব্বতোভাবে পরিত্যাগ করিয়াই থাকেন॥ ৩০॥

এই সংসারে মধুমক্ষিকা এবং অজগর সর্পকে আমি দুইটী মহাগুরু বলিয়া বিবেচনা করি। কারণ এতদুভয়ের আচরণে আমি বৈরাগ্য এবং পরিতোষ লাভে বিলক্ষণ উপদেশ প্রাপ্ত হইয়াছি॥ ৩১॥

মধুমক্ষিকার নিকট যাবদীয় কামনা হইতে বীতরাগ হইতে শিক্ষা করিয়াছি। কারণ মধুমক্ষিকা প্রত্যেক পুষ্প হইতে অতি কষ্টে বিন্দু পরিমাণে

অনীহঃ পরিতুষ্টাত্মা যদৃচ্ছোপনতাদহং।
নোচেচ্ছয়ে বহ্বহানি মহাহিরিব সত্ত্ববান্ ॥ ৩৩ ॥
ক্বচিদল্পং ক্বচিদ্ভূরি ভুঞ্জেঽন্নং সাধ্বসাধু বা।
ক্বচিদ্ভূরি গুণোপেতং গুণহীনমুত ক্বচিৎ ॥
শ্রদ্ধয়োপহৃতং ক্বাপি কদাচিন্মানবর্জ্জিতং।
ভুঞ্জে ভুক্তাথ কস্মিংশ্চিদ্দিবানক্তং যদৃচ্ছয়া ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

যদৃচ্ছয়া উপনতাৎ প্রাপ্তাৎ, দ্রব্যাৎ, পরিতুষ্টঃ আত্মা মনঃ যস্য তথাভূতঃ অনীহঃ নির্ব্ব্যাপারঃ, অহং। নোচেৎ যদৃচ্ছয়া ন উপনতং চেৎ তদাপি সত্ত্ববান্ ধৈর্য্যশীলঃ মহাহিঃ ইব বহু অহানি অহং শয়ে শয়ানঃ অস্মি ॥ ৩৩ ॥

ক্বচিৎ কদাচিৎ অল্পং ক্বচিৎ ভূরি বহু, কদাচিৎ সাধু রসবৎ কদাচিৎ অসাধু রসবর্জ্জিতং, ক্বচিৎ ভূরিগুণোপেতং নানাগুণযুক্তং, উত কদাচিৎ গুণহীনং বা অন্নং ভুঞ্জে ॥

ক্বাপি শ্রদ্ধয়া উপহৃতং আনীতং, কদাচিৎ মানবর্জ্জিতং ভুঞ্জে অথ যদৃচ্ছয়া কস্মিন্চিৎ দেশে দিবা দিবসে, কদাপি নক্তং রাত্রৌ, ভুঞ্জে ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

অজগরাচ্ছিক্ষিতমাহ অনীহ ইতি। সত্ত্ববান্ ধৈর্য্যবান্ ॥ ৩৩ ॥

পীবরত্ব-হেতুত্বেন যদৃচ্ছয়া প্রাপ্তং পরিতোষং প্রপঞ্চয়তি ক্বচিদল্পমিতি ষড়্ভিঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজগরাচ্ছিক্ষিতমাহ অনীহ ইতি। শয়ে স্বপিমি। সত্ত্ববান্ ধৈর্য্যবান্ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

মধু সংগ্রহ করত মধুচক্রে যাহা ক্রমশ ভূরি পরিমাণে সংগ্রহ করে, অপর কেহ আসিয়া সেই মধুকরকে নিহত করত, তাহাদের সঞ্চিত সমগ্র মধু ধন হরণ করে। অতএব সঞ্চয়-ব্যাপার প্রায় পরের জন্যই ঘটিয়া থাকে; সুতরাং তজ্জন্য দুঃখিত না হইয়া, ধৈর্য্য অবলম্বন করাই বিধেয়; নতুবা মধুকরের ন্যায়, সংগ্রহকারীকে জীবন হারাইতেই হইবে; সন্দেহ নাই ॥ ৩২ ॥

দৈবযোগে যে কিছু ভোগ্য বিষয় উপস্থিত হয়, তাহাতেই নিরুদ্বেগে পরিতোষ লাভ করা কর্ত্তব্য। অধিক কি! যদি দৈবযোগে জীবিকার্থ কিছুই সংগৃহীত না হয়, তাহা হইলে অজগর সর্পের ন্যায়, ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক বহু দিবস যাবৎ শয়ন করিয়া থাকিব; তথাপি কোন উদ্যম করিব না। ইহা আমি সর্পের নিকট শিক্ষা করিয়াছি ॥ ৩৩ ॥

কখন অল্প অন্ন ভোজন করি; কখন প্রচুর পরিমাণে ভোজন করিতে পাইলাম; কখনও বা অতি সুস্বাদু এবং বলকারক অন্ন জুটিল; কখনও বা

ক্ষৌমং দুকূলমজিনং চীরং বল্কলমেব বা।
বসেঽন্যদপি সংপ্রাপ্তং দিষ্টভুক্ তুষ্টধীরহং ॥ ৩৫ ॥
ক্বচিচ্ছয়ে ধরোপস্থে তৃণপর্ণাশ্ম-ভস্মসু।
ক্বচিৎ প্রাসাদ-পর্যঙ্কে কশিপৌ বা পরেচ্ছয়া ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

এবং বস্ত্রং অপি ক্ষৌমং দুকূলং, অজিনং মৃগচর্ম্ম, চীরং জীর্ণং বস্ত্রং, বল্কলং এব বা অন্যৎ সংপ্রাপ্তং অপি আনীতং যদৃচ্ছয়া প্রাপ্তং অপি দিষ্টভুক্ প্রারব্ধ-ভোগী, তুষ্টধীঃ অহং বসে পরিদধে ॥ ৩৫ ॥

ক্বচিৎ ধরোপস্থে ভূপৃষ্ঠে, ক্বচিৎ তৃণ-পর্ণাশ্ম-ভস্মসু ক্বচি প্রাসাদ-পর্য্যঙ্কে তত্রাপি কশিপৌ পরেচ্ছয়া অহং শয়ে স্বপিমি ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

চীরং জীর্ণবস্ত্রখণ্ডং। বসে পরিদধে। দিষ্টভুক্ প্রারব্ধভোগী ॥ ৩৫ ॥
প্রসাদমধ্যে পর্য্যঙ্কে তত্রাপি কশিপৌ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বসে পরিদধে ॥ ৩৫ ॥

অতি বিস্বাদ হেয় অন্ন সংগৃহীত হইল ॥

কখন বা কেহ বিশেষ শ্রদ্ধা সহকারে প্রদান করিল, কখনও বা কেহ নিতান্ত হতশ্রদ্ধার সহিত প্রদান করিল। আমি কিন্তু তাহাতেই পরিতৃপ্ত থাকি; তজ্জন্য আমার মনোমধ্যে কখন কোনরূপ ক্লেশ বা হর্ষের উদয় হয় না। কখনও বা রাত্রিতে, কোন সময়ে বা দিবসেই অন্ন সংগৃহীত হইল; আমি কিন্তু অম্লান-বদনে তাহাই স্বীকার করিয়া থাকি ॥ ৩৪ ॥

কখন উৎকৃষ্ট ক্ষৌম বস্ত্র, কখন অজিন, কখন চীর বসন, কখনও বা বৃক্ষের বল্কল, এমন কি! যখন যাহা দৈবযোগে আমি প্রাপ্ত হই, অদৃষ্টের মুখাপেক্ষী হইয়া, আনন্দ-সহকারে এবং সন্তুষ্টচিত্তে তাহাই আমি পরিধান করিয়া থাকি ॥ ৩৫ ॥

কখন ভূমি-শয্যায় শয়ন করত, রাত্রি যাপন করি; কখনও বা তৃণ ও পর্ণোপরি শয়ান থাকিয়া, সুখনিদ্রা সম্ভোগ করি। কখনও বা পাষাণের উপরে ভস্মের আস্তরণে, কখনও বা অপরের অনুরোধে প্রাসাদের উচ্চ প্রকোষ্ঠে পর্য্যঙ্কোপরি দুগ্ধফেননিভ শয্যায় শয়ন করত, যামিনী অতিবাহিত করি ॥ ৩৬ ॥

কখনও বা কেহ সুগন্ধি তৈলাদির দ্বারা উত্তমরূপে অনুলিপ্তাঙ্গ করিয়া আমাকে দিব্য জলে স্নান করায় এবং অতি সূক্ষ্ম বসন পরিধান করাইয়া দিব্য মাল্য ও অলঙ্কারাদিতে বিভূষিত করিয়া দেয়। তখন অন্যের অনু-

ক্বচিৎ স্নাতোঽনুলিপ্তাঙ্গঃ সুবাসাঃ স্রগলঙ্কৃতঃ।
রথেভাশ্বৈশ্চরে ক্বাপি দিগ্বাসা গ্রহবদ্বিভো ॥ ৩৭ ॥
নাহং নিন্দে নচ স্তৌমি স্বভাব-বিষমং জনং।
এতেষাং শ্রেয় আশাসে উতৈকাত্ম্যং মহাত্মনি ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ পরেচ্ছয়া এব স্নাতঃ অনুলিপ্তাঙ্গঃ (অনুলিপ্তং অঙ্গং যস্য সঃ) সুবাসাঃ (শোভনং বাসঃ বস্ত্রং যস্য সঃ) স্রগলঙ্কৃতঃ (স্রগ্‌ভিঃ অলঙ্কৃতঃ) রথেভাশ্বৈঃ যানৈঃ চরে সংচরামি। ক্বচিৎ অপি দিগ্বাসাঃ নগ্নঃ এব হে বিভো! গ্রহবৎ চরে ॥ ৩৭ ॥

স্বভাব-বিষমং (স্বভাবতঃ এব বিষমং অপমান-কর্ত্তারং) জনং অহং ন নিন্দে ন নিন্দয়ামি, ন চ সম্মান-কর্ত্তারং স্তৌমি উত অপি তু এতেষাং জনানাং শ্রেয়ঃ মহাত্মনি ভগবতি ঐকাত্ম্যং সাযুজ্যং ইতি মঙ্গলং এব আশাসে প্রার্থয়ে ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

চরে বিচরামি। ক্বচিৎ গ্রহবৎ দিগম্বরো বিচরামি ॥ ৩৭ ॥

নচ মানাপমান-কর্ত্তৃষু মম বৈষম্যমিত্যাহ নাহং নিন্দামি। মহাত্মনি বিষ্ণৌ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধরোপস্থে ধরাক্রোড়ে। উপস্থঃ শেফসি তথা ক্রোড়ে মদনমন্দিরে ইতি মেদনী ॥৩৬॥৩৭॥

শ্রেয়ো ভক্তিযোগং তস্য ভগবতঃ সকাশাৎ দুর্লভত্বমাশঙ্ক্যাহ উতেতি। ঐকাত্ম্যং মোক্ষং। মহাত্মনি পরমাত্মনি ॥ ৩৮ ॥

রোধে কখন গজ-পৃষ্ঠে, রথ রোহণে বা হয়োপরি আরূঢ় হইয়া, রাজার ন্যায় বিচরণ করি। কখনও বা দিগম্বর বেশে ভস্মাচ্ছাদিত কলেবরে গ্রহগণের ন্যায় ইতস্ততঃ পর্য্যটন করিয়া থাকি ॥ ৩৭ ॥

জগতে নানাপ্রকারের লোক আছে; কিন্তু আমার তাহাতে কোন ক্ষতি বৃদ্ধি আমি কখন অনুভব করি না। যদি কেহ স্বীয় স্বভাবের পরিচয়ে অকারণেও আমার কোনরূপ অবমাননা করে, তাহাতে আমি যেমন রুষ্ট হইয়া তাহাদের কাহারও কখন নিন্দা করি না, সেইরূপ সম্মানন-কারীর প্রতিও সন্তুষ্ট হইয়া, তাহাদের তোষামোদে প্রবৃত্ত হই না। বরং জগদীশ্বরের নিকট নিরন্তর প্রার্থনাই করি, যাহাতে তাহাদের সকলের চিত্ত সেই ভূতভাবনে সংমিলিত হইয়া, তাহারা তদীয় সাযুজ্যপদ লাভ করে। ৩৮॥

মনুষ্য, গো এবং অশ্বাদি জাতিনিষ্ঠ ভেদ এবং তত্তৎ স্বার্থসিদ্ধির উদ্দেশ্য এক মনোমধ্যেই বিকল্পিত হইয়া থাকে। অতএব যাবতীয় বস্তুনিষ্ঠ এবং কার্য্যকারিতানিষ্ঠ যাবতীয় ভেদ এক মনোমধ্যে বিলীন করাই প্রয়োজন; এবং

বিকল্পং জুহুয়াচ্চিত্তৌ তাং মনস্যর্থবিভ্রমে।
মনো বৈকারিকে হুত্বা তং মায়ায়াং জুহোত্যনু ॥ ৩৯ ॥
আত্মানুভূতৌ তাং মায়াং জুহুয়াৎ সত্যদৃঙ্মুনিঃ।
ততো নিরীহো বিরমেৎ স্বানুভূত্যাত্মনি স্থিতঃ ॥ ৪০ ॥
স্বাত্মবৃত্তং ময়েত্থন্তে সুগুপ্তমপি বর্ণিতং।

অন্বয়ঃ।

বিকল্পং জাতি-রূপাদি-ভেদং চিত্তৌ মনোবৃত্তৌ, জুহুয়াৎ ঐক্যং ভাবয়েৎ ; তাং বৃত্তিং, অর্থবিভ্রমে (অর্থস্য দেহাত্মাদি-পদার্থস্য বিভ্রমঃ বিপর্য্যয়ঃ যস্মিন্ তস্মিন্) মনসি জুহুয়াৎ ; মনঃ বৈকারিকে স্বকারণে সাত্ত্বিকাহংকারে হুত্বা অনু অনন্তরং, তং অহঙ্কারং (মহত্তত্ত্বাদীন্) মায়ায়াং প্রকৃতৌ, জুহোতি জুহুয়াৎ ॥ ৩৯ ॥

ততঃ চ মুনিঃ মননশীলঃ, তাং মায়াং আত্মানুভূতৌ স্বপ্রকাশে ব্রহ্মণি জুহুয়াৎ ততশ্চ সত্যদৃক্ (সত্যং এব পরমাত্মানং যথা পশ্যতি তথাভূতঃ সন্ স্বানুভূত্যা আত্মনি স্বপ্রকাশাত্মনি স্থিতঃ নিরীহঃ সর্ব্বক্রিয়াশূন্যঃ এব কৃত্যাৎ বিরমেৎ ॥ ৪০ ॥

সুগুপ্তং অপি মন্দদৃষ্ট্যা লোক-শাস্ত্রাভ্যাং ব্যপেতং তন্মর্য্যাদারহিতং, স্বস্য আত্মনঃ জীবস্য,

শ্রীধরস্বামী।

এবংভূতত্বেন স্থিতাবুপায়মাহ বিকল্পমিতি দ্বাভ্যাং। চিত্তৌ ভেদগ্রাহক-মনোবৃত্তৌ অর্থরূপো বিভ্রমো যস্মিন্ বৈকারিকে হহঙ্কারে। অনু অনন্তরং। মহত্তত্ত্বদ্বারেণেত্যর্থঃ ॥ ৩৯ ॥

সত্যমেব পশ্যতীতি তথা ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবম্ভূতত্বেন যোগিনঃ স্থিতাবুপায়মাহ বিকল্পমিতি দ্বাভ্যাং। বিবিধং ভ্রমণং যাতায়াতং যতস্তস্মিন্। বৈকারিকে অহঙ্কারে। তং মহতি তঞ্চ মহান্তং মায়ায়াং। অত্র তং মহতীতি পদ-দ্বয়মধ্যাহার্য্যং ॥ ৩৯ ॥ ৪০ ॥

লোক-শাস্ত্রাভ্যাং ব্যপেতং রহিতমিতি। মন্দদৃষ্ট্যা কিঞ্চ হীতি যতো ভবান্ ভগবৎপ্রিয়ো

সেই মনকে তদীয় কারণ-স্থানীয় সাত্ত্বিক অহঙ্কার-তত্ত্বে আহুতি দেওয়া প্রয়োজন। অহঙ্কার তত্ত্বকেও প্রকৃতিস্বরূপা মহামায়ায় সমর্পিত করা প্রয়োজন ॥ ৩৯ ॥

মননশীল যতি সেই মায়াশক্তিকে স্বপ্রকাশ স্বীয় অনুভূতি-স্বরূপ ব্রহ্মতত্ত্বে বিলীন করিবেন। তখন সত্যস্বরূপ এক পরমাত্মার প্রতি দৃষ্টি সন্নিবেশিত করত, স্বপ্রকাশস্বরূপ আত্মভাবে অবস্থান পূর্ব্বক যোগী নিরাকাঙ্ক্ষভাবে সকল প্রকার ক্রিয়া হইতে নিষ্কৃতি লাভ করিবেন ॥ ৪০ ॥

হে মহারাজ! আপনি একজন ভগবানের পরম ভক্ত! সুতরাং আপনার

ব্যপেতং লোকশাস্ত্রাভ্যাং ভবান্ হি ভগবৎপরঃ ॥

নারদ উবাচ ॥

ধর্ম্মং পারমহংস্যং বৈ মুনেঃ শ্রুত্বা সুরেশ্বরঃ।

পূজয়িত্বা ততঃ প্রীত আমন্ত্র্য প্রযযৌ গৃহং ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সপ্তমস্কন্ধে যুধিষ্ঠির নারদ সম্বাদে যতিধর্ম্মত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

যুধিষ্ঠির উবাচ ॥

গৃহস্থ এতাং পদবীং বিধিনা যেন চাঞ্জসা।

অন্বয়ঃ।

ইদং বৃত্তং তে তুভ্যং ময়া বর্ণিতং! যতঃ ভবান্ হি ভগবৎপরঃ ॥

নারদঃ উবাচ। এবং মুনেঃ সকাশাৎ পারমহংস্যং পরমেশ্বর-সম্বন্ধিনং ধর্ম্মং বৈ শ্রুত্বা, অসুরেশ্বর প্রহ্লাদঃ তং পূজয়িত্বা অভিনন্দ্য পৃষ্ট্বা প্রীতঃ সন্ ততঃ স্বং গৃহং প্রযযৌ ॥ ৪১ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

মন্দদৃষ্ট্যা লোকশাস্ত্রাভ্যাং ব্যপেতং নতু তত্ত্বদৃষ্ট্যা যতো ভবান্ ভগবৎপ্রিয়ঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি সপ্তমে ত্রয়োদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহাভাগবত স্ত্বানেন প্রয়োজনাভাব ইতি ভাবঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

ত্রয়োদশঃ সপ্তমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অনুরোধে এই পরম পবিত্র সুগোপ্য জীবস্বরূপের প্রকৃত তত্ত্ব এবং আচার আপনার নিকট বর্ণন করিলাম। ইহাতে সাধারণত শাস্ত্র এবং লৌকিক দৃষ্টিতে বিরোধ ঘটিলেও, পরমার্থ দৃষ্টিতে কোন ভেদের আশঙ্কা নাই ॥

নারদ বলিলেন, অসুরপতি প্রহ্লাদ তখন সেই মুনিবর দত্তাত্রেয়ের সমীপে পরমেশ্বর-সম্বন্ধীয় পরমহংস ধর্ম্ম আনুপূর্ব্বিক শ্রবণ করিয়া, বিশেষ পরিতুষ্ট হইলেন। পরে যথাযোগ্য তাঁহার পূজা এবং অভিবাদনাদি করিয়া, স্বীয় ভবনে প্রস্থান করিলেন ॥ ৪১ ॥

ইতি সপ্তমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রয়োদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

চতুর্দ্দশ অধ্যায়ে গৃহস্থের উৎকৃষ্ট ধর্ম্ম এবং দেশ-কালাদি-ভেদে বিশেষ বিশেষ শ্রেয়স্কর [illegible] কথিত হইয়াছে।

যায়াদ্দেব ঋষে ব্রূহি মাদৃশো গৃহমূঢ়ধীঃ ॥ ১ ॥
নারদ উবাচ ॥
সাধু পৃষ্টং মহাভাগ লোকান্ সমনুগৃহ্ণতা।
তত্ত্বেন তদহং বক্ষ্যে নৈষ্কর্ম্ম্যং যেন কর্ম্মণাং ॥

অন্বয়ঃ।

যুধিষ্ঠিরঃ উবাচ। হে দেবঋষে! গৃহমূঢ়ধীঃ (গৃহে মূঢ়া আসক্তা ধীঃ যস্য সঃ) মাদৃশঃ গৃহস্থঃ এতাং পূর্ব্বোক্তাং মোক্ষলক্ষণাং পদবীং গতিং, যেন বিধিনা প্রকারেণ, অঞ্জসা অনায়াসেন, যায়াৎ যাতি তং ব্রূহি ॥ ১ ॥

হে মহাভাগ! ত্বয়া জানতাপি লোকান্ সমনুগৃহ্ণতা এতৎ সাধু পৃষ্টং অতঃ অহং অপি যেন ধর্ম্মানুষ্ঠানেন কর্ম্মণাং মোক্ষপ্রতিবন্ধকানাং অপি নৈষ্কর্ম্ম্যং মোক্ষহেতুত্বং ভবেৎ তৎ তত্ত্বেন যাথার্থ্যেন বক্ষ্যে প্রবক্ষ্যামি ॥

শ্রীধরস্বামী।

চতুর্দ্দশে গৃহস্থস্য পরমো ধর্ম্ম ঈর্য্যতে।
দেশকালাদি-ভেদেন পুনঃ শ্রেয়ো বিশেষকৃৎ ॥ * ॥

গৃহস্থমুল্লঙ্ঘ্য মোক্ষান্তরঙ্গত্বেন প্রথমং বনস্থ-যতিধর্ম্মেষ্বভিহিতেষু তর্হি গৃহস্থস্য মোক্ষো ন স্যাদিতি শঙ্কিতচিত্তঃ পৃচ্ছতি গৃহস্থ ইতি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিবৃত্তং ত্রিষু নির্বর্ণ্য প্রবৃত্তস্তু গৃহাশ্রমে।
দেশকালাদি-ভেদেন ধর্ম্ম উক্তশ্চতুর্দ্দশে ॥ * ॥

তদেবং ব্রহ্মচারি-বানপ্রস্থ-যতিষু ত্রিষ্বধিকারিষু নিবৃত্ত-ধর্ম্মমুক্ত্বা প্রবৃত্তধর্ম্মমেকস্মিন্ গৃহস্থ এবাধিকারিণি বক্তুং প্রবর্ত্তমানং মুনিং প্রত্যলং প্রবৃত্তধর্ম্মেণ জন্মমৃত্যু-প্রবাহানুকূলেন বক্তব্যেন যদিচ প্রবৃত্তধর্ম্মেণাপি নিবৃত্তধর্ম্মফলং মোক্ষঃ সিদ্ধোত্তর্হি তং ব্রূহীত্যাশয়েনাহ গৃহস্থ ইতি ॥ ১ ॥

বাসুদেবার্পণং যথাস্যাত্তথা কুর্ব্বন্ মহামুনীন্ উপাসীত যথাকালং কালে কালে অপরা-

---

রাজা যুধিষ্ঠির বলিলেন, হে দেবর্ষে! গৃহক্ষেত্রাদিতে একান্ত আসক্ত-চিত্ত আমাদের ন্যায় গৃহস্থ ব্যক্তি যে প্রকারে এই পূর্ব্বোক্ত মোক্ষপদবী সহজে লাভ করিতে পারে, আপনি অনুগ্রহ পূর্ব্বক তাহাই বর্ণন করুন! ॥ ১ ॥

এতৎশ্রবণে দেবর্ষি নারদ বলিলেন, হে নরনাথ! আপনি একজন প্রকৃত মহামনা ধর্ম্মাত্মা! কারণ লোকের উপকারার্থই আপনার ঈদৃশ প্রশ্নের উদয় হইয়াছে! অতএব যাদৃশ ধর্ম্মের অনুষ্ঠানের দ্বারা গৃহস্থ কর্ম্ম-বন্ধন হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে, আমি তাহাই বর্ণন করিতেছি; আপনি [illegible] করুন! ॥

হে রাজন্! গার্হস্থ ধর্ম্মে অবস্থিত মানব ভগবান্ বাসুদেবে [illegible]

গৃহেষ্ববস্থিতো রাজন্ ক্রিয়াঃ কুর্ব্বন্ যথোচিতাঃ।
বাসুদেবার্পণং সাক্ষাদুপাসীত মহামুনীন্ ॥
শৃণ্বন্ ভগবতোঽভীক্ষ্ণমবতারকথামৃতং।
শ্রদ্দধানো যথাকালমুপশান্তজনাবৃতঃ ॥ ২ ॥
সৎসঙ্গাচ্ছনকৈঃ সঙ্গমাত্মজায়াত্মজাদিষু।
বিমুঞ্চেন্মুচ্যমানেষু স্বয়ং স্বপ্নবদুত্থিতঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! গৃহেষু অবস্থিতঃ গৃহস্থঃ বাসুদেবার্পণং শ্রীকৃষ্ণার্পণং যথা ভবতি তথা যথোচিতাঃ পঞ্চমহাযজ্ঞাদিরূপাঃ ক্রিয়াঃ কুর্ব্বন্ মহামুনীন্ ভগবদ্ভক্তান্, উপাসীত সেবেত ॥

তথা যথাকালং আবশ্যক-কর্ম্মানুষ্ঠানাবশেষিতং কালং, উপশান্তজনৈঃ আবৃতঃ পরিবৃতঃ, সন্ ভগবতঃ অবতার-কথামৃতং অভীক্ষ্ণং শ্রদ্দধানঃ সন্ শৃণ্বন্ ॥ ২ ॥

সৎসঙ্গাৎ মুচ্যমানেষু স্বয়ং এব বিযুজ্যমানেষু, আত্মজায়াত্মজাদিষু দেহকলত্রপুত্রাদিষু, সঙ্গং স্বপ্নবৎ, উত্থিতঃ জাগরিতঃ জনঃ ইব, বিমুঞ্চেৎ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

তস্য মোক্ষধর্ম্মানাহ গৃহেষিত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি। সাক্ষাদ্বাসুদেবার্পণং যথা ভবতি এবং কুর্ব্বন্নুপাসীত ॥ ২ ॥

স্বয়মেব মুচ্যমানেষু বিযুজ্যমানেষু যথা উত্থিতঃ পুমান্ স্বপ্নদৃষ্টেষু পুত্রাদিষু সঙ্গং মুঞ্চতি তদ্বৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হ্লাদো। উপশান্ত-জনাবৃতঃ সন্ কথামৃতমভীক্ষ্ণং শৃণ্বন্ নতু কথা-শ্রবণকালে বার্ত্তান্তরং শৃণ্বন্নিত্যর্থঃ ॥ ২ ॥

স্বয়মেব মুচ্যমানেষু বিযুজ্যমানেষু। যথা উত্থিতঃ প্রবুদ্ধঃ পুমান্ স্বপ্নদৃষ্টেষু পুত্রাদিষু সঙ্গং মুঞ্চতি তদ্বৎ ॥ ৩ ॥

করত যথোচিত নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মের যথাকালে অনুষ্ঠান করত, ভগবদ্ভক্ত মুনিগণের যেন সেবা করেন ॥

প্রত্যহ আবশ্যকীয় কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান করিয়া, অবশিষ্ট সময় উপশান্ত-চিত্ত ব্যক্তিগণে পরিবৃত হইয়া, ভগবানের অবতার-কথারূপ অমৃত নিরন্তর শ্রদ্ধা-সহকারে পান করা বিধেয় ॥ ২ ॥

সাধু-সঙ্গের ফলে অনিত্য দেহ কলত্র পুত্র ও বিত্তাদিতে গাঢ় আসক্তি আপনা হইতে শিথিল হইয়া পড়ে। অহো! স্বপ্ন হইতে উত্থিত ব্যক্তি যেমন স্বপ্নের কথা স্মরণ করিয়া, কেবল হাস্য করেন মাত্র, বিরক্ত মানব সেইরূপ তত্ত্বজ্ঞানের পর আসক্তির কথা স্মরণ করিয়া, মনে মনে ক্ষুণ্ণ হন মাত্র ॥ ৩ ॥

যাবদর্থমুপাসীনো দেহে গেহেচ পণ্ডিতঃ।
বিরক্তো রক্তবত্তত্র নৃলোকে নরতাং ন্যসেৎ ॥ ৪ ॥
জ্ঞাতয়ঃ পিতরৌ পুত্রা ভ্রাতরঃ সুহৃদোঽপরে।
যদ্বদন্তি যদিচ্ছন্তি চানুমোদেত নির্ম্মমঃ ॥ ৫ ॥
দিব্যং ভৌমঞ্চান্তরীক্ষং বিত্তমচ্যুতনির্ম্মিতং।

অন্বয়ঃ।

যাবদর্থং প্রাণধারণ-প্রয়োজনং যাবৎ, তাবৎ উপাসীনঃ স্বীকুর্ব্বন্, দেহে গেহে চ অন্তর্বিরক্তঃ অপি বহিঃ তত্র রক্তবৎ আসক্তবৎ নৃলোকে জনমধ্যে পণ্ডিতঃ জনঃ নরতাং মনুষ্যত্বং, ন্যসেৎ পুরুষকারং আবিষ্কুর্য্যাৎ ॥ ৪ ॥

জ্ঞাত্যাদয়ঃ অপরে যৎ বদন্তি যৎ চ ইচ্ছন্তি তৎ সর্ব্বং স্বয়ং নির্ম্মমঃ সন্ অনুমোদেত ॥ ৫ ॥

দিব্যং বৃষ্ট্যাদিভিঃ জাতং ধান্যাদি, ভৌমং সুবর্ণাদি, আন্তরীক্ষং অকস্মাৎ প্রাপ্তং, তথা

শ্রীধরস্বামী।

নন্বেবম্ভূতস্য দুর্জ্জনৈরভিভূয়মানস্য কুতো গৃহোচিতাঃ ক্রিয়াঃ স্যু স্তত্রাহ যাবদর্থমিতি। অন্তরনাসক্তঃ বহিস্ত্বাসক্ত ইব নৃলোকে জনমধ্যে নরতাং মনুষ্যতাং ন্যসেৎ পুরুষকারমাবিষ্কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪ ॥

আগ্রহন্তু ক্বাপি ন কুর্য্যাদিত্যাহ জ্ঞাতয় ইতি ॥ ৫ ॥

নন্বেবং সর্ব্বানুমোদনে বিত্তক্ষয়-প্রসঙ্গাৎ কুতো জীবনং কুতো বা কর্ম্মকরণং তত্রাহ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপাসীনো ভোগ্যাদি বস্তূনীতি শেষঃ। দেহে গেহেচ বিষয়ে পণ্ডিত ইতি তত্র তত্র ঔদাসীন্যেন বর্ত্তমান ইত্যর্থঃ। রক্তবৎ অন্তর্বিরক্তো বহিস্ত্বাসক্তবৎ। তত্র গৃহমধ্যবর্ত্তিনি। নরতাং পুরুষত্বং ন্যসেৎ পুরুষকারমাবিষ্কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪ ॥

নির্ম্মমঃ অনাসক্তএব অনুমোদেত ॥ ৫ ॥

দিব্যং বৃষ্ট্যাদিভি র্জাতং ধান্যাদি। ভৌমমাকরাদ্যুত্থং। আন্তরীক্ষমকস্মাৎ প্রাপ্তং।

পণ্ডিত ব্যক্তি মনে মনে দেহ গেহাদির প্রতি বিরক্ত এবং সম্পূর্ণ অনাসক্ত থাকিলেও, লৌকিক ব্যবহারে তাহা সুস্পষ্ট প্রকাশ করেন না; বরং আপনার প্রাণধারণের প্রয়োজন মত ধন এবং সম্ভোগাদি স্বীকার করত, জন-সাধারণের দৃষ্টিতে কিয়ৎ পরিমাণে আসক্তির পরিচয়ে লোক-যাত্রার অনুসরণ করেন ॥৪॥

জ্ঞাতিবর্গ, পিতা, মাতা, ভ্রাতা, ভগ্নী, পুত্র কলত্র এবং অন্যান্য সুহৃদ্‌গণ যে যেরূপ বলেন বা যাদৃশ অভিলাষই করেন, পণ্ডিত ব্যক্তি নিরভিমানে সে সমস্তই সম্পাদন করিয়া থাকেন ॥ ৫ ॥

বৃষ্ট্যাদি লব্ধ ধান্যাদি দিব্য ধন, ভূগর্ভে লব্ধ সুবর্ণাদি ভৌম ধন এবং

তৎ সর্ব্বমুপযুঞ্জান এতৎ কুর্য্যাৎ স্বতো বুধঃ ॥ ৬ ॥
যাবদ্ভ্রিয়েত জঠরং তাবৎ স্বত্বং হি দেহিনাং।
অধিকং যোঽভিমন্যেত স স্তেনো দণ্ডমর্হতি ॥ ৭ ॥
মৃগোষ্ট্র-খর মর্কাখু সরীসৃপ্ খগ মক্ষিকাঃ।

অন্বয়ঃ।

স্বতঃ এব অচ্যুতনির্ম্মিতং প্রারব্ধ-প্রেরিতং যৎ বিত্তং তৎ এতৎ সর্ব্বং উপযুঞ্জানঃ এব বুধঃ এতৎ প্রাণধারণাদিকং কুর্য্যাৎ ॥ ৬ ॥

যাবৎ যাবতা জঠরং উদরং ভ্রিয়েত পূর্য্যেত, তাবৎ এব হি দেহিনাং স্বত্বং স্বীকারঃ কর্ত্তব্যঃ। যঃ তু অধিকং অভিমন্যেত স্বকীয়ত্বেন অঙ্গীকুর্য্যাৎ সঃ স্তেনঃ চোরঃ এব, অতঃ সঃ জন্মমরণাদি-দুঃখানুভবরূপং দণ্ডং অর্হতি ॥ ৭ ॥

মৃগাঃ গবাশ্বাদয়ঃ ; খরঃ গর্দভঃ, মর্কঃ বানরঃ, আখুঃ মূষিকঃ, সরীসৃপঃ সর্পঃ, খগাঃ

শ্রীধরস্বামী।

দিব্যং বৃষ্ট্যাদিভি র্জাতং ধান্যাদি। ভৌমং বিবরাদিপ্রাপ্তং নিধানাদি। আন্তরীক্ষং অকস্মাদেব প্রাপ্তং এবং স্বত এব অচ্যুতনির্ম্মিতং দৈবলব্ধং যৎ এতৎ পূর্ব্বোক্তং কর্ম্মাদি ॥ ৬ ॥

দৈবাৎ ভূরিলাভে জাতেঽপি তত্রাভিমানো ন কার্য্য ইত্যাহ যাবদিতি। ভ্রিয়েত পূর্য্যেত ॥৭॥

অতএব যং কমপি স্বগৃহং ক্ষেত্রং বা প্রবিশ্য ভুঞ্জানং ন নিবারয়েৎ ইত্যাহ মৃগোত।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তদ্রূপত্বেন সর্ব্বমচ্যুতেনৈব বিনির্ম্মিতমতো বিত্তার্থং নৈব চিন্তাং কুর্য্যাদিত্যর্থঃ। এতৎ পূর্ব্বোক্তং নিত্যনৈমাত্তকাদি। স্বতঃ স্বং বিত্তং তেনেত্যর্থঃ ॥ ৬ ॥

দৈবাদ্ভূরি লাভে জাতেঽপি ন তত্রাভিমানো নাপি যথেষ্টোপভোগঃ কার্য্য ইত্যাহ যাবৎ যাবতা ভ্রিয়েত পূর্য্যেত ॥ ৭ ॥

অন্তরীক্ষে লব্ধ অকস্মাৎ প্রাপ্ত যাবতীয় সম্পত্তিকে এক ভূতভাবন নারায়ণের দত্ত এবং রক্ষিত জ্ঞানে পণ্ডিত ব্যক্তি তাহা উপভোগ করিয়া থাকেন ; কোন সামগ্রীর উপর নিজের অভিমান বা মমতার লেশ মাত্র পরিচয় রাখেন না ॥ ৬ ॥

দৈবানুকূল্যে যদি প্রচুর খাদ্য সামগ্রীও কখন প্রাপ্ত হওয়া যায়, তথাপি প্রমত্ত হইয়া অতিরিক্ত ভোজন করা বা তাহা সংগৃহীত রাখা কর্ত্তব্য নহে। আপনার উদর-পূর্ত্তি হইতে পারে এরূপ অন্ন স্বীকার করিয়া, অবশিষ্ট পরিত্যাগ করিবেন। যদি প্রয়োজনের অতিরিক্ত গ্রহণ করেন, তাহা হইলে তিনি চৌর্য্যাপরাধে অপরাধী হইবেন এবং প্রত্যবায়ভাগী হইবেন, সন্দেহ নাই ॥ ৭ ॥

সংসারে কেহই আপনার নাই এবং কেহই পর নহে। মৃগ, উষ্ট্র, গর্দ্দভ,

আত্মনঃ পুত্রবৎ পশ্যেত্তৈরেষামন্তরং কিয়ৎ ॥ ৮ ॥
ত্রিবর্গং নাতিকৃচ্ছ্রেণ ভজেত গৃহমেধ্যপি।
যথাদেশং যথাকালং যাবদ্দৈবোপপাদিতং ॥ ৯ ॥
শ্বাদ্যাত্তেবসায়িভ্যঃ কামান্ সংবিভজেদ্যথা।

অন্বয়ঃ।

কাকাদয়ঃ, তান্ আত্মনঃ পুত্রবৎ পশ্যেৎ! যতঃ তৈঃ পুত্রৈঃ, এষাং মৃগাদীনাং, অন্তরং তারতম্যং, কিয়ৎ ন কিমপি ॥ ৮ ॥

গৃহস্থঃ অপি অতি কৃচ্ছ্রেণ ত্রিবর্গং ধর্ম্মার্থকামাখ্যং ন ভজেত ন সেবেত; কিন্তু অল্পায়াসেন দেশ-কালানুসারেণ যাবৎ দৈবেন উপপাদিতং সম্পাদিতং তাবৎ এব ভজেৎ ॥ ৯ ॥

শ্বানঃ চ অন্ত্যাঃ পতিতাঃ, অন্তেবসায়িনঃ চণ্ডালাদয়ঃ তান্ অভিব্যাপ্য যথা যথার্হং, কামান্

শ্রীধরস্বামী।

মর্কো মর্কটঃ সরীসৃপঃ সর্পঃ। মক্ষিকাশ্চ তৈঃ পুত্রৈরেষাং মৃগাদীনাং ॥ ৮ ॥

অতিকৃচ্ছ্রেণোৎপাদ্য ন ভজেত কিন্তু যাবদ্দৈবপ্রাপিতং তাবদেব ভজেত ॥ ৯ ॥

শ্বানশ্চ অন্ত্যাশ্চ পতিতাঃ অন্তেবসায়িনশ্চ চণ্ডালাদয়ঃ তানভিব্যাপ্য যথার্হং কামান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রবদিতি যথা পুত্রেভ্যো ভোজ্যং বিভজেৎ তথৈব যথোচিতমেভ্যোঽপি বিভজেদিত্যর্থঃ ॥ ৮ ॥

অতিকৃচ্ছ্রেণ সম্যক্ সংপাদ্য ন ভজেৎ কিন্তু স্বল্পায়াসেনৈব দৈব-প্রাপিতং যাবৎ তাবদেব নতু ভূরিসম্ভারমপেক্ষেতেত্যর্থঃ। অপিকারাদ্ব্রহ্মচর্য্যাদিস্তু গুরুকৃত্যাদিষু কিমুতেতি ভাবঃ ॥ ৯ ॥

শ্বানশ্চ অন্ত্যাঃ পতিতাশ্চ অন্তেবসায়িনশ্চ চণ্ডালাদয়ঃ তানপ্যভিব্যাপ্য যথার্হং কামান্ স্বভোগ্যান্। দারামিতি স্ত্রীত্বৈকত্বে আর্ষে। যদ্যপ্যেকৈবাত্মনঃ সৈব ভার্য্যা তস্যামতিথি-

---

বানর, মূষিক, সর্প, সরিসৃপ, পক্ষী বা মক্ষিকাকুল যে কোন প্রাণী জগতে পরিদৃষ্ট হয়, তাহাদিগকে পর বিবেচনায় প্রতাড়িত করা কর্ত্তব্য নহে; বরং পুত্র-নির্ব্বিশেষে প্রত্যেক জীবের জীবিকার্থ যত্ন করা কর্ত্তব্য। কারণ পুত্রের সহিত তুলনায়, তাহাদের সহিত সম্পর্ক কোন অংশে দূর বলিয়া পরিগণিত হইতে পারে না ॥ ৮ ॥

গৃহস্থ হইলেও ব্রাহ্মণের পক্ষে কোন প্রকারে ধর্ম্ম অর্থ এবং কাম স্বরূপ ত্রিবর্গসাধনের জন্য কোনরূপ ক্লেশ স্বীকার করা কর্ত্তব্য নহে। যে কোন স্থানে যে কোন সময়ে প্রারব্ধ বশে যে কোন দ্রব্য প্রাপ্ত হওয়া যায়, তাহাতেই সন্তুষ্ট থাকা প্রয়োজন ॥ ৯ ॥

অধিক কি! তাদৃশ দৈবলব্ধ সামগ্রী লইয়া, অতি নিকৃষ্ট কুক্কুর এবং

অপ্যেকামাত্মনো দারাং নৃণাং স্বত্বগ্রহো যতঃ ॥ ১০ ॥
জহ্যাদ্‌যদর্থে স্বান্ প্রাণান্ হন্যাদ্বা পিতরং গুরুং।
তস্যাং স্বত্বং স্ত্রিয়াং জহ্যাদ্‌যস্তেন হ্যজিতো জিতঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

সংবিভজেৎ বিভজ্য দদ্যাৎ। যদি একা এব আত্মনঃ ভার্য্যা দারা যস্যাং নৃণাং স্বত্বগ্রহঃ মমৈব ইয়ং ইত্যাগ্রহঃ, তাং অপি অতিথি-শুশ্রূষণে নিযুঞ্জীত ॥ ১০ ॥

যদর্থে যন্নিমিত্তং স্বপ্রাণান্ জহ্যাৎ; পিতরং গুরুং বা হন্যাৎ, তস্যাং স্ত্রিয়াং, যঃ স্বত্বং স্বকীয়ত্বাভিমানং জহ্যাৎ ত্যজেৎ, তেন জনেন অজিতঃ ভগবান্, জিতঃ বশীকৃতঃ ভবতি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

বিভজেৎ স্বভোগ্যান্ বিভজ্য দদ্যাৎ। যদ্যপ্যেকৈবাত্মনো দারা ভার্য্যা তস্যাং অতিথি-শুশ্রূষণে নিযুক্তায়াং স্বস্য শুশ্রূষা হীয়েত। যস্যাঞ্চ নৃণাং স্বত্বগ্রহং মমৈবেত্যাগ্রহঃ তামেকা-মপি সংবিভজেৎ অতিথি-শুশ্রূষণে নিযুঞ্জীত ইত্যর্থঃ নত্বন্যথা মন্তব্যং যথার্হং সংবিভজেদি-ত্যুক্তত্বাৎ ॥ ১০ ॥

এবঞ্চেত্তেনেশ্বরো বশীকৃতঃ স্যাদিত্যাহ। যদর্থে যন্নিমিত্তং অন্যৈরজিতোঽপীশ্বরঃ তেন জিতএব ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুশ্রূষণে নিযুক্তায়াং স্বস্য শুশ্রূষা হীয়তে তদপি তামপি বিভজেৎ অতিথ্যাদিশুশ্রূষণে নিযুঞ্জীতৈব। নত্বন্যথা মন্তব্যং যথার্হং সংবিভজেদিত্যুক্তত্বাদিতি শ্রীস্বামিচরণাঃ। অন্যেত্ব-ন্যথাপি ব্যাচক্ষতে। যৎ যস্যাং ॥ ১০ ॥

স্বভার্য্যায়ামভিমান-ত্যাগোঽতিদুষ্কর ইত্যাহ জহ্যাদিতি ॥ ১১ ॥

পতিত চণ্ডালাদি জীবগণকেও নিজের ভোজনোদ্বৃত সামগ্রী বিভাগ করত প্রদান করিবেন। এমন কি! মানব যাহার উপর আপনার নিজস্ব বলিয়া সম্পূর্ণ অভিমানের পরিচয় দেয়, সেই দেহার্দ্ধভাগিনী একমাত্র বনিতাকেও নিজের সেবা শুশ্রূষা উপেক্ষা করত, অতিথির শুশ্রূষায় নিযুক্ত করা গৃহস্থের অবশ্য কর্ত্তব্য! ॥ ১০ ॥

হে নরনাথ! গৃহস্থের জিতেন্দ্রিয়ত্ব এবং ধৈর্য্য অসীম! অহো! যে ভার্য্যার উপলক্ষে মানব স্বকীয় পিতা এবং গুরুরও প্রাণ বধ করিতে কিছুমাত্র কুণ্ঠিত হয় না এবং অবলীলাক্রমে নিজের জীবন পর্য্যন্ত উৎসর্গ করিয়া থাকে, কেবল ধর্ম্মের অনুরোধে সেই প্রাণাপেক্ষা প্রিয়তমার উপর আপনার পূর্ণসত্ত্ব পরিত্যাগে যাহারা অতিথি-সৎকারার্থ তাহাকে প্রদান করিতে পারে, তাহারাই প্রকৃত প্রস্তাবে ভগবান্ অজিতকে সম্পূর্ণ জয় করিয়া থাকে, সন্দেহ নাই ॥ ১১ ॥

কৃমি বিড্‌ভস্মনিষ্ঠান্তং ক্বেদং তুচ্ছং কলেবরং।
ক্ব তদীয়-রতি র্ভার্য্যা কায়মাত্মা নভশ্ছদিঃ ॥ ১২ ॥
সিদ্ধৈ র্যজ্ঞাবশিষ্টার্থৈঃ কল্পয়েদ্বৃত্তিমাত্মনঃ।
শেষে স্বত্বং ত্যজন্ প্রাজ্ঞঃ পদবীং মহতামিয়াৎ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

কৃমিবিট্ ভস্মসু নিষ্ঠা পর্য্যবসানং অন্তে যস্য তৎ ইদং তুচ্ছং কলেবরং ক্ব? তদীয়া দেহার্থা রতিঃ যস্যাং সা ভার্য্যা বা ক্ব? তথা আনন্দেন নভঃ ছাদয়তি ইতি নভশ্ছদিঃ আত্মা বা ক্ব কুত্র? ॥ ১২ ॥

সিদ্ধৈঃ দৈবলব্ধৈঃ (অন্নাদিভিঃ পঞ্চমহাযজ্ঞান্ অনুষ্ঠায় তদবশিষ্টৈঃ অবশেষিতৈঃ এব অর্থৈঃ) অন্নাদিভিঃ আত্মনঃ বৃত্তিং কল্পয়েৎ; শেষে ব্যয়াবশিষ্টে, স্বত্বং অভিমানং ত্যজন্ প্রাজ্ঞঃ জনঃ মহতাং নিবৃত্তানাং পদবীং (ভগবৎ স্বরূপং) ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

কথমেব তস্যাং স্বত্বাভিমানো হাতুং শক্যঃ। তত্ত্ববিচারেণ ইত্যাহ কৃমিবিড্‌ভস্মসু নিষ্ঠা পর্য্যবসানমন্তে যস্য তদীয়া দেহার্থা রতি র্যস্যাং সা। স্বমহিম্না নভোঽপি ছাদয়তীতি তথা ॥ ১২ ॥

কিঞ্চ সিদ্ধৈ র্দৈবলব্ধৈ র্যজ্ঞাবশিষ্টার্থৈঃ পঞ্চযজ্ঞশেষৈরন্নাদিভির্হতাং নিবৃত্তানাং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যামভিমানত্যাগে বিবেকং দর্শয়তি। কৃমিবিড্‌ভস্মসু নিষ্ঠা পর্য্যবসানমন্তে যস্য তদীয়া রতি র্যস্যাং সা ক্ব! আত্মা পরমেশ্বরঃ স্বমহিম্না নভোঽপি ছাদয়তীতি স ক্বেতি। যদি তস্যামভিমান-ত্যাগেনৈব স প্রাপ্যতে তর্হি কিয়দেতদিতি ভাবঃ ॥ ১২ ॥

যাবতা উদরভরণং স্যাৎ তাবত্যেব বস্তুনি অভিমানং কুর্য্যাদিতি যৎ পূর্ব্বোক্তং তত্রাপি

অহো! কৃমি বিষ্ঠা বা ভস্মই যাহার অন্তের পরিণাম, সেই তুচ্ছ এই দেহ কোথায়! এবং তাদৃশ তুচ্ছ দেহের উপলক্ষেই পরম প্রীতির আশ্রয় বনিতাই বা কোথায়! এবং অনন্ত নভোমণ্ডলব্যাপী পরমানন্দস্বরূপ আত্মাই বা কোথায়! এতদুভয়ের অন্তর অপরিসীম! ॥ ১২ ॥

প্রারব্ধ-লব্ধ অন্নাদির দ্বারা পঞ্চমহাযজ্ঞের অনুষ্ঠান করিয়া, সেই যজ্ঞাবশিষ্ট অন্নের দ্বারা গৃহস্থ স্বীয় জীবিকা নির্ব্বাহ করিবেন। নিরন্তর এইরূপ আচরণের দ্বারা তিনি নিবৃত্ততৃষ্ণ মহামনা ব্যক্তিগণের লভ্য পরম গতি লাভ করিয়া থাকেন ॥ ১৩ ॥

পঞ্চমহাযজ্ঞের উপলক্ষে দেবতাগণ, ঋষিগণ, মানবগণ এবং ভূতসমূহের যথাযোগ্য অর্চ্চনা স্বীয় বৃত্তিলভ্য ধনের দ্বারা নিত্য পৃথক্ পৃথক্ সম্পাদন

দেবানৃষীন্ নৃভূতানি পিতৃনাত্মানমন্বহং।
স্বধৃত্যাগতবিত্তেন যজেত পুরুষং পৃথক্ ॥
যর্হ্যাত্মনোঽধিকারাদ্যাঃ সর্ব্বাঃ স্যুর্যজ্ঞসম্পদঃ।
বৈতানিকেন বিধিনা অগ্নিহোত্রাদিনা যজেৎ ॥ ১৪ ॥
নহ্যগ্নিমুখতোঽয়ং বৈ ভগবান্ সর্ব্বযজ্ঞভুক্।
তিনি স্বয়ংপ্রকাশ। অন্য প্রকাশক জ্ঞানের অপেক্ষা না করিয়া, তিনি স্বকীয় জ্ঞান জ্যোতিতেই নিরন্তর অবভাসিত আছেন; এবং নিরীহ ভাবে সৃষ্ট জগতের সকল অবস্থাকে প্রত্যক্ষ করিতেছেন এবং অন্তর্যামিরূপে সকলের অন্তরে নিরন্তর জাগরূক রহিয়াছেন; সকলেই তাঁহার আনুকূল্যে জ্ঞানশক্তি লাভ করিয়া থাকে; সুতরাং চিত্ত, মন ও ইন্দ্রিয়গ্রাম তাঁহাকে ধরিতে পারে না; তিনি সকলের অবিষয় হইয়া, পূর্ণ চিদানন্দ বিগ্রহে বিরাজ করিতেছেন। আমি তাঁহাকে প্রণাম করি! ॥ ১০ ॥

আভাস।

শক্তির পরিচয় এবং তাঁহারই কার্য্যকরিতা ভেদে নামের ইঙ্গিত মাত্র। এবং যিনি এই সমস্তকে অনুভব করিতেছেন, সেই দ্রষ্টৃস্বরূপ জীব এবং সাক্ষিস্বরূপ শিব, সমস্তই তিনি। দ্রষ্টা এবং ভোক্তা জীব তাঁহার রচিত সমস্তই দেখে; কিন্তু মূল তাঁহাকে দেখিতে পায় না। কারণ ইন্দ্রিয়াদি যে কোন উপকরণের সাহায্যে দর্শন বা উপলব্ধি করা হয়, সে সমস্তই প্রকৃতির পরিণামে সমুৎপন্ন; অতএব প্রকৃতি হইতে অনেক স্থূল। সুতরাং স্থূলের দ্বারা সূক্ষ্মের উপলব্ধি কিরূপে সম্ভবপর হইতে পারে? অতএব ইন্দ্রিয়াদি করণগ্রাম যখন পরমাত্মার শক্তিভূতা প্রকৃতিকেই গ্রহণে অসমর্থ, তখন যাঁহার প্রকৃতি সেই চৈতন্যস্বরূপ পরম পুরুষকে গ্রহণে যে সম্পূর্ণ অসমর্থ, সে বিষয়ে আর বক্তব্য নাই ॥ ৯ ॥ ১০ ॥

কিন্তু শ্রুতি বলিয়াছেন, "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে হয়নায়।" অর্থাৎ পরমাত্ম-সাক্ষাৎকারের দ্বারাই জীব মুক্তিলাভ করিয়া থাকে; আত্মসাক্ষাৎকার ব্যতীত মুক্তি লাভের অন্য আর কোন উপায় নাই। অতএব ভগবৎসাক্ষাৎকারের উপায়

সত্ত্বেন প্রতিলভ্যায় নৈষ্কর্ম্ম্যেণ বিপশ্চিতা।
নমঃ কৈবল্যনাথায় নির্ব্বাণসুখসম্বিদে ॥ ১১ ॥
নমঃ শান্তায় ঘোরায় মূঢ়ায় গুণধর্ম্মিণে।

অন্বয়ঃ।

সত্ত্বেন নৈষ্কর্ম্ম্যেণ সন্ন্যাসেন, সাধনেন এব বিপশ্চিতা বিবেকিনা, ভক্তেন এব প্রতিলভ্যায় প্রত্যক্ষেণ প্রাপ্তায়, নির্ব্বাণসুখসম্বিদে মোক্ষানন্দানুভূতায় কৈবল্যনাথায় কৈবল্যং প্রকৃতি-সম্বন্ধরাহিত্যং মোক্ষাখ্যং তস্য নাথায় দাত্রে নমঃ ॥ ১১ ॥

শান্তায় কামক্রোধাদিরহিতায়, ঘোরায় দুষ্টানাং ভয়ঙ্কররূপায়, মূঢ়ায় সর্ব্বত্র বিদ্যমানত্বে-হপি অপ্রকটস্বরূপায়, গুণধর্ম্মিণে (গুণাঃ সত্ত্বাদয়ঃ ধর্ম্মতয়া বিদ্যন্তে যস্য তস্মৈ) নির্ব্বিশেষায়

শ্রীধরস্বামী।

এবমপি বিপশ্চিতা নির্গুণেন নৈষ্কর্ম্ম্যেণ সন্ন্যাসেন সত্ত্বেন শুদ্ধেন। সন্ন্যাসযোগাদ্‌যতয়ঃ শুদ্ধসত্ত্বা ইতি শ্রুতেঃ। প্রতিলভ্যায় প্রত্যক্ষেণ প্রাপ্যায় নির্ব্বাণ-সুখ-সম্বিদে মোক্ষানন্দানু-ভূতায় ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথং তর্হি স গম্যো ভবতীত্যত আহ। সত্ত্বেন সন্ সাধুঃ সতো ভাবঃ সত্ত্বং বৈষ্ণবত্বং তেন প্রতিলভ্যায়। বচন-প্রতিবচন-বল্লাভ প্রতিলাভোঽয়ং ভক্ত ভগবতো র্জ্ঞেয়ঃ। ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধিনৈরাস্যেনামুস্মিন্মনঃকল্পনমেতদেব নৈষ্কর্ম্ম্যমিতি গোপালতাপনী-শ্রুতেঃ। সত্ত্বেন যন্নৈষ্কর্ম্ম্যং তেন বিপশ্চিতা প্রতিলভ্যায় ইত্যন্বয়ঃ ॥ ১১ ॥

বিবেকী ভক্ত কেবল বিশুদ্ধ সত্ত্বগুণের মাহাত্ম্যে এবং নৈষ্কর্ম্ম্যরূপ সন্ন্যাসের প্রভাবে যাঁহাকে প্রত্যক্ষ করিয়া থাকেন, সেই নির্ব্বাণ-সুখ-স্বরূপ মুক্তিদাতা নারায়ণকে আমি প্রণাম করি! ॥ ১১ ॥

তিনি কামক্রোধাদি-বর্জ্জিত হইয়াও, দুষ্টগণের দমনার্থ ভয়ঙ্কর মূর্ত্তি

আভাস।

নিরূপণার্থ এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, "সত্ত্বেন লভ্য স্তপসা হ্যেষ আত্মা" অর্থাৎ মিথ্যাভূত প্রপঞ্চ জগতের প্রতি চিত্তের বহির্মুখী বৃত্তির নিরোধে অন্তর্মুখীন ভাবের উদয়ে বৃত্তিসমূহ স্বকীয় কারণ-স্থানীয় চিত্তে বিলীন হইয়া যায়, সেই সময়ে তরঙ্গশূন্য সরোবরাদির জলে চন্দ্র-সূর্য্যাদির সুস্পষ্ট প্রতিবিম্বের ন্যায়, নির্ব্বাসন বৃত্তিশূন্য চিত্তে জীবের আত্মস্বরূপ চিদাভাসের স্বরূপ-সাক্ষাৎকার হইয়া থাকে। অধোমুখ হইয়া, জলে সূর্য্যের প্রতিবিম্বমাত্র পরিদর্শন করিলেও, যেমন আকাশস্থ মূল সূর্য্যদেবেরই স্বরূপ সংবাদ লওয়া হয়, সেইরূপ চিত্তে আত্মস্বরূপের সাক্ষাৎকার ঘটিলেও, গৌণভাবে ব্রহ্মসাক্ষাৎকারই ঘটে। তবে সরাবাদি জলপাত্র বিনষ্ট না হইলে, যেমন সূর্য্য প্রতিবিম্ব সূর্য্যে প্রত্যাবর্ত্তন করে না; সেইরূপ চিত্তের ধ্বংস না হওয়া পর্য্যন্ত, জীবের কৈবল্যমুক্তি ঘটে না ॥ ১১ ॥

নির্ব্বিশেষায় সাম্যায় নমো জ্ঞানঘনায়চ ॥ ১২ ॥
ক্ষেত্রজ্ঞায় নমস্তুভ্যং সর্ব্বাধ্যক্ষায় সাক্ষিণে।

অন্বয়ঃ।

প্রাকৃতদেহেন্দ্রিয়াদিরহিতায়, সাম্যায় কামক্রোধাদিজনিত-বৈষম্যরহিতায়, জ্ঞানঘনায় সচ্চিদানন্দ-বিগ্রহায় নমঃ ॥ ১২ ॥

ক্ষেত্রজ্ঞায় (ক্ষেত্রং শরীরেন্দ্রিয়াদিসংঘাতং জানাতীতি তস্মৈ) সাক্ষিণে সর্ব্বাধ্যক্ষায়

শ্রীধরস্বামী।

গুণধর্ম্মিণে সত্ত্বাদি-ধর্ম্মানুকারিণে জ্ঞানঘনায় চেতি নির্ব্বিশেষত্বেঽপি প্রধানবৈলক্ষণ্যমুক্তং ॥ ১২ ॥

সাক্ষিণ ইতি সর্ব্বাধ্যক্ষত্বেঽপি নির্ব্বিকারত্বমুক্তং। আত্মনাং ক্ষেত্রজ্ঞানাং মূলায় মূলস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজ্ঞানিলভ্য বিশ্বরূপত্বমাহ নম ইতি। শান্তায় সাত্ত্বিকলোকরূপায়। তত্রাপি জ্ঞানিবেদ্য-ব্রহ্ম-রূপত্বমাহ নির্ব্বিশেষায়েতি ॥ ১২ ॥

যোগিবেদ্যান্তর্যামিরূপত্বমাহ ক্ষেত্রজ্ঞেতি চতুর্ভিঃ। ক্ষেত্রং দেহদ্বয়ং, তত্ত্বেন জানাতীতি

পরিগ্রহ করিয়া থাকেন, অথচ স্থাবর জঙ্গমাত্মক সকল পদার্থে চির বিদ্যমান থাকিয়াও নিজের স্বরূপে নিজে কুত্রাপি প্রকটিত হন না। সত্ত্ব রজঃ এবং তমোনামক গুণত্রয় ধর্ম্মরূপে সেই ধর্ম্মীকেই আশ্রয় করত বিদ্যমান রহিয়াছে; কিন্তু তিনি নিজে প্রাকৃত দেহ বা ইন্দ্রিয়াদির অতীত; কাম ক্রোধাদি-জনিত কোনরূপ বিষম ভাব তাঁহাতে প্রতীত হয় না; তিনি সচ্চিদানন্দ-বিগ্রহে বিরাজ করিতেছেন; তাঁহাকে আমি প্রণাম করি! ॥ ১২ ॥

জীবের দেহেন্দ্রিয়াদিসমষ্টিরূপ এই ক্ষেত্রের সকল ভাব এবং অবস্থা তিনিই পরিজ্ঞাত আছেন; সাক্ষিস্বরূপ এবং সর্ব্বাধিপতিরূপে এক তিনিই বিরাজ করিতেছেন; তাঁহাকে আমি প্রণাম করি! যত প্রকারের সৃষ্টির দ্বারা ব্রহ্মাণ্ড রচিত হইয়াছে, তিনিই সকলের মূল কারণ; তাঁহার উৎপত্তির আর

আভাস।

পূর্ব্বোক্ত উপায়ে অবশ্য জ্ঞানী মুক্তিলাভ করিতে পারেন; সন্দেহ নাই। কিন্তু অজ্ঞানী জীবের কি উপায়? তাহাদের জ্ঞান এবং মুক্তি লাভের জন্য ভগবান্ নিজেই তাহার ব্যবস্থা করিয়াছেন। ভোগের প্রত্যেক স্তর উল্টাইয়া তাহার শুভাশুভ বিবেচনা করিয়া, ভোগী জীব যাহাতে কৈবল্য পদ প্রাপ্ত হইতে পারে, তাহার ব্যবস্থার জন্য তিনি জগৎ সৃষ্টি করিয়া, আবার নিজেই সৃষ্টির অন্তর্গত জীবের ন্যায়, জন্ম ধারণে অবতীর্ণ হইয়া, জীবকে সদুপদেশ প্রদান করিয়াছেন। তিনি শান্তমূর্ত্তিতে শিষ্টের পালন এবং উগ্রমূর্ত্তিতে দুষ্টের দলনাদি করিয়া

পুরুষায়াত্মমূলায় মূলপ্রকৃতয়ে নমঃ ॥ ১৩ ॥
সর্ব্বেন্দ্রিয়-গুণদ্রষ্ট্রে সর্ব্বপ্রত্যয়হেতবে।

অন্বয়ঃ।

সর্ব্বাধিপতয়ে নমঃ; আত্মমূলায় স্বতঃসিদ্ধায় সর্ব্বেষাং মূলপ্রকৃতয়ে পরম-কারণায় পুরুষায় তে নমঃ ॥ ১৩ ॥

সর্ব্বেষাং ইন্দ্রিয়াণাং তদ্গুণানাং শব্দাদিবিষয়াণাং চ দ্রষ্ট্রে, সর্ব্বপ্রত্যয়াঃ প্রমাণ-সংশয়-

শ্রীধরস্বামী।

প্রধানস্যাপি প্রকৃতয়ে উদ্ভবহেতবে তত্র হেতুঃ পুরুষায় পূর্ব্বমেব সতে। তথাচ শ্রুতিঃ পূর্ব্ব-মেবাহমিহাসমিতি তৎপুরুষস্য পুরুষত্বমিতি। পূর্ণায়েতি বা ॥ ১৩ ॥

সর্ব্বেন্দ্রিয়াণাং যে গুণা বিষয়াস্তেষাং দ্রষ্ট্রে। সর্ব্বে প্রত্যয়া ইন্দ্রিয়বৃত্তয়ো হেতবো জ্ঞাপকা যস্য তস্মৈ তদেবাহ অসতা অহঙ্কারপ্রপঞ্চেন ছায়য়া অসদ্রূপয়া উক্তায় প্রতিবিম্বেন বিম্বমিব সূচিতায় তত্র হেতুঃ সদ্রূপো বিষয়েষ্বাভাসো যস্য তস্মৈ তদুক্তং তৃতীয়ে যথা জলস্থ আভাস

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষেত্রজ্ঞোঽন্তর্যামী তস্মৈ। ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধীতি গীতোক্তেঃ। আত্মনাং জীবানাং মূলায়াং-শিনে। প্রকৃতেরপি মূলং মূলপ্রকৃতি তস্মৈ রাজদন্তাদিত্বাৎপরনিপাতঃ ॥ ১৩ ॥

সর্ব্বাণীন্দ্রিয়াণি গুণা বিষয়াশ্চ তেষাং দ্রষ্ট্রে। সর্ব্বপ্রত্যয়া ইন্দ্রিয়বৃত্তয়ো হেতবো জ্ঞাপকা যস্য তস্মৈ। গুণপ্রকাশৈরনুমীয়তে ভবানিত্যুক্তেঃ। অসতা অসর্ব্বকালস্থায়িনা ছায়য়া ছায়ৈব যস্য ভুবনানি বিভর্ত্তি দুর্গেতি ব্রহ্মসংহিতোক্তেশ্চ ছায়াতুল্য-মায়াকার্য্যেণ বিশ্বেন উক্তায় জ্ঞাপিতায় কার্য্যেণ কারণানুমানাদিতি ভাবঃ। কুম্ভকারশক্ত্যা জনিতেন ঘটেন যথা কুম্ভকারোঽনুমীয়তে তদ্বদিত্যর্থঃ। অসত্যচ্ছায়য়াভায়েতি পাঠে অসতি অসাধৌ জনে অচ্ছায়য়া অভায় স্বচরণচ্ছায়ামদাত্রে ইত্যর্থঃ। যদ্বা অচ্ছায়া জ্বালা তদ্যুক্তায়। ছায়া

দ্বিতীয় কারণ নাই; তিনি নিজেই তাঁহার মূল হেতু; সেই পরম কারণস্থানীয় পরমেশকে আমি প্রণিপাত করি ॥ ১৩ ॥

সমগ্র ইন্দ্রিয়গ্রাম এবং তাহাদের ভোগ্য শব্দাদি বিষয়সমূহকে একা তিনিই সমালোচনার দ্বারা পরস্পরের সম্পর্ক রক্ষা করিতেছেন এবং প্রমাণ, সংশয় ও বিপর্য্যয়াদি যাবতীয় জ্ঞানের মূল হেতুভূত কারণই তিনি। জড় স্বরূপ অসৎ দেহেন্দ্রিয়াদি মিলিত পদার্থের আবরণে তিনিই অসদ্রূপে অভি-

আভাস।

জগতে সদাচারের পরিচয় দিয়াছেন। অথচ নিজে জ্ঞানিগম্য জ্ঞানঘন মূর্ত্তিতে নিরন্তর বিরাজ করিতেছেন। তিনি অন্তর্যামিরূপে জীবের অন্তরে এবং বিরাট্‌রূপে জগতের সর্ব্বত্র আছেন; অথচ সর্ব্বকারণ-কারণ ভাবে মূলা শক্তি প্রকৃতির আশ্রয়রূপে বিরাজ করিতেছেন। ইন্দ্রিয়াদি

অসতাচ্ছায়য়োক্তায় সদাভাসায়তে নমঃ ॥ ১৪ ॥
নমো নমস্তেঽখিলকারণায় নিষ্কারণায়াদ্ভুতকারণায়।

অন্বয়ঃ।

বিপর্য্যয়াদয়ঃ তেষাং হেতবে, অসতা জড়েন দেহেন্দ্রিয়াদি-সঙ্ঘাতেন ছায়য়া অবিনাভূতেন, উক্তায় চৈতন্যতয়া সূচিতায়, সদাভাসায় (সৎসু কার্য্যেষু আভা যস্য তস্মৈ) নমঃ। ১৪ ॥

অখিল-কারণায় সর্ব্বস্য প্রপঞ্চমাত্রস্য কারণরূপায়, নিষ্কারণায় স্বয়ংতু কারণান্তরাসাধ্যায়, অদ্ভুতকারণায় লৌকিক-কারণতঃ বিলক্ষণায়, তে তুভ্যং নমো নমঃ। সর্ব্বাগমাম্নায়মহার্ণবায়

শ্রীধরস্বামী।

ইত্যাদিনা। অসত্য চ্ছায়য়াহক্তায় ইতি পাঠে অসত্যস্য ছায়য়া অধ্যাসেন অক্তায় যুক্তায় তদধিষ্ঠানায়েত্যর্থঃ ॥ ১৪ ॥

অখিল-কারণায় সর্ব্বকারণরূপায় অতএব স্বয়ং নিষ্কারণায় কারণত্বেঽপি মৃদাদিবদ্বিকারং বারয়তি অদ্ভুতকারণায়েতি। এবম্ভূতত্বে প্রমাণমাহ সর্ব্বে আগমাঃ পঞ্চরাত্রাদয়ঃ আম্নায়াশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যপ্রিয়া কান্তিঃ প্রতিবিম্বমনাতপ ইত্যমরঃ। যদ্বা অচ্ছায়া অকান্তিরস্ফূর্ত্তিরিতি যাবত্তদ্যুক্তায়। সৎসু সাধুষু আভাসঃ স্ফূর্ত্তির্যস্য তস্মৈ ॥ ১৪ ॥

অদ্ভুত-কারণায় উপাদান-কারণত্বেঽপ্যদ্ভুতত্বং নির্ব্বিকারত্বাত্তবেতি ভাবঃ। যদুক্তং দেবৈঃ আত্মনৈবাবিক্রিয়মাণেন সগুণঃ সৃজসীতি স্বামিচরণৈরপ্যত্রাবতারিতং; কারণত্বেচ মৃদাদিবদ্বিকারং বারয়তি অদ্ভুতকারণায়েতি। এবম্ভূতত্বে প্রমাণমাহ সর্ব্বে আগমাঃ পঞ্চরাত্রাদয়ঃ আম্নায়া

হিত হন; অর্থাৎ জলে মিথ্যাভূত প্রতিবিম্বের ন্যায়, তিনিই চিদাভাস নামে উক্ত হইয়া থাকেন; কিন্তু কার্য্যবর্গের সত্তা এক তিনিই প্রতিপাদন করিয়া থাকেন; মূল সৎই তিনি! তাঁহাকে প্রণাম করি! ॥ ১৪ ॥

এই অখিল জগতের মূল কারণই তিনি; অথচ তাঁহার উৎপত্তির পক্ষে অপর কোন কারণ নাই। কারণ লৌকিক কার্য্যকারণ সম্বন্ধ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। তিনি অদ্ভুত-কারণস্বরূপ; সেই পরমদেবকে প্রণাম! যাবদীয় পঞ্চরাত্রাদি আগম এবং বেদস্বরূপ আম্নায় সমূহের তিনিই মহাসমুদ্র বিশেষ। সেই পরমাত্মা হইতেই সকলের উদয় এবং সেই পরম মহাসাগরেই

আভাস।

করণ-গ্রাম তদীয় চৈতন্য শক্তির সাহায্যে চেতন হইয়া, স্ব স্ব কার্য্যে নিযুক্ত আছে এবং অহঙ্কারতত্ত্বে মিথ্যাভূত প্রচ্ছন্ন প্রতিবিম্ব হইয়া, মিথ্যারূপে পরিচিত হইতেছেন এবং ঘট সরাবাদির মৃত্তিকাবৎ জগৎ সংসারের সত্তাপ্রদ মূল সৎ হইয়া, স্বয়ংই বিভাসিত হইতেছেন। কার্য্য-কারণ বিচারে যে কোন মূল কারণ বলিয়া নির্দ্দিষ্ট হউক্ না! অন্তরালে সকলের মূলে

সর্ব্বাগমাম্নায়-মহার্ণবায় নমোঽপবর্গায় পরায়ণায় ॥ ১৫ ॥
গুণারণিচ্ছন্ন-চিদুষ্মপায় তৎক্ষোভবিস্ফূর্জিত-মানসায়।

অন্বয়ঃ।

(সর্ব্বে আগমাঃ পঞ্চরাত্রাদয়ঃ আম্নায়াঃ বেদাঃ তেষাং মহার্ণবায় পর্য্যবসানভূময়ে, অপবর্গায় মোক্ষরূপায় পরায়ণায়) পরেষাং উত্তমানাং আশ্রয়রূপায়, তে নমঃ ॥ ১৫ ॥

গুণাঃ সত্ত্বাদয়ঃ এব অরণিঃ তয়াচ্ছন্নং চিৎ জীবসমষ্টিরূপং উষ্ণাণং অগ্নিং পিবতি উপসংহরতি যঃ তস্মৈ, তথা তেষাং গুণানাং ক্ষোভে কার্য্যে বিস্ফূর্জিতং বহির্বৃত্তিকং, মানসং

শ্রীধরস্বামী।

বেদা স্তেষাং মহার্ণবায় স্রোতসামিব পর্য্যবসান-স্থানায় অপবর্গায় মোক্ষরূপায় অতঃ পরায়ণায় উত্তমানামাশ্রয়ায় ॥ ১৫ ॥

গুণা এবারণিস্তয়াচ্ছন্নো যঃ চিদুষ্মপঃ জ্ঞানাগ্নিস্তস্মৈ। তেষাং গুণানাং ক্ষোভে কার্য্যে বিস্ফূর্জিতং বহির্বৃত্তিকং মানসং যস্য। সোঽকাময়ত বহুস্যামিতি শ্রুতেঃ। নৈষ্কর্ম্ম্যমাত্মতত্ত্বং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদাশ্চ তেষাং মহার্ণবায় তরঙ্গাণামিব পর্য্যবসান-স্থানায়েতি। অপবর্গরূপায় পরায়ণায় উত্তমানামাশ্রয়ায় ॥ ১৫ ॥

গুণা এবারণিস্তয়াচ্ছন্নো যশ্চিদুষ্মপো জ্ঞানাগ্নি স্তস্মৈ। তেষাং গুণানাং ক্ষোভবিস্ফূর্জিতে ক্ষোভোৎকর্ষে মানসমিচ্ছা যস্য সোঽকাময়ত বহুস্যামিতি শ্রুতেঃ। নৈষ্কর্ম্ম্যমাত্মতত্ত্বং তস্য

সকলের বিলয় হয়; তিনিই প্রকৃত মোক্ষস্বরূপ এবং ব্রহ্মাদি শ্রেষ্ঠ এবং উৎকৃষ্ট লোকপালগণেরও পরম আশ্রয়; তাঁহাকে প্রণাম করি! ॥ ১৫ ॥

সত্ত্বাদি গুণত্রয়ই ইন্ধন-স্বরূপ কাষ্ঠ; জীবসমষ্টিরূপ চিদগ্নি এই অরণির অন্তরে প্রচ্ছন্নভাবে অবস্থান করে; কিন্তু যিনি সেই চিদগ্নিকে পান করিবার চ্ছলে আপনাতে উপসংযমিত করেন, তাঁহাকে আমি প্রণাম করি! অথচ সেই গুণগ্রামের বিক্ষোভ-কার্য্য অর্থাৎ পরিণামাদিতে যিনি তীব্র দৃষ্টি করিতেছেন, সেই সর্ব্বদর্শীকে প্রণাম করি। গুণাতীত নিরাকাঙ্ক্ষ আত্মতত্ত্বের

আভাস।

সকলের কারণরূপে তিনিই বিদ্যমান এবং বেদ, ইতিহাস ও পুরাণাদি একবাক্যে নানাভাবের প্রকাশে সেই অচিন্ত্য মূল তত্ত্বেরই নির্ব্বাচন করিতেছেন ॥ ১২। ১৫ ॥

কাষ্ঠের অন্তরে হুতাশন যেমন প্রচ্ছন্ন-ভাবে অবস্থান করে, গুণকার্য্য চিত্তাদির অন্তরে চৈতন্যকণ জীবতত্ত্বও সেইরূপ প্রচ্ছন্ন-ভাবে অবস্থান করিতেছে। পরমাত্মা গুণগ্রামের বিক্ষোভে অর্থাৎ উত্তেজনায় একবার সেই চৈতন্যকণকে সম্পূর্ণ বিলুপ্তের ন্যায় প্রচ্ছন্ন করিতেছেন, আবার পরস্পর ঘর্ষণরূপ উত্তেজনায় উক্ত চৈতন্যকণার প্রকটনে গুণকার্য্যের বিলোপে

নৈষ্কর্ম্ম্যভাবেন বিবর্জিতাগম-স্বয়ংপ্রকাশায় নমস্করোমি ॥ ১৬ ॥

মাদৃক্-প্রপন্ন-পশুপাশ-বিমোক্ষণায় মুক্তায় ভূরিকরুণায় নমোঽলয়ায়।

অন্বয়ঃ।

যস্য তস্মৈ, নৈষ্কর্ম্ম্যং আত্মতত্ত্বং তস্য ভাবঃ ভাবনা তেন বিবর্জ্জিতা নিবর্ত্তিতা আগমা বিধিনিষেধ-লক্ষণা যৈঃ তেষাং স্বয়ং এব প্রকাশঃ যস্য তস্মৈ নমস্করোমি ॥ ১৬ ॥

মাদৃক্ মদ্বিধঃ, প্রপন্নঃ শরণাগতঃ, পশুঃ তস্য পাশঃ অবিদ্যা, তস্য বিমোক্ষণং যস্মাৎ তস্মৈ, স্বয়ং তু মুক্তায় অবিদ্যা-পারবশ্য-রহিতায়, ভূরিকরুণায়, অলয়ায় তত্র অনলসায়, অতএব

শ্রীধরস্বামী।

তস্য ভাবেন ভাবনয়া বিবর্জিতা আগমা বিধি-নিষেধ-লক্ষণা যৈস্তেষু স্বয়মেব প্রকাশো যস্য তস্মৈ ॥ ১৬ ॥

মাদৃক্ মদ্বিধশ্চাসৌ প্রপন্নঃ পশুশ্চ তস্য পাশোঽবিদ্যা তস্য বিশেষেণ মোক্ষণং যেন তত্র যোগ্যতামাহ মুক্তায়। মোচনে হেতুঃ ভূরিঃ করুণা যস্য অতস্তত্রার্থেঽলয়ায় অনলসায় স্বাংশেন অন্তর্যামিরূপেণ সর্ব্বেষাং তনুভৃতাং মনসি প্রতীতা প্রখ্যাতা যা প্রত্যক্ দৃক্ জ্ঞানং তস্মৈ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবেন ভাবনয়া বিবর্জ্জিতা আগমা বিধি-নিষেধ-লক্ষণা যৈ স্তেষু স্বয়মেব প্রকাশো যস্য তস্মৈ ॥ ১৬ ॥

ভক্তবেদ্য-ভগবৎ-স্বরূপমাহ মাদৃগিতি যাবৎস্তুতি। পাশো গ্রাহরূপঃ সংসার-স্বরূপশ্চ। মুক্তায় অথাস্মাদৃগ্‌ভি রেতাবৎ কালং পরিত্যক্তায় অসেবিতায়েত্যর্থঃ। তদপি মাদৃগ্‌ভ্যো ন ক্রুধ্যতে প্রত্যুত ভূরিকরুণায় যতোঽনলায় প্রাকৃতানামিব ঈর্ষ্যামালিন্যাভাবা-দিতি ভাবঃ। অলয়ায়েতি পাঠে তত্র করুণায়াং ন বিদ্যতে লয়ঃ স্বাপআলস্যং যস্য তস্মৈ।

ভাবনায় বিধিনিষেধ-স্বরূপ আগমের নিরাশ যে যে উপায়ে ঘটিয়াছে, সেই সকল উপায়ও যিনি প্রকাশ করিয়াছেন, তাঁহাকেই প্রণাম করি ! ॥ ১৬ ॥

হে প্রভো ! আমার ন্যায় শরণাগত জ্ঞানহীন পশুর অবিদ্যাবন্ধন আপনার দ্বারাই উন্মোচিত হইয়া থাকে; কারণ আপনি স্বয়ং মুক্তপুরুষ! আপনার করুণার সীমা নাই ! এবং কৃপা বিতরণে অসামর্থ্যও নাই ! আপনি অন্তর্যামিরূপে জীবমাত্রেরই হৃদয়ে সতত প্রতীত হইয়া থাকেন; আপনিই প্রত্যক্‌দর্শী এবং সর্ব্বশ্রেষ্ঠ ! আপনাকে আমি প্রণাম করি ॥ ১৭ ॥

আভাস।

সুস্পষ্ট অবভাসিত করত আত্মস্বরূপে সেই চৈতন্যাগ্নিকে পান করিতেছেন। কিন্তু এই সকল কার্য্যে তাঁহার নিজের কোন ইষ্টাপত্তি নাই; তিনি নিরীহের ন্যায় চিরকালই অবস্থান করিতেছেন ॥ ১৬ ॥

স্বাংশেন সর্ব্বতনুভৃন্মনসি প্রতীত-প্রত্যক্-দৃশে ভগবতে বৃহতে নমস্তে ॥ ১৭ ॥
আত্মাত্মজাপ্ত-গৃহবিত্ত-জনেষু সক্তৈর্দুষ্প্রাপণায় গুণসঙ্গবিবর্জিতায়।
মুক্তাত্মভিঃ স্বহৃদয়ে পরিভাবিতায় জ্ঞানাত্মনে ভগবতে নম ঈশ্বরায় ॥১৮॥

অন্বয়ঃ।

স্বাংশেন অন্তর্যামিরূপেণ সর্ব্বেষাং তনুভৃতাং মনসি প্রতীতায় প্রত্যক্ দৃক্ তস্মৈ, ভগবতে বৃহতে অপরিচ্ছিন্নায় তে তুভ্যং নমঃ ॥ ১৭ ॥

আত্মাত্মজাপ্ত-গৃহবিত্ত-জনেষু দেহগেহাদিষু আসক্তৈঃ দুষ্প্রাপণায় দুর্ল্লভায়, গুণসঙ্গ-বিবর্জ্জিতায় গুণকার্য্যং বিশ্বং তত্র সঙ্গঃ আসক্তিঃ তেন বিবর্জ্জিতায়, মুক্তাত্মভিঃ দেহাদিষু আসক্তিরহিতৈঃ, স্বহৃদয়ে পরিভাবিতায় পরিতঃ নিরন্তরং চিন্তিতায়, জ্ঞানাত্মনে সচ্চিদানন্দ-বিগ্রহায়; ভগবতে ঈশ্বরায় তে নমঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

তথাচ শ্রুতিঃ য আত্মনি তিষ্ঠন্ আত্মানমন্তরো যময়তি ইতি ভগবতে সর্ব্বেষাং তনুভৃতাং নিয়মনে সমর্থায় তেষাং মনসি স্থিতত্বেঽপি বৃহতেঽপরিচ্ছিন্নায় ॥ ১৭ ॥

অন্তঃস্থিতত্বেঽপি দেহাদিষ্বাসক্তৈ দুর্ল্লপ্রাপণায় প্রাপ্তুংশক্যায় তত্র হেতুঃ গুণসঙ্গেন বিবর্জিতায় অতএব মুক্তাত্মভিঃ দেহাদিষ্বনাসক্তৈশ্চিন্তিতায় তৈঃ পরিভাবিতং রূপমাহ জ্ঞানাত্মন ইত্যাদি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ ত্বয়ি দুঃখ-জ্ঞাপনাপেক্ষেত্যাহ স্বাংশেনেতি। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিতি শ্রীমুখোক্তেঃ। প্রতীতো যঃ প্রত্যক্দৃক্ অন্তর্যামী তস্মৈ। বৃহতে শ্রীকৃষ্ণায় ॥ ১৭ ॥

মর্ত্ত্যলোকে ক্রীড়াপরত্বেঽপি প্রাকৃত-গুণ-সঙ্গ শূন্যায়। মুক্তাত্মভি র্মুক্তজীবৈরাত্মারামৈর্ভাবিতায় ধ্যাতায়। যদ্বা ত্যক্তাত্মভি রাত্মত্বাভিমানিরিত্যর্থঃ। পরিভাবিতায় মায়িক-বিগ্রহঃ পরমেশ্বরোঽয়মিতি দৃষ্ট্যা তিরস্কৃতায় বস্তুতস্তু জ্ঞানাত্মনে জ্ঞানং পূর্ণং চিদেব আত্মা বপুর্যস্য তস্মৈ। যদ্বা। তং তদপরাধং জানতে অচিরাত্তদুচিত-ফলদানার্থমিতি ভাবঃ ॥ ১৮ ॥

হে দেব! আপনি সকলের হৃদয়ে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত থাকিলেও, দারাপত্য, গৃহক্ষেত্র দেহবিত্ত এবং স্বজন বন্ধু বান্ধবে আসক্তচিত্ত ব্যক্তিগণ আপনার ন্যায় হৃদয়চারীকেও অবলোকন করিতে পারে না! কারণ গুণ বা গুণকার্য্যরূপ এই বিশ্বসংসারে আপনি কোনরূপে আসক্ত নহেন। আপনি গুণের সম্পূর্ণ অতীত! সুতরাং দেহগেহাদিতে নিরভিমানী পুরুষগণ স্বীয় হৃদয়-সরোবরে আপনাকে অনায়াসে অবধারণ করিতে পারেন; আপনি চিদৈকঘন জ্ঞানমূর্ত্তি সর্ব্বেশ্বর ভগবান্! আপনাকে প্রণাম করি! ॥ ১৮ ॥

অহো! ধর্ম্ম অর্থ কাম এবং মোক্ষ এই চতুর্ব্বর্গ লাভের প্রত্যাশায় যাঁহার

যং ধর্ম্মকামার্থবিমুক্তিকামা ভজন্ত ইষ্টাং গতিমাপ্নুবন্তি।
কিঞ্চাশিষো রাত্যপি দেহমব্যয়ং করোতু মেঽদভ্রদয়ো বিমোক্ষণং ॥ ১৯ ॥
একান্তিনো যস্য ন কঞ্চনার্থং বাঞ্ছন্তি যে বৈ ভগবৎপ্রপন্নাঃ

অন্বয়ঃ।

ধর্ম্ম-কামার্থ-বিমুক্তি-কামাঃ ধর্ম্মাদি চতুর্বর্গ-ফলাভিলাষিণঃ, জনাঃ যং ভজন্তঃ সন্তঃ ইষ্টাং অভিপ্রেতাং, গতিং প্রাপ্নুবন্তি এব (তথা তৈঃ অকামিতাঃ অন্যাঃ অপি আশিষঃ ভোগান্ অব্যয়ং অনশ্বরং দেহং যঃ রাতি দদাতি, সঃ অদভ্রদয়ঃ অপারকরুণঃ, মে মম, বিমোক্ষণং এব কেবলং করোতু ॥ ১৯ ॥

যস্য ভগবতঃ একান্তিনঃ অনন্যপরাঃ, অতঃ ভগবৎপ্রপন্নাঃ যে তে অতাদ্ভুতং তস্য ভগবতঃ

শ্রীধরস্বামী।

ইষ্টাং গতিং কামিতং ধর্ম্মাদি ফলং প্রাপ্নুবন্ত্যেব নচ তাবদেব কিন্তু যাস্তৈরকামিতা স্তা অন্যা অপ্যাশিষো রাতি দেহমপ্যব্যয়ং রাতি এবং য অদভ্রদয়ঃ স মে বিমোক্ষণমেব কেবলং করোতু নাধিকং প্রার্থয়ে ॥ ১৯ ॥

এতাবদপ্যহং ভক্তিসুখানভিজ্ঞত্বেন বাঞ্ছামি যস্য ত্বেকান্তভক্তাঃ কঞ্চনার্থং ন বাঞ্ছন্তি তং পরমেশমীড়ে স্তৌমীত্যুত্তরেণান্বয়ঃ। তেষাং নিষ্কামত্বে হেতুঃ যে বৈ ভগবতঃ সর্ব্বজ্ঞান্ মুক্তান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সকাম ভক্তসেব্যত্বমাহ যং ধর্ম্মাদি কামনয়া ভজন্তোঽপি ইষ্টাং সেবিতামারাধ্যামিতি যাবৎ। গতিং প্রেমলক্ষণাং সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিত্যাদেঃ। কিন্তু আশিষঃ কামিতান্ অর্থানপি রাতি দদাতি। অব্যয়মপ্রাকৃতং দেহঞ্চ ধ্রুবাদিভ্য ইব দদাতি। অতঃ স অদভ্রদয়ঃ অনল্পকৃপারাশিঃ বিমোক্ষণং গ্রাহাৎ সংসারাচ্চ করোতু। নিত্যসিদ্ধদেহঞ্চ প্রেমভক্তিঞ্চ দদাত্বিতি ভাবঃ ॥ ১৯ ॥

ঐকান্তিকভক্তস্বভাবন্তু মাদৃশঃ পশুঃ কথং প্রাপ্স্যতীতি দ্যোতয়ন্ নিষ্কাম-ভক্ত-সেব্যত্বমাহ একান্তিনো যস্য ভক্তা ন কঞ্চনাপ্যর্থং বাঞ্ছন্তি তমীড়ে ইত্যুত্তরেণান্বয়ঃ। কুতো ন

ভজনা করিয়া, সাধু ভক্তগণ কেবল যে অভিলষিত ফল প্রাপ্ত হইয়া থাকেন, তাহা নহে; তাহাদের অপ্রার্থিত অন্যান্য সকল ভোগ তাহাদিগকে আপনি প্রদান করিয়া থাকেন; হে দয়ানিধান! অবশেষে আপনি যখন তাহাদিগকে অনশ্বর দেহ প্রদানে নিজের পার্ষদ করিয়া লন, তখন কৃপা প্রকাশে সম্প্রতি আমাকে এই ভীষণ নক্র-হস্ত হইতে নিস্তার করুন্! ॥ ১৯ ॥

যাহারা ভবদীয় স্বরূপে অপরিজ্ঞাত, তাহারাই কেবল ভোগ বা মুক্তির প্রার্থী হইয়া থাকে। কিন্তু যাহারা আপনাকে ব্যতীত অন্য কাহাকেও জানে না! আপনার উপরই সম্পূর্ণ নির্ভর দিয়া থাকে, তাহারা আপনার পবিত্র

অত্যদ্ভুতং তচ্চরিতং সুমঙ্গলং গায়ন্ত আনন্দ-সমুদ্রমগ্নাঃ ॥ ২০ ॥
তমক্ষরং ব্রহ্ম পরং পরেশমব্যক্তমাধ্যাত্মিক-যোগগম্যং।
অতীন্দ্রিয়ং সূক্ষ্মমিবাতিদূরমনন্তমাদ্যং পরিপূর্ণমীড়ে ॥ ২১ ॥

অন্বয়ঃ

সুমঙ্গলং চরিতং গায়ন্তঃ এব আনন্দসমুদ্রমগ্নাঃ সন্তঃ কঞ্চন অর্থং ন বাঞ্ছন্তি ॥ ২০ ॥

অক্ষরং স্বরূপতঃ গুণতঃ বা ক্ষয়রহিতং, ব্রহ্ম ব্যাপকং, পরং সর্ব্বোত্তমং পরেশং (ব্রহ্মাদীনামপি নিয়ন্তারং), অব্যক্তং চক্ষুরাদ্যগোচরং, আধ্যাত্মিকযোগগম্যং (আধ্যাত্মিকযোগেন গম্যং প্রাপ্যং) অতীন্দ্রিয়ং ইন্দ্রিয়াবিষয়ং, সূক্ষ্মং অতীব দূরং, অনন্তং বিনাশরহিতং, আদ্যং পরিপূর্ণং ভগবন্তং ঈড়ে আত্মনঃ বিমুক্ত্যর্থং স্তৌমি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

প্রপন্নাঃ সেবিতবন্তঃ ॥ ২০ ॥

অত্যদ্ভুতত্ব-সুমঙ্গলত্ব-প্রদর্শনায় অক্ষরাদি বিশেষণানি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাঞ্ছন্তি ভগবৎ-প্রপন্নাঃ ভগবৎপ্রপত্তি র্মহাসম্পত্ত্যৈব পরিপূর্ণা ইত্যর্থঃ। তেষাং সুখং সর্ব্বতোঽপ্যধিকমিত্যাহ অত্যদ্ভুতমিত্যাদি ॥ ২০ ॥

নন্থ তং কেচিন্মায়াশবল ব্রহ্মেতি কেচিচ্চ প্রভূতপুণ্যকৃজ্জীব ইত্যাচক্ষতে। সত্যং তে নারকিন এব সতু সাক্ষাৎ পূর্ণং পরব্রহ্মৈবেত্যাহ তমিতি। আধ্যাত্মিকযোগগম্যং যদ্ব্রহ্মতদেব পরেশং পরমেশ্বরং তং ঈড়ে। যদ্বা। আত্মানং তমেবাধিকৃত্য যো যোগো ভক্ত্যাখ্য স্তেন গম্যং ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি তদুক্তেঃ। সূক্ষ্মং পরমাণুমিব। অতীন্দ্রিয়ং সর্ব্বেন্দ্রিয়াগম্যং ॥ ২১ ॥

কীর্ত্তি কলাপের কীর্ত্তনে পরমানন্দের অপার জলধিতে নিমগ্ন হয়; তখন তাহাদের হৃদয়ে আর কোন প্রার্থনাই থাকে না ॥ ২০ ॥

ভবদীয় স্বরূপের কোন ব্যাঘাত ঘটে না; আপনি সর্ব্বশ্রেষ্ঠ সর্ব্বব্যাপী পরম পুরুষ নারায়ণ! ব্রহ্মাদি লোকপালগণও আপনার আদেশের বশবর্ত্তী হইয়া, কার্য্য করিতেছেন এবং অব্যক্ত ভাবে আপনি সর্ব্বত্র বিরাজ করিতেছেন। কিন্তু আত্মসাক্ষাৎকাররূপ যোগ ব্যতীত ত আপনার সন্দর্শন লাভ জীবের অদৃষ্টে ঘটে না; কারণ অনেক দূরবর্ত্তী পদার্থ যেমন নয়নগোচর হয় না, নিতান্ত সূক্ষ্মত্ব-নিবন্ধন সেইরূপ ভবদীয় স্বরূপের প্রতীতিও সামান্য ইন্দ্রিয়-বর্গের দ্বারা ঘটে না। আপনার আদি নাই এবং অন্তও নাই। পরিপূর্ণ চৈতন্যস্বরূপে নিরন্তর বিরাজ করিতেছেন! কেবল বিমুক্তির প্রার্থনায় আপনাকে প্রণাম করি! ॥ ২১ ॥

যস্য ব্রহ্মাদয়ো দেবা বেদা লোকা শ্চরাচরাঃ।
নাম-রূপ-বিভেদেন ফল্ব্যাচ কলয়া কৃতাঃ ॥ ২২ ॥
যথার্চ্চিষোঽগ্নেঃ সবিতু র্গভস্তয়ো নির্যান্তি সংযান্ত্যসকৃৎ স্বরোচিষঃ।
তথা যতোঽয়ং গুণসংপ্রবাহো বুদ্ধি র্মনঃ খানি শরীরসর্গাঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মাদয়ঃ দেবাঃ, বেদাঃ, চরাচরাত্মকাঃ লোকাশ্চ নামরূপবিভেদেন যস্য ফল্ব্যা স্বল্পয়া, কলয়া অংশেন, এব ন কৃতাঃ আচরিতাঃ, সঃ জয়তাৎ ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২২ ॥

যথা অগ্নেঃ সকাশাৎ অর্চ্চিষঃ বিস্ফুলিঙ্গাঃ যথা চ সবিতুঃ সকাশাৎ স্বরোচিষঃ গভস্তয়ঃ, অসকৃৎ বারংবারং নির্যান্তি উদ্ভবন্তি, সংযান্তি পুনঃ তত্রৈব লীয়ন্তে, তথা বুদ্ধিঃ মনঃ খানি শরীরসর্গাঃ ইতি অয়ং গুণসংপ্রবাহঃ গুণপরিণামপ্রপঞ্চঃ যতঃ ভবতি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পরিপূর্ণত্বং দর্শয়ন্নাহ ত্রিভিঃ। যস্য ফল্ব্যা স্বল্পয়ৈব কলয়া অংশেন কৃতাঃ স জয়তাদিতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২২ ॥

কথং কৃতা ইত্যপেক্ষায়াং দৃষ্টান্তৌ যথার্চ্চিষোঽগ্নেরিতি প্রবাহে দৃষ্টান্তঃ। সবিতু র্গভস্তয় ইত্যানন্ত্যে। নির্যান্তি উদ্গচ্ছন্তি সংযান্তি লীয়ন্তে। গুণসংপ্রবাহমেবাহ বুদ্ধির্মনঃ খানি করণানি শরীরসর্গাঃ কার্য্যদেহপ্রবাহাশ্চ যতো ভবন্তি সঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিপূর্ণত্বমাহ ত্রিভিঃ যস্যেতি ফল্ব্যাচেতি। তস্য কলা দ্বিবিধা ফল্গুরফল্গুশ্চ আদ্যা ব্রহ্মেন্দ্ররুদ্রাদি জীবরূপা দ্বিতীয়া মৎস্যকূর্ম্মাদীশ্বররূপা চেতি সএব সর্ব্ব ইত্যর্থঃ। বেদা বেদোক্তোঃ কর্ম্মাদয়ঃ। ভগবন্নিঃশ্বাসভূতত্বেন বেদানামফল্গুত্বাৎ ॥ ২২ ॥

উক্তমর্থং দৃষ্টান্তেন সাধয়তি যথেতি। তথাচ শ্রুতিঃ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তীতি তথা তেনৈব প্রকারেণ জীবানামুপাধয়োঽপি অপরয়া ফল্ব্যা কলয়া কৃতা ইত্যাহ যত ইতি গুণপ্রবাহমেবাহ, বুদ্ধি রিত্যাদি সমষ্টিব্যষ্টিশরীরস্য সর্গাঃ সর্গহেতবঃ ॥ ২৩ ॥

ব্রহ্মাদি দেবতাগণ, বেদসমূহ এবং সমগ্র ব্রহ্মাণ্ডস্থ স্থাবর-জঙ্গমাত্মক জীব-নিচয় অনন্ত নাম এবং রূপের উল্লেখে যাঁহার স্বরূপের অতি লেশমাত্রের বর্ণন করিতেও সমর্থ হয় না, এই দুঃস্থজনের উদ্ধারার্থ সেই করুণার্ণবের কৃপাবিভূতিরই যেন সম্যক্ পরিচয় এবং জয়লাভ হয়! এই মাত্র আমার প্রার্থনা ॥ ২২ ॥

অহো! হুতাশন হইতে অগণ্য বিস্ফুলিঙ্গের যেমন উদয় হইয়া থাকে, অংশুমালী হইতে তদীয় শক্তিস্থানীয় কিরণজাল যেমন উৎপন্ন হইয়া ইতস্ততঃ বিস্তৃত হয় এবং পুনরায় সেই দিবাকরেই উপশমিত হয়, সেইরূপ মন, বুদ্ধি, ইন্দ্রিয়নিচয় এবং দেহবর্গরূপ গুণত্রয়ের পরিণাম-স্রোত যে ভূতভাবন পরমেশ হইতে সমুৎপন্ন হয় এবং পরিণামে তাঁহাতেই বিলীন হয় ॥ ২৩ ॥

স বৈ ন দেবাসুরমর্ত্ত্যতির্য্যঙ্ ন স্ত্রী ন ষণ্ডো ন পুমান্ন জন্তুঃ।
নায়ং গুণঃ কর্ম্ম ন সন্ন চাসন্নিষেধ-শেষো জয়তাদশেষঃ॥ ২৪॥
জিজীবিষে নাহমিহামুয়া কিমন্তর্ব্বহিশ্চাবৃতয়েভযোন্যা।

অন্বয়ঃ।

সঃ দেবাসুর-মর্ত্ত্য-তির্য্যক্ ন; স্ত্রী, ষণ্ডঃ, পুমান্ ন, জন্তুঃ চ ন, নায়ং গুণঃ ন চ সৎ অসৎ বা কর্ম্ম; অপিতু নিষেধশেষঃ (সর্ব্বনিষেধে যঃ অবশিষ্যতে সঃ) অশেষঃ সর্ব্বরূপঃ পরমাত্মা জয়তাৎ মদ্বিমোক্ষণায় আবির্ভবতু॥ ২৪॥

ইহ দুঃখালয়ে সংসারে অন্তর্বহিশ্চ আবৃতয়া দুঃখেন ব্যাপ্তয়া, অমুয়া ইভযোন্যা গজেন্দ্র-শরীরেণ, কিং প্রয়োজনং! কিন্তু যস্য আত্মলোকস্য স্বাত্মরূপ-প্রকাশাবরণস্য অজ্ঞানস্য

শ্রীধরস্বামী।

অতএব দেবাদীনাং মধ্যে কোঽপি ন ভবতি। ন জন্তুঃ লিঙ্গত্রয়শূন্যং প্রাণিমাত্রমপি। কিন্তু সর্ব্বস্য নিষেধেঽবধিত্বেন শিষ্যত ইতি নিষেধশেষঃ। মায়য়া অশেষাত্মকশ্চ জয়তাৎ মদ্বিমোক্ষণায়াবির্ভবতু॥ ২৪॥

নচ গ্রাহাৎ শরীরস্য মোক্ষণেনাহং জীবিতুমিচ্ছামি। তত্র হেতু অমুয়া অন্তর্ব্বহিশ্চাবিবেক-ব্যাপ্তয়া গজজাত্যা কিং প্রয়োজনং? আত্মলোকস্য আত্মপ্রকাশস্য যদাবরণমজ্ঞানং তস্যৈবতু মোক্ষমিচ্ছামি যস্য মোক্ষস্য কালেন নাশো নাস্তি। যদ্বা দেহস্য বন্ধো দেহনাশে নশ্যেদেব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব সর্ব্বকারণত্বাৎ স দেবাদীনাং মধ্যে ন কতমোঽপীত্যাহ স ইতি। জন্তুঃ লিঙ্গত্রয়-শূন্য-প্রাণি-বিশেষঃ কিন্তু সর্ব্বস্য নিষেধে অবধিত্বেন শিষ্যত ইতি নিষেধশেষঃ। অশেষঃ স্বশক্তিকার্য্যত্বাদশেষশ্চ॥ ২৪॥

নন্বেতাবত্যা স্তুত্যা গ্রাহাৎ স্বশরীরমোক্ষণমিচ্ছসি তত্রাহ জিজীবিষে নেতি তত্র হেতুঃ। অন্তর্ব্বহিশ্চ অবিদ্যয়া আবৃতয়া হস্তিযোন্যা কিং প্রয়োজনং তর্হি কিমিচ্ছসীতি তত্রাহ যস্য

তিনি নিজে কিন্তু দেবতা, অসুর, মানব বা তির্য্যক্ জাতির অন্তর্গত নহেন; তিনি স্ত্রী নহেন, পুরুষ নহেন বা নপুংসক নহেন এবং কোন জন্তুও নহেন; তিনি কোন গুণ নহেন বা কোনরূপ স্থূল সূক্ষ্ম কার্য্যও নহেন; কিন্তু সকলের অভাব কাল উপস্থিত হইলে, সাক্ষিস্বরূপে সর্ব্বাবসানে যিনি অবস্থান করেন, কোন সময়ে যাঁহার অবসান ঘটে না, সেই অশেষাত্মা ভগবান্ জনার্দ্দন আমার মোচনার্থ আশু উপনীত হউন্!॥ ২৪॥

অহো! আমি এই কুম্ভীরের গ্রাস হইতে মুক্তিলাভের দ্বারা জীবনধারণে বাঞ্ছা করি না! কারণ এই দুঃখের আলয়ভূত সংসারে আগমন করত, অন্তরে এবং বাহিরে দুঃখের আবরণে আবৃত থাকিয়া, এই তুচ্ছ হস্তি-শরীরে আমার

ইচ্ছামি কালেন ন যস্য বিপ্লব স্তস্যাত্মলোকাবরণস্য মোক্ষং ॥ ২৫ ॥
সোঽহং বিশ্বসৃজং বিশ্বমবিশ্বং বিশ্ববেদসং।
বিশ্বাত্মানমজং ব্রহ্ম প্রণতোঽস্মি পরং পদং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

কালেন বিপ্লবঃ বিনাশঃ, ন অস্তি তস্য এব মোক্ষং নিবৃত্তিং ইচ্ছামি। অতঃ অহং ন জিজীবিষে গ্রাহাৎ শরীরস্য মোক্ষণেন জীবিতুং নৈব ইচ্ছামি ॥ ২৫ ॥

সঃ পরং পদং প্রাপ্তব্যঃ মুমুক্ষুঃ অহং বিশ্বসৃজং বিশ্বস্রষ্টারং, বিশ্বং বিশ্বরূপং, অবিশ্বং বিশ্বব্যতিরিক্তং, বিশ্ববেদসং (বিশ্বং বেদঃ ধনং ক্রীড়োপকরণং যস্য তং) বিশ্বাত্মানং বিশ্বান্তর্যামিণং, অজং জন্মাদিবিকার-রহিতং, ব্রহ্ম সর্ব্বব্যাপকং, প্রণতঃ অস্মি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

কিং তন্মোক্ষপ্রার্থনেন আত্মলোকাবরণস্য তু কালেন বিপ্লবো নাস্তি জ্ঞানৈকনিবর্ত্ত্যত্বাৎ অতস্তস্যৈব মোক্ষমিচ্ছামীত্যর্থঃ ॥ ২৫ ॥

সোঽহং মুমুক্ষুর্বিশ্বং বিশ্বরূপং অবিশ্বং বিশ্বব্যতিরিক্তঞ্চ বিশ্বং বেদো ধনং উপকরণং যস্য তং বিশ্বস্যাত্মানঞ্চ কেবলং প্রণতোঽস্মি নতু তং জানামি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালেন বিপ্লবো নাশো নাস্তি তস্য আত্মলোকাবরণস্য মদাদিজীবানামবিদ্যয়া ভগবদ্বিষ্মারিকায়া মোক্ষং। যদ্বা আত্মন স্তবলোকো বৈকুণ্ঠ স্তদাবরণস্য তদ্দার-কপাটস্য মোচনং স্বস্মিষ্ঠায়া স্তৎপ্রাপ্ত্যযোগ্যতায়া নাশমিত্যর্থঃ ॥ ২৫ ॥

তর্হি ভক্তিঃ ক্রিয়তামিতি চেত্তত্রাহ ন মপ্যহং কর্ত্তুং পশুত্বাৎ বিপদ্গ্রস্তত্বাচ্চ ন জানামি তস্মাৎ যৎ কিঞ্চিৎ স্বচক্ষুরাদিভিরিদং বিশ্বং জানামি তস্য যঃ কর্ত্তা ভবেৎ তং কেবলং মনসৈব নমামীত্যাহ সোঽহং প্রসিদ্ধপশুঃ বিশ্বং বিশ্বরূপং অবিশ্বং স্বরূপশক্ত্যা বিশ্বব্যতিরিক্তং বিশ্ববেদসং বিশ্বজ্ঞাতারং বিশ্বস্যাত্মানং ॥ ২৬ ॥

কি প্রয়োজন আছে। আমি কিন্তু অনন্তকাল অতীত হইলেও যে আত্মস্বরূপের প্রকাশরূপ জ্ঞানের আবরণকারী অজ্ঞানের বিনিবৃত্তি কিছুতেই ঘটে না, হে বিভো! আপনার নিকট সেই অজ্ঞানের হস্ত হইতে মুক্তিলাভের প্রার্থনা মাত্র করিতেছি! ॥ ২৫ ॥

আমি পরম পদ প্রাপ্তির প্রার্থনায় এই বিশ্ব সংসারের সৃষ্টিকর্ত্তা বিশ্বরূপী অথচ বিশ্বের অতীত, সর্ব্বান্তর্যামী সর্ব্বব্যাপক অজ ভগবানের শরণাপন্ন হইয়াছি। তিনি এই বিশ্ব সংসারকে ক্রীড়ার উপকরণ মাত্র জ্ঞানে লীলা করিয়া থাকেন ॥ ২৬ ॥

ধ্যান ধারণা দি যোগাঙ্গের অনুষ্ঠানে যাঁহাদের চিত্ত হইতে পুণ্য-পাপাত্মক

যোগরন্ধিতকর্ম্মাণো হৃদি যোগবিভাবিতে।
যোগিনো যং প্রপশ্যন্তি যোগেশং তং নতোঽস্ম্যহং ॥ ২৭ ॥
নমো নমস্তভ্যমসহ্যবেগশক্তিত্রয়ায়াখিলধীগুণায়।
প্রপন্নপালায় দুরন্তশক্তয়ে কদিন্দ্রিয়াণামনবাপ্যবর্ত্মনে ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

যোগেন ধ্যানাদিনা, রন্ধিতানি নিদগ্ধানি কর্ম্মাণি পুণ্যপাপরূপাণি যেষাং তে যোগিনঃ যোগেন বিভাবিতে শোধিতে হৃদি যং প্রপশ্যন্তি সাক্ষাৎ কুর্ব্বন্তি, যোগেশং যোগফলদাতারং, তং অহং নতঃ অস্মি ॥ ২৭ ॥

কদিন্দ্রিয়াণাং (কুৎসিতানি বিষয়াভিমুখানি ইন্দ্রিয়াণি যেষাং তেষাং) অনবাপ্যং দুরবগম্যং বর্ত্ম মার্গঃ যস্য তস্মৈ; অসহ্যবেগশক্তিত্রয়ায় (অসহ্যঃ অপ্রতিহতঃ বেগঃ যস্য তথাভূতং শক্তিত্রয়ং যস্য তস্মৈ) দুরন্তশক্তয়ে (দুরন্তাঃ বিনাশরহিতাঃ শক্তয়ঃ যস্য তস্মৈ) অখিলধীগুণায় (অখিলাঃ ধীগুণাঃ সংশয়াদয়ঃ যস্মাৎ তস্মৈ) প্রপন্নপালায় (প্রপন্নানাং শরণাগতানাং পালায় রক্ষিত্রে নমো নমঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

যোগং বিনা দুর্জ্ঞানত্বাদিত্যাহ যোগেন ভগবদ্ধর্ম্মেণ রন্ধিতানি দগ্ধানি কর্ম্মাণি যেষাং তে যং প্রপশ্যন্তি ॥ ২৭ ॥

তর্হি সর্ব্বেঽপি যোগমেব কিং নাস্থিতা স্তত্রাহ নম ইতি দ্বাভ্যাং। অসহ্যবেগো রাগাদিলক্ষণো যস্য তথাভূতং শক্তিত্রয়ং যস্য তস্মৈ বহিশ্চাখিলধিয়াং সর্ব্বেন্দ্রিয়াণাং গুণায় শব্দাদিস্বরূপেণ প্রতীয়মানায় অতঃ কদিন্দ্রিয়াণাং কুৎসিতানি ইন্দ্রিয়াণি যেষাং তেষামনবাপ্যং বর্ত্ম যস্য ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ তৎ প্রাপ্ত্যুপায়ো ময়ি বর্ত্ততে ইত্যাহ যোগেতি। যোগিনো নতু মাদৃশাঃ পশবঃ যোগেন ভগবদ্ধর্ম্মেণ দগ্ধকর্ম্মাণঃ ॥ ২৭ ॥

হৃদি তদ্ভাবনায়াং প্রতিবন্ধকমাহ অসহ্যবেগং শক্তিত্রয়ং গুণত্রয়ং যস্য তস্মৈ। তৎকৃপয়া প্রতিবন্ধকাভাবে তু অখিলানাং সর্ব্বেষামপি ধিয়ো যত্র তথাভূতগুণাঃ সৌন্দর্য্যাদয়ো যস্য তস্মৈ। কিঞ্চ প্রপন্নমাত্রমপি পালয়তি তস্মৈ। তত্র হেতুঃ দুরন্তশক্তয়ে দুর্জ্ঞেয়-কৃপাশক্তয়ে। কৃপাং বিনা তু বহির্ম্মুখেন্দ্রিয়াণাং দুষ্প্রাপবর্ত্মনে ॥ ২৮ ॥

কর্ম্মরাশি সম্পূর্ণ নির্দগ্ধ হইয়াছে, তাদৃশ যোগিগণের যোগশোধিত হৃদয়মন্দিরে স্বরূপ প্রকাশে বিরাজমান যোগফলদাতা পূর্ণ পরমাত্মাকে আমি প্রণিপাত করি ! ॥ ২৭ ॥

যাহাদের ইন্দ্রিয়গ্রাম বিষয়াভিমুখেই নিরন্তর ধাবিত হইয়া থাকে, তাহারা কখন আপনাকে অবধারণ করিতে পারে না। ভবদীয় শক্তিস্বরূপ এই সত্ত্ব

নায়ং বেদ স্বমাত্মানং যচ্ছক্ত্যা হৃহংধিয়া হতং।
তং দুরত্যয়মাহাত্ম্যং ভগবন্তমিতোঽস্ম্যহং ॥ ২৯ ॥

শ্রীশুক উবাচ ॥

এবং গজেন্দ্রমুপবর্ণিত-নির্ব্বিশেষং ব্রহ্মাদয়ো বিবিধ-লিঙ্গভিদাভিমানাঃ।

অন্বয়ঃ।

অতঃ যস্য শক্ত্যা অবিদ্যাখ্যয়া, যা অহংধীঃ তয়া হতং আবৃতং স্বং আত্মানং স্বরূপভূতং আত্মানং অয়ং জনঃ ন বেদ, তং দুরত্যয়মাহাত্ম্যং অনতিক্রমণীয়প্রভাবং, ভগবন্তং অহং ইতঃ গতঃ অস্মি শরণং আগতোঽস্মি ॥ ২৯ ॥

শ্রীশুকঃ উবাচ। এবং উক্তপ্রকারেণ উপবর্ণিত-নির্বিশেষং (উপবর্ণিতং নির্ব্বিশেষং মূর্ত্তিভেদং বিনা পরং তত্ত্বং যেন তং) গজেন্দ্রং বিবিধলিঙ্গভিদাভিমানাঃ (বিবিধানি লিঙ্গানি

শ্রীধরস্বামী।

যচ্ছক্ত্যা যস্য মায়য়া অহংধীস্তয়া হতং আবৃতং অয়ং জনো ন বেদ। দুরত্যয়ং মাহাত্ম্যং যস্য তং। ইত আশ্রিতোঽস্মি ॥ ২৯ ॥

উপবর্ণিতং নির্ব্বিশেষং মূর্ত্তিভেদং বিনা পরং তত্ত্বং যেন তং। বিবিধা চাসৌ লিঙ্গ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অয়ং মদীয়ো জীবঃ যস্য শক্তির্মায়া তয়া যা অহংধীঃ তয়া হতং স্বং ন বেদ ॥ ২৯ ॥

উপবর্ণিতং নির্ব্বিশেষং নিষ্প্রাকৃতস্বরূপং যেন তং ব্রহ্মাদয়ঃ আধিকারিকাঃ শিষ্টরক্ষণাদৌ ভগবন্নিযুক্তা অপি তদ্রক্ষণে অসামর্থ্যাদেব নোপসস্পৃপুঃ। কিন্তু বিবিধলিঙ্গভিদায়াং হংস-বাহনত্বৈরাবত-বাহনত্বাদৌ শ্রষ্টৃত্ব-মহেন্দ্রত্বাদাবেব অভিমানো যেষাং তে। গজেন্দ্রেণ বয়ং নষ্টীষদপি স্তুতাঃ প্রত্যুত যস্য ব্রহ্মাদয়ো দেবা লোকাবেদাশ্চরাচরাঃ নামরূপবিভেদেন ফল্গ্বী চ কলয়া কৃতা ইতি ফল্গ্বিতি পদেন তুচ্ছীকৃতা এবাতো যমেব স্তৌতি সএব ভগবান্ রক্ষতু।

রজঃ এবং তমোনামক গুণত্রয় বিষম বেগে এবং অপ্রতিহত প্রভাবে এই সংসার-কার্য্য চালিত করিতেছে! আপনার শক্তির কখন অন্ত বা বিনাশ ঘটে না; সংশয় এবং বিপর্য্যয়াদি বুদ্ধির অখিল গুণগ্রাম এক আপনা হইতেই সমুৎপন্ন হইয়া থাকে। আপনি শরণাগত জনের পালনকর্ত্তা! আপনাকে প্রণাম করি! ॥ ২৮ ॥

যাঁহার অবিদ্যানাম্নী শক্তির প্রভাবে সমুৎপন্ন অহংজ্ঞানের আবরণে আবৃত হইয়া, এই জীবগ্রাম আত্মস্বরূপ এবং ভবদীয় পরম ভাব অবগত হইতে পারে না, আমি সেই দুরন্তবীর্য্য ভগবানের শরণাগত হইলাম! ॥ ২৯ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! গজেন্দ্র কোনরূপ মূর্ত্তির আশ্রয় ব্যতীত ভগবানের নির্ব্বিশেষ পরম স্বরূপের এই প্রকার স্তব করিলে, বিভিন্ন মূর্ত্তি-

ন তে যদোপসসৃপুর্নিখিলাত্মকত্বাত্তত্রাখিলামরময়ো হরিরাবিরাসীৎ ॥ ৩০ ॥
তং তদ্বদার্ত্তমুপলভ্য জগন্নিবাসঃ স্তোত্রং নিশম্য দিবিজৈঃ সহ সংস্তবদ্ভিঃ।
ছন্দোময়েন গরুড়েন সমুহ্যমান শ্চক্রায়ুধোঽভ্যগমদাশু যতো গজেন্দ্রঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

তৎপ্রযুক্তা ভিদা মূর্ত্তিভেদঃ তস্য অভিমানঃ যেষাং তে) ব্রহ্মাদয়ঃ এতে যদা ন উপসসৃপুঃ জগ্মুঃ তদা নিখিলাত্মকত্বাৎ অখিলামরময়ঃ সর্ব্বদেবময়ঃ হরিঃ তত্র আবিরাসীৎ ॥ ৩০ ॥

তদ্বদার্ত্তং তথা গ্রাহেণ পীড়িতং, গজেন্দ্রং উপলভ্য জ্ঞাত্বা, তথা তৎকৃতং স্তোত্রং চ নিশম্য শ্রুত্বা, চক্রায়ুধঃ চক্রং গৃহীত্বা ছন্দোময়েন বেদরূপেণ, গরুড়েণ সংমুহ্যমানঃ জগন্নিবাসঃ হরিঃ সংস্তবদ্ভিঃ দিবিজৈঃ সহ যতঃ যত্র গজেন্দ্রঃ তত্র আশু শীঘ্রং অভ্যগমৎ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ভিদাচ মূর্ত্তিভেদঃ তস্যামভিমানো যেষাং অতএব এতে যদা নোপজগ্মুঃ তত্র তদা অখিলামরময়ঃ সর্ব্বদেবময়মূর্ত্তিঃ ॥ ৩০ ॥

দিবিজৈর্দেবৈঃ সহ ছন্দোময়েনেতি শৈঘ্র্যায়োক্তং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সতু শীঘ্রং ন প্রত্যক্ষীভবিষ্যতীতি দুরারাধ্যস্য তস্য স্বভাবং বয়ং জানীম এবাতো গ্রাহগ্রস্তোমরিষ্যত্যেবেত্যেবং দুরভিমানেনৌদাসীন্যং যদা ব্যঞ্জয়াঞ্চক্রুরিতি ভাবঃ। তদা তৎক্ষণ এব তত্র হরিঃ নিখিলাত্মকত্বাদ্দেতোরখিলামরময়ঃ ইতি। তরু-মূল-সেচনেন পল্লবাদ্যাসিক্তা ইব বিষ্ণুস্তত্যৈব সর্ব্বে স্তুতা ইতি তে তত্ত্বমবিদ্বাংস ইতি ভাবঃ। দিবিজৈ ব্রহ্মাদিদেবৈঃ সহিত এব সংস্তবদ্ভিরিতি স্বাপরাধখণ্ডনার্থমেবেতি ভাবঃ। ছন্দোময়েন ইচ্ছাময়েন ইচ্ছাতুল্যবেগেনেত্যর্থঃ যতো যত্র ॥ ৩০ । ৩১ ॥

ধারী হংসবাহন ব্রহ্মা এবং বৃষভারূঢ় ত্রিশূলপানি মহাদেবাদি দেববৃন্দ তাহার বিমোচনার্থ তৎকালে কেহ তথায় উপস্থিত হইলেন না। কিন্তু সর্ব্বদেবময় পরম পুরুষ পরমাত্মা আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না; তিনি তৎক্ষণাৎ তথায় উপনীত হইলেন ॥ ৩০ ॥

এবং গজেন্দ্রকে তাদৃশ গ্রাহগ্রাসে অবসন্নের ন্যায় অবস্থিত অবধারণ করিয়া এবং তৎকৃত স্তোত্র শ্রবণে করুণা প্রকাশে সুদর্শন চক্র লইয়া বেদস্বরূপ গরুড়ে আরোহণ পূর্ব্বক স্তুতিবাদক অমরবৃন্দে পরিবৃত জগন্নিবাস জনার্দ্দন শ্রীহরি গজেন্দ্রের সমীপে সত্বর উপস্থিত হইলেন ॥ ৩১ ॥

তৎকালে সরোবরের জলমধ্যে মহাবল নক্রের আক্রমণে অবসন্নপ্রায় মর্ম্মপীড়িত গজেন্দ্র আকাশপথে চক্রধারী শ্রীহরিকে গরুড়বাহনে উপনীত অবলোকন করিয়া, সরোবরস্থ কমল মাত্রকে তদীয় উপহার-স্বরূপে শুণ্ড দ্বারা

সোঽন্তঃসরস্যুরুবলেন গৃহীত আর্ত্তো দৃষ্ট্বা গরুত্মতি হরিং খ উপাত্তচক্রং।
উৎক্ষিপ্য সাম্বুজকরং গিরমাহ কৃচ্ছ্রান্নারায়ণাখিলগুরো ভগবন্নমস্তে ॥ ৩২ ॥
তং বীক্ষ্য পীড়িতমজঃ সহসাবতীর্য্য সগ্রাহমাশু সরসঃ কৃপয়োজ্জহার।
গ্রাহাদ্বিপাটিতমুখাদরিণা গজেন্দ্রং সংপশ্যতাং হরিরমুমুচদুচ্ছ্রিয়াণাং ॥ ৩৩ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং অষ্টমস্কন্ধে
গজেন্দ্রমোক্ষণো নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

অন্বয়ঃ।

অন্তঃসরসি সরোমধ্যে, উরুবলেন মহাবলেন গ্রাহেণ, গৃহীতঃ অতএব আর্ত্তঃ পীড়িতঃ সঃ গজেন্দ্রঃ খে আকাশে, গরুত্মতি গরুড়ে, স্থিতং উপাত্তচক্রং হরিং দৃষ্ট্বা সাম্বুজকরং উৎক্ষিপ্য হে নারায়ণ! হে অখিলগুরো! হে ভগবন্! তে তুভ্যং নমঃ ইতি গিরং কৃচ্ছ্রাৎ অতিকষ্টাৎ আহ ॥ ৩২ ॥

অজঃ ভগবান্ তং গজেন্দ্রং পীড়িতং বীক্ষ্য সহসা ঝটিতি, গরুড়াৎ অবতীর্য্য অবরুহ্য, আশু শীঘ্রং, এব সরসঃ সকাশাৎ সগ্রাহং গ্রাহেণ সহিতং, তং কৃপয়া উজ্জহার নিষ্কাশিতবান্, তথা উচ্ছ্রিয়াণাং দেবানাং সংপশ্যতাং এব অরিণা চক্রেণ বিপাটিতমুখাৎ (বিপাটিতং মুখং যস্য তস্মাৎ) গ্রাহাৎ হরিঃ গজেন্দ্রং অমুমুচৎ ॥ ৩৩ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

খে দৃষ্ট্বা উপাত্তং উদ্যতং চক্রং যেন ॥ ৩২ ॥

গরুড়োঽপি মন্দগতিরিতি। ততঃ সহসা অবতীর্য্য অরিণা চক্রেণ বিপাটিতং মুখং যস্য। উচ্ছ্রিয়াণাং দেবানাং ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি অষ্টমে তৃতীয়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্ত্ত স্তৎপীড়াভিভূতোঽপি খে আকাশে অতিদূরেঽপি দৃষ্ট্বা সাম্বুজেতি। তত্রত্যান্যম্বুজানি সদ্যএব শুণ্ডেনৈবাবচিত্য চরণয়োরর্পয়িতুমিত্যর্থঃ ॥ ৩২ ॥

গরুড়োঽপি মন্দগতিরিতি তৎপৃষ্ঠাদবতীর্য্য বামকরেণ শুণ্ডং ধৃত্বা সরসঃ সকাশাৎ তটে উজ্জহার। ততশ্চ দক্ষিণকরেণ অরিণা চক্রেণ বিপাটিতং মুখং যস্য তস্মাৎ। উচ্ছ্রিয়াণাং দেবানাং সংপশ্যতাং সম্যক্কৃতয়া পশ্যতোঽপি তাননাদৃত্য ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অষ্টমস্য তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

উত্তোলন করত অতি কষ্টে হে নারায়ণ! হে অখিলগুরো! হে ভগবন্! আপনাকে প্রণাম করি। এই কথা মাত্র বলিল ॥ ৩২ ॥

অজ ভগবান্ গজেন্দ্রকে তাদৃশ মর্ম্মপীড়িত অবলোকন করিয়া, সত্বর

শ্রীশুক উবাচ ॥

তদা দেবর্ষি গন্ধর্ব্বা ব্রহ্মেশান-পুরোগমাঃ।
মুমুচুঃ কুসুমাসারং শংসন্তঃ কর্ম্ম তদ্ধরেঃ ॥
নেদুর্দুন্দুভয়ো দিব্যা গন্ধর্ব্বা ননৃতুর্জগুঃ।
ঋষয়শ্চারণাঃ সিদ্ধাস্তুষ্টুবুঃ পুরুষোত্তমং ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। তদা গজেন্দ্রমোচনদশায়াং দেবর্ষিগন্ধর্ব্বাঃ ব্রহ্মা চতুর্মুখঃ, ঈশানঃ রুদ্রঃ চ পুরোগমঃ অগ্রেসরঃ যেষাং তে দেবাঃ তৎ হরেঃ কর্ম্ম শংসন্তঃ প্রশংসন্তঃ, কুসুমাসারং পুষ্প-বৃষ্টিং, মুমুচুঃ চক্রুঃ, দুন্দুভয়ঃ নেদুঃ, গন্ধর্ব্বাঃ ননৃতুঃ জগুঃ, ঋষয়ঃ চারণাঃ সিদ্ধাঃ চ তুষ্টুবুঃ। ১।

শ্রীধরস্বামী।

চতুর্থেতু তয়ো গ্রাহঃ প্রাপ গন্ধর্ব্বতাং পুনঃ। গজং স্বপার্ষদং কৃত্বা হরি র্নিন্যে স্বকং পদং। ১।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পার্ষদত্বং গজেন্দ্রস্য গন্ধর্ব্বত্বঞ্চ যাদসঃ। চতুর্থে ভগবদ্বাক্যং হিতমুক্তং মরিষ্যতাং। ১।

গরুড়াসন হইতে অবরোহণ করিলেন; এবং সরোবরের নিকটে গমন করত নিতান্ত অনুগ্রহের প্রকাশে কেবল বাম হস্তের দ্বারা সেই মহাবল কুম্ভীর সহ গজেন্দ্রকে তীরে উত্তোলন করিলেন; এবং এই অদ্ভুত ব্যাপার দর্শনার্থ তথায় সমবেত ব্রহ্মাদি দেবেন্দ্রগণের সমক্ষে সুদর্শন চক্রের দ্বারা নক্রের বদন বিদারিত করত, গ্রাহগ্রাস হইতে গজেন্দ্রকে বিমোচিত করিলেন ॥ ৩৩ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবান্ শ্রীহরির অনুগ্রহে গ্রাহের গ্রাস হইতে গজেন্দ্র যখন বিমুক্তি লাভ করিল, সেই সময় ব্রহ্মা এবং রুদ্রকে অগ্র-বর্ত্তী করিয়া দেববৃন্দ, দেবর্ষিগণ এবং গন্ধর্ব্বগণ ভগবানের তাদৃশ কর্ম্মের প্রশংসা করিতে করিতে কুসুম বর্ষণ করিলেন ॥

স্বর্গে দুন্দুভি ধ্বনি হইতে লাগিল, গন্ধর্ব্বগণ নৃত্য আরম্ভ করিলেন; ঋষি, চারণ এবং সিদ্ধগণ পুরুষোত্তমের স্তব করিতে লাগিলেন ॥ ১ ॥

হে মহারাজ! পূর্ব্বে হূহূ নামে যে গন্ধর্ব্বশ্রেষ্ঠ ছিলেন, তিনি কোন

আভাস।

চতুর্থ অধ্যায়ে গ্রাহের পুনরায় গন্ধর্ব্বত্ব প্রাপ্তি এবং গজেন্দ্রের ভগবৎপার্ষদ হইয়া তৎপদ লাভ।

যোঽসৌ গ্রাহঃ স বৈ সদ্যঃ পরমাশ্চর্য্যরূপধৃক্।
মুক্তো দেবলশাপেন হুহুর্গন্ধর্ব্বসত্তমঃ ॥ ২ ।
প্রণম্য শিরসাধীশমুত্তমঃশ্লোকমব্যয়ং।
অগায়ত যশোধাম কীর্ত্তন্যগুণসৎকথং ॥ ৩ ॥

অন্বয়ঃ।

যঃ অসৌ গ্রাহঃ পূর্ব্বজন্মনি হুহুনাম গন্ধর্ব্বসত্তমঃ আসীৎ সঃ এব দেবলশাপেন গ্রাহঃ জাতঃ। ইদানীং ভগবৎস্পর্শেন শাপাৎ মুক্তঃ সদ্যঃ পরমাশ্চর্য্যরূপধৃক্ সন্ ॥ ২ ॥

অধীশং অব্যয়ং উত্তমশ্লোকং ভগবন্তং শিরসা প্রণম্য কীর্ত্তন্যগুণসৎকথং (কীর্ত্তন্যাঃ কীর্ত্তনীয়াঃ গুণাঃ সতী কথা চ যস্য তং) যশোধাম (যশসঃ ধাম আশ্রয়ং) তং অগায়ত ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

হুহুসংজ্ঞো যো গন্ধর্ব্বসত্তমঃ অসৌ দেবলশাপেন গ্রাহো জাতঃ স বৈ ততঃ সদ্যো মুক্তঃ সন্ উত্তমঃশ্লোকমগায়তেত্যন্বয়ঃ। এবং হীতিহাসোত্তমে কথা। সরসি স্ত্রীভিঃ ক্রীড়ন্নসৌ স্নাতুং প্রবিষ্টং দেবলং পাদে প্রগৃহ্য বিচকর্ষ। স চ কুপিতো গ্রাহো ভবেতি শশাপ তেনচ প্রসাদিতঃ সন্নুবাচ এবমেব গজেন্দ্রং গৃহীত্বা ততশ্চ গজেন্দ্রমুদ্ধরন্ হরিস্ত্বামপি মোচয়িষ্যতীতি ॥ ২ ॥

কথম্ভূতং যশো ধাম আশ্রয়ং অতঃ কীর্ত্তন্যাঃ কীর্ত্তনীয়া গুণাঃ সতী কথাচ তস্য তং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবলশাপেনেত্যেষমত্র কথা। সরসি স্ত্রীভিঃ ক্রীড়নসৌ স্নাতুং প্রবিষ্টং দেবলং পাদে প্রগৃহ্য বিচকর্ষ সচ কুপিতো গ্রাহো ভবেতি শশাপ। তেন চ প্রসাদিতঃ সন্নুবাচ। এবমেব গজেন্দ্রং গৃহীতবন্তং ত্বাং হরি র্মোচয়িষ্যতীতি। অধীশং কীদৃশং যশসো ধাম আশ্রয়ং ॥২।৩॥

সময়ে পত্নীগণে পরিবৃত হইয়া, সরোবরের জলে অবগাহন পূর্ব্বক ক্রীড়া করিতেছিলেন। ইতি মধ্যে দেবল ঋষিও ঐ সরোবরে স্নানার্থ যখন অবগাহন করেন, তখন উক্ত গন্ধর্ব্ব কৌতুকচ্ছলে জলমগ্ন থাকিয়া, ঋষির চরণ ধরিয়া আকর্ষণ করেন। তাহাতে ঋষি কুপিত হইয়া, অভিসম্পাত প্রদানে বলিলেন যে, রে দুষ্ট! তুমি যেমন কুম্ভীরের ন্যায় আমার চরণ ধারণে আকর্ষণ করিতেছ, তখন গ্রাহ হইয়াই জলে বাস কর! অভিসম্পাত শ্রবণে গন্ধর্ব্বরাজ ভীত হইয়া, মুনিকে প্রসন্ন করিতে চেষ্টা করিলেন; এবং মুনি তখন প্রসন্ন হইয়া বলিলেন যে, এই নক্র মূর্ত্তিতে তুমি গজেন্দ্রকে যখন আক্রমণ করিবে, তখন ভগবান্ নারায়ণ কর্ত্তৃক গজেন্দ্র-মোক্ষণের উপলক্ষে তুমিও মুক্ত হইবে। সুতরাং এক্ষণে বিদীর্ণবদন কুম্ভীরও দেবল-শাপ হইতে মুক্তিলাভে অপূর্ব্ব গন্ধর্ব্বমূর্ত্তি পরিগ্রহ করিল ॥ ২ ॥

সোঽনুকম্পিত ঈশেন পরিক্রম্য প্রণম্য তং।
লোকস্য পশ্যতো লোকং স্বমগামুক্তকিল্বিষঃ॥
গজেন্দ্রো ভগবৎস্পর্শাদ্বিমুক্তোঽজ্ঞানবন্ধনাৎ।
প্রাপ্তো ভগবতো রূপং পীতবাসাশ্চতুর্ভুজঃ॥
স বৈ পূর্ব্বমভূদ্রাজা পাণ্ড্যো দ্রবিড়সত্তমঃ।
ইন্দ্রদ্যুম্নঃ ইতি খ্যাতো বিষ্ণুব্রতপরায়ণঃ॥ ৪॥

অন্বয়ঃ।

ঈশেন অনুকম্পিতঃ অতঃ মুক্তকিল্বিষঃ নিষ্পাপঃ, সঃ গন্ধর্ব্বঃ তং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য, প্রণম্য চ লোকস্য পশ্যতঃ এব স্বং স্বকীয়ং গন্ধর্ব্বলোকং অগাৎ॥

ভগবৎস্পর্শাৎ অজ্ঞান-বন্ধনাৎ বিমুক্তঃ গজেন্দ্রঃ অপি ভগবতঃ রূপং প্রাপ্তঃ সন্ পীতবাসাঃ চতুর্ভুজঃ জাতঃ।

সঃ গজেন্দ্রঃ পূর্ব্বং পূর্ব্বজন্মনি পাণ্ড্যঃ পাণ্ড্যদেশপতিঃ দ্রবিড়দেশনিবাসিষু শ্রেষ্ঠঃ ইন্দ্রদ্যুম্নাখ্যঃ-বিষ্ণুব্রতপরায়ণঃ রাজা আসীৎ॥ ৪॥

শ্রীধরস্বামী।

স্বং গন্ধর্ব্বলোকং॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবৎস্পর্শাৎ ভগবৎকর্ত্তৃকস্পর্শাৎ তত্র মনোবচোভ্যাং স্পর্শাৎ অজ্ঞানবন্ধতো মুক্তঃ। স্থূলদেহেন স্পর্শাৎ স্পর্শমণি-ন্যায়েন ভগবতো রূপং প্রাপ্তো ধ্রুব ইবেতি জ্ঞেয়ং। দেহমব্যয়ং করোত্বিতি পূর্ব্বপ্রার্থনাৎ॥ ৪॥

এবং উত্তমশ্লোক সর্ব্বেশ্বর ভগবানকে অবনত মস্তকে প্রণাম করত, তদীয় গুণরাশির কীর্ত্তনে স্তব করিতে লাগিল॥ ৩॥

তখন জনার্দ্দন তৎপ্রতি পরিতুষ্ট হইলে, তদীয় অনুমতি গ্রহণে গন্ধর্ব্বরাজ তাঁহাকে প্রদক্ষিণ করত প্রণাম করিলেন এবং পাপ-নির্ম্মুক্ত হইয়া, স্বকীয় আলয়ে গমন করিলেন॥

এদিকে গজেন্দ্রও ভগবৎস্পর্শে নিষ্পাপ-শরীর হইল; গ্রাহের গ্রাস এবং ভবপাশ হইতে বিমুক্তি লাভে ভগবৎসারূপ্য প্রাপ্ত পীতাম্বরধারী হইয়া, চতুর্ভুজ মূর্ত্তি পরিগ্রহে ভগবানের পার্ষদত্ব প্রাপ্ত হইল॥

এই গজেন্দ্রও একজন সামান্য ব্যক্তি নহেন। পূর্ব্ব জন্মে বিষ্ণুভক্তিপরায়ণ ইন্দ্রদ্যুম্ন নামে ইনি দ্রবিড়শ্রেষ্ঠ পাণ্ড্যদেশাধিপতি রাজা ছিলেন॥ ৪॥

তিনি জটাধারী তাপস হইয়া, মলয়াচলে অবস্থান পূর্ব্বক একাগ্রচিত্তে ভগবান্ শ্রীহরির আরাধনা করিতেন। এক দিবস স্নানান্তে পবিত্র হইয়া,

স একদারাধন-কাল আত্মবান্ গৃহীতমৌনব্রত ঈশ্বরং হরিং।
জটাধরস্তাপস আপ্লুতোঽর্চ্যতং সমর্চ্চয়ামাস কুলাচলাশ্রমঃ ॥ ৫ ॥
যদৃচ্ছয়া তত্র মহাযশা মুনিঃ সমাগমচ্ছিষ্যগণৈঃ পরিশ্রিতঃ।
তং বীক্ষ্য তূষ্ণীমকৃতার্হণাদিকং রহস্যুপাসীনমৃষিশ্চুকোপহ ॥ ৬ ॥
তস্মা ইমং শাপমদাদসাধুরয়ং দুরাত্মা হকৃতবুদ্ধিরদ্য।
বিপ্রাবমন্তাবিশতাং তমিস্রং যথা গজস্তদ্ধমতিঃ স এব ॥ ৭ ॥

অন্বয়ঃ।

কুলাচলে মলয়াদ্রৌ, আশ্রমঃ যস্য সঃ ইন্দ্রদ্যুম্নঃ একদা ভগবদারাধনকালে ধৃতমৌনঃ গৃহীতমৌনব্রতঃ, আত্মবান্ বশীকৃতচিত্তঃ, জটাধরঃ তাপসঃ তপোনিষ্ঠঃ, আপ্লুতঃ কৃতস্নানঃ, সন্ ঈশ্বরং হরিং সমর্চ্চয়ামাস ॥ ৫ ॥

তদা শিষ্যগণৈঃ পরিশ্রিতঃ পরিবৃতঃ মহাযশাঃ মুনিঃ অগস্ত্যঃ তত্র যদৃচ্ছয়া সমাগমৎ ; তথা রহসি একান্তে, উপাসীনং উপবিষ্টং, তূষ্ণীং বাচাপি অকৃতার্হণাদিকং তং রাজানং বীক্ষ্য ঋষিঃ চুকোপ ॥ ৬ ॥

তস্মৈ ইমং শাপং অদাৎ যথা অকৃতবুদ্ধিঃ দুরাত্মা বিপ্রাবমন্তা অয়ং অসাধুঃ যতঃস্তব্ধমতিঃ গজঃ ইব বর্ত্ততে অতঃ সঃ তমিস্রং বিশতাং এব অজ্ঞানবহুলাং পশুযোনিং প্রাপ্নোতু ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কুলাচলে মলয়াদ্রাবাশ্রমো যস্য ॥ ৫ ॥ তূষ্ণীং রহস্যুপাসীনং বীক্ষ্য ॥ ৬ ॥

শাপমেবাহ অসাধুরিত্যাদি। অকৃতা অশিক্ষিতা বুদ্ধির্যস্য গজো যথা স্তব্ধমতিঃ তথৈবায়ং অতঃ সএব গজএব ভবত্বিতি শেষঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুলাচলে মলয়াদ্রাবাশ্রমো যস্য সঃ ॥ ৫ ॥

মুনিরগস্ত্যঃ ॥ ৬ ॥

অকৃতবুদ্ধিঃ অশিক্ষিতধীঃ। সএব গজএব ভবত্বিতি শেষঃ ॥ ৭ ॥

একাগ্রচিত্তে এবং মৌনাবলম্বনে শ্রীনারায়ণের আরাধনা করিতেছিলেন, এমন সময় মহাযশা মুনি অগস্ত্য শিষ্যগণে পরিবৃত হইয়া, তদীয় আশ্রমে উপনীত হইলেন ; কিন্তু ভগবদারাধনায় নিরত মৌনাবলম্বী রাজা তাঁহাকে অভিবাদন বা সৎকারাদি না করিয়া, তূষ্ণীম্ভাবেই অবস্থিত থাকায়, অগস্ত্য মুনি ক্রুদ্ধ হইলেন ॥ ৫ ॥ ৬ ॥

এবং শাপ প্রদানে রাজাকে বলিলেন, রে দুরাত্মন্! সাধু হইয়া তোমার এরূপ অযথা কার্য্যে প্রবৃত্তি কেন হইয়াছে! তুমি ভগবদারাধনা করিতে বসিয়া, ব্রাহ্মণের অপমাননা করিতেছ! ইহাতে তোমাকে ঘোর অজ্ঞানান্ধ অভি-

শ্রীশুক উবাচ।

এবং শপ্ত্বা গতো২গস্ত্যো ভগবান্ স সানুগঃ।
ইন্দ্রদ্যুম্নোঽপি রাজর্ষি র্দিষ্টং তদুপধারয়ন্॥
আপন্নঃ কৌঞ্জরীং যোনিমাত্মস্মৃতিবিনাশিনীং।
হর্য্যর্চ্চনানুভাবেন যদ্গজত্বেঽপ্যনুস্মৃতিঃ॥ ৮॥
এবং বিমুচ্য গজযূথপমজনাভস্তেনাপি পার্ষদতাং গমিতেন যুক্তঃ।
গন্ধর্ব্বসিদ্ধবিবুধৈরুপগীয়মান কর্ম্মাদ্ভুতং স্বভবনং গরুড়াসনোঽগাৎ॥ ৯॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। সানুগঃ সশিষ্যঃ, ভগবান্ অগস্ত্যঃ এবং শপ্ত্বা গতঃ। রাজর্ষিঃ ইন্দ্রদ্যুম্নঃ অপি তৎ দিষ্টং দৈবপ্রাপিতং সর্ব্বং উপধারয়ন্ পশ্যন্, আত্মস্মৃতি-বিনাশিনীং কৌঞ্জরীং যোনিং আপন্নঃ প্রাপ্তঃ। হরেঃ অর্চ্চনানুভাবেন তু যৎ তস্য গজত্বেঽপি অনুস্মৃতিঃ জাতা॥ ৮॥

অজনাভঃ ব্রহ্মাদিজনকঃ, ভগবান্ এবং গজযূথপং বিমুচ্য বিমোক্ষ্য পার্ষদতাং গমিতেন প্রাপিতেন, তেন যুক্তঃ গন্ধর্ব্বাদিভিঃ উপগীয়মানং কর্ম্ম যস্য সঃ গরুড়াসনঃ হরিঃ অদ্ভুতং স্বভবনং অগাৎ॥ ৯॥

শ্রীধরস্বামী।

দিষ্টং দৈবপ্রাপিতং তদুপধারয়ন্নালোচয়ন্ কৌঞ্জরীং যোনিমাপন্ন স্তর্হি পশ্চাৎ কথং স্মৃতি-র্জাতা তত্রাহ হরেরর্চ্চনস্যানুভাবেনেতি॥ ৮॥

অদ্ভুতং স্বভবনমগাৎ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিষ্টং দুরদিষ্টং। উপধারয়ন্ জানন্॥

যস্য গজত্বে যদ্গজত্বে॥ ৮॥ ৯॥

মানী বলিয়াই আমি অনুমান করিতেছি। অতএব স্তব্ধবুদ্ধি হস্তি-যোনি তুমি প্রাপ্ত হও!॥ ৭॥

শুকদেব বলিলেন, ভগবান্ অগস্ত্য মুনি এই প্রকার অভিসম্পাত করিয়া শিষ্যগণ সহ তথা হইতে প্রস্থান করিলেন। এদিকে রাজা ইন্দ্রদ্যুম্ন আপনার তাদৃশ ফল প্রাপ্তিকে দৈব-নিবন্ধনজ্ঞানেই কুঞ্জর-কলেবর প্রাপ্ত হইলেন। কিন্তু ভগবদারাধনার ফলে হস্তিযোনি প্রাপ্ত হইয়াও, তাঁহার পূর্ব্বস্মৃতি বিলুপ্ত হইল না॥ ৮॥

ভগবান্ কমলনাভ গজেন্দ্রকে মুক্ত করিয়া, স্বীয় পার্ষদ করত গরুড়োপরি আরোহণ পূর্ব্বক একত্র বৈকুণ্ঠলোকে গমন করিলেন; তৎকালে গন্ধর্ব্ব সিদ্ধ এবং দেবগণ তাদৃশ অদ্ভুত কর্ম্ম দর্শনে ভগবানের স্তব করিতে লাগিলেন॥ ৯॥

এতন্মহারাজ তবেরিতো ময়া কৃষ্ণানুভাবো গজরাজমোক্ষণং।
স্বর্গ্যং যশস্যং কলিকল্মষাপহং দুঃস্বপ্ননাশং কুরুবর্য্য শৃণ্বতাং ॥ ১০ ॥
যথানুকীর্ত্তয়ন্ত্যেতচ্ছ্রেয়স্কামা দ্বিজাতয়ঃ।
শুচয়ঃ প্রাতরুত্থায় দুঃস্বপ্নাদ্যুপশান্তয়ে ॥ ১১ ॥
ইদমাহ হরিঃ প্রীতো গজেন্দ্রং কুরুসত্তম।
শৃণ্বতাং সর্ব্বভূতানাং সর্ব্বভূতময়ো বিভুঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে মহারাজ! কৃষ্ণানুভাবঃ তব তুভ্যং ময়া ইরিতঃ বর্ণিতঃ; হে কুরুবর্য্য! শৃণ্বতাং জনানাং এতৎ গজেন্দ্রমোক্ষণং ভগবচ্চরিতং স্বর্গ্যং স্বর্গ-প্রাপ্তি-সাধনং, যশস্যং যশস্করং, কলিকল্মষাপহং (কলৌ যুগে যৎ কল্মষং পাপং তদপহন্তি) তথা দুঃস্বপ্ননাশং দুষ্টস্বপ্নজনিতফল-প্রতিবন্ধকং ॥ ১০ ॥

অতএব শ্রেয়স্কামাঃ দ্বিজাতয়ঃ প্রাতঃ উত্থায় শুচয়ঃ স্নানাদিনা বিশুদ্ধাঃ, সন্তঃ দুঃস্বপ্নাদ্যুপ-শান্তয়ে: এতৎ গজেন্দ্রমোক্ষণং যথাবৎ অনুকীর্ত্তয়ন্তি ॥ ১১ ॥

হে কুরুসত্তম! সর্ব্বভূতানাং শৃণ্বতাং এব প্রীতঃ সর্ব্বভূতময়ঃ বিভুঃ হরিঃ গজেন্দ্রং ইদং আহ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

এতদ্গজরাজমোক্ষণং নাম কৃষ্ণানুভাবঃ। কথম্ভূতং তত্রাহ স্বর্গ্যমিত্যাদি। দুঃস্বপ্নং নাশয়তীতি তথা ॥ ১০ ॥

অতঃ শ্রেয়স্কামা এতদ্যথাবদনুকীর্ত্তয়ন্তি ॥ ১১ ॥

অনেন শ্রেয়ো ভবতীতি কুতো জ্ঞাতং সাক্ষাদ্ভগবদ্বচনাদেব ইত্যাহ ইদমাহেত্যাদি যাবৎ পরিসমাপ্তি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিমোক্ষ্যতে গ্রাহাদিতি শেষঃ ॥ ১০ ॥ যথা যথাবৎ ॥ ১১ ॥ ১২ ॥

হে রাজেন্দ্র! ভগবান্ শ্রীকৃষ্ণের এই অনুপম কীর্ত্তির বিষয় আপনার নিকট বর্ণন করিলাম! যাঁহারা এই গজেন্দ্র মোক্ষণের ব্যাপার শ্রবণ করেন; হে কুরুশ্রেষ্ঠ! তাঁহাদের স্বর্গরাজ্য এবং যশোলাভ হইয়া থাকে। কলি-যুগের পাপ তাঁহাদিগকে আক্রমণ করিতে পারে না; এবং দুঃস্বপ্ন-জন্য তাপও ঘটে না ॥ ১০ ॥

ব্রাহ্মণাদি বর্ণসমূহ শ্রেয়োলাভের অভিপ্রায়ে এবং দুঃস্বপ্নাদির শান্তির কামনায় প্রাতঃকালে গাত্রোত্থান করত পবিত্র হইয়া, যথাবিধি এই গজেন্দ্র মোক্ষণ পাঠ করিয়া থাকেন ॥ ১১ ॥

শ্রীভগবানুবাচ ॥

যে মাং ত্বাঞ্চ সরশ্চেদং গিরিকন্দরকাননং।
বেত্র কীচক বেণূনাং গুল্মানি সুরপাদপান্ ॥
শৃঙ্গাণীমানি ধিষ্ণ্যানি ব্রহ্মণো মে শিবস্যচ।
ক্ষীরোদং মে প্রিয়ং ধাম শ্বেতদ্বীপঞ্চ ভাস্বরং ॥
শ্রীবৎসং কৌস্তুভং মালাং গদাং কৌমোদকীং মম।
সুদর্শনং পাঞ্চজন্যং সুপর্ণং পতগেশ্বরং ॥
শেষঞ্চ মৎকলাং সূক্ষ্মাং শ্রিয়ং দেবীং মদাশ্রয়াং।
ব্রহ্মাণং নারদমৃষিং ভবং প্রহ্লাদমেবচ ॥
মৎস্য-কূর্ম্মবরাহাদ্যৈরবতারৈঃ কৃতানি মে।
কর্ম্মাণ্যনন্তপুণ্যানি সূর্য্যং সোমং হুতাশনং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে গজেন্দ্র! যে মাং ত্বাং ইদং সরঃ; গিরিকন্দরকাননং, বেত্র-কীচক বেণূনাং গুল্মানি সুরপাদপান্ ॥

ব্রহ্মণঃ মে মম, শিবস্য চ ধিষ্ণ্যানি, ইমানি শৃঙ্গাণি, ক্ষীরোদং সমুদ্রং তত্র মম প্রিয়ং ভাস্বরং ধাম শ্বেতদ্বীপং ॥

শ্রীবৎসং, কৌস্তুভং, মালাং, কৌমোদকীং গদাং, সুদর্শনং চক্রং, পাঞ্চজন্যং শংখং, পতগেশ্বরং সুপর্ণং ॥

শেষং সংকর্ষণং, মৎকলাং মম অংশভূতাং সূক্ষ্মাং মদাশ্রয়াং দেবীং শ্রিয়ং মহালক্ষ্মীং, ব্রহ্মাণং, ঋষিং নারদং, ভবং মহাদেবং, প্রহ্লাদং ॥

মৎস্যাদ্যবতারৈঃ কৃতানি মে মম অনন্তপুণ্যানি কর্ম্মাণি, সূর্য্যং রবিং, সোমং চন্দ্রং, হুতাশনং অগ্নিং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং দ্বিতীয়ান্তানাং স্মরন্তীত্যষ্টমেনান্বয়ঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাং ত্বাঞ্চেত্যাদি দ্বিতীয়ান্তানাং স্মরন্তীত্যষ্টমেনান্বয়ঃ ॥ ১৩ ॥

হে কুরুশ্রেষ্ঠ! অধিক কি! সর্ব্বভূতেশ্বর বিভু শ্রীহরি প্রসন্ন হইয়া দেবতাদি উপস্থিত সকলের সমক্ষে বলিয়াছিলেন ॥

হে গজেন্দ্র! যে সকল ব্যক্তি আমাকে এবং তোমাকে প্রাতঃকালে স্মরণ করিবে এবং এই সরোবর, গিরিকন্দর, কানন, তত্রত্য বেত্র কীচক বেণু গুল্ম ও সুরদ্রুম এই সকল পর্ব্বত শৃঙ্গ, ব্রহ্মলোক, বিষ্ণুলোক এবং শিবলোক, আমার

প্রণবং সত্যমব্যক্তং গোবিপ্রান্ ধর্ম্মমব্যয়ং।
দাক্ষায়ণী ধর্ম্মপত্নীঃ সোম কশ্যপয়োরপি ॥ ১৪ ॥
গঙ্গাং সরস্বতীং নন্দাং কালিন্দীং সিতবারণং।
ধ্রুবং ব্রহ্মর্ষীন্ সপ্তপুণ্যশ্লোকাংশ্চ মানবান্ ॥ ১৫ ॥
উত্থায়াপররাত্রান্তে প্রযতাঃ সুসমাহিতাঃ।
স্মরন্তি মম রূপাণি মুচ্যন্তে তেঽহৎসোঽখিলাৎ ॥

অন্বয়ঃ।

প্রণবং ওঙ্কারং, সত্যং যথার্থ বচনং, অব্যক্তং প্রধানং, গাঃ, বিপ্রান্ ব্রাহ্মণান্, অব্যয়ং ধর্ম্মং ভগবদ্ভক্তিরূপং, দাক্ষায়ণীঃ দক্ষদুহিতৃঃ ধর্ম্মস্য পত্নীঃ, তথা সোম-কশ্যপয়োঃ পত্নীঃ ॥ ১৪ ॥

গঙ্গাং, সরস্বতীং নন্দাং অলকনন্দাং, কালিন্দীং যমুনাং, সিতবারণং ঐরাবতং, ধ্রুবং, সপ্তব্রহ্মর্ষীন, পুণ্যশ্লোকান্ ধার্ম্মিকান্, মানবান্ ॥ ১৫ ॥

প্রযতাঃ প্রযত্নবন্তঃ, সুসমাহিতাঃ নিয়মিতাঃ, সন্তঃ অপররাত্রান্তে প্রভাতে, উত্থায় ইত্যাদীনি মম রূপাণি যে স্মরন্তি তে অখিলাৎ অংহসঃ পাপাৎ, মুচ্যন্তে ॥

শ্রীধরস্বামী।

অব্যক্তং মায়াং। অব্যয়ং ধর্ম্মভক্তিলক্ষণং। সোমকশ্যপয়োরপি পত্নী র্দাক্ষায়ণীঃ ॥ ১৪ ॥ সিতবারণং ঐরাবতং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অব্যক্তং মায়াং অব্যয়ং ধর্ম্মং ভক্তিং। সোমকশ্যপয়োরপি পত্নীঃ ॥ ১৪ ॥

প্রিয় ধাম ক্ষীরোদ সমুদ্র, দীপ্তিশালী শ্বেতদ্বীপ, আমার শ্রীবৎস-চিহ্ন, কৌস্তুভ-মণি, বনমালা, কৌমোদকী গদা, সুদর্শন চক্র, পাঞ্চজন্য শংখ, পক্ষিরাজ গরুড়, অনন্ত নাগ, এবং আমার কলাস্বরূপা হৃদয়স্থিতা লক্ষ্মী, এবং ব্রহ্মা, মহেশ, দেবর্ষি নারদ, প্রহ্লাদ ও আমার মৎস্য কূর্ম্ম বরাহাদি অবতার কালে কৃত লীলা-বৃত্তান্ত, ও চন্দ্র, সূর্য্য, অগ্নি— ॥ ১৩ ॥

প্রণব, সত্য, অব্যক্ত মায়া, গো, বিপ্র, ভক্তিলক্ষণ ধর্ম্ম এবং দক্ষকন্যা যাঁহারা ধর্ম্মের, সোমের এবং কশ্যপের পত্নী হইয়াছিলেন তাঁহাদিগকে ॥ ১৪ ॥

গঙ্গা, সরস্বতী, অলকনন্দা, কালিন্দী, সিতবারণ ঐরাবত, ধ্রুব, সপ্তব্রহ্মর্ষি-গণ এবং পুণ্যশ্লোক পবিত্রচেতা মানবগণকে ॥ ১৫ ॥

রাত্রিশেষে গাত্রোত্থান করত প্রযত্ন সহকারে এবং একাগ্রচিত্তে যাঁহারা স্মরণ করিবেন, তাঁহারা সর্ব্ববিধ পাপ হইতে মুক্তিলাভ করিবেন, সন্দেহ নাই। হে শোভন! যে সকল ব্যক্তি নিশাপগমে জাগরিত হইয়া, তোমার এই

যে মাং স্তবন্ত্যনেনাঙ্গ প্রতিবুধ্য নিশাত্যয়ে।
তেষাং প্রাণাত্যয়ে চাহং দদামি বিপুলাং গতিং ॥ ১৬ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যাদিশ্য হৃষীকেশঃ প্রাধ্মায় জলজোত্তমং।
হর্ষয়ন্ বিবুধানীকমারুরোহ খগাধিপং ॥ ১৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
অষ্টমস্কন্ধে গজেন্দ্রমোক্ষণশ্চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! নিশাত্যয়ে প্রভাতে প্রতিবুধ্য অনেন ত্বৎকৃতেন স্তোত্রেণ মাং স্তবন্তি, তেষাং প্রাণাত্যয়ে প্রাণপ্রয়াণকালে, বিপুলাং উৎকৃষ্টাং বিমলাং পবিত্রাং মদ্বিষয়াং গতিং অহং দদামি ॥ ১৬ ॥

শ্রীশুকঃ উবাচ। হৃষীকেশঃ ভগবান্ ইতি এবং গজেন্দ্রং প্রতি আদিশ্য আজ্ঞাপ্য জলজোত্তমং শংখং প্রাধ্মায় ধ্বনয়িত্বা, বিবুধানীকং ব্রহ্মাদিদেবতাবর্গং হর্ষয়ন্ খগাধিপং গরুড়ং, আরুরোহ ॥ ১৭ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

সুসমাহিতাঃ একাগ্রচিত্তাঃ। মম রূপাণি মদ্বিভূতীঃ ॥ ১৬ ॥
জলজোত্তমং শঙ্খবরং। প্রাধ্মায় বাদয়িত্বা ॥ ১৭ ॥
॥ * ॥ ইতি অষ্টমে চতুর্থ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিতবারণমৈরাবতং ॥ ১৫—১৭ ॥
॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অষ্টমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বৃত্তান্ত পাঠ করত আমাকে স্মরণ করিবে, তাঁহাদের প্রাণাত্যয়ে আমি স্বয়ং অনুপমা গতি তাহাদিগকে প্রদান করিব ॥ ১৬ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবান্ হৃষীকেশ গজেন্দ্রকে এই প্রকার আদেশ করত, পাঞ্চজন্য শংখের ধ্বনি করিয়া, দেবতাগণের হর্ষোৎপাদন পূর্ব্বক তথা হইতে প্রস্থানার্থ গরুড়োপরি আরোহণ করিলেন ॥ ১৭ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্থ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

পঞ্চমাধ্যায়ে পঞ্চম ও ষষ্ঠ মনুর বিবরণ তথা বিপ্রশাপে শ্রীভ্রষ্ট দেবগণ সহ ব্রহ্মা কর্ত্তৃক হরির স্তুতি ॥

শ্রীশুক উবাচ ॥
রাজন্নুদিতমেতত্তে হরেঃ কর্ম্মাঘনাশনং।
গজেন্দ্রমোক্ষণং পুণ্যং রৈবতং ত্বন্তরং শৃণু ॥ ১ ॥
পঞ্চমো রৈবতো নাম মনু স্তামস-সোদরঃ।
বলিবিন্ধ্যাদয় স্তস্য সুতা হার্জ্জুনপূর্ব্বকাঃ ॥
বিভুরিন্দ্রঃ সুরগণা রাজন্ ভূতরয়াদয়ঃ।
হিরণ্যরোমা বেদশিরা ঊর্দ্ধবাহ্বাদয়ো দ্বিজাঃ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! এতৎ পুণ্যং পুণ্যজনকং গজেন্দ্রমোক্ষণং হরেঃ অঘনাশনং কর্ম্ম তে তুভ্যং ময়া উদিতং বর্ণিতং; অথ অনন্তরং তু রৈবতং পঞ্চমং মন্বন্তরং শৃণু ॥ ১ ॥

তামস-সোদরঃ (তামসঃ চতুর্থঃ মনুঃ তস্য সোদরঃ ভ্রাতা) রৈবতঃ নাম পঞ্চমঃ মনুঃ অভবৎ। তস্য মনোঃ অর্জ্জুনপূর্ব্বকাঃ (অর্জ্জুনঃ পূর্ব্বকঃ মুখ্যঃ যেষাং তাদৃশাঃ) বলি-বিন্ধ্যাদয়ঃ সুতাঃ জাতাঃ ॥

তত্র বিভুনামা ইন্দ্রঃ আসীৎ। হে রাজন্! ভূতরয়াদয়ঃ দেবাঃ আসন্। হিরণ্যরোমাদয়ঃ দ্বিজাঃ সপ্ত ঋষয়ঃ আসন্ ॥

শ্রীধরস্বামী।

অমৃতাখ্যানমষ্টাভিরধ্যায়ৈ রনুবর্ণ্যতে। স্বভক্তপক্ষপাতেন যত্র যোষায়িতং বিভোঃ ॥ পঞ্চমে পঞ্চমঞ্চাথ ষষ্ঠঞ্চাকথয়ন্মনুং। বিপ্রশাপাচ্চ নিঃশ্রীকৈর্দেবৈঃ সহ হরিস্তুতিং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষষ্ঠ মন্বন্তরে শ্রীমদজিতস্য কথামনু। দুর্ব্বাসঃ-শাপ-নিঃশ্রীকাঃ পঞ্চমে তুষ্টুবুঃ সুরাঃ ॥ ১ ॥
শুভ্রস্য পত্নী বিকুণ্ঠা আসীদিতি শেষঃ। তয়ো র্ভগবান্ বৈকুণ্ঠৈঃ সহ জজ্ঞে ॥
যথা ভগবত আবির্ভাবমাত্রং জন্মেতি ভণ্যতে তথৈব বৈকুণ্ঠস্য কল্পনমাবির্ভাবনমেব নতু প্রাকৃতবৎ কৃত্রিমত্বং। উভয়ত্রাপি নিত্যত্বানিত্যত্বাভিপ্রায়েণ তৎসাম্যেনাহ জজ্ঞ ইতি

শুকদেব বলিলেন, হে নরনাথ! এই অপূর্ব্ব পুণ্যজনক পবিত্র পাপনাশন গজেন্দ্রমোক্ষণ নামক ভগবানের লীলাকার্য্য আপনার নিকট আমি বর্ণন করিলাম। এক্ষণে রৈবত নামে পঞ্চম মন্বন্তরের কথা বর্ণন করিতেছি, শ্রবণ করুন্! ॥ ১ ॥

চতুর্থ মনু তামসের ভ্রাতা রৈবতই পঞ্চম মনু হইলেন; এই মনুর অর্জ্জুন, বলি ও বিন্ধ্যাদি নামে কয়েকজন ভ্রাতা ছিলেন। হে রাজন্! এই মন্বন্তরে

পত্নী বিকুণ্ঠা শুভ্রস্য বৈকুণ্ঠৈঃ সুরসত্তমৈঃ।
তয়োঃ স্বকলয়া জজ্ঞে বৈকুণ্ঠো ভগবান্ স্বয়ং ॥
বৈকুণ্ঠঃ কল্পিতো যেন লোকালোক-নমস্কৃতঃ।
রময়া প্রার্থ্যমানেন দেব্যা তৎপ্রিয়কাম্যয়া ॥ ২ ॥
কাঞ্চী-কলাপ-বলয়-হার-নূপুরাদিভিঃ শোভিতাং, কৌস্তুভাভরণং কণ্ঠে যস্যাঃ তাং, বক্ষসি লক্ষ্মীং বিভ্রতীং, বনমালা অস্যাঃ অস্তীতি তাং ॥ ৬ ॥

মূর্ত্তিমদ্ভিঃ পুরুষাকৃতিভিঃ স্বকীয়ৈঃ অস্ত্রৈঃ সুদর্শনাদিভিঃ উপাসিতাং তাং তনুং দৃষ্ট্বা সর্ব্বাঙ্গৈঃ অবনিং গতৈঃ সাষ্টাঙ্গপ্রণতৈঃ, সর্ব্বামরগণৈঃ সাকং সশর্ব্বঃ শর্ব্বেণ রুদ্রেণ সহিতঃ, দেবপ্রবরঃ ব্রহ্মা পরং পুরুষং তুষ্টাব ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

মহান্তো মণয়ো যস্মিন্ তেন কিরীটেন। কর্ণাভরণে কুণ্ডলে তাভ্যাং নির্ভাতৌ কপোলৌ তাভ্যাং শ্রী মুখাম্বুজে যস্যাং ॥ ৫ ॥

কৌস্তুভং আভরণং কণ্ঠে যস্যাঃ। লক্ষ্মীং বক্ষসি বিভ্রতীং ॥ ৬ ॥

দেবপ্রবরো ব্রহ্মা সর্ব্বাঙ্গৈ রবনিঙ্গতৈঃ সাষ্টাঙ্গপ্রণতৈঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ণাভরণেন নির্ভাতৌ কপোলৌ যত্র তাদৃশং শ্রীমুখমেবাম্বুজং যত্র তাং ॥ ৫—৭ ॥

গলদেশে মণিময় হার এবং শ্রবণ-যুগলে পরিমৃষ্ট কুণ্ডলদ্বয়ের আভায় এবং সুরঞ্জিত কপোলদ্বয়ের শোভায় তদীয় মুখপদ্মে অনির্ব্বচনীয় শোভা সম্পাদিত হইয়াছিল ॥ ৫ ॥

কাঞ্চীশ্রেণী, বলয়, হার, নূপুর এবং কণ্ঠে কৌস্তুভ মণি এবং বক্ষস্থলে স্বর্ণ-রেখাঙ্কিতা স্বয়ং কমলা এবং গলদেশে বনমালা বিরাজিত ছিল ॥ ৬ ॥

পুরুষাকারে মূর্ত্তিমান্ সুদর্শনাদি স্বকীয় অস্ত্র শস্ত্র সমূহ তাঁহার চারিদিকে পরিবেষ্টিত থাকিয়া, তৎকালে সেই ভগবানকে স্তব করিতেছিল। ভগবানের তাদৃশী তনু দর্শনে রুদ্রাদি সমস্ত অমরবৃন্দ সহ কমলাসন ব্রহ্মা ধরণীপৃষ্ঠে সাষ্টাঙ্গে প্রণিপাত করত, পরাৎপর পরম পুরুষকে স্তব করিতে আরম্ভ করিলেন। ৭ ॥

ব্রহ্মা বলিলেন, হে দেব! আপনাকে স্তব করিতে পারি, এমন কোন

ব্রহ্মোবাচ ॥

অজাত-জন্ম-স্থিতি-সংযমায়াগুণায় নির্ব্বাণ-সুখার্ণবায়।
অণোরণিম্নেঽপরিগণ্যধাম্নে মহানুভাবায় নমো নমস্তে ॥ ৮ ॥

অন্বয়ঃ।

শ্রীব্রহ্মা উবাচ। ন জাতাঃ কর্ম্মাধীনাঃ জন্ম-স্থিতি-সংযমাঃ যস্য তস্মৈ, অগুণায় প্রাকৃত-গুণ-রহিতায়, নির্ব্বাণসুখার্ণবায় নির্দুঃখপরমানন্দমহোদধয়ে, কিঞ্চ অণোঃ জীবাৎ, অপি অণিম্নে অন্তর্যামিত্বাৎ অতি সূক্ষ্মায়, অপরিগণ্যং দেশ-কাল-বস্তু-পরিচ্ছেদ-রহিতং ধাম মূর্ত্তিঃ যস্য তস্মৈ, মহানুভাবায় তে তুভ্যং নমো নমঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অনাবিরাবিরাসেয়ং নোঽভূতাঽভূদিতি ব্রুবন্। ব্রহ্মাঽভিপ্রেতি নিত্যত্ববিভুত্বে ভগবত্তনোঃ। শ্রীমূর্ত্তেরয়মাবির্ভাব এব নত্বস্মদাদিবজ্জন্মাদি তবাস্তীত্যাহ ন জাতা জন্মাদয়ো যস্য। কুতঃ অগুণায় অতো নির্ব্বাণ-সুখস্য অর্ণবায় অপার-মোক্ষসুখরূপায়েত্যর্থঃ। তথাপি অণোরপ্যণিম্নে সূক্ষ্মায় দুর্জ্ঞানত্বাৎ। বস্তুতস্তু অপরিগণ্যমিয়ত্তাতীতং ধাম মূর্ত্তি র্যস্য তস্মৈ। ন চৈতৎ অসম্ভাবিতং যতো মহান্ অচিন্ত্যোঽনুভাবো যস্য ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন জাতো জন্মস্থিত্যোঃ সংযম উপরমো যস্যেতি। কৃষ্ণরামাদ্যবতারাণাং জন্মস্থিত্যোর্নিত্যত্বং স্থিতিরকর্ম্মকা জাতস্য চেতনস্য ন সংভবতীতি কর্ম্মণোঽপি নিত্যত্বং। অগুণায় প্রাকৃতগুণ-রহিতায় বিনা হেয়ৈর্গুণাদিভিরিতি সমস্ত-কল্যাণ-গুণাত্মকো হীতি বৈষ্ণবোক্তেরপ্রাকৃত-ষাড়্গুণ্যবত্ত্বেন ভগবত্ত্বমুক্তং। নির্ব্বাণসুখার্ণবায়েতি ব্রহ্মত্বং। অণোরপ্যণিম্নে অতিসূক্ষ্মায়েতি পরমাত্মত্বং। অপরিগণ্যমিয়ত্তাতীতং ধাম মূর্ত্তি র্যস্য তস্মৈ ইতি ত্বন্মূর্ত্তেঃ পরিচ্ছিন্নত্বেঽপ্যচিন্ত্য-শক্ত্যা বিভুত্বকৌতং ॥ ৮ ॥

সামর্থ্য আমাদের দেখিতে পাইতেছি না; এক কেবল প্রণামের অধিকার আছে মাত্র; সুতরাং কেবল প্রণাম মাত্র করিতেছি। কারণ আপনার এই দেহ ধারণ করিয়া অবস্থিতি করা, বা ইহার উপসংহার ব্যাপার জীবের ন্যায়, কোন কর্ম্মের অনুরোধে নহে। আপনি প্রাকৃতিক গুণের অতীত এবং নির্ব্বাণ-স্বরূপ পরমানন্দের পরম মহোদধিস্বরূপ। একান্ত অনুভাব-বিশিষ্ট চৈতন্যকণ জীবের অন্তরে অন্তর্য্যামী হইয়া, আপনি পরম অণু অতীব সূক্ষ্মভাবে বিরাজ করিতেছেন। অথচ সকল স্থানে সকল সময়ে এবং সকল বস্তুতে সর্ব্বময় ভাবে আপনি বিদ্যমান রহিয়াছেন; কখন কোথায়ও ভবদীয় স্বরূপের অভাব ঘটে না। আপনি মহানুভাব! আপনাকে প্রণাম করি। ॥ ৮ ॥

হে পুরুষশ্রেষ্ঠ! হে বিশ্ববিধায়িন্! আপনার এই অনির্ব্বচনীয় বিগ্রহ কখন সামান্য ইন্দ্রিয়ের দ্বারা পরিগৃহীত হইবার নহে। বেদ পুরাণ এবং

রূপং তবৈতৎ পুরুষর্ষভেজ্যং শ্রেয়োর্থিভি র্বৈদিক-তান্ত্রিকেণ।
যোগেন ধাতঃ সহ নস্ত্রিলোকান্ পশ্যাম্যমুষ্মিন্নু হ বিশ্বমূর্ত্তৌ ॥ ৯ ॥
ত্বয্যগ্র আসীত্ত্বয়ি মধ্য আসীত্ত্বয্যন্ত আসীদিদমাত্মতন্ত্রে।

অন্বয়ঃ।

হে পুরুষর্ষভ! পুরুষোত্তম! হে ধাতর্! হে সর্ব্বস্রষ্টর্! তে তব এতৎ রূপং বৈদিক-তান্ত্রিকেণ বেদতন্ত্রাভ্যাং অববোধিতেন যোগেন সাধনেন শ্রেয়োর্থিভিঃ ইজ্যং পূজ্যং, নঃ অস্মাভিঃ, দেবৈঃ সহ ত্রিলোকান্ অমুষ্মিন্ অস্মিন্ এব বিশ্বমূর্ত্তৌ তব রূপে, পশ্যামি ॥ ৯ ॥

ইদং বিশ্বং অগ্রে মধ্যে অন্তে চ ত্বয়ি আত্মতন্ত্রে আশ্রয়ভূতে এব আসীৎ, ঘটস্য মৃন্না

শ্রীধরস্বমী।

তন্মূর্ত্তেঃ সনাতনত্বং অপরিমেয়ত্বঞ্চোপপাদয়তি রূপমিতি। হে পুরুষর্ষভ হে ধাতঃ এতত্তব রূপং বৈদিকেন তান্ত্রিকেণচ যোগেনোপায়েন শ্রেয়োর্থিভিঃ সদা ইজ্যং পূজ্যং। অতো নেদমিদানীং অপূর্ব্বং জাতমিতি ভাবঃ। নন্থ যূয়ং দেবাঃ পূজ্যত্বেন প্রসিদ্ধাঃ সত্যং সর্ব্বেঽপ্যত্রৈবান্তর্ভূতা ইত্যাহ উ অহো হ স্ফুটং অমুষ্মিন্ ত্বয়ি নোঽস্মান্ ত্রিলোকাংশ্চ সহ পশ্যামি তত্র হেতুঃ বিশ্বং মূর্ত্তৌ যস্য অতস্তবৈতদ্রূপং পরিচ্ছিন্নমপি ন ভবতীতি ভাবঃ ॥ ৯ ॥

বিশ্বমূর্ত্তিত্বমেবাহ ত্বয়ীতি ঘটস্য মৃত্তিকা যথা আদিরন্তশ্চ মধ্যঞ্চ পথা ত্বমস্য জগতঃ তত্র

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মাভিপ্রেতি নিত্যত্ব-বিভুত্ব-ভগবত্তনোরিতি কারিকা। তন্মূর্ত্তেঃ সনাতনত্বমপরিমেয়ত্বঞ্চোপপাদয়তি রূপমিত্যত্রাবতারিকাচ শ্রীস্বামিপাদানামত্র দৃশ্যা। হে পুরুষর্ষভ এবং তদেবং রূপং বৈদিকেন তান্ত্রিকেণচ যোগেন উপায়েন ইজ্যং সদা পূজ্যমতো নেদানীন্তনমিতি ভাবঃ। নন্থ যূয়ং দেবাঃ পূজ্যত্বেন প্রসিদ্ধাঃ। সত্যং সর্ব্বেঽপ্যত্রৈবান্তর্ভূতা ইত্যাহ। উ অহো হ স্ফুটং। অমুষ্মিন্ ত্বয়ি নোঽস্মান্ ত্রিলোকাংশ্চ সহ পশ্যামি তত্র হেতুঃ। বিশ্বং মূর্ত্তৌ যস্য অতস্তবৈতদ্রূপং পরিচ্ছিন্নমেবেতি ভাবঃ ॥ ৯ ॥

বিশ্বমূর্ত্তিত্বমেবাহ ত্বয়ীতি। ঘটস্য মৃত্তিকা যথা আদিরন্তশ্চ মধ্যঞ্চ তথা ত্বমস্য জগতঃ মৃত্তিকাদৃষ্টান্তেন প্রসক্তং পরিণামং বারয়তি পরস্মাৎ প্রধানাদপি পরঃ প্রধানমেব বিশ্বরূপেণ

তন্ত্রাদিতে বিহিত যোগ সাধনাদির আশ্রয়ে শ্রেয়ঃপ্রার্থী ব্যক্তিগণ কেবল ইহার আরাধনা করিয়া থাকেন মাত্র। কিন্তু অনির্ব্বচনীয় সৌভাগ্যবলেই কেবল সমগ্র দেববৃন্দ সহ আমরা সকলে ভবদীয় এই বিশ্বরূপ বিগ্রহে অদ্য ত্রিভুবন দর্শনে কৃতার্থ হইলাম!॥ ৯ ॥

এই বিশ্ব সংসারের পূর্ব্বাবস্থা, বর্ত্তমান ভাব এবং অন্তে লয়দশা পরম আশ্রয়স্বরূপ এক আপনার উপরই নির্ভর করিতেছে। ঘট যেমন মৃত্তিকা হইতে উৎপন্ন, মৃত্তিকার আশ্রয়ে বিদ্যমান এবং ভগ্ন হইয়া মৃত্তিকাতেই বিলীন হয়, সেইরূপ এই জগৎ আপনা হইতে উৎপন্ন, আপনাতে আশ্রিত এবং অন্তে

ত্বমাদিরন্তো জগতোঽস্য মধ্যং ঘটস্য মৃৎস্নেব পরঃ পরস্মাৎ ॥ ১০ ॥
ত্বং মায়য়াত্মাশ্রয়য়া স্বয়েদং নির্ম্মায় বিশ্বং তদনুপ্রবিষ্টঃ ॥
পশ্যন্তি যুক্তা মনসা মনীষিণো গুণব্যবায়েঽপ্যগুণং বিপশ্চিতঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

মৃত্তিকা ইব অস্য জগতঃ আদ্যবস্থং মধ্যাবস্থং অন্তাবস্থং চ পরস্মাৎ পরঃ ত্বং এব ॥ ১০ ॥

স্বয়া স্বাধীনয়া, স্বাশ্রয়য়া মায়য়া ইদং বিশ্বং নির্ম্মায় ত্বং তদনুপ্রবিষ্টঃ (অনু পশ্চাৎ অন্তর্যামিরূপতয়া বর্ত্তসে) যুক্তাঃ বিপশ্চিতঃ শাস্ত্রজ্ঞাঃ মনীষিণঃ গুণব্যবায়ে (গুণানাং ব্যবায়ে পরিণামে অপি) অগুণং এব ত্বাং মনসা পশ্যন্তি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

হেতুঃ পরস্মাৎ প্রাধানাদপি পরঃ ॥ ১০ ॥

মৃত্তিকা-দৃষ্টান্তেন পরিণামং প্রাপ্তং বারয়তি ত্বমিতি স্বয়া স্বাধীনয়া অতএব গুণানাং ব্যবায়ে পরিণামেঽপ্যগুণমেব ত্বাং যুক্তাং পশ্যন্তি মনীষিণো বিবেকিনঃ বিপশ্চিতঃ শাস্ত্রজ্ঞাঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিণমতি নতু ত্বমিতি ভাবঃ ॥ ১০ ॥

নন্বু তর্হি প্রধানস্যৈব বিশ্বহেতুত্বমায়াতং নতু মমেতি। তত্রাহ ত্বমিতি মায়য়া স্বয়া স্বশক্ত্যেতি তব ততঃ পরত্বেঽপি তস্যা স্বচ্ছক্তিত্বাত্ত্বমেবেদং বিশ্বং নির্ম্মায় তত্র বিশ্বস্মিন্ননুপ্রবিষ্টো বর্ত্তসে। মায়য়া কীদৃশ্যা আত্মা ত্বমেবাশ্রয়ো যস্যা তয়া ত্বদধীনয়েত্যর্থঃ। অতো গুণব্যবায়ে গুণপরিণামভূতে অত্র বিশ্বস্মিন্নেব প্রবিষ্টমপ্যগুণং গুণসঙ্গরহিতং ত্বাং মনসা যুক্তাঃ সমনস্কা জনাঃ পশ্যন্তি যেচ পশ্যন্তি তএব মনীষিণো বিবেকিনঃ তএব বিপশ্চিতঃ শাস্ত্র-তাৎপর্য্য-বিজ্ঞাঃ যে ন পশ্যন্তি তএবাবিপশ্চিতোঽমনীষিণোঽমনসোঽন্ধাশ্চেতি ॥ ১১

আপনাতে লীন হয়; আপনার আর অন্য কোন পৃথক্ কারণ কিছুই নাই ॥১০॥

ভবদীয় আধারস্বরূপকে আশ্রয় করত, আপনার ইচ্ছানুসারেই এই শক্তি-স্বরূপা মায়া জগৎকে সৃজন করিয়াছেন; এবং তদন্তরে আপনিই জীবরূপে প্রবেশ করত, তাহার অন্তরে অন্তর্যামিরূপে বিরাজ করিতেছেন। অহো! যাঁহারা পণ্ডিত, বুদ্ধিমান্, মেধাবী ব্যক্তি তাঁহারাই কেবল সমাধির বলে গুণময় সৃষ্টির শীর্ষস্থানে গুণের অতীত আপনাকে মনে মনেই অবলোকন করিয়া থাকেন ॥১১॥

অহো! পরস্পরের সংঘর্ষণ বলে কাষ্ঠ মধ্য হইতে যেমন হুতাশন, দোহন-ব্যাপারে গাভীর নিকট হইতে যেমন দুগ্ধ, কর্ষণযোগে ধরণী হইতে যেমন ব্রীহি প্রভৃতি অন্ন, খননাদি কার্য্যের দ্বারা ভূগর্ভ হইতে পানীয় জল এবং পুরুষকারাদি উদ্যম বলে অর্থাৎ বাণিজ্যাদির সাহায্যে মানব যেমন তত্তৎ জীবিকাদি ফল প্রাপ্ত হইয়া থাকে, সেইরূপ এই কার্য্য-কারণ-সংঘাতে সমুৎপন্ন

যথাগ্নিমেধস্যমৃতঞ্চ গোষু ভুব্যন্নমম্বুদ্যমনেচ বৃত্তিং।
যোগৈ র্মনুষ্যা অধিযন্তি হি ত্বাং গুণেষু বুদ্ধ্যা কবয়ো বদন্তি ॥ ১২ ॥
তৎ ত্বাং বয়ং নাথ সমুজ্জিহানং সরোজনাভাতিচিরেপ্সিতার্থং।

অন্বয়ঃ।

যথা অগ্নিং এধসি কাষ্ঠে (মথনেন); ক্ষীরং গোষু দোহনেন, ভুবি অন্নং (ব্রীহ্যাদি কর্ষণাদিনা) অম্বু জলং চ খননাদিনা, উদ্যমনে পুরুষকারে বাণিজ্যাদিনা বৃত্তিং জীবিকাং, এবং যোগৈঃ তত্তদুপায়ৈঃ মনুষ্যাঃ যথা অধিযন্তি প্রাপ্নুবন্তি, এবং গুণেষু কার্য্যকারণ-সঙ্ঘাতেষু, কবয়ঃ বিবেকিনঃ বুদ্ধ্যা এব ত্বাং বদন্তি অধিযন্তি চ ॥ ১২ ॥

হে সরোজনাভ! (ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তৎসম্বোধনে) হে নাথ! তং সর্ব্বকারণভূতং অতএব চিরাৎ ঈপ্সিতার্থং পরমপুরুষার্থরূপং সমুজ্জিহানং আবির্ভবন্তং,

শ্রীধরস্বামী।

এতদেব সদৃষ্টান্তমাহ যথাগ্নিং কাষ্ঠে মথনেন। অমৃতমাজ্যং গোষু দোহনাদিনা। ভুবি অন্নং ব্রীহ্যাদি কর্ষণাদিনা। অম্বুচ খননেন। উদ্যমনে পুরুষকারে বাণিজ্যাদিনা। বৃত্তিং জীবিকাং। যদ্বা অম্বুন উদ্যমনে ঘটীযন্ত্রাদিনোদ্ধারণে যোগৈরুপায়ৈ র্মনুষ্যা অধিযন্তি প্রাপ্নুবন্তি তথা কবয় ত্বাং বুদ্ধ্যা গুণেষ্বধিযন্তি বদন্তিচ ॥ ১২ ॥

হে নাথ সরোজনাভ অতিচিরাদীপ্সিতমর্থং তং যোগৈকপ্রাপ্যং ত্বাং সম্যগুজ্জিহানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথং মাং পশ্যন্তীত্যত তদুপায়ং সদৃষ্টান্তমাহ যথেতি। মনুষ্যা গুণেষু গুণময়ে জগতি নির্গুণং ত্বাং যোগৈর্ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি ত্বদুক্তে র্ভক্তিভেদৈঃ অধিযন্তি প্রাপ্নুবন্তি বুদ্ধ্যা ত্বদ্দত্তয়া বদন্তিচ। তয়া সহোক্তিপ্রত্যুক্তী কুর্ব্বন্তি। এধসি কাষ্ঠে অগ্নিং মন্থনেন যথেতি মন্থনমপি গুরূপদেশেনৈব যথা জানন্তি তথৈব শ্রীগুরূপদিষ্টয়া শ্রবণ-কীর্ত্তনাদি-ভক্ত্যা মনোমন্থনেন মুহুর্মথিতয়া তাং পশ্যন্তি। যস্য স্বরূপং কবয়ো বিপশ্চিতো গুণেষু দারুষিব জাতবেদসং। মথ্নন্তি মথ্না মনসা দিদৃক্ষব ইতি পঞ্চমোক্তেঃ। সাধু-সাহায্য-ভূয়স্ত্বে ত্বন্মায়াসেনৈবেত্যত্র দৃষ্টান্তঃ। গোষু অমৃতং দুগ্ধং দোহনেন যথেতি বৎ সমুখস দুগ্ধা-পীন-প্রস্তুতমিত্যর্থঃ। প্রাচীন-ভক্তি-বীজ-সদ্ভাবে তু ভক্তি-বাহুল্য-প্রাপ্তৈব ত্বৎপ্রাপ্তিরিত্যত্র দৃষ্টান্তঃ। ভুবি অন্নং কর্ষণাদিনা যথা প্রাচীন-সাধু-সঙ্গ-বহু-ভক্তি-সদ্ভাবেতু প্রতিবন্ধকাভাবএব ত্বৎপ্রাপ্তি রিত্যত্র দৃষ্টান্তঃ। অম্বু জলং খননাত্তদাবরক-মৃত্তিকাদি দূরীকরণেন যথেতি লব্ধ-ভক্তীনাং তু ভজনমাত্রেণ নিত্যমেব ত্বৎপ্রাপ্তিরিত্যত্র দৃষ্টান্তঃ। উদ্যমনে বৃত্তিং নর্ত্তক-গায়কাদীনাং প্রতি স্বশিল্পোদ্যমেনৈব জীবিকাং যথেতি ॥ ১২ ॥

দেহের অন্তর হইতে বিবেকী সাধকগণ কেবল যোগ-বিশুদ্ধ-বুদ্ধির বলে তাদৃশ ভবদীয় স্বরূপের অনুভব এবং নির্ব্বাচন করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ১২ ॥

হে নাথ! এই অপূর্ব্ব ব্রহ্মাণ্ড-পদ্ম ভবদীয় নাভিপদ্ম হইতেই সমুৎপন্ন

দৃষ্ট্বা গতা নির্বৃতিমদ্য সর্ব্বে গঙ্গা দবার্ত্তা ইব গাঙ্গমম্ভঃ ॥ ১৩ ॥
স ত্বং বিধৎস্বাখিললোকপালা বয়ং যদর্থা স্তব পাদমূলং।
সমাগতা স্তে বহিরন্তরাত্মন্ কিং বাস্তি বিজ্ঞাপ্যমশেষসাক্ষিণঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

ত্বাং প্রত্যক্ষতঃ দৃষ্ট্বা অদ্য বয়ং সর্ব্বে গাঙ্গং অম্ভঃ গঙ্গাজলং প্রাপ্তাঃ (তত্র নিমগ্নাঃ) দবার্ত্তাঃ দাবাগ্নিপীড়িতাঃ, গজাঃ ইব নির্বৃতিং পরমানন্দং, গতাঃ প্রাপ্তাঃ ॥ ১৩ ॥

অখিললোকপালাঃ বয়ং যদর্থাঃ যৎপ্রয়োজনাঃ, সন্তঃ তব পাদমূলং শরণং সমাগতাঃ সঃ উক্তবিধঃ অস্মাকং সর্ব্বেশ্বরঃ ত্বং তৎ বিধৎস্ব সম্পাদয়! হে বহিরন্তরাত্মন্ বহিরন্তশ্চ ব্যাপিন্ অশেষসাক্ষিণঃ সর্ব্বজ্ঞস্য, তে তব, অন্যেন বিজ্ঞাপ্যং বা কিং অস্তি ন কিমপি ইতি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

আবির্ভবন্তং প্রত্যক্ষতো দৃষ্ট্বা অদ্য বয়ং নির্বৃতিং গতাঃ। দবার্ত্তাঃ দাবাগ্নিপীড়িতাঃ ॥ ১৩ ॥

যদ্বিধেয়ং তৎ কথয়েতি চেত্তত্রাহ। হে অন্তরাত্মন্ অশেষসাক্ষিণ স্তে বহিঃ কিং বান্যৈ র্বিজ্ঞাপ্যং অস্তি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়ন্তু কৃতার্থা এবাভূমেত্যাহ তমিতি। ত্বা ত্বাং হে সরোজনাভ অতিচিরেপ্সিতং অর্থং পরমার্থ-বস্তু-রূপং ॥ ১৩ ॥

তদ্বিধৎস্ব যদর্থা বয়ং যৎপ্রয়োজনাঃ তদেব স্পষ্টং বিজ্ঞাপয়তেতি চেৎ তত্রাহ। হে অন্তরাত্মন্। অশেষসাক্ষিণ স্তব বহিঃ কিং জ্ঞাপ্যং ॥ ১৪ ॥

হইয়াছে! সর্ব্বকারণ-কারণ এক আপনি মাত্র! অতএব চির-বাঞ্ছিত পরম পুরুষার্থস্বরূপ প্রদান করিবার অভিপ্রায়ে উপনীত ভবদীয় স্বরূপকে প্রত্যক্ষে অবলোকন করিয়া, আমরা সকলে অদ্য চির-কৃতার্থ হইলাম! অহো! প্রচণ্ড দাবানলে নিতান্ত পরিতপ্ত হস্তিকুল পবিত্র-সলিলা গঙ্গার গর্ভে অবগাহন করত যেরূপ শান্তি লাভ করে, সংসার-তাপে একান্ত পরিতপ্ত আমরা সকলেও ভবদীয় সন্দর্শন লাভে সেইরূপ নির্বৃতি প্রাপ্ত হইয়াছি! ॥ ১৩ ॥

আমরা সমগ্র লোকপালগণ যে প্রয়োজন-সিদ্ধির প্রার্থনায় ভবদীয় চরণ-কমলে শরণাগত হইয়াছি, অনুগ্রহ পূর্ব্বক সম্প্রতি আপনি তাহারই ব্যবস্থা করুন! আপনি জগৎসংসারের নেতা এবং রক্ষক! আপনি নিজগুণে বিনা অনুরোধে সমগ্র সংসার যখন প্রতিপালন করিতেছেন, তখন আমাদিগকেও প্রতিপালন করুন! হে সর্ব্বজ্ঞ! অন্তরে এবং বাহিরে আপনি যখন ব্যাপ্ত হইয়া আছেন, তখন আপনার নিকট গোপন করিবার যেমন কিছুই নাই, সেইরূপ জানাইবারও কিছুই নাই; আমাদের মর্ম্মকথা সকলই আপনি মনে মনে অবগত আছেন ॥ ১৪ ॥

অহং গিরিত্রশ্চ সুরাদয়ো যে দক্ষাদয়োঽগ্নেরিব কেতবস্তে।
কিম্বা বিদামেষ পৃথগ্বিভাতা বিধৎস্ব শং নো দ্বিজদেবমন্ত্রং ॥ ১৫ ॥
শ্রীশুক উবাচ ॥
এবং বিরিঞ্চাদিভিরীড়িতস্তদ্বিজ্ঞায় তেষাং হৃদয়ং যথৈব।

অন্বয়ঃ

অহং ব্রহ্মা, গিরিত্রঃ রুদ্রঃ, যে চ অন্যে সুরাদয়ঃ, দক্ষাদয়ঃ প্রজাপতয়ঃ এতে সর্ব্বে অপি বয়ং অগ্নেঃ সকাশাৎ কেতবঃ বিস্ফূলিঙ্গাঃ, ইব তে ত্বত্তঃ, পৃথক্ বিভাতাঃ সন্তঃ আত্মনঃ শং সুখং, সুখসাধনং বা কিং বিদাম ন বিদ্মঃ এব। অতঃ হে ঈশ! দ্বিজানাং দেবানাং চ মন্ত্রং সুখোপায়ং, নঃ অস্মাকং, বিধৎস্ব ইদং কুরুত ইতি উপদিশ! ॥ ১৫ ॥

শ্রীশুকঃ উবাচ। এবং বিরিঞ্চাদিভিঃ ঈড়িতঃ ভগবান্ তেষাং তৎ হৃদয়ং অভিপ্রায়ং, যথাবদ্ এব বিজ্ঞায় জীমূতবৎ মেঘবৎ গভীরয়া গিরা বদ্ধাঃ অঞ্জলয়ঃ যৈঃ তান্ তথা সংবৃতানি

শ্রীধরস্বামী।

যূয়মেব কিঞ্চিৎ কুরুতেতি চেত্তত্রাহ অহমিতি। অগ্নেঃ কেতবো বিস্ফূলিঙ্গা ইব তে ত্বত্তো বিদ্মঃ বয়ং পৃথগ্বিভাতাঃ সন্তঃ আত্মনঃ শং শ্রেয়ঃ কিম্বা। অতস্তমেব দ্বিজানাং দেবতানাঞ্চ মন্ত্রং বিধৎস্ব ইদং কুরুত ইত্যুপায়মুপদিশেত্যর্থঃ ॥ ১৫ ॥

হৃদয়মিতি। মন্ত্র উপদেষ্টব্য ইত্যভিপ্রেতং যথা তথৈব বিজ্ঞায় জগাদ। সংবৃতানি নিয়মিতানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু যূয়ং সর্ব্বজ্ঞা মাভূৎ সুবুদ্ধয় শ্চাতুর্য্যবন্তশ্চ ভবথেতি বা অতোঽত্র সঙ্কটে যঃ প্রতীকারঃ সম্ভবতি তং ব্রূত যথা যুষ্মদশক্যমপি তং অহং নিষ্পাদয়ামীতি চেৎ তত্রাহ অহমিতি। অগ্নেঃ কেতবো বিস্ফূলিঙ্গা ইব। কেতুর্দ্ধ্বজৌ পতাকায়ামিতি কোষাৎ তে ত্বত্তো বয়ং পৃথগ্বিভাতাঃ সন্তঃ আত্মনাং শং শ্রেয়ঃ কিং বা বিদ্মঃ ন কিমপি। তস্মাত্ত্বমেব নঃ শং বিধৎস্ব। দ্বিজানাং মন্ত্রঞ্চ বিধৎস্ব ইদং কুরুতেত্যুপায়মপ্যুপদিশ। অস্মাকং বুদ্ধিচাতুর্য্যাদিকন্তু রসাতলং যাত্বিতি ভাবঃ ॥ ১৫ ॥

আমি ব্রহ্মা, ভগবান্ রুদ্র, অন্যান্য দেবতাগণ এবং দক্ষাদি প্রজাপতি সমূহ যে কোন জীব এই সৃষ্ট সংসারে প্রতীত হইতেছে, সকলে আপনারই অংশ-সম্ভূত। অনল হইতে যেমন অগণ্য বিস্ফুলিঙ্গ সমুৎপন্ন হইয়া থাকে, সেইরূপ এক ভবদীয় স্বরূপ হইতে আমরা সকলে পৃথক্ পৃথক্ সমুৎপন্ন হইয়া, অবভাসিত হইতেছি! সুতরাং আমাদের সুখ বা সুখসাধনের উপায় যে কি? এবং কিরূপেই বা তাহা সাধিত হয়, আমরা তাহা কি প্রকারে অবধারণ করিব? হে জগদীশ! দ্বিজগণ এবং দেবতাগণের সুখ-সাধনের উপায় আপনিই নির্দ্ধারণ করুন! আমরা আপনার উপদেশ অনুসারে কার্য্য করিব ॥ ১৫ ॥

শুকদেব বলিলেন, ব্রহ্মাদি দেবতাগণ কর্ত্তৃক এই প্রকারে পরিস্তুত হইয়া,

জগাদ জীমূতগভীরয়া গিরা বদ্ধাঞ্জলীন্ সংবৃত-সর্ব্বকারকান্ ॥ ১৬ ॥

এক এবেশ্বরস্তস্মিন্ সুরকার্য্যে সুরেশ্বরঃ।
বিহর্ত্তুকাম স্তানাহ সমুদ্রোন্মথনাদিভিঃ ॥ ১৭ ॥

শ্রীভগবানুবাচ ॥

হন্ত ব্রহ্মন্নহো শম্ভো হে দেবা মম ভাষিতং।
শৃণুতাবহিতাঃ সর্ব্বে শ্রেয়ো বঃ স্যাদ্ যথাসুরাঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

নিয়মিতানি কারকাণি ইন্দ্রিয়াণি যৈঃ তান্ বিরিঞ্চাদীন্ জগাদ উবাচ ॥ ১৬ ॥

যদ্যপি সুরেশ্বরঃ ভগবান্ স্বয়ং একঃ একাকী এব তস্মিন্ সুরাণাং কার্য্যে ঈশ্বরঃ সমর্থঃ, তথাপি সমুদ্রোন্মথনাদিভিঃ বিহর্ত্তুকামঃ এব তান্ দেবান্ উপায়ং এব আহ ॥ ১৭ ॥

শ্রীভগবান্ উবাচ। হন্ত হে ব্রহ্মন্! হে শম্ভো! হে দেবাঃ! হে সুরাঃ! হে গন্ধর্ব্বাদয়ঃ! বঃ যুষ্মাকং, যথা শ্রেয়ঃ স্যাৎ তথা মম ভাষিতং যূয়ং সর্ব্বে অবহিতাঃ সাবধানচিত্তাঃ, সন্তঃ, শৃণুত ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাণি করণানি ইন্দ্রিয়াণি যৈ স্তান্ ॥ ১৬ ॥

ঈশ্বরস্যাপি তথৈবাভিপ্রেতমিত্যাহ এক এবেশ্বরঃ সমর্থোঽপি ॥ ১৭ ॥

হে সুরাঃ হে দেবাঃ অন্যেচ গন্ধর্ব্বাদয়ঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং দেবানাং যথা হৃদয়ং অস্মাকমমরাবতীপ্রাপ্তৌ কামপি মন্ত্রণাং ভগবানেব দদাত্বিতি যথা মনোগতং তত্তথৈবেত্যর্থঃ। সংবৃতসর্ব্বকারকান্ নিয়তসর্ব্বেন্দ্রিয়ান্ ॥ ১৬—১৮ ॥

ভগবান্ পদ্মনাভ তাঁহাদের মনোগত অভিপ্রায় অবগত হইলেন; এবং মেঘ-গম্ভীর-স্বরে সেই করজোড়ে অবস্থিত সংযতেন্দ্রিয় ব্রহ্মাদি দেবতাগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১৬ ॥

দেবাদিদেব ভগবান্ বিষ্ণু যদিও নিজে একাকীই তাদৃশ অবসন্ন-প্রায় দেবতাগণের কার্য্যসাধনে সম্পূর্ণ সমর্থ, তথাপি সমুদ্র-মন্থনাদির দ্বারা নিজে বিহার করিবার বাসনায়, দেবতাগণকে তদুপলক্ষে উপায় সমূহ বর্ণন করিলেন মাত্র ॥ ১৭ ॥

ভগবান্ বলিলেন, হে ব্রহ্মন্! হে শম্ভো! হে সুরগণ এবং গন্ধর্ব্বাদি দেবতাবৃন্দ! তোমরা সকলে বিশেষ সাবধানে আমার কথা শ্রবণ কর! ইহাতে তোমাদের মঙ্গল-সাধিত হইবে, সন্দেহ নাই ॥ ১৮ ॥

দেখ! কালের মাহাত্ম্যে অসুরগণের শ্রীবৃদ্ধি হইয়াছে; সুতরাং ইচ্ছা

যাত দানব-দৈতেয়ৈ স্তাবৎ সন্ধি র্বিধীয়তাং।
কালেনানুগৃহীতৈ স্তৈ র্যাবদ্বো ভব আত্মনঃ ॥ ১৯ ॥
অরয়োঽপি হি সন্ধেয়াঃ সতি কার্য্যার্থগৌরবে।
অহিমূষিকবদ্দেবা হ্যর্থস্য পদবীং গতৈঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যাবৎ বঃ যুষ্মাকং আত্মনঃ স্বস্য ভবঃ বৃদ্ধিঃ, স্যাৎ তাবৎ তান্ প্রতি যাত। কালেন অনুগৃহীতৈঃ কালবশাৎ সর্ব্বত্র অনুকূলতাং প্রাপ্তৈঃ, শক্রভিঃ দানবৈঃ দৈতেয়ৈঃ, চ সন্ধিঃ বিধীয়তাং সখ্যং ক্রিয়তাং ॥ ১৯ ॥

কার্য্যার্থস্য কর্ত্তব্যপ্রয়োজনস্য গৌরবে ভূয়স্ত্বে সতি অরয়ঃ শত্রবঃ, অপি সন্ধেয়াঃ মিত্রতাং নেয়াঃ। হে দেবাঃ! অহিমূষিকবৎ (যথা পেটিকায়াং নিরুদ্ধঃ অহিঃ স্বনির্গমদ্বারার্থং মূষিকেণ সন্ধিং বিধত্তে ততঃ স্বার্থসাধনানন্তরং মূষিকং অপি কদাচিৎ ভক্ষয়তি তথা) অর্থস্য পদবীং প্রয়োজনস্য সিদ্ধিং, গতৈঃ প্রাপ্তৈঃ, যুষ্মাভিঃ বধ্যঘাতকভাবেন বর্ত্তিতব্যং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ব আত্মনঃ স্বতো যাবদ্ভবো বৃদ্ধি র্ভবতি ॥ ১৯ ॥

অর্থস্য প্রয়োজনস্য পদবীং সিদ্ধিং প্রাপ্তৈঃ ততঃ পশ্চাদহিমূষিকবৎ বধ্যঘাতকস্বভাবেন বর্ত্তিতব্যমিতি শেষঃ। যদ্বা পেটিকায়াং নিরুদ্ধোঽহি র্যথা নির্গমদ্বার-বিধানার্থং প্রথমং মূষিকেণ সমং সন্ধিং বিধত্তে পশ্চাত্তমেব কদাচিদ্ভক্ষয়তি তথার্থমার্গ-প্রবৃত্তৈঃ প্রথমং সন্ধেয়া ইত্যর্থঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভবঃ সম্পত্ত্যভাবো যাবৎ সংপত্তৌ তু জাতায়াং বিগ্রহ এব বিধেয় ইতি ভাবঃ ॥ ১৯ ॥

নীতিমুপদিশতি অরয় ইতি। অহিমূষিকেতি। দৈবাৎ পেটিকায়াং নিরুদ্ধোঽহি র্যথা নির্গম-দ্বার-বিধানার্থং প্রথমং মূষিকেণ সমং সন্ধিং বিধত্তে পশ্চাত্তমেব ভুঙ্‌ক্তে এবং সার্থ-পদবীং গতৈঃ পশ্চাদেতান্ বধিষ্যাম ইতি ব্যবসায়বদ্ভি র্ভবদ্ভিঃ ॥ ২০ ॥

করিলেই যে তাহাদের পতন হইবে, তাহা নহে। অতএব যদবধি তোমাদের শ্রীবৃদ্ধির সময় উপস্থিত না হয়, তদবধি তোমরা যাইয়া, উক্ত অসুর এবং দৈত্যদানবগণের সহিত সন্ধি স্থাপন কর! ॥ ১৯ ॥

স্বার্থসিদ্ধির অভিপ্রায়ে তাদৃশ শত্রুপক্ষগণের সহিত মিলন করা একান্ত প্রয়োজন। দেখ! প্রচণ্ড সর্পও যখন পেটরাদিতে পড়িয়া কখন বিপন্ন হয়, তখন মুষিকের সহিত মিত্রতা করিয়া, সে তখন আপন নির্গমনার্থ পথ প্রস্তুত করাইয়া লয়। পরে নিজে নিষ্কৃতি লাভ করিয়া, সেই ভুজঙ্গও অবলিলাক্রমে সেই মুষিকের প্রাণ বধ করিয়া থাকে। অতএব হে দেববৃন্দ! তোমারও যখন সময় পাইবে, তখন দৈত্যগণের বিরুদ্ধাচরণ করিও! ॥ ২০ ॥

অমৃতোৎপাদনে যত্নঃ ক্রিয়তামবিলম্বিতং।
যস্য পীতস্য বৈ জন্তু র্মৃত্যুগ্রস্তোঽমরো ভবেৎ ॥ ২১ ॥
ক্ষিপ্ত্বা ক্ষীরদধৌ সর্ব্বা বীরুত্তৃণ-লতৌষধীঃ।
মন্থানং মন্দরং কৃত্বা নেত্রং কৃত্বা তু বাসুকীং ॥ ২২ ॥
সহায়েন ময়া দেবা নির্ম্মথধ্বমতন্দ্রিতাঃ।
ক্লেশভাজো ভবিষ্যন্তি দৈত্যা যূয়ং ফলগ্রহাঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অমৃতোৎপাদনে অবিলম্বিতং শীঘ্রং এব যত্নঃ ক্রিয়তাং। যস্য অমৃতস্য পীতস্য পীতেন অমৃতেন মৃত্যুগ্রস্তঃ অপি জন্তুঃ অমরঃ ভবেৎ ॥ ২১ ॥

বিরুধঃ গুল্মানি তৃণানি লতাঃ চ ওষধয়ঃ চ ইমাঃ সর্ব্বাঃ ক্ষীরোধৌ ক্ষিপ্ত্বা। মন্দরং তন্নামকং কনক-পর্ব্বতং মন্থানং কৃত্বা, বাসুকীং সর্পরাজং নেত্রং রজ্জুং কৃত্বা ॥ ২২ ॥

হে দেবাঃ! অতন্দ্রিতাঃ নিরলসাঃ, সন্তঃ ময়া সহায়েন মৎসহায়েন, সিন্ধুং নির্ম্মথধ্বং। তর্হি দৈত্যাঃ ক্লেশভাজঃ যূয়ং চ ফলগ্রহাঃ ভবিষ্যন্তি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

অতস্তৈঃ সহ যৎ কার্য্যং তদাহ অমৃতোৎপাদন ইতি। যস্যামৃতস্য পীতস্য সতঃ ॥ ২১ ॥

নেত্রং রজ্জুং ॥ ২২ ॥

ননু তর্হি তে হপ্যমৃতপানেনামৃতাঃ স্যু স্তত্রাহ ক্লেশভাজ ইতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্য পীতস্য যস্মিন্ পীতে সতি ॥ ২১ ॥

ক্ষিপ্ত্বেতি দুগ্ধযোগেন মথিত-বীরুধাদি-কাথ-পরিণাম এবামৃতং ভাতীতি ভাবঃ। নেত্রং রজ্জুং ॥ ২২ ॥

সহায়েন ময়েত্যেতৎ ফলমাহ ক্লেশভাজ ইতি। ফলগ্রহাঃ ফলমমৃতং যূয়মেব প্রাপ্যা-থেত্যর্থঃ ॥ ২৩ ॥

সম্প্রতি আর বিলম্ব না করিয়া, অমৃতোৎপাদনার্থ যত্ন কর! এই অমৃত পান করিতে পারিলে, মৃত্যুগ্রস্ত প্রাণীও অমর হইয়া থাকে ॥ ২১ ॥

লতা গুল্ম তৃণ এবং ওষধি সমূহকে ক্ষীর-সমুদ্রের জলে নিক্ষেপ করত, মন্দরাচলকে মন্থন-দণ্ড করিয়া এবং নাগরাজ বাসুকে মন্থন-রজ্জু করিয়া ॥ ২২ ॥

হে দেবগণ! আমার সাহায্যে অপ্রমত্ত ভাবে এই ক্ষীর সমুদ্রকে তোমরা মন্থন কর! ইহাতে দৈত্যগণ কেবল দুঃখভাগী হইবে; অথচ তোমরা সকলে অমৃত লাভে ইহার ফলভাগী হইবে ॥ ২৩ ॥

দেখ! এক্ষণে অসুরগণ যেরূপ অভিপ্রায় প্রকাশ করিবে, তাহাতেই তোমরা অনুমোদন করিও! কারণ সামের দ্বারা যেরূপে সকল অভিপ্রায়

যূয়ং তদনুমোদধ্বং যদিচ্ছন্ত্যসুরাঃ সুরাঃ।
ন সংরম্ভেণ সিদ্ধ্যন্তি সর্ব্বার্থাঃ সান্ত্বয়া যথা ॥ ২৪ ॥
ন ভেতব্যং কালকূটাদ্বিষাজ্জলধিসম্ভবাৎ।
লোভঃ কার্য্যো ন বো জাতু রোষঃ কামস্তু বস্তুষু ॥
শ্রীশুক উবাচ ॥
ইতি দেবান্ সমাদিশ্য ভগবান্ পুরুষোত্তমঃ।
তেষামন্তর্দ্দধে রাজন্ স্বচ্ছন্দগতিরীশ্বরঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

হে সুরাঃ! অতঃ অসুরাঃ যৎ ইচ্ছন্তি যূয়ং তৎ অনুমোদধ্বং। যতঃ সান্ত্বয়া সামমার্গেণ, যথা সর্ব্বে অর্থাঃ সিদ্ধ্যন্তি, সংরম্ভেণ তথা ন ॥ ২৪ ॥

জলধি-সম্ভবাৎ কালকূটাৎ বিষাৎ ন ভবদ্ভিঃ ভেতব্যং ন উদ্বেজিতব্যং। যতঃ বস্তুষু মথনাৎ উৎপন্নেষু, বঃ যুষ্মাভিঃ জাতু কদাচিৎ অপি কামঃ লোভঃ রোষঃ চ ন কার্য্যঃ ॥

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! স্বচ্ছন্দগতিঃ (স্বেচ্ছানুসারিণী গতিঃ যস্য সঃ) পুরুষোত্তমঃ ভগবান্ ঈশ্বরঃ দেবান্ ইতি এবং সমাদিশ্য তেষাং পশ্যতাং এব অন্তর্দধে ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

বলিভিঃ সহকারিভিঃ সাধ্যা অর্থাস্তদনুসরণং বিনা ন সিদ্ধ্যন্তীতি কৃত্বা সামাদিকমুপদিশতি যূয়মিতি দ্বাভ্যাং। হে সুরাঃ সংরম্ভেণ সংশ্রমেণ সান্ত্বয়া সামমার্গেণ যথা সিধ্যন্তি ॥ ২৪ ॥

বস্তুষু মথনাদুৎপন্নেষু ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে সুরাঃ সংরম্ভেণ বিগ্রহেণ। সান্ত্বয়া সাম্না যথা ॥ ২৪ ॥

তুশ্চার্থে রত্নাদিষু ন লোভঃ তেষ্বেবাসুরৈ র্নীতেষু সৎসু ন রোষঃ। স্ত্রীরত্নেষু ন কামশ্চ কার্য্য ইত্যর্থঃ। বস্তুষু মথনাদুৎপন্নেষু। তেষামীশ্বরঃ ॥ ২৫ ॥

সিদ্ধ হয়, বিরোধের দ্বারা তাহা কখনই হইতে পারে না ॥ ২৪ ॥

অবশ্য জলধিকে মন্থন করিলে, কালকূট হলাহল উৎপন্ন হইবে বটে; কিন্তু তাহাতেও তোমাদের কোন ভয় নাই। কারণ পরম বৈরাগী মহাদেব তাহা স্বয়ং পান করিবেন। তোমরা কেবল সাবধানে থাকিবে যে, সমুদ্র মন্থনে যে যে সামগ্রী উৎপন্ন হইবে, তাহার কোনটীর প্রতি তোমাদের কোনরূপ কাম, লোভ বা অন্যের আয়ত্তাধীন কোন বস্তু হইল বলিয়া, রোষ ভাবের যেন উদয় না হয় ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! স্বেচ্ছাগতি পুরুষশ্রেষ্ঠ ভগবান্ বিষ্ণু দেবতাগণকে জলধিমন্থনার্থ এই প্রকার উপদেশ প্রদান করত, তাঁহাদের সমক্ষেই অন্তর্হিত হইলেন ॥ ২৫ ॥

অথ তস্মৈ ভগবতে নমস্কৃত্য পিতামহঃ।
ভবশ্চ জগ্মতুঃ স্বং স্বং ধামোপেয়ুর্বলিং সুরাঃ ॥ ২৬ ॥
দৃষ্ট্বারীনপ্যসংযত্তান্ জাতক্ষোভান্ স্বনায়কান্।
ন্যষেধদ্দৈত্যরাট্ শ্লোক্যঃ সন্ধিবিগ্রহকালবিৎ ॥ ২৭ ॥
তে বৈরোচনিমাসীনং গুপ্তাস্বসুরযূথপৈঃ।

অন্বয়ঃ।

অথ অনন্তরং তস্মৈ তিরোহিতায় ভগবতে নমস্কৃত্য পিতামহঃ ব্রহ্মা, ভবঃ রুদ্রঃ, স্বং স্বং ধাম স্থানং, জগ্মতুঃ। সুরাঃ ইন্দ্রাদয়ঃ চ বলিং উপেয়ুঃ উপজগ্মুঃ ॥ ২৬ ॥

অসংযত্তান্ যুদ্ধার্থং অমুদ্যতান্, অপি অরীন্ শত্রূন্, দেবান্ দৃষ্ট্বা জাতঃ ক্ষোভঃ যুদ্ধোৎসাহঃ যেষাং তান্ স্বনায়কান্ স্বসেনাপতীন্ সন্ধিবিগ্রহ-কালবিৎ (সন্ধিবিগ্রহয়োঃ উচিতং কালং বেত্তীতি) শ্লোক্যঃ স্তুত্যঃ, দৈত্যরাট্ বলিঃ ন্যষেধৎ ন্যবারয়ৎ ॥ ২৭ ॥

অসুরাণাং যূথপৈঃ গুপ্তং সুরক্ষিতং, পরময়া শ্রিয়া সম্পদা, জুষ্টং যুক্তং, জিতাঃ অশেষাঃ

শ্রীধরস্বামী।

সুরাস্তু বলিমুপেয়ুঃ উপজগ্মুঃ ॥ ২৬ ॥
অসংযত্তানপি দৃষ্ট্বা। শ্লোক্যঃ কীর্ত্যর্হঃ ॥ ২৭ ॥
বৈরোচনিং বলিং। জিতমশেষং ত্রৈলোক্যং যেন তং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরাস্তু বলিমুপেয়ুরুপজগ্মুঃ ॥ ২৬ ॥
অসংযত্তান্ অধৃত-কতি-চাস্ত্রাদীনপি দৃষ্ট্বা স্বনায়কান্ স্বসেনাপতীন্ জাতক্ষোভান্ হন্তমুদ্যতান্ শ্লোক্যো যশস্বী ॥ ২৭ ॥

ভগবান্ অন্তর্হিত হইলে, লোক-পিতামহ ব্রহ্মা এবং ভগবান্ রুদ্র স্ব স্ব ধামে গমন করিলেন। এবং দেবতাগণ সন্ধি-স্থাপনের মানসে দৈত্যপতি বলিরাজের নিকট গমন করিলেন ॥ ২৬।

এদিকে দেবগণ যখন যুদ্ধে পরাস্ত হইয়া, অস্ত্র শস্ত্রাদি পরিত্যাগ করিলেন, তখন অসুর-পক্ষীয় সেনা-নায়কগণ যুদ্ধার্থ অধিকতর উদ্যম প্রকাশ করিতেছিল। কিন্তু যশস্বী জগদ্বিখ্যাত বলিরাজ তাহাতে অনুমোদন করিলেন না; তিনি সন্ধি বা বিগ্রহ করিবার উপযুক্ত কাল বিলক্ষণ অবগত ছিলেন। সুতরাং দেবতাগণের তাদৃশ বিপন্ন কালে স্বকীয় সৈন্যাধ্যক্ষগণের উদ্যমকে অসঙ্গত বিবেচনা করিয়া, তিনি তাহাদিগকে নিরস্ত করিলেন ॥ ২৭ ॥

ইতিমধ্যে বিরোচন-নন্দন বিচক্ষণ বলিরাজ যখন সুরগণকে সম্পূর্ণ পরাজয় করত অসুরযূথপতিগণের পরিরক্ষণে অতি অপূর্ব্ব রমণীয় আসনে অধ্যাসীন

শ্রিয়া পরময়া জুষ্টং জিতাশেষমুপাগমন্ ॥ ২৮ ॥
মহেন্দ্রঃ শ্লক্ষ্ণয়া বাচা সান্ত্বয়িত্বা মহামতিঃ।
অভ্যভাষত তৎ সর্ব্বং শিক্ষিতং পুরুষোত্তমাৎ ॥ ২৯ ॥
ভত্বরোচত দৈত্যস্য তত্রান্যে যেঽসুরাধিপাঃ।
শম্বরোঽরিষ্টনেমিশ্চ যেচ ত্রিপুরবাসিনঃ ॥ ৩০ ॥
ততো দেবাসুরাঃ কৃত্বা সম্বিদং কৃতসৌহৃদাঃ।

অন্বয়ঃ।

দেবাদয়ঃ যেন তৎ, আসীনং বৈরোচনিং বলিং, তে দেবাঃ উপাগমন্ ॥ ২৮ ॥

ততঃ চ মহামতিঃ মহেন্দ্রঃ শ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা সান্ত্বয়িত্বা তং বলিং প্রসন্নং কৃত্বা, পুরুষোত্তমাৎ ভগবতঃ শিক্ষিতং তৎ সর্ব্বং অমৃতোৎপাদন-প্রযত্নরূপং অভ্যভাষত অকথয়ৎ ॥ ২৯ ॥

তৎ ইন্দ্রোক্তং দৈতস্য বলেঃ তথা যে তু অন্যে শম্বরঃ অরিষ্টনেমিঃ অন্যে অসুরাধিপাঃ যে চ ত্রিপুরবাসিনঃ তত্র আসন্ তেষাং চ অরোচত ॥ ৩০ ॥

ততঃ দেবাঃ অসুরাঃ চ সর্ব্বে সম্বিদং ভাগসময়ং, কৃত্বা কৃতং পরস্পরং সৌহৃদং যৈঃ তে

শ্রীধরস্বামী।

তৎ সর্ব্বং অমৃতোন্মথনাদি ॥ ২৯ ॥

তত্র যেঽন্যে চাসুরাধিপাঃ পৌলোম-কালেয়াদয়ঃ শম্বরাদয়শ্চ তেভ্যশ্চারোচত ॥ ৩০ ॥

সম্বিদং সময়ং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জিতাশেষং সর্ব্বদিগ্বিজয়িনং ॥ ২৮ ॥ ২৯ ॥

দৈত্যস্য দৈত্যা যেঽন্যে তেভ্যশ্চেতি উৎপৎস্যমানমমৃতং দুর্ব্বলানিমাং তিরস্কৃত্য বয়মেব গ্রহীষ্যাম ইত্যভিপ্রায়েণারোচত ॥ ৩০ ॥

সংবিদং সঙ্কেতং সংবাদং বা সংবিদ্‌যুদ্ধে প্রতিজ্ঞায়ামাচারে নাম্নি তোষণে সংভাষণে

ছিলেন; দেববৃন্দ সেই সময়ে তাঁহার নিকট উপস্থিত হইলেন ॥ ২৮ ॥

এবং মহাবিচক্ষণ অমরেশ্বর ইন্দ্র অতি মধুর বচনে বলিরাজকে সম্বোধন পূর্ব্বক, পুরুষশ্রেষ্ঠ ভগবান্ বিষ্ণু কর্ত্তৃক উপদিষ্ট অমৃতোৎপাদনের উপায় তৎসমীপে আদ্যোপান্ত কীর্ত্তন করিলেন ॥ ২৯ ॥

দেবরাজের উক্তিতে দৈত্যপতি বলির বিশেষ শ্রদ্ধা জন্মিল এবং তথায় শম্বর ও অরিষ্টনেমি প্রভৃতি যে সকল অসুর সেনানায়ক এবং অন্যান্য স্বর্গবাসী অসুরগণ উপস্থিত ছিল, সকলেই তাহাতে অনুমোদন করিল ॥ ৩০ ॥

তখন দেবতা এবং অসুরগণ পরস্পরের মধ্যে একটী সময় অর্থাৎ অঙ্গীকার পত্র স্বাকার করত, মিলিত হইল; এবং হে পরন্তপ পরীক্ষিৎ! পরস্পরের

উদ্যমং পরমং চক্রুরমৃতার্থে পরন্তপঃ ॥ ৩১ ॥
ততস্তে মন্দরগিরিমোজসোৎপাট্য দুর্ম্মদাঃ।
নদন্ত উদধিং নিন্যুঃ শক্তাঃ পরিঘ-বাহবঃ ॥
দূরভারোদ্বহশ্রান্তাঃ শক্রবৈরোচনাদয়ঃ।
অপারয়ন্ত স্তং বোঢ়ং বিবশা বিজহুঃ পথি ॥
নিপতন্ স গিরিস্তত্র বহূনমরদানবান্।
চূর্ণয়ামাস মহতা ভারেণ কনকাচলঃ ॥

অন্বয়ঃ।

তদাবিধাঃ সন্তঃ হে পরন্তপ রাজন্! অমৃতার্থে পরমং উদ্যমং চক্রুঃ ॥ ৩১ ॥

পরিঘবাহবঃ দুর্ম্মদাঃ শক্তাঃ তে দেবাঃ অসুরাঃ চ ওজসা বলেন, মন্দরগিরিং উৎপাট্য নদন্তঃ উদধিং নিন্যুঃ নেতুং প্রবৃত্তাঃ ॥

কিঞ্চ শক্রবৈরোচনাদয়ঃ সর্ব্বে দূরভারোদ্বহনেন শ্রান্তাঃ অতএব মন্দরং বোঢ়ং অপারয়ন্তঃ অশক্নুবন্তঃ অতএব বিবশাঃ সন্তঃ গিরিং পথি মার্গে, এব বিজহুঃ ॥

কনকাচলঃ সঃ গিরিঃ নিপতন্ তত্র মহতা ভারেণ বহূন্ অমরান্ দানবান্ চ চূর্ণয়ামাস ॥

শ্রীধরস্বামী।

পরিঘা ইব বাহবো যেষাং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রিয়াকারে সঙ্কেত-জ্ঞানয়োরপীত্যজয়ঃ ॥ ৩১ ॥　　পরিঘা ইব বাহবো যেষাং ॥

যঃ কনকাচলঃ কনকময়ত্বান্ন চলতীত্যচলঃ। কনকস্য প্রস্তরাদ্যপেক্ষয়া ভারাধিক্যাৎ ॥

মধ্যে বিশেষ সৌহার্দ্দের স্থাপনে অমৃত-লাভার্থ বিশেষ উদ্‌যোগ আরম্ভ করিল ॥ ৩১ ॥

অনন্তর সেই পরিঘাস্ত্র সদৃশ বাহুবিশিষ্ট মহাবল-পরাক্রান্ত দেব দানবগণ বিপুল বলের পরিচয়ে মন্দরাচলকে উৎপাটন পূর্ব্বক ভীম-নিনাদে উদধি সমীপে আনয়নার্থ উদ্‌যোগ করিলেন ॥

কিন্তু অনেক দূরতা নিবন্ধন বহনে একান্ত শ্রান্ত ইন্দ্রাদি দেবতা এবং বলি প্রভৃতি দৈত্যগণ নিতান্ত অবসন্ন হইয়া পড়িলেন। তাঁহারা তাদৃশ গুরুভার মন্দরাচল বহনে অপারক হইয়া, বিবশভাবে পথিমধ্যে সেই পর্ব্বত ফেলিয়া দিলেন ॥

কিন্তু সুবর্ণময় গিরিবর পতনকালে স্বীয় ভীষণ ভার-নিবন্ধন অসংখ্য দেব ও দৈত্যগণকে তথায় চূর্ণ বিচূর্ণ করিয়া ফেলিল ॥

দেব দৈত্যগণের এই প্রকারে বাহু, উরু এবং কন্ধরদেশের ভগ্নে মূল

তাং স্তথা ভগ্নমনসো ভগ্নবাহূরুকন্ধরান্।
বিজ্ঞায় ভগবাংস্তত্র বভূব গরুড়ধ্বজঃ॥
গিরিপাতবিনিষ্পিষ্টান্ বিলোক্যামর-দানবান্।
ঈক্ষয়া জীবয়ামাস নীরুজান্নির্ব্রণান্ যথা॥
গিরিঞ্চারোপ্য গরুড়ে হস্তেনৈকেন লীলয়া।
আরুহ্য প্রযযাবব্ধিং সুরাসুরগণৈর্বৃতঃ॥ ৩২॥
অবরোপ্য গিরিং স্কন্ধাৎ সুপর্ণঃ পততাং বরঃ।

অন্বয়ঃ।

ভগ্ন-বাহূরু-কন্ধরান্ (ভগ্নাঃ বাহবঃ উরবঃ কন্ধরাঃ চ যেষাং তথাভূতান্ অতএব ভগ্নং মনঃ যেষাং তথাবিধান্) তান্ অমরদানবান্ বিজ্ঞায় গরুড়ধ্বজঃ গরুড়ারূঢ়ঃ, সন্ ভগবান্ বিষ্ণুঃ তত্র আবির্বভূব॥

গিরিপাতেন বিনিষ্পিষ্টান্ চূর্ণীকৃতান্, অমরান্ দানবান্ চ বিলোক্য ঈক্ষয়া অমৃতদৃষ্ট্যা, নিরুজান্ নির্ব্রণান্ যথা ভবতি তথা তান্ জীবয়ামাস॥

ততঃ একেন এব হস্তেন লীলয়া এব গিরিং উদ্ধৃত্য গরুড়ে আরোপ্য, স্বয়ং অপি আরুহ্য সুরাসুরগণৈঃ বৃতঃ এব অব্ধিং সমুদ্রং, প্রযযৌ॥ ৩২॥

ততঃ সঃ পততাং পক্ষিণাং, বরঃ শ্রেষ্ঠঃ গরুড়ঃ স্কন্ধাৎগিরিং অবরোপ্য অবতার্য্য, জলান্তে

শ্রীধরস্বামী।

বিসর্জ্জিতঃ প্রস্থাপিতঃ। সুপর্ণে তত্র স্থিতে বাসুকেরাগমনাযোগাদিতি ভাবঃ॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বভূব আবির্বভূব॥ ৩২॥

বিসর্জ্জিতঃ অন্যত্র প্রস্থাপিতঃ। সুপর্ণে তত্র স্থিতে বাসুকেরাগমনাযোগাদিতি ভাবঃ॥৩৩॥

কর্ম্মে ভগ্নোৎসাহ অবলোকন করিয়া, ভগবান্ নারায়ণ গরুড়-বাহনে তথায় উপনীত হইলেন॥

এবং গিরি-পতনের-ভারে চূর্ণ-দেহ দেব-দৈত্যগণের প্রতি অমৃত-দৃষ্টির বিকীরণে সকলকে পুনর্জীবিত করিলেন; এবং তাঁহারা সকলেও পূর্ব্ববৎ সুস্থ এবং পুণাঙ্গ হইলেন॥

তিনি নিজে কেবল বাম হস্তের দ্বারা অবলীলাক্রমে উক্ত পতিত মন্দরাচলকে গরুড়োপরি স্থাপন করত, স্বয়ং তাহাতে আরূঢ় হইয়া সুরাসুরগণ সহ ক্ষীর-সমুদ্রের তীরে গমন করিলেন॥ ৩২॥

তথায় উপস্থিত হইয়া, খগপতি গরুড় স্বীয় স্কন্ধদেশ হইতে মন্দরাচলকে নামাইয়া, জল-সমীপে রাখিলেন এবং ভগবান্ শ্রীহরির অনুমতি অনুসারে

যযৌ জলান্ত উৎসৃজ্য হরিণা স বিসর্জ্জিতঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তে নাগরাজমামন্ত্র্য ফলভাগেন বাসুকিং।
পরিবীয় গিরৌ তস্মিন্নেত্রমব্ধিং মুদান্বিতাঃ ॥
আরেভিরে সুরা যত্তা অমৃতার্থে কুরূদ্বহ ॥ ১ ॥

অন্বয়ঃ।

জলসমীপে ঔৎসৃজ্য নিধায়, হরিণা বিসর্জ্জিতঃ প্রস্থাপিতঃ, সন্ যযৌ ॥ ৩৩ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

শ্রীশুক উবাচ। তে দেবাঃ অসুরাঃ চ ফলভাগেন (অমৃতরূপে ফলে তবাপি ভাগো ভবিষ্যতি ইত্যেবং) নাগরাজং বাসুকিং, আমন্ত্র্য সংপ্রার্থ্য, তং নেত্রং নেত্রীভূতং রজ্জুং, মন্দর-গিরৌ পরিবীয় সংবেষ্ট্য, মুদা হর্ষেণ অন্বিতাঃ যুক্তাঃ যত্তাঃ প্রযত্নবন্তঃ, সন্তঃ, হে কুরূদ্বহ! অমৃতার্থে অব্ধিং মথিতুং আরেভিরে ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যষ্টমে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমে মথনোদ্ভূত-বিষভীত্যাখিলৈ র্জনৈঃ।
স্তুতঃ সন্ কৃপয়া রুদ্রঃ পপৌ বিষমিতীর্য্যতে ॥ * ॥

ফলভাগেন তবাপ্যমৃতে ভাগো ভবিষ্যতীতি সংমন্ত্র্য বাসুকিং নেত্রং গিরৌ পরিবীয় সংবেষ্ট্য অব্ধিং মথিতুমারেভিরে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽয়মষ্টমস্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
সপ্তমে কচ্ছপোদ্ভূতিঃ সিন্ধুমন্থো বিষোদ্গমঃ।
জনৈঃ স্তুত্যা শিবেনৈব বিষপানমিতীর্য্যতে ॥ * ॥

নাগরাজং বাসুকিং। তবাপ্যমৃতে ভাগো ভবিষ্যতীতি সংমন্ত্র্য তং গিরৌ পরিবীয় নেত্রং কৃত্বা পরিবেষ্ট্য আরেভিরে মথিতুমিতি শেষঃ ॥ ১ ॥

তথা হইতে প্রস্থান করিলেন ॥ ৩৩ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষষ্ঠ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! তখন

আভাস।

সপ্তম অধ্যায়ে ক্ষীরোদ-মথনে হলাহল বিষ উৎপন্ন হইলে, নিখিল লোকের স্তবে ভগবান্ মহাদেব পরিতুষ্ট হইয়া, স্বয়ং ঐ বিষ পান করেন, ইহাই বর্ণিত হইয়াছে ॥

হরিঃ পুরস্তাজ্জগৃহে পূর্ব্বং দেবা ততোঽভবন্ ।
তল্লৈচ্ছদৈত্যপতয়ো মহাপুরুষচেষ্টিতং ॥

অন্বয়ঃ।

হরিঃ পূর্ব্বং এব তস্য পুরস্তাৎ মুখং জগৃহে ; দেবাঃ অপি ততঃ অভবন্ তথা মুখং জগৃহুঃ। তৎ মুখগ্রহণরূপং মহাপুরুষস্য ভগবতঃ চেষ্টিতং দৈত্যপতয়ঃ ন ঐচ্ছন্ সাধু ন মেনিরে ॥

শ্রীধরস্বামী

বাসুকে র্মুখং তীব্রং দৈত্যান্ গ্রাহয়িতুমেব পূর্ব্বং হরিঃ পুরস্তাৎ মুখং জগৃহে। ততোঽ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বাসুকে র্মুখং তীব্রং দৈত্যান্ গ্রাহয়িতুমেব পূর্ব্বং হরিঃ পুরস্তামুখং জগ্রাহ। অভবন্ তেন মুখং জগৃহুরিত্যর্থঃ ॥

সেই দেবতা এবং অসুরগণ পরস্পরে মিলিত হইয়া, নাগরাজ বাসুকির সমীপে গমন করিলেন ; এবং সমুদ্র-মন্থনে সমুৎপাদ্য অমৃতের অংশ তাঁহাকেও প্রদত্ত হইবে অঙ্গিকার করত, মন্থন-রজ্জু হইবার জন্য তাঁহাকে সম্মত করাইলেন। পরে বাসুকিকে মন্থন-দণ্ড মন্দরাচলের বেষ্টন-রজ্জু করিয়া, সকলে অতি আনন্দ সহকারে এবং বিশেষ উৎসাহের সহিত সেই ক্ষীর-সমুদ্র মন্থনে নিযুক্ত হইলেন ॥ ১ ॥

মন্থন-কালে ভগবান্ শ্রীহরি প্রথমত সর্পরাজের মুখভাগ যখন অবলম্বন করিলেন, তখন অন্যান্য দেবতাগণও সেইদিক ধরিতেই অগ্রসর হইলেন। কিন্তু অসুরগণ মহাপুরুষ ভগবানের তাদৃশ মুখভাগ গ্রহণের উদ্যম অবলোকন করিয়া, মনে মনে ক্ষুণ্ণ হইল ; এবং ভগবানের উদ্দেশ্য উত্তম বলিয়া মনে করিল না ॥

আভাস।

দ্বিতীয়াদি তিনটী অধ্যায়ের দ্বারা গজেন্দ্র-মোক্ষণের প্রসঙ্গে বর্ণিত হইয়াছে, ধার্ম্মিক ভগবৎপরায়ণ ইন্দ্রদ্যুম্নের ন্যায়, রাজর্ষিরও পতন হইয়াছিল। কিন্তু পূর্ব্বানুষ্ঠিত বেদান্ত-বিজ্ঞানের ফলে আপাতত নিকৃষ্ট যোনি-প্রাপ্ত তির্য্যক্-যোনি হস্তীও ভগবচ্চিন্তনে সমর্থ হইয়াছিল এবং প্রারব্ধের ক্ষয়ে ভগবানের পার্ষদত্ব-প্রাপ্তিও ঘটিয়াছিল। এতদ্দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, আপাতত সৎকর্ম্মের অনুষ্ঠানে হৃদয় উন্নত এবং স্বচ্ছের ন্যায় পরিদৃষ্ট হইলেও, সঞ্চিত কর্ম্মের ক্ষয় বা মূলোৎপাটন করা অবশ্য বিধেয়। নতুবা কালে সঞ্চিত কর্ম্মও প্রারব্ধে পরিণত হইয়া, সাধককে মুক্তির পথে ব্যাহত করে। রাজা ইন্দ্রদ্যুম্ন সাধনের ফলে উন্নতমনা হইলেও, সাধনের সিদ্ধিতে অহঙ্কৃত হইয়াছিলেন ; সুতরাং স্বীয় আশ্রমে উপনীত অগস্ত্য ঋষিকেও উপেক্ষা করিয়াছিলেন। অতএব জীবের হৃদয়ে আপাতত উদার বা প্রকটভাবে পরিণত বৃত্তি সমূহের পরিদর্শনেই উৎকৃষ্ট বা নিকৃষ্ট বলিয়া তাহাকে মীমাংসা

ন গৃহ্ণীমো বয়ং পুচ্ছমহেরঙ্গমমঙ্গলং।
স্বাধ্যায়-শ্রুত-সম্পন্নাঃ প্রখ্যাতা জন্ম-কর্ম্মভিঃ॥
ইতি তূষ্ণীং স্থিতান্ দৈত্যান্ বিলোক্য পুরুষোত্তমঃ।
স্ময়মানো বিসৃজ্যাগ্রং পুচ্ছং জগ্রাহ সামরঃ॥ ২॥
কৃতস্থানবিভাগাস্তে এবং কশ্যপনন্দনাঃ।
মমন্থুঃ পরমং যত্না অমৃতার্থং পয়োনিধিং॥

অন্বয়ঃ।

স্বাধ্যায়-শ্রুত-সম্পন্নাঃ বেদ-শাস্ত্রাধ্যয়ন-বিশিষ্টাঃ তথা জন্মভিঃ কর্ম্মভিঃ চ প্রখ্যাতাঃ প্রসিদ্ধাঃ বয়ং অহেঃ সর্পস্য, অমঙ্গলং অশুদ্ধং, অঙ্গং পুচ্ছং ন গৃহ্ণীমঃ॥

ইতি এবং তূষ্ণীং স্থিতান্ দৈত্যান বিলোক্য পুরুষোত্তমঃ সামরঃ অমরৈঃ সহিতঃ, ভগবান্ স্ময়মানঃ প্রহসন্, অগ্রং মুখং, বিসৃজ্য পুচ্ছং জগ্রাহ॥ ২॥

এবং কৃত-স্থানবিভাগাঃ (কৃতঃ গ্রহণস্থানবিভাগঃ যৈঃ তে) কশ্যপনন্দনাঃ দেবাঃ অসুরাঃ পরমাঃ যত্নাঃ পরমযত্নবন্তঃ সন্তঃ, অমৃতার্থং পয়োনিধিং মমন্থুঃ॥

শ্রীধরস্বামী।

হভবন্ মুখং জগৃহুঃ॥ ২॥

তখন তাহারা প্রকাশ্যে বলিল যে, আমরা যখন বেদশাস্ত্রাদির অধ্যয়নে বিদ্যাসম্পন্ন ও বেদবিহিত ক্রিয়াবান্; বিশেষত বংশমর্য্যাদাতেও কোন অংশে দেবতাগণের ন্যূন নহি. অতএব সর্পের অশুদ্ধ অঙ্গ পুচ্ছ আমরা কখনই গ্রহণ করিব না॥

এই প্রকার বলিয়া দৈত্যগণ যখন নিস্তব্ধে অপেক্ষা করিতে লাগিল, তখন পুরুষোত্তম ভগবান্ স্বীয় মনোরথ পূর্ণ হইল দেখিয়া, সহাস্য-বদনে সর্পের মুখভাগ পরিত্যাগ পূর্ব্বক, দেববৃন্দ সহ পুচ্ছভাগই গ্রহণ করিলেন॥ ২॥

এই প্রকারে সর্পাঙ্গ গ্রহণের দিক্ পরস্পরের মধ্যে নিরূপিত হইয়া গেলে, কশ্যপ-নন্দন সেই দেবতা এবং অসুরগণ বিশেষ যত্ন-সহকারে অমৃত-লাভার্থ পয়োধি-মন্থনে প্রবৃত্ত হইলেন॥

আভাস।

করা কর্ত্তব্য নহে। অনুকূল বা প্রতিকূল অবস্থা এবং ভোগের সংসর্গে অন্তর্লীন বিবিধ সংস্কারের বিলয় বা প্রকট ভাব হইতে পারে। একটী বালককে দেখিয়া নিষ্পাপ ও পবিত্র-হৃদয় বলিয়া আমরা মনে করিতে পারি, কিন্তু কাল-সহকারে তাহার ইন্দ্রিয়বর্গ ভোগাদিতে সমর্থ হইলে এবং ভোগ্য বস্তু উপস্থিত হইলে, তাহার অন্তর্লীন গুপ্তভাবে অবস্থিত নানা-প্রকার পাপাচরণের প্রবৃত্তি তাহার হৃদয় হইতে স্বতঃ প্রবৃত্ত দেখিয়া আমরা স্পষ্ট বুঝিতে পারি যে, ভস্মাচ্ছাদিত হুতাশনের ন্যায়, সরল হৃদয়ের গভীর গহ্বরে নানাপ্রকার গরলের

মথ্যমানেঽর্ণবে সোঽদ্রিরনাধারো হ্যপোঽবিশৎ।
ধ্রিয়মাণোঽপি বলিভি র্গৌরবাৎ পাণ্ডুনন্দন ॥ ৩ ॥
তে সুনির্ব্বিণ্ণমনসঃ পরিম্লানমুখশ্রিয়ঃ।
আসন্ স্বপৌরুষে নষ্টে দৈবেনাতিবলীয়সা ॥ ৪ ॥

অন্বয়ঃ।

হে পাণ্ডুনন্দন! পরীক্ষিৎ! অর্ণবে পয়োধৌ, মথ্যমানে সতি সঃ মন্দরাখ্যঃ অদ্রিঃ, হি যতঃ অনাধারঃ অতঃ বলিভিঃ দেবাদিভিঃ, ধ্রিয়মাণঃ অপি গৌরবাৎ গুরুত্বাৎ অপঃ অবিশৎ অপাং অধঃ প্রবিষ্টঃ অভূৎ ॥ ৩ ॥

এবং অতিবলীয়সা দৈবেন স্বপৌরুষে নষ্টে সতি তে দেবাদয়ঃ সুনির্ব্বিণ্ণমনসঃ (সুনির্ব্বিণ্ণং অতিখিন্নং মনো যেষাং তে) পরিম্লানা মুখশ্রীঃ যেষাং তে তথাভূতাঃ আসন্ বভূবুঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কৃতো ধারণস্থানবিভাগো যৈঃ ॥ ৩ ॥
দৈবেন হেতুনা স্বপৌরুষে নষ্টে সতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মানং গৃহীত্বা বিষজ্জ্বালয়া যূয়মেব ম্রিয়ধ্বমিত্যভিপ্রায়েণ স্ময়মানঃ ॥ ২—৪ ॥

হে পাণ্ডবংশাবতংস রাজন্ পরীক্ষিৎ! এই প্রকারে পয়োধি মথিত হইতে হইতে গুরুভার মন্দরাচল অনাধারত্ব নিবন্ধন জল-মধ্যে নিমগ্ন হইয়া গেল; মহাবল সেই দেবতা এবং অসুরগণ তাহাকে জলের উপরিভাগে আর রক্ষা করিতে পারিলেন না ॥ ৩ ॥

অহো! বলবান্ দৈব কর্ত্তৃক স্বকীয় উদ্যম বিনষ্ট হইলে, দেবতা এবং অসুরগণের আর দুঃখের সীমা রহিল না; সমুদ্রকে মন্থন করা হইল না, দেখিয়া তাহাদের মুখশ্রীঃ বিবর্ণ হইয়া গেল ॥ ৪ ॥

আভাস।

অস্তিত্ব ছিল; সহকারী কারণের অভাবে এত কাল অপ্রকটিত ছিল; সম্প্রতি প্রকটিত হইয়াছে। নির্জ্জন কাননে বাস করত অনেক সন্ন্যাসী ব্রহ্মচর্য্যের যথেষ্ট পরিচয় দিতে পারেন; কিন্তু অনায়াসে লভ্য লাবণ্যবতী কামুকী কামিনীর হাটে অবস্থান পূর্ব্বক, যে ব্যক্তি উপস্থ সংযমনের পরিচয় দিতে পারেন, তিনিই প্রকৃত ব্রহ্মচারী; তিনিই যথার্থ কামকে জয় করিয়াছেন বলিয়া, অবশ্য স্বীকার্য্য। বেদান্ত-বিচারে পরমার্থ তত্ত্বের নিরূপণ বিলক্ষণরূপে হইয়াছে সত্য এবং ধ্যান ধারণা ও সমাধির বলে চিত্তকে সমাহিত করিয়া ব্রহ্ম স্বরূপে সংলগ্ন করিতে সক্ষম হইয়াছেন বটে, কিন্তু যোগাতিরিক্ত ব্যবহার দশায় সেই যোগীকে পুনরায় চিত্তের অধীন হইয়া, শারীরিক মানসিক এবং ঐন্দ্রিয়িক ভোগে বদ্ধ হইতে হয়। তখন ক্ষুৎ পিপাসা, শীত গ্রীষ্ম এবং শোক মোহ যোগীকে যে বিব্রত করে না, তাহা হইতে পারে

বিলোক্য বিঘ্নেশ-বিধিং তদেশ্বরো দুরন্ত-বীর্য্যোঽবিতথাভিসন্ধিঃ।
কৃত্বা বপুঃ কাচ্ছপমদ্ভুতং মহৎ প্রবিশ্য তোয়ং গিরিমুজ্জহার হ ॥ ৫ ॥
তমুত্থিতং বীক্ষ্য কুলাচলং পুনঃ সমুদ্যতা নির্ম্মথিতুং সুরাসুরাঃ
দধার পৃষ্ঠেন স লক্ষযোজন-প্রস্তারিণা দ্বীপ ইবাপরো মহান্ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

বিঘ্নেশস্য বিধিং বিঘ্নপ্রকারং বিলোক্য অবিতথাভিসন্ধিঃ (অবিতথঃ সত্যঃ অভিসন্ধিঃ সংকল্পঃ যস্য সঃ) দুরন্তবীর্য্যঃ অপার-বলঃ, ঈশ্বরঃ ভগবান্ মহৎ অদ্ভুতং কচ্ছপং বপুঃ কৃত্বা তোয়ং [জলং, প্রবিশ্য (জলান্তর্গতং) গিরিং উজ্জহার উদ্ধৃতবান্ ॥ ৫ ॥

(তেন উদ্ধৃতং) তং কুলাচলং মন্দরং বীক্ষ্য সুরাসুরাঃ পুনঃ নির্ম্মথিতুং সমুদ্যতাঃ বভূবুঃ; অপরঃ মহান্ দ্বীপঃ ইব সঃ কূর্ম্মঃ লক্ষ-যোজন-প্রস্তারিণা (লক্ষযোজনং প্রস্তারঃ বিস্তারঃ অস্য অস্তীতি তথা তেন) পৃষ্ঠেন যং দধার ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

বিঘ্নেশস্য বিধানং তেন রচিতং বিঘ্নং। অবিতথঃ সত্যোঽভিসন্ধিঃ সংকল্পো যস্য ॥ ৫ ॥
লক্ষযোজনং প্রস্তারো বিস্তারো যস্যাস্তীতি তথাভূতেন পৃষ্ঠেন ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিঘ্নে ঈষ্টে সমর্থো ভবতীতি বিঘ্নেশো যো বিধি স্তং বিলোক্য অস্মিন্ বিঘ্নে অয়মেব প্রকারো যোগ্য ইতি বিচার্য্য কাচ্ছপং বপুঃ কৃত্বা উজ্জহার ঊর্দ্ধং প্রতি নীতবান্। কচ্ছপ-জাতেরেব জলাধঃস্থ বস্তূদ্ধ্বানয়নে যোগ্যতা স্বাভাবিকীতি বিমৃশ্যেতি ভাবঃ। অবিতথাভি-সন্ধিঃ সত্যসংকল্পঃ ॥ ৫ ॥

তঞ্চ কুলাচলং স কচ্ছপঃ পৃষ্ঠেন দধার। মহান্ জলাধঃস্থো জম্বুদ্বীপ ইবেত্যর্থঃ ॥ ৬ ॥

বিঘ্নদাতা বিধির তাদৃশ বিঘ্ন প্রদানের ব্যবস্থা অবলোকন করিয়া, অপার-লীল সত্যসংকল্প ভগবান্ কমললোচন একটী কচ্ছপের বিগ্রহ ধারণ করত, জলমধ্যে প্রবেশ পূর্ব্বক মন্দরাচলকে পৃষ্ঠে ধারণ করত উত্তোলন করিলেন ॥৫॥

তখন দেবাসুরগণ সেই কুলাচলকে অবলোকন করিয়া, পুনরায় মন্থনার্থ উদ্‌যোগ করিলেন। যে কমঠ মূর্ত্তিতে ভগবান্ সেই মন্দরাচলকে পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন, তাহার বিস্তার লক্ষযোজন বিস্তৃত একটী প্রকাণ্ড দ্বীপবৎ প্রতীত হইয়াছিল ॥ ৬ ॥

আভাস।

না। অতএব যোগাবস্থায় দেহত্যাগ ঘটিলে মুক্তি অবশ্যম্ভাবী স্বীকার করিলেও, ভোগা-বস্থায় তাহা স্বীকার করা যায় না। এবং মৃত্যুকালে যোগীর যে যোগ-প্রণিহিত-চিত্ত হইতেই হইবে, তাহারও কোন বিশেষ কারণ নাই। বরং সুস্থাবস্থায় যোগ চেষ্টা-সাধ্য; অহহু অবস্থায় ভোগচিন্তাই সহজ সাধ্য; আপনা হইতেই উপস্থিত হয়। অতএব কেবল যোগ

সুরাসুরেন্দ্রৈর্ভুজ-বীর্য্যবেপিতং পরিভ্রমন্তং গিরিমঙ্গ পৃষ্ঠতঃ।
বিভ্রত্তদাবর্ত্তনমাদিকচ্ছপো মেনেঽঙ্গ কণ্ডূয়নমপ্রমেয়ঃ॥ ৭॥
তথাঽসুরানাবিশদাসুরেণ রূপেণ তেষাং বলবীর্য্যমীরয়ন্।
উজ্জীপয়ন্ দেবগণাংশ্চ বিষ্ণু র্দৈবেন নাগেন্দ্রমবোধরূপঃ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! সুরাসুরেন্দ্রৈঃ দেবদানব-শ্রেষ্ঠৈঃ ভুজবীর্য্য-বেপিতং (ভুজানাং বীর্য্যেণ বলেন বেপিতং কম্পিতং পরিতঃ ভ্রমন্তং গিরিং পৃষ্ঠে বিভ্রৎ তস্য আবর্ত্তনং পরিভ্রমণং, অপ্রমেয়ঃ অপ্রমেয়-বলঃ শক্ত্যাদিযুক্তঃ, আদিকচ্ছপঃ অঙ্গ-কণ্ডূয়নং মেনে॥ ৭॥

বিষ্ণুঃ তেষাং অসুরাণাং বলং বীর্য্যং প্রভাবং চ ঈরয়ন্ প্রবর্ত্তয়ন্ আসুরেণ রাজসেন, রূপেণ অসুরান্ আবিশৎ তথা দেবানাং বলবীর্য্যং ঈরয়ন্ দৈবেন সাত্ত্বিকেন, রূপেণ দেবগণান্ আবিশৎ তথা অবোধরূপঃ নিদ্রারূপঃ সন্ নাগেন্দ্রং বাসুকিং প্রাবিশৎ॥

শ্রীধরস্বামী।

তস্য গিরেরাবর্ত্তনং ভ্রমণং অঙ্গকণ্ডূয়নং মেনে॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃষ্ঠোপরি গুরুতর-পর্ব্বত-পরিভ্রমণেন চ তস্য কষ্টং প্রত্যুত সুখমেবাভূদিত্যাহ সুরেতি॥৭॥
কতিপয়-ক্ষণানন্তরং তেষাং মন্থনে সামর্থ্যাভাবং বাসুকেশ্চ সংঘর্ষণপীড়য়া প্রাণত্যাগমিব

হে শোভন! মহাবল-পরাক্রান্ত দেবতা এবং দানবগণের মধ্যে প্রধান প্রধান ব্যক্তিগণ বিষম বল ও বীর্য্যের পরিচয়ে গিরিবর মন্দরাচলকে কম্পিত করত সমুদ্র মধ্যে যখন ভ্রমণ করাইতেছিলেন, তখন অপ্রমেয় বল-শক্ত্যাদি-সম্পন্ন আদিকচ্ছপ ভগবান্ বিষ্ণু স্বীয় পৃষ্ঠস্থ পর্ব্বতের ভীষণ ঘূর্ণনকে কেবল অঙ্গ-কণ্ডূতির সম্পাদন মাত্র জ্ঞান করিয়াছিলেন॥ ৭॥

এদিকে ভগবান্ বিষ্ণু অসুরগণের বল, বীর্য্য এবং প্রভাবের পূরণার্থ স্বয়ং রাজসিকরূপে অসুরগণের অন্তরে প্রবেশ করিলেন; এবং দেবতাগণের বল বীর্য্য-সাধনার্থ সাত্ত্বিক বেশে তাঁহাদের অন্তরে প্রবিষ্ট হইলেন। এবং বিষম আকর্ষণ এবং পর্ব্বত-সংঘর্ষণ নিবন্ধন ব্যাপারে পাছে বাসুকির বিশেষ ক্লেশ হয়, তজ্জন্য অবোধভাব নিদ্রারূপে তিনি বাসুকির অন্তরে প্রবিষ্ট হইয়া, তাদৃশ ক্লেশ সহ্য করিবার সামর্থ্য প্রদান করিলেন॥

আভাস।

কখন মুক্তির কারণ নহে; তাহার সহিত ভোগচিন্তা পরিত্যাগ করা, অর্থাৎ তাহা সমূলে বিনষ্ট করা, একান্ত প্রয়োজন। গীতাতে উক্ত আছে "বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ। রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে॥ যে ব্যক্তি অনিত্য ও অকিঞ্চিৎকর-জ্ঞানে বিষয়-সম্ভোগে বিরত হইয়াছে, তাহার নিকট হইতে বিষয় দূরে যায় বটে; অর্থাৎ ভোগ

উপর্য্যগেন্দ্রং গিরিরাড়িবান্য আক্রম্য হস্তেন সহস্রবাহুঃ।
তস্থৌ দিবি ব্রহ্মভবেন্দ্রমুখ্যৈরভিষ্টুবদ্ভিঃ সুমনোভিরৃষ্টঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

ততশ্চ সহস্রং বাহবঃ যস্য তথা অন্যঃ গিরিরাট্ ইব একেন হস্তেন অগেন্দ্রং পর্ব্বতরাজং মন্দরং, আক্রম্য ধৃত্বা, তস্য উপরি তস্থৌ। এতেন দিবি স্থিতৈঃ অভিষ্টুবদ্ভিঃ স্তুবদ্ভিঃ ব্রহ্ম-ভবেন্দ্র-মুখ্যৈঃ (ব্রহ্মাদয়ঃ মুখ্যাঃ যেষাং তৈঃ) ভগবান্ সুমনোভিঃ পুষ্পৈ অভিতঃ বৃষ্টঃ আবৃতঃ বভূব ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

আসুরেণ অসুরাকারেণ। দৈবেন দেবাকারেণ রূপেণ আবিশৎ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিলোক্য কৃপয়া প্রভুরেবং বিদধাবিত্যাহ তথেতি আসুরেণ রাজস্যা শক্ত্যেত্যর্থঃ। ঈরয়ন্ প্রবর্ত্তয়ন্। দৈবেন রূপেণ সাত্ত্বিক্যা শক্ত্যেত্যর্থঃ। অবোধরূপঃ তামসশক্তিময়ঃ সন্নিত্যর্থঃ অবোধ ইতি মোহেন তস্য পীড়াবোধো নাভূদিতি ভাবঃ ॥ ৮ ॥

বিষম আকর্ষণে পর্ব্বতের চূড়া একান্ত কম্পিত হইতেছে দেখিয়া, ভূতভাবন ভগবান্ দ্বিতীয় পর্ব্বতরাজের ন্যায়, এক হস্তে মন্দরাচলকে ধরিয়া তাহার উপরিভাগে অবস্থান করিলেন। ভগবানের তাদৃশ অনির্ব্বচনীয় লীলার প্রভাব দর্শনে স্বর্গস্থ ব্রহ্মা, রুদ্র এবং ইন্দ্রাদি দেববৃন্দ পুষ্প বর্ষণের দ্বারা ভগবানকে যেন আবৃত করিয়া ফেলিলেন ॥ ৮ ॥

আভাস।

আর কুহক প্রদর্শনে তাহাকে আকৃষ্ট করিতে পারে না বটে, কিন্তু পূর্ব্ব সম্ভোগের রস তাহার হৃদয় হইতে অন্তর্হিত হয় না। ভরণ-পোষণাদির ভয়-নিবন্ধন কামিনী ত্যাজ্য হইলেও, সংসর্গ-জনিত আনন্দ বা তৃপ্তির সংস্কার সহজে হৃদয় হইতে বিলীন হয় না। তাহাকে বিনষ্ট করিতে হইলে, ভগবৎপ্রেমানন্দের অস্তিত্ব অবশ্য স্বীকার্য্য; কিন্তু যোগেতর কালে অর্থাৎ ভোগ-দশায় চিত্ত-বশবর্ত্তিত্ব নিবন্ধন, উক্ত ভোগাদির সংস্কার সহকারী কারণ-লাভে উদ্রিক্ত হইবারই বিশেষ সম্ভাবনা। অতএব ভোগীর ন্যায় যোগীর পতনও অনিবার্য্য। সুতরাং কোন্ উপায়ে যোগাবস্থার ন্যায়, ভোগাবস্থাকে পরিণত করিতে পারা যায়; অর্থাৎ যোগে এবং ভোগে চিত্তের এক ভাব থাকে, তাহারই নির্ণয়ার্থ এই সপ্তম অধ্যায়ে ক্ষীরোদের মন্থন-বৃত্তান্ত বর্ণিত হইয়াছে ॥

দেবতা হইলেই হয় না, অন্তত সাত্ত্বিক অভিমানও তাহার সঙ্গে সঙ্গে আছে; সুতরাং পদে পদে পদস্খলন ঘটিয়া থাকে। শত রাজসূয় যজ্ঞের অনুষ্ঠানে অমরগণের অধীশ্বর শচীপতি ইন্দ্রও ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া, দুর্ব্বাসা-প্রদত্ত অম্লান-পঙ্কজের মালা উপেক্ষা করত বাহন ঐরাবতের কুম্ভদেশে প্রদান করেন। সেই অভিমানের ফলে অসুরকুল সমীপে দেবকুলের পরাজয় ঘটিল। ব্রহ্মা, রুদ্র অধিক কি স্বয়ং বিষ্ণুও সে পরাজয়ের গতি রোধ করিতে

উপর্য্যধশ্চাত্মনি গোত্রনেত্রয়োঃ পরেণ তে প্রাবিশতা সমেধিতাঃ।
মমন্থুরব্ধিং তরসা মদোৎকটা মহাদ্রিণা ক্ষোভিত-নক্রচক্রং ॥ ৯ ॥
অহীন্দ্র-সাহস্র-কঠোর-দৃঙ্মুখ-শ্বাসাগ্নি-ধূমাহতবর্চ্চসো২সুরাঃ।

অন্বয়ঃ।

তদেবং উপরি সহস্র-বাহুরূপেণ অধঃ চ কচ্ছপরূপেণ আত্মনি দৈত্য-দেব-শরীরে আসুর-দেবরূপেণ, নেত্রে সর্পে, অবোধরূপেণ, গোত্রে পর্ব্বতে, দার্ঢ্য রূপেণ, প্রাবিশতা পরেণ পরাত্মনা সমেধিতাঃ সমুপোদ্বলিতাঃ মদোৎকটাঃ দেবাসুরাঃ তরসা বলেন, মহাদ্রিণা মন্দরেণ ক্ষোভিতং নক্রাণাং চক্রং সমূহঃ যস্মিন্ তং অব্ধিং মমন্থুঃ ॥ ৯ ॥

দৃশঃ চ মুখানি চ শ্বাসাশ্চ ; অহীন্দ্রস্য বাসুকেঃ সাহস্রং অপরিমিতাঃ কঠোরাঃ দৃঙ্মুখশ্বাসাঃ

শ্রীধরস্বামী।

আত্মনি দেবদৈত্যমধ্যে। গোত্রে দার্ঢ্যরূপেণ। নেত্রে অবোধরূপেণ। পরেণ হরিণা। ক্ষোভিতং নক্রাণাং চক্রং সমূহো যস্মিন্ ॥ ৯ ॥

দৃশশ্চ মুখানিচ শ্বাসাশ্চ অহীন্দ্রস্য সাহস্রমপরিমিতাঃ কঠোরা যে দৃগাদয়ঃ তেভ্যো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ মন্দর-মূর্দ্ধ-মুচ্ছলন্তং বীক্ষ্য যং কৃতবাং স্তদাহ উপরীতি। ব্রহ্মাদি মুখ্যৈর্ব্বিষ্ণুপার্ষদৈ-রিত্যর্থঃ। যদ্বা ইন্দ্রাদীনাং ক্ষীরোদতীরে দিবিচ কায়ব্যূহো জ্ঞেয়ঃ ॥

তদেবং উপরি সহস্রবাহুরূপেণ আত্মনি দৈত্যদেবসমূহে আসুরদৈবরূপেণ গোত্রে

অহো! পর্ব্বতের উপরিভাগে সহস্রবাহু মূর্ত্তিতে এবং অধোদেশে কচ্ছপ-বিগ্রহে স্বয়ং অবস্থিত ভগবান্ দৈত্য-দেহে আসুরিক শক্তিতে, দেব-শরীরে সাত্ত্বিক শক্তিতে, নেত্র-স্থানীয় সর্পের অন্তরে অবোধরূপে এবং পর্ব্বতের অন্তরে দার্ঢ্য ভাবে স্বয়ং প্রবিষ্ট হইয়া, সকলকে সামর্থ্য প্রদান করায়, বলমত্ত দেবাসুরগণ প্রচণ্ড বলের পরিচয়ে পর্ব্বতরাজ মন্দরাচলের দ্বারা সমুদ্রকে মন্থন করায় বারিধিস্থ নক্রব্যূহ বিক্ষুব্ধ হইয়া উঠিল।। ৯ ॥

আকর্ষণের বেগে অহীন্দ্রের মুখ এবং লোচন হইতে ঘন ঘন নির্গত শ্বাস বায়ু হইতে এত প্রচুর পরিমাণে ধূম এবং অনল নির্গত হইতে লাগিল যে,

আভাস।

পারিলেন না। ক্ষীরোদশায়ী ভগবান্ বিষ্ণু তখন দেবগণে পরিবৃত সৃষ্টিকর্ত্তা ব্রহ্মাকে উপদেশ দিলেন যে, ক্ষীরোদ-সমুদ্র মন্থন করত দেবতাগণ যদি অমৃত সংগ্রহ করিয়া তাহা পান করিতে পারেন, তবেই এই পরাজয় হইতে নিষ্কৃতি লাভ হইবে। কিন্তু কেবল দেব-পক্ষের দ্বারা মন্থন-কার্য্য সমাধা হইবে না; বিপক্ষ অসুরকুলেরও প্রয়োজন। এই উভয় পক্ষ মিলিত হইয়া, যদি সমুদ্র-মন্থন করে, তবেই অমৃত উৎপন্ন হইবে; এবং সেই অমৃতের ফলে মৃত দেবতাও পুনর্জ্জীবিত হইবে। সাধকের হৃদয় সরোবরই এস্থলে উক্ত ক্ষীর-সমুদ্র।

পৌলোম-কালেয় বলীল্বলাদয়ো দাবাগ্নিদগ্ধাঃ শরলা ইবাভবন্ ॥ ১০ ॥
দেবাংশ্চ তচ্ছ্বাস-শিখাহত-প্রভান্ ধূম্রাম্বর-স্রগ্বর-কঞ্চুকাননান্।
সমভ্যবর্ষন্ ভগবদ্বশা ঘনা বভুঃ সমুদ্রোর্ম্যুপগূঢ়বায়বঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তেভ্যঃ নির্গতাভ্যাং অগ্নিধূমাভ্যাং আহতং বর্চ্চঃ যেষাং তে অসুরাঃ পৌলোম-কালেয়-বলীল্বলাদয়ঃ দাবাগ্নিনা দগ্ধাঃ শরলাঃ দ্রুমবিশেষাঃ ইব অভবন্ ॥ ১০ ॥

তস্য বাসুকেঃ যঃ শ্বাসঃ তস্য শিখয়া হতা প্রভা যেষাং তান্, ধূম্রাণি নিশ্বাসধূমাক্তানি অম্বরাণি বস্ত্রাণি স্রগ্বরাণি কঞ্চুকানি আননানি চ যেষাং তান্, দেবান্ ভগবদ্বশাঃ ঘনাঃ মেঘাঃ, সমভ্যবর্ষন্ তথা সমুদ্রস্য ঊর্মিভিঃ তরঙ্গৈঃ উপগূঢ়াঃ সংবৃত্তাঃ, বায়বঃ পবনাঃ, চ বভুঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নির্গতাভ্যামগ্নিধূমাভ্যামাহতং বর্চ্চো যেষাং তে শরলা দ্রুমবিশেষাঃ ॥ ১০ ॥

দেবাংস্তু ভগবদ্বশা ঘনাঃ সমভ্যবর্ষন্ সমুদ্রোর্ম্মিভি রূপগূঢ়া বায়বশ্চ শীতলা ববুঃ বাস্তিস্ম। কথংভূতান্ তস্য অহীন্দ্রস্য শ্বাসশিখাদিভির্হতা প্রভা যেষাং। ধূম্রাণ্যম্বরাদীনি যেষাং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দার্ঢ্যরূপেণ। নেত্রে অবোধরূপেণ প্রবিশতা পরেণ হরিণা ॥ ৯ ॥ ১০ ॥

আসম্যগেব হতবর্চ্চসঃ শরলা দ্রুমভেদাঃ ॥ ১১ ॥

তাহাতে অসুর-পক্ষীয় পৌলোম, কালেয়, বলী এবং ইল্বলাদি প্রবল-পরাক্রম অসুরগণ দাবাগ্নি-পরিদগ্ধ শরলা-বৃক্ষবৎ বিশীর্ণ হইয়া পড়িল ॥ ১০ ॥

বাসুকির শ্বাসোত্থিত অনল এবং ধূমের প্রভাবে দেবতাগণের বদন, বস্ত্র এবং কঞ্চুক সমূহ বিবর্ণ হইয়া গেল। কিন্তু ভগবানের ইচ্ছায় নভোমণ্ডলস্থ জলদরাশি দেববৃন্দের উপর প্রচুর বর্ষণ করিল এবং সমুদ্রের তরঙ্গ-সঙ্গত পবন প্রবাহিত হওয়ায়, দেবতাগণের গাত্রঘর্ম্ম বিদূরিত করিল ॥ ১১ ॥

আভাস।

ভগবান্ অচ্যুত অন্তর্যামিরূপে তথায় নিরন্তর বিদ্যমান আছেন, সত্য। কিন্তু সুস্পষ্ট প্রতীত হয়েন। এবং জীবকে মুক্তি প্রদানে ভবব্যাধি হইতে সহজে নির্ম্মুক্ত করিতেও পারেন না। অতএব ক্ষীরসমুদ্র মন্থনে লব্ধ অমৃতের আস্বাদনে দেববৃন্দ যেমন অমর হইয়াছিলেন, সেইরূপ আমাদের চিত্ত-সরোবরকে মন্থন করত কালকূট সদৃশ অভিমানকে পৃথক্ করত, ত্রিশূলধারী ত্রিলোচন মহাদেব সদৃশ সর্ব্বশ্রেষ্ঠ বৈরাগ্যের গ্রাসে নিক্ষেপ করিতে হইবে। যেমন ইচ্ছা এবং অনিচ্ছা এই দুইটী না থাকিলে, কোন কার্য্যেরই ভাল মন্দ বিচার হয় না; সেইরূপ ত্যাগ এবং গ্রহণ না থাকিলে, কোন বিষয়ের সম্ভোগ করাও ঘটে না। কেবল ত্যাগে ভোগ বিনিবৃত্ত হয় না; এবং কেবল ভোগেও ভোগের চরিতার্থতা সাধিত হয় না। আলোক তাদৃশ প্রিয় হইত না, যদি অন্ধকার না থাকিত। অতএব সাধু নিবৃত্তিমূলক বৃত্তিই প্রবৃত্তিমূলক অসাধু

মথ্যমানাত্তথা সিন্ধো র্দেবাসুরবরূথপৈঃ
যদা সুধা ন জায়েত নির্ম্মমন্থাজিতঃ স্বয়ং ॥ ক ॥
মেঘশ্যামঃ কনক-পরিধিঃ কর্ণ-বিদ্যোত-বিদ্যু-
ন্মূর্দ্ধি ভ্রাজদ্বিলুলিতকচঃ স্রগ্ধরো রক্তনেত্রঃ।
জৈত্রৈ র্দোর্ভি র্জগদভয়দৈ র্দন্দশূকং গৃহীত্বা
মথ্নন্ মথ্না প্রতিগিরিরিবাশোভতাধোক্ষজাদ্রিঃ ॥ খ ॥

অন্বয়ঃ।

যদা দেবাসুর-বরূথপৈঃ মথ্যমানাৎ অপি সিন্ধোঃ সকাশাৎ সুধা ন জায়েত তদা অজিতঃ ভগবান্ স্বয়ং এব নির্ম্মমন্থ ॥ ক ॥

তদা মেঘশ্যামঃ কনকবৎ স্বচ্ছঃ, পীতঃ চ পরিধিঃ পরিধানং বস্ত্রং যস্য সঃ কনকপরিধিঃ, কর্ণয়োঃ বিদ্যোতমানা বিদ্যুৎ বিদ্যুৎবৎ মকরাকারে কুণ্ডলে যস্য সঃ কর্ণবিদ্যোতবিদ্যুৎ, মূর্দ্ধি ভ্রাজন্তঃ বিলুলিতাঃ কচাঃ যস্য সঃ ভ্রাজদ্বিলুলিতকচঃ, স্রজং বনমালাং ধারয়তীতি স্রগ্ধরঃ, রক্তে নেত্রে যস্য সঃ, ধৃতঃ অদ্রিঃ যেন সঃ, ধৃতাদ্রিঃ, এবম্ভূতঃ ভগবান্ জৈত্রৈঃ সর্ব্বতো জয়াবহৈঃ, অতএব জগতাং শরণাগতপ্রাণিনাং অভয়দৈঃ দোর্ভিঃ ভুজৈঃ চতুর্ভিঃ দন্দশূকং সর্পং, গৃহীত্বা মথ্না মন্থনসাধনেন পর্ব্বতেন, সিন্ধুং মথ্নন্ প্রতিগিরিঃ ইব পর্ব্বতান্তরঃ, ইব অশোভত ॥ খ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবাংশ্চ দূরবর্ত্তিন স্তৎপুচ্ছধারিণোঽপি সুধা ন জায়েতেতি মন্থনাধিক্যাদসার-ভাগে নিঃসৃত এব সুধোদ্গমসম্ভবাদিতি ভাবঃ। কনকঃ পরিধিঃ কনকবর্ণং পরিধানং যস্য সঃ বিদ্যুন্মকরকুণ্ডলং। মথ্না মথন-সাধনেন মন্দরগিরিণা প্রতিগিরিঃ কনকগিরে স্তস্য প্রতিযোগীন্দ্রনীলগিরিরিত্যর্থঃ ॥

এই প্রকারে সেই দেবতা এবং অসুর-সম্প্রদায় বিলক্ষণ উৎসাহের সহিত নিরন্তর মন্থন করিলেও, সমুদ্র হইতে যখন সুধা উৎপন্ন হইল না, তখন অজিত ভগবান্ স্বয়ং সমুদ্র-মন্থন আরম্ভ করিলেন ॥ ক ॥

অহো! জলদের ন্যায় বর্ণবিশিষ্ট বনমালাধারী শ্যামসুন্দর ভগবান্ যখন ঈষৎ আরক্তিম লোচনপ্রান্তের বিকাশে এক হস্তে মন্দরাচল ধারণ পূর্ব্বক দ্বিতীয় গিরিবরের ন্যায় সর্ব্বত্র জয়প্রদ এবং সর্ব্বভূত-ভয়হারী হস্ত চতুষ্টয়ের দ্বারা মন্থন-রজ্জু সর্পকে ধারণ করত মন্থন-দণ্ড পর্ব্বতের ঘূর্ণনে জলধিকে মন্থন করিতেছিলেন, তখন কি অনুপম শোভাই তাঁহার বদন-কমলে পরিলক্ষিত হইতেছিল!

আভাস।

বৃত্তির পরিচয় দিয়া থাকে; এবং অসাধু বৃত্তিই আমাদিগকে সাধু বৃত্তির স্বরূপ নির্ব্বাচন করে। সুতরাং প্রবৃত্তিমূলক অসুর নামক অসাধু বৃত্তির সহিত নিবৃত্তিমূলক দেবতা-নামক সাধু

নির্ম্মথ্যমানাদুদধেরভূদ্বিষং মহোল্বণং হালাহলাহ্বমগ্রতঃ।
সংভ্রান্তমীনোন্মকরাহি-কচ্ছপাত্তিমিদ্বিপগ্রাহতিমিঙ্গিলাকুলাৎ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

এবং নির্ম্মথ্যমানাৎ অতএব সংভ্রান্তাঃ মীনাঃ, উদ্গতাঃ মকরাদয়ঃ চ যস্মিন্ তস্মাৎ তথা তিম্যাদয়ঃ মৎস্যবিশেষাঃ তৈঃ আকুলাৎ চ উদধেঃ সকাশাৎ অগ্রতঃ প্রথমতঃ হালাহলাহ্বং মহোল্বণং দুঃসহং, বিষং অভূৎ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

হালাহলমিত্যাহ্বা নাম যস্য। সংভ্রান্তা মীনা উদ্গতা মকরাদয়শ্চ যস্মিন্। তিম্যাদিভিরাকুলাচ্চ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষমভূদিতি বীরুধাদিষু বিষস্যামৃতস্যচ সত্ত্বাৎ মথনে সতি প্রথমং বিষভাগঃ পৃথক্কৃতয়া উত্থিত ইতি জ্ঞেয়ং। হালহলাহ্বমিতি হালাহলং হালহলং তথৈবচ হলাহলমিতি ত্রিরূপকোষঃ। সংভ্রান্তাঃ কেয়ং বিপত্তিরাগতেতি। আবিগ্না মীনাদয়ো যস্মিং স্তস্মাৎ উন্মকর উৎকৃষ্টো মকরঃ। তিমি-তিমিঙ্গিলৌ মৎস্যভেদৌ ॥ ১২ ॥

আকর্ষণ উপলক্ষে তদীয় শ্রবণ-যুগলে সংলগ্ন মকরাকার কুণ্ডলের মণি-জ্যোতিতে গণ্ডদেশে ক্ষণপ্রভার ক্ষণিক আভা যেন স্থিরভাব ধারণ করিয়াছিল। মস্তকের কেশজাল আলুলায়িত হইয়া, ইতস্ততঃ বিকীর্ণ হইতেছিল এবং পরিহিত কনকরঞ্জিত পীত বসন-যুগল যেন প্রতি আকর্ষণে স্খলিত হইতেছিল ॥ খ ॥

এই প্রকারে মন্থন করিতে আরম্ভ করিলে, মীন-সমূহ ভয়ে ইতস্ততঃ প্রধাবিত হইতে লাগিল; এবং উৎকৃষ্ট মকর, অহি এবং কচ্ছপকুল প্রাণভয়ে ব্যাকুল হইয়া, বিভ্রান্তের ন্যায় ইতস্ততঃ পর্য্যটন করিতে লাগিল; তিমি মৎস্য, জলহস্তী, নক্র এবং তিমিঙ্গিলাদি প্রকাণ্ড মৎস্যজাতিও জলচর জীবনিচয় একান্ত উদ্‌ভ্রান্ত হইলে, ক্ষীরোদধি হইতে প্রথমত অতীব তীব্র হলাহল বিষ উত্থিত হইল ॥১২॥

আভাস।

বৃত্তির সহিত পরস্পর সন্ধি স্থাপন পূর্ব্বক মনরূপ মন্দরাচলকে যদি আমরা হৃদয়-সরোবরে নামাইয়া, মুখ ও পুচ্ছ বিশিষ্ট বাসুকিনামক আসক্তি এবং ভক্তিভেদে আকাঙ্ক্ষা-রজ্জুর দ্বারা মন্থন করিতে পারি, তবেই তাহার অন্তর্লীন প্রচ্ছন্ন সংস্কারগুলিকে একে একে নিষ্কাশিত করত, মূল অমৃতস্বরূপ নিরভিমানকে সংগ্রহ করত, সংসারকারণ অজ্ঞানের হস্ত হইতে নিষ্কৃতি লাভে মোক্ষপদ প্রাপ্ত হইতে পারি। মন্থনের প্রারম্ভে কিন্তু ভক্তির প্রয়োজন; নতুবা কোন কার্য্যের সিদ্ধি হয় না। ভক্তির বলে ভগবান্ পরিতুষ্ট হইলে, মন্থন কার্য্যে আর কোন ব্যাঘাত ঘটে না। ভগবান্ কমললোচন যেমন সমুদ্র-মন্থনের সকল কার্য্যে নিজে থাকিয়া সকল উপকরণকে সমান ভাবে যথোচিত বল প্রদান করিয়াছিলেন, হৃদয়-মন্থনকালে তিনিই

তদুগ্রবেগং দিশি দিশ্যপর্য্যধো বিসর্পদুৎসর্পদসহ্যমপ্রতি।
ভীতাঃ প্রজা দুদ্রুবুরঙ্গ সেশ্বরা অরক্ষ্যমাণাঃ শরণং সদাশিবং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

তদা অপ্রতি অপ্রতিমং প্রতিক্রিয়াশূন্যং, উগ্রবেগং দিশি দিশি উপরি অধঃ চ বিসর্পৎ উদ্গচ্ছৎ, উৎসর্পৎ ঊর্দ্ধং গচ্ছৎ চ বিষং দৃষ্ট্বা, অঙ্গ হে রাজন্। ভীতাঃ সেশ্বরাঃ সপালাঃ, প্রজাঃ অরক্ষ্যমাণাঃ এব সদাশিবং শরণং দুদ্রুবুঃ জগ্মুঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তদ্বিষং অপ্রতি অপ্রতিমং প্রতিক্রিয়াশূন্যমিতি বা কুতঃ উগ্রো বেগো যস্য তদেবাহ দিশি দিশীতি। যদ্বা উগ্রা বেগা রোমাঞ্চস্বেদাদয়ো যস্মাৎ অতএবাসহ্যং বিলোক্য ভীতাঃ অন্যেন কেনাপ্যরক্ষ্যমাণাঃ সদাশিবং শরণং দুদ্রুবুঃ জগ্মুঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিচার করত পরিশেষে অপ্রাকৃত ধর্ম্ম জ্ঞান বৈরাগ্য এবং ঐশ্বর্য্যাদি নিত্য নিরতিশয় গুণগ্রামে পরিপূর্ণ, অধিক কি! অণিমাদি অষ্টৈশ্বর্য্যের সিদ্ধিদাতা এবং আপনার পরমানন্দের একমাত্র আশ্রয়-স্বরূপ মুক্তিদাতা ভগবান্ বিষ্ণুকেই পতিত্বে বরণ করিলেন ॥ ১৬ ॥

এবং মধুকর-নিনাদিত কমনীয় নবকঞ্জমালা হস্তে লইয়া, লজ্জাবনতমুখে এবং উৎফুল্ললোচনে দৃষ্টি করত ভগবানের গলদেশে তাহা প্রদান করিলেন এবং এই বক্ষস্থলই কোন্ উপায়ে আমার আশ্রয়স্থল হইবে! এই চিন্তায় তৎসমীপে প্রতীক্ষা করিতে লাগিলেন ॥ ১৭ ॥

অহো! ত্রিলোকের সৃষ্টিকর্ত্তা জনার্দ্দন বিষ্ণু জগজ্জননীর অভিপ্রায় মনে মনে অবধারণ করিলেন; সর্ব্ববিভূতি-স্বরূপার তাদৃশ সতৃষ্ণ নয়নের প্রতি

শ্রীঃ স্বাঃ প্রজাঃ সকরুণেন নিরীক্ষণেন যত্র স্থিতৈধয়ত সাধিপতিং ত্রিলোকান্ ॥

শঙ্খ-তূর্য্য-মৃদঙ্গানাং বাদিত্রাণাং পৃথক্ স্বনঃ।
দেবানুগানাং সস্ত্রীণাং নৃত্যতাং গায়তামভূৎ ॥ ১৮ ॥
ব্রহ্মরুদ্রাঙ্গিরোমুখ্যাঃ সর্ব্বে বিশ্বসৃজো বিভুং।
ঈড়িরেঽবিতথৈ র্মন্ত্রৈ স্তল্লিঙ্গৈঃ পুষ্পবর্ষিণঃ ॥
শ্রিয়াবলোকিতা দেবাঃ সপ্রজাপতয়ঃ প্রজাঃ।
শীলাদিগুণসম্পন্না লেভিরে নির্বৃতিং পরাং ॥

অন্বয়ঃ।

স্বকীয়াঃ সাধিপতীন্ ত্রিলোকান্ প্রজাঃ শ্রৈধয়ত সমবর্দ্ধয়ৎ ॥

সস্ত্রীণাং দেবানুগানাং গন্ধর্ব্বাদীনাং নৃত্যতাং গায়তাং চ সতাং বাদিত্রাণাং শঙ্খ-তূর্য্য-মৃদঙ্গানাং পৃথক্ পৃথক্ স্বনঃ শব্দঃ অভূৎ ॥ ১৮ ॥

পুষ্পবর্ষিণঃ ব্রহ্মরুদ্রাঙ্গিরোমুখ্যাঃ সর্ব্বে বিশ্বসৃজঃ প্রজাপতয়ঃ তল্লিঙ্গৈঃ বিষ্ণুপ্রতিপাদকৈঃ অবিতথৈঃ যথার্থ-মন্ত্রৈঃ বিভুং ভগবন্তং ঈড়িরে তুষ্টুবুঃ ॥

শ্রিয়াবলোকিতাঃ দেবাঃ সপ্রজাপতয়ঃ প্রজাঃ চ শীলাদিগুণসম্পন্নাঃ সন্তঃ পরাং নির্বৃতিং পরমানন্দং লেভিরে ॥

শ্রীপরস্বামী।

ভূতয়ো বিভবা যস্যাস্তস্যা স্ত্রিজগতো জনন্যা শ্রিয়ঃ পরমং সুস্থিরং শ্রৈধয়ৎ অবর্দ্ধয়ৎ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রেষ্ঠং সার্ব্বকালিকঞ্চ নিবাসং অকরোৎ তেন ব্রহ্মেন্দ্রাদ্যাঃ খলু বিভূতিরূপা যা অসার্ব্বদিকাঃ গৌণাশ্চ নিবাসাঃ স্যুরিতি ধ্বনিতং। এতদেব স্পষ্টয়তি শ্রীঃ সম্পদ্রূপা যত্র বক্ষসি স্থিতাএব

নিরীক্ষণ করিয়া, স্বীয় বক্ষস্থলই তাঁহার চির বাসভূমি বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন। রমাদেবীও ভগবদ্বক্ষস্থলে আশ্রয় করত, সকরুণ দৃষ্টি নিক্ষেপে লোকপাল সহ ত্রিলোকবাসী স্বকীয় প্রজাবর্গের শ্রীবৃদ্ধি করিলেন ॥

এই অদ্ভুত ব্যাপার দর্শনে গন্ধর্ব্বাদি দেবানুচরগণ স্ব স্ব বনিতাগণ সহ নৃত্য এবং গীতাদি করিতে লাগিলেন। তথায় শঙ্খ, তূর্য্য এবং মৃদঙ্গাদি বাদ্য-যন্ত্রের পৃথক্ পৃথক্ ধ্বনি সুস্পষ্ট শ্রুত হইতে লাগিল ॥ ১৮ ॥

ব্রহ্ম রুদ্রাদি দেবতাগণ এবং অঙ্গিরা প্রভৃতি বিশ্বস্রষ্টৃ প্রজাপতিগণ পুষ্পবর্ষণ পূর্ব্বক বিষ্ণুপ্রতিপাদক যথাযথ মন্ত্রের উচ্চারণে ভূতভাবন ভগবানের স্তব আরম্ভ করিলেন ॥

বিভবস্বরূপা কমলার কৃপা-দৃষ্টিতে দেববৃন্দ এবং লোকপাল প্রজাপতিগণ সহ প্রজাবর্গ শীলাদিগুণ-সম্পন্ন হইয়া, পরম নির্বৃতি-স্বরূপ আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥

নিঃসত্ত্বা লোলুপা রাজন্ নিরুদ্যোগা গতত্রপাঃ।
যদা চোপেক্ষিতা লক্ষ্ম্যা বভূবু র্দৈত্যদানবাঃ ॥ ১৯ ॥
অথাসীদ্বারুণী দেবী কন্যা কমললোচনা।
অসুরা জগৃহু স্তাং বৈ হরেরনুমতেন তে ॥
অথোদধে র্মথ্যমানাৎ কাশ্যপৈ রমৃতার্থিভিঃ।
উদতিষ্ঠন্ মহারাজ পুরুষঃ পরমাদ্ভুতঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যদা চ লক্ষ্ম্যা উপেক্ষিতাঃ নাবলোকিতাঃ, তদা দৈত্যদানবাঃ নিঃসত্ত্বাঃ ধৈর্য্যরহিতাঃ, লোলুপাঃ বিষয়াসক্তাঃ, নিরুদ্যোগাঃ ব্যাপার-সামর্থ্যরহিতাঃ, গতত্রপাঃ লজ্জারহিতাঃ, বভূবুঃ ॥ ১৯ ॥

অথ অনন্তরং বারুণী (বরুণদৈবত্যং যদন্নং তন্ময়ী যা সুরা তদভিমানিনী দেবতা) কমললোচনা দেবী কন্যা কন্যাবস্থাপন্না, আসীৎ ; হরেঃ অনুমতেন তে পূর্ব্বোক্তাঃ অসুরাঃ তাং জগৃহুঃ ॥

অথ অনন্তরং অমৃতার্থিভিঃ কাশ্যপৈঃ দেবাসুরৈঃ, মথ্যমানাৎ উদধেঃ সকাশাৎ পরমাদ্ভুতঃ অত্যলৌকিকস্বরূপঃ পুরুষঃ উদতিষ্ঠৎ বিনির্গতঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

তল্লিঙ্গৈঃ বিষ্ণুপ্রতিপাদকৈঃ। অবিতথৈ র্যথার্থৈঃ ॥ ১৯ ॥
বারুণী বরুণদৈবত্যং যদন্নং তন্ময়ী সুরা ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাঃ প্রজা ব্রহ্মেন্দ্রাদ্যা ঐশ্বর্য্যত অবর্দ্ধয়তেতি। ব্রহ্মেন্দ্রাদিষু সম্পদ্রূপা যা বিভূতয়ঃ স্থিতা ইতি ব্যঞ্জিতং। প্রজা এবাহ সাধিপতীনিতি ॥ ১৮ ॥ ১৯ ॥

যাহাদিগের উপর লক্ষ্মীর কৃপাদৃষ্টি পতিত হয় নাই, তাদৃশ উপেক্ষিত দৈত্য-দানবকুল শ্রীভ্রষ্ট ধৈর্য্যশূন্য ইন্দ্রিয়-পরতন্ত্র উদ্যমহীন এবং অতীব নির্লজ্জ বিষয়লম্পট হইয়া পড়িল ॥ ১৯ ॥

অনন্তর সমুদ্র-মন্থন হইতে বারুণী দেবীর উৎপত্তি হইল। ইনি বরুণ-সম্বন্ধীয় অন্ন হইতে সমুৎপন্না সুরার অধিষ্ঠাত্রী কন্যাবস্থা-সম্পন্না কমললোচনা কামিনী; তাঁহাকে অবলোকন করিবা মাত্র, অসুরগণ তৎপ্রতি অভিলাষী হইল ; এবং ভগবান্ বিষ্ণুও তাঁহাতে অনুমোদন করিলেন ॥

তদনন্তর অমৃতার্থী কশ্যপ নন্দন দেবাসুরগণ সমুদ্রকে মন্থন করিতে পুনরায় আরম্ভ করিলে, তথা হইতে অদ্ভুত-রূপসম্পন্ন একজন অলৌকিক পুরুষ নির্গত হইলেন ॥ ২০ ॥

তাঁহার সুদীর্ঘ আজানুলম্বিত ভুজদ্বয়, শঙ্খের নাভিদেশ সদৃশ ত্রিবলি-

দীর্ঘ-পীবর-দোর্দণ্ডঃ কম্বুগ্রীবোঽরুণেক্ষণঃ।
শ্যামল স্তরুণঃ স্রগ্বী সর্ব্বাভরণভূষিতঃ॥
পীতবাসা মহোরস্কঃ সুমৃষ্টমণিকুণ্ডলঃ॥ ২১॥
সিগ্ধ-কুঞ্চিতকেশান্তঃ সুভগঃ সিংহবিক্রমঃ।
অমৃতাপূর্ণকলসং বিভ্রদ্বলয়ভূষিতঃ॥
স বৈ ভগবতঃ সাক্ষাদ্বিষ্ণোরংশাংশসম্ভবঃ॥ ২২॥
ধন্বন্তরিরিতি খ্যাত আয়ুর্ব্বেদদৃগিজ্যভাক্॥ ২৩॥

অন্বয়ঃ।

দীর্ঘৌ পীবরৌ দোর্দণ্ডৌ ভুজৌ যস্য সঃ, কম্বুঃ শঙ্খঃ তন্নাভিবৎ ত্রিরেখাপন্না গ্রীবা যস্য সঃ, অরুণে ঈক্ষণে যস্য সঃ, শ্যামলঃ মেঘবর্ণঃ, তরুণঃ যুবা, স্রগ্বী পুষ্পমালাধরঃ, সর্ব্বৈঃ আভরণৈঃ ভূষিতঃ, পীতং বাসঃ বস্ত্রং যস্য সঃ, মহোরস্কঃ দীর্ঘবক্ষঃ, সুমৃষ্টে মণিময়ে কুণ্ডলে যস্য সঃ॥ ২১॥

স্নিগ্ধঃ কুঞ্চিতঃ চ কেশানাং অন্তঃ যস্য সঃ, সুভগঃ সুন্দরঃ, সিংহবিক্রমঃ। অমৃতেন আপূর্ণং কলসং বিভ্রৎ বলয়াভ্যাং ভূষিতঃ সঃ বৈ সাক্ষাৎ ভগবতঃ বিষ্ণোঃ অংশাংশেন সম্ভবঃ প্রাদুর্ভাবঃ যস্য সঃ ধন্বন্তরি ইতি খ্যাতঃ প্রসিদ্ধঃ, আয়ুর্ব্বেদদৃক্ বৈদ্যশাস্ত্র-প্রবর্ত্তকঃ, ইজ্যভাক্ যজ্ঞভাগ্ ভোক্তা॥ ২২॥ ২৩॥

শ্রীধরস্বামী।

দীর্ঘৌ পীবরৌ দোর্দণ্ডৌ যস্য। কম্বুগ্রীবঃ শঙ্খনাভিরিব ত্রিরেখা সুবৃত্তা গ্রীবা যস্য॥ ২১॥
সিগ্ধঃ কুঞ্চিতঃ কেশানামন্তোঽপি যস্য॥ ২২॥
ইজ্যভাক্ যজ্ঞভোক্তা॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বারুণী বরুণদৈবত্যং যদন্নং তন্ময়ী সুরা॥ ২০—২২॥
ইজ্যভাক্ যজ্ঞভাগ্ভোক্তা॥ ২৩॥

বিশিষ্ট গ্রীবাদেশ, অরুণবর্ণ লোচনদ্বয়, জলদের ন্যায় শ্যামল অঙ্গবর্ণ, সর্ব্বাভরণে উত্তমরূপ বিভূষিত, পীতাম্বর পরিহিত, বিশাল বক্ষস্থল-বিশিষ্ট, শ্রবণযুগলে উজ্জ্বল মণিময় কুন্তলদ্বয়, নবীন বয়স্ক একজন যুবা পুরুষ। ২১॥

কুঞ্চিত কোমল কেশজালে সুশোভিত, সিংহের ন্যায় বিক্রমশালী, সেই যুবা পুরুষ মণিময় বলয়-শোভিত বাহুদণ্ডে অমৃতপূর্ণ কলসি ধারণ করিয়া, অকস্মাৎ সমুদ্রগর্ভ হইতে সমুৎপন্ন হইলেন। ইনি একজন সমান্য ব্যক্তি নহেন; ভগবান্ বিষ্ণুর অংশে সমুৎপন্ন বৈদ্যক শাস্ত্রের প্রবর্ত্তক প্রসিদ্ধ ধন্বন্তরি। ইনিও যজ্ঞের ভাগ হবিঃ প্রাপ্ত হইয়া থাকেন। ২২। ২৩॥

তমালোক্যাসুরাঃ সর্ব্বে কলসং চামৃতাভৃতং।
লিপ্সন্তঃ সর্ব্ববস্তূনি কলসং তরসা হরন্॥
নীয়মানে সুরৈস্তস্মিন্ কলসে হ্যমৃতভাজনে।
বিষণ্ণমানসা দেবা হরিং শরণমাযযুঃ॥ ২৪॥
ইতি তদ্দৈন্যমালোক্য ভগবান্ ভৃত্যকামকৃৎ।
মাখিদ্যত মিথোঽর্থং বঃ সাধয়িষ্যে স্বমায়য়া॥ ২৫॥

অন্বয়ঃ।

তং পুরুষং তথা অমৃতেন আভৃতং পরিপূর্ণং, কলসং আলোক্য সর্ব্বে অসুরাঃ সর্ব্বাণি বস্তূনি ধেন্বাদীনি লিপ্সন্তঃ এব তরসা বেগেন, কলসং অহরন্॥

তস্মিন্ অমৃতভাজনে কলসে অসুরৈঃ নীয়মানে সতি, বিষণ্ণং মনো যেষাং তে দেবাঃ হরিং ভগবন্তং শরণং আযযুঃ॥ ২৪॥

ইতি এবং তেষাং দেবানাং দৈন্যং আলোক্য ভৃত্যকামকৃৎ ভগবান্ "মা খিদ্যত খেদং মা কুরুত! স্বমায়য়া মোহিনীরূপ-ধারণেন মিথঃ পরস্পরং, কলহোৎপাদনেন বঃ যুষ্মাকং, অর্থং কার্য্যং অহং সাধয়িষ্যে সাধয়িষ্যামি" ইতি উবাচ॥ ২৫॥

শ্রীধরস্বামী।

অমৃতেনাভৃতং পরিপূর্ণং॥ ২৪॥

মিথো দৈত্যানাং পরস্পরং কলহোৎপাদনেন যোগমায়য়াচ মোহিন্যা বোঽর্থং সাধয়িষ্যামি অতো মাখিদ্যতেতি আহেতি শেষঃ॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমৃতেনাভৃতং পূর্ণং॥ ২৪॥ ২৫॥

তাদৃশ অলৌকিক পুরুষ এবং তদীয় হস্তে দুর্ল্লভ অমৃত-পূর্ণ কলসি অবলোকন করিয়া, অর্থলোলুপ অসুরগণ সকলে উন্মত্তপ্রায় হইল এবং বলপূর্ব্বক সেই কলসি হরণ করিল॥

দৈত্যদানবগণ কর্ত্তৃক অমৃতভাণ্ড অপহৃত হইলে, দেবতাগণের আর দুঃখের সীমা রহিল না; তাঁহারা কাতর হইয়া, ভগবান্ বিষ্ণুর শরণাগত হইলেন॥ ২৪॥

শরণাগত-জন-পালক ভগবান্ বিষ্ণু স্বীয় ভক্ত দেববৃন্দের তাদৃশ অবসন্ন ভাব অবলোকন করিয়া, তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে দেবগণ! তোমরা আর খেদ করিও না! আমি মোহিনী মূর্ত্তি ধারণে যোগমায়ার বলে উক্ত অসুরকুলের মধ্যে পরস্পরের সহিত কলহের উৎপাদনে তোমাদের অভীষ্ট সাধন করিয়া দিব!॥ ২৫॥

মিথঃ কলিরভূত্তেষাং তদর্থে তর্ষচেতসাং।
অহং পূর্ব্বমহং পূর্ব্বং ন ত্বং ন ত্বমিতি প্রভো॥ ২৬॥
দেবাঃ স্বভাগমর্হন্তি যে তুল্যায়াসহেতবঃ।
সত্রযাগ ইবৈতস্মিন্নেষ ধর্ম্মঃ সনাতনঃ॥
ইতি স্বান্ প্রত্যষেধন্ বৈ দৈতেয়া জাতমৎসরাঃ।
দুর্ব্বলাঃ প্রবলান্ রাজন্ গৃহীতকলসান্মুহুঃ॥

অন্বয়ঃ।

তদর্থে অমৃতার্থে তর্ষচেতসাং তৃষ্ণাব্যাকুল-চিত্তানাং তেষাং দৈত্যানাং মিথঃ পরস্পরং, হে প্রভো! অহং পূর্ব্বং অহং পূর্ব্বং পাস্যামি, ন ত্বং ইতি বদতাং কলিঃ কলহঃ, অভূৎ॥ ২৬॥

অহো! সত্রযাগে যথা সর্ব্বেষাং সমফলং ভবতি তথা এতস্মিন্ অমৃতে তুল্যায়াসহেতবঃ (তুল্যেন আয়াসেন হেতবঃ অমৃতসাধকাঃ) যে দেবাঃ তে অপি স্বভাগং অর্হন্তি। এষঃ ভাগদান-লক্ষণঃ ধর্ম্মঃ সনাতনঃ চিরন্তনঃ এব॥

হে রাজন্! এবং জাতঃ মৎসরঃ উৎকর্ষাসহনস্বরূপঃ যেষাং তে দুর্ব্বলাঃ দৈতেয়াঃ গৃহীত-কলসান্ প্রবলান্ স্বান্ দৈত্যান্ বৈ নিশ্চয়েন এবং মুহুঃ প্রত্যষেধন্॥

শ্রীধরস্বামী।

তদেবাহ মিথ ইতি। তর্ষঃ কামঃ তদ্যুক্তানি চেতাংসি যেষাং ইত্যেবং সর্ব্বেষাং কলিরভূৎ॥ ২৬॥

দুর্ব্বলানাং ত্বাক্রোশ-প্রকারমাহ দেবা ইতি দ্বাভ্যাং। যে দেবা স্তুল্যেনায়াসেন হেতবঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিথো রহঃ অন্যালক্ষিতং যথাস্যাত্তথা মিথোঽন্যোন্যং রহস্যাপীত্যমরঃ। তর্ষচেতসাং মনোরথ-যুক্ত-মনসাং তত্র সমবলাঃ পরস্পরমাহুঃ। অহং পূর্ব্বং গ্রহীষ্যামি কুলীনত্বাৎ। ন ত্বং রে প্রাপ্তুমর্হসি দুষ্কুল ইতি বীপ্সয়া॥ ২৬॥

দুর্ব্বলানাস্ত্বাক্রোশ-প্রকারমাহ দ্বাভ্যাং। যে দেবা তুল্যেনায়াসেন মন্থনশ্রমেণ হেতবঃ।

এদিকে অমৃত কলসি সংগ্রহ করিয়াও, অসুরকুলের মধ্যে শান্তি নাই! প্রথম কে অমৃত পান করিবে বলিয়া, বিষম গোলযোগ উপস্থিত হইল। সকলেই আমি অগ্রে, আমি অগ্রে পান করিব! তুমি পাইবে না, বলিয়া কলহের উপস্থিতি করিল॥ ২৬॥

অসুরগণের মধ্যে যাহারা ন্যূনবল তাহারা বলবানদিগকে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিল যে, এই অমৃতে অসুরগণেরই যে কেবল অধিকার, তাহা নহে। দেবতাগণ এই অমৃত সংগ্রহার্থ আমাদের সহিত তুল্য পরিশ্রম করিয়াছেন; অতএব সত্রযাগে যেমন ব্রতী সকলেরই সমান ফল নির্ণীত হয়, সেইরূপ এই অমৃত সম্ভোগে আমাদের সহিত দেবতাগণেরও তুল্য ভাগ

এতস্মিন্নন্তরে বিষ্ণুঃ সর্ব্বোপায়বিদীশ্বরঃ।
যোষিদ্রূপমনির্দ্দেশ্যং দধার পরমাদ্ভুতং ॥ ২৭ ॥
প্রেক্ষণীয়োৎপলশ্যামং সর্ব্বাবয়ব-সুন্দরং।
সমান-কর্ণাভরণং সুকপোলোন্নসাননং ॥

অন্বয়ঃ।

এতস্মিন্ অন্তরে সর্ব্বোপায়বিদ্ ঈশ্বরঃ বিষ্ণুঃ অনির্দ্দেশ্যং বর্ণয়িতুং অশক্যং, পরমাদ্ভুতং যোষিদ্রূপং পরমসুন্দর-কামিনীবিগ্রহং দধার ॥ ২৭ ॥

তৎ চ রূপং প্রেক্ষণীয়ং উৎপলমিব শ্যামং সর্ব্বেষু অবয়বেষু সুন্দরং সমানয়োঃ কর্ণয়োঃ আভরণে যস্মিন্ তৎ, সুকপোলং চ উৎকৃষ্টং নাসিকং আননং চ যস্মিন্ তৎ ॥

শ্রীধরস্বামী।

সাধকাঃ তুল্য আয়াসো হেতুশ্চ ধনাদির্যেষাং ইতি বা। সত্রযাগে যথা সর্ব্বেষাং সমং ফলং তদ্বৎ তথাপি শ্রুতিঃ ঋদ্ধিকামাঃ সত্রমাসীরন্নিতি যে যজমানা স্তে ঋত্বিজ ইতি চ ॥ ২৭ ॥

তদ্রূপং বর্ণয়তি পঞ্চভিঃ। প্রেক্ষণীয়মুৎপলমিব শ্যামং সর্ব্বাবয়বেষু সুন্দরং সমানয়োঃ কর্ণয়োরাভরণে যস্মিন্ সুকপোলঞ্চ তৎ উৎকৃষ্টং নাসিকঞ্চাননং যস্মিন্ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমৃতসাধকাঃ সত্রযাগে যথা সর্ব্বেষাং সমং ফলং তদ্বৎ তথাচ শ্রুতিঃ। ঋদ্ধিকামাঃ সত্র-মাসীরন্নিতি যে যজমানাস্তে ঋত্বিজ ইতিচ অনির্দ্দেশ্যং নির্দ্দেষ্টুং বর্ণয়িতুমশক্যং ॥ ২৭ ॥

নবযৌবনেন হেতুনা নিঃশেষেণ বৃত্তৌ বর্ত্তুলৌ যৌ স্তনৌ তয়ো র্ভারেণৈব কৃশমুদরং যস্য তৎ ॥ ২৮ ॥

অবশ্য স্বীকার করিতে হইবে। এরূপ স্থলে সত্রযাগের ন্যায়, তুল্য বিভাগ করাই সনাতন ধর্ম্ম ॥

হে রাজন্! অমৃত-কলসাপহারী বলবান্ অসুরগণের উপর মাৎসর্য্যভাব-সম্পন্ন দুর্ব্বল দৈত্যগণ এইরূপ বলিয়া, প্রবল দৈত্যগণকে বারংবার অমৃত-পানে নিষেধ করিতে লাগিল ॥

অসুরগণ অমৃত লইয়া পরস্পরের মধ্যে যখন এইরূপ কলহ করিতেছিল, ইতিমধ্যে সর্ব্বজ্ঞ ভগবান্ বিষ্ণু একটী অনির্ব্বচনীয় সুমনোহর পরম অদ্ভুত রমণীর বেশ ধারণ পূর্ব্বক, তাহাদের সমক্ষে উপনীত হইলেন ॥ ২৭ ॥

মনোহর উৎপলের ন্যায় তাঁহার শ্যামবর্ণ সুন্দর অঙ্গাবয়ব বিশিষ্ট দেহ; কর্ণদ্বয় মনোহর আভরণে ভূষিত, সুন্দর কপোলদ্বয়, নাসিকা এবং শোভন বদন-মণ্ডল ॥

নবীন যৌবন পদবীর পরিচায়ক বর্ত্তুলাকার কুচদ্বয় পীন এবং উন্নতভাব

নবযৌবন-নির্বৃত্ত-স্তনভার-কৃশোদরং।
মুখামোদানুরক্তালি-ঝঙ্কারোদ্বিগ্নলোচনং ॥ ২৮ ॥
বিভ্রৎস্বকেশভারেণ মালামুৎফুল্লমল্লিকাং।
সুগ্রীবকণ্ঠাভরণং সুভুজাঙ্গদভূষিতং ॥ ২৯।
বিরজাম্বর-সংবীত-নিতম্ব-দ্বীপশোভয়া।
কাঞ্চ্যা-প্রবিলসদ্বল্গু-চলচ্চরণনূপুরং ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

নবযৌবনেন হেতুনা নিঃশেষেণ বৃত্তৌ বর্ত্তুলৌ যৌ স্তনৌ তয়োঃ ভারেণ কৃশং উদরং যস্মিন্ তৎ, মুখস্য আমোদে সুগন্ধে অনুরক্তাঃ যে অলয়ঃ ভ্রমরাঃ তেষাং ঝঙ্কারশব্দেন উদ্বিগ্নে ভীতে লোচনে যস্য তৎ ॥ ২৮ ॥

উৎফুল্লাঃ মল্লিকাঃ যস্যাং তাং মালাং স্বকেশভারেণ বিভ্রৎ, শোভনা গ্রীবা যেন তৎ কণ্ঠাভরণং যস্মিন্ তৎ, সুভুজয়োঃ অঙ্গদাভ্যাং ভূষিতং ॥ ২৯ ॥

বিরজাম্বরেণ সংবীতঃ নিতম্বঃ এব দ্বীপঃ তত্র শোভা যস্যাঃ তয়া কাঞ্চ্যা প্রকর্ষেণ বিলসৎ বল্গু যথা ভবতি এবং চলতোঃ চরণয়োঃ নূপুরে যস্মিন্ তৎ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

সুষ্ঠু গ্রীবা যস্মিন্। কণ্ঠে আভরণং যস্মিন্ তচ্চ তচ্চ। শোভনা গ্রীবা যেন তৎ কণ্ঠাভরণং যস্মিন্নিতি বা। সুভুজয়ো রঙ্গদাভ্যাং ভূষিতং ॥ ২৯ ॥

বিরজাম্বরেণ সংবীতো নিতম্ব এব দ্বীপঃ বিশালত্বাৎ তত্র শোভা যস্যাঃ তয়া কাঞ্চ্যা প্রকর্ষেণ বিলসদ্বল্গু যথা ভবত্যেবং চলতোশ্চরণয়ো র্নূপুরে যস্মিন্ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বকেশভারেণ সহ ॥ ২৯ ॥

বিরজাম্বরসংবীতে নিতম্বরূপে দ্বীপে শোভা যত স্তয়া কাঞ্চ্যা। প্রবিলসৎ বল্গু চলতো-শ্চরণয়ো র্নূপুরে যত্র তৎ ॥ ৩০ ॥

ধারণ করায় তাঁহার কটিদেশ এবং উদর ভাগ একান্ত কৃশ বলিয়াই অনুভূত হইতেছিল। সেই পদ্মগন্ধার মুখপদ্ম বিনিঃসৃত মধুর গন্ধে উন্মত্ত অলিকুল ঝঙ্কার করত ইতস্ততঃ উড্ডীন হইলে, সেই কামিনী যেন মধুকরের সংস্পর্শে উদ্বিগ্ন হইয়াই ইতস্ততঃ সচকিত দৃষ্টি নিক্ষেপ করিতেছিলেন ॥ ২৮ ॥

তদীয় কুঞ্চিত কেশ-কলাপে উৎফুল্ল মল্লিকার মালা শোভা পাইতেছিল; মনোহর গ্রীবা এবং কণ্ঠদেশে মণিময় হার ও কণ্ঠাভরণ এবং বাহুযুগলে মোহন বলয়াদি আভরণ শোভা পাইতেছিল ॥ ২৯ ॥

দ্বীপ সদৃশ বিশাল নিতম্বদেশ অতি পবিত্র বস্ত্রে সমাচ্ছাদিত এবং তদুপরি

সব্রীড়স্মিত-বিক্ষিপ্ত-ভ্রূবিলাসাবলোকনৈঃ।
দৈত্যযূথপচেতঃসু কামমুদ্দীপয়ন্মুহুঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অষ্টমস্কন্ধে অমৃতমথনে ভগবন্মায়োপলম্ভনোঽষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তেঽন্যোঽন্যতোঽসুরাঃ পাত্রং হরন্ত স্ত্যক্তসৌহৃদাঃ।

অন্বয়ঃ।

সব্রীড়েন স্মিতেন সহ বিক্ষিপ্তা কম্পিতা ভ্রূঃ তস্য বিলাসেন সহ যানি অবলোকনানি তৈঃ দৈত্যযূথপানাং চেতঃসু মুহুঃ কামং উদ্দীপয়ৎ ॥ ৩১ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। ততঃ চ তে অসুরাঃ অমৃতার্থং ত্যক্তসৌহৃদাঃ ত্যক্তস্নেহাঃ অতএব

শ্রীধরস্বামী।

স ব্রীড়েন স্মিতেন সহ বিক্ষিপ্তা কম্পিতা যা ভ্রূ স্তস্যা বিলাসেন সহ যান্যবলোকনানি তৈর্দৈত্যযূথপানাং মুহুর্মুহুশ্চেতঃসু কামমুদ্দীপয়ৎ ॥ ৩১ ॥

॥ * ॥ ইত্যষ্টমেঽষ্টমঃ ॥ * ॥

[illegible] মোহিতৈর্দৈত্যৈরপি তেঽমৃতভাজনে। তদ্বঞ্চনেন দেবেভ্যোঽমৃতং দত্তং তয়ের্য্যতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সব্রীড়েন স্মিতেন সহ বিশেষতঃ ক্ষিপ্তা চালিতা যা ভ্রূ স্তস্যা বিলাসেন সহ যান্যবলোকনানি তৈঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অষ্টমস্যাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

কাঞ্চিশ্রেণীর কি অপূর্ব্ব শোভারই পরিচয় হইয়াছিল! তাঁহার প্রতি পদ-বিক্ষেপে চরণ-নূপুরের ধ্বনি শ্রুত হইতেছিল ॥ ৩০ ॥

হে রাজন্! সেই কামিনী সলজ্জ হাস্য সহ অসুরবৃন্দের প্রতি ভ্রূভঙ্গি এবং বিলাসপূর্ণ অপাঙ্গ-দৃষ্টি করায়, দৈত্যযূথপতিগণের চিত্ত কামোন্মথিত হইয়াছিল ॥ ৩১ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! দৈত্যগণ পরস্পরে সৌহার্দ্দশূন্য হইয়া,

আভাস।

নবমাধ্যায়ে মোহিত দানবগণ কর্ত্তৃক মোহিনীর হস্তে অমৃত-পাত্রার্পণ এবং দানবদিগকে বঞ্চনা করিয়া মোহিনী কর্ত্তৃক দেবতাদিগকে অমৃত-দান বর্ণিত হইয়াছে ॥

ক্ষিপন্তো দস্যুধর্ম্মাণ আয়ান্তীং দদৃশুঃ স্ত্রিয়ং ॥ ১ ॥
অহো রূপমহো ধাম অহো অস্যা নবং বয়ঃ।
ইতি তে তামভিদ্রুত্য প্রপচ্ছু র্জাত-হৃচ্ছয়াঃ ॥ ২ ॥
কা ত্বং কঞ্জপলাশাক্ষি কুতো বা কিং চিকীর্ষসি।

অন্বয়ঃ।

অন্যোহন্যতঃ ক্ষিপন্তঃ দুর্বচনৈঃ তিরস্কুর্বন্তঃ, দস্যুধর্ম্মাণঃ অতঃ অন্যোহন্যতঃ সুধাপাত্রং হরন্তঃ সন্তঃ স্ত্রিয়ং মোহিনীরূপং ভগবন্তং দদৃশুঃ ॥ ১ ॥

(তদ্দর্শনাৎ) জাতঃ হৃচ্ছয়ঃ কামঃ যেষাং তে অসুরাঃ অহো অস্যাঃ রূপং সৌন্দর্য্যং অহো অস্যাঃ ধাম দ্যুতিঃ, অহো অস্যাঃ নবং বয়ঃ ইতি বদন্তঃ তাং অভিদ্রুত্য প্রাপ্য, পপ্রচ্ছুঃ ॥ ২ ॥

কঞ্জপলাশবৎ কমল-পত্রবৎ অক্ষিণী যস্যাঃ তৎসম্বোধনে হে কঞ্জপলাশাক্ষি! ত্বং কা!

শ্রীধরস্বামী।

অহো রূপং সৌন্দর্য্যং ধাম দ্যুতিরিতি বদন্তঃ কা ত্বমিত্যাদি পপ্রচ্ছুঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোহিতা বঞ্চিতা দৈত্যাঃ পায়িতাস্বমৃতং সুরাঃ। মোহিন্যা নবমে রাহোশ্চক্রেণ চ্ছেদ উচ্যতে ॥ ১ ॥ ২ ॥

দস্যুধর্ম্মের নিয়মানুসারে অমৃত-কলস লইয়া যখন পরস্পরে আত্মসাৎ করিবার নিমিত্ত আকর্ষণ ও বিকর্ষণ করিতেছিল, এমন সময়ে অকস্মাৎ সেই কামিনীকে তাহাদের সমীপে আগমন করিতে অবলোকন করিল ॥ ১ ॥

কামিনীকে নয়ন-গোচর করিবা মাত্র, তাঁহাদের প্রত্যেকের হৃদয় কামবাণে বিদীর্ণ হইল। তখন তাহারা সকলে সেই রমণীর নিকট দ্রুতবেগে আগমন করত, বিস্মিতের ন্যায় বলিতে লাগিল, অহো! কি মনোহর রূপ! কি চমৎকার কান্তি! এবং কি সুন্দর নবীন বয়স! ॥ ২ ॥

পরে নিতান্ত নিকটবর্ত্তী হইয়া, রমণীকে সম্বোধন পূর্ব্বক বলিল, হে পদ্ম-পলাশলোচনে! তুমি কে! কোথা হইতে এখানে আগমন করিতেছ!

আভাস।

আপাততঃ মনোরম আশু সুখপ্রদ বিষয়-সংস্কার বিদূরিত না হইলে, জীবের আত্মস্বরূপ অবধারণের কোনরূপ সামর্থ্যই জন্মে না; ভগবান্ বিষ্ণু সেই নিমিত্তই ক্ষীরোদ-সমুদ্র মন্থনের প্রসঙ্গে মানবকে স্বীয় চিত্ত-সরোবরকে মন্থনের উপদেশ প্রদান করিয়াছেন। সংসারের দুঃখ দেখিয়া, ভক্ত ঈশ্বরের শরণাগত হইয়াছ! বটে, কিন্তু মনকে জিজ্ঞাসা কর যে, ভগবান্ প্রসন্ন হইয়া, যখন তোমাকে দেখা দিবেন এবং বর লইতে অনুরোধ করিবেন, তখন কি কি বর লইয়া তুমি কৃতার্থ হইতে প্রার্থনা করিবে? যদি কোনরূপ ঐহিকের বা পারমার্থিকের

কস্যাসি বদ বামোরু মথ্নন্তীব মনাংসি নঃ॥ ৩॥
ন বয়ং ত্বামৃতে দৈত্যৈঃ সিদ্ধ-গন্ধর্ব্ব-চারণৈঃ।
সাস্পৃষ্টপূর্ব্বাং জানীমো লোকেশৈশ্চ কুতো মৃত্যুঃ॥ ৪॥

অন্বয়ঃ।

কুতঃ স্থানাৎ আগতা! কিং কর্ত্তুং বা ইচ্ছসি? নঃ অস্মাকং, মনাংসি মথ্নন্তীব ক্ষোভয়ন্তীব, ত্বং হে বামোরু! (বামৌ মনোহরৌ উরূ যস্যা তৎসম্বোধনে) কস্য কন্যা অসি তৎসর্ব্বং বদ ত্বং কথয়। ॥ ৩॥

যা ত্বাং কুতঃভূভিঃ অমরৈঃ দৈত্যৈঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ লোকেশৈঃ চ অস্পৃষ্টপূর্ব্বাং বয়ং ন জানীমঃ ইতি ন; অপি তু জানীমঃ এব। অতঃ ত্বয়ি কামদৃষ্টিঃ ন যুক্তা ইতি॥ ৪॥

শ্রীধরস্বামী।

মথ্নন্তীব ক্ষোভয়ন্তীব॥ ৩॥

কস্যাসীত্যযুক্তমস্মাভিঃ যতস্ত্বং ন কেনচিদ্ভুক্তপূর্ব্বা ইত্যাহঃ নেতি ব্যাজ্যাং ত্বা ত্বাং। অমরাদিভিরস্পৃষ্টপূর্ব্বাং ন জানীম ইতি অপিতু জানীম এব॥ ৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কস্যাসি কস্য কন্যাসি॥ ৩॥

অমরাদিভিরস্পৃষ্টপূর্ব্বাং বয়ং ন জানীম ইতি ন অপিতু জানীম এবেতি তে নবয়মত্র স্বয়ম্বরার্থমত্রাম্নাতাসীতি বুদ্ধ্যত ইতি ভাবঃ॥ ৪॥

তোমার মনোগত অভিপ্রায়ই বা কি! হে বামোরু! তোমার অপূর্ব্ব লাবণ্যাদিতে আমাদের চিত্ত হরণ করিয়াছ বটে; কিন্তু পরিচয় দাও! তুমি কাহার কন্যা! ॥ ৩॥

তোমাকে দেখিয়া আমাদের নিশ্চয়ই বোধ হইতেছে যে, কোন অমর দৈত্য সিদ্ধ গন্ধর্ব্ব বা চারণ কর্ত্তৃক তুমি কখনই স্পৃষ্ট হও নাই! অতএব লোকেশগণ যদি কেহ তোমাকে স্পর্শ করিয়া না থাকেন, তখন সামান্য মানব তোমাকে স্পর্শ যে করে নাই, তাহাতে আর সন্দেহ নাই॥ ৪॥

আভাস।

ভোগের প্রতি তোমার মন ধাবিত হয়, তাহা হইলে ক্ষীরোদধি-মথনোৎপন্ন হলাহলকে আদর করিবার ন্যায়, সংসার-বিষ তোমায় পরিত্যাগ করিবে না। তখন সর্ব্বসংহর্ত্তা শঙ্করকে স্মরণ করত, ঐহিক এবং পারলৌকিক যাবতীয় বিষয়কে অনিত্য ও স্বপ্নবৎ মিথ্যা জ্ঞানে ভোগ বাসনাকে পরিত্যাগ কর! ইহাই চিত্তের স্থূল মালিন্য বা হলাহল। ইহার যতটুকু যিনি অন্তরে পোষণ করিবেন, তিনি ভোগের অনুরোধে স্বয়ং ঈশ্বর-সৃষ্ট জীব হইয়াও অন্য জীবের প্রতি অবলীলাক্রমে বিষধর ক্রুর সর্পাদির ন্যায়, ব্যবহারে ত্রুটি করিবেন না। ইহা মুক্তি-মার্গের সম্পূর্ণ বিরোধী। পুনরায় মন্থনে প্রবৃত্ত হইলে, ক্ষীরোদধি হইতে যেমন কাম-

নূনং ত্বং বিধিনা সুভ্রু প্রেষিতাসি শরীরিণাং।
সর্ব্বেন্দ্রিয়মনঃপ্রীতিং বিধাতুং সত্ত্বনেন কিং॥
সা ত্বং নঃ স্পর্দ্ধমানানামেকবস্তুনি ভামিনি।
জ্ঞাতীনাং বদ্ধবৈরাণাং শং বিধৎস্ব সুমধ্যমে॥ ৫॥

অন্বয়ঃ।

হে সুভ্রু! (শোভনে ভ্রুবৌ যস্যাঃ তৎ সম্বোধনে) শরীরিণাং সর্ব্বেন্দ্রিয়াণাং মনসঃ চ প্রীতিং বিধাতুং সত্ত্বনেন পরমদয়ালুনা, পরমেশ্বরেণ বিধিনা, কিং প্রেষিতা অসি? নূনং এবং এব। অন্যথা তব দর্শনং দুর্ল্লভং এব॥

হে ভামিনি! হে সুমধ্যমে! নঃ অস্মাকং একবস্তুনি অমৃতার্থে, স্পর্দ্ধমানানাং বিবদমানানাং, বদ্ধবৈরাণাং জ্ঞাতীনাং সা ঈশ্বরপ্রেরিতা ত্বং শং সুখং, বিধৎস্ব॥ ৫॥

শ্রীধরস্বামী।

আত্মামিষং ত্বদ্দর্শনন্তু ঈশ্বরেণৈব সম্পাদিতমিত্যাহুঃ নূনমিতি। সর্ব্বেন্দ্রিয়াণাঞ্চ মনসশ্চ প্রীতিং বিধাতুং সত্ত্বনেন কিং প্রেষিতাসি কিম্বা যদৃচ্ছয়ৈবাগতাসি নৈবং নূনং প্রেষিতেত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিমস্মাকং তদভিপ্রায়-বুভুৎসয়া ত্বদ্দর্শনাদিনৈব তাবদ্বয়ং কৃতার্থা অভূমেত্যাহুঃ নূনমিতি॥

কিঞ্চ ত্বয়া স্বাভিপ্রেতং পশ্চাদ্বিধেয়ং। সংপ্রত্যস্মদভিপ্রায়ং সফলীকুর্ব্বিত্যাহুঃ সাত্বমিতি দ্বাভ্যাং॥ ৫॥

আমাদের নিশ্চয় অনুমান হইতেছে যে, বিশ্ববিধাতা ভগবান্ নিতান্ত কৃপাপরতন্ত্র হইয়াই আমাদের ন্যায় শরীরিগণের যাবতীয় ইন্দ্রিয়বর্গ এবং মনের প্রীতি সম্পাদনার্থই হে সুভ্রু! তোমাকে এই আমাদের নিকট প্রেরণ করিয়াছেন। নতুবা তোমার ন্যায় কামিনীর সমাগম এখানে নিতান্তই দুর্ল্লভ॥

হে ভামিনি! এক্ষণে অন্য কথা দূরে থাকুক! সম্প্রতি আমরা এক বিষম বিপদে নিপতিত হইয়াছি! একটী বস্তু লইয়া আমাদের মধ্যে বিষম কলহ উপস্থিত হইয়াছে। হে সুমধ্যমে! আমরা সকল জ্ঞাতিগণে বৈরতাসূত্রে নিবদ্ধ হইয়াছি! তুমি আমাদের মধ্যে শান্তি স্থাপন কর!॥ ৫॥

আভাস।

বেণুর উৎপত্তি হইল, আমাদের হৃদয় হইতে সেইপ্রকার শ্রদ্ধানাম্নী কামধেনুকে আহ্বান করিতে হইবে। শ্রদ্ধা ব্যতীত উন্নতির পথ উন্মোচিত হয় না। ভবপ্রত্যয় হইতে অব্যাহতি লইতে হইলে, ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "শ্রদ্ধা বীর্য্য স্মৃতি সমাধি প্রজ্ঞাপূর্ব্বকমিতরেষাং।"

বয়ং কশ্যপদায়াদা ভ্রাতরঃ কৃতপৌরুষাঃ।
বিভজস্ব যথান্যায়ং নৈব ভেদো যথা ভবেৎ॥
ইত্যুপামন্ত্রিতো দৈত্যৈ র্মায়াযোষিদ্বপুর্হরিঃ।
প্রহস্য রুচিরাপাঙ্গৈ র্নিরীক্ষন্নিদমব্রবীৎ॥ ৬॥

অন্বয়ঃ।

বয়ং কশ্যপস্য দায়াদাঃ অপত্যানি, অতঃ পরস্পরং ভ্রাতরঃ কৃতপৌরুষাঃ অমৃতার্থং কৃত-তুল্যপ্রযত্নাঃ। অতঃ অস্মাকং ভেদঃ বিগ্রহঃ, যথা ন ভবেৎ তথা যথান্যায়ং যথাযোগ্যং, অমৃতং ত্বং অস্মভ্যং বিভজস্ব বিভাগেন দেহি॥

মায়য়া স্বেচ্ছয়া যোষিদ্বপুঃ হরিঃ দৈত্যৈঃ ইতি এবং উপামন্ত্রিতঃ সংপ্রার্থিতঃ, সন্ প্রহস্য রুচিরাপাঙ্গৈঃ তান্ নিরীক্ষন্ ইদং বক্ষ্যমাণং অব্রবীৎ॥ ৬॥

শ্রীধরস্বামী।

ভেদো বিগ্রহো যথা ন ভবেৎ তথা॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিভজস্ব অস্মভ্যমিতি শেষঃ॥

কশ্যপস্য দায়াদাঃ পুত্রা ইতি পিতা যুষ্মাকমৃষি র্যূয়ং কথমেবং কামিনোঽভুবন্নিতি তান্ মোহয়িতুং পরীহাসো ব্যঞ্জিতঃ। সত্যং বয়ং স্ত্রীজাতিমাত্রেণৈব ভাবৈ র্ব্বশীকর্ত্তুমশক্যাঃ ভবত্যাঃ পরম-শুদ্ধ-স্বরূপয়া তু স্বপাবিত্র্যেণৈব বয়ং বিজিতা বর্ত্তামহে ইতি চেৎ তত্রাহ পুংশ্চল্যা-

---

দেখ! আমরা সকলেই সেই কশ্যপের বংশধর। সুতরাং পরস্পরে সহোদর-সম্বন্ধে আমরা আবদ্ধ। কিন্তু এক অমৃতের জন্য সকলেই উদ্যমের প্রকাশে এবং বহু পরিশ্রমে এই অমৃতের ভাণ্ড সংগ্রহ করিয়াছি! কিন্তু ইহা লইয়া আমাদের মধ্যে কোনরূপ বিচ্ছেদ না হয়, সকলেই সমান ফলভাগী হইতে পারি, এইরূপ বিবেচনা পূর্ব্বক তুমিই ইহার বিভাগার্থ যথাসঙ্গত ব্যবস্থা কর!॥

স্বকীয় ইচ্ছানুসারে রমণীয় নারীবেশধারী ভগবান্ বিষ্ণু সেই দৈত্যগণ কর্ত্তৃক এই প্রকারে প্রার্থিত হইয়া, ঈষৎ হাস্য করিলেন এবং মধুর অপাঙ্গ দৃষ্টির নিক্ষেপে তাহাদের প্রতি অবলোকন করত নিম্নলিখিত ভাবে বলিতে লাগিলেন॥ ৬॥

আভাস।

শ্রদ্ধাই মূল মন্ত্র। গুরু এবং বেদান্ত-বাক্যে অটল বিশ্বাসই শ্রদ্ধা! শ্রদ্ধা আমাদের হৃদয়ে অবশ্য আছে বটে, কিন্তু পুরুষকারের কোলাহলে লজ্জাবনত মুখী হইয়া, এতকাল অন্তরালেই অবস্থান করিতেছিলেন। বিষয়-চিন্তার কোলাহল বিনিবৃত্ত হওয়ায়, শ্রদ্ধা যখন দেখা দেন, তখনই সাধকের হৃদয়ে বীর্য্যের উদয় হয়। কার্য্যের উৎসাহই

শ্রীভগবানুবাচ ॥

কথং কশ্যপদায়াদাঃ পুংশ্চল্যাং ময়ি সঙ্গতাঃ।
বিশ্বাসং পণ্ডিতো জাতু কামিনীষু ন যাতি হি ॥ ৭ ॥
শালাবৃকাণাং স্ত্রীণাঞ্চ স্বৈরিণীনাং সুরদ্বিষঃ।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে কশ্যপদায়াদাঃ! ময়ি পুংশ্চল্যাং যূয়ং কথং সঙ্গতাঃ বিশ্বাসং গতাঃ? হি যস্মাৎ পণ্ডিতঃ কামিনিষু বিশ্বাসং জাতু কদাচিৎ অপি ন যাতি ॥ ৭ ॥

হে সুরদ্বিষঃ! শালাবৃকাণাং বানরাণাং, তথা নূত্নং নূত্নং নূতনং নূতনং পুরুষং সুখং চ

শ্রীধরস্বামী।

সঙ্গতাঃ অনুসৃতাঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিতি। হন্ত হন্ত ভবত্যা নিষ্কামত্বস্যাবধিং কিং স্তুমহে। যতস্তমাবাল্যমনাঘ্রাত-পুরুষ-গন্ধাপি স্বং গোপয়ন্ত্যেব খল্বেবং ব্রূষে। স্ত্রীজাতিঃ পুংশ্চল্যপি স্বং সতীমেব প্রথয়তীতি স্ত্রীজাতি বিলক্ষণ-স্বভাবায়ৈ ভবত্যৈ নিষ্কপটায়ৈ সর্ব্বস্বমপি দিৎসামহে ইতি স্বগতোক্ত্যা বিস্ময়-স্তিমিতদৃষ্টী স্তানালক্ষ্যাহ বিশ্বাসমিতি। ভোঃ পণ্ডিতা ময়ি বিশ্বাসং মা কুরুত যদ্যাত্মনাং ভদ্র মিচ্ছথেতি ভাবো বাহ্যঃ আভ্যন্তরস্তু সর্ব্বমহং বিপরীতলক্ষণয়ৈব ব্রবীমি ইতি। পণ্ডিতা ভবন্তো জ্ঞাত্বা যদুচিতং তৎ সর্ব্বাস্ত্বিতি ভাবঃ। পুর্ব্বত্র উত্তরত্রাপি আভ্যন্তরো ধ্বনিরেবমেব জ্ঞেয়ঃ। কামিনীষ্বিতি যদ্যপ্যহং যুষ্মদনুভবেন শুদ্ধৈব ভবামি তদপি যৌবনবত্ত্বাদাভ্যন্তরঃ কামোঽনুমেয় এব। কামবত্ত্বে স্ত্রীত্বেচ কামিনীপতিপিত্রাদ্যাবরণাভাবাৎ স্বৈরিণ্যপি কথং ন ভবামীত্যবিশ্বাস্যৈব সর্ব্বথা ভবন্তিরহমিতি ভাবঃ ॥ ৬ ॥ ৭ ॥

ভগবান্ বিষ্ণু অসুরগণকে বলিলেন, কি আশ্চর্য্য! তোমরা তাদৃশ শ্রেষ্ঠ ঋষি কশ্যপের সন্তান হইয়া, আমার ন্যায় পুংশ্চলীর প্রতি এত অনুরক্ত কেন হইলে? পণ্ডিত ব্যক্তিগণ কখন কামিনীতে বিশ্বাস স্থাপন করেন না ॥ ৭ ॥

হে দেবদ্বেষিগণ! শাখামৃগ মর্কটের ন্যায়, স্বেচ্ছাচারিণী কামিনীকুল কখন বিশ্বাসের পাত্র হইতে পারে না। ইহারা নিত্য নূতন পুরুষ এবং নবীন

আভাস।

বীর্য্য; এস্থলে রাজসিক উৎসাহই উচ্চৈঃশ্রবা এবং সাত্ত্বিক উৎসাহ ঐরাবত। উৎসাহের স্থৈর্য্য হইলে; স্মৃতির উদয় হয়। কৌস্তুভ রত্নই প্রকৃত স্মৃতি। স্মৃতির সহিত জাগতিক অসার এবং অনিত্য বস্তুর সম্পর্ক করাইবার প্রয়োজন নাই; সুতরাং নিত্যধন ভগবান্ অচ্যুতই স্বীয় অঙ্গশোভার্থ রত্ন গ্রহণ করিলেন। সাধকের বুদ্ধির ন্যায়, সর্ব্বফলপ্রদ কল্পতরু আর কেহ নাই। বীজ যেমন সমগ্র বৃক্ষ এবং ফল কুসুমাদি প্রসব করিয়া, বৃক্ষের সর্ব্বময় হইয়া থাকে, জীবের বুদ্ধিও সেইরূপ জীবের স্থূল সূক্ষ্ম যাবতীয় ভাবের প্রকাশে নিজে

সখ্যান্যাহুরনিত্যানি সুতরাং সুতরাং বিচিন্বতাম্ ॥ ৮ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি তে কেলিভিস্তস্যা আশ্বস্তমনসোঽসুরাঃ।

জহসুর্ভাবগম্ভীরং দদুশ্চামৃতভাজনম্ ॥ ৯ ॥

ততো গৃহীত্বামৃতভাজনং হরির্বভাষ ঈষৎ স্মিতশোভয়া গিরা।

অন্বয়ঃ

বিচিন্বতাং অন্বেষমাণানাং বৈরিণীনাং স্বেচ্ছাচারিণীনাং স্ত্রীণাং সখ্যানি অনিত্যানি পণ্ডিতাঃ আহুঃ ॥ ৮ ॥

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং তস্যাঃ মোহিন্যাঃ কেলিভিঃ ছলবচনৈঃ, আশ্বস্তং মনঃ যেষাং তে অসুরাঃ ভাবগম্ভীরং (ভাবেন গম্ভীরং) জহসুঃ; অমৃতভাজনং চ দদুঃ ॥ ৯ ॥

ততশ্চ অমৃতভাজনং গৃহীত্বা ঈষৎস্মিতেন শোভা যস্যাঃ তয়া গিরা হরিঃ ইদং বভাষে

শ্রীধরস্বামী।

হে সুরর্ষিঃ ॥ ৮ ॥

ভাবেন কেনাভিপ্রায়েণ গম্ভীরং যথা ভবতি তথা জহসুঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রঃ কিমিতি চেৎ শৃণুত তত্ত্বমিত্যাহ শালেতি। শালাবৃকাঃ কপিক্রোষ্টুখান ইত্যমরঃ ॥ ৮ ॥

কেলিভিঃ নর্ম্মোদিতৈঃ। ভাবেনাভিপ্রায়েণ গম্ভীরমবিদুষাং দুষ্প্রবেশং যথা স্যাত্তথা জহসুঃ। হে সর্ব্বগুণমণ্ডিতে কিমস্মান্ পরীক্ষসে বয়মবিশ্বাসিনোঽশুদ্ধান্তঃকরণা নৈব ভবাম তদিদমমৃতকলসং গৃহাণ। অস্মভ্যং বিভজ্য দেহি বা স্বয়ং পিব বা ক্বচিদন্যত্র ক্ষিপ বা যথেচ্ছসি তথা কুরু। অস্মাংস্তু স্বসাদৃগুণ্যরূপ-কৃতানাত্মীয়ানেব জানীহি ইতি ভাবঃ ॥ ৯ ॥

সুখের অন্বেষণ করিয়া থাকে। সুতরাং ইহাদের প্রেম বা সখ্যতা সম্পূর্ণ ক্ষণস্থায়ী, তাহাতে আর সন্দেহ নাই ॥ ৮ ॥

অহো! মোহিনীর ছলবাক্যে অসুরগণের চিত্তে আশার সঞ্চার হইল; তাহারা গম্ভীর-ভাবে হাস্য করত, অমৃত-কলসটী অবলীলাক্রমে সেই কামিনীর হস্তে সমর্পণ করিল ॥ ৯ ॥

ভগবান্ শ্রীহরি অমৃত-ভাণ্ডটী হস্তে লইয়া, ঈষৎ হাস্য-শোভিত মধুর বাক্যের প্রয়োগে তাহাদিগকে সম্বোধন করত বলিলেন, দেখ অসুরগণ!

আভাস।

সর্ব্বময় হইয়া থাকে।" প্রাচীন সাংখ্যকার তত্ত্বকৌমুদীতে বলিয়াছেন, "অধ্যবসায়ো বুদ্ধি ধর্ম্মো জ্ঞানং বিরাগ ঐশ্বর্য্যং। সাত্ত্বিকমেতদ্রূপং তামসমস্মাদ্বিপর্য্যস্তং।" অর্থাৎ এক বুদ্ধির বিকাশে বা প্রশান্তভাবে অর্থাৎ নির্বিষয় বুদ্ধিতত্ত্বে ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য এবং অণিমাদি

যদ্যভ্যুপেত ন কচ সাধ্বসাধু বা কৃতং ময়া বো বিভজে সুধামিমাং ॥ ১০ ॥

ইত্যভিব্যাহৃতং তস্যা আকর্ণ্যাসুরপুঙ্গবাঃ।

অপ্রমাণবিদস্তস্যাস্তত্তথেত্যন্বমংসত ॥

অথোপোষ্য কৃতস্নানা হুত্বাচ হবিষানলং।

অন্বয়ঃ।

যথা কচ কস্মিন্ অপি অংশে ময়া কৃতং সাধু অসাধু বা যদি অভ্যুপেত অঙ্গীকুরুত, তর্হি বঃ যুষ্মাকং ইমাং সুধাং বিভজে যথোচিতং বিভাগং কৃত্বা দদামি ॥ ১০ ॥

তস্যাঃ মোহিন্যাঃ ইতি এবং অভিব্যাহৃতং বচনং, আকর্ণ্য শ্রুত্বা, অপ্রমাণবিদঃ তস্যাঃ প্রমাণং ইয়ত্তাং অজানন্তঃ, তে অসুরপুঙ্গবাঃ তস্যাঃ তৎ বচনং তথা অস্মত্যং বিভজ্য দেহি বা অন্যেভ্যঃ দেহি ইতি এবং অন্বমংসত অঙ্গীকৃতবন্তঃ ॥

অথ মোহিনীকৃতসময়ানন্তরং উপোষ্য উপবাসাদিকং কৃত্বা, দ্বিজৈঃ কৃতস্বস্ত্যয়নাঃ কৃত-

শ্রীধরস্বামী।

ঈষৎ স্মিতেন শোভা যস্যাঃ তয়া ময়া কৃতং সাধু অসাধু বা যদ্যভ্যুপেত অঙ্গীকুরুত তর্হি বিভজে ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ময়া কৃতং সাধু বা অসাধু বা যদ্যভ্যুপেত অঙ্গীকুরুথ তথা বিভজে ইতি স্বস্যাঃ অনভিজ্ঞত্বং জ্ঞানায়তঃ প্রথমমেব বচ্যীতি ভাবঃ ॥ ১০ ॥

অথেতি অমৃতপানরূপমঙ্গলকৃত্যার্থং প্রথমমেবোপোষ্য স্থিতানাং পরস্পর-বিবাদ-মধ্যএব

এই অমৃতের বিভাগকালে তোমরা কোনরূপ প্রতিবাদ না করিয়া, আমি ভাল করি বা মন্দ করি। কাহাকেও অধিক দিই, বা কাহাকেও বা নাই দিই। তাদৃশ ন্যায় সঙ্গত বা অন্যায়ত বিভাগে যদি তোমরা তুষ্ট বলিয়া স্বীকার কর, কোন আপত্তির উত্থাপন না কর! তবেই আমি ইহার বিভাগে হস্তক্ষেপ করিব। এবং যথোচিত বিভাগ করিয়া দিব ॥ ১০ ॥

অসুরগণ সেই মোহিনীর বিভবে সম্পূর্ণ অপরিজ্ঞাত। অসুরপতিগণ কামিনীর কুটিল বাক্যের অন্তরে প্রবিষ্ট না হইয়া, তাঁহার মুখ হইতে যেমন প্রস্তাব শ্রবণ করিল, তাহাতেই তাহারা স্বীকৃত হইল ॥

অনন্তর সেই মোহিনীর নির্দ্দিষ্ট সময়ানুসারে তাহারা সকলে উপবাসী

আভাস।

অই ঐশ্বর্য্য যতই প্রকটিত হইয়া থাকে। অর্থাৎ উক্ত ধর্ম্মাদি চতুষ্টয় জীবকে অন্য কোথাও হইতে সংগ্রহ করিতে হয় না। এ সমস্ত তাহার নিজের সম্পত্তি; কেবল বিষয়-সঙ্গ এবং তাহাতে মমতার দোষে যে একটী অজ্ঞানরূপ আবরণ বুদ্ধির উপর নিপতিত হয়,

নত্বা গো বিপ্র ভূতেভ্যঃ কৃতস্বস্ত্যয়না দ্বিজৈঃ ॥ ১১ ॥
যথোপজোষং বাসাংসি পরিধায়াহতানি তে।
কুশেষু প্রাবিশন্ সর্ব্বে প্রাগগ্রেষ্বভিভূষিতাঃ ॥ ১২ ॥
প্রাঙ্মুখেষূপবিষ্টেষু সুরেষু দিতিজেষুচ।
ধূপামোদিতশালায়াং জুষ্টায়াং মাল্যদীপকৈঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

স্নানাঃ তে হবিষা অনলং হুত্বা গো-বিপ্র-ভূতেভ্যঃ নত্বা ॥ ১১ ॥

অভিভূষিতাঃ তে সর্ব্বে যথোপজোষং যথাপ্রীতি অহতানি নবীনানি, বাসাংসি পরিধায় প্রাক্ পূর্ব্বং অগ্রং যেষাং তেষু কুশেষু সর্ব্বে প্রাবিশন্ ॥ ১২ ॥

মাল্যদীপকৈঃ (মাল্যৈঃ দীপকৈঃ চ) জুষ্টায়াং ধূপৈঃ আমোদিতায়াং সুরভীকৃতায়াং শালায়াং গৃহে সুরেষু দিতিজেষু দৈত্যেষু চ প্রাঙ্মুখেষু উপবিষ্টেষু সৎসু ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

অসুরপুঙ্গবাঃ দৈত্যশ্রেষ্ঠাঃ প্রামাণমিয়ত্তামজানন্তঃ ॥ ১১ ॥

যথোপজোষং যথাপ্রীতি। অহতস্য লক্ষণং অহতং যন্ত্রনির্ম্মুক্তং বাসঃ স্বয়ম্ভুবা। শশ্বৎ তন্মাঙ্গলিক্যেষু তাবন্মাত্রেণ সর্ব্বদা ইতি। প্রাগগ্রেষু কুশেষু উপবিবিশুঃ ॥ ১২ ॥

ধূপৈরামোদিতায়াং সুরভীকৃতায়াং শালায়াং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোহিনী-দর্শন-বচন-প্রতিবচনাদ্যনন্তরং কৃতস্নানা যথোপজোষং যথাপ্রীতি। অহতস্য লক্ষণং। অহতং যন্ত্রনির্ম্মুক্তমুক্তং বাসঃ স্বয়ম্ভুবা। শশ্বৎ তন্মাঙ্গলিক্যেষু তাবন্মাত্রেষু সর্ব্বদেতি প্রাক্ কুশেষু প্রাগগ্রকুশেষু ॥ ১১—১৩ ॥

থাকিয়া, পরদিন স্নানান্তে অগ্নিতে যথাবিধি আহুতি প্রদান পূর্ব্বক ব্রাহ্মণগণ কর্ত্তৃক স্বস্তিবাচন করাইয়া, গাভী বিপ্র এবং ভূত সমূহকে প্রণাম করিল ॥ ১১ ॥

পরে নূতন বস্ত্র পরিধান পূর্ব্বক সর্ব্বাভরণে ভূষিত হইয়া, প্রাগগ্র কুশাসনে সকলে উপবেশন করিল ॥ ১২ ॥

বিচিত্র মাল্যাদিতে পরিশোভিত এবং মণিময় প্রদীপাদিতে অলঙ্কৃত এবং ধূপাদির গন্ধে আমোদিত অপূর্ব্ব গৃহের অভ্যন্তরে দেবতা এবং অসুরগণ সকলে পূর্ব্বমুখ হইয়া উপবেশন করিলে ॥ ১৩ ॥

আভাস।

তাহাতে অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য এবং অনৈশ্বর্য্য এই চারিটী বিপরীত ভাবের আনয়ন করে। সুতরাং সমস্ত থাকিতে, কিছুই নাই। এক আবরণ নিরস্ত হইলে, কিছুরই অন্বেষণ করিতে হয় না। এক বুদ্ধির নিকট যাহা প্রার্থনা করা যায়, তাহারই প্রতিপত্তি

তস্যাং নরেন্দ্র করভোরুরুশৎদুকূলশ্রোণীতটালসগতির্মদবিহ্বলাক্ষী।
সা কূজতী কনকনূপুরসিঞ্জিতেন কুম্ভস্তনী কলসপাণিরথাবিবেশ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

অথ হে নরেন্দ্র! করভসদৃশৌ সুবৃত্তৌ উরূ যস্যাঃ সা করভোরুঃ উশৎ কমনীয়ং, দুকূলং যস্মিন্ তেন শ্রোণীতটেন বিশালয়া শ্রোণ্যা অলসা মন্দা গতিঃ যস্যাঃ সা তথা। মদেন বিহ্বলে অক্ষিণী যস্যা সা কনক-নূপুর-সিঞ্জিতেন (কনক-নূপুরয়োঃ সিঞ্জিতেন শব্দেন) কূজতী কুম্ভবৎ স্তনৌ যস্যাঃ সা কুম্ভস্তনী কলসপাণিঃ (অমৃতকলসঃ পাণৌ যস্যাঃ সা) সা মোহিনী তস্যাং শালায়াং আবিবেশ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

অথ তস্যাং শালায়াং হে নরেন্দ্র সা কলসপাণি রাবিবেশ। কথম্ভূতা মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিঃ করভসদৃশৌ সুবৃত্তাবূরূ যস্যাঃ সা উশৎ কমনীয়ং দুকূলং যস্মিন্ তেন শ্রোণীতটেন বিশালয়া শ্রোণ্যাঽলসা মন্দা গতি র্যস্যাঃ সা। পাঠান্তরে করভ-সদৃশয়ো রূর্বো র্নমদ্দুকূলং যস্যাঃ সা চাসৌ শ্রোণীতটেনালসগতিশ্চ। মদেন বিহ্বলে অক্ষিণী যস্যাঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

করভোরুরুশদ্দুকূলা করভোরু-লসদ্দুকূলেতি পাঠদ্বয়ং। মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিরিত্যমরঃ ॥ ১৪ ॥

হে নরনাথ! হস্তিশিশু সদৃশ সম্পূর্ণ গোলাকার উরুযুগল-বিশিষ্ট সেই মোহিনী কুম্ভস্তনী কামিনী কমনীয় বসনে আচ্ছাদিত স্বকীয় বিশাল নিতম্বদেশের প্রকাশে এবং মৃদুমন্দ গতির বিলাসে অমৃত-কলস হস্তে লইয়া, গৃহে প্রবেশ করিলেন। প্রবেশ কালে তাঁহার লোচনদ্বয় মদামোদে বিঘূর্ণিত হইতেছিল; এবং চরণ-নূপুরের ধ্বনিতে ইতস্ততঃ নিনাদিত হইতেছিল ॥ ১৪ ॥

আভাস।

ঘটে। অতএব চিত্ত-সমুদ্র মন্থন করত সংসারাসক্তিরূপ হলাহলকে নিষ্কাশিত করিতে পারিলে, নির্ব্বাসন বুদ্ধিরূপ মানবের অন্তরস্থ কল্পতরু আপনা হইতে জাগিয়া উঠে। কল্পতরুর পরই অণিমাদি ঐশ্বর্য্যসমূহ সাধককে সর্ব্বপ্রকার ভোগ-সুখ প্রদানার্থ অগ্রসর হয়। এই ঐশ্বর্য্যসমূহই ক্ষীর-সমুদ্রের রমণীয় অপ্সরাকুল। অনন্তর সূর্য্যোদয়ের পূর্ব্বে যেমন অরুণের উদয় হয়, সেইরূপ অমৃতোৎপাদনের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী কালে ভগবৎপরায়ণা রমার আবির্ভাব হয়। ইনিই হৃদয়-মন্থনোৎপন্না সমাধি-নিষ্ঠ জ্ঞান; অর্থাৎ সচ্চিদানন্দ-স্বরূপ আত্মার সাক্ষাৎকারের পূর্ব্ববর্ত্তী ভাব। তৎপরেই আত্মানুভূতি-স্বরূপ অমৃতের উদয় হইল। এই অমৃত পান করিতে পারিলে, আর জীবের মরণভয় থাকে না; এবং জন্মজন্মান্তরও ভোগ করিতে হয় না। তাদৃশ অমৃত-পানার্থ সৎপ্রবৃত্তির অপেক্ষা অসৎ প্রবৃত্তিরই অধিক আগ্রহ জন্মে। কারণ

তাং শ্রীসখীং কনককুণ্ডলচারুকর্ণ-নাসা-কপোল-বদনাং পরদেবতাখ্যাং।
সংবীক্ষ্য সংমুমুহুরুৎস্মিতবীক্ষণেন দেবাসুরা বিগলিতস্তনপট্টিকান্তাং ॥১৫॥
অসুরাণাং সুধাদানং সর্পাণামিব দুর্ণয়ং।

অন্বয়ঃ।

শ্রীসখীং সৌন্দর্য্যেণ লক্ষ্মীতুল্যাং, পরদেবতাখ্যাং, কনকময়ে কুণ্ডলে যস্যাঃ সা চাসৌ চারবঃ কর্ণাদয়ঃ যস্যাঃ তাং; বিগলিতঃ বিস্রস্তঃ স্তন-পট্টিকায়াঃ অন্তঃ যস্যাঃ তাং সংবীক্ষ্য তস্যাঃ উৎস্মিতপূর্ব্বক-বীক্ষণেন দেবাসুরাঃ সংমুমুহুঃ ॥ ১৫ ॥

সর্পাণাং ক্ষীরদানমিব জাতিনৃশংসানাং স্বভাবতঃ ক্রূরাণাং, অসুরাণাং সুধাদানং দুর্ণয়ং

শ্রীধরস্বামী।

তাং শ্রিয়ঃ সখীং সংবীক্ষ্য দেবা অসুরাশ্চ সংমুমুহুঃ। কথম্ভূতাং কনকময়ে কুণ্ডলে যস্যাঃ সা চাসৌ চারবঃ কর্ণাদয়ো যস্যাঃ সাচ তাং। বিগলিতো বিস্রস্তঃ স্তনপট্টিকায়া অন্তো যস্যাঃ তাং ॥ ১৫ ॥

এবং তান্ মোহয়িত্বা যৎ কৃতবান্ তদাহ ত্রিভিঃ। অসুরাণাং সুধাদানং সর্পাণাং ক্ষীর-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীসখীং শ্রিয়ো লক্ষ্ম্যাঃ সখাপি তদানীং সখ্যেবাভূৎ। পুংজাতিমধ্যে যথা নারায়ণঃ সুন্দর স্তথৈব স্ত্রীজাতিমধ্যে অহমেবাতিসুন্দরীতি মাহং কৃথাঃ। স্ত্রীজাতাবপ্যহমেব পরমসুন্দরীতি তাং জ্ঞাপয়িতুমিবেতি ভাবঃ। কনক-কুণ্ডলা চাসৌ চারুকর্ণাদ্যা চেতি তাং ॥ ১৫ ॥

কনকময় কুণ্ডল, মনোহর কর্ণযুগল, সুন্দর নাসিকা এবং সুকপোল বিশিষ্ট বদন-কমলের শোভায় অপূর্ব্ব লাবণ্যবতী সাক্ষাৎ কমলার প্রিয় সখী সেই পরম দেবতা মোহিনী-মূর্ত্তিধারী ভগবানের বিগ্রহকে অবলোকন করিয়া, দেবাসুরগণের বিস্ময়ের আর সীমা ছিল না। উক্ত কামিনী যখন প্রেম-প্রসারিত-লোচনে ইতস্ততঃ অপাঙ্গ দৃষ্টি নিক্ষেপ করিতেছিলেন, তখন তাঁহার মনোহর স্তন-পট্টিকা মধ্যে মধ্যে স্খলিত হইতেছিল। এতদ্দর্শনে দেবতা এবং অসুর-গণ সম্পূর্ণ বিমোহিত হইতে লাগিল ॥ ১৫ ॥

ক্ষীর-ভোজনে সর্পের অন্তরে যেমন গরলেরই কেবল বৃদ্ধি হয়, সেইরূপ অসুরগণকে অমৃত পান করাইলে যে কেবল অনিষ্টেরই কারণ ঘটিবে, তাহা মনে

আভাস।

ত্যাগী ব্যক্তির হৃদয়ে ভোগ-সম্বন্ধে তাদৃশ নিত্য ত্বের প্রার্থনা হয় না। সুতরাং দেবতাগণের দ্বারা অমৃত-সংগ্রহের পূর্ব্বে, অসুরগণ বলপূর্ব্বক তাহা সংগ্রহ করিয়াছিল; কিন্তু ঈশ্বর-সৃষ্টির পদ্ধতিতে এ নিয়ম অসঙ্গত। সুতরাং সমাধির পরবর্ত্তিনী প্রজ্ঞাই তাহার মীমাংসা করিলেন; তিনি মোহিনী মূর্ত্তি ধারণে ভোগ-প্রবৃত্তিরূপ অসুর-কুলকে বঞ্চনা করত, ত্যাগপ্রবৃত্তিরূপ দেববৃন্দকে

মত্বা জাতিনৃশংসানং ন তাং ব্যভজদচ্যুতঃ ॥ ১৬ ॥
কল্পয়িত্বা পৃথক্ পঙ্‌ক্তী রুভয়েষাং জগৎপতিঃ।
তাংশ্চোপবেশয়ামাস স্বেষু স্বেষুচ পঙ্‌ক্তিষু ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

অন্যায্যং মত্বা অচ্যুতঃ মোহিনীরূপঃ তাং সুধাং তেভ্যঃ ন ব্যভজৎ ॥ ১৬ ॥

জগৎপতিঃ মোহিনীরূপঃ ভগবান্ উভয়েষাং দেবানাং অসুরাণাং চ পৃথক্ পঙ্‌ক্তীঃ কল্পয়িত্বা বিধায়, তান্ অসুরান্ দেবান্ অপি তাসু পঙক্তিষুস্বেষু তৎস্বজাতীয়েষু উপবেষয়ামাস ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

দানমিব দুর্ণয়ং অন্যায্যং মত্বা তাং সুধাং তেভ্যো ন ব্যভজৎ। অয়ং ভাবঃ দৈত্যৈ র্মদীয়ং সাধ্বসাধু বা সর্ব্বমনুমতমেব অতোঽহং মদ্ভক্তান্ দেবানেব সুধাং পায়য়িষ্যামি কিঞ্চ এতৈর্যথান্যায়ং বিভজস্বেত্যুক্তং নচৈতেভ্যো জাত্যৈব ক্রূরেভ্যো দানং ন্যায্যং। অত স্তেভ্যঃ সুধাং ন দদ্যামিতি ॥ ১৬ ॥

পঙ্‌ক্তীঃ পৃথক্ বিভক্তাঃ কল্পয়িত্বা বিধায় তাসু পঙ্‌ক্তিষু স্বেষু স্বেষু তত্তৎসজাতীয়েষু তাংশ্চাসুরানপি প্রতারণার্থমেবোপবেশয়ামাস ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন তাং ব্যভজদিতি দৈত্যৈ র্যথান্যায়ং বিভজস্বেতি উক্তমতো ন্যায়শ্চায়মেবেতি ভাবঃ ॥ ১৬ ॥

স্বেষু স্বেষু ইতি পঙ্‌ক্তিষু মধ্যে যা যাঃ পঙক্তিষু মধ্যে যা যাঃ পঙ্‌ক্তয়ো যেষাং যেষাং স্বানি ধনরূপাণি সুস্তেষু স্বেষু সত্ত্ববিশিষ্টাসু পঙ্‌ক্তিষিত্যর্থঃ ॥ ১৭ ॥

চিন্তা করত ভগবান্ অচ্যুত সেই স্বভাবত নৃশংস-ভাবাপন্ন অসুরগণকে আর অমৃত বণ্টন করিলেন না ॥ ১৬ ॥

জগৎপতি জনার্দ্দন তখন উভয় পক্ষকে ভিন্ন ভিন্ন পঙ্‌ক্তি নিরূপণ করিয়া দিলেন; অথচ তাহাদিগকে বঞ্চিত করিবার জন্য অসুর-পঙ্‌ক্তির মধ্যে দেবতা এবং দেব পঙ্‌ক্তির মধ্যে আপনার মনোমত ব্যক্তিকে উপবেশন করাইলেন ॥ ১৭ ॥

আভাস।

সেই অমৃত পান করাইলেন। অতএব সমুদ্র-মন্থনের ন্যায়, চিত্তকে যম নিয়মাদি অষ্টাঙ্গ যোগের পদ্ধতি অনুসারে মনের দ্বারা মন্থন করত, বৈরাগ্য-বলে বিষয়-সংস্কারকে বিদূরিত করিতে পারিলে, সাধক পূর্ব্ব পূর্ব্ব ভূমিকাকে জয় করত যদবধি অপরোক্ষানুভূতির দ্বারা আত্ম-সাক্ষাৎকারে সমর্থ না হন, তদবধি তাঁহার পরমাত্ম-সাক্ষাৎকার বা বিষ্ণুভক্তি প্রকটিত হয় না; নতুবা বিষ্ণুভক্ত ইন্দ্রদ্যুম্ন রাজার ন্যায়, চিত্তের মালিন্য দোষে পুনরায় অধঃপতিত হইতে হয়; সন্দেহ নাই ॥ ১—১৭ ॥

দৈত্যান্ গৃহীতকলসো বঞ্চয়ন্নুপসঙ্করৈঃ।
দূরস্থান্ পায়য়ামাস জরামৃত্যুহরাং সুধাং ॥ ১৮ ॥
তে পালয়ন্তঃ সময়মসুরাঃ স্বকৃতং নৃপ।
তূষ্ণীমাসন্ কৃতস্নেহাঃ স্ত্রীবিবাদজুগুপ্সয়া ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ততঃ চ গৃহীতঃ কলসঃ যেন সঃ ভগবান্ উপসঙ্করৈঃ উপ সমীপে এব সঙ্করৈঃ (ভ্রূভঙ্গি-নেত্রস্মিত-ব্রীড়া-মুখার্দ্ধাচ্ছাদন-নূপুরাদি ভূষণ-বসন-সঞ্চলন-পূর্ব্বকৈঃ চরণসঞ্চলনৈঃ) কিঞ্চিন্মাত্র-দানেন সমীপস্থান্ অসুরান্ বঞ্চয়িত্বা দূরস্থান্ অপি দেবান্ জরামৃত্যুহরাং তাং সুধাং পায়য়ামাস ॥ ১৮ ॥

হে নৃপ পরীক্ষিৎ! তে অসুরাঃ স্বকৃতং (সাধ্বসাধু বা যথেষ্টং বিভজস্ব ইতি) সময়ং নিয়মং পালয়ন্তঃ তথা কৃতস্নেহাঃ (তস্যাং কৃতঃ স্নেহঃ যৈঃ তে) তথা স্ত্রীবিবাদজুগুপ্সয়া স্ত্রিয়া সহ বিবাদস্য জুগুপ্সয়া লজ্জয়া তে তূষ্ণীং আসন্ এব ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

উপসঙ্করৈঃ বহুমান-প্রিয়-বাক্যাদিনা তানতিক্রম্যাতিক্রম্য গমনৈঃ। দূরস্থানপি দেবান্ ॥ ১৮ ॥

তয়া কৃতঃ স্নেহো যেষু। স্ত্রিয়া সহ বিবাদস্য জুগুপ্সয়া ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপ নিকটে নিকটে এব সঙ্করৈঃ সঙ্করণৈ ভ্রূভঙ্গিনেত্রস্মিত-ব্রীড়ামুখার্দ্ধাচ্ছাদন-নূপুরাদি-ভূষণ-বসন সঞ্চালন-পূর্ব্বকৈশ্চরণসঞ্চলনৈঃ কিঞ্চিন্মাত্র-প্রদানেন দূরস্থানাং দেবানামুৎকণ্ঠং নিবর্ত্ত্য সংপূর্ণমস্মানেব পায়ঃিষ্যতীতি প্রত্যায়নৈঃ। বঞ্চয়িত্বেতি অস্মাভিঃ শ্রোত্র-নেত্রমনোভির্যদিদমমৃতং পীয়তে ইতোঽধিকং সামুদ্রমমৃতং ন ভবিষ্যতীতি। তদলং তেন এতস্যা আনুকূল্য-মেবাকাঙ্ক্ষণীয়মিত্যপি তেষাং মনসি বিচারং প্রাপয়ামাসেতি ভাবঃ। দূরস্থান্ দেবান্ ॥ ১৮ ॥

সময়ং সাধ্বসাধু বা যথাসুখং বিভজথেতি নিয়মং। স্ত্রিয়া সহ বিবাদস্য জুগুপ্সয়া ॥

এতে তাবৎ কৃপণাঃ পূর্ব্বং কিঞ্চিৎ পিবন্তু যূয়ন্তু ধীরাঃ ক্ষণং প্রতীক্ষধ্বমিত্যাদি বহুমানেন বা বদ্ধা নিযন্ত্রিতাঃ। সময়পালনাদিভিঃ ষড়্ভিরেতৈঃ কারণৈরপ্রিয়ং কিঞ্চিদপি নোচুঃ কিন্তু তূষ্ণীমেবাসন্ ॥ ১৯ ॥

এদিকে কলাস-হস্তে পরিবেশন কালে নিকটস্থ অসুর-পঙ্‌ক্তি পরিত্যাগ করত, দূরস্থ দেব-পঙ্‌ক্তিতে গমন করত, সেই জরামৃত্যুহরা সুধা অবলীলা-ক্রমে বণ্টন-করিতে লাগিলেন ॥ ১৮ ॥

এতদ্দর্শনে অসুরগণ মনে মনে অবশ্য ক্ষুণ্ণ হইল বটে, কিন্তু পূর্ব্বকৃত নিজেদের প্রতিশ্রুতি অনুসারে, "অর্থাৎ আপনি যেরূপই বণ্টন করুন না! তাহাতে আমাদের কোন আপত্তি থাকিবে না" এই প্রতিশ্রুত বাক্যের অনুসারে

তস্যাং কৃতাতিপ্রণয়াঃ প্রণয়াপায়কাতরাঃ ।
বহুমানেন চাবদ্ধা নোচুঃ কিঞ্চন বিপ্রিয়ং ॥ ২০ ॥
দেবলিঙ্গ-প্রতিচ্ছন্নঃ স্বর্ভানু র্দেবসংসদি ।
প্রবিষ্টঃ সোমমপিবচ্চন্দ্রার্কাভ্যাঞ্চ সূচিতঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ ।

তস্যাং মোহিন্যাং কৃতঃ অতিপ্রণয়ঃ যৈঃ তে, অতঃ প্রণয়স্য অপায়েন ভঙ্গেন কাতরাঃ ভীতাঃ তথা বহুমানেন চ আবদ্ধাঃ তে কিঞ্চন বিপ্রিয়ং ন উচুঃ ॥ ২০ ॥

দেবানাং লিঙ্গেন বেশেন প্রতিচ্ছন্নঃ আবৃতাসুররূপঃ, স্বর্ভানুঃ রাহুঃ দেবানাং সংসদি পঙ্‌ক্তৌ প্রবিষ্টঃ সন্ সোমং অমৃতং অপিবৎ ; কিন্তু চন্দ্রার্কাভ্যাং (অয়ং অসুরঃ ইতি ভগবতে) সূচিতঃ জ্ঞাপিতঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী ।

কৃতোঽতিপ্রণয়ঃ স্নেহো যৈঃ । প্রণয়াপায়েন কাতরাঃ ভীতাঃ এতে তাবৎ কৃপণাঃ পূর্ব্বং কিঞ্চিৎ পিবন্ত যুয়ন্ত ধীরাঃ ক্ষণং প্রতীক্ষ্যধ্বমিত্যাদি বহুমানেন চাবদ্ধা নিষন্ত্রিতাঃ সময়-পালনাদিভিঃ ষড়্‌ভিরেতৈঃ কারণৈরপ্রিয়ং কিঞ্চিদপি নোচুঃ কিন্তু তূষ্ণীমাসন্ ॥ ২০ ॥

দেবপঙ্‌ক্তৌ চন্দ্রার্কয়োর্ম্মধ্যে প্রবিষ্টঃ সোমমপিবৎ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তদেব মোহিনীমূর্ত্ত্যা ভগবতা সর্ব্বএব দৈত্যা মোহয়িত্বা বঞ্চিতাঃ কিন্তু সদ্যোপ্যমৃত-মহিম-জ্ঞাপনার্থমেকঃ স্বর্ভানু র্ন মোহিতঃ সচ সহসৈব মোহিন্যভিপ্রায়ং জ্ঞাত্বা দেবপঙ্‌ক্তিষু প্রবিষ্ট ইত্যাহ দেবলিঙ্গেতি । অতএব দেবাস্তং প্রথমং পরিচেতুং ন শেকুঃ । উপবিষ্টে তু চন্দ্রার্কাভ্যাং পরিচিতোঽপি তত্তয়াং ইতোঽন্যত্র পঙ্‌ক্ত্যাবুপবিশেতি বক্তুং নাশক্যতেতি জ্ঞেয়ং । যদাতু সোমমমৃতং প্রাপ্তমেবাপিবত্তদাঽসুরোঽসাবিতি ভ্রূভঙ্গ্যা সূচিতঃ ॥ ২০ ॥ ২১ ॥

এবং কামিনীর প্রণয়াবলোকনে এতই অসুরকুল মোহিত হইয়াছিল যে, তাহারা কিছুই বিরুদ্ধভাব প্রকাশ করিল না। বিশেষত নারীর সহিত বিবাদ করা নিতান্ত নিন্দার কথা মনে করিয়া, তাহারা সকলে তৎকালে নীরবেই অবস্থান করিতে লাগিল ॥ ১৯ ॥

বিশেষত সেই কামিনীর প্রতি তাহাদের যথেষ্ট প্রণয় জন্মিয়াছিল এবং মোহিনীও মুখে এবং হাব ভাব প্রকাশের দ্বারা তাহাদের প্রতি বিশেষ গৌরব প্রদর্শন করাইতেছিলেন ; সুতরাং কামিনীর সহিত পাছে প্রণয়ের ভঙ্গ হয়, এই ভয়ে কেবল সম্মানে আবদ্ধ হইয়া, সেই তাহারা কোনরূপ অপ্রিয় বাক্য কামিনীকে তখন বলিতে সাহস করিল না । ২০ ॥

অমৃত-বণ্টনের এইরূপ তারতম্য দেখিয়া স্বর্ভানু রাহু প্রচ্ছন্নভাবে দেবতার বিগ্রহ ধারণে দেব সভার অন্তরে চন্দ্র এবং সূর্য্যের মধ্যে উপবেশন

চক্রেণ ক্ষুরধারেণ জহার পিবতঃ শিরঃ।
হরি স্তস্য কবন্ধস্তু সুধয়া প্লাবিতোঽপতৎ ॥ ২২ ॥
শিরস্ত্বমরতাং নীতমজোগ্রহমচীকল্পৎ।
যস্তু পর্ব্বণি চন্দ্রার্কাবভিধাবতি বৈরধীঃ।
পীতপ্রায়েঽমৃতে দেবৈ র্ভগবাল্লোঁকভাবনঃ।
পশ্যতামসুরেন্দ্রাণাং স্বরূপৎ জগৃহে হরিঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

জ্ঞাত্বা চ হরিঃ ক্ষুরধারেণ চক্রেণ অমৃতং পিবতঃ তস্য রাহোঃ শিরঃ জহার; সুধয়া আপ্লাবিতঃ তস্য কবন্ধঃ শিরোরহিতদেহঃ তু অপতৎ ॥ ২২ ॥

তস্য শিরঃ তু অমৃত-সম্বন্ধেন অমরতাং নীতং অতঃ অজঃ ভগবান্, তৎশিরঃ গ্রহং, অচীকল্পৎ সূর্য্যাদিবৎ গ্রহত্বাধিকারে স্থাপিতবান্। যঃ গ্রহঃ তু বৈরধীঃ সন্ পর্ব্বণি লব্ধাবসরে চন্দ্রার্কৌ অভিধাবতি ॥

দেবৈঃ অমৃতে পীতপ্রায়ে সতি লোকভাবনঃ ভগবান্ হরিঃ অসুরেন্দ্রাণাং পশ্যতাং এব স্বরূপং জগৃহে ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

হরিস্তস্য শিরো জহার। অপ্লাবিতঃ অসংস্পৃষ্টঃ ॥ ২২ ॥

গ্রহং সূর্য্যাদিবৎ গ্রহত্বাধিকারিণং ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিরজিতরূপী। শিরো জহার। আ ঈষৎ প্লাবিতঃ ॥ ২২ ॥

অমরতাং নীতং অমৃতপানপ্রভাবাৎ মরণশূন্যতাং প্রাপ্তমিতি অমৃতপ্রভাবো দর্শিতঃ। অজো ব্রহ্মা গ্রহং সূর্য্যাদিকমিব গ্রহত্বাধিকারবন্তং ॥ ২৩ ॥

পূর্ব্বক অমৃত যেমন পান করিলেন, অমনি ইঙ্গিতের দ্বারা চন্দ্র সূর্য্য উভয়ে ভগবানকে তাহার অসুরত্বের প্রকাশ করিলেন ॥ ২১ ॥

ভগবান্ শ্রীহরি অমনি তীক্ষ্ণধার চক্রের দ্বারা তাহার মস্তক ছেদন করিয়া ফেলিলেন; এবং অমৃতসিক্ত মস্তক এবং কবন্ধ নিপতিত হইল বটে ॥ ২২ ॥

কিন্তু অমৃত পানের ফলে সেই কবন্ধবিহীন মস্তকও মৃত হইল না; সে অমরত্ব লাভে গ্রহগণের মধ্যেই ভগবান্ কর্ত্তৃক সন্নিবেশিত হইল। কিন্তু এই বৈরতা-নিবন্ধন সাবকাশ মত প্রতি অমাবস্যা এবং পূর্ণিমা উপলক্ষিত পর্ব্বে চন্দ্র এবং সূর্য্যকে গ্রাস করিবার নিমিত্ত এই গ্রহ উদ্‌যোগ করিয়া থাকে ॥

দেবতাগণের অমৃত-পান সমাপ্ত হইলে, ভূতভাবন ভগবান্ শ্রীহরি সেই অসুরপতি প্রভৃতি সকলের সমক্ষে মোহিনীমূর্ত্তি পরিহারে স্বকীয় বিষ্ণু মূর্ত্তি পরিগ্রহ করিলেন ॥ ২৩ ॥

এবং সুরাসুরগণাঃ সমদেশকাল-হেত্বর্থ-কর্ম্ম-মতয়োঽপি ফলে বিকল্পাঃ।
তত্রামৃতং সুরগণাঃ ফলমঞ্জসাপু র্যৎপাদপঙ্কজরজঃশ্রয়ণান্ন দৈত্যাঃ ।২৪॥

অন্বয়ঃ।

এবং পূর্ব্বোক্ত-প্রকারেণ সম-দেশ-কাল-হেত্বর্থ-কর্ম্ম-মতয়ঃ (সমাঃ দেশঃ কালং হেতুঃ মন্দরাদিঃ, অর্থঃ সমুদ্রে ক্ষিপ্তবীরুধাদি, কর্ম্ম মন্থন-প্রযত্নঃ, মতিঃ চ যেষাং তে তথাভূতাঃ) অপি সুরাসুরগণাঃ ফলে বিকল্পাঃ বিপরীতফলভাগিনঃ বভূবুঃ। তত্র দেবাসুরমধ্যে যস্য পাদপঙ্কজরজঃশ্রয়ণাৎ আশ্রয়ণাৎ সুরগণাঃ অমৃতং ফলং অঞ্জসা অনায়াসেন আপুঃ, তথা যদ্বৈমুখ্যাৎ দৈত্যাঃ তৎ ন আপুঃ; সঃ হরিঃ এব সেব্যঃ॥ ২৪॥

শ্রীধরস্বামী।

হরিভক্তানামেবোদ্যমঃ ফলতি নান্যেষামিত্যেবাখ্যানতাৎপর্য্যমাহ এবমিতি। সমা দেশাদয়ো যেষাং। হেতুর্মন্দরাদ্রিঃ। অর্থঃ সমুদ্রে ক্ষিপ্তং বীরুধাদি। বিবিধঃ কল্পঃ ফলং কেষাঞ্চিজ্জাতং কেষাঞ্চিন্নেতি বৈচিত্র্যং যেষাং তে ফলে বৈষম্যবন্তো বভূবুরিত্যর্থঃ। তদেবাহ তত্র তেষু যস্য পাদপঙ্কজরজঃ শ্রয়ণাদ্দেবা অমৃতং ফলমাপুঃ স এব সেব্য ইত্যর্থঃ। যত্তদো-র্নিয়তসম্বন্ধাৎ॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লৌকিকহেতু-সাম্যোঽপি ফলপ্রাপ্তি র্ভক্তিমতামেব নান্যেষামিত্যেবাখ্যান-তাৎপর্য্যমাহ এব-মিতি। সমা দেশাদয়ো যেষাং তে। দেশঃ ক্ষীরসিন্ধুঃ। কাল স্তত্তৎক্ষণ-সমূহঃ। হেতু র্মন্থনসাধনং মন্দরাদ্রিঃ। অর্থঃ সমুদ্রে ক্ষিপ্তবীরুধাদি। কর্ম্ম মথনং। মতিরমৃত-কামতা। ফলে ফলপ্রাপ্তৌ বিকল্পাঃ ফলপ্রাপ্তি র্ভবেন্নবেতি বিকল্পবন্তঃ। তত্র তয়োর্ম্মধ্যে সুরগণাঃ ফলং আপুঃ। যৎ পাদাশ্রয়ণাৎ দৈত্যা ন আপুঃ যদাশ্রয়ণাভাবাদিতি ভাবঃ। সএব সেব্য ইতি প্রকরণার্থঃ ॥২৪॥

এই প্রকারে দেবতা এবং অসুরগণ উভয় পক্ষে তুল্য-দেশ ক্ষীর-সমুদ্রের তীরে অবস্থান করত, এক মন্থন-দণ্ড মন্দরাচলকে উভয় পক্ষ লইয়া, বিরুধাদি দ্রব্যজাত নিক্ষেপ করত, এক উদ্দেশ্য অমৃত-লাভার্থ একই মন্থন-কার্য্য উভয়ে অনুষ্ঠান করিয়াও, পরস্পরে সম্পূর্ণ বিপরীত ফল লাভ করিলেন। দেববৃন্দ কেবল ভগবৎ-পাদপদ্মের পরাগের আশ্রয় মাত্র করিয়াই অমৃত লাভে চির কৃতার্থ হইলেন; এবং দৈত্যকুল কেবল সেই পাদপদ্মের শরণাগত না হইয়াই, উদ্দেশ্য সাধনে বঞ্চিত হইলেন॥ ২৪॥

অহো! উৎকৃষ্ট ফল পাইবার প্রত্যাশায় তরুর মূলদেশকে উপেক্ষা করত অর্ব্বাচীনবৎ উচ্চ শাখা প্রশাখাদিতে জল সিঞ্চনের ন্যায়, বিচিত্র এবং পরস্পরে সম্পূর্ণ পৃথক্ ভাবাপন্ন দেহ গেহ ধন জনাদি এবং পুত্র কলত্রাদির প্রেয়ঃকামনায় মানবগণ ধন প্রাণ মন এবং ইন্দ্রিয়বর্গের দ্বারা যতই যত্ন এবং

যদযুজ্যতেঽসু বসু কর্ম্ম মনোবচোভি র্দেহাত্মজাদিষু নৃভিস্তদসৎ পৃথক্ত্বাৎ।
তৈরেব সদ্ভবতি যৎ ক্রিয়তেঽপৃথক্ত্বাৎ সর্ব্বস্য তদ্ভবতি মূলনিষেচনং যৎ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

অন্বয়ঃ।

অসুঃ প্রাণঃ, বসু ধনং, কর্ম্ম কর্ম্মেন্দ্রিয়প্রাণাদিভিঃ করণৈঃ মনসা চ নৃভিঃ যৎ সম্পাদনং দেহাত্মজাদিষু যুজ্যতে ক্রিয়তে, তৎ পৃথক্ত্বাৎ দেহাদীনাং পরস্পরং ভিন্নত্বাৎ (শাখানিষেচনবৎ) অসৎ ব্যর্থং ভবতি। তৈঃ এব প্রাণাদিভিঃ ঈশ্বরোদ্দেশেন যৎ ক্রিয়তে তৎ তরোঃ মূল-নিষেচনং যৎ যথা তথা অপৃথক্ত্বাৎ সর্ব্বস্য সৎ মহাফলং ভবতি ॥ ২৫ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

এতদেবোপপাদয়তি যদিতি। অসুঃ প্রাণঃ বসু ধনং প্রাণাদিভির্দেহাত্মজাদিষু মৃত্তির্যদ্যুজ্যতে দেহাদ্যর্থং যৎ কিঞ্চিৎ ক্রিয়তে ইত্যর্থঃ তদসদ্ব্যর্থং ভবতি। কুতঃ অপৃথক্ত্বাৎ ভেদাশ্রয়ত্বাৎ শাখাদি-নিষেচনবৎ। তৈরেব প্রাণাদিভিরীশ্বরোদ্দেশেন যৎ ক্রিয়তে তত্তু সৎ মহাফলং ভবতি কুতঃ অপৃথক্ত্বাৎ ঈশ্বরস্য সর্ব্বানুগতত্বাৎ। তত্র দৃষ্টান্তঃ যদ্ভরোর্মূলনিষেচনং তদ্যথা সর্ব্বস্য স্কন্ধাদেরপি ভবতীতি। যদ্বা ন্যায়রূপে পঞ্চম্যৌ পৃথক্ত্বং পর্য্যালোচ্য ভেদদৃষ্ট্যা দেহাদুদ্দেশেন যৎ ক্রিয়তে তদসৎ। অপৃথক্ত্বং পর্য্যালোচ্য ঈশ্বরদৃষ্ট্যা তৈরেব তেষ্বেব চ যৎ ক্রিয়তে তৎ সদ্ভবতি। শেষং সমানং ॥ ২৫ ॥

॥ * ॥ ইত্যষ্টমে নবমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাৎ ফলিতমাহ যদিতি। অসবঃ প্রাণা ইন্দ্রিয়াণি। বসু ধনং। অসু বস্বাদিভির্যদ্দেহাদি যুজ্যতে বিনিযুজ্যতে তদসৎ। প্রাণাদীনাং দেহাদ্যর্থে যো বিনিযোগঃ সোঽসাধুরিত্যর্থঃ কুতঃ পৃথক্ত্বাৎ শাখানিষেচনবৎ। মূলাৎ শাখা ভিন্না ইতি বুদ্ধ্যা যথা মূলং বিহায় শাখা নিষিচ্যন্তে তথৈব ভগবন্তং বিহায় দেহাদ্যাঃ পরিচর্য্যন্তে মূঢ়ৈঃ। তৈরেব অসু বস্বাদিভির্যদ্ভগবতি ক্রিয়তে। অস্বাদীনাং ভগবতি যো বিনিয়োগঃ স সাধুরিত্যর্থঃ। কুতঃ অপৃথক্ত্বাৎ মূলানিষেচনবৎ। মূলাৎ শাখা ন ভিন্না ইতি বুদ্ধ্যা যথা মূলমেব সিচ্যতে তথৈব ভগবানেব পরিচর্য্যতে। তৎ পরিচরণং সর্ব্বস্য ব্রহ্মাদি স্তম্বপর্য্যন্তস্যোত্যর্থঃ। যদ্যস্মাৎ তন্মূলনিষেচনং ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং ভক্তচেতসাং।
অষ্টমে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পরিশ্রম করুক্ না, সমস্তই নিরর্থক! কিন্তু শাখা-সিঞ্চন উপেক্ষা করত তরুর মূল দেশে উত্তমরূপ সিঞ্চনের ন্যায়, যে সকল বুদ্ধিমান্ ব্যক্তি সেই ধন

শ্রীশুক উবাচ ॥

ইতি দানব-দৈতেয়া নাবিন্দন্নমৃতং নৃপ।
যুক্তাঃ কর্ম্মণি যত্তাশ্চ বাসুদেবপরাঙ্মুখাঃ ॥
সাধয়িত্বামৃতং রাজন্ পায়য়িত্বা স্বকান্ সুরান্।
পশ্যতাং সর্ব্বভূতানাং যযৌ গরুড়বাহনঃ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! ইতি এবং যুক্তাঃ সাবধানাঃ, কর্ম্মণি সমুদ্রমন্থনে, যত্তাঃ প্রযত্নবন্তঃ, অপি দানব-দৈতেয়াঃ কেবলং বাসুদেব-পরাঙ্মুখাঃ সন্তঃ এব অমৃতং ন অবিন্দন্ ন প্রাপুঃ।

হে রাজন্! (এবং সমুদ্র-মন্থনেন) অমৃতং সাধয়িত্বা, তথা স্বকান্ স্বভক্তান্, সুরান্ অমৃতং পায়য়িত্বা, গরুড়বাহনঃ সন্ হরিঃ সর্ব্বভূতানাং পশ্যতাং এব যযৌ ॥

শ্রীধরস্বামী।

দশমে মৎসরাদ্দৈত্যৈ রারব্ধে তু মৃধেঽসুরৈঃ।
দৈত্যমায়া-বিষণ্ণেষু দেবেষ্বাবির্ভবো হরিঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দশমেঽন্তর্হিতে বিষ্ণৌ দৈত্যৈ র্যুদ্ধে প্রবর্ত্তিতে।
দৈত্যমায়াভিভূতেষু সুরেষ্বাবিরভূদ্ধরিঃ ॥ * ॥

প্রাণাদির দ্বারা সর্ব্বাধারভূত ভূতভাবন ভগবানের কর্ম্ম এবং আরাধনা করেন, তাঁহাদের সকল কার্য্যই সার্থক হয়। মূল-সিঞ্চনে শাখা প্রশাখার কুসুমিত ভাব এবং ফল ধারণের ন্যায়, এক ভগবদারাধনার ফলে মানবের ঐহিক এবং পরলোকে যাবতীয় সুখসেব্য ভোগের প্রাপ্তি ঘটিয়া থাকে; সন্দেহ নাই ॥ ২৫ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! এই প্রকারে সেই দৈত্যদানবগণ অতি যত্ন-সহকারে এবং বিশেষ আগ্রহের সহিত সমুদ্র-মন্থন করিয়াও, কেবল বাসুদেবের প্রতি বিদ্বেষ-ভাব-বিশিষ্ট হওয়াতেই, অমৃতলাভে বঞ্চিত হইয়াছিল ॥

হে রাজন্! এদিকে ভগবান্ বিষ্ণু সমুদ্র-মন্থনের দ্বারা অমৃতের উৎপাদন করিয়া এবং সেই দুর্লভ অমৃত কেবল স্বীয় ভক্ত দেবতাগণকে পান করাইয়া,

আভাস।

দশমাধ্যায়ে মৎসরতা-নিবন্ধন দেবগণ সহ দানবদিগের সমর এবং মিলন দেবতাদিগের মধ্যে বিষ্ণুর আবির্ভাব বর্ণিত হইয়াছে।

সপত্নানাং পরাং সিদ্ধিং দৃষ্ট্বা তে দিতিনন্দনাঃ।
অমৃষ্যমাণা উৎপেতুর্দেবান্ প্রত্যুদ্যতায়ুধাঃ॥
ততঃ সুরগণাঃ সর্ব্বে সুধয়া পীতয়ৈধিতাঃ।
প্রতি সংযুযুধুঃ শস্ত্রৈর্নারায়ণ-পদাশ্রয়াঃ॥ ১॥
তত্র দেবাসুরো নাম রণঃ পরম-দারুণঃ।
রোধস্যুদন্বতো রাজন্ তুমুলো রোমহর্ষণঃ॥ ২॥

অন্বয়ঃ।

সপত্নানাং দেবানাং, পরাং সিদ্ধিং ঋদ্ধিং সমৃদ্ধিং দৃষ্ট্বা অমৃষ্যমাণাঃ অসহমানাঃ, তে দিতি-নন্দনাঃ, দৈত্যাঃ উদ্যতায়ুধাঃ সন্তঃ দেবান্ প্রতি উৎপেতুঃ আজগ্মুঃ॥

পীতয়া সুধয়া এধিতাঃ বল-পুষ্ট্যাদি-যুক্তাঃ, অপি নারায়ণ-পদাশ্রয়াঃ সর্ব্বে সুরগণাঃ শস্ত্রৈঃ প্রতি-সংযুযুধুঃ॥ ১॥

হে রাজন্! তত্র উদন্বতঃ সমুদ্রস্য, রোধসি তীরে, দেবাসুরঃ নাম পরমদারুণঃ অতি-ভয়ঙ্করঃ, তুমুলঃ অতিসংকীর্ণঃ, রোমহর্ষণঃ রোমোদ্ভেদকঃ, রণঃ সংগ্রামঃ বভূব॥ ২॥

শ্রীধরস্বামী।

তদেবমমৃতাবাপ্তি র্নাভক্তানামিতীরিতং। ভক্তমৎসরতঃ প্রাণহানিঃ পুনরুদীর্য্যতে॥ ১॥
রণঃ সংগ্রামঃ। উদন্বতঃ সমুদ্রস্য। রোধসি তীরে বভূব॥ ২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যযৌ অন্তর্দ্দধে॥ ১॥

স্বয়ং গরুড়োপরি আরোহণ পূর্ব্বক সকলের সমক্ষে তথা হইতে প্রস্থান করিলেন॥

অনন্তর দিতি-নন্দন অসুরগণ প্রতিপক্ষ দেবতাগণের তাদৃশ শ্রীবৃদ্ধি এবং অভীষ্ট-সিদ্ধি প্রত্যক্ষে অবলোকন করিয়া, আর সহ্য করিতে পারিল না; তখন তাহারা বিবিধ অস্ত্রশস্ত্র ধারণে দেবতাগণের বিরুদ্ধে যুদ্ধার্থ অগ্রসর হইল॥

এদিকে দেবতাগণ অমৃত-পানের প্রভাবে বল, পুষ্টি এবং ঋদ্ধিতে বিলক্ষণ উন্নত হইয়াছিলেন; তাঁহারা দৈত্যগণের যুদ্ধোদ্যোগ অবলোকন করিয়া, ভগবান্ নারায়ণে আত্ম-সমর্পণ পূর্ব্বক কেবল কর্ত্তব্য প্রতিপালনের ন্যায়, অস্ত্র শস্ত্র লইয়া দৈত্যগণের বিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হইলেন॥ ১॥

হে রাজন্! সেই ক্ষীরোদ সমুদ্রের তীরেই এই দেবাসুর সংগ্রাম নামে অতি ভীষণ তুমুল সংগ্রাম ঘটিয়াছিল। সে যুদ্ধের ব্যাপার দর্শন বা শ্রবণ করিলেও, গাত্র রোমাঞ্চিত হইয়া উঠে॥ ২॥

হে নরনাথ! প্রতিপক্ষ দেবতা এবং দৈত্যগণ এই সংগ্রামে সম্পূর্ণ উন্মত্ত-

তত্রান্যোহন্যং সপত্নাস্তে সংরব্ধমনসো রণে।
সমাসাদ্যাসিভি র্বাণৈ র্নিজঘ্নু র্বিবিধায়ুধৈঃ॥
শঙ্খতূর্য্য-মৃদঙ্গানাং ভেরী-ডমরিণাং মহান্।
হস্ত্যশ্বরথপত্তীনাং নদতাং নিঃস্বনোহভবৎ॥
রথিনো রথিভি স্তত্র পত্তিভিঃ সহ পত্তয়ঃ।
হয়া হয়ৈরিভা শ্চেভৈঃ সমসজ্জন্ত সংযুগে॥
উষ্ট্রৈঃ কেচিদিভৈঃ কেচিদপরেঽভিযযুঃ খরৈঃ।
কেচিদ্গোরমুখৈ-র্ঋক্ষৈ র্দ্বীপিভি র্হরিভি র্ভটাঃ॥
গৃধ্রৈঃ কঙ্কৈ র্বকৈরন্যে শ্যেনভাসৈ স্তিমিঙ্গিলৈঃ।
শরভৈ র্মহিষৈঃ খড়্গৈ র্গোবৃষৈ র্গবয়ারুণৈঃ॥
শিবাভি রাখুভিঃ কেচিৎ কৃকলাশৈঃ শশৈ র্নরৈঃ।
বল্গন্ত রেকে কৃষ্ণসারৈ র্হংসৈরন্যেচ শূকরৈঃ॥

অন্বয়ঃ।

তত্র সমুদ্র-তীরস্থ-রণে তে দেবাসুরাঃ অন্যোহন্যং স্ব স্ব বলৈশ্বর্য্যাদিসাদৃশ্যং বিলোক্য সংরব্ধমনসঃ ক্রোধব্যাপ্তমনসঃ, এব সমাসাদ্য অসিভিঃ বাণৈঃ চ বিবিধায়ুধৈঃ অন্যোহন্যং নিজঘ্নুঃ॥

তত্র শঙ্খাদীনাং তথা নদতাং হস্ত্যশ্বরথপত্তীনাং মহান্ নিঃস্বনঃ শব্দঃ অভবৎ॥

তত্র সংযুগে যুদ্ধে, রথিনঃ রথিভিঃ সহ, পত্তিভিঃ পাদচারিভিঃ সৈন্যৈঃ সহ পত্তয়ঃ, হয়াঃ হয়ারূঢ়াঃ, হয়ৈঃ হয়ারূঢ়ৈঃ সহ, ইভাঃ হস্ত্যারূঢ়াঃ, ইভৈঃ হস্ত্যারূঢ়ৈঃ, সহ সমসজ্জন্ত যুযুধুঃ॥

প্রায় হইয়া, পরস্পরে পরস্পরকে আক্রমণ পূর্ব্বক অসি এবং বাণাদি বিবিধ অস্ত্রাদির প্রয়োগে নিহত করিতে আরম্ভ করিল॥

এ দিকে শংখ, তূর্য্য, মৃদঙ্গ, ভেরী এবং ডমরু প্রভৃতি বাদ্য-যন্ত্র এবং হস্তী, অশ্ব, রথ এবং পদাতি সৈন্যগণের কোলাহল ধ্বনিতে নভোমণ্ডল সমাচ্ছাদিত হইয়া গেল॥

এই সমরে রথিগণ রথিদিগের সহিত পদাতি পদাতির সহ, অশ্বারোহী অশ্বারোহীর সহ এবং হাস্তিক হস্ত্যারোহী সৈনিকের সহ যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল।

হে রাজন্! এই লোকালোক-বিশ্রুত ভীষণ সমরে সৈন্যগণের বাহনের আর সীমা ছিল না। তির্যগ্‌যোনিগত প্রায় সকল প্রাণীই এই সমরে বাহনের কার্য্য করিয়াছিল। দৈত্য-সৈন্যগণের মধ্যে কেহ উষ্ট্রে, কেহ কুঞ্জরে, কেহ বা খরে, এমন কি! সিংহ, গৃধ্র, কঙ্ক, বক, শরভ, মহিষ, গো, বৃষ, শিবা, আখু,

অন্যে জল-স্থলখগৈঃ সত্ত্বৈ বিকৃত-বিগ্রহৈঃ।
সেনয়োরুভয়ো রাজন্ বিবিশুস্তেঽগ্রতোঽগ্রতঃ ॥ ৩ ॥
চিত্রধ্বজপটৈ রাজন্নাতপত্রৈঃ সিতামলৈঃ।
মহাধনৈ র্বজ্রদণ্ডৈ র্ব্যজনৈ র্বার্হ-চামরৈঃ ॥ ৪ ॥
বাতোদ্ধূতোত্তরোষ্ণীষৈ র্বর্চ্চিভি র্বর্ম্মভূষণৈঃ।
স্ফুরদ্ভি র্বিশদৈঃ শস্ত্রৈঃ সুতরাং সূর্য্যরশ্মিভিঃ ॥

অন্বয়ঃ।

তথা কেচিৎ দৈত্যভটাঃ উষ্ট্রেভ-খর-সিংহ-গৃধ্র-কঙ্ক-বক-শরভ-মহিষ-গোবৃষ-শিবাখু-কুক্কুট-বস্ত-হংস-শূকর-জল-স্থল-খগাদিষু আরূঢ়াঃ সন্তঃ তেষু আরূঢ়ৈঃ অন্যৈঃ সহ যুযুধুঃ এবং উভয়োঃ সেনয়োঃ মধ্যে অগ্রতঃ অগ্রতঃ তে বিবিশুঃ ॥ ৩ ॥

হে রাজন্! চিত্রধ্বজপটৈঃ, সিতৈঃ অমলৈঃ স্বচ্ছৈঃ, আতপত্রৈঃ ছত্রৈঃ, মহাধনৈঃ বজ্রদণ্ডৈঃ হীরকজড়িতদণ্ডৈঃ ব্যজনৈঃ, বার্হচামরৈঃ ময়ূর-পিচ্ছ-বিরচিত-চামরৈঃ ॥ ৪ ॥

বাতেন উদ্ধূতৈঃ উত্তরীয়ৈঃ উষ্ণীষৈঃ চ অর্চ্চিভিঃ অগ্নি-জ্বালাদিভিঃ সূর্য্যরশ্মিভিঃ সুতরাং স্ফুরদ্ভিঃ বর্ম্মভূষণৈঃ বিশদৈঃ শস্ত্রৈঃ ॥

শ্রীধরস্বামী।

অন্যোন্যং সমাসাদ্য নিজঘ্নুঃ ॥ ৩ ॥

চিত্রধ্বজ-পটাদিভিশ্চ বীরাণাং মালাভিশ্চ নিরন্তর পঙ্‌ক্তিভি র্দেবদানব-বীরাণাং ধ্বজিন্যো বাদসাং মালাভিঃ সাগরাবিব রেজতুরিতি তৃতীয়েনাষয়ঃ। য.দোভিরিতি বা। সিতৈরমলৈঃ আতপত্রৈশ্চ বার্হৈশ্চামরৈশ্চ ব্যজনৈঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এই সময়ে কশ্যপ, অত্রি, বশিষ্ঠ, বিশ্বামিত্র, গোতম, জমদগ্নি এবং ভরদ্বাজ

অত্রাপি ভগবজ্জন্ম কশ্যপাদদিতেরভূৎ।
আদিত্যানামবরজো বিষ্ণুর্ব্বামনরূপধৃক্ ॥ ৩ ॥
সংক্ষেপতো ময়োক্তানি সপ্তমন্বন্তরাণি তে।
ভবিষ্যাণ্যথ বক্ষ্যামি বিষ্ণোঃ শক্ত্যান্বিতানিচ ॥ ৪ ॥
বিবস্বতশ্চ দ্বে জায়ে বিশ্বকর্ম্মসুতে উভে।
সংজ্ঞা ছায়াচ রাজেন্দ্র যে প্রাগভিহিতে তব ॥ ৫ ॥

অন্বয়ঃ।

অত্র অস্মিন্ মন্বন্তরে অপি কশ্যপাৎ পিতুঃ, অদিতেঃ মাতুঃ, সকাশাৎ ভগবতঃ জন্ম প্রাদুর্ভাবঃ, অভূৎ যঃ অসৌ দ্বাদশাদিত্যানাং মধ্যে অবরজঃ সর্ব্বতঃ কনিষ্ঠঃ, বামনরূপধৃক্ হ্রস্ব-স্বরূপধারী সঃ বিষ্ণুঃ এব ॥ ৩ ॥

সপ্ত মন্বন্তরাণি ময়া সংক্ষেপতঃ তে উক্তানি; অথ ইদানীং বিষ্ণোঃ শক্ত্যা অবতারেণ অন্বিতানি যুক্তানি ভবিষ্যাণি মন্বন্তরাণি অথ বক্ষ্যামি ॥ ৪ ॥

বিবস্বতঃ চ দ্বে জায়ে ভার্য্যে, তে উভে অপি বিশ্বকর্ম্মণঃ সুতে তয়োঃ নাম সঙ্গা ছায়া চ; হে রাজেন্দ্র! প্রাক্ ষষ্ঠস্কন্ধে তব ত্বাং ময়া অভিহিতে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ভগবতো জন্মাবতার স্তমেবাহ আদিত্যানাং বিবস্বান্ অর্য্যমা পূষা ইত্যাদ্যুক্তানাং মধ্যে অবরং জন্ম যস্য সঃ ॥ ৩ ॥

শক্ত্যা অবতারেণান্বিতানি ॥ ৪ ॥

অষ্টমং মনুং বক্তুং কথামাহ বিবস্বত ইতি ত্রিভিঃ ॥ ৫ ॥

নামক ঋষিগণই সপ্তর্ষি নামে অভিহিত হইয়াছেন ॥ ২ ॥

এই মন্বন্তরে কশ্যপ ঋষির ঔরসে তদীয়া পত্নী অদিতির গর্ভে ভগবান্ বিষ্ণু বামন মূর্ত্তিতে অবতীর্ণ হন। ইনি দ্বাদশ আদিত্যের মধ্যে সর্ব্বকানিষ্ঠ বামন-বিগ্রহধারী বামন ॥ ৩ ॥

হে রাজন্! সপ্তম মন্বন্তরের বৃত্তান্ত আমি আপনার নিকট সংক্ষেপে বর্ণন করিলাম, এক্ষণে ভগবচ্ছক্তির প্রকটনে অবতার বিশেষের সংস্রবে সংশ্লিষ্ট ভাবী মন্বন্তরের বিষয় বর্ণন করিতেছি! শ্রবণ করুন! ॥ ৪ ॥

সংজ্ঞা এবং ছায়া নামে বিশ্বকর্ম্মার যে দুইটী কন্যা ছিলেন, তাঁহারা উভয়েই বিবস্বত মনুকে পতিত্বে বরণ করেন। হে রাজন্! ইহাঁদের কথা আমি পূর্ব্বে ষষ্ঠ স্কন্ধেই আপনার নিকট বর্ণন করিয়াছি ॥ ৫ ॥

কেহ কেহ বড়বা নামে বিবস্বত মনুর তৃতীয়া পত্নীর উল্লেখ করিয়া থাকেন; কিন্তু আমি যতদূর অবগত আছি, তাহাতে প্রথমা পত্নী সঙ্গাই

তৃতীয়াং বড়বামেকে তাসাং সংজ্ঞাসুতা স্ত্রয়ঃ।
যমো যমী শ্রাদ্ধদেব শ্ছায়ায়াশ্চ সুতান্ শৃণু ॥ ৬ ॥
সাবর্ণি স্তপতী কন্যা ভার্য্যা সম্বরণস্য যা।
শনৈশ্চর স্তৃতীয়োঽভূদশ্বিনৌ বড়বাত্মজৌ ॥ ॥
অষ্টমেঽন্তর আয়াতে সাবর্ণি র্ভবিতা মনুঃ।
নির্ম্মোক-বিরজস্কাদ্যাঃ সাবর্ণিতনয়া নৃপ ॥
তত্র দেবাঃ সুতপসো বিরজা অমৃতপ্রভাঃ।
তেষাং বিরোচন-সুতো বলিরিন্দ্রো ভবিষ্যতি ॥ ৭ ॥

অন্বয়ঃ।

একে বড়বাং অপি তৃতীয়াং ভার্য্যাং আহুঃ। তাসাং স্ত্রীণাং মধ্যে যমঃ যমী যমুনা, শ্রাদ্ধদেবঃ ইতি ত্রয়ঃ সংজ্ঞায়াঃ সুতাঃ জাতাঃ। ছায়ায়াঃ সুতান্ শৃণু ॥ ৬ ॥

সাবর্ণিঃ পুত্রঃ, তপতী নাম্নী কন্যা যা চ সম্বরণস্য ভার্য্যা জাতা, শনৈশ্চরঃ তৃতীয়ঃ পুত্রঃ, অভূৎ। বড়বায়াঃ আত্মজৌ অশ্বিনৌ ॥

অষ্টমে মন্বন্তরে আয়াতে সতি বিবস্বতঃ পুত্রঃ সাবর্ণিঃ মনুঃ ভবিতা ভবিষ্যতি, তস্মিন্ কালে, নির্ম্মোকঃ বিরজাস্কাদ্যাঃ তৎসুতাঃ আসন্ ॥

সুতপসঃ বিরজাঃ অমৃতপ্রভাঃ ইতি সঙ্গকাঃ দেবাঃ ভবিষ্যন্তি ; তেষাং মধ্যে বিরোচনসুতঃ বলিঃ, ইন্দ্রঃ ভবিষ্যতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

একে বড়বাং তৃতীয়ামাহুঃ। মমতু সংজ্ঞৈব বড়বেতি মতং। তদুক্তং ষষ্ঠে সৈব ভূত্বাথ বড়বা নাসত্যৌ সুষুবে ভুবীতি। যমশ্চ যমীচ যমুনা শ্রাদ্ধদেবশ্চেতি ত্রয়ঃ সুতাঃ ॥ ৬ ॥

সাবর্ণিঃ পুত্রঃ ॥ ৭ ॥

বড়বা নামে প্রসিদ্ধা ছিলেন। এই সংজ্ঞানাম্নী পত্নীর গর্ভে যম, যমুনা এবং শ্রাদ্ধদেব নামে তিনটী পুত্র জন্ম গ্রহণ করেন। এবং ছায়ার গর্ভে যে সকল সন্তান জন্মে, তাহাদের নাম উল্লেখ করিতেছি ; শ্রবণ করুন ! ॥ ৬ ॥

সাবর্ণি নামে তাঁহার এক পুত্র এবং তপতী নামে এক কন্যা জন্মে ; এই কন্যা সম্বরণকে পতিত্বে বরণ করেন। তৎপরে বিবস্বতের এক পুত্র জন্মে ; তাঁহার নাম শনৈশ্চর। বড়বার গর্ভে অশ্বিনীকুমারদ্বয় জন্ম গ্রহণ করেন ॥

অষ্টম মন্বন্তর উপস্থিত হইলে, এই সাবর্ণিই মনু হইবেন ; এবং হে নরনাথ ! উক্ত সাবর্ণির নির্ম্মোক ও বিরজস্কাদি পুত্র সমূহ জন্ম গ্রহণ করিবেন ॥

তদীয় মন্বন্তর কালে সুতপা বিরজা এবং অমৃতপ্রভা নামে দেবতাগণ আবির্ভূত হইবেন ; এবং বিরোচন-নন্দন বলি তাঁহাদের ইন্দ্র হইবেন ॥ ৭ ॥

দত্ত্বেমাং যাচমানায় বিষ্ণবে যঃ পদত্রয়ং।
রাদ্ধমিন্দ্রপদং হিত্বা ততঃ সিদ্ধিমবাপ্স্যতি ॥
যোঽসৌ ভগবতা বদ্ধঃ প্রীতেন সুতলে পুনঃ।
নিবেশিতোঽধিকে স্বর্গাদধুনাস্তে স্বরাড়িব ॥ ৮ ॥
গালবো দীপ্তিমান্ রামো দ্রোণপুত্রঃ কৃপস্তথা।
ঋষ্যশৃঙ্গঃ পিতাস্মাকং ভগবান্ বাদরায়ণঃ ॥ ৯ ॥
ইমে সপ্তর্ষয়স্তত্র ভবিষ্যন্তি স্বযোগতঃ।

অন্বয়ঃ।

যঃ বলিঃ পদত্রয়ং যাচমানায় বিষ্ণবে ইমাং মহীং দত্ত্বা রাদ্ধং ইন্দ্রপদং (ভোগাবসানে) হিত্বা ততঃ সিদ্ধিং ভগবদ্ধাম-প্রাপ্তিরূপাং মুক্তিং, অবাপ্স্যতি ॥

যঃ অসৌ বলিঃ প্রীতেন ভগবতা বদ্ধঃ, পুনঃ চ স্বর্গাৎ অধিকে অধিকসুখে, সুতলে নিবেশিতঃ সন্ অধুনাপি স্বরাড়িব ইন্দ্রঃ ইব আস্তে ॥ ৮ ॥

তস্মিন্ মন্বন্তরে গালবঃ দীপ্তিমান্ রামঃ পরশুরামঃ, দ্রোণপুত্রঃ অশ্বত্থামা, কৃপঃ, ঋষ্যশৃঙ্গঃ, অস্মাকং পিতা বাদরায়ণঃ ব্যাসঃ ইতি সপ্তর্ষয়ঃ ভবিষ্যন্তি; হে রাজন্! স্বযোগতঃ স্বযোগপ্রভাবেণ স্বে স্বে আশ্রমমণ্ডলে ইদানীং তে আসতে ॥ ৯ ॥

দেবগুহ্যাৎ দেবগুহ্যাখ্যপিতুঃ সকাশাৎ, সরস্বত্যাং তদাখ্যায়াং মাতরি, সার্ব্বভৌমঃ ইতি

শ্রীধরস্বামী

পদত্রয়ং যাচমানায় ইমাং সর্ব্বাং মহীং। সপ্তমে মন্বন্তরে বিষ্ণোঃ প্রসাদাদেব রাদ্ধং লব্ধমিন্দ্রপদং হিত্বেত্যর্থঃ ॥ ৮ ॥

রামঃ পরশুরামঃ। দ্রোণপুত্রঃ অশ্বত্থামা ॥ ৯ ॥

অহো! বামন-বিগ্রহধারী ভগবান্ বিষ্ণু ছলনা করত, ত্রিপাদ ভূমি এই বলির নিকট যখন যাচ্ঞা করেন, তখন ভক্ত বলি দুর্ল্লভ স্বর্গরাজ্যকেও তুচ্ছ করিয়া, এই ধরণী ধাম বিষ্ণুকে প্রদান করেন; এবং ভোগাবসানে ইন্দ্রপদ পরিত্যাগ করত, ভগবৎ সামীপ্য লাভে মোক্ষপদে গমন করেন ॥

অহো! বলির এতাদৃশ উদার এবং স্পৃহাশূন্য কার্য্যে ভগবান্ প্রসন্ন হইয়া, তাঁহাকে বন্ধন করেন; পরে স্বর্গাপেক্ষা সুখকর সুতলে তাঁহাকে স্থাপন করেন। বলিরাজ অদ্যাবধি সেই সুতলে অবস্থান পূর্ব্বক, ইন্দ্রের ন্যায় আধিপত্য করিতেছেন ॥ ৮ ॥

তৎকালে গালব, দীপ্তিমান্ পরশুরাম, দ্রোণপুত্র অশ্বত্থামা, কৃপাচার্য্য, ঋষ্যশৃঙ্গ এবং আমাদের পিতা ভগবান্ বেদব্যাস সপ্তর্ষি নামে অভিহিত হইবেন ॥ ৯ ॥

ইদানীমাসতে রাজন্ স্বে স্বে আশ্রমমণ্ডলে ॥
দেবগুহ্যাৎ সরস্বত্যাং সার্ব্বভৌম ইতি প্রভুঃ।
স্থানং পুরন্দরাদ্ধৃত্বা বলয়ে দাস্যতীশ্বরঃ ॥
নবমো দক্ষসাবর্ণি র্ম্মনুর্ব্বরুণসম্ভবঃ।
ভূতকেতু-র্দীপ্তকেতুরিত্যাদ্যা স্তৎসুতা নৃপ ॥
পারা মরীচিগর্ভাদ্যা দেবা ইন্দ্রোঽদ্ভুতঃ স্মৃতঃ।
দ্যুতিমৎ প্রমুখাস্তত্র ভবিষ্যন্ত্যৃষয়ঃ সুতঃ ॥ ১০ ॥
আয়ুষ্মতোঽম্বুধারায়ামৃষভো ভগবান্ কিল।
ভবিতা যেন সংরাদ্ধাং ত্রিলোকীং ভোক্ষ্যতেঽদ্ভুতঃ ॥

অন্বয়ঃ।

নায়া প্রভুঃ ভগবান্ অবতরিষ্যতি। তথা পুরন্দরাৎ স্থানং স্বর্গং, হৃত্বা ঈশ্বরঃ বলয়ে দাস্যতি ॥

হে নৃপ! বরুণসম্ভবঃ বরুণপুত্রঃ দক্ষসাবর্ণিঃ নবমঃ মনুঃ ভবিষ্যতি। ভূতকেতুঃ দীপ্তকেতুঃ ইত্যাদ্যাঃ তৎসুতাঃ ভবিষ্যন্তি ॥

তত্র মন্বন্তরে পারা-মরীচিগর্ভাদ্যাঃ দেবাঃ ভবিষ্যন্তি, তেষু অদ্ভুতনাম্না স্মৃতঃ প্রসিদ্ধঃ, ইন্দ্রঃ ভবিষ্যতি। তত্র তস্মিন্ মন্বন্তরে দ্যুতিমৎপ্রমুখাঃ সপ্তর্ষয়ঃ ভবিষ্যন্তি ॥ ১০ ॥

তত্র আয়ুষ্মতঃ পিতুঃ সকাশাৎ অম্বুধারায়াং মাতরি ঋষভঃ নাম ভগবৎকলা ভবিতা ভবিষ্যতি; যেন ঋষভেণ সংরাদ্ধাং সংসিদ্ধাং স্ববশীকৃতাং ত্রিলোকীং অদ্ভুতঃ ইন্দ্রঃ ভোক্ষ্যতে ॥

শ্রীধরস্বামী।

ইদানীন্তু স্বযোগত আসতে ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আদিত্যাদয়ো দেবা ইত্যন্বয়ঃ ॥ ২—১০ ॥

হে নরনাথ! এক্ষণে পূর্ব্বোক্ত তাঁহারা সকলে স্ব স্ব আশ্রমে যোগাবলম্বন পূর্ব্বক অবস্থান করিতেছেন ॥

দেবগুহ্যের ঔরসে এবং তদীয়া পত্নী সরস্বতীর গর্ভে প্রভু পরমেশ্বর সার্ব্বভৌম নামে অবতীর্ণ হইবেন এবং পুরন্দর নামক ইন্দ্রের নিকট হইতে স্বর্গ রাজ্য গ্রহণ করত, এই বলিকে প্রদান করিবেন ॥

বরুণ-পুত্র দক্ষসাবর্ণি নবম মনু হইবেন; এবং ভূতকেতু ও দীপ্তকেতু প্রভৃতি কয়একটী তাঁহার পুত্র হইবেন ॥

এই মন্বন্তরে পারা এবং মরীচিগর্ভাদি কয়এক জন দেবতা হইবেন; তন্মধ্যে অদ্ভুতই তাঁহাদের ইন্দ্র হইবেন; এবং দ্যুতিমান্ প্রভৃতি ব্রাহ্মণগণ সপ্তর্ষি নামে অভিহিত হইবেন ॥ ১০ ॥

দশমো ব্রহ্মসাবর্ণি রুপশ্লোকসুতো মহান্।
তৎসুতা ভূরিষেণাদ্যা হবিষ্মৎপ্রমুখা দ্বিজাঃ ॥ ১১ ॥
হবিষ্মান্ সুকৃতঃ সত্যো জয়ো মূর্ত্তি স্তদা দ্বিজাঃ।
সুবাসনা বিরুদ্ধাদ্যা দেবাঃ শম্ভুঃ সুরেশ্বরঃ ॥ ১২ ॥
বিষ্বক্সেনো বিসূচ্যান্তু শম্ভোঃ সখ্যং করিষ্যতি।
জাতঃ স্বাংশেন ভগবান্ গৃহে বিশ্বসৃজাং বিভুঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

উপশ্লোকস্য সুতঃ মহান্ ব্রহ্মসাবর্ণিঃ দশমঃ মনুঃ ভবিষ্যতি; ভূরিসেনাদ্যাঃ তৎসুতাঃ ভবিষ্যন্তি; হবিষ্মৎপ্রমুখাঃ (তথা হবিষ্মান্ পৌলহশ্চৈব সুকৃতিশ্চৈব ভার্গবঃ। জয়ো মূর্ত্তি স্তথাত্রেয়ো বশিষ্ঠশ্চাষ্টমঃ স্মৃতঃ। পৌলস্ত্যঃ প্রমতিশ্চৈব নাভাগশ্চৈব কাশ্যপঃ। অঙ্গিরা নভসঃ সত্যঃ সপ্তৈতে চ মহর্ষয়ঃ ইতি তথা সুবাসনা বিরুদ্ধাদ্যাঃ দেবাঃ ভবিষ্যন্তি; শম্ভুঃ সুরেশ্বরঃ ইন্দ্রঃ, ভবিষ্যতি ॥ ১২ ॥

তত্র বিশ্বসৃজাং গৃহে বিসূচ্যাং মাতরি স্বাংশেন জাতঃ বিষ্বক্সেনঃ ভগবান্ বিভুঃ শম্ভোঃ সখ্যং করিষ্যতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

অদ্ভুত ইন্দ্রঃ ॥ ১১ ॥
হবিষ্মৎপ্রমুখা ইত্যুক্তানামেব কেষাঞ্চিন্নামান্যাহ হবিষ্মানিতি ॥ ১২ ॥
বিসূচ্যাং জাতঃ সন্ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদ্ভুত ইন্দ্রঃ ॥ ১১ ॥ ১২ ॥

এই সময়ে আয়ুষ্মানের ঔরসে এবং তদীয়া পত্নী অম্বুধারার গর্ভে ভগবান্ বিষ্ণু ঋষভ-নামে অবতীর্ণ হইবেন। এই ভগবান্ ঋষভই বিশেষ আনুকূল্যের প্রকাশে সর্ব্ব-সম্পৎ-সমৃদ্ধা ত্রৈলোক্য-রাজ্য দেবরাজ অদ্ভুতকে ভোগ করাইবেন ॥

উপশ্লোক-নন্দন মহাত্মা ব্রহ্মসাবর্ণি দশম মনু নামে প্রসিদ্ধ হইবেন; ভূরিষেণাদি নামে তাঁহার কয়একটী পুত্র জন্মিবে এবং হবিষ্মান্ প্রভৃতি কয়এক জন ব্রাহ্মণ হইবেন ॥ ১০ ॥

অর্থাৎ হবিষ্মান্ সুকৃত সত্য জয় মূর্ত্তি প্রভৃতি দ্বিজগণ সপ্তর্ষি হইবেন; সুবাসন ও বিরুদ্ধাদি কয়এক জন তৎসাময়িক দেবতা হইবেন এবং তাঁহাদের মধ্যে শম্ভুই সর্ব্বাধিপতি ইন্দ্র হইয়া, ত্রিভুবনকে শাসন করিবেন ॥ ১২ ॥

এই মন্বন্তরে বিশ্বসৃক্ পিতার ঔরসে তদীয়া পত্নী বিসূচীর গর্ভে ভগবান্ বিষ্ণু স্বীয় অংশে জন্ম গ্রহণ করত, বিষ্বক্সেন নামে অভিহিত হইবেন;

মনুর্বৈ ধর্ম্মসাবর্ণিরেকাদশম আত্মবান্।
অনাগতা স্তৎসুতাশ্চ সত্যধর্ম্মাদয়ো দশ ॥
বিহঙ্গমাঃ কালগমা নির্ব্বাণ-রুচয়ঃ সুরাঃ।
ইন্দ্রশ্চ বৈধৃতস্তেষামৃষয়শ্চারুণাদয়ঃ ॥
আর্য্যকস্য সুত স্তত্র ধর্ম্মসেতু রিতি স্মৃতঃ।
বৈধৃতায়াং হরেরংশ স্ত্রিলোকীং ধারয়িষ্যতি ॥
ভবিতা রুদ্রসাবর্ণী রাজন্ দ্বাদশমো মনুঃ।
দেববানুপদেবশ্চ দেবশ্রেষ্ঠাদয়ঃ সুতাঃ ॥

অন্বয়ঃ।

আত্মবান্ ভগবদ্ভক্তঃ ধর্ম্মসাবর্ণিঃ একাদশমঃ মনুঃ বৈ ভবিষ্যতি; তস্য সত্য-ধর্ম্মাদয়ঃ দশসুতাঃ অনাগতাঃ ভাব্যাঃ ॥

তস্মিন্ মন্বন্তরে বিহঙ্গমাদ্যাঃ সুরাঃ দেবাঃ, তথা তেষাং মধ্যে বৈধৃতঃ ইন্দ্রঃ তথা চারুণাদয়ঃ ঋষয়ঃ ভবিষ্যন্তি ॥

তস্মিন্ অপি মন্বন্তরে আর্য্যকস্য পিতুঃ সুতঃ বৈধৃতায়াং মাতরি প্রাদুর্ভূতঃ হরেঃ অংশঃ ভগবদবতাররূপঃ ধর্ম্মসেতুঃ ইতি নাম্না স্মৃতঃ ত্রিলোকীং ধারয়িষ্যতি ॥

হে রাজন্! রুদ্রসাবর্ণিঃ দ্বাদশমঃ মনুঃ ভবিতা ভবিষ্যতি, দেববানাদয়ঃ তস্য সুতাঃ ভবিষ্যন্তি ॥

শ্রীধরস্বামী।

একাদশম ইত্যাদিরার্ষঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষূচ্যাং জাতঃ সন্ ॥ ১৩ ॥ ১৪ ॥

এবং তাৎকালিক দেবরাজ শম্ভুর সহিত তাঁহার বিশেষ সখ্যতা হইবে ॥ ১৩ ॥

বিষ্ণুভক্তি-পরায়ণ জিতেন্দ্রিয় ধর্ম্মসাবর্ণি একাদশ মনু হইবেন। সত্য এবং ধর্ম্মাদি নামে তাঁহার দশ জন পুত্র জন্ম গ্রহণ করিবেন ॥

বিহঙ্গম, কালগম এবং নির্ব্বাণ ও রুচি প্রভৃতি তৎকালে দেবতা হইবেন এবং তাঁহাদের মধ্যে বৈধৃতই ইন্দ্র হইবেন এবং চারুণাদি দ্বিজগণ সপ্তর্ষি হইবেন॥

এই সময়ে বৈধৃতার গর্ভে তদীয় পতি আর্য্যকের ঔরসে ভগবান্ আবির্ভূত হইয়া, ধর্ম্মসেতু নামে অভিহিত হইবেন। শ্রীহরির অংশসম্ভূত ভগবান্ ধর্ম্মসেতু এই ত্রৈলোক্যরাজ্য ধারণ করিবেন ॥

হে রাজেন্দ্র! তৎপরে রুদ্রসাবর্ণি দ্বাদশ মনু হইবেন। দেববান্ উপদেব এবং দেবশ্রেষ্ঠাদি নামে তাঁহার কয়একটী পুত্র জন্মিবে ॥

ঋতধামা চ তত্রেন্দ্রো দেবাশ্চ হরিতাদয়ঃ।
ঋষয়শ্চ তপোমূর্ত্তি স্তপস্বাগ্নীধ্রকাদয়ঃ ॥ ১৪ ॥
সুধামাখ্যো হরেরংশঃ সাধয়িষ্যতি তন্মনোঃ।
অন্তরং সত্যসহসঃ সূনৃতায়াঃ সুতো বিভুঃ ॥
মনু স্ত্রয়োদশো ভাব্যো দেবসাবর্ণিরাত্মবান্।
চিত্রসেনবিচিত্রাদ্যা দেবসাবর্ণি-দেহজাঃ ॥
দেবাঃ সুকর্ম্ম-সুত্রাম-সংজ্ঞা ইন্দ্রো দিবস্পতিঃ।
নির্ম্মোক-তত্ত্বদর্শাদ্যা ভবিষ্যন্ত্যৃষয় স্তদা ॥ ১৫ ॥
দেবহোত্রস্য তনয় উপহর্ত্তা দিবস্পতেঃ।

অন্বয়ঃ।

তত্র মন্বন্তরে ঋতধামা ইন্দ্রঃ ভবিষ্যতি, হরিতাদয়ঃ দেবাঃ তথা তপোমূর্ত্ত্যাদয়ঃ সপ্ত ঋষয়ঃ ভবিষ্যন্তি ॥ ১৪ ॥

সত্যসহসঃ পিতুঃ সূনৃতায়াঃ মাতুঃ সুতঃ সন্ বিভুঃ সুধামাখ্যঃ, হরেঃ অংশঃ ভগবদবতারঃ তস্য মনোঃ অন্তরং মন্বন্তরং, সাধয়িষ্যতি মন্বাদীন্ পালয়িষ্যতি ॥

আত্মবান্ দেবসাবর্ণিঃ ত্রয়োদশ মনুঃ ভাব্যঃ ভবিষ্যতি। চিত্রসেনাদয়ঃ দেবসাবর্ণেঃ দেহজাঃ পুত্রাঃ, ভবিষ্যন্তি ॥

তদা তস্মিন্ মন্বন্তরে সুকর্ম্ম-সুত্রাম-সংজ্ঞাঃ দেবাঃ ভবিষ্যন্তি। দিবস্পতিঃ নাম ইন্দ্রঃ ভবিষ্যতি ; নির্ম্মোক-তত্ত্বদর্শাদ্যাঃ ঋষয়ঃ ভবিষ্যন্তি ॥ ১৫ ॥

বৃহত্যাং মাতরি অবতীর্ণঃ দেবহোত্রস্য তনয়ঃ যোগেশ্বরাখ্যঃ হরেঃ অংশঃ ভগবদবতারঃ

শ্রীধরস্বামী।

তস্য মনোরন্তরং সাধয়িষ্যতি সত্যসহসঃ সূনৃতায়াঃ সুতঃ সন্ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোরন্তরং মন্বন্তরমিত্যর্থঃ। সহসঃ পিতুঃ ॥ ১৫ ॥

তৎকালে ঋতধামা ইন্দ্র হইবেন ; এবং হরিতাদিগণ দেবতা হইবেন ; এবং তপোমূর্ত্তি, তপস্বী ও অগ্নিধ্র প্রভৃতি সপ্তর্ষি হইবেন ॥ ১৪ ॥

সেই মন্বন্তরে সত্যসহা ব্রাহ্মণের ঔরসে এবং সুনৃতা নাম্নী তদীয়া ভার্য্যার গর্ভে ভগবানের অংশ সুধামা নামে অবতীর্ণ হইয়া, তৎকালীন মনুর রাজত্বকাল পবিত্র করিবেন ॥

পবিত্রাত্মা দেবসাবর্ণি ত্রয়োদশ মনু হইবেন। চিত্রসেন ও বিচিত্রাদি নামে উক্ত দেবসাবর্ণির কয়একটী পুত্র হইবে। সুকর্ম্মা ও সুত্রাম নামে দেবতা হইবেন ; দিবস্পতি দেবরাজ হইবেন, ও নির্ম্মোক এবং তত্ত্বদর্শী

যোগেশ্বরো হরেরংশো বৃহত্যাং সংভবিষ্যতি ॥
মনুর্ব্বা ইন্দ্রসাবর্ণি শ্চতুর্দ্দশম এষ্যতি।
উরুগম্ভীর ব্রধ্নাদ্যা ইন্দ্রসাবর্ণি-বীর্য্যজাঃ ॥
পবিত্রা শ্চাক্ষুষা দেবাঃ শুচিরিন্দ্রো ভবিষ্যতি।
অগ্নিবাহুঃ শুচিঃ শুদ্ধো মাগধাদ্যা স্তপস্বিনঃ ॥ ১৬ ॥
সত্রায়ণস্য তনয়ো বৃহদ্ভানু স্তদা হরিঃ।
বিতানায়াং মহারাজ ক্রিয়াতন্তূন্ বিতায়িতা ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

দিবস্পতেঃ ইন্দ্রস্য উপহর্ত্তা ত্রিলোকীরাজ্য-সম্পাদকঃ সত্তবিষ্যতি ॥

ইন্দ্রসাবর্ণিঃ চতুর্দ্দশমঃ চতুর্দ্দশঃ মনুঃ এষ্যতি আগমিষ্যতি। উরুগম্ভীর-ব্রধ্নাদ্যাঃ তস্য ইন্দ্রসাবর্ণেঃ বীর্য্যজাঃ পুত্রাঃ, ভবিষ্যন্তি ॥

পাবত্রাঃ চাক্ষুষাদয়ঃ তত্র দেবাঃ ভবিষ্যন্তি; শুচিসংজ্ঞকঃ ইন্দ্রঃ ভবিষ্যতি; অগ্নিবাহুঃ শুচিঃ শুদ্ধঃ মাগধাদ্যাঃ তপস্বিনঃ সপ্তর্ষয়ঃ ভবিষ্যন্তি। আগ্নিধ্রঃ কাশ্যপশ্চৈব পৌলস্ত্যো মাগধস্তথা ভার্গবোঽগ্নিবাহুশ্চ শুচিরাঙ্গিরস স্তথা। মুক্তশ্চৈব তথাত্রেয়ঃ শুদ্ধো বাশিষ্ঠ এব চ। অজিতঃ পৌলহশ্চৈব অন্ত্যাঃ সপ্তর্ষয়শ্চ তে ইতি হরিবংশোক্তেঃ ॥ ১৬ ॥

হে মহারাজ! তদা তস্মিন্ মন্বন্তরে বিতানায়াং মাতরি প্রাদুর্ভূতঃ সত্রায়ণস্য পিতুঃ তনয়ঃ সন্ বৃহদ্ভানুসংজ্ঞকঃ হরিঃ ক্রিয়াতন্তূন্ কর্ম্মসন্ততীঃ বিতায়িতা বিস্তারিয়িষ্যতি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

দিবস্পতেরিন্দ্রস্য উপহর্ত্তা সম্পাদকো ভবিষ্যতি ॥ ১৬ ॥

ক্রিয়াতন্তূন্ ক্রিয়াসন্ততীঃ বিতায়িতা বিস্তারয়িষ্যতি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিবস্পতে রিন্দ্রস্য। উপহর্ত্তা উপকর্ত্তা ॥ ১৬ ॥ তপস্বিন ঋষয়ঃ ॥ ১৭ ॥

প্রভৃতি দ্বিজগণ সপ্তর্ষি হইবেন ॥ ১৫ ॥

বৃহতীর গর্ভে আপনার পতি দেবহোত্র নামক ব্রাহ্মণের ঔরসে ভগবানের অংশ যোগেশ্বর নামে অবতীর্ণ হইবেন ॥

ইন্দ্রসাবর্ণি চতুর্দ্দশ মনু নামে অবতীর্ণ হইবেন। উরুগম্ভীর ও ব্রধ্নাদি নামে এই ইন্দ্র সাবর্ণির কয়একটী পুত্র জন্মিবে ॥

পবিত্র ও চাক্ষুষগণ দেবতা হইবেন এবং তন্মধ্যে শুচি ইন্দ্র হইবেন; এবং অগ্নিবাহু, শুচি, শুদ্ধ, মাগধ প্রভৃতি মহাত্মা তপস্বিগণ সপ্তর্ষি হইবেন ॥ ১৬ ॥

বিতানার গর্ভে সত্রায়ণ ব্রাহ্মণের ঔরসে ভগবান্ শ্রীহরি বৃহদ্ভানু নামে অবতীর্ণ হইয়া, হে মহারাজ ক্রিয়া-কলাপের বিস্তার করিবেন ॥ ১৭ ॥

রাজং শ্চতুর্দ্দশৈতানি ত্রিকালানুগতানি তে।
প্রোক্তান্যেভি র্মিতঃ কল্পো যুগসাহস্র-পর্য্যয়ঃ ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা মষ্টমস্কন্ধে মন্বন্তরানুবর্ণনে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

রাজোবাচ।
মন্বন্তরেষু ভগবন্ যথা মন্বাদয়স্ত্বিমে।
যস্মিন্ কর্ম্মণি যে যেন নিযুক্তা স্তদ্বদস্ব মে ॥ ১ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! ত্রিকালানুগতানি (ত্রিষু ভূত-ভবিষ্যদ্বর্ত্তমানেষু কালেষু অনুগতানি বর্ত্তমানানি) এতানি চতুর্দ্দশ মন্বন্তরাণি তে তুভ্যং ময়া প্রকর্ষেণ উক্তানি। এভিঃ চতুর্দ্দশভিঃ মন্বন্তরৈঃ যুগসাহস্রেণ পর্য্যায়ঃ পরিবর্ত্তঃ যস্য ব্রহ্মদিবসাত্মকস্য, সঃ কল্পঃ মিতঃ ॥ ১৮ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! ইমে মন্বাদয়ঃ স্ব স্ব মন্বন্তরেষু যস্মিন্ কর্ম্মণি যে যথা যেন নিযুক্তাঃ তৎ মে বদস্ব ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

যুগসাহস্রেণ পর্য্যায়ঃ পরিবর্ত্তো যস্য যুগ-সাহস্র-প্রমাণ ইত্যর্থঃ ॥ ১৮ ॥

॥ * ॥ ইত্যষ্টমে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশে তু সর্ব্বেষাং মন্বাদীনাং যথাযথং। পৃথক্ কর্ম্মাণি বর্ণ্যন্তে ভগবদ্বশবর্ত্তিনাং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুগসহস্রেণ পর্য্যায়োঽন্তো যস্য সঃ ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রয়োদশোঽষ্টমস্যায়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মন্বাদীনান্তু কর্ম্মাণি যস্মাৎ যানি ভবন্ত্যথ। চতুর্দ্দশে প্রকথ্যন্তে তেষাং তানি পৃথক্ পৃথক্ ॥ ১ ॥

হে রাজন্! ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান এই কাল-ত্রয়ানুগত চতুর্দ্দশ মনুর বিবরণ আপনার নিকট বর্ণন করিলাম! এই চতুর্দ্দশ মন্বন্তরাবচ্ছিন্ন কালের দ্বারা যুগ-সহস্রের পরিমাণ হইয়া থাকে ॥ ১৮ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রয়োদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! আপনি সর্ব্বজ্ঞ; কিছুই আপনার অবিদিত নাই; এই মন্বন্তর-সমূহে মন্বাদি দেবতাবর্গ যে অভিপ্রায়ে জন্ম

অ ভাস।

চতুর্দ্দশ অধ্যায়ে ভগবদ্বশবর্ত্তি মন্বাদি সকলের পৃথক্ পৃথক্ কর্ম্মাদি বর্ণন ॥

শ্রীশুক উবাচ ॥

মনবো মনুপুত্রাশ্চ মুনয়শ্চ মহীপতে।
ইন্দ্রাঃ সুরগণাশ্চৈব সর্ব্বে পুরুষশাসনাঃ ॥ ২ ॥
যজ্ঞাদয়ো যাঃ কথিতাঃ পৌরুষ্য স্তনবো নৃপ।
মন্বাদয়ো জগদ্‌যাত্রাং নয়ন্ত্যাভিঃ প্রচোদিতাঃ ॥ ৩ ॥
চতুর্যুগান্তে কালেন গ্রস্তান্ শ্রুতিগণান্ যথা।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে মহীপতে! মন্বাদয়ঃ সর্ব্বে পুরুষশাসনাঃ (পুরুষেণ ভগবতা যজ্ঞাদ্যবতারৈঃ শিষ্যন্তে তত্তৎ কর্ম্মসু নিযুজ্যন্তে ইতি তথাভূতাঃ) এব ॥ ২ ॥

হে নৃপ! যাঃ যজ্ঞাদয়ঃ পৌরুষ্যঃ পুরুষস্য ভগবতঃ তনবঃ অবতার-মূর্ত্তয়ঃ ময়া কথিতাঃ আভিঃ মূর্ত্তিভিঃ প্রচোদিতাঃ প্রেরিতাঃ, সন্তঃ মন্বাদয়ঃ জগতঃ যাত্রাং নয়ন্তি নির্ব্বাহং কুর্ব্বন্তি (জগতঃ সৃষ্ট্যাদি স্থিত্যর্থং তত্তৎকর্ম্মাণি কুর্ব্বন্তি) ॥ ৩ ॥

কালেন গ্রস্তান্ বিলোপিতান্ শ্রুতিগণান্ চতুর্যুগস্য অন্তে কৃতযুগ-প্রবৃত্ত-সময়ে, তপসা স্বতপোবলেন ঋষয়ঃ যথা যথাবৎ অপশ্যন্ দৃষ্ট্বা ধর্ম্মপ্রচারার্থং লোকে বর্ণয়ন্তি যতঃ

শ্রীধরস্বামী।

পুরুষেণ ঈশ্বরেণ যজ্ঞাদ্যবতারৈঃ শাস্যন্তে নিযুজ্যন্তে ইতি তথা ॥ ২ ॥

তদেবাহ যজ্ঞাদয় ইতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরুষেণ যজ্ঞাদ্যবতাররূপেণ শাস্যন্ত ইতি তে তথা ॥ ২ ॥

শাসনমাহ যজ্ঞাদয় ইতি ॥ ৩ ॥

পরিগ্রহ করত, যিনি যে কার্য্যে যেরূপে নিযুক্ত হইয়াছিলেন, আনুপূর্ব্বিক আপনি সেই সকল কার্য্য বিবরণ আমাদের নিকট বর্ণন করুন! ॥ ১ ॥

ব্যাসনন্দন শুকদেব এতৎশ্রবণে বলিলেন যে, হে নরনাথ! যেমন রাজার আজ্ঞানুসারে রাজপুরুষগণ সকলে স্ব স্ব কার্য্যে নিযুক্ত হন, সেইরূপ প্রত্যেক মন্বন্তরে প্রত্যেক মনু, মনুপুত্রগণ, মুনিগণ, ইন্দ্রগণ এবং দেবতানিচয় এক পরম পুরুষ ভগবানের আজ্ঞাবহ হইয়াই কার্য্য করিয়াছিলেন ॥ ২ ॥

তত্তন্মন্বন্তরে যজ্ঞ প্রভৃতি ভগবদবতার-নিষ্ঠ যে সকল ভগবদ্বিগ্রহের কথা বর্ণিত হইয়াছে, সেই সমস্ত মূর্ত্তি কর্ত্তৃক নিয়োজিত হইয়া, মন্বাদি দেবতাগণ জগতের কার্য্য নির্ব্বাহ করিয়াছিলেন ॥ ৩ ॥

হে রাজেন্দ্র! যুগ-চতুষ্টয়ের অন্তে শ্রুতি-সমূহ কালগ্রাসে পতিত হইয়া বিনষ্টপ্রায় হইলে, তত্তন্মন্বন্তরোক্ত ঋষিগণ স্বকীয় তপঃপ্রভাবে স্বীয় অন্তরে তাহা

তপসা ঋষয়োঽপশ্যন্ যতো ধর্ম্মঃ সনাতনঃ ॥ ৪ ॥
ততো ধর্ম্মং চতুষ্পাদং মনবো হরিণোদিতাঃ।
যুক্তাঃ সঞ্চারয়ন্ত্যদ্ধা স্বে স্বে কালে মহীং নৃপ ॥ ৫ ॥
পালয়ন্তি প্রজাপালা যাবদন্তং বিভাগশঃ।
যজ্ঞভাগভুজো দেবা যেচ যত্রান্বিতাশ্চ তৈঃ ॥

অন্বয়ঃ।

বর্ণিতেভ্যঃ যেভ্যঃ শ্রুতিগণেভ্যঃ পুনঃ সনাতনঃ ধর্ম্মঃ প্রবর্ত্ততে ॥ ৪ ॥

ততঃ ঋষ্যুপদেশানন্তরং হরিণা অন্তর্যামিণা উদিতাঃ প্রেরিতাঃ, যুক্তাঃ সংযতান্তঃকরণাঃ, মনবঃ স্বে স্বে কালে চতুষ্পাদং ধর্ম্মং মহীং মহ্যাং, হে নৃপ অদ্ধা সাক্ষাৎএব, সঞ্চারয়ন্তি প্রবর্ত্তয়ন্তি ॥ ৫ ॥

বিভাগশঃ পুত্রপৌত্রাদিক্রমেণ প্রজাপালাঃ মনুপুত্রাঃ যে চ অন্যে দ্যাবা-পৃথিব্যাদয়ঃ যত্র কর্ম্মণি ভোক্তৃত্বেন অন্বিতাঃ তৈঃ চ সহ যত্র মন্বন্তরে যে যজ্ঞভাগভুজঃ দেবাঃ অনুকীর্ত্তিতাঃ তে, প্রজাঃ ধর্ম্মং চ যাবদন্তং মন্বন্তরাবসান-পর্য্যন্তং পালয়ন্তি ॥

শ্রীধরস্বামী।

ঋষ্যাদীনাং কর্ম্মাণ্যাহ চতুর্ভির্গাস্ত ইতি চতুর্ভিঃ। যতো যেভ্যঃ শ্রুতিগণেভ্যঃ ॥ ৪ ॥

উদিতা উক্তা যুক্তাঃ সংযতাঃ সন্তো মহীং ধর্ম্মং সঞ্চারয়ন্তি মহ্যাং ধর্ম্মং প্রবর্ত্তয়ন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

প্রাজাপালা মনুপুত্রা স্তং ধর্ম্মং পালয়ন্তি যাবদন্তং যাবন্মন্বন্তরাবসানং বিভাগশঃ পুত্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋষ্যাদীনাং কর্ম্মাণ্যাহ চতুর্ভির্গাস্তে যতঃ যেভ্যঃ ॥ ৪ ॥

মহীং ধর্ম্মং সঞ্চারয়ন্তি মহ্যাং ধর্ম্মং প্রবর্ত্তয়ন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

প্রজাপালা মনুপুত্রা স্তং ধর্ম্মং পালয়ন্তি যাবদন্তং মন্বন্তরাবতারপর্য্যন্তং বিভাগশঃ পুত্র-পৌত্রাদিক্রমেণ যেচ দেবা স্তে চ পালয়ন্তি ॥

অবলোকন করিয়া পুনরায় বেদের সংস্থাপন করিবেন। এই সমস্ত শ্রুতি হইতেই সনাতন ধর্ম্ম পুনঃ প্রকটিত হইয়া থাকে ॥ ৪ ॥

অনন্তর মনুগণ ভগবান্ শ্রীহরির আদেশ অনুসারে স্ব স্ব কালে সংযত হইয়া, এই ধরণী-মণ্ডলে চতুষ্পাদ ধর্ম্মের প্রচার করিয়া থাকেন ॥ ৫ ॥

প্রজাপাল মনুপুত্রগণ তত্তন্মন্বন্তরাবসান কাল পর্য্যন্ত পুত্রপৌত্রাদিক্রমে স্ব স্ব অধিকারে অবস্থান পূর্ব্বক, এই ধর্ম্মের প্রতিপালন করিয়া থাকেন। এদিকে যজ্ঞভাগভোগী যে সকল দেবতা যিনি স্বর্গ এবং মর্ত্তের যে যে কার্য্যে নিযুক্ত, তাঁহাদের সকলকে লইয়া, ইন্দ্র ভগবদ্দত্ত ত্রৈলোক্যের অত্যুৎকৃষ্ট ঐশ্বর্য্য

ইন্দ্রো ভগবতা দত্তাং ত্রৈলোক্যশ্রিয়মূর্জ্জিতাং।
ভুঞ্জানঃ পাতি লোকাংস্ত্রীন্ কামং লোকে প্রবর্ষতি ॥ ৬ ॥
জ্ঞানঞ্চানুযুগং ব্রূতে হরিঃ সিদ্ধ-স্বরূপধৃক্।
ঋষিরূপধরঃ কর্ম্ম যোগং যোগেশ-রূপধৃক্ ॥ ৭ ॥
সর্গং প্রজেশরূপেণ দস্যূন্ হন্যাৎ স্বরাড়্বপুঃ।
কালরূপেণ সর্ব্বেষামভবায় পৃথগ্গুণঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

ভগবতা দত্তাং ঊর্জ্জিতাং মহতীং ত্রৈলোক্যশ্রিয়ং ভুঞ্জানঃ এব ইন্দ্রঃ ত্রীন্ লোকান্ পাতি তথা লোকে কামং বর্ষতি ॥ ৬ ॥

সিদ্ধস্বরূপধৃক্ (সিদ্ধাঃ সনকাদয়ঃ তৎস্বরূপধৃক্) হরিঃ এব অনুযুগং তত্তদবসরে জ্ঞানং ব্রূতে ; ঋষিরূপধরঃ হরিঃ কর্ম্ম ব্রূতে, যোগেশরূপধৃক্ হরিঃ যোগং ব্রূতে ॥ ৭ ॥

প্রজেশরূপেণ সর্গং করোতি ; স্বরাড়্বপুঃ রাজমূর্ত্তিঃ সন্ দস্যূন্ হন্যাৎ, তথা পৃথক্‌গুণঃ সঃ হরিঃ এব কালরূপেণ সর্ব্বেষাং অভবায় নাশায়, ভবতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

পৌত্রাদিক্রমেণ যে চান্যে দ্যাবা-পৃথিব্যাদয়ো যত্র কর্ম্মণি ভোক্তৃত্বেনান্বিতা স্তৈশ্চ সহ ॥ ৬ ॥

প্রসঙ্গাদ্রূপান্তরৈরপি জগদ্‌যাত্রা-প্রবর্ত্তনমাহ জ্ঞানমিতি দ্বাভ্যাং। সিদ্ধাঃ সনকাদয়ঃ। ঋষয়ো যাজ্ঞবল্ক্যাদয়ঃ। যোগেশা দত্তাত্রেয়াদয়ঃ। তত্তদ্রূপঃ সন্ জ্ঞানং কর্ম্ম চ যোগঞ্চ ব্রূতে ॥ ৭ ॥

প্রজেশা মরীচ্যাদয় স্তেন রূপেণ সর্গং করোতীতি শেষঃ। স্বরাড়্বপু রাজমূর্ত্তিঃ। সর্ব্বেষাং অভবায় ভবতি। পৃথগ্বিধা গুণাঃ শীতোষ্ণাদয়ো যস্য ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্বাদিরূপেণ হরিরেব সর্ব্বং করোতীতি জ্ঞাপয়ন্ মন্বাদীনাং ষট্‌কমপি ন নিয়তমিত্যুক্তা-মুক্তং সংক্ষেপেণাহ জ্ঞানমিতি দ্বাভ্যাং। সিদ্ধাঃ সনকাদয়ঃ। যোগেশা দত্তাত্রেয়াদয়ঃ ॥ ৬ ॥

প্রজেশা মরীচ্যাদয়ঃ। স্বরাজো মনুপুত্রাঃ। কালা যৌবনবার্দ্ধকাদয়ঃ। অভবায় নাশায় ভবতি। পৃথগ্বিধঃ স্থৌল্যকার্শ্য-ধার্ষ্ট্য-পালিত্যাদয়ো গুণা যতঃ সঃ ॥ ৭ ॥ ৮ ॥

ভোগ করত, এই ত্রিভুবনকে প্রতিপালন করেন ; অর্থাৎ প্রয়োজনানুরূপ বারি প্রভৃতির যথাকালে বর্ষণ করত, ত্রৈলোক্যের প্রজাবর্গকে স্ব স্ব ভোগ কালে প্রতিপালন করিয়া থাকেন ॥ ৬ ॥

হে নরনাথ ! প্রতিযুগে ভগবান্ শ্রীহরি সনকাদি সিদ্ধ পুরুষগণের রূপ ধারণে আবির্ভূত হইয়া, জ্ঞানের উপদেশ, যাজ্ঞবল্ক্যাদি ঋষির রূপ ধারণে কর্ম্মের উপদেশ এবং দত্তাত্রেয়াদি যোগেশগণের রূপ পরিগ্রহে যোগের উপদেশ প্রদান করিয়া থাকেন। ৭ ।

তিনিই মরীচ্যাদি প্রজাপতিগণের রূপ ধারণে প্রজা সৃষ্টি করেন ; এবং

স্তূয়মানো জনৈরেভি র্মায়য়া নামরূপয়া।
বিমোহিতাত্মভি র্নানাদর্শনৈ র্ন চ দৃশ্যতে॥ ৯॥
এতৎকল্প-বিকল্পস্য প্রমাণং পরিকীর্ত্তিতং।

অন্বয়ঃ।

নামরূপয়া মায়য়া বিমোহিতাত্মভিঃ ভ্রমিতান্তঃকরণৈঃ, জনৈঃ নানাদর্শনৈঃ শাস্ত্রৈঃ স্তূয়মানঃ নিরূপ্যমাণঃ, অপি ভগবান্ ন দৃশ্যতে॥ ৯॥

এতৎ কল্পবিকল্পস্য (কল্পে চক্ষুর্ম্বায়ুঃপর্যন্তে মধ্যে যো বিকল্পঃ অবান্তর-কল্পঃ তদেকদিবসাত্মকস্যঃ) তস্য প্রমাণং ময়া পরিকীর্ত্তিতং যত্র যস্মিন্ অবান্তর-কল্পে চতুর্দ্দশমন্বন্তরাণি ভবন্তি

শ্রীধরস্বামী।

নামরূপাত্মিকয়া মায়য়া বিমোহিতাত্মভিঃ এভি র্জনৈ র্নানাদর্শনৈঃ শাস্ত্রৈঃ স্তূয়মানো নিরূপ্যমাণোঽপি নৈব দৃশ্যত ইত্যর্থঃ॥ ৯॥

প্রাসঙ্গিকং নিরূপ্য প্রস্তুতমেবোপসংহরতি। এতদিতি কল্পস্য বিকল্পস্য অবান্তর-কল্পস্য॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইচ্ছামাত্রেণৈব সর্ব্বদা সর্ব্বং কর্ত্তুং সমর্থস্য ভগবত এতাবদ্ভিঃ পৃথক্ পৃথক্ প্রয়াসবদ্ভী রূপৈঃ কিমিতি চেত্তত্রাহ নামরূপাত্মিকয়া মায়য়া বিমোহিতাত্মভিরেভিঃ শাস্ত্রজ্ঞৈ র্জনৈঃ স্তূয়মানো নিরূপ্যমাণোঽপি ন্যায়াদি নানাদর্শনেনৈব দৃশ্যতে জ্ঞায়তে ইত্যর্থঃ। তেন তস্য লীলৈব কীর্ত্ত্যতে বিধিৎস্থিতস্তুতি র্দুর্গমমিতি ভাবঃ॥ ৯॥

এবং যত্র চতুর্দ্দশ মন্বন্তরাণ্যাহুঃ। এতৎ কল্পবিকল্পস্য মহাকল্পাবান্তরকল্পস্য নৈমিত্তিকস্য প্রমাণং॥ ১০॥

রাজন্যবর্গের রূপ ধারণ করত উৎপথগামী দস্যুগণের নিধনে জগতে শান্তির স্থাপন করেন; আবার স্বয়ংই কালরূপে সকলের সংহার করিয়া থাকেন। এই বিচিত্র কার্য্যে তাঁহার স্বরূপের কোন বিড়ম্বনা ঘটে না। কারণ ত্রিগুণাত্মিকা যোগমায়াকে আশ্রয় করায়, কেবল প্রয়োজনোচিত গুণের বিকাশেই তাঁহার কার্য্যের বিকাশ স্বীকার্য্য॥ ৮॥

হে রাজেন্দ্র! মানবগণ বিবিধ শাস্ত্রের উদ্ঘাটনে বিচিত্র নাম ও রূপের কল্পনার দ্বারা সেই ভূতভাবনের স্বরূপ প্রকাশে যত্ন করে বটে, কিন্তু মায়ামোহিত জীব মায়াময় নাম ও রূপের আশ্রয়ে কি প্রকারে সেই মায়াতীতকে নিরূপণ করিবে? সুতরাং নানাদর্শনের সাহায্যেও কেহ তাঁহাকে দেখিতে পায় না॥ ৯॥

হে মহারাজ! প্রাচীন পুরাবৃত্তবেত্তা পণ্ডিতগণ যেরূপ চতুর্দ্দশ মন্বন্তরের

যত্র মন্বন্তরাণ্যাহু শ্চতুর্দ্দশ পুরাবিদঃ ॥ ১০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মষ্টমস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

রাজোবাচ ॥

বলেঃ পদত্রয়ং ভূমেঃ কস্মাদ্ধরিরমাচত।
ভূতেশ্বরঃ কৃপণবল্লব্ধার্থোঽপি ববন্ধ তৎ ॥

অন্বয়ঃ।

ইতি পুরাবিদঃ বৃদ্ধাঃ, আহুঃ ॥ ১০ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হরিঃ স্বয়ং এব ঈশ্বরঃ ভূত্বা কৃপণবৎ বলেঃ সকাশাৎ ভূমেঃ পদত্রয়ং কস্মাৎ অযাচত, তথা ত্রৈলোক্য-গ্রহণেন লব্ধার্থঃ অপি কস্মাৎ তং বলিং ববন্ধ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি অষ্টমে চতুর্দ্দশঃ ॥ * *

বলিং পঞ্চদশে বিশ্বজিতাচার্য্যা অযাযজন্। ততোঽসৌ স্বর্গমজয়দ্ভয়াদ্দেবা নিলিল্যিরে। অত্রের্য্যতে নবাধ্যায্যা বামং-বামন-চেষ্টিতং। নিগ্রহ-চ্ছলতো যত্র বলের্ভূয়ানুগ্রঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্দ্দশোঽষ্টমস্যায়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
বলি র্ব্বরথাখাদিঃ কৃতাদ্বিশ্বজিতোমখাৎ।
স্বর্গং গতঃ পুরা নির্জ্য রিতি পঞ্চদশে কথা ॥ * ॥

বর্ণনা করিয়া থাকেন, তদনুরূপ কল্প এবং অবান্তর কল্পের প্রমাণও আমি আপনার নিকট আনুপূর্ব্বিক বর্ণন করিলাম ॥ ১০ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্দ্দশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! ভগবান্ শ্রীহরি সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ সাক্ষাৎ পরমেশ্বর! অথচ তিনি সামান্য অভাবগ্রস্ত প্রার্থিতের ন্যায়, বলি-রাজের নিকট হইতে ত্রিপাদ ভূমি কেনই বা যাচ্ঞা করেন এবং ত্রিভুবনলাভে লব্ধ-মনোরথ হইয়াও, স্বকর্ম্মনিষ্ঠ বলিকে আবার কেনই বা বন্ধন করেন?

হে ব্রহ্মন্! সেই পূর্ণ পরমেশ্বরের যাচ্ঞা এবং সম্পূর্ণ নিষ্পাপ বলির

আভাস।

পঞ্চদশ অধ্যায়ে বলির বিশ্বজিৎ যজ্ঞসাধন, তদনন্তর ঐ বলিরাজ স্বর্গ জয় করিলে, ভীত-চিত্তে দেবতাগণের প্রচ্ছন্নবেশে পলায়ন বর্ণিত হইয়াছে ॥

এতদ্বেদিতুমিচ্ছামো মহৎ কৌতূহলং হি নঃ।
যাচ্ঞেশ্বরস্য পূর্ণস্য বন্ধনঞ্চাপ্যনাগসঃ ॥ ১ ॥

শ্রীশুক উবাচ ॥

পরাজিতশ্রী রসুভিশ্চ হাপিতো হীন্দ্রেণ রাজন্ ভৃগুভিঃ সজীবিতঃ।
সর্ব্বাত্মনা তানভজদ্ভৃগূন্ বলিঃ শিষ্যো মহাত্মার্থনিবেদনেন ॥ ২ ॥

অন্বয়ঃ।

পূর্ণস্য ঈশ্বরস্য যাচ্ঞা অনাগস্য নিষ্পাপস্য, চাপি যৎ বন্ধনং তৎ এতৎ বেদিতুং ইচ্ছামঃ; হি যতঃ নঃ অস্মাকং মহৎ কৌতূহলং জাতং ॥ ১ ॥

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! যুদ্ধে পরাজিতা শ্রীঃ যেন সঃ বলিঃ ইন্দ্রেণ অসুভিঃ প্রাণৈঃ হাপিতঃ ত্যাজিতঃ, মূর্চ্ছাং প্রাপিতঃ, সন্ ভৃগুভিঃ ভৃগুবংশ্যৈঃ শুক্রাদিভিঃ, যদা সঃ মহাত্মা পুনঃ জীবিতঃ তদা শিষ্যঃ সন্ সর্ব্বাত্মনা অর্থনিবেদনেন তান্ ভৃগূন্ এব অভজৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ঈশ্বরঃ স্বয়ং কৃপণবৎ কস্মাদ্ধেতো রযাচত লব্ধার্থো ভূত্বাপি কস্মাত্তং ববন্ধ ॥ ১ ॥

তত্র তাবদ্বলে স্ত্রিলোকীং অপহর্ত্তুং যাচ্ঞাচ্ছলং কৃতবান্ ইতি বক্তুং ব্রাহ্মণারাধনবলেন বলেরকাণ্ড এব স্বর্গবিজয়ক্রমমাহ পরাজিতশ্রীরিত্যাদিনা যাবদধ্যায়-সমাপ্তি। যুদ্ধে পরাজিতা শ্রীর্যেন ইন্দ্রেণ অসুভিশ্চ ত্যাজিতঃ সন্ ভৃগূন্ ভৃগোর্বংশ্যান্ শুক্রাদীন্ মহাত্মা উদারচিত্তঃ অর্থানাং নিবেদনেনার্পণেন ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুদ্ধে দেবৈঃ পরাজিতা শ্রী র্যস্য সঃ। হাপিত স্ত্যাজিতঃ। মহাত্মা উদারচিত্তঃ। অর্থানাং সমর্পণেন ॥ ১ ॥ ২ ॥

বন্ধন সম্বন্ধে আমার হৃদয়ে অত্যন্ত সংশয় উপস্থিত হইয়াছে। অতএব এই বিষয়-দ্বয় জানিবার জন্য আমার অত্যন্ত কৌতূহল জন্মিয়াছে; আপনি তাহার বর্ণন করুন্! ॥ ১ ॥

শুকদেব বলিলেন হে রাজেন্দ্র! দেবপক্ষ কর্ত্তৃক পরাজিত মহাবল বলি যখন ইন্দ্রের সহিত সমরে সম্পূর্ণ অবসন্ন ও মূর্চ্ছাপন্ন হইলেন, তখন ভৃগু-বংশীয় শুক্রাচার্য্য তাঁহাকে পুন র্জীবিতের ন্যায় সুস্থ করিলেন। তখন তিনি শুক্রাচার্য্যের শিষ্যত্ব স্বীকারে বিবিধ অর্থাদি প্রদানে নিজের অভীষ্ট লাভার্থ সর্ব্বান্তঃকরণে শরণাগত হইয়া, শুক্রাচার্য্যের অভিপ্রায় অনুসারেই কার্য্য করিতে লাগিলেন ॥ ২ ॥

এদিকে মহানুভব ভৃগু-বংশীয় শুক্রাচার্য্যাদি মহামনা বিপ্রগণ বলিরাজের বদান্যতায় বিশেষ পরিতুষ্ট হইয়া, ত্রিলোকাধিপতিত্ব প্রার্থী বলিকে যথাবিধি

তং ব্রাহ্মণা ভৃগবঃ প্রীয়মাণা অযাজয়ন্ বিশ্বজিতা ত্রিনাকং।
জিগীষমাণং বিধিনাভিষিচ্য মহাভিষেকেণ মহানুভাবাঃ॥ ৩॥
ততো রথঃ কাঞ্চনপট্টবদ্ধো হয়াশ্চ হর্য্যশ্ব-তুরঙ্গবর্ণাঃ।
ধ্বজশ্চ সিংহেন বিরাজমানো হুতাশনাদাস হবির্ভিরিষ্টাৎ॥ ৪॥
ধনুশ্চ দিব্যং পুরটোপনদ্ধং তূণাবরিক্তৌ কবচঞ্চ দিব্যং।
পিতামহস্তস্য দদৌ চ মালামম্লানপুষ্পাং জলজঞ্চ শুক্রঃ॥ ৫॥

অন্বয়ঃ।

ত্রিনাকং স্বর্গং, জিগীষমাণং জেতুং ইচ্ছন্তং তং বলিং প্রীয়মাণাঃ মহানুভাবাঃ ভৃগুবংশ্যাঃ ব্রাহ্মণাঃ মহাভিষেকেণ বিধিনা অভিষিচ্য বিশ্বজিতা বিশ্বজিৎ সংজ্ঞকেন যাগেন অযাজয়ন্ ॥৩॥

ততঃ হবির্ভিঃ ইষ্টাৎ পূজিতাৎ, হুতাশনাৎ অগ্নেঃ সকাশাৎ, কাঞ্চনেন পট্টেন বস্ত্রেণ বদ্ধঃ আচ্ছাদিতঃ, রথঃ আস তথা হর্য্যশ্বতুরঙ্গবর্ণাঃ (হর্য্যস্য ইন্দ্রস্য যে তুরঙ্গাঃ তেষাং ইব হরিতঃ বর্ণঃ যেষাং তে তথাভূতাঃ হয়াঃ) চ বিনিঃসৃতাঃ; সিংহেন চিহ্নেন বিরাজমানঃ ধ্বজঃ চ বিনিঃসৃতঃ ॥ ৪ ॥

পুরটেন সুবর্ণেন, উপলব্ধং নিবদ্ধং, দিব্যং অলৌকিকং ধনুঃ, বিনিঃসৃতং অরিক্তৌ অক্ষয়শরৌ, তূণৌ ইষুধী, বিনিঃসৃতৌ; দিব্যং কবচং চ বিনিঃসৃতং। পিতামহঃ প্রহ্লাদঃ অম্লানপুষ্পাং মালাং তথা শুক্রঃ শুক্রাচার্য্যঃ, জলজং শংখং তস্মৈ বলয়ে, দদৌ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ত্রিনাকং স্বর্গং জেতুমিচ্ছন্তং বিশ্বজিতা যাগেন অযাজয়ন্ মহাভিষেকেণ ঐন্দ্রেণ বহ্বৃচ-ব্রাহ্মণ-প্রসিদ্ধেন ॥ ৩ ॥

হর্য্যশ্বস্য ইন্দ্রস্য যে তুরঙ্গাস্তেষামিব বর্ণো হরিতো যেষাং ॥ ৪ ॥

পুরটং সুবর্ণং। তূণৌ ইষুধী। অরিক্তৌ অক্ষয়শরৌ। পিতামহঃ প্রহ্লাদঃ। জলজং শঙ্খং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশ্বজিতা যজ্ঞেন ॥ ৩ ॥ হর্য্যশ্বস্যেন্দ্রস্য তুরঙ্গাণামিব বর্ণো হরিতো যেষাং তে ॥ ৪ ॥

পিতামহঃ প্রহ্লাদঃ। জলজং শঙ্খং ॥ ৫ ॥

মহাভিষেকের দ্বারা অভিষিক্ত করিলেন এবং তদ্দ্বারা বিশ্বজিৎ যজ্ঞের অনুষ্ঠান করাইলেন ॥ ৩ ॥

অনন্তর যথাবিধানে হুতাশনে আহুতি প্রদত্ত হইলে, সেই যজ্ঞাগ্নি হইতে কাঞ্চন-বস্ত্র-মণ্ডিত একখানি অপূর্ব্ব রথ, ইন্দ্রের তুরঙ্গম সদৃশ হরিদ্বর্ণ কতিপয় অশ্ব এবং সিংহের প্রতিমূর্ত্তির দ্বারা অঙ্কিত একটী ধ্বজা ॥ ৪ ॥

সুবর্ণ-মণ্ডিত একটী অপূর্ব্ব ধনুঃ, অক্ষয়শর দুইটী বাণাধার তূণ এবং দিব্য একটী কবচ বিনির্গত হইল ॥

এবং স বিপ্রার্জিতযোধনার্থ স্তৈঃ কল্পিতস্বস্ত্যয়নোঽথ বিপ্রান্।
প্রদক্ষিণীকৃত্য কৃতপ্রণামঃ প্রহ্লাদমামন্ত্র্য নমশ্চকার ॥ ৬ ॥

অথারুহ্য রথং দিব্যং ভৃগুদত্তং মহারথঃ।
সুস্রগ্ধরোঽথ সংনহ্য ধন্বী খড়্গী ধৃতেষুধিঃ ॥ ৭ ॥

হেমাঙ্গদলসদ্বাহুঃ স্ফুরন্মকরকুণ্ডলঃ।
ররাজ রথমারূঢ়ো ধিষ্ণ্যস্থ ইব হব্যবাট্ ॥ ৮ ॥

অন্বয়ঃ

এবং বিপ্রৈঃ অর্জিতঃ সম্পাদিতঃ যোধনার্থঃ যুদ্ধপরিকরঃ যস্য সঃ বলিঃ তৈঃ বিপ্রৈঃ এব কল্পিতং স্বস্ত্যয়নং মঙ্গলবাচনাদি যস্য তথাবিধঃ সঃ অথ অনন্তরং বিপ্রান্ প্রদক্ষিণীকৃত্য কৃতপ্রণামঃ সন্ প্রহ্লাদং আমন্ত্র্য পৃষ্ট্বা নমশ্চকার। ৬ ॥

অথ অনন্তরং মহারথঃ বলিঃ ভৃগুদত্তং দিব্যং রথং আরুহ্য সুস্রগ্ধরঃ শোভন-মালাধরঃ, ধন্বী ধনুর্ধরঃ, খড়্গী খড়্গধরঃ, ধৃতেষুধিঃ (ধৃতঃ ইষুধিঃ যেন সঃ) সংনহ্য কবচং ন্যস্য ॥ ৭ ॥

হেমরচিতাঙ্গদাভ্যাং লসন্তৌ বাহূ যস্য সঃ, স্ফুরতী মকরাকারে কুণ্ডলে যস্য সঃ রথং আরূঢ়ঃ সন্ ধিষ্ণ্যস্থঃ কুণ্ডস্থঃ হব্যবাট্ অহবনীয়ঃ অগ্নিঃ ইব ররাজ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বিপ্রৈ রর্জিতঃ সংপাদিতঃ যোধনার্থো যুদ্ধপরিকরো যস্য তৈরেব কল্পিতং কৃতং স্বস্ত্যয়নং মঙ্গল-বাচনাদি যস্য। আমন্ত্র্য পৃষ্ট্বা ॥ ৬ ॥

আরুহ্য ররাজেতি দ্বয়োরন্বয়ঃ। সুস্রগ্ধরঃ শোভন-মালাধরঃ ॥ ৭ ॥

হেমাঙ্গদাভ্যাং লসন্তৌ বাহূ যস্য। ধিষ্ণ্যস্থঃ ভবনে প্রজ্বলিতঃ কুণ্ডস্থ আহবনীয় ইতি বা ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপ্রৈরর্জিতাঃ সংপাদিতা যোধনার্থা যুদ্ধার্থক-বস্তূনি যস্য সঃ। আমন্ত্র্য পৃষ্ট্বা ॥ ৬—৮ ॥

পিতামহ প্রহ্লাদ বলিকে অম্লান পঙ্কজের মালা প্রদান করিলেন এবং স্বয়ং শুক্রাচার্য্য তাঁহাকে একটী শঙ্খ প্রদান করিলেন ॥ ৫ ।

মহাবল বলি শুক্রাচার্য্যাদি ব্রাহ্মণগণের অনুগ্রহে যুদ্ধোপযোগী যাবদীয় অস্ত্র শস্ত্রে সুসম্পন্ন হইয়া, আপনাকে কৃতার্থ জ্ঞান করিলেন; এবং তাঁহাদের আশীর্ব্বাদে আপনাকে মঙ্গলপূর্ণ মনে করিয়া, বিশেষ উৎসাহের সহিত বিপ্রগণকে প্রদক্ষিণ পূর্ব্বক প্রণাম করিলেন এবং স্বীয় পিতামহ প্রহ্লাদকেও অভিবাদন পূর্ব্বক প্রণাম করিলেন। ৬ ॥

অনন্তর মহারথ বলি সেই অপূর্ব্ব বর্ম্ম পরিধান পূর্ব্বক, গলদেশে অম্লান পঙ্কজের মালা ধারণ করিলেন এবং শুক্রাচার্য্যের প্রসাদে লব্ধ ধনুঃ খড়্গ এবং তূণদ্বয় লইয়া, সেই দিব্য রথে আরোহণ করিলেন ॥ ৭ ॥

তুল্যৈশ্বর্য্য-বল-শ্রীভিঃ স্বযূথৈ র্দৈত্যযূথপৈঃ।
পিবদ্ভিরিব খং দৃগ্‌ভি র্দহদ্ভিঃ পরিধীনিব ॥ ৯ ॥
বৃতো বিকর্ষন্মহতীমাসুরীং ধ্বজিনীং বিভুঃ।
যযাবিন্দ্রপুরীং স্মৃদ্ধাং কম্পয়ন্নিব রোদসী ॥ ১০ ॥
রম্যামুপবনোদ্যানৈঃ শ্রীমদ্ভির্নন্দনাদিভিঃ।
কূজদ্বিহঙ্গমিথুনৈ র্গায়ন্মত্তমধুব্রতৈঃ ॥

অন্বয়ঃ।

তুল্যং ঐশ্বর্য্যং প্রভাবঃ বলং চ শ্রীশ্চ যেষাং তৈঃ মুখেন খং পিবদ্ভিঃ ইব দৃগ্‌ভিঃ নেত্রৈঃ পরিধীন্ দিশঃ, দহদ্ভিঃ ইব দৈত্যযূথপৈঃ স্বযূথৈঃ ॥ ৯ ॥

বৃতঃ বিভুঃ বলিঃ মহতীং আসুরীং ধ্বজিনীং সেনাং বিকর্ষন্ রোদসী দ্যাবাভূমী কম্পয়ন্ ইব স্মৃদ্ধাং সমৃদ্ধিবিশিষ্টাং, ইন্দ্রপুরীং যযৌ ॥ ১০ ॥

উপবনৌদ্যানৈঃ কূজন্তি বিহঙ্গানাং মিথুনানি যেষু তথা গায়ন্তঃ মত্তাঃ মধুব্রতাঃ ভ্রমরাঃ

শ্রীধরস্বামী।

তুল্যমৈশ্বর্য্যং বলং শ্রীশ্চ যেষাং তৈর্দৈত্যযূথপৈ র্বৃতো যযাবিতি দ্বয়োরন্বয়ঃ। পরিধীন্ দিশঃ ॥ ৯ ॥ স্মৃদ্ধাং অতিসমৃদ্ধাং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈত্যযূথপৈ র্বৃতঃ সন্নিন্দ্রপুরীং যযাবিতি দ্বিতীয়েনান্বয়ঃ। পরিধীন্ দিশঃ ॥ ৯ ॥ ১০ ॥

বলিরাজের বাহুযুগল সুবর্ণ বলয়াদিতে সুশোভিত ছিল এবং স্বচ্ছ মকরাকৃতি কুণ্ডলদ্বয়ের শোভায় তাঁহার মুখ মণ্ডলে এতই শোভার পরিচয় হইয়াছিল যে, তিনি তাদৃশ অবস্থায় রথে আরোহণ করিলে, কুণ্ডস্থ হুতাশনের ন্যায় তাঁহাকে লক্ষিত হইয়াছিল ॥ ৮ ॥

আপনার সমতুল্য ঐশ্বর্য্য বল এবং শ্রীর দ্বারা পরিশোভিত অন্যান্য দৈত্য যুথপতির সহিত বলিরাজ স্বীয় যুথ সহ মিলিত হইয়া, যখন যুদ্ধার্থ যাত্রা করিলেন, তখন বোধ হইতে লাগিল যেন, তাঁহারা বদন বিস্তারে সমগ্র আকাশকে গ্রাস করিতেছেন এবং দৃষ্টির তীক্ষ্ণতায় যেন দিক্ সমূহকে দগ্ধ করিয়া অগ্রসর হইতেছিলেন ॥ ৯ ॥

তাদৃশ যুথপতিগণে পরিবৃত মহারথ বলি অপার সিন্ধু-সদৃশ সুবিস্তীর্ণ সেই অসুর সৈন্যদলকে সঙ্গে লইয়া, স্বর্গ মর্ত্ত প্রকম্পিত করত ক্রমশঃ অতুল সম্পদ্ বিশিষ্ট ইন্দ্রপুরীতে প্রবেশ করিলেন ॥ ১০ ॥

অহো! তৎকালে ইন্দ্রালয়ের শোভার আর পরিসীমা ছিল না; তত্রত্য নন্দন-কাননাদি বন উপবন এবং উদ্যান সমূহ নিত্যোদিত ফল-কুসুমে

প্রবাল-ফল-পুষ্পোরুভার-শাখামরদ্রুমৈঃ ॥ ১১ ॥
হংস-সারস-চক্রাহ্ব-কারণ্ডব-কুলাকুলাঃ।
নলিন্যো যত্র ক্রীড়ন্তি প্রমদাঃ সুরসেবিতাঃ ॥ ১২ ॥
আকাশ-গঙ্গয়া দেব্যা বৃতাং পরিখভূতয়া।
প্রাকারেণাগ্নিবর্ণেন সাট্টালেনোন্নতেনচ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যেষু তথা প্রবালাদীনাং উরুঃ ভারঃ যাসু তাঃ শাখাঃ যেষাং তে অমরদ্রুমাঃ দেববৃক্ষাঃ, যেষু তৈঃ শ্রীমদ্ভিঃ নন্দনাদিভিঃ রম্যাং ॥ ১১ ॥

হংসাদি-পক্ষিবিশেষাণাং কুলৈঃ সমূহৈঃ আকুলাঃ ব্যাপ্তাঃ নলিন্যঃ সরাংসি, যত্র সন্তি যাসু নলিনীষু সুরসেবিতাঃ দেবভোগ্যাঃ প্রমদাঃ ক্রীড়ন্তি ॥ ১২ ॥

পরিখাভূতয়া দেব্যা আকাশগঙ্গয়া বৃতাং তথা উন্নতেন অগ্নিবর্ণেন অগ্নিবৎ প্রকাশমানেন সাট্টালেন (অট্টালাঃ যুদ্ধস্থানানি তৎসহিতেন) প্রাকারেণ বৃতাং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তথাবিধাং পুরীং অকস্মাদেব পরিত্যজ্য ইন্দ্রাদয়ঃ পলায়িতা ইতি বৈরাগ্যার্থ মিন্দ্রপুরীমনু বর্ণয়তি রম্যামিতি সার্দ্ধৈরেকাদশভিঃ। উপবনানি ফলপ্রধানানি নিকটানি বা। উদ্যানানি পুষ্প-প্রধানানি দূরস্থানি বা তৈ রম্যাং। কুজন্তি বিহঙ্গমিথুনানি যেষু। গায়ন্তো মত্তা মধুব্রতা যেষু। প্রবালাদীনামুরুভারো যাসু তাঃ শাখা যেষাং তে অমরদ্রুমা যেষু তৈঃ ॥ ১১ ॥

যত্র যাসু সুরসেবিতাঃ প্রমদাঃ ক্রীড়ন্তি। তাঃ হংসাদিকুলৈ রাকুলা ব্যাপ্তা নলিন্যঃ সরাংসি যত্র যেষু সন্তি তৈরুপবনোদ্যানৈ রম্যামিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১২ ॥

কিঞ্চ পরিখাভূতয়া আকাশগঙ্গয়া বৃতাং প্রাকারেণ চাবৃতাং। অট্টালাঃ প্রাকারোপরি রচিতানি উন্নতানি যুদ্ধস্থানানি তৎসহিতেন ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রবালাদীনামুরুভারো যাসু তাঃ শাখা যেষাং তে অমরদ্রুমা যেষু তৈঃ ॥ ১১ ॥
যত্র নন্দনাদি বনেষু নলিন্যঃ সরস্যঃ সন্তি। যাসু নলিনীষু প্রমদাঃ স্ত্রিয়ঃ ॥ ১২ ॥
পুরীং বিশিনষ্টি। আকাশেত্যাদি। পরিখারূপয়া ॥ ১৩ ॥

সুশোভিত হইয়া, মধুমত্ত অলিকুলের ঝঙ্কারে এবং বিহঙ্গমগণের কাকলিতে নিরন্তর নিনাদিত হইতেছিল। তত্রত্য দেবতরুগণ প্রবাল সদৃশ ফল এবং কুসুমের ভারে যেন নিরন্তর অবনত শিরেই অবস্থান করিতেছিল ॥ ১১ ॥

হংস, সারস, চক্রবাক্ এবং কারণ্ডবাদি জলচর পক্ষিকুলে পরিসেবিত প্রফুল্ল কমল-শোভিত হ্রদিনীগণে অবগাহন পূর্ব্বক দেবভোগ্যা অপ্সরাগণ জলক্রীড়া করিতেছিলেন ॥ ১২ ॥

দেবতাগণের আরাধনীয়া মন্দাকিনী পরিখার ন্যায়, অমরাবতীকে পরি-

রুক্মপট্ট-কবাটৈশ্চ দ্বারৈঃ স্ফাটিকগোপুরৈঃ।
জুষ্টাং বিভক্ত-প্রপথাং বিশ্বকর্ম্ম-বিনির্ম্মিতাং ॥ ১৪ ॥
সভা-চত্বর-রথ্যাঢ্যাং বিমানৈর্ন্যর্ব্বুদৈর্যুতাং।
শৃঙ্গাটকৈর্মণিময়ৈর্বজ্রবিক্রম-বেদিভিঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

রুক্ম পট্টানি কবাটানি যেষু তৈঃ দ্বারৈঃ, স্ফটিকময়ৈঃ গোপুরৈঃ পুরদ্বারৈঃ চ জুষ্টাং যুক্তাং, বিভক্তাঃ প্রপথাঃ রাজমার্গাঃ যস্যাঃ তাং বিশ্বকর্ম্মণা দেবশিল্পিনা বিশেষেণ নির্ম্মিতাং ॥ ১৪ ॥

সভাঃ উপবেশন-স্থানানি, চত্বরাণি অঙ্গণানি, রথ্যাঃ উপমার্গাঃ তৈঃ আঢ্যাং সম্পন্নাং, ন্যর্ব্বুদৈঃ দশকোটিসংখ্যাকৈঃ অনন্তৈঃ বিমানৈঃ যুতাং বজ্রবিক্রমময্যঃ বেদয়ঃ যেষু তৈঃ মণিময়ৈঃ শৃঙ্গাটকৈ চতুষ্পথৈঃ চ যুতাং ॥১৫ ॥

শ্রীধরস্বামী।

রুক্মপট্টানি কবাটানি যেষু তৈর্দ্বারৈরবান্তরৈঃ স্ফটিকময়ৈঃ গোপুরৈশ্চ পুরদ্বারৈ র্জুষ্টাং বিভক্তাঃ প্রপথা রাজমার্গা যস্যাং ॥ ১৪ ॥

সভাঃ উপবেশ-স্থানানি। চত্বরাণি অঙ্গনানি। রথ্যা উপমার্গা স্তৈর ঢ্যাং সম্পন্নাং। ন্যর্ব্বুদং দশকে টয় স্তৈ র্গণনীয়ৈ রনন্তৈ র্বিমানৈ র্যুতাং। বজ্রবিক্রমময্যো বেদয়ো যেষু তৈঃ শৃঙ্গাটকৈ-শ্চতুষ্পথৈ র্যুতাং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গোপুরং পুরদ্বারং। বিভক্তাঃ প্রপথা রাজমার্গা যস্যাং তাং ॥ ১৪ ॥

সভা উপবেশ স্থানানি চত্বরাণ্যঙ্গনানি। রথ্যা উপমার্গাঃ। শৃঙ্গাটকৈশ্চতুষ্পথৈঃ ॥ ১৫ ॥

বেষ্টিতা হইয়া অবস্থান করিতেছিলেন। তৎপার্শ্বস্থ প্রাকারের উপরিভাগে উজ্জ্বল অগ্নির ন্যায়, দেদীপ্যমান যুদ্ধস্থান-সমূহ উক্ত প্রাকারে পরিবেষ্টিত লক্ষিত হইতেছিল ॥ ১৩ ॥

দেবশিল্পী বিশ্বকর্ম্মার রচিত তাদৃশ পুরীর দ্বার এবং তদীয় কবাট সমূহ সুবর্ণাস্তরণে মণ্ডিত এবং পুরদ্বার (ফটক্) সমূহ স্ফটিকের দ্বারা নির্ম্মিত এবং সর্ব্বত্র রাজমার্গ উত্তমরূপে বিভক্ত ছিল ॥ ১৪ ॥

সর্ব্বত্র সভা (উপবেশন স্থলে) চত্বর এবং উপমার্গাদিতে পুরীটী যেন সম্পূর্ণ সুসংস্কৃত থাকিত। তত্রস্থ চতুষ্পথ সমূহে বজ্র এবং বিক্রমাদি মণিময় বেদিকা এবং অসংখ্য বিমান-রাজিতে সুসম্পন্ন ছিল ॥ ১৫ ॥

অহো! অর্চ্চি সমূহে প্রজ্জ্বলিত কুণ্ডস্থ হুতাশন যেমন পরিশোভিত হয়, অপূর্ব্বরূপ লাবণ্যবতী স্থির-যৌবনা সুন্দরী শ্যামা কামিনীগণ দিব্য অলঙ্কার ও

যত্র নিত্যবয়োরূপাঃ শ্যামা বিরজবাসসঃ।
ভ্রাজন্তে রূপবন্নার্য্য অর্চ্চির্ভিরিব বহ্নয়ঃ॥ ১৬॥
সুরস্ত্রী-কেশ-বিভ্রষ্ট-নব-সৌগন্ধিক-স্রজাং।
যত্রামোদমুপাদায় মার্গ আবাতি মারুতঃ॥ ১৭॥
হেম-জালাক্ষ-নির্গচ্ছদ্ধূমেনাগুরুগন্ধিনা।
পাণ্ডরেণ পরিচ্ছন্ন মার্গে যান্তি সুরপ্রিয়াঃ॥ ১৮॥

অন্বয়ঃ।

যত্র (নিত্যং বয়ঃ তারুণ্যং রূপং সৌকুমার্য্যং যাসাং তাঃ) নিত্যবয়োরূপাঃ শ্যামাঃ বিরজবাসসঃ (বিরজে শুদ্ধে বাসসী যাসাং তাঃ) রূপবন্নার্য্যঃ স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ, অর্চ্চির্ভিঃ জ্বালাভিঃ বহ্নয়ঃ ইব ভ্রাজন্তে॥ ১৬॥

যত্র যস্যাং পুর্য্যাং মারুতঃ সুরস্ত্রীণাং কেশেভ্যঃ বিভ্রষ্টানাং নবসৌগন্ধিক-স্রজাং আমোদং পরিমলং আদায় মার্গে আবাতি॥ ১৭॥

হেম-রচিতাঃ যে জালাক্ষাঃ গবাক্ষাঃ, তেভ্যঃ নির্গচ্ছতা পাণ্ডরেণ শুভ্রেণ, অগুরুগন্ধিনা ধূমেন প্রতিচ্ছন্নে মার্গে যত্র পুর্য্যাং, সুরপ্রিয়াঃ অপ্সরসঃ, যান্তিঃ॥ ১৮॥

শ্রীধরস্বামী।

নিত্যং বয়স্তারুণ্যং রূপঞ্চ সৌকুমার্য্যং যাসাং তাঃ রূপবন্নার্য্যঃ স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ যত্র যস্যাং ভ্রাজন্তে॥ ১৬॥

সুরস্ত্রীণাং কেশেভ্যো বিভ্রষ্টানাং নবসৌগন্ধিক-স্রজাং আমোদং॥ ১৭॥

হেমগবাক্ষেভ্যো নির্গচ্ছতা ধূমেন। সুরপ্রিয়াঃ অপ্সরসঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শীতকালে ভবেদুষ্ণা উষ্ণকালে সুশীতলাঃ। স্তনৌ সুকঠিনৌ যাসাং তাঃ শ্যামাঃ পরিকীর্ত্তিতাঃ॥ ১৬॥ ১৭॥

হেমময়েভ্যো জালাক্ষেভ্যো গবাক্ষেভ্যঃ। সুরপ্রিয়াঃ অপ্সরসঃ॥ ১৮॥

বেশভূষায় সুসজ্জিতা হইয়া, সেইরূপ শোভা পাইতেছিলেন॥ ১৬॥

দেব-বনিতাগণের কবরী-বিচ্যুত পুষ্পমালা হইতে নিরন্তর অভিনব মনোজ্ঞ গন্ধেরই উদয় হইয়া থাকে; সুতরাং গন্ধবহ মৃদুমন্দ সঞ্চালনে সেই সকল পুষ্পের পরিমল লইয়া, রাজমার্গকে নিরন্তর গন্ধামোদিত করিয়া থাকে॥ ১৭॥

সুবর্ণ-মণ্ডিত গবাক্ষ-দ্বার দিয়া নির্গত অগুরু প্রভৃতির সুগন্ধে আমোদিত শুভ্রবর্ণ ধূম-সমূহ যাহার রাজমার্গকে যেন সম্পূর্ণ পরিচ্ছিন্ন করিয়া থাকে, এবং সেই সময়ে দেব-বিলাসিনীগণ বিনা চেষ্টায় প্রচ্ছন্নভাবে অভিলষিত স্থানে গমনাগমন করিয়া থাকেন॥ ১৮॥

ইন্দ্রপুরীর ইতস্ততঃ মুক্তালম্বিত চন্দ্রাতপ, মণিময় হেমমণ্ডিত ধ্বজা এবং

মুক্তা-বিতানৈ-র্মণি-হেম-কেতুভি র্নানাপতাকা-বলভীভিরাবৃতাং।
শিখণ্ডি-পারাবত-ভৃঙ্গনাদিতাং বৈমানিক-স্ত্রীকলগীতমঙ্গলাং ॥ ১৯ ॥
মৃদঙ্গ-শঙ্খানক-দুন্দুভিস্বনৈঃ সতাল-বীণা-মুরজেষ্ট-বেণুভিঃ।
নৃত্যৈঃ সবাদ্যৈরুপদেবগীতকৈ র্মনোরমাং স্বপ্রভয়াজিতপ্রভাং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

মুক্তাময়ৈঃ বিতানৈঃ মণিহেমময়ৈঃ কেতুভিঃ ধ্বজৈঃ চ নানাবিধ-পতাকাযুক্তাভিঃ বলভীভিঃ (গৃহপুরোভাগে উপরিরচিতৈঃ উপবেশন-স্থান-বিশেষৈঃ) আবৃতাং ব্যাপ্তাং, শিখণ্ডি-পারাবত-ভৃঙ্গাদি-পক্ষিবিশেষৈঃ নাদিতাং শব্দিতাং, বৈমানিক-স্ত্রীণাং কলগীতৈঃ মঙ্গলং শ্রবণসুখং যস্যাং তাং ॥ ১৯ ॥

মৃদঙ্গাদীনাং স্বনৈঃ শব্দৈঃ, সতাল-বীণাদিভিঃ চ সবাদ্যৈঃ নৃত্যৈঃ উরুদেবাঃ গন্ধর্ব্বাদয়ঃ তেষাং গীতকৈঃ চ) মনোরমাং স্বপ্রভয়া জিতা তিরস্কৃতা অন্যেষাং সূর্য্যাদীনাং প্রভা যয়া তাং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

মুক্তাময়ৈ র্ব্বিতানৈ র্মণিহেমময়ৈঃ কেতুভিশ্চ ধ্বজৈঃ নানাপতাকাযুক্তাভি র্ব্বলভীভিশ্চ বিমানানাং পুরোভাগৈরাবৃতাং ব্যাপ্তাং। বৈমানিকস্ত্রীণাং কলগীতৈ র্মঙ্গলাং ॥ ১৯ ॥

উপদেবানাং গন্ধর্ব্বাণাং গীতকৈশ্চ মনোরমাং। জিতা প্রভা সাক্ষাদ্দীপ্ত্যধিষ্ঠাত্রী দেবতা যয়া তাং। অন্যৈরজিতপ্রভামিতি বা জিতগ্রহামিতি পাঠে জিতগ্রহাঃ সূর্য্যাদয়ো যয়া ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুক্তাময়ৈ র্বিতানৈশ্চন্দ্রাতপৈ র্মণিহেমময়ৈঃ কেতুভির্ধ্বজৈঃ পতাকাযুক্তাভির্ব্বলভীভি-রট্টোপরিবর্ত্তি গৃহৈঃ ॥ ১৯ ॥

জিতপ্রভা সাক্ষাত্তদ্দীপ্ত্যধিষ্ঠাত্রী দেবতাপি যয়া তাং। জিতগ্রহামিতি পাঠে জিত-সূর্য্যাদিকাং ॥ ২০ ॥

নানাপ্রকার পতাকাদিতে অলঙ্কৃত বলভীসমূহ (বিমান রাজির অগ্রভাগ সমূহ) নিরন্তর সমাবৃত থাকিত। ময়ূর, পারাবত এবং ভৃঙ্গাদি পক্ষিকুলের ধ্বনিতে নিরন্তর নিনাদিত এবং বিমান-বাসিনী কামিনীগণের মধুর গীত-ধ্বনিতে সমগ্র পুরী যেন নিরন্তর মঙ্গলপূর্ণ বলিয়াই প্রতীত হইত ॥ ১৯ ॥

এদিকে মৃদঙ্গ, শঙ্খ, পটহ, আনক এবং দুন্দুভি প্রভৃতির মনোহর ধ্বনি, তাল সহ বীণা, মুরজ এবং বেণু প্রভৃতির নিনাদ এবং বাদ্য সহ গন্ধর্ব্বাদির দেবতাগণের নৃত্য এবং গীত-ধ্বনিতে পুরীর নিরন্তর মনোরম ভাব এরূপ বিদ্যমান থাকিত যেন, সাক্ষাৎ সকল তেজস্বিগণের দীপ্তিকে তিরস্কৃত করিয়া, পুরী স্বীয় অনির্ব্বচনীয় সৌন্দর্য্য, সৌষ্ঠব এবং আনন্দে সতত পরিপূর্ণ রহিয়াছিল ॥ ২০ ॥

যাং ন ব্রজন্ত্যধর্ম্মিষ্ঠাঃ খলা ভূতদ্রুহঃ শঠাঃ।
মানিনঃ কামিনো লুব্ধা এভি র্হীনা ব্রজন্তি যৎ ॥ ২১ ॥
তাং দেবধানীং সবরূথিনীপতি র্বহিঃ সমন্তাদ্রুরুধে পৃতন্যয়া।
আচার্য্যদত্তং জলজং মহাস্বনং দধ্মৌ প্রযুঞ্জন্ ভয়মিন্দ্রযোষিতাং ॥
মঘবাংস্তমভিপ্রেত্য বলেঃ পরমমুদ্যমং।
সর্ব্বদেবগণোপেতো গুরুমেতদুবাচহ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

যৎ যাং পুরীং অধর্ম্মিষ্ঠাঃ পাপিনঃ, খলাঃ ভূতদ্রুহঃ পরপীড়কাঃ, শঠাঃ বঞ্চকাঃ, মানিনঃ অভিমানবন্তঃ, কামিনঃ বিষয়াসক্তাঃ, লুব্ধাঃ ন ব্রজন্তি তথা এভিঃ অধর্ম্মাদিদোষৈঃ হীনাঃ ব্রজন্তি ॥২১॥

তাং অতিসমৃদ্ধাং দেবধানীং ইন্দ্রপুরীং, সঃ বরূথিনীপতিঃ সেনাপতিঃ বলিঃ পৃতন্যয়া পৃতনয়া স্বসেনয়া বহিঃ সমন্তাৎ সর্ব্বতঃ রুরুধে। তথা ইন্দ্রস্য যোষিতাং স্ত্রীণাং, ভয়ং প্রযুঞ্জন্ উৎপাদয়িতুং আচার্য্যেণ দত্তং জলজং শংখং দধ্মৌ বাদিতবান্ ॥

তৎ বলেঃ পরমং উদ্যমং অভিপ্রেত্য জ্ঞাত্বা, সর্ব্বদেবগণেন উপেতঃ মিলিতঃ মঘবান্ ইন্দ্রঃ, হ স্ফুটং, গুরুং বৃহস্পতিং, এতৎ উবাচ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

যৎ যাং ॥ ২১ ॥　　পৃতন্যয়া সেনয়া ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এভিঃ খলত্বাদিভিঃ ॥ ২১ ॥　　পৃতন্যয়া সেনয়া ॥ ২২ ॥

হে রাজন্! অধার্ম্মিক, খল, ভূতাপকারী, শঠ, অভিমানী, কামুক এবং লোভপরায়ণ ব্যক্তিগণ কখন তাদৃশ অমরাপুরীতে প্রবেশ করিতে পারে না; যাহাদের এতাদৃশ কোন দোষ নাই, সেই সকল পবিত্রচেতা ব্যক্তিগণই উক্ত সুখসেব্য স্বর্গরাজ্যে গমন করিয়া থাকেন; সন্দেহ নাই ॥ ২১ ॥

তাদৃশ সৈন্য-সাগরে পরিবৃত মহারথ বলি স্বকীয় সৈন্যদলের দ্বারা তাদৃশ সর্ব্বৈশ্বর্য্য-পূর্ণ অমরাবতীকে বাহিরের চতুর্দ্দিক দিয়া বেষ্টন পূর্ব্বক অবরোধ করিলেন; এবং আচার্য্য ভার্গব-প্রদত্ত সেই মহাশঙ্খের এরূপ ভীষণ নিনাদ করিলেন যে, তৎ শ্রবণে অমরাবতীস্থ রমণী মাত্রেরই হৃদয়ে দারুণ ভয়ের সঞ্চার হইল ॥

পুরন্দর স্বীয় পুরীর বেষ্টনে বলির তাদৃশ প্রবল পরাক্রমের পরিচয় দেখিয়া, সমগ্র দেবগণে মিলিত হইয়া গুরু বৃহস্পতির সন্নিধানে উপনীত হইলেন; এবং কাতর ভাবে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২২ ॥

হে ভগবন্! আমার চিরশত্রু বলিরাজের যেরূপ ভীষণ যুদ্ধোদ্যোগ

ভগবন্নুদ্যমো ভূয়ান্ বলে নঃ পূর্ব্ববৈরিণঃ।
অবিসহ্যমিমং মন্যে কেনাসীত্তেজসোর্জ্জিতঃ।
নৈনং কশ্চিৎ কুতো বাপি প্রতিবোঢ়ুমধীশ্বরঃ ॥ ২৩ ॥
পিবন্নিব মুখেনেদং লিহন্নিব দিশো দশ।
দহন্নিব দিশো দৃগ্‌ভিঃ সংবর্ত্তাগ্নিরিবোত্থিতঃ। ২৪ ॥
ব্রূহি কারণমেতস্য দুর্দ্ধর্ষত্বস্য মদ্রিপোঃ।
ওজঃ সহো বলং তেজো যত এতৎ সমুদ্যমঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

হে ভগবন্! নঃ অস্মাকং, পূর্ব্ববৈরিণঃ বলেঃ ইদানীং ভূয়ান্ উদ্যমঃ জাতঃ; অতঃ ইমং অবিসহ্যং মন্যে। কেন হেতুনা সঃ এবং তেজসা উর্জ্জিতঃ আসীৎ; যতঃ কুতঃ অপি উপায়াৎ কশ্চিৎ অপি এনং প্রতিবোঢ়ুং অপাকর্ত্তুং, অধীশ্বরঃ সমর্থঃ ন দৃশ্যতে ॥ ২৩ ॥

মুখেন ইদং বিশ্বং পিবন্ ইব দশ দিশঃ লিহন্ ইব দৃগ্‌ভিঃ নেত্রৈঃ, দিশঃ দহন্ ইব সংবর্ত্তাগ্নিঃ প্রলয়াগ্নিঃ, ইব উত্থিতঃ ॥ ২৪ ॥

অতঃ যতঃ এতস্য মদ্রিপোঃ ওজঃ ইন্দ্রিয়-সামর্থ্যং, সহঃ অন্তঃকরণ-সামর্থ্যং, বলং দেহ-সামর্থ্যং, তেজঃ প্রভাবঃ চ জাতং যতঃ চ এতস্য সম্যক্ মহান্ উদ্যমঃ জাতঃ তৎ এতস্য মদ্রিপোঃ দুর্দ্ধর্ষত্বস্য কারণং ব্রূহি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

কেন হেতুনা এবং তেজসা উর্জ্জিতঃ আসীৎ ॥ ২৩ ॥

প্রতিবোঢ়ুমপাকর্ত্তুং ॥ ২৪ ॥

যতঃ কারণাৎ এতস্য ওজ আদি যত ওজ আদেঃ এতস্য সমুদ্যমঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইমং উদ্যমং বলিং বা। আসীৎ অভূৎ ॥ ২৩ ॥

প্রতিবোঢ়ুং যুদ্ধাদিভিঃ প্রতিকর্ত্তুং। যতঃ পিবন্নিবায়ং বলিঃ ॥ ২৪ ॥

যতঃ কারণাৎ ওজ আদি যতশ্চ। ওজ আদেরেতস্য সমুদ্যমঃ ॥ ২৫ ॥

অবলোকন করিতেছি, তাহাতে যেন আমার পক্ষে অসহ্য বলিয়াই বোধ হইতেছে। আমার নিশ্চয় অনুমান হইতেছে যে, কোনরূপ অপরিজ্ঞাত বলের দ্বারা অদ্য বলি বলীয়ান্ হইয়াছেন। এ সংসারে এমন কাহাকেই দেখিতেছি না যে, বলির উদ্যমকে সম্প্রতি প্রতিরোধ করিতে পারে ॥ ২৩ ॥

সমুদ্র-সদৃশ বিস্তীর্ণ অসুর-সৈন্যগণ যেন বদন বিস্তারে নভোভাগকে গ্রাস করিতেছে এবং জিহ্বার দ্বারা দিক্ সমূহকে লেহন করিতেছে এবং তীক্ষ্ণ দৃষ্টির সংযোগে চতুর্দ্দিক পরিদগ্ধ করত প্রলয়কালীন সম্বর্ত্তক কালানলের ন্যায় উপনীত হইয়াছে ॥ ২৪ ॥

গুরুরুবাচ ॥

জানামি মঘবন্ শত্রোরুন্নতেরস্য কারণং।
শিষ্যায়োপভৃতং তেজো ভৃগুভি ব্রহ্মবাদিভিঃ ॥
ওজস্বিনং বলিং জেতুং ন সমর্থোঽস্তি কশ্চন।
ভবদ্বিধো ভবান্ বাপি বর্জয়িত্বেশ্বরং হরিং ॥
বিজেষ্যতি ন কোঽপ্যেনং ব্রহ্মতেজঃ সমেধিতং।
নাস্য শক্তঃ পুরঃ স্থাতুং কৃতান্তস্য যথা জনাঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ

গুরু বৃহস্পতিঃ উবাচ। হে মঘবন্! অস্য তব শত্রোঃ উন্নতেঃ কারণং অহং জানামি। শিষ্যায় বলয়ে ভৃগুভিঃ শুক্রাদিভিঃ ব্রহ্মবাদিভিঃ স্বং তেজঃ উপভৃতং উপহারত্বেন দত্তং ॥

ঈশ্বরং হরিং, বর্জয়িত্বা ভবান্ ভবদ্বিধঃ বা কশ্চন অন্যঃ অপি ওজস্বিনং এনং বলিং জেতুং সমর্থঃ ন অস্তি ॥

যথা জনাঃ কেঽপি কৃতান্তস্য মৃত্যোঃ, পুরঃ স্থাতুং ন শক্নুবন্তি তথা অস্য পুরঃ ন কঃ অপি স্থাতুং শক্তঃ। ব্রহ্মতেজসা সম্যক্ এধিতং বর্দ্ধিতং এনং কঃ অপি ন বিজেষ্যতি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

উপভৃতং সঞ্চিতং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শিষ্যায় শ্রদ্ধাভক্ত্যতিশয়েন স্বসর্ব্বস্বোপহারকায় বলয়ে তেজঃ স্বীয়মেব উপভৃতং প্রত্যুপহারত্বেন দত্তমিত্যর্থঃ। তস্মাদিদং ন বলে তেজঃ কিন্তু ব্রহ্মতেজ এবাতঃ সুতরাং ভবদ্ভির্দুর্ব্বারমিতি ভাবঃ। তেন তেভ্যো ভৃগুভ্যো ন ন্যূনা বয়মপি তথৈব শ্রদ্ধাভক্ত্যাদিনা ত্বয়া প্রসাদিতা যদ্যভবিষ্যাম তদা সংপ্রতি ত্বমপ্যস্মত্তেজসা পরিপূর্ণ ইমং বলিমজেষ্য এবেতি পালস্তোঽনুধ্বনিতঃ ॥

যোদ্ধুমনেনাধুনা নির্গচ্ছামি ন বেতি চেদত আহ ভবদ্বিধ ইতি ॥ ২৬ ॥

হে ব্রহ্মন্! আমার পরম শত্রু দৈত্যরাজ বলি অদ্য এতাদৃশ শারীরিক, মানসিক এবং ঐন্দ্রিক বল, তেজ এবং অনুপম আয়োজনে কোন্ উপায়ে এরূপ প্রস্তুত এবং তাহার এতাদৃশ দুর্দ্ধর্ষত্বের কারণই বা কি? তাহা আপনি নিরূপণ করত আমাদিগকে বলুন! ॥ ২৫ ॥

দেবেন্দ্রের বাক্যাবসানে সুরগুরু বৃহস্পতি তাঁহাকে সম্বোধন করত বলিলেন, হে মঘবন্! তোমার শত্রুর এতাদৃশ উন্নতির কারণ আমি বিলক্ষণ অবগত হইয়াছি; তুমি শ্রবণ কর! ভৃগুবংশীয় মহাত্মা ব্রহ্মবাদী শুক্রাচার্য্যাদি ব্রাহ্মণগণ শিষ্যের প্রতি বিশেষ অনুগ্রহের প্রকাশে বলিকে এতাদৃশ পরিবর্দ্ধিত করিয়াছেন মাত্র ॥

তস্মান্নিলয়মুৎসৃজ্য যূয়ং সর্ব্বে ত্রিপিষ্টপং।
যাত কালং প্রতীক্ষন্তো যতঃ শত্রো র্বিপর্য্যয়ঃ॥ ২৭॥
এষ বিপ্রবলোদর্কঃ সংপ্রত্যূর্জিত-বিক্রমঃ।
তেষামেবাবমানেন সানুবন্ধো বিনঙ্ক্ষ্যতি॥ ২৮॥

অন্বয়ঃ।

তস্মাৎ যূয়ং সর্ব্বে ত্রিপিষ্টপং স্বর্গং উৎসৃজ্য ত্যক্ত্বা, নিলয়ং অদর্শনং, যাত! যতঃ কালাৎ যুষ্মাকং শত্রোঃ বলেঃ, বিপর্য্যয়ঃ পরাভবঃ, ভবিষ্যতি তং কালং প্রতীক্ষন্তঃ যাত!॥ ২৭॥

এষঃ বলিঃ বিপ্রাণাং বলেন উদর্কং উত্তরোত্তরং অধিকং ফলং যস্য তথাবিধঃ অতঃ সম্প্রতি উর্জ্জিতঃ মহান্ বিক্রমঃ যস্য সঃ, তেষাং এব বিপ্রাণাং অবমানং যদা করিষ্যতি, তদা সানুবন্ধঃ স্বযূথ-সহিতঃ বিনঙ্ক্ষ্যতি পরাভূতঃ ভবিষ্যতি॥ ২৮॥

শ্রীধরস্বামী।

তত্রোচিতং মন্ত্রমাহ তস্মাৎ যূয়ং ত্রিপিষ্টপমুৎসৃজ্য নিলয়মদর্শনং যাত। যতঃ কালাৎ॥২৭॥

কেনাস্য বিপর্য্যয়ঃ স্যাৎ ইত্যত আহ এষ ইতি। বিপ্রাণাং বলেন উদর্ক উত্তরোত্তরং অধিকং ফলং যস্য সঃ॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতৎ সময়োচিতং মন্ত্রং ব্রূহীতি চেদতঃ আহ তস্মাদিতি। যতঃ কালাৎ শত্রো র্বিপর্য্যয়ঃ পরাভবো ভাবী তং কালং প্রতীক্ষমাণা ইত্যর্থঃ॥ ২৭॥

বলেরস্য পরাভবকালঃ স কিং ভাবী কদা বা ভাবীত্যপেক্ষায়াং তমাশ্বাসয়ন্নাহ এষ ইতি। বিপ্রবলমেব উদর্ক উত্তরফলং যস্য সঃ। উদর্কঃ ফলমুত্তরমিত্যমরঃ। তেষামেবেত্যাদি

তাঁহাদিগের তেজে দৈত্যপতি বলি সম্প্রতি যেরূপ প্রতাপ ও সামর্থ্যাদিতে বলীয়ান্ হইয়াছেন, তাহাতে সংসারে এমন কেহ নাই যে, তাঁহাকে পরাজিত করে। অন্যের কথা দূরে থাকুক! এক ভগবান্ বিষ্ণু ব্যতীত, আপনি কিম্বা আপনার সদৃশ অন্য কেহ তাঁহাকে পরাজয় করিতে সক্ষম হইবেন না।

সাক্ষাৎ ব্রহ্মতেজে যখন বলি পরিবর্দ্ধিত হইয়াছেন, তখন সংসারে কেহই তাঁহাকে পরাজয় করিতে পারিবে না। অধিক কি! কৃতান্তের সমক্ষে যেমন কেহই দণ্ডায়মান হইতে পারে না, সেইরূপ ইহার সমক্ষে কেহই অবস্থান করিতে পারিবে না॥ ২৬॥

অতএব আপনারা সকলে সম্প্রতি এই স্বর্গরাজ্য পরিত্যাগ করিয়া, নিভৃতে পলায়ন করুন! এবং যদবধি আপনার এই শত্রু আপনা হইতে অবসন্ন না হন, তত কাল বিরলে প্রতীক্ষা করুন!॥ ২৭॥

এই বলি সম্প্রতি ব্রাহ্মণের বলে উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া, যেমন

এবং সুমন্ত্রিতার্থা স্তে গুরুণার্থানুদর্শিনা।
হিত্বা ত্রিপিষ্টপং জগ্মুর্গীর্বাণাঃ কামরূপিণঃ॥
দেবেষথ নিলীনেষু বলি র্বৈরোচনঃ পুরীং।
দেবধানীমধিষ্ঠায় বশং নিন্যে জগত্ত্রয়ং॥ ২৯॥
তং বিশ্বজয়িনং শিষ্যং ভৃগবঃ শিষ্যবৎসলাঃ।
শতেন হয়মেধানামনুব্রতমযাজয়ন্॥
তত স্তদনুভাবেন ভুবনত্রয়বিশ্রুতাং।

অন্বয়ঃ।

অর্থানুদর্শিনা যথাবদ্বিচারনিপুণেন, গুরুণা এবং সুমন্ত্রিতঃ বিচার-পূর্ব্বকং উক্তঃ অর্থঃ কার্য্যং যেষাং তে কামরূপিণঃ গীর্ব্বাণাঃ দেবাঃ, ত্রিপিষ্টপং স্বর্গং, হিত্বা জগ্মুঃ যত্র কুত্র বিচেরুঃ॥

এবং দেবেষু নিলীনেষু সৎসু অথ অনন্তরং বিরোচন-সুতঃ বলিঃ দেবধানীং পুরীং অধিষ্ঠায় জগৎত্রয়ং বশং নিন্যে॥ ২৯॥

শিষ্য-বৎসলাঃ ভৃগবঃ শুক্রাদয়ঃ ব্রাহ্মণাঃ হয়-মেধানাং শতেন তং বিশ্বজয়িনং অনুব্রতং অনুবর্ত্তিনং, শিষ্যং বলিং অযাজয়ন্॥

ততঃ তদনুভাবেন যজ্ঞানুষ্ঠান-প্রভাবেণ, ভুবনত্রয়ে বিশ্রুতাং প্রসিদ্ধাং, কীর্ত্তিং দিক্ষু বিত-

শ্রীধরস্বামী।

সুমন্ত্রিতঃ অর্থঃ কার্য্যং যেষাং। নিলয়ং জগ্মুঃ॥ ২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যবহার-দৃষ্টৈবোক্তং বস্তুবস্তু বিষ্ণুভক্ত্যনুকূলং সবিপ্রাবমান স্তস্য মহাকীর্ত্তি স্বর্গাদিক-সুতলভোগ দ্বারপালীকৃত-বিষ্ণুত্ব-ভাবি-মন্বন্তরেন্দ্রত্বাদ্যর্থমভূদিতি জ্ঞেয়ং॥ ২৮॥ ২৯॥

অসামান্য বলবান্ ও বিক্রমশালী হইয়াছেন, আবার এমন সময় উপস্থিত হইবে, যখন সেই ব্রাহ্মণগণের অবমাননা করিয়াই ইনি সবংশে বিনষ্ট হইবেন॥ ২৮॥

অসীম ধীশক্তি-সম্পন্ন প্রাজ্ঞ দেবগুরু বৃহস্পতির উপদেশ বাক্যকে আশ্রয় করিয়া, দেববৃন্দ স্বেচ্ছানুরূপ বিগ্রহ প্রয়োজন মত পরিগ্রহ করত, অমরাবতী পরিত্যাগে যথেচ্ছ বিচরণ করিতে লাগিলেন॥

দেবতাগণ স্বর্গরাজ্য হইতে নিরুদ্দেশে অন্যত্র পলায়ন করিলে, বিরোচন-পুত্র বলি সদলে দেবপুরে প্রবেশ করিলেন; এবং স্বর্গে অবস্থান পূর্ব্বক ত্রিভুবনকে আপনার বশীভূত করিলেন॥ ২৯॥

অনন্তর ভৃগুবংশীয় শুক্রাচার্য্যাদি শিষ্যবৎসল ব্রাহ্মণগণ স্বীয় চিত্তানুকারী বিশ্ববিজয়ী শিষ্য বলির চির-অভ্যুদয়ের প্রার্থনায় তদ্দ্বারা শত অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করাইলেন॥

কীর্ত্তিং দিক্ষু বিতন্বানঃ স রেজে উডুরাড়িব ॥ ৩০ ॥
বুভুজেচ শ্রিয়ং স্বৃদ্ধাং দ্বিজদেবোপলম্ভিতাং।
কৃতকৃত্যমিবাত্মানং মন্যমানো মহামনাঃ ॥ ৩১ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মষ্টমস্কন্ধে বলিবিজয়ো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

অন্বয়ঃ।

স্বানঃ বিস্তারয়ন্, সঃ বলিঃ উরুরাট্ চন্দ্রঃ, ইব রেজে ॥ ৩০ ॥

এবং মহামনাঃ বলিঃ আত্মানং কৃতকৃত্যং মন্যমানঃ দ্বিজদেবোপলম্ভিতাং তৈঃ প্রাপিতাং স্বৃদ্ধাং শ্রিয়ং বুভুজে ॥ ৩১ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

এবং প্রাপ্তমিন্দ্রপদং স্থিরীকর্ত্তুং অযাজয়ন্। অনুব্রতং অনুবর্ত্তিনং ॥ ৩০ ॥

দ্বিজদেবৈ ব্রাহ্মণৈরুপলম্ভিতাং প্রাপিতাং ॥ ৩১ ॥

॥ * ॥ ইত্যষ্টমে পঞ্চদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স যাজয়ন্ তদীয়েন্দ্রপদ স্থিরীভাবার্থমিতি ভাবঃ ॥ ৩০ ॥ দ্বিজদেবা বিপ্রাঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অষ্টমেঽসৌ পঞ্চদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

এবং সেই বিপুল যজ্ঞানুষ্ঠানের ফলে ভুবনত্রয়ের দিক্ দিগন্তে অক্ষুণ্ণ কীর্ত্তির বিস্তারে, তারকা-জাল-বেষ্টিত নিশাপতি শশধরের ন্যায়, দৈত্য-যুথপতি-গণে পরিবেষ্টিত বলিরাজ অক্ষুণ্ণ দণ্ড ধারণে ত্রিলোকের আধিপত্যে অবস্থান করিতে লাগিলেন ।। ৩০ ।।

বলিরাজ ব্রাহ্মণগণের ব্রহ্মতেজোপলব্ধ অতুল ঐশ্বর্য্য প্রাপ্তে আপনাকে কৃতকৃত্য জ্ঞান করত, মনের সুখে সমগ্র ত্রিভুবন ভোগ করিতে লাগিলেন।।৩১।।

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃত পঞ্চদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

দেবাসুরের সংগ্রাম চিরকালই চলিয়া আসিতেছে। তাহাতে কখন দেবপক্ষের জয় এবং অসুরের পরাজয়, কখনও বা অসুরকুলের জয় এবং দেবতার পরাজয় হইয়া থাকে। নিরন্তর জয় বা পরাজয় কোন পক্ষেরই কখন শ্রুত হয় না। অভ্যুদয়ে অভিমানী হইলেই পরাজয় এবং অভিমান পরিহারে গুরু বা ভগবানের শরণাগত হইলেই জয় উভয় পক্ষেই প্রতীত হইয়া থাকে। দেববৃন্দ উন্নতিতে যখন অন্ধ হইয়া, যথেষ্ট বিলাসী হন; তখনই তাঁহাদের অবনতি আরম্ভ হয়; তখন অসুরের পীড়নে হতশ্রীঃ হইয়া কায়মনোবাক্যে

শ্রীশুক উবাচ ॥
এবং পুত্রেষু নষ্টেষু দেবমাতা দিতিস্তদা।
হৃতে ত্রিপিষ্টপে দৈত্যৈঃ পর্য্যতপ্যদনাথবৎ ॥
একদা কশ্যপ স্তস্যা আশ্রমং ভগবানগাৎ।
নিরুৎসবং নিরানন্দং সমাধে র্বিরতশ্চিরাৎ ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ত্রিপিষ্টপে স্বর্গে দৈত্যৈঃ হৃতে সতি তথা উক্তপ্রকারেণ স্বপুত্রেষু ইন্দ্রাদিষু নষ্টেষু অদর্শনং গতেষু, সৎসু তদা দেবমাতা অদিতিঃ অনাথবৎ রক্ষকহীনা ইব পর্য্যতপ্যৎ শোকং চকার ॥

একদা সমাধেঃ চিরাৎ বিরতঃ নিবৃত্তঃ ভগবান্ কশ্যপঃ তস্যাঃ নিরুৎসবং নিরানন্দং আশ্রমং অগাৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ষোড়শে পুত্রনাশেন শোচন্ত্যা অদিতেঃ পতিঃ।
প্রার্থিতঃ কশ্যপঃ প্রাহ পয়োব্রতমিতীর্য্যতে ॥ * ॥

ইদানীং শ্রীবামনাবতার-প্রসঙ্গমাহ এবমিত্যাদি যাবৎ সমাপ্তি। নষ্টেষু অদৃশ্যেষু সৎসু ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষোড়শে কশ্যপ-প্রশ্নেরদিতি স্তং ন্যবেদয়ৎ। স্বপুত্র-দুঃখ-তচ্ছান্ত্যৈ স প্রোবাচ পয়োব্রতং। নষ্টেষু অদৃষ্টেষু সৎসু ॥ ১ ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! অসুরগণ স্বর্গলোক অধিকার করত দেবতাগণকে তথা হইতে নির্ব্বাসিত করিলে, দেবতাগণের অপরিসীম ক্লেশ উপস্থিত হইল। তখন দেব-জননী অদিতি পুত্রগণের তাদৃশ অবসন্ন-প্রায় দুর্দ্দশা অবলোকন করিয়া, অনাথার ন্যায় পরিতাপ করিতেছিলেন।

এমত সময়ে একদিবস মহর্ষি কশ্যপ সমাধি হইতে উত্থিত হইয়া; পত্নী অদিতির আশ্রমে গমন করিলেন; কিন্তু তৎকালে তথায় কোনরূপ উৎসবের পরিচয় ছিল না; সর্ব্বত্র নিরানন্দের ভাবই তিনি পরিলক্ষিত করিলেন ॥ ১ ॥

আভাস।

গুরু এবং নারায়ণের শরণাগত হইলে, অশুভের খণ্ডনে উন্নতির পথ প্রশস্ত হয়। অসুরগণও ঐ প্রকারে কখন উন্নত এবং কখন অবনত হইয়া, সংসারের সুখ এবং দুঃখরাশি নিরন্তরই ভোগ করিয়া থাকেন। এদিকে দেবাসুরের ন্যায়, আমাদের অন্তরে সৎ এবং অসৎ বৃত্তি সমূহও নিরন্তর পরস্পরে বিবাদ করিতেছে। এতদুভয়ের মধ্যে কোন পক্ষ যে কেবল নিজের বল বিক্রমের দ্বারা অন্য পক্ষকে নিরস্ত করিতে পারে, তাহা বিবেচনা করা উচিত নহে। আমরা

সপত্নীং দীনবদনাং কৃতাসন-পরিগ্রহঃ।
সভাজিতো যথা ন্যায়মিদমাহ কুরূদ্বহ ॥ ২ ॥
অপ্যভদ্রং ন বিপ্রাণাং ভদ্রে লোকেঽধুনাগতং।
ন ধর্ম্মস্য ন লোকস্য মৃত্যোশ্ছন্দানুবর্ত্তিনঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

যথান্যায়ং যথাযোগ্যং, সভাজিতঃ পূজিতঃ, ততঃ কৃতাসন-পরিগ্রহঃ (কৃতঃ আসনস্য পরিগ্রহঃ স্বীকারঃ যেন) সঃ কশ্যপঃ দীনবদনাং শুষ্কবদনাং পত্নীং অদিতিং, হে কুরূদ্বহ! ইদং বক্ষ্যমাণং আহ ॥ ২ ॥

হে ভদ্রে! অপি প্রশ্নে! কিং অধুনা লোকে বিপ্রাণাং অভদ্রং আপত্তিঃ তু ন আগতং? ধর্ম্মস্য অভদ্রং তু ন আগতং? মৃত্যোঃ ছন্দং ইচ্ছাং অনুবর্ত্ততে ইতি তথা-ভূতস্য লোকস্য অভদ্রং বিনাশঃ তু অধুনা ন আগতং কিং? ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

স কশ্যপঃ পত্নীমিদমাহ ॥ ২ ॥

দীনবদনত্বাদিকমালোক্য বহুধা বিকল্পয়ন্ পৃচ্ছতি অপ্যভদ্রমিতি সপ্তভিঃ। হে ভদ্রে মৃত্যোশ্ছন্দমিচ্ছামনুবর্ত্তত ইতি তথা মৃত্যুবশবর্ত্তিনো জনস্যেত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স কশ্যপঃ ॥ ২ ॥

দীনবদনত্বাদেঃ কারণং বিকল্পয়ন্ বহুধা পৃচ্ছতি। অপ্যভদ্রমিতি সপ্তভিঃ। অপীতি প্রশ্নে। বিপ্রাণামভদ্রং নাগতং ন প্রাপ্তং ন বা ধর্ম্মস্য ন বা লোকস্য। লোকং বিশিনষ্টি। মৃত্যোশ্ছন্দমিচ্ছামনুবর্ত্তত ইতি তস্য ॥ ৩ ॥

হে কুরুশ্রেষ্ঠ! স্বামী কশ্যপকে সমাগত অবলোকন করিয়া, অদিতি আসনাদি প্রদানে তাঁহার যথোচিত পূজা এবং অভ্যর্থনাদি করিলেন; এবং প্রজাপতি কশ্যপও আসন পরিগ্রহে উপবেশন করত, তাদৃশ মলিন-বদনা পত্নীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২ ॥

হে ভদ্রে! তোমার এতাদৃশ বিষণ্ণ অবস্থা অবলোকনে আমি নিতান্ত

আভাস।

ইচ্ছা করিলেই যে অসৎ বৃত্তিকে ধ্বংস করিয়া, সাধু হইতে পারি; তাহা নহে। ইচ্ছার সঙ্গে সঙ্গে উপদেষ্টা ব্রাহ্মণ এবং পরম গুরু নারায়ণকে আশ্রয় করা প্রয়োজন। আমরা স্বীয় অভ্যুদয়ে যখন ব্রাহ্মণের অবমাননা এবং ভগবানকে উপেক্ষা করি, তখন প্রকৃত উন্নতি-লাভের ইচ্ছা সত্ত্বেও, আমরা হতমানী ও নিঃস্ব হইয়া পড়ি; আবার অভিমানে জলাঞ্জলি দিয়া, যখন উপদেষ্টা ব্রাহ্মণের সম্মান করিতে এবং ভগবানকে নির্ভর করিতে শিখি; তখন হইতেই আমাদের উন্নতির পথ প্রশস্ত হইবে ॥ ইতি পঞ্চদশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

অপি বা কুশলং কিঞ্চিদ্‌গৃহেষু গৃহমেধিনি।
ধর্ম্মস্যার্থস্য কামস্য যত্র যোগো হ্যযোগিনাং ॥ ৪ ॥
অপি বাতিথয়োঽভ্যেত্য কুটুম্বাসক্তয়া ত্বয়া।
গৃহাদপূজিতা যাতাঃ প্রত্যুত্থানেন বা ক্বচিৎ ॥ ৫ ॥
গৃহেষু যেষ্বতিথয়ো নার্চ্চিতাঃ সলিলৈরপি।

অন্বয়ঃ।

হে গৃহমেধিনি হে গৃহস্বামিনি! অপি বা কিম্বা যত্র যেষু গৃহেষু অযোগিনাং যোগাভ্যাস-রহিতানাং অপি যোগঃ (স্বধর্ম্মাচরণাদিনা যোগফলং) ভবতি তাদৃশেষু গৃহেষু ধর্ম্মস্য অর্থস্য কামস্য বা অকুশলং হ্রাসঃ জাতং কিং? ॥ ৪ ॥

অপি বা কিম্বা, ক্বচিৎ কদাচিৎ অতিথয়ঃ অভ্যেত্য আগত্য, কুটুম্বাসক্তয়া ত্বয়া প্রত্যুত্থানেন অপি অপূজিতাঃ সন্তঃ গৃহাৎ যাতাঃ কিং? ॥ ৫ ॥

যেষু গৃহেষু অতিথয়ঃ অভ্যেত্য সলিলৈঃ অপি অনর্চ্চিতাঃ সৎকার-রহিতাঃ সন্তঃ নির্যান্তি

শ্রীধরস্বামী।

হে গৃহমেধিনি অপি বা কিম্বা গৃহেষু ধর্ম্মাদেঃ কিঞ্চিদকুশলমিতি কাক্বা প্রশ্নঃ যত্র যেষু গৃহেষু অযোগিনামপি যোগঃ স্বধর্ম্মাদিনা যোগফলং ভবতি ॥ ৪ ॥

কিং বা ত্বয়া অপূজিতা এবাভ্যেত্য গৃহাদ্‌যাতাঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অকুশলং বা ধর্ম্মাদেঃ। যত্র গৃহেষু অযোগিনাং কর্ম্মিণামপি যোগঃ যোগফলপ্রাপ্তিঃ ॥ ৪ ॥
প্রত্যুত্থানেনাপ্যপূজিতা ॥ ৫ ॥

চিন্তিত হইয়াছি। দেখ! এই জনসমাজে ব্রাহ্মণগণের কিম্বা ধর্ম্মের কোন-রূপ অমঙ্গলের কারণ ত ঘটে নাই! মানবগণ মৃত্যুর করাল গ্রাসে নিরন্তরই পতিত রহিয়াছে। তাহাদের কোন অনিষ্ট ত ঘটে নাই? ॥ ৩ ॥

তুমি গৃহস্থ। গার্হস্থ ধর্ম্মের অপেক্ষা শ্রেষ্ঠ ধর্ম্ম আর নাই। কারণ যাঁহারা যোগ তপস্যাদিতে নিরত হইতে পারেন না, তাঁহারা কেবল গার্হস্থ্য ধর্ম্মের সম্যক্ প্রতিপালনে ধর্ম্ম, অর্থ এবং কাম স্বরূপ ত্রিবর্গ ফল অবলীলাক্রমে প্রাপ্ত হইয়া থাকেন। হে ভামিনি! তোমার সেই গার্হস্থ্য ধর্ম্মের সর্ব্বাঙ্গীন কুশল ত? ॥ ৪ ॥

তুমি অবশ্য স্বীয় পরিবারবর্গের প্রতি বিশেষ আসক্ত-চিত্ত থাকায়, তোমার গৃহে উপনীত অতিথিগণ অভ্যর্থনা বা সৎকারাদির অভাবে কখন গৃহ হইতে ভগ্নাশ হইয়া প্রতিনিবৃত্ত হইয়াছেন কি? ॥ ৫ ॥

অহো! যে সকল সমাগত অতিথিগণ পানীয় প্রভৃতির দ্বারা অর্চ্চিত

যদি নির্যান্তি তে নূনং ফেরুরাজগৃহোপমাঃ ॥ ৬ ॥
অপ্যগ্নয়স্তু বেলায়াং ন হুতা হবিষা সতি।
ত্বয়োদ্বিগ্নধিয়া ভদ্রে প্রোষিতে ময়ি কর্হিচিৎ ॥
যং পূজয়া কামদুঘান্ যাতি লোকান্ গৃহান্বিতঃ।
ব্রাহ্মণোঽগ্নিশ্চ বৈ বিষ্ণোঃ সর্ব্বদেবাত্মনো মুখং ॥ ৭ ॥
অপি সর্ব্বে কুশলিন স্তব পুত্রা মনস্বিনি।
লক্ষয়েঽস্বস্থমাত্মানং ভবত্যা লক্ষণৈরহং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তদা তে নূনং নিশ্চয়েন ফেরুরাজঃ শৃগালনাথঃ তদ্‌গৃহোপমাঃ এব ॥ ৬ ॥

হে ভদ্রে! হে সতি পতিব্রতে! ময়ি পত্যৌ প্রোষিতে দেশান্তরং গতে সতি, উদ্বিগ্নধিয়া ত্বয়া বেলায়াং হোমকালে, অপি কিং অগ্নয়ঃ হবিষা ন হুতাঃ কর্হিচিৎ?

যস্য অগ্নেঃ, পূজয়া গৃহান্বিতাঃ গৃহস্থাঃ, কামদুঘান্ মনোরথ-পূরকান্ লোকান্ যান্তি; যতঃ ব্রাহ্মণঃ অগ্নিঃচ সর্ব্বদেবাত্মনঃ বিষ্ণোঃ বৈ মুখং ॥ ৭ ॥

হে মনস্বিনি! অপি কিং তব সর্ব্বে পুত্রাঃ কুশলিনঃ সন্তি। ভবত্যাঃ আত্মানং মনঃ, অস্বস্থং অপ্রকৃতিস্থং, লক্ষণৈঃ মুখপ্লান্যাদিভিঃ অহং লক্ষয়ে লক্ষয়ামি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

নার্চ্চিতাঃ অনর্চ্চিতাঃ সন্তো যদি নির্গচ্ছন্তি ফেরুরাজঃ শৃগালনাথ স্তদীয়-বিবর-তুল্যাঃ ॥৬॥
বেলায়াং হোমকালে; কর্হিচিন্ন হুতাঃ কিং ॥ ৭ ॥
ভবত্যা আত্মানং মনঃ অস্বস্থমপ্রকৃতিস্থং লক্ষণৈ র্মুখম্লান্যাদিভি র্লক্ষয়ামি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফেরু. শৃগালঃ ॥ ৬—৮ ॥

না হইয়া, বিমুখ ভাবে গৃহ হইতে চলিয়া যান, সে সকল গৃহকে আর গৃহস্থের গৃহ বলা যায় না। শৃগাল-রাজের বাস-বিবর বলিয়াই কীর্ত্তন করা হয় ॥ ৬ ॥

হে সতি! আমি বহুকাল প্রবাসে থাকিলে, তুমি কখন কি নিতান্ত উদ্বিগ্ন-চিত্তা হইয়া, যথাকালে ঘৃতাদি প্রদানে হুতাশনে আহুতি প্রদান করিতে উদাসীনা হইয়াছিলে?

অহো! গৃহস্থগণ কেবল অগ্নির অর্চ্চনা করিয়া, যথাভিলষিত ভোগ প্রাপ্ত হইয়া থাকেন। অধিক কি! ব্রাহ্মণ এবং অগ্নিই সর্ব্বদেবময় ভগবান্ বিষ্ণুর মুখস্বরূপ! ॥ ৭ ॥

হে মনস্বিনি! বাহ্যিক লক্ষণের দ্বারা তোমাকে যেন নিতান্ত অপ্রকৃতিস্থ

অদিতিরুবাচ ॥

ভদ্রং দ্বিজগবাং ব্রহ্মন্ ধর্ম্মস্যাস্য জনস্য চ।
ত্রিবর্গস্য পরং ক্ষেত্রং গৃহমেধিন্ গৃহা ইমে ॥ ৯ ॥
অগ্নয়োঽতিথয়ো ভৃত্যা ভিক্ষবো যে বলীপ্সবঃ।
সর্ব্বং ভগবতো ব্রহ্মন্নমুধ্যানান্ন রিষ্যতি ॥ ১০ ॥
কোনু মে ভগবন্ কামো ন সংপদ্যেত মানসঃ।

অন্বয়ঃ।

অদিতিঃ উবাচ। হে ব্রহ্মন্! দ্বিজগবাং ধর্ম্মস্য অস্য জনস্য চ ভদ্রং এব অস্তি; হে গৃহমেধিন্! ইমে ত্বদীয়াঃ গৃহাঃ ত্রিবর্গস্য পরং ক্ষেত্রং উদ্ভবস্থানং সন্তি; ত্রিবর্গঃ অপি যথাবৎ বর্ত্ততে এব ॥ ৯ ॥

যে চ অন্যে অপি বলীপ্সবঃ বলিং আকাঙ্ক্ষাবন্তঃ, তাদৃশাঃ অগ্নয়ঃ অতিথয়ঃ, ভৃত্যাঃ ভিক্ষবঃ চ সর্ব্বে ময়া পূজিতাঃ এব। এতৎ সর্ব্বং হে ব্রহ্মন্! ভগবত্তক্তস্য ব্রাহ্মণস্য তব অনুধ্যানাৎ (অনুক্ষণং ধ্যানং যৎ ময়া ক্রিয়তে তস্মাৎ) সর্ব্বং ন রিষ্যতি কদাচিৎ অপি ন হীয়তে ॥ ১০ ॥

হে ভগবন্! যস্যাঃ প্রজাধ্যক্ষঃ প্রজাপতিঃ ভবান্ এব উক্তপ্রকারেণ ধর্ম্মান্ প্রভাষতে

শ্রীধরস্বামী।

অস্বাস্থ্যকারণমন্যদস্তীতি বক্তুং তৎপৃষ্টমভদ্রাদিকং নাস্তীত্যাহ ভদ্রমিতি দ্বাভ্যাং। ইমে গৃহা স্ত্রিবর্গস্য পরং ক্ষেত্রং উদ্ভবস্থানং। ত্রিবর্গোঽপি যথাবদ্বর্ত্তত ইত্যর্থঃ ॥ ৯ ॥

ভগবত স্তবানুধ্যানং যন্ময়া ক্রিয়তে তস্মাদগ্নয়োঽতিথয় ইত্যাদি সর্ব্বং নরিষ্যতি ন হীয়তে ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিবর্গস্য ক্ষেত্রং উদ্ভবস্থানং ত্রিবর্গোঽপি যথোচিতং বর্ত্তত ইত্যর্থঃ ॥ ৯ ॥

বলিয়াই আমার বিবেচনা হইতেছে। অতএব তোমার সন্তানসন্ততিগণ সকলে ভাল আছেন ত? ॥ ৮ ॥

অদিতি বলিলেন, হে ব্রহ্মন্! গো, ব্রাহ্মণ, ধর্ম্ম এবং জনসমূহের কোনরূপ অমঙ্গল ঘটে নাই। হে গৃহমেধিন্! আপনার এই সমস্ত গৃহ ত্রিবর্গসাধনের অনুপম ক্ষেত্র!

হে ব্রহ্মন্! আপনার পাদপদ্মে আমি মতি স্থির রাখায়, আপনার প্রসাদে এ সকল গৃহে কোন অমঙ্গলই ঘটে নাই। বলিপ্রার্থী অগ্নি, অতিথি ভৃত্য এবং ভিক্ষুকগণ কেহই আপনার অনুগ্রহে আমার গৃহ হইতে কখন প্রত্যাখ্যাত হয় নাই। ১০ ॥

হে ভগবন্! এই সকল গার্হস্থ্য ধর্ম্মের উপদেষ্টা স্বয়ং আপনি যাঁহার

যস্যা ভবান্ প্রজাধ্যক্ষ এবং ধর্ম্মান্ প্রভাষতে ॥ ১১ ॥
তবৈব মারীচ মনঃ শরীরজাঃ প্রজা ইমাঃ সত্ত্বরজস্তমোজুষঃ।
সমো ভবাংস্তাসু সুরাদিষু প্রভো তথাপি ভক্তং ভজতে মহেশ্বরঃ ॥ ১২ ॥
তস্মাদীশ ভজন্ত্যাঃ মে শ্রেয়শ্চিন্তয় সুব্রত।
হৃতশ্রিয়ো হৃতস্থানান্ সপত্নৈঃ পাহি নঃ প্রভো ॥

অন্বয়ঃ।

তস্যাঃ মম মানসঃ মনসি বর্ত্তমানঃ, কামঃ মনোরথঃ, কঃ নু ন সম্পদ্যেত ॥ ১১ ॥

হে মারীচ! সত্ত্বরজস্তমোজুষঃ ত্রিগুণাত্মিকাঃ ইমাঃ প্রজাঃ প্রাণিসমূহাঃ তব এব মনঃ-শরীরজাঃ (কেচিৎ মনসঃ কেচিৎ শরীরাৎ চ জাতাঃ) অতঃ হে প্রভো! হে স্বামিন্! যদ্যপি তাসু অসুরাদিষু প্রজাসু ভবান্ সমঃতুল্যদর্শী, তথাপি যথা মহেশ্বরঃ শিবঃ ভক্তং ভজতে তথা স্বভক্তস্য এব মনোরথং ভবান্ পূরয়তু ॥ ১২ ॥

তস্মাৎ হে ঈশ! হে সুব্রত! ত্বাং ভজন্ত্যাঃ মে মম শ্রেয়ঃ চিন্তয়! যতঃ সপত্নৈঃ দৈত্যৈঃ, হৃতাঃ শ্রীঃ যেষাং তান্ তথা হৃতং স্থানং যেষাং তান্ নঃ অস্মান্, হে প্রভো! পাহি রক্ষ!

শ্রীধরস্বামী।

প্রস্তুতং বিজ্ঞাপয়িতুমাহ কোঽস্তিতি ॥ ১১ ॥
সম্পাদ্যং কামমাহ তবৈবেতি চতুর্ভিঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবত স্তব। ত্বৎকর্ম্মকাদনুধ্যানান্ন রিষ্যতি ন হীয়তে ॥ ১০ ॥ ১১ ॥

তদপি কৃপয়া যদ্যেবং পৃচ্ছসি তর্হি মদ্দুঃখোপশমস্তুয়া সুকর এবেত্যাহ তবৈবেতি চতুর্ভিঃ। মহেশ্বরো ভগবান্ জগতি সর্ব্বত্র সমোঽপি ভক্তং যথা ভজতে তথৈব ত্বং পুত্রেষু মধ্যে ভক্তি-মন্তমিন্দ্রং পালয়িতুমর্হসীতি ভাবঃ ॥ ১২ ॥

পুত্রোৎপাদক পতি, তাদৃশ আমার ন্যায় পতিব্রতা পত্নীর কামনা পূরণের আর অভাব কি! ॥ ১১ ॥

হে মরীচি-নন্দন! সত্ত্ব, রজঃ ও তমোগুণের আশ্রয়ে যেখানে যত প্রজাই থাকুক না কেন! সমস্তই এক আপনার মন বা শরীর হইতে সমুৎপন্ন হইয়াছে! অতএব সকল প্রজাই আপনার নিকট সমান। তথাপি কিন্তু, আশুতোষ যেমন স্বীয় ভক্তগণের প্রতি কিছু বিশেষ তুষ্ট থাকেন, সেইরূপ হে প্রভো! আপনার সন্তান এই দেবপক্ষের প্রতি আপনার একটু বিশেষ কৃপা দৃষ্টি থাকা সম্ভব! ॥ ১২ ॥

হে প্রভো! আপনার তপোবল অসীম! আমি আপনার একান্ত শরণাগত থাকিয়া, এ পর্য্যন্ত ভজনা করিয়া আসিতেছি! অতএব আমার

পরৈর্বিবাসিতা সাহং মগ্না ব্যসনসাগরে।
ঐশ্বর্য্যং শ্রীর্যশঃ স্থানং হৃতানি প্রবলৈর্মম।
যথা তানি পুনঃ সাধো প্রপদ্যেরন্মমাত্মজাঃ।
তথা বিধেহি কল্যাণং ধিয়া কল্যাণকৃত্তম ॥ ১৩ ॥
শ্রীশুক উবাচ।
এবমভ্যর্থিতোঽদিত্যা ক স্ত্বামাহ স্ময়ন্নিব।
অহো মায়াবলং বিষ্ণোঃ স্নেহবদ্ধমিদং জগৎ ॥

অন্বয়ঃ।

প্রবলৈঃ পরৈঃ শক্রভিঃ মম ঐশ্বর্য্যং শ্রীঃ যশঃ স্থানং তানি হৃতানি; (সর্ব্বৈশ্বর্য্যপূর্ণা ত্বৎপালিতা) সা অহং পরৈঃ বিবাসিতা স্বস্থানাৎ তাড়িতা, সতী ব্যসনস্য দুঃখস্য, সাগরে নিমগ্না ভবামি ॥

হে সাধো! মম আত্মজাঃ পুত্রাঃ যথা তানি পুনঃ প্রপদ্যেরন্ হে কল্যাণকৃত্তম! তথা ধিয়া বিচার্য্য কল্যাণং বিধেহি উপদিশ! ॥ ১৩ ॥

শ্রীশুকঃ উবাচ। অদিত্যা এবং অভ্যর্থিতঃ প্রার্থিতঃ, কঃ কশ্যপঃ, স্ময়ন্ তাং আহ; অহো! আশ্চর্য্যরূপং এব বিষ্ণোঃ মায়াবলং! যতঃ ইদং জগৎ প্রাণিজাতং, স্নেহেন বদ্ধং ॥

শ্রীধরস্বামী।

সপত্নৈ দৈত্যৈ র্হৃতা শ্রী র্যেষাং। হৃতং স্থানং যেষাং ইতি পুত্রাভিপ্রায়েণ বহুবচনং ॥১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন ইতি পুত্রসাহিত্যাদ্বহুবচনং ॥ ১৩ ॥

কঃ কশ্যপ ইবেতি বস্তুতো ন স্ময়মানঃ তস্যা দুঃখেনাদুঃখিতত্বাৎ ॥

মঙ্গল আপনার চিন্তা করা অবশ্য কর্ত্তব্য। এক্ষণে দেখুন! আমার সপত্নী-পুত্র অসুরগণ বিক্রমের প্রকাশে মৎপুত্র দেবতাগণকে পরাস্ত, করত স্থানচ্যুত ও শ্রীভ্রষ্ট করিয়াছে। এক্ষণে আমাদিগকে আপনি রক্ষা করুন!

আমার প্রবল শত্রুকুল অসুরবৃন্দ আমার ঐশ্বর্য্য, শ্রীঃ, যশঃ এবং স্বর্গরাজ্য সমস্তই হরণ করিয়াছে। এক্ষণে আমি স্বর্গ হইতে নির্ব্বাসিত হইয়া, ভীষণ দুঃখসাগরে নিপতিত হইয়াছি!

হে সাধো! উপকার করাই আপনার প্রধান ধর্ম্ম! যে যেখানেই থাকুন্ না কেন, আপনার ন্যায় হিতকারী আমাদের আর কেহই নাই। অতএব এক্ষণে যে কোন উপায়ে আমার আত্মজ দেববৃন্দ যাহাতে তাঁহাদের বিনষ্ট সমস্ত ভোগ পুনঃ প্রাপ্ত হইতে পারেন, আপনি তাহারই সুব্যবস্থা করুন্! ॥১৩॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! প্রজাপতি কশ্যপ পত্নী অদিতি কর্ত্তৃক

ক্ব দেহো ভৌতিকো নাত্মা ক্বচাত্মা প্রকৃতেঃ পরঃ।
কস্য কে পতিপুত্রাদ্যা মোহ এবহি কারণং ॥ ১৪ ॥
উপতিষ্ঠস্ব পুরুষং ভগবন্তং জনার্দ্দনং।

অন্বয়ঃ।

ভৌতিকঃ পঞ্চভূতোৎপন্নঃ ন আত্মা অনাত্মা জড়ঃ দেহঃ ক্ব, তথা প্রকৃতেঃ পরঃ আত্মা জীবঃ চ ক্ব। অতঃ কে পতিপুত্রাদ্যাঃ। মোহঃ এবহি স্নেহস্য কারণং ॥ ১৪ ॥

ভগবন্তং সর্ব্বজ্ঞং পুরুষং পূর্ণং সর্ব্বেষাং ভূতানাং হৃদয়গুহা এব আবাসঃ যস্য তং জগদ্গুরুং জনার্দ্দনং (জনানাং মায়াং অর্দ্দয়তি নিবর্ত্তয়তি) ইতি তং বাসুদেবং উপতিষ্ঠস্ব

শ্রীধরস্বামী।

কঃ কশ্যপঃ প্রথমং তাবৎ পুত্রস্নেহং ত্যাজয়িতুং বিস্ময়-ব্যাজেন তত্ত্বমুপদিশতি অহো ইতি সার্দ্ধেন ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মা জীবঃ। প্রকৃতেঃ প্রাকৃতাদ্দেহাৎ পরোঽন্যঃ ॥ ১৪।

তদপি পুত্রস্নেহেন রুদতীং কৃপয়া পুনরাহ উপতিষ্ঠস্বেতি। পুরুষং বস্তুতঃ পতিং অহন্তু তে লৌকিক এব পতিরিতি ভাবঃ। ভগবন্তং সর্ব্বজ্ঞমিতি ত্বৎপুত্রাণাং কল্যাণোপায়ং সএব জানাতীতি ভাবঃ। জননায়েঽসুরস্য র্দ্দনং ত্বংসপত্নান্ হন্তুমপি সএব সমর্থ ইতি ভাবঃ। জনং স্বভক্তং বলিং ত্রিলোকীমর্দ্দিষ্যতি ইন্দ্রার্থং যাচিষ্যতে ইতি তমিতি তু বাস্তবোঽর্থঃ। সর্ব্বভূতেতি বলেরন্তঃকরণং প্রের্য্য গুরুহেলনমপি সএব তং কারয়িষ্যতে ইতি ভাবঃ। বসু-দেবে শুদ্ধসত্ত্বে আবির্ভবতীতি বাসুদেবমিতি ভক্ত্যা স্বান্তঃকরণং শুদ্ধীকৃত্য তত্রৈব তং ধ্যায়ন্ত্যাং ত্বয়ি স দয়াসিন্ধুরাবির্ভবিতুমপি ন বিলম্বিষ্যতে ইতি ভাবঃ। জগদ্গুরুমিতি তব

এই প্রকারে অভিহিত হইয়া, ঈষৎ হাস্য করত মনে মনে ভাবিলেন যে, বিষ্ণু-মায়ার কি অনির্ব্বচনীয় সামর্থ্য! অহো! ইহার প্রভাবে এই সমগ্র সংসার কি অচ্ছেদ্য স্নেহ-পাশে বদ্ধ রহিয়াছে! ॥

প্রকাশ্যে বলিলেন, হে ভদ্রে! পঞ্চভূতোৎপন্ন ক্ষণস্থায়ী কলেবর কোথায়! এবং প্রকৃতির অতীত চৈতন্যস্বরূপ জীবাত্মাই বা কোথায়! কে বা কাহার পতি- বা স্ত্রী এবং কে বা কাহার পিতা মাতা বা পুত্র কন্যা। এক মোহই যাবতীয় সম্বন্ধের রচনা করত, জগতের জীবনিচয়কে পরস্পরের সহিত আবদ্ধ করিতেছে ॥ ১৪ ॥

অতএব হে ভামিনি! তুমি এই বৃথা সংসার-চিন্তা না করিয়া, পরম পুরুষ ভগবান্ জনার্দ্দনের আরাধনা কর! তিনি জীবমাত্রেরই হৃদয়-গুহার অন্তরে অন্তর্যামিরূপে অবস্থান করিতেছেন! তিনিই জগদ্গুরু বাসুদেব ॥ ১৫ ॥

সর্ব্বভূত-গুহাবাসং বাসুদেবং জগদ্গুরুং ॥ ১৫ ॥
স বিধাস্যতি তে কামান্ হরির্দীনানুকম্পনঃ।
অমোঘা ভগবৎসেবা নেতরেতি মতির্ম্মম ॥ ১৬ ॥

অদিতিরুবাচ ॥
কেনাহং বিধিনা ব্রহ্মন্ পত্স্যাস্যে জগদ্গুরুং।
যথা মে সত্যসংকল্পো বিদধ্যাৎ স মনোরথং ॥
আদিশ ত্বং দ্বিজশ্রেষ্ঠ বিধিং তদুপরাধনং।

অন্বয়ঃ।

ভজস্ব ॥ ১৫ ॥

দীনানুকম্পনঃ ভক্তবৎসলঃ, সঃ হরিঃ তে তব, ভোগান্ কামান্ বিধাস্যতি। ভগবৎ-সেবা অমোঘা ন ইতরা ন বৃথা, ইতি মম নিশ্চিতা মতিঃ ॥ ১৬ ॥

অদিতিঃ উবাচ। হে ব্রহ্মন্! জগদ্গুরুং জগৎপালকং ভগবন্তং অহং কেন বিধিনা উপস্থাস্যে যথা সত্যসংকল্পঃ ভক্ত-মনোরথ-পূরকঃ সঃ ভগবান্ মে মনোরথং বিদধ্যাৎ সম্পাদয়েৎ ॥

পুত্রকৈঃ সহ সীদন্ত্যাঃ মে, দেবঃ ভগবান্, যথা আশু শীঘ্রং, তুষ্যতি তুষ্যেৎ, তথা হে

শ্রীধরস্বামী।

অত্রাপরিতুষ্যন্তীং প্রত্যাহ উপতিষ্ঠস্বেতি দ্বাভ্যাং ॥ ১৫ ॥

নন্বেবংভূতকাম-প্রাপ্তি-হেতু র্দেবতান্তরসেবা প্রসিদ্ধা। তত্রাহ অমোঘেতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মম বলেরিন্দ্রস্য সর্ব্বজগতোঽপি গঙ্গাপ্রাদুর্ভাবাদিনা হিতং বিধাস্যতীতি ভাবঃ ॥ ১৫ ॥

হরিস্ত্বদ্দুঃখহর্ত্তা ॥ ১৬ ॥

তিনি দীনজনের শরণদাতা এবং পরম উপকারী! তাঁহার আরাধনা করিলে, কিছুরই অভাব থাকিবে না। তিনি তোমার যাবদীয় কামনারই পূরণ করিবেন, সন্দেহ নাই; ভগবানের আরাধনা করা ব্যতীত, দুঃখ-নিবৃত্তির অন্য কোন উপায়ই নাই! এই আমার দৃঢ় বিশ্বাস ॥ ১৬ ॥

অদিতি বলিলেন, হে ব্রহ্মন্! কোন্ পদ্ধতি অনুসারে আমি সেই জগদ্গুরু জনার্দ্দনের আরাধনা করিলে, সেই সত্যসংকল্প ভগবান্ সন্তুষ্ট হইয়া, আমার মনোরথ পূরণ করেন ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! সেই ভগবদুপাসনার বিধি আপনি আমার নিকট বর্ণন করুন! আমি এই সন্তানসন্ততি লইয়া, একান্ত কষ্টভোগে অবসন্নপ্রায়

আশু তুষ্যতি মে দেব সীদন্ত্যা সহ পুত্রকৈঃ ॥ ১৭ ॥
কশ্যপ উবাচ ॥
এতন্মে ভগবান্ পৃষ্টঃ প্রজাকামস্য পদ্মজঃ।
যদাহ তে প্রবক্ষ্যামি ব্রতং কেশবতোষণং ॥ ১৮ ॥
ফাল্গুনস্যামলে পক্ষে দ্বাদশাহং পয়োব্রতং।
অর্চ্চয়েদরবিন্দাক্ষং ভক্ত্যা পরময়ান্বিতঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

দ্বিজশ্রেষ্ঠ! তদুপরাধনং বিধিং, তস্য আরাধন-প্রকারং, ত্বং মাং আদিশ ॥ ১৭ ॥

কশ্যপঃ উবাচ। প্রজাকামেন মে ময়া পৃষ্টঃ ভগবান্ পদ্মজঃ ব্রহ্মা, যৎ কেশবতোষণং (কঃ ব্রহ্মা ঈশঃ মহাদেবঃ তয়োঃ বং সুখং যস্মাৎ তাদৃশস্য কেশবস্য তোষণং) ব্রতং আহ তৎ এতৎ তে অহং প্রবক্ষ্যামি ॥ ১৮ ॥

ফাল্গুনস্য অমলে শুক্লে, পক্ষে দ্বাদশাহং (প্রতিপদমারভ্য দ্বাদশী পর্য্যন্তং পয়োব্রতঃ পয়ঃপায়ী, সন্ পরময়া ভক্ত্যা অন্বিতঃ এব অরবিন্দাক্ষং বিষ্ণুং অর্চ্চয়েৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

যথাচ মে মনোরথং বিদধ্যাৎ যথাচ মে আশু তুষ্যতি তথা তৎ সেবাপ্রকারমাদিশ ॥ ১৭ ॥
ময়া পৃষ্টঃ পদ্মজো মে যদ্ব্রতমাহ এতত্তে প্রবক্ষ্যামীত্যন্বয়ঃ ॥ ১৮ ॥
অমলে শুক্লে ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যঃ সঙ্কল্পো যস্মাৎ ॥ ১৭ ॥ ১৮ ॥
পয়সা ব্রতং যস্য সঃ পয়ঃপায়ীত্যর্থঃ ॥ ১৯ ॥

হইয়াছি! আমার আরাধনায় যাহাতে তিনি সহজে এবং সত্বর পরিতুষ্ট হন, তাহারই উপদেশ আমাকে প্রদান করুন্! ॥ ১৭ ॥

কশ্যপ বলিলেন, হে সাধ্বি! পূর্ব্বে পুত্রকামনা করিয়া, পদ্মযোনি ভগবান্ ব্রহ্মাকে আমি অবগত করিলে, তিনি যে হরিতোষণ-ব্রতের বিষয় আমাকে উপদেশ দিয়াছিলেন, আমি সেই ব্রতের বিষয় তোমার নিকট বর্ণন করিতেছি, শ্রবণ কর! ॥ ১৮ ॥

ফাল্গুন মাসের শুক্লপক্ষে প্রতিপদাদি দ্বাদশীতিথি পর্য্যন্ত পয়োব্রত ধারণে অর্থাৎ দুগ্ধমাত্র পান করিয়া, দিনাতিপাত করিবে এবং সেই কয়এক দিবস বিশেষ শ্রদ্ধা এবং ভক্তি সহকারে পদ্মপলাশলোচন ভগবান্ নারায়ণের অর্চ্চনা করিতে হয় ॥ ১৯ ॥

ব্রতারম্ভের পূর্ব্বদিবসে অমাবস্যার দিন রাত্রিতে যদি বরাহোৎখাত মৃত্তিকা

সিনীবাল্যাং মৃদালিপ্য স্নায়াৎ ক্রোড়বিদীর্ণয়া।
যদি লভ্যেত বৈ স্রোতস্যেতন্মন্ত্রমুদীরয়েৎ ॥ ২০ ॥
ত্বং দেব্যাদিবরাহেণ রসায়াঃ স্থানমিচ্ছতা।
উদ্ধৃতাসি নমস্তুভ্যং পাপ্মানং মে প্রণাশয় ॥ ২১ ॥
নিবর্ত্তিতাত্ম-নিয়মো দেবমর্চ্চেৎ সমাহিতঃ।
অর্চ্চায়াং স্থণ্ডিলে সূর্য্যে জলে বহ্নৌ গুরাবপি ॥ ২২ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মচারী অথ সিনীবাল্যাং অমাবস্যায়াং, যদি ক্রোড়বিদীর্ণয়া মৃদা (বরাহোৎখাতা মৃদ্) যদি লভ্যেত তদা তাং গৃহীত্বা আত্মানং আলিপ্য স্রোতসি নদীপ্রবাহে, স্থিত্বা এতৎ মন্ত্রং উদীরয়েৎ উচ্চারয়েৎ যথা ; ॥ ২০ ॥

হে দেবি! প্রাণিনাং স্থানং ইচ্ছতা আদিবরাহেণ কৃতবরাহাবতারেণ ভগবতা ত্বং রসায়াঃ রসাতলাৎ, উদ্ধৃতা অসি! অতঃ মে পাপ্মানং প্রণাশয়! কেবলং তুভ্যং নমঃ ॥ ২১ ॥

অতঃ চ নিবর্ত্তিতাত্মনিয়মঃ (নিবর্ত্তিতঃ আত্মনঃ স্বস্য নিয়মঃ নিত্য-নৈমিত্তিক-কর্ম্মকলাপঃ যেন সঃ) সমাহিতঃ একাগ্রচিত্তঃ, সন্ অর্চ্চায়াং প্রতিমায়াং, স্থণ্ডিলে, সূর্য্যে, জলে, বহ্নৌ, গুরৌ বা ভগবন্তং অর্চ্চেৎ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তত্রাদৌ পূর্ব্বেদ্যুঃ কৃত্যমাহ সিনীবাল্যামিত্যাদিনা। ব্রহ্মচার্য্যথ তদ্রাত্র্যামিত্যন্তেন গ্রন্থেন যদি লভ্যেত তর্হি ক্রোড়বিদীর্ণয়া বরাহোৎখাতয়া আলিপ্য ॥ ২০ ॥

তত্র মন্ত্রঃ ত্বং দেবীতি। হে দেবি ত্বং রসায়া উদ্ধৃতাসি ॥ ২১ ॥

নিবর্ত্তিত আত্মনিয়মো নিত্যনৈমিত্তিকো যেন ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাদৌ পূর্ব্বেদ্যুঃ কৃত্যমাহ সিনীবাল্যামমাবাস্যায়াং ক্রোড়বিদীর্ণয়া বরাহোৎখাতয়া মৃদা। যদি লভ্যেতৈতৎকাকাক্ষি-গোলক-ন্যায়েনোভয়ত্রান্বিতং ॥ ২০ ॥

প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে সেই মৃত্তিকা, নতুবা অন্য সাধারণ মৃত্তিকা লইয়া অঙ্গে লেপন করত, নদী প্রভৃতির স্রোত-জলে অবগাহন পূর্ব্বক স্নান-কালে এই মন্ত্র পাঠ করিবে ॥ ২০ ॥

যথা, হে দেবি! ভগবান্ বিষ্ণু প্রাণিবর্গের বাসস্থানের কামনায় বরাহ মূর্ত্তি ধারণে তোমাকে রসাতল হইতে উদ্ধৃত করিয়াছেন; তোমাকে প্রণাম করি! তুমি আমার দেহনিষ্ঠ পাপ সমূহ বিনষ্ট কর! ২১॥

তদনন্তর স্নান করিয়া, নিত্য নৈমিত্তিক কর্ম্মকলাপ সমাপন করত সমাহিত চিত্তে প্রতিমা অথবা স্থণ্ডিলে, সূর্য্যে, জলে, অগ্নিতে কিম্বা গুরুতে ভগবৎ-স্বরূপের অর্চ্চনা করিবে ॥ ২২ ॥

নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহীয়সে।
সর্ব্বভূতনিবাসায় বাসুদেবায় সাক্ষিণে ॥ ২৩ ॥
নমোঽব্যক্তায় সূক্ষ্মায় প্রধান-পুরুষায়চ।
চতুর্বিংশদ্গুণজ্ঞায় গুণসংখ্যানহেতবে ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

(তত্র আবাহনে নব মন্ত্রান্ আহ) সর্ব্বভূতনিবাসায় পুরুষায় পুরুষোত্তমায়, ভগবতে মহীয়সে ব্রহ্মাদিদেবগণৈঃ আরাধিতপাদপদ্মায়, সাক্ষিণে শুভাশুভ-কর্ম্মণাং সাক্ষাৎকাত্রে, তুভ্যং বাসুদেবায় নমঃ ॥ ২৩ ॥

অব্যক্তায়, সূক্ষ্মায়, চতুর্বিংশদ্গুণজ্ঞায়, গুণানাং তত্ত্বানাং সংখ্যানং যস্মিন্ সাংখ্যশাস্ত্রে তস্য হেতবে প্রবর্ত্তকায়), প্রধানস্য প্রকৃতেঃ প্রবর্ত্তকঃ অন্তর্যামী পুরুষঃ) প্রধানপুরুষঃ তস্মৈ নমঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

অত্রাবাহনাদৌ নবমন্ত্রানাহ নমস্তুভ্যমিতি। পাদ্যাদৌ বিশেষতস্তু দ্বাদশাক্ষরং বক্ষ্যতি ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশতি গুণা স্তত্ত্বানি তানি জানাতীতি। তথা তস্মৈ গুণসংখ্যানস্য হেতবে সাংখ্য-প্রবর্ত্তকায় ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাবাহনাদৌ নবমন্ত্রানাহ নম ইতি ॥ ২১—২৩ ॥

চতুর্ব্বিংশতি গুণান্ বৈশেষিকোক্তান্ রূপাদীন্ সাংখ্যোক্তানি তত্ত্বানি বা জানাতীতি তস্মৈ। গুণসংখ্যানস্য সাংখ্যশাস্ত্রস্য হেতবে প্রবর্ত্তকায় ॥ ২৪ ॥

পূজাকালে ক্রমান্বয়ে নয়টী মন্ত্রের দ্বারা ভগবানের আবাহনাদি অর্চ্চনা যেরূপে করিতে হয়, তাহা আমি বলিতেছি শ্রবণ কর! মন্ত্র যথা; হে ভগবন্ বাসুদেব! আপনি জীব মাত্রেরই অন্তর্যামী সর্ব্বসাক্ষী পরম পুরুষ ভগবান্! ব্রহ্মাদি দেবতাগণ আপনার পাদপদ্ম লাভের প্রত্যাশায় নিরন্তর যত্ন করিয়া থাকেন; আপনাকে প্রণাম করি! ॥ ২৩ ॥

আপনি অব্যক্ত এবং পরম সূক্ষ্মস্বরূপ! আপনিই কপিল মূর্ত্তিতে চতুর্ব্বিংশতি তত্ত্বের গণনা করত, সাংখ্যশাস্ত্র প্রকাশ করিয়াছেন; এবং মূলা প্রকৃতির ঈক্ষণ-কর্ত্তা প্রধান পুরুষও আপনি মাত্র! আপনাকে প্রণাম করি! ॥ ২৪ ॥

আপনি যজ্ঞ-ফলের বিস্তার-কর্ত্তা এবং যজ্ঞের স্বরূপ! প্রায়ণীয় ও উদয়নীয় বলিয়া যজ্ঞের যে দুইটী শীর্ষ, সবনত্রয় নামক তিনটী চরণ, বেদ

নমো দ্বিশীর্ষ্ণে ত্রিপদে চতুঃশৃঙ্গায় তন্তবে।
সপ্তহস্তায় যজ্ঞায় ত্রয়ী বিদ্যাত্মনে নমঃ॥
নমঃ শিবায় রুদ্রায় নমঃ শক্তিধরায়চ।
সর্ব্ববিদ্যাধিপতয়ে ভূতানাং পতয়ে নমঃ॥ ২৫॥

অন্বয়ঃ।

দ্বে প্রায়ণীয়োদয়নীয়ে শীর্ষে যস্য তস্মৈ, ত্রীণি সবনানি পাদাঃ যস্য তস্মৈ, ত্রয়ীবিদ্যাত্মনে (ত্রয্যাং বিদ্যায়াং মন্ত্র-ব্রাহ্মণ-কল্পরূপায়াং আত্মা স্বরূপং যস্য তস্মৈ) চতুঃশৃঙ্গায়, (চত্বারি শৃঙ্গাণি ইতি বেদাঃ যস্য তস্মৈ) তন্তবে ফল-বিস্তারকায়, সপ্তহস্তায় (সপ্তহস্তাঃ সপ্তছন্দাংসি যস্য তস্মৈ) যজ্ঞায় ভগবতে নমোনমঃ॥

নমঃ শিবায় পরমানন্দস্বরূপায়, রুদ্রায় (প্রলয়-কর্ত্তৃত্বেন ভয়ঙ্করায়) সর্ব্ববিদ্যাধিপতয়ে, ভূতানাং পতয়ে শক্তিধরায় নমঃ নমঃ॥ ২৫॥

শ্রীধরস্বামী।

এবং সামান্যতো নত্বা গুণাবতারান্ প্রণমতি ত্রিভিঃ। তত্রাদৌ মন্ত্রোক্তযজ্ঞরূপেণ বিষ্ণোঃ প্রণামঃ নম ইতি। দ্বে শীর্ষে যস্য ত্রয়ঃ পাদা যস্য। তন্তবে ফলবিস্তারকায়। ত্রয্যাং বিদ্যায়াং আত্মা যস্যেতি ত্রিধা বদ্ধ ইত্যস্যার্থমাহ তথাচ মন্ত্রঃ চত্বারি শৃঙ্গাণি ত্রয়োঽস্য পাদা দ্বে শীর্ষে সপ্তহস্তাঃ সোঽস্য ত্রিধা বদ্ধো বৃষভো রোরবীতি মহাদেবো মর্ত্ত্যানাবিবিশেতি মার্গ মুদ্ধরতা লূনঃ সোঽয়ং প্রাজ্ঞৈর্যথাযথং। বিষ্ণুস্তু যজ্ঞরূপেণ স্তূয়তে তেন তত্ত্বতঃ॥ তথাচ মন্ত্রে; চত্বারি শৃঙ্গাণীতি বেদা এব উক্তাঃ। ত্রয়োঽস্য পাদা ইতি সবনানি ত্রীণি। দ্বে শীর্ষে প্রায়ণীয়োদয়নীয়ে। সপ্ত হস্তাঃ সপ্ত চ্ছন্দাংসি ত্রিধাবদ্ধঃ মন্ত্রব্রাহ্মণ-কল্পৈঃ বৃষভো রোরবীতি রোরবণং সেবনং ক্রমেণ ঋগ্‌ভির্যজুর্ভিঃ সামভিঃ যদেনমৃগ্‌ভিঃ শংসন্তি র্যজুভির্যজন্তি সামভি স্তুবন্তীতি॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণাবতারান্ প্রণমতি ত্রিভিঃ। তত্রাদৌ মন্ত্রোক্ত যজ্ঞরূপিণং বিষ্ণুং প্রণমতি নম ইতি তন্তবে ফলবিস্তারকায়। ত্রয্যাং বিদ্যায়ামাত্মা যস্যেতি ত্রিধা বদ্ধ ইত্যস্যার্থ উক্তঃ। তথাচ মন্ত্রঃ। চত্বারি শৃঙ্গাণি ত্রয়োঽস্য পাদা দ্বে শীর্ষে সপ্তহস্তাঃ সোঽস্য ত্রিধা বদ্ধো বৃষভো রোরবীতি মহাদেবো মর্ত্ত্যানাবিবেশেতি। তথাচ যাস্কঃ। চত্বারি শৃঙ্গাণীতি বেদা এবোক্তাঃ। ত্রয়োঽস্য পাদা ইতি সবনানি ত্রীণি। দ্বে শীর্ষে প্রায়ণীয়োদয়নীয়ে। সপ্ত হস্তাঃ সপ্ত-চ্ছন্দাংসি। ত্রিধা বদ্ধঃ ত্রেধাবদ্ধঃ মন্ত্র-ব্রাহ্মণ-কল্পৈ র্বৃষভো রোরবীতি রোরবণং সবন-ক্রমেণ ঋগ্‌ভির্যজুর্ভিঃ সামভিঃ যদেনমৃগ্‌ভিঃ শংসন্তি যজুর্ভিঃ যজন্তি সামভিঃ স্তুবন্তীতি॥ ২৫॥

চতুষ্টয় নামক চারিটী শৃঙ্গ, সপ্তচ্ছন্দ নামক সাতটী হস্ত এবং ত্রয়ী বিদ্যা নামক হৃদয়ে যে অন্তঃকরণের কল্পনা করা হয়, সে সমস্ত আপনারই অঙ্গ প্রত্যঙ্গ মাত্র! আপনাকে প্রণাম করি!

নমো হিরণ্যগর্ভায় প্রাণায় জগদাত্মনে।
যোগৈশ্বর্য্য-শরীরায় নমস্তে যোগহেতবে।
নমস্তে আদিদেবায় সাক্ষিভূতায় তে নমঃ।
নারায়ণায় ঋষয়ে নরায় হরয়ে নমঃ॥ ২৬॥
নমো মরকতশ্যাম-বপুষেঽধিগতশ্রিয়ে।
কেশবায় নমস্তুভ্যং নমস্তে পীতবাসসে॥

অন্বয়ঃ

নমঃ হিরণ্যগর্ভায়, জগদাত্মনে জগতঃ নিয়ন্ত্রে প্রাণায় সূত্ররূপায়, যোগেন ভগবদ্ধ্যানেন, ঐশ্বর্য্যং শরীরং চ যস্য তস্মৈ, তথা যোগেহেতবে যোগপ্রবর্ত্তকায় তে নমঃ॥

আদিদেবায়, সাক্ষিভূতায়, নরায় নরাবতারায়, ঋষয়ে (প্রাণিনাং সুখং অভিপ্রেত্য তপ-আদিনিষ্ঠায়) হরয়ে দুঃখহরণ-স্বভাবায়, তে তুভ্যং নারায়ণায় নমো নমঃ॥ ২৬॥

মরকত-মণিবৎ শ্যামং শুভ্রং, বপুঃ যস্য তস্মৈ তুভ্যং পীতবাসসে (পীতং বাসঃ যস্য তস্মৈ) কেশবায় তুভ্যং নমঃ নমঃ॥

শ্রীধরস্বামী।

প্রাণায় সূত্রাত্মনে। যোগৈশ্বর্য্যে শরীরং যস্য॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণায় সূত্রাত্মনে। যোগৈশ্বর্য্যময়ং শরীরং যস্য তস্মৈ॥ ২৬॥ ২৭॥

আপনি শঙ্কর-মূর্ত্তিতে জগতে মঙ্গলের বিধান করিয়া থাকেন এবং রুদ্র-মূর্ত্তিতে সংহার করত, ভয়াবহ হইয়া থাকেন। যাবতীয় বিদ্যা এক আপনা হইতেই সমুৎপন্ন হইয়াছে। সকল প্রাণীর পালক এবং সকল শক্তির ধারক এক আপনি মাত্র! আপনাকে প্রণাম করি!॥ ২৫॥

আপনার অন্তরে ব্রহ্মাণ্ডোৎপাদনের শক্তি নিহিত রহিয়াছে; সেই নিমিত্ত আপনি হিরণ্যগর্ভ নামে পরিকীর্ত্তিত হইয়াছেন। আপনি প্রাণন-শক্তিরূপে এই জগৎ সংসারে ব্যাপ্ত রহিয়াছেন; যোগসিদ্ধ ঐশ্বর্য্যই আপনার কলেবর এবং যোগের নিয়ামকও নিজে আপনি; আপনাকে প্রণাম করি!

আপনি সর্ব্বসাক্ষী আদিদেব বিষ্ণু! জীবগণের দুঃখ-হরণের মানসে, নর বিগ্রহ ধারণ করত অবতীর্ণ হইয়া, তপস্যার অনুষ্ঠানে আপনি ঋষিচর্য্যা অবলম্বন করিয়াছিলেন। সেই নারায়ণ ঋষির বিগ্রহধারী আপনাকে প্রণাম করি!॥২৬॥

হে কেশব! মরকতের ন্যায় শ্যামল বর্ণ গ্রহণে এবং পীতকৌষেয় বস্ত্র পরিধানে যেন সমগ্র সৌন্দর্য্য একাধারে আপনি ধারণ করিয়াছেন! আপনি

ত্বং সর্ব্ববরদঃ পুসাং বরেণ্য বরদর্ষভ।
অতস্তে শ্রেয়সে ধীরাঃ পাদরেণুমুপাসতে। ২৭ ॥
অম্বর্ত্তন্ত যং দেবাঃ শ্রীশ্চ তৎপাদপদ্ময়োঃ।
স্পৃহয়ন্ত ইবামোদং ভগবান্ মে প্রসীদতাং ॥ ২৮ ॥
এতৈ র্ম্মন্ত্রৈর্হৃষীকেশমাবাহন-পুরস্কৃতং।
অর্চ্চয়েচ্ছ্রদ্ধয়া যুক্তঃ পাদ্যোপস্পর্শনাদিভিঃ ॥

অন্বয়ঃ।

হে বরেণ্য বরণীয়! হে বরদর্ষভ বরদানাং ঋষভ শ্রেষ্ঠ! অতঃ ধীরাঃ বিবেকিনঃ, শ্রেয়সে লাভায়, তে তব পাদরেণুং উপাসতে ॥ ২৭ ॥

তৎপাদপদ্ময়োঃ আমোদং স্পৃহয়ন্তঃ দেবাঃ, শ্রীঃ লক্ষ্মীঃ চ যং অম্বর্ত্তন্ত, সেবিতবন্তঃ, সঃ ভগবান্, মে প্রসীদতাং প্রসীদতু ॥ ২৮ ॥

এতৈঃ মন্ত্রৈঃ আবাহন-পুরস্কৃতং স্বপুরঃ স্থিরীকৃতং কেশবং হৃষীকেশং শ্রদ্ধয়া যুক্তঃ পাদ্যোপস্পর্শনাদিভিঃ অর্চ্চয়েৎ ॥

শ্রীধরস্বামী।

অধিগতা প্রাপ্তা শ্রীর্যেন তস্মৈ ॥ ২৭ ॥

তৎপাদপদ্ময়োরামোদং স্পৃহয়ন্ত ইব দেবাশ্চ শ্রীশ্চ যমম্বর্ত্তন্ত সমে প্রসীদতু ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎপাদপদ্ময়োরামোদং স্পৃহয়ন্ত ইব দেবাশ্চ শ্রীশ্চ যমম্বর্ত্তন্ত স মে প্রসীদতু ॥ ২৮ ॥

এতৈর্ম্মন্ত্রৈরাবাহনেন পুরস্কৃতং সংমানিতং স্বঃপুরস্থিরীকৃতমিতি বা। উপস্পর্শনমাচমনীয়ং ॥ প্রথমং পাদ্যাদিভি রর্চ্চিত্বা স্নাপয়েৎ। স্নাপয়িত্বা বস্ত্রোপবীতাভরণ-পরিধাপনানন্তরং

ব্রহ্মা এবং রুদ্রেরও তৃপ্তি এবং আনন্দ প্রদান করিয়া থাকেন; আপনাকে প্রণাম করি।

হে বরণীয়! হে বরদশ্রেষ্ঠ! শ্রেয়ঃপ্রার্থী পুরুষগণকে আপনি অভীষ্ট বর প্রদানে কৃতার্থ করিয়া থাকেন। সুতরাং ধীর ব্যক্তিগণ অভীষ্ট সিদ্ধির প্রার্থনায় আপনার চরণরেণুর নিরন্তর উপাসনা করিয়া থাকেন ॥ ২৭ ॥

অহো! স্বর্গবাসী দেবতাগণ এবং সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা সাক্ষাৎ কমলা যাঁহার পাদপদ্মের সৌরভের প্রার্থনায় সর্ব্বদা অনুসরণ করিয়া থাকেন, সেই সর্ব্বারাধ্য ভগবান্ বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হউন্! ॥ ২৮ ॥

হে ভদ্রে! এই সকল মন্ত্রের দ্বারা আবাহন করিয়া, শ্রদ্ধাতিশয় সহকারে পাদ্যাদি প্রদানে ভগবান্ হৃষীকেশের অর্চ্চনা করা বিধেয় ॥

পরে গন্ধ মাল্যাদির দ্বারা অর্চ্চনা করিয়া, দুগ্ধের দ্বারা সেই বিভুকে স্নান

অর্চ্চিত্বা গন্ধমাল্যাদ্যৈঃ পয়সা স্নাপয়েদ্বিভুং।
বস্ত্রোপবীতাভরণ-পাদ্যোপস্পর্শনৈ স্ততঃ॥
গন্ধধূপাদিভিশ্চার্চ্চেৎ দ্বাদশাক্ষর-বিদ্যয়া। ২৯॥
শৃতং পয়সি নৈবেদ্যং শাল্যন্নং বিভবে সতি॥ ৩০॥
সসর্পিঃ সগুড়ং দত্ত্বা জুহুয়ান্মূল-বিদ্যয়া।
নিবেদিতং তদ্ভক্তায় দদ্যাৎ ভুঞ্জীত বা স্বয়ং॥ ৩১॥

অন্বয়ঃ।

এবং পাদ্যাদিভিঃ গন্ধমাল্যাদ্যৈঃ অর্চ্চিত্বা বিভুং ব্যাপকং শ্রীবিষ্ণুং, পয়সা স্নাপয়েৎ; ততঃ অনন্তরং বস্ত্রোপবীতাভরণপাদ্যোপস্পর্শনৈঃ গন্ধধূপাদিভিঃ দ্বাদশাক্ষরবিদ্যয়া (ওঁ নমো ভগবতে বাসুদেবায় ইতি মন্ত্রেণ) অর্চ্চেৎ॥ ২৯॥

পয়সি শৃতং পক্কং, শাল্যন্নং নীবারাদিকং। অন্যৎ নৈবেদ্যং দত্ত্বা সমর্প্য মূলবিদ্যয়া তেনৈব দ্বাদশাক্ষর-মন্ত্রেণ, বিভবে সতি সসর্পিঃ ঘৃত-সহিতং সগুড়ং গুড়সহিতং চ জুহুয়াৎ॥ ৩০॥

নিবেদিতং সর্ব্বমেব তদ্ভক্তায় ভগবদ্ভক্তায় দদ্যাৎ বা কিঞ্চিৎ দত্ত্বা স্বয়ং এব ভুঞ্জীত॥ ৩১॥

শ্রীধরস্বামী।

আবাহনেন পুরস্কৃতং সম্মানিতং॥ ২৯॥

পয়সি শৃতং পক্কং পায়সং॥ ৩০॥

মূলবিদ্যয়া দ্বাদশাক্ষরেণৈব॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুনরপি পাদ্যাদিভিশ্চকারেণান্যৈরপি বহুভিরুপচারৈঃ। পাদ্যাদি দানে সর্ব্বত্র মন্ত্রমাহ দ্বাদশেতি॥ ২৯॥

পয়সি শৃতং পক্কং পরমান্নং॥ ৩০॥

করাইবে। তাহার পর বস্ত্র, আভরণ, যজ্ঞোপবীত, পাদ্য, গন্ধ এবং ধূপ দীপাদি প্রদানে "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" এই দ্বাদশাক্ষর মন্ত্রের দ্বারা পূজা করিবে॥ ২৯॥

অনন্তর পয়ঃপক্ক নীবারাদি শালী অন্ন এবং অন্যান্য নৈবেদ্যাদি নিবেদন করত, পূর্ব্বোক্ত দ্বাদশাক্ষর মূল মন্ত্র যথাশক্তি জপ করিবে। ব্যয়-সামর্থ্য থাকিলে, গুড়-মিশ্রিত ঘৃতের দ্বারা উক্ত মন্ত্র সহকারে অগ্নিতে যথাশক্তি আহুতি প্রদান করিবে॥ ৩০॥

নিবেদিত প্রসাদ ভগবদ্ভক্তকে প্রদান করিবে; কিম্বা নিজেও কিঞ্চিৎ গ্রহণ করত ভোজন করিবে॥ ৩১॥

আচমনীয় প্রদান পূর্ব্বক অর্চ্চনা করিয়া, দেবতাকে তাম্বুল নিবেদন করিবে।

দত্ত্বাচমনমর্চ্চিত্বা তাম্বূলঞ্চ নিবেদয়েৎ।
জপেদষ্টোত্তরশতং স্তবীত স্তুতিভিঃ প্রভুং ॥ ৩২ ॥
কৃত্বা প্রদক্ষিণং ভূমৌ প্রণমেদ্দণ্ডবন্মুদা।
কৃত্বা শিরসি তচ্ছেষাং দেবমুদ্বাসয়েত্ততঃ ॥ ৩৩ ॥
দ্ব্যবরান্ ভোজয়েদ্বিপ্রান্ পায়সেন যথোচিতং।
ভুঞ্জীত তৈরনুজ্ঞাতঃ সেষ্টঃ শেষং সভাজিতৈঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

আচমনং দত্ত্বা অর্চ্চিত্বা তাম্বূলং নিবেদয়েৎ। ততঃ অষ্টোত্তরশতং দ্বাদশাক্ষরমন্ত্রং জপেৎ ততঃ চ স্তুতিভিঃ প্রভুং স্তবীত ॥ ৩২ ॥

ততশ্চ প্রদক্ষিণং কৃত্বা দণ্ডবৎ ভূমৌ মুদা হর্ষেণ, প্রণমেৎ। তস্য শেষাং নির্ম্মাল্যং স্বশিরসি কৃত্বা দেবং উদ্বাসয়েৎ বিসর্জ্জয়েৎ ॥ ৩৩ ॥

দ্বৌ অবরৌ যেষাং তান্ বিপ্রান্ পায়সেন যথোচিতং ভোজয়েৎ (সামর্থ্যে সতি যথাবিত্তং চ ব্রাহ্মণান্ ভোজয়েৎ) তথা সভাজিতৈঃ পূজিতৈঃ তৈঃ বিপ্রৈঃ অনুজ্ঞাতঃ সন্ শেষং ব্রাহ্মণ-ভোজনাবশিষ্টং অন্নাদিকং সেষ্টঃ বন্ধুভিঃ সহিতঃ, স্বয়ং ভুঞ্জীত ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বোক্তাভিরন্যাভিশ্চ স্তুতিভিঃ ॥ ৩২ ॥

তস্য শেষাং নির্ম্মাল্যং ॥ ৩৩ ॥

দ্বৌ অবরৌ যেষাং তান্ অসম্ভবে দ্বাবপি ভোজয়েদিত্যর্থঃ। সভাজিতৈ স্তৈরনুজ্ঞাতঃ সন্ সেষ্টঃ বন্ধুভিঃ সহিতঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিবেদিতং সর্ব্বমেব দদ্যাৎ কিঞ্চিৎ দত্ত্বা বা ভুঞ্জীতেত্যর্থঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

শেষাং নির্ম্মাল্যং। উদ্বাসো বিসর্জ্জনং ॥ ৩৩ ॥

দ্বৌ অবরৌ যেষাং অসামর্থ্যে দ্বাবপি ভোজয়েৎ। সভাজিতৈঃ স্রক্ তাম্বূলাদিনা পূজিতৈ স্তৈ র্দত্তাজ্ঞঃ সন্ সেষ্টঃ বন্ধুসহিতঃ ॥ ৩৪ ॥

তদনন্তর উক্ত দ্বাদশাক্ষর মন্ত্র অষ্টোত্তর শত বার জপ করিয়া, ভগবানের স্তব করিবে ॥ ৩২ ॥

অনন্তর প্রদক্ষিণ পূর্ব্বক প্রেমার্দ্র চিত্তে ভগবানকে দণ্ডবৎ ভূমিতে প্রণাম করিবে। পূজান্তে নির্ম্মাল্য স্বীয় মস্তকে ধারণ করত দেবতাকে বিসর্জ্জন করিবে ॥ ৩৩ ॥

উত্তম পায়সের দ্বারা অন্ততঃ দুইটী ব্রাহ্মণকেও ভোজন করাইবে। নতুবা যথাশক্তি অধিক ব্রাহ্মণকেই ভোজন করান কর্ত্তব্য। নিমন্ত্রিত ব্রাহ্মণগণকে

ব্রহ্মচার্য্যথ তদ্রাত্র্যাং শ্বোভূতে প্রথমেঽহনি।
স্নাতঃ শুচি র্যথোক্তেন বিধিনা সুসমাহিতঃ ॥ ৩৫ ॥
পয়সা স্নাপয়িত্বার্চ্চেদ্‌যাবদ্ব্রতসমাপনং।
পয়োভক্ষো ব্রতমিদং চরেদ্বিষ্ণ্বর্চ্চনাদৃতঃ॥
পূর্ব্ববজ্জুহুয়াদগ্নিং ব্রাহ্মণাংশ্চাপি ভোজয়েৎ।
এবন্ত্বহরহঃকুর্য্যাদ্দ্বাদশাহং পয়োব্রতং ॥

অন্বয়ঃ।

অথ প্রারম্ভে তস্যাং রাত্র্যাং ব্রহ্মচারী স্ত্রীসঙ্গরহিতঃ, শশ্বীত প্রথমে অহনি শ্বোভূতে প্রভাতে, সতি প্রতিপদি স্নাতঃ শুচিঃ সুসমাহিতঃ একাগ্রমনাঃ সন্ যথোক্তেন বিধিনা ॥ ৩৫ ॥

ভগবন্তং পয়সা স্নাপয়িত্বা যাবৎ ব্রতসমাপনং অর্চ্চেৎ; এবং পয়োভক্ষঃ (পয়ঃ এব ভক্ষং যস্য সঃ) বিষ্ণ্বর্চ্চনে আদৃতঃ চ সন্ ইদং ব্রতং চরেৎ ॥

তথা পূর্ব্ববৎ অগ্নিং জুহুয়াৎ ব্রাহ্মণান্ চ ভোজয়েৎ; এবং উক্তপ্রকারেণ দ্বাদশাহং দ্বাদশদিন-পর্য্যন্তং পয়োব্রতং অহরহঃ প্রতিদিনং (হরেঃ আরাধনং ব্রাহ্মণ-ভোজনাদিকং চ) কুর্য্যাৎ ॥

শ্রীধরস্বামী।

তস্যাং রাত্র্যাং ব্রহ্মচারী সন্ শ্বোভূতে প্রভাতে সতি ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্বোভূতে প্রভাতে সতি ॥ ৩৫ ॥

যথোপচারে অভ্যর্থনা, পূজা এবং ভোজনাদি করাইয়া, তাঁহাদের ভোজনাবশিষ্ট দ্রব্যের দ্বারা বন্ধুগণ সহ স্বয়ং ভোজন করিবে ॥ ৩৪ ॥

ব্রতের প্রারম্ভ-কালের পূর্ব্ব রাত্রিতে স্ত্রীসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক ব্রহ্মচর্য্য অবলম্বনে অবস্থান করিবে; পরে ব্রতারম্ভের প্রথম দিবস প্রাতঃকালে অর্থাৎ প্রতিপৎ তিথিতে স্নান করত, শুচি হইয়া একাগ্রচিত্তে যথোক্ত বিধান অনুসারে ॥ ৩৫ ॥

ভগবানকে দুগ্ধের দ্বারা স্নান করাইয়া, প্রত্যহ ব্রত সমাপন পর্য্যন্ত অর্চ্চনা করিবে; এবং নিজেও নিত্য কেবল দুগ্ধ মাত্র পান করিয়া, ভগবদারাধানায় নিযুক্ত থাকিবে ॥

নিত্য অগ্নিতে আহুতি প্রদানে হোম করিবে এবং ব্রাহ্মণ ভোজন করাইবে। এই প্রকারে ক্রমান্বয়ে দ্বাদশ দিবস অর্থাৎ ত্রয়োদশী পর্য্যন্ত প্রত্যহ বিষ্ণুর আরাধনা এবং ব্রাহ্মণ ভোজনাদি করাইবে ॥

অতএব শুক্লা প্রতিপৎ তিথি হইতে আরম্ভ করিয়া, ভগবান্ বিষ্ণুর

হরেরারাধনং হোমমর্হণং দ্বিজতর্পণং।
প্রতিপদ্দিনমারভ্য যাবচ্ছুক্লত্রয়োদশীং ॥ ৩৬ ॥
ব্রহ্মচর্য্যমধঃ স্বপ্নং স্নানং ত্রিসবনঞ্চরেৎ।
বর্জয়েদসদালাপং ভোগানুচ্চাবচাংস্তথা ॥ ৩৭ ॥
অহিংস্রঃ সর্ব্বভূতানাং বাসুদেবপরায়ণঃ।
ত্রয়োদশ্যামথো বিষ্ণোঃ স্নপনং পঞ্চকৈর্বিভোঃ ॥
কারয়েচ্ছাস্ত্রদৃষ্টেন বিধিনা বিধিকোবিদৈঃ।
পূজাঞ্চ মহতীং কুর্য্যাদ্বিত্তশাঠ্যবিবর্জিতঃ ॥

অন্বয়ঃ।

তৎ যথা হরেঃ আরাধনং হোমং অর্হণং ভগবৎপূজনং দ্বিজতর্পণং ব্রাহ্মণ-ভোজনং প্রতিপদ্দিনং আরভ্য যাবৎ শুক্ল ত্রয়োদশীং ॥ ৩৬ ॥

ব্রহ্মচর্য্যং স্ত্রীসঙ্গমাদিবর্জনং, অধঃস্বপ্নং ভূমি শয়নং, ত্রিসবনং ত্রিকাল-স্নানং, চরেৎ। তথা অসদালাপং উচ্চাবচান্ ভোগান্ চ বর্জ্জয়েৎ ॥ ৩৭ ॥

সর্ব্বভূতানাং প্রাণিনাং অহিংস্রঃ স্যাৎ পীড়াং ন কুর্য্যাৎ এবং বাসুদেব-পরায়ণঃ জনঃ অথ দ্বাদশ দিনানন্তরং ত্রয়োদশ্যাং বিধিকোবিদৈঃ শাস্ত্রোক্ত-প্রকারাভিজ্ঞৈঃ ব্রাহ্মণৈঃ শাস্ত্র-দৃষ্টেন বিধিনা পঞ্চকৈঃ দুগ্ধাদি-পঞ্চামৃতৈঃ বিভোঃ বিষ্ণোঃ, স্নপনং কারয়েৎ ॥

শ্রীধরস্বামী।

পয় এব ভক্ষ্য আহারো যস্য ॥ ৩৬ ॥

অধঃ স্বপ্নং শয়নং ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুক্লত্রয়োদশীতি প্রথমান্তো দ্বিতীয়ান্তশ্চ কাচিৎকঃ পাঠঃ ॥ ৩৬ ॥

স্বপ্নং শয়নং ॥ ৩৭ ॥

আরাধনা পূজা হোম ব্রহ্মণভোজনাদি ব্যাপার শুক্লা ত্রয়োদশী পর্য্যন্ত করিতে হইবে ॥ ৩৬ ॥

এই দ্বাদশ দিবস ব্রহ্মচর্য্য, ভূমি-শয়ন এবং ত্রিসন্ধ্যা স্নান অবশ্য বিধেয়; এবং অসদালাপ বা উৎকট কোনরূপ সুখসেব্য বা দুঃখসেব্য ভোগ এই দ্বাদশ দিবসের মধ্যে উপভোগ করা সম্পূর্ণ অবিধেয় ॥ ৩৭ ॥

কোন প্রকারে কোন প্রাণীর প্রতি কোনরূপ হিংসাচরণ না করা হয়, এরূপ সদয় ব্যবহার করত, ভগবান্ বাসুদেবে একান্ত ভক্তি-পরায়ণ থাকা সর্ব্বদা কর্ত্তব্য। এই প্রকারে দ্বাদশ দিবস অতিবাহিত করিয়া, ত্রয়োদশীর দিন ভগবান্ বিষ্ণুকে পঞ্চামৃতের দ্বারা স্নান করাইবে ॥

চরুং নিরূপ্য পয়সি শিপিবিষ্টায় বিষ্ণবে।
সুক্তেন তেন পুরুষং যজেত সুসমাহিতঃ॥
নৈবেদ্যাঞ্চাতিগুণবদ্দদ্যাৎ পুরুষ-তুষ্টিদং।
আচার্য্যং জ্ঞানসম্পন্নং বস্ত্রাভরণধেনুভিঃ॥
তোষয়েদৃত্বিজশ্চৈব তদ্বিদ্ধ্যারাধনং হরেঃ।
ভোজয়েত্তান্ গুণবতা সদন্নেন শুচিস্মিতে॥
অন্যাংশ্চ ব্রাহ্মণান্ শক্ত্যা যেচ তত্র সমাগতাঃ।
দক্ষিণাং গুরবে দদ্যাদৃত্বিগ্‌ভ্যশ্চ যথার্হতঃ॥

অন্বয়ঃ।

বিত্তশাঠ্য-বিবর্জ্জিতঃ কার্পণ্য-রহিতঃ সন্ ভগবতঃ মহতীং পূজাং কুর্য্যাৎ। শিপিবিষ্টায় (জীবান্তর্যামিণে যদ্বা শিপিষু রশ্মিষু বিষ্টঃ তস্মৈ) বিষ্ণবে চরুং নিরূপ্য তেন পয়সি শৃতেন পক্কেন চরুণা সুসমাহিতঃ সন্ পুরুষং যজেত তথা অতিগুণবৎ মধুরাদি ষড়্‌রসযুতং পুরুষ-তুষ্টিদং নৈবেদ্যং চ দদ্যাৎ॥

জ্ঞানসম্পন্নং আচার্য্যং অন্যান্ চ ঋত্বিজঃ বস্ত্রাভরণ-ধেনুভিঃ তোষয়েৎ; যতঃ তৎ আচার্য্যাদি পরিতোষণং হি হরেঃ আরাধনং বিদ্ধি॥

হে শুচিস্মিতে! তান্ আচার্য্যাদীন্ অন্যান্ চ ব্রাহ্মণান্ যে চাত্র সমাগতাঃ তান্ অপি যথাশক্ত্যা স্বসামর্থানুসারেণ মধুরাদি গুণবতা সদন্নেন শুদ্ধেন হিংসাদি-দোষ-রহিতেন অন্নেন ভোজয়েৎ॥

গুরবে আচার্য্যায়, অন্যেভ্যঃ ঋত্বিগভ্যঃ চ যথাযোগ্যং যথার্হতঃ দক্ষিণাং দদ্যাৎ; অন্নাদ্যেন

পরে শাস্ত্রোক্ত বিধানানুসারে বিশেষ বিচক্ষণ এবং পণ্ডিত ব্রাহ্মণগণের দ্বারা মহতী পূজা করাইবে। যদি নিজের সামর্থ্য এবং অধিকার থাকে, তাহা হইলে, নিজেই পূজা করিতে পারেন; কিন্তু এই সকল পূজা কার্য্যে কোনরূপ কার্পণ্য করা উচিত নহে; নিজের বিত্তানুরূপ ব্যয় করাই বিধেয়॥

পরে দুগ্ধের দ্বারা চরুপাক করিয়া, বিষ্ণুকে নিবেদন করিবে এবং সমাহিত হইয়া ভূতভাবন জনার্দ্দনের আরাধনা করিবে এবং তদীয় তুষ্টির প্রার্থনায় নানাপ্রকার রসাস্বাদ-বিশিষ্ট উত্তম নৈবেদ্য এবং অন্নাদি নিবেদন করিবে॥

শাস্ত্রজ্ঞানসম্পন্ন কর্ম্মঠ আচার্য্যকে বস্ত্র, আভরণ এবং ধেনু প্রভৃতি প্রদানে পরিতৃপ্ত করিবে; অন্যান্য ঋত্বিকগণকেও ঐপ্রকারে দানাদির দ্বারা সন্তুষ্ট করা বিধেয়; হে সুহাসিনি! আচার্য্যাদি ঋত্বিকগণকে উত্তম অন্নাদির দ্বারা ভোজন করাইবে! কারণ আচার্য্যাদি ব্রাহ্মণগণের তৃপ্তিসাধনেই ভগ-

অন্নাদ্যেনাশ্বপাকাংশ্চ প্রীণয়েৎ সমুপাগতান্।
ভুক্তবৎস্বথ সর্ব্বেষু দীনান্ধ-কৃপণাদিষু॥
বিষ্ণোস্তৎপ্রীণনং বিদ্বান্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ।
নৃত্যবাদিত্র-গীতৈশ্চ স্তুতিভিঃ স্বস্তিবাচকৈঃ॥
কারয়েৎ তৎ কথাভিশ্চ পূজাং ভগবতোঽন্বহং॥ ৩৮॥
এতৎপয়োব্রতং নাম পুরুষারাধনং পরং।
পিতামহেনাভিহিতং ময়া তে সমুদাহৃতং॥

অন্বয়ঃ।

(অন্নং তদাদ্যং ভক্ষণযোগ্যং চ তেন) আশ্বপাকান্ চাণ্ডালাদীন্ অভিব্যাপ্য সমুপাগতান্ প্রীণয়েৎ॥

দীনান্ধ-কৃপণাদিষু সর্ব্বেষু ভুক্তবৎসু সৎসু তৎ ভোজনং ভুঞ্জীত॥

নৃত্য-বাদিত্র-গীতৈঃ স্তুতিভিঃ স্বস্তিবাচকৈঃ চ তৎকথাভিঃ চ অন্বহং প্রতিপদ্দিনমারভ্য ত্রয়োদশী পর্য্যন্তং প্রতিদিনং ভগবতঃ পূজাং কারয়েৎ (সামর্থ্যে অধিকারে চ সতি স্বয়মেব কুর্য্যাৎ)॥ ৩৮॥

পিতামহেন ব্রহ্মণা, মহ্যং অভিহিতং কথিতং, এতৎ পয়োব্রতং নাম পরং উৎকৃষ্টং পুরুষস্য সর্ব্বান্তর্যামিণঃ ভগবতঃ আরাধনং তে তুভ্যং ময়া সমুদাহৃতং বর্ণিতং॥

শ্রীধরস্বামী।

পঞ্চকৈঃ পঞ্চামৃতৈঃ॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চকৈঃ পঞ্চামৃতৈঃ॥ ৩৮॥ ৩৯॥

বানের আরাধনা করা হয়। এই উৎসব উপলক্ষে সমাগত অন্যান্য ব্রাহ্মণগণকেও যথাশক্তি পরিতৃপ্ত করিবে॥

আচার্য্য গুরু এবং অন্যান্য ঋত্বিক্‌গণকে যথাযোগ্য দক্ষিণা প্রদান করত, সমাগত শ্রেষ্ঠ বা নিকৃষ্ট চণ্ডালাদি পর্য্যন্ত সকল প্রাণীকেই অন্নাদি দানে পরিতৃপ্ত করিবে॥

দীন দুঃখী অন্ধ এবং আতুর যে কেহ উপস্থিত হয়, সকলকেই ভোজ্যাদি প্রদানে পরিতৃপ্ত করা বিধেয়; কারণ তাহা হইলেই ভগবান্ বাসুদেবের তৃপ্তি সাধন করা হইয়া থাকে। তৎপরে বন্ধু বান্ধব সহ স্বয়ং প্রসাদাদি ভোজন করিবে॥

অনন্তর নৃত্য গীত বাদিত্র এবং স্তুতি ও স্বস্তিবাচন এবং ভগবৎ কথালাপাদির দ্বারা এইরূপে প্রত্যহ ভগবানের পূজা সমাপন করাইবে॥৩৮॥

ত্বঞ্চানেন মহাভাগে সম্যক্ চীর্ণেন কেশবং।
আত্মনা শুদ্ধভাবেন ভজনীয়ং ভজাব্যয়ং ॥ ৩৯ ॥
অয়ং বৈ সর্ব্বযজ্ঞাখ্যঃ সর্ব্বব্রতমিদং স্মৃতং।
তপঃসারমিদং ভদ্রে দানঞ্চেশ্বরতর্পণং ॥
তএব নিয়মাঃ সাক্ষাত্ত এবচ যমোত্তমাঃ।
তপো দানং ব্রতং যজ্ঞো যেন তুষ্যত্যধোক্ষজঃ ॥

অন্বয়ঃ।

হে মহাভাগে! শুদ্ধভাবেন নিশ্চয়াত্মকেন চেতসা ত্বং সম্যক্ চীর্ণেন অনুষ্ঠিতেন অনেন ব্রতেন ভজনীয়ং আরাধনীয়ং, অব্যয়ং কেশবং ভজ ॥ ৩৯ ॥

অয়ং যজ্ঞঃ বৈ সর্ব্বযজ্ঞাখ্যঃ তথা ইদং ব্রতং বৈ সর্ব্বব্রতং স্মৃতং; অনেনৈব ব্রতেন সর্ব্বে যজ্ঞাঃ অনুষ্ঠিতাঃ সর্ব্বাণি ব্রতানি কৃতানি ভবন্তি) হে ভদ্রে! ইদং ব্রতং এব তপঃ সারং তথা অনেন এব দানং সর্ব্বং কৃতপ্রায়ং ভবতি যতঃ অস্মাৎ ঈশ্বরতর্পণং তৃপ্তিঃ ভবতি ॥

শ্রীধরস্বামী।

ময়াচ তে সমুদাহৃতং ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বযজ্ঞাখ্যোঽয়ং যজ্ঞ ইত্যনেনৈকেনৈব সর্ব্বযজ্ঞাঃ কৃতা ভবতীত্যর্থঃ। এবমিদং সর্ব্বব্রতং তপঃসারমিতি অস্য সর্ব্বতপস্ত্বাদিতি ভাবঃ। তেন যজ্ঞসার ব্রতসার দানসার শব্দেনাপীদং বাচ্যমিতি দ্যোতিতং। ঈশ্বরতর্পণঞ্চেতি চকারাদীশ্বর-তর্পণোঽয়ং যজ্ঞঃ ঈশ্বর-তর্পণং ব্রতমিত্যেবঞ্চ বাচ্যং ॥

এই উৎকৃষ্ট ভগবদারাধনারূপ পবিত্র পয়োব্রত ব্যাপার সম্বন্ধে আমি পিতামহ ব্রহ্মার নিকট যেরূপ উপদিষ্ট হইয়াছি, তোমার নিকট তাহাই অনুরূপ প্রকাশ করিলাম ॥

হে মহাভাগে! তুমিও বিশেষ শ্রদ্ধা, ভক্তি এবং বিশুদ্ধ চিত্ত সহকারে এই ব্রতের সম্যক্ আচরণ করত ,সর্ব্বারাধনীয় অব্যয়- পরম পুরুষ ভগবান্ কেশবের আরাধনা কর ! ॥ ৩৯ ॥

এই পয়োব্রতের অনুষ্ঠানে সকল যজ্ঞ এবং সকল ব্রতের অনুষ্ঠান করা হয়। হে সতি! ভগবানের সন্তোষ-কারণ এই ব্রত উত্তমরূপে আচরিত হইলে, সর্ব্ববিধ তপস্যা ও সর্ব্বপ্রকার দান অনুষ্ঠিত হইয়া থাকে; সন্দেহ নাই ॥

অহো! অধোক্ষজ ভগবান্ শ্রীহরি যাহাতে সুপ্রসন্ন হন, তাহাই উৎকৃষ্ট যম বা নিয়ম নামে অভিহিত করা প্রয়োজন; কারণ ভগবান্ বিষ্ণুকে প্রসন্ন

তস্মাদেতদ্ব্রতং ভদ্রে প্রযতা শ্রদ্ধয়া চর।
ভগবান্ পরিতুষ্টস্তে বরানাশু বিধাস্যতি ॥ ৪০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে কশ্যপাদিতি-সম্বাদে পয়োব্রত-কথনং ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যুক্তা সাদিতী রাজন্ স্বভর্ত্রা কশ্যপেন বৈ।
অন্বতিষ্ঠদ্ব্রতমিদং দ্বাদশাহমতন্দ্রিতা ॥

অন্বয়ঃ।

যেন অধোক্ষজঃ ভগবান্ তুষ্যতি উত্তমাঃ যমাঃ নিয়মাঃ চ তে এব; তথা উত্তমং তপঃ দানং ব্রতং অপি তদেব; উত্তমঃ যজ্ঞঃ সঃ এব ॥

তস্মাৎ হে ভদ্রে! প্রযতা প্রযত্নবতী সতী শ্রদ্ধয়া আস্তিক্য বুদ্ধ্যা এতৎ ব্রতং চর! অনেন পরিতুষ্টঃ ভগবান্ তে তুভ্যং আশু বরান্ বিধাস্যতি ॥ ৪০ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে ষোড়শোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বযজ্ঞাখ্যোঽয়ং যজ্ঞঃ সর্ব্বব্রতমিতিচ স্মৃতমেতদ্ব্রতং ॥ ৪০ ॥

॥ * ॥ ইত্যষ্টমে ষোড়শঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈশ্বরতর্পণং বিনা সর্ব্বমেব বিকলমিতি দিগ্দর্শনেনাহ ত এবেতি। অন্যে নিয়মাদ্যাএব ন স্যুঃ। যেনেতি নপুংসক ন নপুংসকেনেত্যাদিনৈকত্বং ॥ ৪০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
অষ্টমে ষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

করিবার জন্যই যম নিয়ম তপস্যা ব্রত দান এবং যজ্ঞাদির ব্যবস্থা হইয়া থাকে ॥

অতএব হে সতি! তুমি বিশেষ শ্রদ্ধা ভক্তি এবং ঐকান্তিক যত্ন সহকারে এই পয়োব্রতের অনুষ্ঠান কর! এতদ্দ্বারা ভগবান্ নারায়ণ প্রসন্ন হইয়া, তোমার মনোগত সকল বাসনার সত্বর পূরণ করিবেন, সন্দেহ নাই ॥ ৪০ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃত ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

সপ্তদশ অধ্যায়ে অদিতি পয়োব্রত আচরণ করিলে, তদীয় কামনা পূরণার্থ ভগবান্ হরির তৎপুত্রত্ব স্বীকার ॥

চিন্তয়ন্ত্যেকয়া বুদ্ধ্যা মহাপুরুষমীশ্বরং।
প্রগৃহ্যেন্দ্রিয়-দুষ্টাশ্বান্ মনসা বুদ্ধিসারথিঃ॥
মনশ্চৈকাগ্রয়া বুদ্ধ্যা ভগবত্যখিলাত্মনি।
বাসুদেবে সমাধায় চচার হ পয়োব্রতং॥
তস্যাঃ প্রাদুরভূত্তাত ভগবানাদিপূরুষঃ।
পীতবাসাশ্চতুর্ব্বাহুঃ শঙ্খ চক্র গদাধরঃ॥
তং নেত্রগোচরং বীক্ষ্য সহসোত্থায় সাদরং।

অন্বয়ঃ।

স্বভর্ত্রা কশ্যপেন ইতি এবং উক্তা উপদিষ্টা অদিতিঃ বৈ অতন্দ্রিতা সংযতা সতী হে রাজন্! দ্বাদশাহং ইদং পয়োব্রতং অন্বতিষ্ঠৎ॥

বুদ্ধিঃ এব সারথিঃ যস্যাঃ সা অদিতিঃ প্রগ্রহরূপেণ মনসা ইন্দ্রিয়রূপান্ দুষ্টান্ অশ্বান্ প্রগৃহ্য স্ব স্ববিষয়েভ্যঃ নিগৃহ্য নিবর্ত্ত্য, একয়া বুদ্ধ্যা মহাপুরুষং ঈশ্বরং চিন্তয়ন্তী সতী॥

একাগ্রয়া বুদ্ধ্যা অখিলাত্মনি ভগবতি বাসুদেবে মনঃ সমাধায় স্থিরীকৃত্য, পয়োব্রতং হ চচার॥

হে তাত! তস্যাঃ ব্রতানুষ্ঠানবত্যাঃ অদিতেঃ আদিপুরুষঃ শঙ্খ-চক্র-গদাধরঃ চতুর্বাহুঃ পীতবাসাঃ ভগবান্ প্রাদুরভূৎ॥

শ্রীধরস্বামী।

ততঃ সপ্তদশেঽহ্নিত্যা কৃতে তস্মিন্ ব্রতে হরিঃ। তৎকাম-পূরণায়াদৌ তৎ পুত্রোঽভূদিতির্যতে॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রতিন্যেবাদিতি র্বিষ্ণুং পশ্যন্তী তুষ্টুবে সতাং।
আশ্বাস্যাভূৎ সুতো ব্রহ্মংস্ততঃ সপ্তদশে প্রভুঃ॥ * ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! স্বীয় পতি ভগবান্ কশ্যপ কর্ত্তৃক এই প্রকারে অভিহিতা দেব-জননী অদিতি বিশেষ যত্নাতিশয়-সহকারে দ্বাদশ দিবস-ব্যাপি পয়োব্রতের অনুষ্ঠান-কার্য্য আরম্ভ করিলেন॥

তিনি বুদ্ধিরূপ সারথিকে নিজের প্রধান সহায় করিয়া, মনরূপ বল্গা দ্বারা দুষ্ট অশ্বরূপ ইন্দ্রিয়বর্গের নিগ্রহে একাগ্রচিত্তে পরম পুরুষ পরমেশ্বরকে হৃদয়ে চিন্তা করিতে লাগিলেন।

দেব-জননী অদিতি এই প্রকারে আরাধনা আরম্ভ করিলে, আদিপুরুষ-ভগবান্ বিষ্ণু শংখচক্রগদাপদ্মধারী চতুর্ভুজ মূর্ত্তিতে পীতাম্বর ধারণে অকস্মাৎ তৎসমীপে আবির্ভূত হইলেন॥

ভগবানকে অকস্মাৎ নয়নগোচর করিয়া, অদিতি আসন পরিত্যাগে দণ্ডায়-

ননাম ভুবি কায়েন দণ্ডবৎ প্রীতিবিহ্বলা ॥ ১ ॥
সোত্থায় বদ্ধাঞ্জলিরীড়িতুং স্থিতা নোৎসেহ আনন্দ-জলাকুলেক্ষণা।
বভূব তূষ্ণীং পুলকাকুলাকৃতি স্তদ্দর্শনাত্যুৎসবগাত্রবেপথুঃ ॥ ২ ॥
প্রীত্যাশনৈ গদ্গাদয়া গিরা হরিং তুষ্টাব সা দেবাদিতিঃ কুরূদ্বহ।

অন্বয়ঃ।

সহসা এব দৃনেত্রগোচরং তং ভগবন্তং বীক্ষ্য প্রীত্যা বিহ্বলা ব্যাকুলা সতী অদিতিঃ উত্থায় সাদরং কায়েন দণ্ডবৎ ভুবি ননাম ॥ ১ ॥

ততঃ সা উত্থায় বদ্ধাঞ্জলিঃ সতী এব অবস্থিতা আনন্দেন জাতৈঃ জলৈঃ অশ্রুভিঃ আকুলে ঈক্ষণে যস্যাঃ সা তথা পুলকৈঃ আকুলা ব্যাপ্তা আকৃতিঃ দেহঃ যস্যাঃ সা যতঃ তস্য ভগবতঃ দর্শনেন যঃ অত্যুৎসবঃ তেন গাত্রে শরীরে বেপথুঃ কম্পঃ যস্যাঃ সা তূষ্ণীং বভূব ; ঈরিতুং কথিতুং ন উৎসেহে ন শশাক ॥ ২ ॥

হে কুরূদ্বহ! দেবী অদিতিঃ স্বচক্ষুষা পিবতীব রমাপতিং যজ্ঞপতিং জগৎপতিং উদ্বী-

শ্রীধরস্বামী।

প্রীতিবিহ্বলত্বাদেব সা বদ্ধাঞ্জলিঃ সতী স্থিতা কেবলমীড়িতুং পুনর্নোৎসেহে ন শশাক অপিতু তূষ্ণীং বভূব কথ ভূতা আনন্দজলৈরাকুলে ঈক্ষণে যস্যাঃ পুলকৈরাকুলা আকৃতি-র্দেহো যস্যাঃ। তস্য দর্শনেন যোঽত্যুৎসবঃ তেন গাত্রে বেপথুঃ কম্পো যস্যাঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনসা প্রগৃহ্য প্রগ্রহরূপেণ-মনসা বশীকৃত্যেত্যর্থঃ। মনোরশ্মির্বুদ্ধি সূত ইতি পূর্ব্বোক্তেঃ। একাগ্রয়া একাগ্রী কৃতয়া বুদ্ধ্যা মনশ্চ বশীকৃতং বাসুদেবে সম্যগর্পয়িত্বা ॥ ১ ॥ ২ ॥

উদ্বীক্ষতী উৎকর্ষেণ তথা বীক্ষমাণা যথা চক্ষুষা তং পিবতীবোৎপ্রেক্ষতে ইত্যর্থঃ। রমা-

---

মানা হইলেন; এবং আনন্দে বিহ্বল হইয়া, আদরাতিশয়ে ভূমিতে দেহ সংলগ্ন করত তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিলেন ॥ ১ ॥

হে রাজন্! প্রীত্যাতিশয় নিবন্ধন অদিতি পুনরুত্থিতা হইয়া, ভগবান্‌কে আর স্তব করিতে পারিলেন না। তাঁহার লোচনদ্বয় হইতে আনন্দ-ধারা বিগলিত হইতে লাগিল; কলেবর রোমাঞ্চিত হইয়া উঠিল; এবং ভগবদ্দর্শন-জনিত উৎসবে অঙ্গ কম্পিত হইয়া উঠিল; সুতরাং প্রেমের আবেগে কণ্ঠ রুদ্ধ হওয়ায়, তাঁহার বাঙ্‌নিষ্পত্তি হইল না; তিনি ভগবানের প্রতি দৃষ্টি সংযত করত নীরবেই অবস্থান করিতে লাগিলেন ॥ ২ ॥

হে কুরুশ্রেষ্ঠ! দেবদর্শনে দেদীপ্যমানা দেবমাতা অদিতি এই প্রকারে স্বীয় চক্ষুরূপ পানপাত্রের দ্বারা সর্ব্বযজ্ঞেশ্বর সর্ব্বযজ্ঞ-ফলদাতা জগৎপতি দেব শ্রীনিবাসকে প্রেমাতিশয় সহকারে দর্শনচ্ছলে যেন সম্পূর্ণ অন্তরে

উদ্বীক্ষতী সা পিবতীব চক্ষুষা রমাপতিং যজ্ঞপতিং জগৎপতিং ॥ ৩ ॥

অদিতিরুবাচ ॥

যজ্ঞেশ যজ্ঞপুরুষাচ্যুত তীর্থপাদ তীর্থশ্রবঃ শ্রবণমঙ্গলনামধেয়।

আপন্নলোকবৃজিনোপশমোদয়াদ্য শং নঃ কৃধীশ ভগবন্নসি দীননাথঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

ক্ষতী সতী প্রীত্যাশনৈঃ গদ্গদয়া স্খলিতাক্ষরয়া গিরা হরিং তুষ্টাব ॥ ৩ ॥

অদিতিঃ উবাচ। হে যজ্ঞেশ! হে যজ্ঞপুরুষ! হে অচ্যুত! হে তীর্থপাদ! (তীর্থরূপং তীর্থানি গঙ্গাদীনি পাদে যস্য) হে তীর্থশ্রবঃ (তীর্থরূপং সর্ব্বপাপনিবর্ত্তকং শ্রবঃ কীর্ত্তিঃ যস্য) শ্রবণমাত্রেণ মঙ্গলং শুভং যস্মাৎ তথাভূতং নামধেয়ং যস্য, আপন্নানাং শরণাগতানাং লোকানাং বৃজিনস্য উপশমায় নিবৃত্তয়ে উদয়ঃ আবির্ভাবঃ যস্য, হে আদ্য হে ঈশ সর্ব্বনিয়ন্তর্! ভগবন্! যতঃ ত্বং দীননাথঃ অতঃ নঃ অস্মাকং শং সুখং কৃধি সম্পাদয় ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

তুষ্টাব পিবতীব উদ্বীক্ষমাণেতিচ ক্রিয়াভেদাৎ সেত্যস্য পদস্য দ্বিরুক্তির্নদোষঃ ॥ ৩ ॥

অযত্নতো বিনির্জিতানপি। ভক্তান্ রক্ষিতুমীশস্ত্বমিত্যন্তোদদিতি স্ত্রিভিঃ। যজ্ঞেশ ইত্যাদি দশভিঃ সম্বোধনৈ স্তবাশক্যং কিমপি নাস্তীতি বদন্তী প্রার্থয়তে শং নঃ কৃধি কুরু যতো দীনানাং নাথোঽসি ত্বং। তীর্থং শ্রবঃ কীর্ত্তি র্যস্য। শ্রবণমেব মঙ্গলং যস্য তাদৃশং নামধেয়ং যস্য। আপন্নানাং শরণং গতানাং লোকানাং বৃজিনোপশমায় উদয়ো যস্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পতিং তৎপুত্রেভ্যঃ সর্ব্বসম্পৎপ্রদাতারং যজ্ঞপতিং যজ্ঞসারাখ্য-ব্রতাদাবির্ভবন্তং জগৎপতিং অবতীর্য্য জগদুদ্ধর্ত্তারং ॥ ৩ ॥

যজ্ঞেশ হে ব্রত যজ্ঞফলপ্রদ। যজ্ঞপুরুষ হে মজ্জন্মাবধি যজনীয় পুরুষ অচ্যুত হে স্বভক্ত শক্রাদিচ্যুতি-বিনাশিন্। তীর্থপাদ হে গঙ্গোৎপাদয়িষ্যচ্চরণপদ্ম। তীর্থশ্রবঃ হে জগৎ-পাবনী ভবিষ্যদ্বলিচ্ছলনাদিকীর্ত্তে। হে কণানন্দি ভবিষ্যদুপেন্দ্র-ত্রিবিক্রমাদিনামন্। হে বিপন্নমদ্বিধজন-দুঃখ-প্রশমকাবতারেত্যেব ভাব্যর্থ-সূচক-সম্বোধন-পদানাদিত্যা মুখাৎ স্বয়মেব নিঃসৃতানীতি জ্ঞেয়ং ॥ ৪ ॥

পান করত কথঞ্চিৎ স্বস্থা হইলেন; পরে গদ্গদ স্বরে ভগবান্‌কে স্তব করত বলিতে লাগিলেন ॥ ৩ ॥

অদিতি বলিলেন, হে যজ্ঞেশ্বর! হে যজ্ঞপুরুষ! অচ্যুত! আপনাকে প্রণাম করি! গঙ্গাদি সর্ব্বপাপক্ষয়করী যাবতীয় তীর্থ এক আপনার পাদপদ্ম হইতেই সমুৎপন্ন হইয়াছে। ভবদীয় শ্রবণ-মঙ্গল নামের কীর্ত্তনে জীব সমূহ পাপ তাপ হইতে নিষ্কৃতি পায়; হে অনাদিনিধন দেব! বিপন্ন লোকসমূহের দুঃখ দূর করিবার নিমিত্তই আপনি জগতে আবির্ভূত হইয়া থাকেন! হে

বিশ্বায় বিশ্বভবন-স্থিতি-সংযমায় স্বৈরং গৃহীত-পুরুশক্তিগুণায় ভূম্নে।
স্বস্থায় শশ্বদুপবৃংহিত-পূর্ণবোধ-ব্যাপাদিতাত্ম-তমসে হরয়ে নমস্তে ॥ ৫ ॥

অন্বয়ঃ।

বিশ্বায় (উপাদান কারণতয়া বিশ্বরূপায়) বিশ্বস্য ভবনং উৎপত্তিঃ স্থিতিঃ পালনং, সংযমঃ উপসংহারঃ, যস্মাৎ তস্মৈ; স্বৈরং স্বেচ্ছয়ৈব, গৃহীতাঃ পুরুশক্তেঃ প্রকৃতেঃ গুণাঃ যেন তস্মৈ; স্বস্থায় অপ্রচ্যুতস্বরূপায়, শশ্বদুপবৃংহিতঃ নিত্যোর্জ্জিতঃ যঃ পূর্ণবোধঃ জ্ঞানং তেন ব্যাপাদিতং নিরস্তং আত্মাবরকং তমঃ অজ্ঞানং যেন তস্মৈ; ভূম্নে তে তুভ্য হরয়ে নমঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ভূম্নে মহতে নমঃ। মহত্বে হেতবঃ বিশ্বায় বিশ্বস্য ভবনস্থিতিসংযমার্থং স্বৈরং গৃহীতাঃ পুরুশক্তের্ম্মায়ায়া গুণা যেন তস্মৈ তথাপি স্বস্থায় অপ্রচ্যুতস্বরূপায় কুতঃ শশ্বদুপবৃংহিতো নিত্যোর্জ্জিতো যঃ পূর্ণো বোধ স্তেন ব্যাপাদিতং নিত্যং নিরস্তং আত্মনি তমো মায়ালক্ষণং যেন তস্মৈ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তবৈশ্বর্য্যমপারং জ্ঞাত্বৈবাহ ত্বামেব প্রপদ্যে ইত্যাহ। বিশ্বায়েতি স্বেষু ভক্তেষু তিষ্ঠতীতি তস্মৈ শশ্বদুপবৃংহিতো যঃ পূর্ণো বোধ স্তেন ব্যাপাদিতং নিত্যনিরস্তং আত্মনি তমো মায়ালক্ষণং যেন তস্মৈ ॥ ৫ ॥

দীনদয়াল! দীনজনের দুঃখহরণ করায়, দীননাথ নামেই যখন আপনি আখ্যাত, তখন হে জগদীশ! আমাদের দুঃখ নিবারণে আপনি আমাদের মঙ্গলের ব্যবস্থা করুন! ॥ ৪ ॥

হে ভগবন্! আপনি বিশ্বময়! এই অনন্ত বিশ্ব-সংসার এক ভবদীয় স্বরূপ হইতেই উৎপন্ন হইয়াছে; আপনিই ইহার পালন করিতেছেন এবং অন্তে নামরূপ পরিহারে আপনাতেই সমস্ত বিলীন হইয়া থাকে। আপনি স্বয়ং ইচ্ছা করিয়াই এই ত্রিগুণাত্মিকা মায়াকে আশ্রয় করত ব্রহ্মা, বিষ্ণু এবং মহাদেবাদি বিচিত্র শক্তিসম্পন্ন বিগ্রহে আবির্ভূত হইয়া থাকেন। আপনি অনন্ত-গুণ-সম্পন্ন সর্ব্বশ্রেষ্ঠ মহামহিমার্ণব মহাপুরুষ। হে দেব! যদিও বিচিত্র বেশে আপনি আবির্ভূত হন, তথাপি জীবের ন্যায় ভোগানুভূতিতে আপনাকে বিব্রত হইতে হয় না! নিত্যোদিত ভবদীয় বিজ্ঞান-বলে, দিবাকর সমীপে নৈশ অন্ধকারের ন্যায়, আপনার নিকট আত্মার আবরণভূত অজ্ঞানরাশি কখন স্থান পায় না। কেবল নিজের কেন! শরণাগত জীবমাত্রেরই অজ্ঞান অন্ধকার নিবারণ করত, স্বয়ং সুস্থভাবে আপনি চির বিদ্যমান রহিয়াছেন। আপনাকে প্রণাম করি! ॥ ৫ ॥

আয়ুঃ পরং বপুরভীষ্টমতুল্য লক্ষ্মী দ্যৌর্ভূরসা সকল যোগগুণাস্ত্রিবর্গঃ।
জ্ঞানঞ্চ কেবলমনন্ত ভবন্তি তুষ্টাৎ ত্বত্তো নৃণাং কিমু সপত্ন-জয়াদিরাশীঃ ॥৬॥

শ্রীশুক উবাচ ॥

অদিত্যৈবং স্তুতো রাজন্ ভগবান্ পুষ্করেক্ষণঃ।
ক্ষেত্রজ্ঞঃ সর্ব্বভূতানামিতি হোবাচ ভারত ॥ ৭ ॥

অন্বয়ঃ।

হে অনন্ত! তুষ্টাৎ প্রসন্নাৎ ত্বত্তঃ নৃণাং পরং দ্বিপরার্দ্ধ পরিমিতং আয়ুঃ, পরাক্রমাদি যুক্তং বপুঃ শরীরং, অতুল্যা লক্ষ্মীঃ, ধনাদি সম্পৎ, দ্যৌঃ স্বর্গঃ, ভূঃ চ রসাঃ অধস্তনাঃ লোকাঃ, সকলাঃ যোগগুণাঃ অণিমাদয়ঃ, ধর্ম্মার্থকামরূপঃ ত্রিবর্গঃ, কেবলং বিশুদ্ধং জ্ঞানং চ ভবতি তদা সপত্নানাং শত্রূণাং জয়াদিঃ আশীঃ সম্পৎ সুলভা ভবতি ইতি কিমু বক্তব্যং ॥ ৬ ॥

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্ হে ভারত! এবং উক্তপ্রকারেণ অদিত্যা স্তুতঃ সর্ব্বভূতানাং প্রাণিনাং ক্ষেত্রজ্ঞঃ অন্তর্যামী, পুষ্করেক্ষণঃ ভগবান্ ইতি এবং, উবাচ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অস্মদীয়-মনোরথ-পূরণমীষৎকরমেব ভবেতি কৈমুত্যন্যায়েনাহ আয়ুঃ পরং ব্রহ্মায়ুরপি দ্যৌশ্চ ভূশ্চ রসা রসাতলঞ্চ দ্যোভূরসাং দ্যৌরিতি পৃথক্ পাঠে ভূশ্চ রসাশ্চ বিলস্বর্গা ইতি বিগ্রহঃ। দ্যৌর্ভূরসেতি পাঠে ত্রীণি পদানি সকলা যোগগুণা অণিমাদয়ঃ ॥ ৬ ॥

ক্ষেত্রজ্ঞঃ অন্তর্যামী। ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদ্বাঞ্ছিতন্তু ত্বং পুরয়িষ্যস্যেবেতি কৈমুত্যন্যায়েনাহ আয়ুরিতি। দ্যোভূরসা ইতি সমাসেনাসমাসেনচ পাঠদ্বয়ং। যোগগুণাঃ অণিমাদ্যাঃ ॥ ৬ ॥ ক্ষেত্রজ্ঞোঽন্তর্যামী ॥ ৭ ॥

হে অনন্তদেব! জগতের কোন পদার্থের দ্বারা আপনার কোনরূপ সীমা বা বিচ্ছেদ ঘটে না! নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের অনুষ্ঠানে যাহারা আপনার সন্তোষোৎপাদনে প্রিয়পাত্র হইতে পারেন, তাঁহাদের আর কিছুরই অভাব থাকে না। ব্রহ্মার পরিমিত পরমায়ুঃ, তাদৃশ উৎকৃষ্ট ভোগায়তন অপূর্ব্ব দেহ, অতুল শ্রীঃ, স্বর্গ মর্ত্ত এবং পাতালাদি লোক সমূহের আধিপত্য যাবতীয় অণিমাদি যোগ বিভূতি, অধিক কি! ধর্ম্ম, অর্থ ও কাম নামক ত্রিবর্গ এবং কৈবল্যস্বরূপ পরম জ্ঞান এক আপনার প্রসাদেই জীব যখন প্রাপ্ত হইতে পারে, তখন সমান্য সংসারের শত্রুকে পরাজয় করত আপনার প্রসাদে অভীষ্ট লাভ মানব করিবে, তাহাতে আর সন্দেহ কি! ॥ ৬ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! পদ্মপলাশলোচন সর্ব্বান্তর্যামী ভূতভাবন ভগবান্ বিষ্ণু এই প্রকারে অভিহিত হইয়া, অদিতিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৭ ॥

শ্রীভগবানুবাচ ॥
দেবমাত র্ভবত্যা মে বিজ্ঞাতং চিরকাঙ্ক্ষিতং।
যৎ সপত্ন্যৈ হৃতশ্রীণাং চ্যাবিতানাং স্বধামতঃ ॥ ৮ ॥
তান্ বিনির্জ্জিত্য সমরে দুর্ম্মদানসুরর্ষভান্।
প্রতিলব্ধজয়শ্রীভিঃ পুত্রৈরিচ্ছস্যুপাসিতুং ॥
ইন্দ্রজ্যেষ্ঠৈঃ স্বতনয়ৈ র্হতানাং যুধি বিদ্বিষাং।
স্ত্রিয়ো রুদন্তী রাসাদ্য দ্রষ্টুমিচ্ছসি দুঃখিতাঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে দেবমাতঃ! সপত্ন্যৈঃ শক্রভিঃ দৈত্যৈঃ হৃতা শ্রীঃ যেষাং তেষাং স্বধামতঃ স্বর্গাৎ চ্যাবিতানাং বিবাসিতানাং স্বপুত্রাণাং যৎ ঐশ্বর্য্যং ভবত্যা চিরকাঙ্ক্ষিতং তৎ মে ময়া বিজ্ঞাতং এব ॥ ৮ ॥

দুর্ম্মদান্ অসুরর্ষভান্ সমরে বিনির্জ্জিত্য প্রতিলব্ধঃ জয়ঃ শ্রীঃ চ যৈঃ তৈঃ পুত্রৈঃ সহ উপাসিতুং একত্র স্থাতুং ইচ্ছসি ॥

তথা ইন্দ্রজ্যেষ্ঠৈঃ (ইন্দ্রঃ জ্যেষ্ঠঃ যেষু তৈঃ) স্বতনয়ৈঃ যুধি হতানাং বিদ্বিষাং শক্রণাং স্ত্রিয়ঃ আসাদ্য ভর্ত্তৃসমীপং আগত্য, দুঃখিতাঃ রুদন্তীঃ চ দ্রষ্টুং ইচ্ছসি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

সপত্ন্যৈ হৃতা শ্রী র্যেষাং তেষাং স্বধামতঃ চ্যাবিতানাঞ্চ পুত্রাণাং সম্বন্ধি যৎ তদ্ভবত্যাশ্চিরকাঙ্ক্ষিতং ময়া বিজ্ঞাতং ॥ ৮ ॥

কাঙ্ক্ষিতমেবাহ তানিতি ত্রিভিঃ। প্রতিলব্ধো জয়শ্চ শ্রীশ্চ যৈস্তৈঃ পুত্রৈঃ সহ উপাসিতুং একত্র স্থাতুমিচ্ছসি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যা ভক্তেঃ সকামত্বং ব্যঞ্জয়ন্নাহ যৎ সপত্ন্যৈরিতি সপত্ন্যৈশ্চ্যাবিতানাং দেবানাং যচ্চিরকাঙ্ক্ষিতং তদেব ভবত্যাশ্চিরকাঙ্ক্ষিতং ময়া জ্ঞাতং ॥ ৮ ॥

পুত্রৈঃ সহ উপ আধিক্যেন আসিতুং স্বরাজ্যে উপবেষ্টুমিচ্ছসি। যদ্বা। তৈঃ সহৈব মামুপাসিতুং ন ত্বেকাকিনীত্যর্থঃ ॥

হে দেবমাতঃ! তোমার সপত্নীপুত্র দৈত্যগণ কর্ত্তৃক নিজের পুত্র দেবতাগণ স্থানভ্রষ্ট হইয়া, একান্ত হতশ্রীর ন্যায় সম্প্রতি যথেচ্ছ পর্য্যটন করিতেছেন; কিন্তু কোন্ উপায়ে সেই দৈত্যকুলকে যুদ্ধে সংহার করত তদীয় পুত্রগণ পুনরায় পূর্ব্ববৎ জয় শ্রীঃ এবং ঐশ্বর্য্যাদি সম্পদ্ লাভে পরিতৃপ্ত হয় এবং তুমি তাহাদের সহিত একত্র স্বর্গ সুখ অনুভব করিতে পার, এইরূপ মনোগত ভাব আমাকে পরিজ্ঞাত করাইয়াছ ॥ ৮ ॥

তোমার হৃদয়ে একান্ত বাসনা যে, ইন্দ্রপ্রমুখ তদীয় পুত্রগণ সমরে যখন

আত্মজান্ সুসমৃদ্ধাংস্ত্বং প্রত্যাহৃত-যশঃ-শ্রিয়ঃ।
নাকপৃষ্ঠমধিষ্ঠায় ক্রীড়তো দ্রষ্টুমিচ্ছসি ॥ ১০ ॥
প্রায়োঽধুনা তে হ্যসুর যূথনাথা অপারণীয়া ইতি দেবি মে মতিঃ।
যত্তেঽনুকূলেশ্বর বিপ্রগুপ্তা ন বিক্রমস্তত্র সুখং দদাতি ॥ ১১ ॥
অথাপ্যুপায়ো মম দেবি চিন্ত্যঃ সন্তোষিতস্য ব্রতচর্য্যয়া তে।

অন্বয়ঃ।

তথা প্রত্যাহৃতং নীতং যশঃ শ্রীঃ চ যৈঃ তান্ অতঃ সুসমৃদ্ধান্ নাকপৃষ্ঠং স্বর্গং অধিষ্ঠায় ক্রীড়তঃ আত্মজান্ স্বতনয়ান্ ত্বং দ্রষ্টুং ইচ্ছসি ॥ ১০ ॥

হে দেবি! তে অসুরযূথনাথাঃ ত্বচ্ছত্রবঃ অধুনা প্রায়ঃ ঝটিতি অপারণীয়াঃ অজেয়াঃ ইতি মে মতিঃ। যৎ যস্মাৎ তে অনুকূলাঃ ঈশ্বরাঃ সমর্থাঃ যে বিপ্রাঃ তৈঃ গুপ্তাঃ রক্ষিতাঃ; অতঃ তত্র তেষু বিক্রমঃ পরাক্রমঃ সুখং ন দদাতি সুখহেতুঃ ন ভবিষ্যতি ॥ ১১ ॥

অথাপি হে দেবি! তে ব্রতচর্য্যয়া সন্তোষিতস্য মে ময়া তব প্রাপ্ত্যুপায়ঃ কশ্চিৎ চিন্ত্যঃ বিচারণীয়ঃ। যতঃ মদারাধনস্য শ্রদ্ধানুরূপং ফলহেতুকত্বাৎ মম অর্চ্চনং আরাধনং অন্যথা।

শ্রীধরস্বামী।

প্রত্যাহৃতং যশশ্চ শ্রীশ্চ যৈস্তান্ ॥ ১০ ॥

অপারণীয়া অনতিক্রমণীয়াঃ যদ্বৎ যস্মাৎ অনুকূল ঈশ্বরঃ কালো যেষাং তৈ র্বিপ্রৈ র্গুপ্তা রক্ষিতাঃ। অনুকূলৈরীশ্বরৈঃ সমর্থৈ র্বিপ্রৈর্গুপ্তা ইতি বা ॥ ১১ ॥

শ্রীভগবান্ উবাচ। হে নৃপ! ত্রিলোক্যাং যাবন্তঃ শ্রেষ্ঠাঃ শ্রেষ্ঠাঃ বিষয়াঃ দেশাঃ বা তে সর্ব্বে অপি সংগৃহীতাঃ সন্তঃ অজিতেন্দ্রিয়ং পুরুষং প্রতিপূরয়িতুং অলং বুদ্ধিং কারয়িতুং, ন শক্নুবন্তি ॥ ১৮ ॥

ত্রিভিঃ ক্রমৈঃ ত্রিপদ-পরিমিত-ভূভাগেন যদি অসন্তুষ্টঃ তদা সপ্তদ্বীপবরেচ্ছয়া নব-বর্ষ-

শ্রীধরস্বামী।

কামং যথেষ্টং সম্যক্ পাদপ্রসারণেন ইত্যর্থঃ। অতএব তথা করিষ্যতি ॥ ১৭ ॥

পুনরপি নিস্পৃহত্বমেবাবিষ্কুর্ব্বন্নাহ যাবন্ত ইতি সপ্তভিঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যো ভবানিতি শেষঃ। বুদ্ধিমান্ সন্নপি দ্বীপদায়িনং ॥ ১৬ ॥ ১৭ ॥

সন্তুষ্টং মামেতাবতৈব দানেন পূরয়। নহ্যসন্তুষ্টং ত্বমপি পূরয়িতুং সমর্থোঽসীত্যাহ যাবন্ত ইতি ॥ ১৮ ॥

পরিমিত ত্রিপাদ ভূমি মাত্র প্রার্থনা করায়, নিতান্ত নির্বুদ্ধিত্বেরই পরিচয় দিতেছ! ॥ ১৬ ॥

আমার নিকট প্রতিগ্রহ করিলে, আর তাহাকে অন্যের নিকট কখন কোন বিষয়ের জন্য প্রার্থী হইতে হয় না। অতএব হে ব্রাহ্মণ! তোমার জীবন-যাত্রা চিরকালের জন্য যাহাতে সুখ-স্বচ্ছন্দে নির্ব্বাহ হইতে পারে, তদুপযুক্ত প্রচুর ভূমি আমার নিকট হইতে প্রতিগ্রহ কর! ॥ ১৭ ॥

ভগবান্ বামনদেব বলিলেন, হে রাজেন্দ্র! যাহাদের চিত্তে বল নাই, তাদৃশ অজিতেন্দ্রিয় ব্যক্তি যদি ত্রিলোকস্থ যাবতীয় উৎকৃষ্ট এবং প্রিয় বস্তু বা সুখসেব্য দেশ সকল সংগ্রহ করিতে পারে, তথাপি তাহাদের হৃদয়ে কিছুতেই প্রচুর বলিয়া বিবেচনা হয় না এবং শান্তিলাভও করে না ॥ ১৮ ॥

আমার প্রয়োজন মত ত্রিপাদ পরিমিত ভূমিতে আমার তৃপ্তিলাভ যদি না হয়,

নববর্ষসমেতেন সপ্তদ্বীপবরেচ্ছয়া ॥ ১৯ ॥
সপ্তদ্বীপাধিপতয়ো নৃপা বৈণ্য-গয়াদয়ঃ।
অর্থৈঃ কামৈর্গতা নান্তং তৃষ্ণয়া ইতি নঃ শ্রুতং ॥ ২০ ॥
যদৃচ্ছয়োপপন্নেন সন্তুষ্টো বর্ত্ততে সুখং।
নাসন্তুষ্টস্ত্রিভি র্লোকৈরজিতাত্মোপসাদিতৈঃ ॥
পুংসো যঃ সংসৃতের্হেতুরসন্তোষোঽর্থকাময়োঃ।

অন্বয়ঃ।

সমেতেন দ্বীপেন অপি ন পূর্য্যতে ॥ ১৯ ॥

বৈণ্যঃ পৃথুঃ, গয়ঃ আদিঃ যেষাং তে নৃপাঃ সপ্তানাং দ্বীপানাং অধিপতয়ঃ অপি অর্থৈঃ কামৈঃ চ তৃষ্ণায়াঃ অন্তং ন গতাঃ অবধিং ন প্রাপ্তাঃ ইতি নঃ অস্মাভিঃ শ্রুতং ॥ ২০ ॥

অতঃ যদৃচ্ছয়া প্রারব্ধবশাৎ উপপন্নেন প্রাপ্তেন, ভোগেন সন্তুষ্টঃ সন্ লোকঃ সুখং বর্ত্ততে। অজিতাত্মা তু উপসাদিতৈঃ প্রাপ্তৈঃ ত্রিভিঃ লোকৈঃ অপি অসন্তুষ্টঃ সন্ সুখং ন বর্ত্ততে ॥

অর্থকাময়োঃ বিষয়য়োঃ যঃ অসন্তোষঃ সঃ পুংসঃ সংসৃতেঃ জন্ম-মরণাদি-রূপ-সংসার-

শ্রীধরস্বামী।

নববর্ষ-সমেতেন দ্বীপেনাপি সপ্তানাং দ্বীপবরাণামিচ্ছয়া ॥ ১৯ ॥
তৃষ্ণায়া অন্তং ন গতাঃ ইত্যস্মাভিঃ শ্রুতং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নব বর্ষসমেতেনাপি দ্বীপেন। সপ্তানাং দ্বীপবরাণাং ইচ্ছয়া ॥ ১৯ ॥ ২০ ॥

তাহা হইলে উত্তরোত্তর কামনা-নিবন্ধন সপ্তদ্বীপ প্রাপ্তির আশায় কেবল নববর্ষযুক্ত একটী দ্বীপের দ্বারাই ত আমার আশার নিবৃত্তি হইবে না! ॥ ১৯ ॥

অন্য পরে কা কথা! বেণনন্দন মহারাজ পৃথু এবং গয়াদি নৃপতিবৃন্দ এই সপ্তদ্বীপের আধিপত্য লাভ করিয়াও, প্রচুর অর্থ এবং ভোগের দ্বারা ভোগ-তৃষ্ণার সীমা যে পান নাই, তাহা আমরা বহুকাল হইতে শ্রবণ করিয়া আসিতেছি ॥ ২০ ॥

অতএব প্রারব্ধবশে যদৃচ্ছালব্ধ ভোগে যাঁহারা সন্তুষ্ট থাকেন, সংসারে তাঁহারাই প্রকৃত সুখ অনুভব করিয়া থাকেন; সন্দেহ নাই। যাঁহারা নিজের চিত্তকে বশীভূত করিতে পারেন নাই, তাঁহারা ত্রিলোকের আধিপত্য বা ভোগ লাভেও সদা অসন্তোষ-নিবন্ধন সুখ অনুভব করিতে পারেন না ॥

অহো! অর্থ এবং কামনা-নিবন্ধন অসন্তোষই মানবের পক্ষে এই জন্ম-মরণরূপ সংসার-প্রবাহের এক মাত্র হেতু! নিজের উদ্যম ব্যতীত দৈব প্রেরিত ভোগে তৃপ্তিলাভ করা এবং সন্তুষ্ট থাকাকেই মুক্তির হেতু বলিয়া

যদৃচ্ছয়োপপন্নেন সন্তোষো মুক্তয়ে স্মৃতঃ ॥ ২১ ॥
যদৃচ্ছা-লাভতুষ্টস্য তেজো বিপ্রস্য বর্দ্ধতে।
তৎ প্রশাম্যত্যসন্তোষাদম্ভসেবাশুশুক্ষণিঃ ॥ ২২ ॥
তস্মাৎ ত্রীণি পদান্যেব বৃণে ত্বদ্বরদর্ষভাৎ।
এতাবতৈব সিদ্ধোঽহং বিত্তং যাবৎ প্রয়োজনং ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যুক্তঃ স হসন্নাহ বাঞ্ছিতং প্রতিগৃহ্যতাং।
বামনায় মহীং দাতুং জগ্রাহ জলভাজনং ॥

অন্বয়ঃ।

প্রবাহস্য এব হেতুঃ; তথা যদৃচ্ছয়া উপপন্নেন যঃ সন্তোষঃ সঃ তস্য মুক্তয়ে মুক্তিহেতুঃ স্মৃতঃ ॥ ২১ ॥

যদৃচ্ছয়া লব্ধেন তুষ্টস্য বিপ্রস্য তেজঃ বর্দ্ধতে অসন্তোষাৎ তু অম্ভসা জলেন আশুশুক্ষণিঃ অগ্নিঃ, ইব তৎ তেজঃ প্রশাম্যতি ॥ ২২ ॥

তস্মাৎ বরদশ্রেষ্ঠাৎ অপি ত্বৎ ত্বত্তঃ, ত্রীণি পদানি এব অহং বৃণে! এতাবতা এব তাবৎ ভূমিলাভেন অহং সিদ্ধঃ কৃতার্থঃ। যতঃ যাবৎপ্রয়োজনং এব বিত্তং সুখং দদাতি ॥

শ্রীশুকঃ উবাচ। ভগবতা এবং উক্তঃ সঃ বলিঃ হসন্ সন্ বাঞ্ছিতং গৃহ্যতাং ইতি আহ। তথা বামনায় মহীং দাতুং জলভাজনং জলপাত্রং (সংকল্পার্থং) জগ্রাহ ॥

শ্রীধরস্বামী।

অসন্তুষ্টস্য প্রাপ্তৈ স্ত্রিভির্লোকৈরপি ন সুখং বর্ত্ততে ॥ ২১ ॥ আশুশুক্ষণি রগ্নিঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজিতাত্মা অজিতেন্দ্রিয়ঃ। উপসাদিতৈঃ প্রাপ্তৈঃ ॥ ২১ ॥ আশুশুক্ষণিরগ্নিঃ ॥ ২২ ॥

মনীষিগণ নিরূপণ করিয়াছেন ॥ ২১ ॥

যে ব্রাহ্মণ প্রারব্ধ-লব্ধ ভোগে পরিতৃপ্ত থাকেন, তাঁহার ব্রহ্মতেজ উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইতে থাকে; এবং কেবল অসন্তোষের অনুরোধে, জলপ্রক্ষিপ্ত হুতাশনের ন্যায়, ব্রহ্মতেজ আপনা হইতে উপশমিত হইয়া যায় ॥ ২২ ॥

অতএব আপনি ত্রিভুবনের অধিপতি হওয়ায়, যথেষ্ট দানে প্রস্তুত থাকিলেও, আপনার নিকট এই ত্রিপাদ ভূমিমাত্রই আমি প্রার্থনা করিতেছি। ইহার দ্বারাই আমার অভীষ্টসিদ্ধি হইবে। অতএব প্রয়োজন মত বিত্তই সংগ্রহ করা বিধেয়! অধিক কিছুরই আমি প্রার্থনা করি না ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবান্ বামনদেব এই প্রকার বলিলে, দৈত্যপতি বলি ঈষৎ হাস্য করত তাঁহাকে বলিলেন যে, তবে আপনার যাহা ইচ্ছা

বিষ্ণবে ক্ষ্মাং প্রদাস্যন্তমুশনা অসুরেশ্বরং।
জানংশ্চিকীর্ষিতং বিষ্ণোঃ শিষ্যং প্রাহ বিদাম্বরঃ॥
শ্রীশুক উবাচ॥
এষ বৈরোচনে সাক্ষাদ্ভগবান্ বিষ্ণুরব্যয়ঃ।
কশ্যপাদদিতে র্জাতো দেবানাং কার্য্যসাধকঃ॥ ২৩॥

অন্বয়ঃ।

বিদাং জ্ঞানিনাং বরঃ শ্রেষ্ঠঃ উশনাঃ শুক্রঃ, বিষ্ণোঃ চিকীর্ষিতং সর্ব্বস্বাপহারলক্ষণং, জানন্ বিষ্ণবে ক্ষ্মাং মহীং, প্রদাস্যন্তং শিষ্যং অসুরেশ্বরং আহ॥

শুক্রঃ উবাচ। হে বৈরোচনে! এষঃ বামনরূপঃ দেবানাং কার্য্যসাধকঃ সন্ কশ্যপাৎ পিতুঃ, আদিতেঃ মাতুঃ, সকাশাৎ সাক্ষাৎ অব্যয়ঃ ভগবান্ বিষ্ণুঃ এব জাতঃ॥ ২৩॥

শ্রীধরস্বামী।

সিদ্ধোঽহং কৃতার্থঃ এতাবতৈব সর্ব্বস্বাপহারসিদ্ধিরিতি গূঢ়োঽভিপ্রায়ঃ। তদেবাহ বিত্তং যাবৎপ্রয়োজনমেব স্বং। অধিকস্য ক্লেশাবহত্বাৎ ইত্যর্থঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিদ্ধোঽহং কৃতার্থ ইত্যেতাবতৈব সর্ব্বস্বাপহারসিদ্ধেরিতি গূঢ়োঽভিপ্রায়ঃ। যাবৎ যৎপ্রমাণকং বিত্তং প্রয়োজনকং ভবেত্তাবদেব গ্রাহ্যমিত্যর্থঃ॥

বিদাংবরঃ ইতি বামনমপরোক্ষং প্রাহেত্যর্থঃ॥ ২৩॥

গ্রহণ করুন! অনন্তর বলি বামনদেবকে ভূমিদান করিবার জন্য সংকল্প করিবার অভিপ্রায়ে জলপাত্র গ্রহণ করিলেন॥

এই সমস্ত ব্যাপার অবলোকন করিয়া, প্রাজ্ঞজনাগ্রগণ্য দৈত্যগুরু শুক্রাচার্য্য আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। বামনরূপী ভগবান্ বিষ্ণু দেবতাগণের পক্ষ-সমর্থনার্থ কৌশলে বলির সর্ব্বস্ব হরণ করিতে যে উদ্‌যোগী হইয়াছেন, তাহা তিনি বিলক্ষণ অবগত হইলেন; এবং শিষ্যের মঙ্গল-কামনায় ভূমিদানার্থ সম্পূর্ণ প্রস্তুত দৈত্যেশ্বর বলিকে সম্বোধন পূর্ব্বক বামনের পরোক্ষে বলিতে লাগিলেন॥

শুক্রাচার্য্য বলিলেন, হে বিরোচন-নন্দন! এই বামন মাণবক সামান্য ব্যক্তি নহেন! ইনি সাক্ষাৎ অব্যয় পরম পুরুষ বিষ্ণু! দেবতাগণের কার্য্যসাধনার্থ প্রজাপতি কশ্যপের ঔরসে তদীয়া পত্নী অদিতির গর্ভে ইনি এই বামন মূর্ত্তিতে জন্ম পরিগ্রহ করিয়াছেন॥ ২৩॥

স্বকীয় ভাবী অমঙ্গলের প্রতি দৃষ্টি না করিয়াই, তুমি ইহাঁকে ভূমিদানের যে প্রতিজ্ঞা করিয়াছ, তাহা আমি কোন ক্রমে সমীচীন বলিয়া বিবেচনা করি

প্রতিশ্রুতং ত্বয়ৈতস্মৈ যদনর্থমজানতা।
ন সাধু মন্যে দৈত্যানাং মহানুপগতোঽনয়ঃ ॥ ২৪ ॥
এষ তে স্থানমৈশ্বর্য্যং শ্রিয়ং তেজো যশঃ শ্রুতং।
দাস্যত্যাচ্ছিদ্য শক্রায় মায়াবামনকো হরিঃ ॥ ২৫ ॥
ত্রিভিঃ ক্রমৈরিমান্ লোকান্ বিশ্বকায়ঃ ক্রমিষ্যতি।
সর্ব্বস্বং বিষ্ণবে দত্ত্বা মূঢ় বর্ত্তিষ্যসে কথং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

স্বস্য অনর্থং অজানতা ত্বয়া যৎ এতস্মৈ প্রতিশ্রুতং ভূমিদানং প্রতিজ্ঞাতং, তৎ অহং সাধু সমীচীনং, ন মন্যে! যতঃ দৈত্যানাং মহান্ অনয়ঃ ক্লেশঃ, উপাগতঃ (ততঃ ভূমিদানাৎ প্রাপ্তঃ) ॥ ২৪ ॥

মায়য়া স্বেচ্ছয়া মাণবকঃ ব্রাহ্মণরূপঃ এষঃ হরিঃ তে তব স্থানং ঐশ্বর্য্যং শ্রিয়ং তেজঃ যশঃ শ্রুতং চ আচ্ছিদ্য অপহৃত্য, শক্রায় দাস্যতি ॥ ২৫ ॥

বিশ্বকায়ঃ বিশ্বরূপঃ ভূত্বা ত্রিভিঃ ক্রমৈঃ পাদবিন্যাসৈঃ ইমান্ ত্রীন্ লোকান্ ক্রমিষ্যতে পরিচ্ছিদ্য গ্রহীষ্যতি। হে মূঢ়! সর্ব্বস্বং বিষ্ণবে দত্ত্বা কথং বর্ত্তিষ্যসে ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অনয়ঃ অন্যায়ঃ ॥ ২৪ ॥ অন্যায়মেবাহ এষ ইতি ॥ ২৫ ॥

নন্থ ময়া পদত্রয়মেব প্রতিশ্রুতং নাধিকং তত্রাহ ত্রিভিরিতি। ক্রমতামিতি চেত্তত্রাহ সর্ব্বস্বমিতি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপগতঃ প্রাপ্তঃ ॥ ২৪ ॥

হরিঃ সর্ব্বস্বং হরিষ্যতীত্যর্থঃ। মনঃ পর্য্যন্তঞ্চ ইতি বাস্তবঃ ॥ ২৫ ॥

নন্থ ময়া পদত্রয়মেব প্রতিশ্রুতং নাধিকং তত্রাহ ত্রিভিরিতি। ক্রমৈঃ পাদবিন্যাসৈঃ ক্রমতামিতি চেত্তত্রাহ সর্ব্বস্বমিতি ॥ ২৬ ॥

না। কারণ এতদ্দ্বারা দৈত্যগণের যে বিষম ক্লেশেরই উপস্থিতি ঘটিবে, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৪ ॥

স্বীয় মায়াবলে গৃহীত বামনবিগ্রহ এই ব্রাহ্মণ-কুমার শ্রীহরি তোমার আধিপত্য, ঐশ্বর্য্য, শ্রীঃ, যশঃ, তেজঃ এবং পাণ্ডিত্য অপহরণ করত অমরেশ্বর ইন্দ্রকে প্রদান করিবেন ॥ ২৫ ॥

তুমি ইহাঁর ত্রিপাদ পরিমিত ভূমি মাত্র দিতে প্রতিশ্রুত হইয়াছ সত্য! কিন্তু ইনি যে সর্ব্বব্যাপী! ইনি বিশ্বরূপ ধারণে এই ত্রিভুবন পরিব্যাপ্ত করিবেন। রে মূঢ়! সর্ব্বস্ব এক বিষ্ণুকে সমর্পণ করত, কোথায় নিজে অবস্থান যে করিবে, এরূপ স্থানও তোমার থাকিবে না ॥ ২৬ ॥

ক্রমতো গাং পদৈকেন দ্বিতীয়েন দিবং বিভোঃ।
খঞ্চ কায়েন মহতা তার্ত্তীয়স্য কুতো গতিঃ॥
নিষ্ঠাং তে নরকে মন্যে হ্যপ্রদাতুঃ প্রতিশ্রুতং।
প্রতিশ্রুতস্য যোঽনীশঃ প্রতিপাদয়িতুং ভবান্॥ ২৭॥

অন্বয়ঃ।

একেন পদা পাদন্যাসেন গাং ভূমিং, ক্রমতঃ দ্বিতীয়েন অন্তরীক্ষং ক্রমতঃ বিভোঃ বিশ্বরূপস্য ভগবতঃ তার্ত্তীয়স্য তৃতীয়পাদন্যাসস্য কুতঃ গতিঃ ক্ব স্থানং? (এতেন তব প্রতিশ্রুতং অপি ন সম্পাদিতং ভবতি)॥

অতঃ প্রতিশ্রুতং অপ্রদাতুঃ তে তব স্থানং নিষ্ঠাং, হি নিশ্চিতং নরকে এব অহং মন্যে। প্রতিশ্রুতস্য প্রতিপাদয়িতুং অনীশঃ অসমর্থঃ যঃ ভবান্ নরকং গমিষ্যসি॥ ২৭॥

শ্রীধরস্বামী।

তথাপি প্রতিশ্রুতং সম্পাদনীয়মেবেতি চেত্তত্রাহ ক্রমত ইতি দ্বাভ্যাং। একেন পদন্যাসেন ভূমিং ক্রমমাণস্যেত্যর্থঃ। তার্ত্তীয়স্য তৃতীয়-পদন্যাসস্য॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতিশ্রুতং কথং ন সংপাদনীয়মিতি চেত্তত্র সর্ব্বস্বে দত্তেঽপি তদেবং প্রতিশ্রুতং ন সংপৎস্যতে ইত্যাহ দ্বাভ্যাং। ক্রমতঃ ক্রমমাণস্য তার্ত্তীয়স্য তৃতীয়স্য। যদ্বা তার্ত্তীয়স্য তৃতীয়সম্বন্ধিনঃ তৃতীয়-পদক্রম্যস্য বস্তুনঃ কুতো হেতো গতিঃ প্রাপ্তিস্তে ভবিষ্যতীত্যর্থঃ॥

নিষ্ঠাং নিতরাং স্থিতিং প্রতিপাদয়িতুং প্রতিপাদনে ইত্যর্থঃ। তেন সর্ব্বস্ব-দানেঽপি নরকস্যাবশ্যকত্বঞ্চেদ্বরং সর্ব্বস্ব দানমেব ভদ্রং ঐহিকভোগসিদ্ধ্যর্থমিতিভাবঃ॥ ২৭॥

একটী চরণের বিন্যাসে এই সসাগরা ধরণীকে পরিব্যাপ্ত করিবেন; দ্বিতীয় পাদবিক্ষেপে তোমার স্বর্গলোক সমাচ্ছাদিত হইবে এবং তদুপযুক্ত ভুবনব্যাপী দেহের দ্বারাও এই অন্তরীক্ষ-লোক সমাচ্ছন্ন হইয়া যাইবে। পরে এই বিশ্বরূপ ভগবান্ যখন তৃতীয় পাদপরিমিত স্থান চাহিবেন, তখন তুমি তাহা কোথা হইতে দিবে? সুতরাং তুমি যে ত্রিপাদ ভূমি প্রদানে প্রতিশ্রুত হইয়াছ, তাহাও ত তোমার সম্পাদন করা হইবে না॥

সুতরাং প্রতিশ্রুত অনুসারে ভূমি দানের সামর্থ্যই তোমার থাকিবে না। অতএব প্রতিশ্রুত বিষয়ের প্রতিপাদন করিতে যদি তুমি অসমর্থ হইয়া, তৃতীয় পাদ-পরিমিত স্থান ভগবানকে না দাও! আমার নিশ্চয় অনুমান হইতেছে যে, তুমি সেই অপরাধে নিশ্চয় নরকগামী হইবে; সন্দেহ নাই॥ ২৭॥

বিশেষত যে দানের দ্বারা নিজের জীবিকার ব্যাঘাত জন্মে, সে দানকে আর্য্যগণ কখনই প্রশংসা করেন না। কারণ সংসারে যাহাদের যথেষ্ট ধন

ন তদ্দানং প্রশংসন্তি যেন বৃত্তি র্বিপদ্যতে।
দানং যজ্ঞস্তপঃ কর্ম্ম লোকে বৃত্তিমতো যতঃ॥
ধর্ম্মায় যশসেঽর্থায় কামায় স্বজনায়চ।
পঞ্চধা বিভজন্ বিত্তমিহামুত্রচ মোদতে॥ ২৮॥
অত্রাপি বহ্বৃচৈর্গীতং শৃণু মে সুরসত্তম।

অন্বয়ঃ।

যেন দানেন, বৃত্তিঃ জীবিকা, বিপদ্যেত বিনশ্যতি, তৎ দানং অর্য্যাঃ ন প্রশংসন্তি; যতঃ লোকে বৃত্তিমতঃ জীবিকা-বিশিষ্টস্য পুংসঃ এব দানং যজ্ঞঃ তপঃ চিত্তৈকাগ্র্যং তথা পূর্ত্তাদিকং কর্ম্ম বিহিতং॥

অতঃ বিদ্বান্ ধর্ম্মায় পুণ্যোপচয়ে, যশসে তৎকীর্ত্তিলাভায়, অর্থায় ধনাদিবৃদ্ধ্যুপযোগি-ব্যাপারায়, কামায় স্বভোগায়, স্বজনায় স্বজন-পরিতোষায়, ইত্যেবং পঞ্চধা বিত্তং ধনং বিভজন্ ইহ অস্মিন্ লোকে অমুত্র পরলোকে, চ মোদতে সুখং অনুভবতি॥ ২৮॥

হে অসুরসত্তম! অত্র সত্যানৃত-ব্যবস্থায়াং অপি বহ্বৃচৈঃ ঋগ্বেদাদিভিঃ, যৎ গীতং তৎ

শ্রীধরস্বামী।

তথাপি সর্ব্বস্বদানাৎ কীর্ত্তিস্তাবদ্ভবিষ্যতীতি চেত্তত্রাহ ন তদ্দানমিতি। তপশ্চিত্তৈকাগ্র্যং। কর্ম্ম পূর্ত্তং॥ ২৮॥

নন্বু তর্হি প্রতিশ্রুত্য নেতি কথমনৃতং বাচ্যং? তত্রাহ সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। অত্রাপি সত্যা-নৃতব্যবস্থায়াং বহ্বৃচশ্রুত্যাহি প্রথমং ওমিতি সত্যং নেত্যনৃতমিত্যাদিনা সত্যানৃতয়ো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদপি যথাশক্তি প্রতিশ্রুতং কথং ন দাস্যামীতি চেত্তত্রাহ নেতি। তপশ্চিত্তৈকাগ্র্যং। দানাদাবপি শাস্ত্রীয়া ব্যবস্থা বর্ত্ততে ইত্যাহ ধর্ম্মায়েতি॥ ২৮॥

নন্বু দেয়দ্রব্যসত্ত্বেঽপ্যন্যস্মৈ নাস্তীত্যনৃতবচনং বিনা মম কথমদানমুপপদ্যতাং তত্রাহ

এবং জীবনোপায় থাকে, তাহাদের জন্যই দান, যজ্ঞাদি ক্রিয়া, চিত্তৈকাগ্র্যাদি তপস্যা এবং জলাশয়াদির প্রতিষ্ঠারূপ পূর্ত্তাদি কর্ম্মের ব্যবস্থা হইয়াছে॥

একটীর উদ্দেশ্যে সর্ব্বস্ব ব্যয় করা, বুদ্ধিমান্ ব্যক্তির কার্য্য নহে। যিনি মেধাবান্ ও বিচক্ষণ ব্যক্তি, তিনি পুণ্যসঞ্চয়রূপ ধর্ম্মকার্য্য, যশোলাভ, স্বীয় ধনের বৃদ্ধি ব্যাপার, নিজের সুখভোগার্থ এবং স্বজনবর্গের প্রতিপালন এই পঞ্চপ্রকারে স্বীয় বিত্তকে বিভাগ করত ব্যয় করেন, তিনি ইহলোক এবং পরলোক এই উভয় লোকেই সুখী হন, সন্দেহ নাই॥ ২৮॥

যাহাই হউক! এক্ষণে প্রতিশ্রুত হইয়া, কি প্রকারে মিথ্যা বলিব বলিয়া ভাবনা পরিত্যাগ কর! সত্য মিথ্যার ব্যবস্থা বিষয়ে ঋগ্বেদাদি বহ্বৃচ

সত্যমোমিতি যৎ প্রোক্তং যন্নেত্যাহানৃতং হিতৎ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

মে মত্তঃ কথয়তঃ ত্বং শৃণু! ওঁ ইতি অঙ্গীকারেণ যৎ প্রোক্তং তৎ সত্যং; ন ইতি যৎ আহ তৎ এব অনৃতং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

লক্ষণ-পূর্ব্বক-স্তুতি-নিন্দাভ্যাং সত্যং বিহিতং অনৃতঞ্চ নিষিদ্ধং। অনন্তরঞ্চ পরাগ্বা এতদ্রিক্ত-মক্ষরমিত্যাদিনা সত্যে দোষান্ অনৃতেচ গুণানুক্ত্বা তস্মাৎকাল এব দদ্যাৎ তৎসত্যানৃতে মিথুনী করোতীত্যুপসংহারেণ বৃত্তিসঙ্কটাদাবনৃতমপ্যনুজ্ঞাতং। তমিমং শ্রুত্যর্থং-দর্শয়ন্নাহ ওমিত্যঙ্গীকারেণ যৎপ্রোক্তং তৎ সত্যং নেতি যদাহ তদেবানৃতং ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সার্দ্ধৈঃ ষড়ভিঃ। অত্রাপি-সত্যানৃত-ব্যবস্থায়াং ওমিত্যঙ্গীকারেণ যৎ প্রোক্তং তৎ সত্যং নেতি যদাহ তদেবানৃতং! ওমিতি সত্যং নেত্যনৃতমিতি শ্রুতেঃ ॥ ২৯ ॥

শ্রুতিবাক্যসমূহ যেরূপ প্রতিপাদন করিয়াছেন, তাহা আমার নিকট শ্রবণ করুন্! করিব বা হাঁ বলিয়া অঙ্গীকার পূর্ব্বক যদি তাহা সম্পাদন করা হয়, তাহার নাম সত্য; আর যদি তাহা উপেক্ষা করত, না বলিয়া অস্বীকার করা হয়, তাহারই নাম মিথ্যা বা অনৃত ॥ ২৯ ॥

আভাস।

দৈত্যরাজ বলি বামনদেবকে ত্রিপাদ মাত্র ভূমি দানে প্রতিশ্রুত হইয়া, বিষম বিপদেই নিপতিত হইলেন। কারণ এদিকে যেমন ব্রাহ্মণকে দিবার অঙ্গীকারে প্রতিশ্রুত হইয়াছেন, অন্য পক্ষে কুলগুরু ব্রাহ্মণ শুক্রাচার্য্য তদ্বিষয়ে প্রতিবন্ধক করত নিষেধ করিতেছেন; সুতরাং তাঁহার বাক্য অবহেলন করত, তাঁহার অবমাননাও করিতে পারেন না। উভয় পক্ষেই বিপ্র-হেলনের পাপ তাঁহার মনোমধ্যে উদিত হইতে লাগিল। কিন্তু শুক্রাচার্য্য যখন তাঁহাকে বুঝাইলেন যে, বামন কেবল ব্রাহ্মণ নহেন, স্বয়ং ভগবান্; তাঁহাকে দান করিলে, বলিরাজের দুর্গতির সম্ভাবনা; তখন সত্য পরিত্যাগে নরক-ভোগ-নিবন্ধন বিষম দুর্গতির অবশ্যম্ভাবিত্বের প্রতিই বলিরাজের লক্ষ্য পড়িল। তিনি যখন সত্যভ্রংশের ভয়ে একান্ত ভীত হইলেন, তখন সদাচার-তত্ত্বজ্ঞ মহাবিচক্ষণ নীতিশাস্ত্র-কুশল শুক্রাচার্য্য সত্য এবং অনৃতের স্বরূপ কথনের দ্বারা তাঁহাকে প্রতিনিবৃত্ত করিবার চেষ্টা করিলেন। তাঁহার বলিবার তাৎপর্য্য এই যে, সত্য যে চিরকাল অমৃত প্রসব করে এবং অনৃত কেবল গরল প্রসব করে, তাহা নহে; প্রয়োগের দোষে বা গুণে সত্যও গরল প্রসবে নরকের কারণ এবং অনৃতও অমৃতের প্রসবে স্বর্গের হেতু হইতে পারে। তিনি কেবল নিজের মত না বলিয়া, বেদাদি শাস্ত্রের অভিপ্রায়ও এই ক্ষেত্রে প্রকাশ করিয়াছেন। শাস্ত্রে যথোক্ত যথাশ্রুত এবং যথানুভূত বিষয়ের তদনুরূপ প্রতিপাদনকে সত্য বলিয়া ব্যাখ্যা করিয়াছেন এবং তাহার বিপরীত প্রতিপাদনকে অনৃত বা মিথ্যা নামে অভিহিত করিয়াছেন ॥ ২৯ ॥

সত্যং পুষ্পফলং বিদ্যাদাত্মবৃক্ষস্য গীয়তে।
বৃক্ষেঽজীবতি তন্ন স্যাদনৃতং মূলমাত্মনঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

আত্মবৃক্ষস্য দেহরূপবৃক্ষস্য জীবতঃ এব সত্যং পুষ্পফলং বিদ্যাৎ জানীয়াৎ; ইতি শ্রুত্যা গীয়তে। বৃক্ষে দেহে অজীবতি সতি তৎ পুষ্পফলং ন স্যাৎ (অতঃ দেহঃ অনৃতেন রক্ষণীয়ঃ ইত্যাহ) অনৃতং তু আত্মনঃ দেহস্য মূলং এব ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

তত্তু সত্যং ঈষদনৃতং বিনা ন সিদ্ধ্যতীত্যাশয়েনাহ সত্যং পুষ্পফলং বিদ্যাৎ জানীয়াৎ। আত্মবৃক্ষস্য দেহরূপস্য বৃক্ষস্য কুতো গীয়তে শ্রুত্যা উচ্যতে ইত্যর্থঃ। জীবত ইতি পাঠান্তরন্তু সুগমং। যদ্যপি শ্রুত্যা বাচঃ সত্যং পুষ্পং ফলঞ্চেত্যুক্তং তথাপি বাচো দেহনির্ব্বাহাধীনত্বাৎ আত্মবৃক্ষস্যেতি প্রস্তুতানুসারেণোক্তং। ভবতু পুষ্পফলস্থানীয়ং সত্যং ততঃ কিমত আহ বৃক্ষে দেহেঽজীবতি তৎ পুষ্পফলং ন স্যাৎ। সা ন স্যাদিতি পাঠে শ্রুত্যুক্তা যা বাচঃ পরামর্শঃ। দেহশ্চানৃতেন রক্ষণীয় ইত্যাহ। অনৃতং ত্বাত্মনো দেহস্য মূলং ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তু সত্যমীষদনৃতং বিনা ন সিদ্ধ্যতীত্যাশয়েনাহ সত্যমিতি। আত্মবৃক্ষস্য দেহরূপবৃক্ষস্য সত্যং পুষ্পফলং বিদ্যাৎ। গীয়তে ইতি শ্রুতিকর্ত্তৃকং গানমিত্যর্থঃ। তৎ পুষ্পফলং বৃক্ষেঽজীবতি ন স্যাৎ তস্মাদ্বৃক্ষো যেন জীবতি তত্র প্রযতনীয়মিতি ভাবঃ। তদেবাহ অনৃতং তেন সর্ব্বথৈবানৃতাভাবে দেহো ন জীবতীত্যর্থঃ ॥ ৩০ ॥

ঐ সত্যকেই দেহরূপ বৃক্ষের ফল এবং পুষ্প বলিয়া বেদ কীর্ত্তন করিয়াছেন; সত্য! পরন্তু দেহরূপ বৃক্ষ জীবিত না থাকিলে, ফল বা পুষ্পের উদ্গমও অসম্ভব। দেহের মূল কিন্তু অনৃত; সুতরাং মিথ্যার দ্বারাই মিথ্যার দেহকে রক্ষা করিতে হইবে ॥ ৩০ ॥

আভাস।

কিন্তু সেই সত্যও ঈষৎ মিথ্যা ব্যতীত প্রতিপালন করা যায় না। কখন সত্যকে রক্ষা করিতে মিথ্যার আশ্রয় লইতেও হয়। অবশ্য বৃক্ষজীবনের যেমন পুষ্প এবং ফল প্রসব করাই প্রধান উদ্দেশ্য; ফল কুসুম উৎপাদন করিলেই বৃক্ষজীবন সফল হইল, স্বীকার করা হয়; সেইরূপ এই দেহ ধারণের ফল এবং কুসুম স্থানীয়ই সত্য। সত্য প্রতিপালন করিতে না পারিলে, জীবন নিরর্থক বলিয়া স্বীকার্য্য। কিন্তু বৃক্ষ রসাদিতে পুষ্ট না হইলে, মরিয়া যায়; ফল কুসুম আর প্রসব করা তাহার হয় না; সেইরূপ এই জীবের দেহ মূল অজ্ঞানস্বরূপ অনৃতের দ্বারা যখন উৎপন্ন এবং পুষ্টিলাভ করে, তখন অনৃত স্বরূপ মায়ায় রচিত, মায়াবন্ধনে রক্ষিত এবং মায়ার রসে পুষ্ট এই দেহকে যদি অনৃত হইতে সম্পূর্ণ বিশ্লিষ্ট করা হয়, তাহা হইলে, উৎপাটিত-মূল বৃক্ষের ন্যায়, এই দেহ অকালে বিনষ্ট হইবে; সত্যস্বরূপ সুপুষ্প বা সুফল কিছুতেই সে প্রসব করিতে পারিবে না। অতএব বলিরাজ যদি সত্য প্রতিপালনের

তদ্‌যথা বৃক্ষ উন্মূলঃ শুষ্যত্যুদ্বর্ত্ততেঽচিরাৎ।
এবং নষ্টানৃতঃ সদ্য আত্মা শুষ্যেন্ন সংশয়ঃ। ৩১॥

অন্বয়ঃ।

তৎ তত্র যথা উৎপাটিতমূলঃ বৃক্ষঃ শুষ্যতি অচিরাৎ এব উদ্বর্ত্ততে পততি চ এবং এব নষ্টং অনৃতং যস্য সঃ আত্মা দেহঃ (সর্ব্বস্বদানাৎ) সদ্যঃ এব শুষ্যেৎ ; অত্র সংশয়ঃ নাস্তি ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি তদ্‌যথা বৃক্ষ উৎপাটিতমূলঃ শুষ্যতি অচিরাদেবোদ্বর্ত্ততে পততিচ এবং নষ্টমনৃতং যস্য স আত্মা দেহঃ শুষ্যেৎ। যদ্যপিচ শ্রুত্যা এবমেবানৃতং বদন্ আত্মানমাবির্মূলং করোতীত্যেবং নিন্দয়াঽনৃতং নিষিদ্ধং তথাপ্যুপসংহারানুসারেণ তৎ কেবলানৃতবিষয়মিত্যভিপ্রেত্যেবং ব্যাখ্যাতং। দয়েতত্বে তেনেতিচ তয়ৈবোক্তং। তথাচ শ্রুতিঃ ; ওমিতি সত্যং নেত্যনৃতং তদেতৎ পুষ্পং ফলং বাচো যৎ সত্যং স হেশ্বরো যশস্বী কল্যাণকীর্ত্তি র্ভবিতা পুষ্পং ফলং বাচঃ সত্যং বদতি তথৈতন্মূলং বাচো যদনৃতং তদ্‌যথা বৃক্ষ আবির্মূলঃ শুষ্যতি স উদ্বর্ত্ততে এবমেবানৃতং বদন্নাবির্মূলমাত্মানং করোতি স শুষ্যতি স উদ্বর্ত্ততে তস্মাদনৃতং ন বদেৎ দয়েতত্বে তেনেতি। এতেন অনেনত্তু অনৃতেন দয়েত। সঙ্কটে আত্মানং রক্ষেদিতি শ্রুত্যর্থঃ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাদ্‌যথা বৃক্ষ উৎপাটিতমূলঃ শুষ্যতি। অচিরাদুদ্বর্ত্ততে বর্ত্তনাদুদ্‌গচ্ছতি নষ্টোভবতিচ। এবমেব নষ্টানৃতঃ সর্ব্বথৈব অনৃতরহিতো দেহঃ শুষ্যেদিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। ওমিতি সত্যং নেত্যনৃতং তদেতৎ পুষ্পং ফলং বাচো যৎ সত্যং সহেশ্বরো যশস্বী কল্যাণকীর্ত্তি র্ভবিতা। পুষ্পং হি ফলং বাচঃ সত্যং বদত্যথৈতন্মূলং বাচো যদনৃতং তদ্‌যথা বৃক্ষ আবির্মূলঃ শুষ্যতি স উদ্বর্ত্তত এবমেবানৃতং বদন্নাবির্মূলমাত্মানং করোতি স শুষ্যতি স উদ্বর্ত্ততে তস্মাদনৃতং ন বদেদ্দয়েতত্বে তেনেতি। বাচ ইতি বাগুপলক্ষিতস্য দেহস্যেত্যর্থঃ। অনৃতং বদন্নিতি প্রকটীকৃত্যেতি শেষঃ। মূলং যথা আবিষ্কৃতমেব শুষ্যতি নতু গুপ্তং। তস্মাদিতি তস্মাদ্ধেতোরপি অনৃতং ন বদেৎ কিন্তু দয়েতত্বে তেনেতি। এতেন অনেন তু অনৃতেন দয়েত সঙ্কটেষ্বাত্মানং রক্ষেদিতি শ্রুত্যর্থঃ॥ ৩১ ॥

বৃক্ষের মূলদেশ উৎপাটিত হইলে, বৃক্ষ শুষ্ক হইয়া অচিরকাল মধ্যে ভূমে নিপতিত হয়, সেইরূপ দেহধারীর আশ্রয় অনৃত যদি সম্পূর্ণ বিলুপ্ত হয়, তাহা হইলে তাহাকে যে অচিরে অবসন্ন হইতে হয়, তাহাতে আর সন্দেহ নাই। তুমি কিন্তু আবার সর্ব্বস্ব দানে প্রবৃত্ত হইলে, সদ্যই অবসন্ন হইবে, সন্দেহ নাই ॥৩১

আভাস।

উপলক্ষে সর্ব্বস্ব বিষ্ণুকে দান করত নিজে দুর্ব্বল এবং সারশূন্য ক্ষীণ হইয়া পড়েন, তবে সত্যস্বরূপ পরমার্থ প্রসবে কি প্রকারে তিনি সমর্থ হইবেন ? ॥ ৩০ ॥ ৩১ ॥

পরাগ্রিক্তমপূর্ণম্বা অক্ষরং যত্তদোমিতি।
তদ্যৎ কিঞ্চোমিতি ব্রূয়াত্তেন রিচ্যেত বৈ পুমান্ ॥ ৩২ ॥
ভিক্ষবে সর্ব্বমোঙ্কুর্ব্বন্নালং কামেন চাত্মনে।

অন্বয়ঃ।

ওঁ দাস্যামি ইত্যঙ্গীকারার্থকং যৎ অক্ষরং তৎ পরাক্ রিক্তং অর্থশূন্যং, অপূর্ণং বা। অর্থিনে যদা যৎকিঞ্চিৎ অপি ওম্ ইতি দাস্যামি ইতি পুমান্ ব্রূয়াৎ তদা তেন অর্থেন রিচ্যেত শূন্যঃ রহিতঃ বৈ নিশ্চিতং ভবেৎ ॥ ৩২ ॥

কিঞ্চ ভিক্ষবে সর্ব্বং ওঙ্কুর্ব্বন্ দাস্যামি ইত্যঙ্গীকুর্ব্বন্ আত্মনে স্বস্মৈ কামেন ভোগেন

শ্রীধরস্বামী।

সর্ব্বথা সত্যবচনে দেহো ন নির্ব্বহেদিতি স্ফুটীকর্ত্তুং সত্যস্য দোষান্ অনৃতস্য গুণানাহ পরাগিতি দ্বাভ্যাং। যদোমিত্যক্ষরং তৎপরা দূরেঽর্থং গৃহীত্বা অঞ্চতি পরাক্ রিক্তমিতি শ্রুতিপদস্য ব্যাখ্যানং অপূর্ণং বেতি। তত্তস্মাদর্থিনে যৎ কিঞ্চিদোমিতি দাস্যামীতি ব্রূয়াৎ তেন রিচ্যেত ন্যূনো ভবেৎ ॥ ৩২ ॥

কিঞ্চ ভিক্ষবে সর্ব্বমোঙ্কুর্ব্বন্ দাস্যামীত্যঙ্গীকুর্ব্বন্ আত্মনে কামেনালং পর্য্যাপ্তো ন ভবতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বথা সত্যবচনে দেহো ন নির্ব্বহেদিতি স্ফুটীকর্ত্তুং সত্যস্য দোষান্ অনৃতস্য গুণানাহ পরাগিতি দ্বাভ্যাং। যদোমিত্যক্ষরং তৎপরা দূরে অর্থং গ্রহীত্বা অঞ্চতীতি পরাক্ রিক্তমিতি শ্রুতিপদস্য ব্যাখ্যানং অপূর্ণং বৈ ইতি। তত্তস্মাদর্থিনে যৎকিঞ্চিদোমিতি দাস্যামীতি ব্রূয়াত্তেনৈব রিচ্যেত নতু সর্ব্বেণৈব বিত্তেন ন্যূনো ভবতি ॥ ৩২ ॥

ভিক্ষবে সর্ব্বমোংকুর্ব্বন্ দাস্যামীত্যঙ্গীকুর্ব্বন্ আত্মনে আত্মার্থং কামেন ভোগেন নালং ন পর্য্যাপ্তো ভবতি। তস্য ভোগো ন সিদ্ধ্যতীত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ পরাঞ্চ এতদ্রিক্তমক্ষরং

আমি প্রদান করিব বলিয়া যে হাঁ শব্দটী প্রয়োগ করা হয়, তাহাতে প্রয়োগকারীকে তাহার ধনাদি হইতে দূরে লইয়া যাওয়া হয়; তাহাকে শূন্য-হৃদয় করিয়া ফেলে এবং যেন সকল বিষয়ে উক্ত ব্যক্তিকে অপূর্ণ করিয়া লয়। অর্থাৎ যে কিছু ধনকে দিবার জন্য হাঁ শব্দ প্রয়োগ করা হয়, সেই ধনেইত তাহাকে বঞ্চিত হইতে হইবে, সন্দেহ নাই ॥ ৩২ ॥

ভিক্ষুককে যে যে প্রকারে হাঁ করা হইবে, সেই সেই প্রকারে আপনাকে

আভাস।

সর্ব্বথা সত্য কথনে দেহযাত্রা যে নির্ব্বাহ হইতে পারে না, তাহারই প্রতিপাদনার্থ সত্যের দোষ এবং মিথ্যার গুণ এই শ্লোকে প্রতিপন্ন করা হইয়াছে। দিব বলিয়া সত্যের-প্রতিপালন যদি সর্ব্বদা করা হয়, তাহা হইলে আপনাকে নিজের জীবিকা হইতে প্রতিপদে বঞ্চিত করা হয়। যাচকের সংখ্যা এবং তাহাদের আশার সীমা নাই; দাতার কিন্তু সংখ্যা

অথৈতৎ পূর্ণমভ্যাত্মং যচ্চ নেত্যনৃতং বচঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

অলং পর্য্যাপ্তঃ ন ভবতি। অথ তস্মাৎ যৎ ন ইত্যনৃতং বচঃ তৎ এতৎ (অর্থব্যয়াভাবাৎ) অভ্যাত্মং (আত্মনোঽভিমুখং অন্যস্য অর্থং আকর্ষতি ইতি অভ্যাত্মং) চ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তস্য ভোগো ন সিদ্ধ্যতীত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ পরাঞ্চা এতদ্রিক্তমঙ্করং যদেতদোমিতি যদ্বৎ কিঞ্চোমিত্যাহ অত্রৈবাস্যৈতদ্রিচ্যতে স যৎ সর্ব্বমোকুর্য্যাৎ রিচ্যাদাত্মানং সকামেভ্যো নালং স্যাদিতি। নেতি যদনৃতং বচ এতৎ পূর্ণং অর্থব্যয়াভাবাৎ অভ্যাত্মঞ্চেতি চকারাদ্বয়ঃ। আত্মনোঽভিমুখমন্যস্যার্থমাকর্ষতীত্যভ্যাত্মং। যোহি নিত্যং মম কিঞ্চিদপি নাস্তি সীদামিতি ব্রুতে সহি তেনানৃতেন পরেষামর্থানাকর্ষতীতি প্রসিদ্ধং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদেতদোমিতি তদ্বৎ কিঞ্চিদোমিত্যাহাত্রৈবাস্মৈ তদ্রিচ্যতে। স যৎ সর্ব্বমোৎকুর্য্যাৎ রিচ্যাদাত্মানং সকামেভ্যো নালং স্যাদিতি। নেতি যদনৃতং বচঃ এতৎ পূর্ণং অর্থব্যয়াভাবাৎ। অভ্যাত্মং চ আত্মনোঽভিমুখমন্যস্যার্থং আনয়তীত্যভ্যাত্মং যোহি নিত্যং মম কিঞ্চিদপি নাস্তি সীদামীতি ব্রুতে সহি তেনানৃতেন পরেষামর্থানাকর্ষতীতি প্রসিদ্ধং ॥ ৩৩ ॥

সেই সেই ভোগে এবং আশায় বঞ্চিত করা হইয়া থাকে এবং যে যে দ্রব্যের জন্য "না" শব্দ প্রয়োগ করা হয়, সেই সেই ধনের অবিনাশ নিবন্ধন মানব পূর্ণ থাকে। অতএব অনৃতস্বরূপ না-শব্দে মানবকে পুষ্ট করে; বরং অন্যের ধন-পর্য্যন্ত তাহার অভিমুখে আকর্ষণ করে; এবং হাঁ শব্দে ক্লেশ-সঞ্চিত বিত্তকে অন্যের আয়ত্তাধীন করিয়া, দাতাকে ক্ষীণ করিয়া ফেলে ॥ ৩৩ ॥

আভাস।

এবং তাহার বিত্তের পরিমাণ সীমাবদ্ধ। এরূপ স্থলে নিয়ত সত্যের প্রতিপালনে যে ব্যক্তি নিরন্তর নিজের অবসন্ন দশা এবং ক্ষয়কে আবাহন করেন, তিনি বরং এরূপ সত্যের প্রতিপালনে পরম সত্যের লাভে বঞ্চিতই হন, সন্দেহ নাই। কিন্তু আপাতত সত্যের প্রতি মনোযোগী না হইয়া, যাহারা আত্মরক্ষার্থ প্রত্যাখ্যানরূপ মিথ্যাকে আশ্রয় করে, তাঁহারাই পরিণামে প্রকৃত পরমার্থ সত্য লাভে কৃতার্থ হন; সন্দেহ নাই। দেহের অভাব পূরণ না করিয়া, কেবল সত্যের আশ্রয়ে যাহারা দেহের ভোগ নষ্ট করে এবং বিচিত্র অভাবের সৃজন করে, তাহারা পরিণামে প্রকৃত সত্যে বঞ্চিত হয়, সন্দেহ নাই। তবে সকল বিষয়েরই সামঞ্জস্য করা বিধেয়; প্রয়োজন মত সত্য প্রতিপালনার্থ দান করিবে এবং প্রয়োজন মত সত্যকে দূরে নিক্ষেপ করত, মিথ্যাকে মস্তকে ধারণ করিবে ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

মিথ্যা স্বর্গকে নিকটবর্ত্তী করায় এবং সত্য নরকের দ্বারকে উন্মোচিত করে, এরূপ স্থলও যথেষ্ট আছে। কোন কামিনী সতীত্ব রক্ষার জন্য বা প্রাণ-ভয়ে ভীত হইয়া, পলায়ন

সর্ব্বং নেত্যনৃতং ব্রূয়াদ্‌যঃ স দুষ্কীর্ত্তিঃ শ্বসন্মৃতঃ ॥ ৩৪ ॥
স্ত্রীষু নর্ম্ম বিবাহেচ বিত্তার্থে প্রাণসঙ্কটে।

অন্বয়ঃ।

যঃ সর্ব্বং ন কিঞ্চিদপি দাস্যামি ইতি অনৃতং ব্রূয়াৎ সঃ দুষ্কীর্ত্তিঃ (দুষ্টা কীর্ত্তিঃ যস্য সঃ) তাদৃশঃ জনঃ শ্বসন্ জীবন্ অপি মৃতঃ এব (তস্মাৎ কদাচিৎ দেয়ং কদাচিৎ ন দেয়ং সর্ব্বস্বং তু নৈব দেয়ং ইতি সিদ্ধং) ॥ ৩৪ ॥

স্ত্রিয়ু (প্রোৎসোহনেন বশীকারার্থং) নর্ম্মণি পরিহাসে, বিবাহে বরাদিস্তুতৌ, বিত্তার্থে

শ্রীধরস্বামী।

নন্বু তর্হি ইদমনৃতং অমৃতবৎ সর্ব্বদা সেব্যং স্যাদিত্যত্রাহ সর্ব্বমিতি। তথাচ শ্রুতিঃ অথৈতৎ পূর্ণমভ্যাত্মং যন্নেতি যৎ সর্ব্বং নেতি ব্রূয়াৎ পাপিকাস্য কীর্ত্তি র্জায়েত সৈনং তত্রৈব হন্যাদিতি ॥ ৩৪ ॥

অতো বৃত্তিসঙ্কটাদিষু অনৃতং ন দোষায়েত্যুপসংহরতি স্ত্রীষু প্রোৎসাহনেন বশীকারে। নর্ম্মণি পরিহাসে। বিবাহেচ বরাদিস্তুতৌ। গবাং ব্রাহ্মণানাঞ্চ হিতার্থং। হিংসায়াঞ্চ কস্যচিৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু তর্হীদমনৃতমিবাতীশয়েন সেব্যমস্তু নেত্যাহ সর্ব্বমিতি তথাচ শ্রুতিঃ। তথৈতৎ পূর্ণমভ্যাত্মং যন্নেতি স যৎ সর্ব্বং নেতি ব্রূয়াৎ পাপিকাস্য কীর্ত্তি র্জায়েত। সৈনং তত্রৈক হন্যাদিতি ॥ ৩৪ ॥

অতো বৃত্তিসঙ্কটাদিষ্বনৃতং ন দোষায়েত্যুপসংহরতি। স্ত্রীষু প্রোৎসাহনেন বশীকারে নর্ম্মণি যত্র ক্বাপি পরীহাসে। বিবাহে বরাদিস্তুতৌ। গবাং ব্রাহ্মণানাঞ্চ হিতার্থে হিংসায়াং

কিন্তু যে ব্যক্তি দিব বলিয়া, কখনই কাহাকে কিছু দেয় না এবং হাঁ বলিয়া সর্ব্বদা না করে, সে ব্যক্তি অবশ্য দুষ্কীর্ত্তিভাগী; তাহার জীবন ধারণ করা মরণেরই সমতুল্য। অতএব কখন হাঁ বলিয়া দিবার অঙ্গীকারে বিবেচনা পূর্ব্বক দিবে কখনও বা তাহা না বলিয়া, প্রত্যাখ্যান করিবে। কিন্তু সর্ব্বস্ব দান কখনই প্রশস্ত নহে ॥ ৩৪ ॥

অনৃত-কথনেরও প্রশংসা আছে; যথা, পত্নীকে বশীভূত রাখিবার নিমিত্ত মিথ্যা উৎসাহ বাক্য প্রয়োগ করা বিধেয়। পরিহাস স্থলে, বিবাহ-ক্ষেত্রে বরকে তুষ্ট করিবার জন্য, নিজের জীবিকা-সঞ্চয়ার্থ, প্রাণ-সঙ্কট কালে আত্ম-

আভাস।

করিয়াছে; এমন সময়ে যদি কেহ সত্য-রক্ষার অনুরোধে তাহার পলায়নের স্থানটী তদীয় জিজ্ঞাসু শত্রুর সমীপে ব্যক্ত করে এবং তদুপলক্ষে কামিনীর জীবননাশ বা সতীত্বনাশ ঘটে, তখন সত্যভাষণ-জনিত অপরাধে উক্ত ব্যক্তির ভীষণ নরক-দ্বার কি নিশ্চয় উন্মোচিত হইবে না? এবং যদি কেহ কেবল মিথ্যার সাহায্যে গোপন করত কামিনীর প্রাণ ও সতীত্বের রক্ষা করে, তাহা হইলে, সেই মিথ্যা কি তাহার সতীত্ব রক্ষা এবং জীবন-দানরূপ পুণ্যের প্রকটনে

গো ব্রাহ্মণার্থে হিংসায়াং নানৃতং স্যাজ্জুগুপ্সিতং ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মষ্টমস্কন্ধে বামনচরিতে একোনবিংশোঽধ্যায়ঃ ॥ * ১৯ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

বলিরেবং গৃহপতিঃ কুলাচার্য্যেণ ভাষিতঃ।

অন্বয়ঃ।

জীবিকার্থে, স্বস্য প্রাণসংকটে (তৎপরিহারার্থং) গবাং ব্রাহ্মণানাং চ হিতার্থে, হিংসায়াং (স্বস্য কস্যচিদপি প্রাপ্তায়াং) চ অনৃতং মিথ্যাভাষণং, জুগুপ্সিতং নিন্দিতং, ন স্যাৎ ॥ ৩৫ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

প্রাপ্তায়াং। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। বর্ণিনাং হি বধো যত্র তত্র সাক্ষ্যনৃতং বদেৎ। তথাচ শ্রুতিঃ। তস্মাৎ কালএব দদ্যাৎ কালে ন দদ্যাৎ তৎ সত্যানৃতে মিথুনী করোতি ॥ ৩৫ ॥

॥ * ॥ ইত্যষ্টমে একোনবিংশঃ ॥ * ॥

বিংশেঽনৃতভীতোঽসৌ জ্ঞাত্বাপি কপটং হরেঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কস্যচিৎ প্রাপ্তায়াং। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। বর্ণিনাং হি বধো যত্র তত্র সাক্ষ্যনৃতং বদেদিতি। তথাচ শ্রুতিঃ তস্মাৎ কাল এব দদ্যাৎ তৎ সত্যানৃতে মিথুনীকরোতীতি ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ঊনবিংশোঽষ্টমেঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

রক্ষার নিমিত্ত, গাভী ও ব্রাহ্মণের উপকারার্থ এবং কোনরূপ হিংসা ব্যাপারের প্রতিকারার্থ অনৃত প্রয়োগে কখন নিন্দার কারণ হয় না; বরং তাহাতে প্রশংসা লাভই হইয়া থাকে ॥ ৩৫ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ঊনবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

স্বর্গদ্বার উন্মোচিত করিবে না? অতএব সত্য সকল সময়ে সত্য নহে এবং মিথ্যাও সকল সময়ে মিথ্যা নহে। প্রয়োজন মত সত্য মিথ্যার ফল এবং মিথ্যা সত্যের ফল প্রদান করিয়া থাকে। এবং যে যে স্থলে মিথ্যা সত্যের কার্য্য করে, তাহা এই শ্লোকে বর্ণিত হইল। অতএব তাদৃশ প্রাণসঙ্কট কাল উপস্থিত হওয়ায়, বিত্তরক্ষার্থ বলিরাজের পক্ষে বামনদেবকে প্রত্যাখ্যান করা যে অবশ্য কর্ত্তব্য, ইহাই শুক্রাচার্য্যের নীতির সার মর্ম্ম ॥ ৩৫ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ঊনবিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

বিংশতি অধ্যায়ে ভগবানের কপটভাব জানিতে পারিয়াও, অনৃত-ভয়ে বলি কর্ত্তৃক প্রতিশ্রুত দান, তদনন্তর অদ্ভুত রূপে বামনের দেহবৃদ্ধি ॥

তূষ্ণীং ভূত্বা ক্ষণং রাজন্ বাচাবহিতো গুরুং ॥ ১ ॥
বলিরুবাচ ॥
সত্যং ভগবতা প্রোক্তং ধর্ম্মোঽয়ং গৃহমেধিনাং।
অর্থং কামং যশো বৃত্তিং যো ন বাধেত কর্হিচিৎ ॥ ২ ॥
স চাহং বিত্তলোভেন প্রত্যাচক্ষে কথং দ্বিজং।
প্রতিশ্রুত্য দদামীতি প্রাহ্লাদিঃ কিতবো যথা ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! কুলাচার্য্যেণ শুক্রেণ এবং ভাষিতঃ উক্তঃ গৃহপতিঃ যজমানঃ বলিঃ, ক্ষণং তূষ্ণীং অবহিতঃ বিচারপরঃ, ভূত্বা তং গুরুং উবাচ ॥ ১ ॥

বলিঃ উবাচ। কর্হিচিৎ অপি যঃ অর্থং কামং যশঃ বৃত্তিং ন বাধেত সঃ অয়ং গৃহমেধিনাং ধর্ম্মঃ ইতি ভগবতা ত্বয়া সত্যং এব প্রোক্তং ॥ ২ ॥

সঃ চ প্রাহ্লাদিঃ প্রহ্লাদপৌত্রঃ অহং দদামি ইতি প্রতিশ্রুত্য বৃত্তিলোভেন কিতবঃ বঞ্চকঃ, যথা ইব, দ্বিজং কথং প্রত্যাচক্ষে ॥

শ্রীধরস্বামী।

দদাবেব ততো বিষ্ণুঃ সহসা বর্দ্ধতাদ্ভুতং ॥ ১ ॥

ভগবতা ত্বয়া প্রোক্তং সত্যং কিন্তু যোঽর্থকামাদিকং ন বাধেত স গৃহমেধিনাং ধর্ম্ম ইতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিংশে জ্ঞাত্বার্থিনং বিষ্ণুমবজ্ঞায় গুরোর্ব্বচঃ।
দদৌ হর্ষাদ্বলিঃ সোঽপি প্রাপ্ত্যা হর্ষাদিরৈধত ॥

ক্ষণং তূষ্ণীমিতি ভগবদিচ্ছা প্রাতিকূল্যে কুতো গুরোর্গুরুত্বমতোঽস্যাজ্ঞালঙ্ঘনে ন দোষ ইতি নিশ্চিকায়েতি ভাবঃ ॥ ১ ॥

অর্থাদিকং ন বাধেতেতি তেন বিপ্রস্যৈতাদৃশ-প্রলম্ভনাদ্ধর্ম্মং বাধেতৈব। ভক্তিং তু ভজনীয়স্য ভগবতো জ্ঞাতস্যাপি প্রলম্ভনাদ্বাধেততমামিতি ভাবঃ ॥ ২ ॥

প্রাহ্লাদিরিতি প্রহ্লাদপৌত্রস্য মম ভগবদানুকূল্যমেব স্বধর্ম্ম ইতি গূঢ়োঽভিপ্রায়ঃ।

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! কুলগুরু শুক্রাচার্য্য কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, দৈত্যপতি বলি ক্ষণকাল নীরবে অবস্থান করিলেন; পরে মনে মনে বিচার করত, আচার্য্যকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১ ॥

বলিরাজ বলিলেন, হে ভগবন্! অর্থ, ভোগ, যশ এবং জীবিকার কোনরূপ ব্যাঘাত যাহাতে না ঘটে, এইরূপ কার্য্য করাই গৃহস্থের প্রধান ধর্ম্ম বলিয়া আপনি যে নির্দ্দেশ করিলেন, তাহা অতীব যুক্তিযুক্ত এবং ন্যায্য কথা, সন্দেহ নাই ॥ ২ ॥

নহ্যসত্যাৎ পরোঽধর্ম্ম ইতি হোবাচ ভূরিয়ং।
সর্ব্বং বোঢ়ুমলং মন্যে ঋতেঽলীকপরং নরং ॥ ৩ ॥
নাহং বিভেমি নিরয়ান্নাধন্যাদসুখার্ণবাৎ।
ন স্থান-চ্যবনান্মৃত্যো র্যথা বিপ্রপ্রলোভনাৎ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অসত্যাৎ অমৃতভাষণাৎ পরঃ উৎকটঃ অন্যঃ অধর্ম্মঃ হি নাস্তি অতঃ অলীকপরং অমৃতভাষিণং, নরং ঋতে বিনা, সর্ব্বং (মেরুমন্দরাদিকং অপি) বোঢ়ুং ধর্ত্তুং অলং সমর্থং আত্মানং মন্যে ইতি ইয়ং ভূঃ ধরিত্রী হ নিশ্চিতং উবাচ ॥ ৩ ॥

বিপ্রপ্রলোভনাৎ (অমৃতভাষণেন বিপ্রবঞ্চনাৎ) যথা বিভেমি তথা নিরয়াৎ নরকাৎ, অধন্যাৎ দারিদ্র্যাৎ, অসুখার্ণবাৎ দুঃখসমুদ্রাৎ, স্থানচ্যবনাৎ স্থানভ্রষ্টাৎ, তথা মৃত্যোঃ সকাশাৎ অপি ন বিভেমি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কথং প্রত্যাচক্ষে নিরাকরোমি ॥ ৩ ॥
নন্বু অপ্রত্যাখ্যানে দোষা উক্তা স্তত্রাহ নাহমিতি। অধন্যাৎ দারিদ্র্যাৎ মৃত্যোরপি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন প্রহ্লাদেনাস্যান্তঃকরণে কৃপয়া ভক্তিবীজং পূর্ব্বমুপ্তমেব। সম্প্রতিতু শ্রীবামনদেব-কৃপয়া প্রাপ্তেন প্রেম্না সিক্ত এবাভূৎ। যদুক্তং। কৃপাসিদ্ধা যজ্ঞপত্নী বৈরোচনি শুকাদয় ইতি ॥ ৩ ॥
অধন্যাৎ দারিদ্র্যাৎ ॥ ৪ ॥

কিন্তু আমি তাদৃশ সুপ্রসিদ্ধ কুলে সাক্ষাৎ প্রহ্লাদের পৌত্র হইয়া জন্ম গ্রহণ করত, ব্রাহ্মণকে ত্রিপাদ ভূমি দিব বলিয়া স্বীকার যখন করিয়াছি, এক্ষণে কেবল জীবিকা বা সম্পত্তির লোভে সাধারণ প্রবঞ্চকের ন্যায়, আবার দিব না বলিয়া, ব্রাহ্মণকে কি প্রকারে প্রত্যাখ্যান করিব ?॥

অমৃতভাষণের অপেক্ষা গুরুতর অধর্ম্ম আর অন্য কিছুই নাই ; এতদর্থে স্বয়ং এই ধরিত্রীই বলিয়াছেন যে, মেরু মন্দরাচল প্রভৃতি যাবতীয় গুরুভার পদার্থকে আমি অনায়াসে বক্ষে ধারণ করিতে পারি, কিন্তু অমৃতভাষী প্রবঞ্চক ব্যক্তির ভার আমার পক্ষে একান্ত অসহনীয় ॥ ৩ ॥

হে গুরো ! অনৃত-কথনের দ্বার একজন ব্রাহ্মণকে বঞ্চনা করিবার পাপকে আমি যেরূপ ভয় করি, এরূপ ভয় আমার আর কিছুতেই হয় না। অধিক কি ! আমাকে যদি নরকে নিপাতিত হইতে হয় এবং রাজ্যচ্যুত হইয়া নিতান্ত দরিদ্রের ন্যায় অনন্ত দুঃখ-সাগরে নিপতিত হইয়া যদি মৃত্যুর করাল গ্রাসেও পতিত হইতে হয়, তাহাতেও আমার ক্ষোভ বা ভীতি জন্মে না ; ব্রাহ্মণ-বঞ্চনাতে তদপেক্ষা আমি অধিক ভীত হই ! ॥ ৪ ॥

যদ্‌যদ্ধাস্যতি লোকে ঽস্মিন্ সংপরেতং ধনাদিকং।
তস্য ত্যাগে নিমিত্তং কিং বিপ্রস্তুষ্যেন্ন তেন চেৎ ॥ ৫ ॥
শ্রেয়ঃ কুর্ব্বন্তি ভূতানাং সাধবো দুস্ত্যজাসুভিঃ।
দধ্যঙ্ শিবিপ্রভৃতয়ঃ কো বিকল্পো ধরাদিষু ॥ ৬ ॥

অন্বয়ঃ।

কিঞ্চ যৎ যৎ ধনাদিকং (ধরাদিকং) তৎসর্ব্বং সংপরেতং মৃতং পুরুষং অস্মিন্ এব লোকে হাস্যতি ত্যক্ষ্যতি; (অতঃ যেন দত্তেন অর্থেন চেৎ যদি বিপ্রঃ ন তুষ্যেৎ তর্হি তস্য অর্থস্য ত্যাগে দানে কিং নিমিত্তং কিং ফলং? ॥ ৫ ॥

সাধবঃ পরহিতে রতাঃ দধ্যঙ্ শিবিপ্রভৃতয়ঃ দুস্ত্যজৈঃ অসুভিঃ প্রাণৈঃ, অপি ভূতানাং শ্রেয়ঃ উপকারং, যদি কুর্ব্বন্তি তদা ধরাদিষু মমতাস্পদেষু কঃ বিকল্পঃ তেষাং দানে কঃ বিচারঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ যদ্‌যদ্ধরাদিকং তত্তৎ সর্ব্বং সংপরেতং পুরুষং হাস্যতি ত্যক্ষ্যত্যেব তৎ কিমিতি জীবতৈব স্বয়ং ন দেয়মিতি ভাবঃ। তথাপি তাবদ্বৃত্তি-সঙ্কট-পরিহারার্থমর্দ্ধং দীয়তামিতি চেত্তত্রাহ তস্যেতি। বিপ্রশ্চেত্তেনার্থেন দত্তেনাপি ন তুষ্যেৎ তর্হি তস্যার্থস্য ত্যাগে দানে কিং নিমিত্তং ন কিঞ্চিৎ যাচিতাদল্পস্য দানে বিপ্রস্যাসন্তোষাদ্দানং ব্যর্থমেব স্যাৎ অতস্তদ্-যাচিতং সর্ব্বং দেয়ং ন কিঞ্চিদিতি ভাবঃ ॥ ৫ ॥

তর্হি ন দেয়মেবেতি চেত্তত্রাহ শ্রেয় ইতি। দুস্ত্যজৈরসুভিরপি কো বিকল্পো বিচারঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্‌যদ্ধনাদিকং কর্ত্তৃ সংপরেতং মৃতং হাস্যতি ত্যক্ষ্যত্যেব তেন ত্বদাজ্ঞয়া কিঞ্চিন্মাত্রেণ দত্তেন বিপ্রশ্চেন্ন তুষ্যতি তর্হি তস্য তাবন্মাত্রস্য ত্যাগে কিং নিমিত্তং কিং ফলং। অতঃ সর্ব্বমেব বিত্তমেতৎ প্রীত্যর্থং ময়া দাস্যত এবেতি ভাবঃ। অত্র স্বেষ্টদেবং বিষ্ণুং জ্ঞাত্বাপি প্রবুদ্ধ-ভক্ত্যুত্থ-সংভ্রম-প্রণতিস্তুত্যাদ্যকরণং শুক্রাচার্য্যস্যাসুরাণাঞ্চ দুঃখাভাবার্থমেব জ্ঞেয়ং। অতএব বিপ্রশব্দ-প্রয়োগো ভাবগোপনার্থ এব জ্ঞেয়ঃ ॥ ৫ ॥

ত্বং সর্ব্বস্বমেব দিৎসসীত্যত্রার্থে পূর্ব্বাচারঃ প্রদর্শতামিতি চেত্তত্রাহ শ্রেয় ইতি। ভূতানা-মপি শ্রেয়ঃ। কিমুত স্বগৃহমাগতস্য বিষ্ণোঃ। অসুভি রহন্তাস্পদৈরপি। ধরাদিষু মমতা-

---

দেখুন! ধনৈশ্বর্য্য বিষয় বৈভব লোকের যাহার কিছু থাকুক্ না, সে সমস্ত এই জীবনেই মৃত প্রভুকে পরিত্যাগ করিয়া থাকে। অতএব যখন তাঁহারা আপনা হইতেই কোন সময়ে পরিত্যাগ করিবে, তখন প্রতিজ্ঞাপালনে সত্য রক্ষার্থ তাহা পরিত্যাগ করাই সর্ব্বতোভাবে শ্রেয়ঃ। বিশেষত সত্যকে পূর্ণাংশে প্রতিপালন করাই বিধেয়; কারণ কিয়ৎ পরিমাণে প্রতিপালন করত, যদি অংশত প্রতিপালন করা না হয়, তাহা হইলেও নিরর্থক ॥ ৫ ॥

অহো! দধ্যঞ্চ এবং শিবি প্রভৃতি সাধু ব্যক্তিগণ যখন দুস্ত্যজ প্রাণ দিয়া

যৈরিয়ং বুভুজে ব্রহ্মন্ দৈত্যেন্দ্রৈরনিবৃত্তিভিঃ।
তেষাং কালোঽগ্রসীল্লোকান্ন যশোঽধিগতং ভুবি॥ ৭॥
সুলভা যুধি বিপ্রর্ষে হ্যনিবৃত্তা স্তনুত্যজঃ।

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! যুদ্ধেষু অনিবৃত্তিভিঃ যৈঃ দৈত্যেন্দ্রৈঃ ইয়ং ভূঃ ভূমিঃ, বুভুজে উপভুক্তা, তেষাং লোকান্ ভোগান্ কালঃ অগ্রসীৎ বিনাশিতবান্; কিন্তু ভুবি অধিগতং প্রাপ্তং যশঃ সৎকীর্ত্তিং তু ন অগ্রসীৎ॥ ৭॥

হে বিপ্রর্ষে! যুধি অনিবৃত্তাঃ সন্তঃ যে তনুং দেহং, ত্যজন্তি ইতি তাদৃশাঃ হি লোকে

শ্রীধরস্বামী।

যৈ র্দৈত্যেন্দ্রৈ র্যুদ্ধেঽনিবৃত্তিভিঃ ইয়ং ভূ র্বুভুজে উপভুক্তা তেষামিহলোকান্ পরলোকাংশ্চ ভোগানিতি বা কালোঽগ্রসীৎ সংহৃতবান্। নতু ভুবি তৈরধিগতং প্রাপ্তং যশোঽগ্রসীৎ কীর্ত্তিরেব সাধ্যা নান্যদিতি ভাবঃ॥ ৭॥

দেহত্যাগাদপি ধনত্যাগে কীর্ত্তি র্ভবতীত্যাহ সুলভা ইতি। তনুং ত্যজন্তীতি ন তথা তীর্থে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পদেষু কো বিকল্পো দাস্যে ন বা দাস্যে ইত্যাদ্যাত্মকঃ। অপিতু নৈব বিকল্পঃ কিন্তু দাস্যামেবেতি নিশ্চয় এবেতি ভাবঃ॥ ৬॥

স্বকৃত্যাদিকমনপেক্ষ্য নশ্বর-ভোগার্থমেব ন দাতব্যমিতি মতন্তু নাস্মাকমভিমতমিত্যাহ যৈরিতি যুদ্ধেঽনিবৃত্তিভিঃ। ইয়ং ভূঃ তেষাং লোকান্ ঐহিকান্ পারত্রিকাংশ্চ কালোঽগ্রসীৎ নাশয়াঞ্চকার। লোকান্ লোকোত্থভোগানিতি বা। নতু ভুবি তৈরধিগতং প্রাপ্তং যশোঽগ্রসীৎ। অতঃ কীর্ত্তিরেব সাধ্যা নান্যদিতি ভাবোঽপি শুক্রাদ্যনুরোধেনৈব জ্ঞাপিতঃ। বস্তু তস্তু তস্য কীর্ত্ত্যাদ্যপেক্ষাপি মনসি নাস্তি শুদ্ধভক্তত্বাদিতি ভাবঃ॥ ৭॥

কিঞ্চ যুদ্ধে নিবৃত্তিরহিতেভ্যোঽপি দানে নিবৃত্তিরহিতাঃ। অধিকযশস্বিন ইত্যাহ সুলভা

পরের উপকার সাধন করিয়াছেন, তখন সামান্য মমতার আস্পদ ভূমি প্রভৃতি পদার্থ দানের জন্য আর বিচারের প্রয়োজন কি!। ৬॥

ঐশ্বর্য্যাদি কাম্য ভোগের সংগ্রহার্থ সংগ্রামে অপরাঙ্মুখ অগণ্য দৈত্যপতি এই ধরণীকে যথেষ্ট ভোগ করিয়াছেন; কিন্তু কাল তাঁহাদের সকলের ভোগকেই গ্রাস করিয়াছে। কেহ তাহাদের নাম পর্য্যন্ত স্মরণ করে না; কিন্তু যাহারা ভোগের পরিবর্ত্তে যশের সংস্থাপন করিয়াছিলেন, কাল অদ্যাবধি তাহা ধ্বংস করিতে পারে নাই॥ ৭॥

হে বিপ্রেন্দ্র! ধনাদি ভোগ্য বস্তু পরিত্যাগ করা অতীব দুরূহ! রাজত্যের শ্রীবৃদ্ধির জন্য যুদ্ধে পশ্চাৎপদ না হইয়া, জীবন উৎসর্গ করিতেছে; এরূপ লোক যথেষ্ট আছেন; কিন্তু তীর্থে বা সৎপাত্র উপস্থিত হইলে, শ্রদ্ধা

ন তথা তীর্থ আয়াতে শ্রদ্ধয়া যে ধনত্যজঃ ॥ ৮ ॥
মনস্বিনঃ কারুণিকস্য শোভনং যদর্থিকামোপনয়েন দুর্গতিং।
কুতঃ পুন ব্রহ্মবিদাং ভবাদৃশাং ততো বটোরস্য দদামি বাঞ্ছিতং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

সুলভাঃ বহবঃ এব ; তীর্থে সৎপাত্রে আয়াতে শ্রদ্ধয়া যে ধনত্যজঃ (ধনং ত্যজন্তীতি) তাদৃশাঃ তথা সুলভাঃ ন সন্তি ॥ ৮ ॥

অর্থিকামোপনয়েন (অর্থিনাং সামান্যানাং অপি কামোপনয়েন কামপূরণেন) দুর্গতিঃ দারিদ্র্যেণ দৈন্যং, যৎ তৎ মনস্বিনঃ দানশূরস্য কারুণিকস্য শোভনং ভদ্রং এব, ব্রহ্মবিদাং ভবাদৃশাং কামপূরণেন প্রাপ্তং দৈন্যং শোভনং ভবতি ইতি কুতঃ কিং পুনঃ বক্তব্যং ? ততঃ তস্মাৎ অস্য বটোঃ ব্রাহ্মণস্য বাঞ্ছিতং দদামি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

পাত্রেঽতো দুষ্করো ধনত্যাগ এব ময়া কার্য্য ইতি ভাবঃ ॥ ৮ ॥

তর্হি নির্দ্ধনত্বেন দৈন্যং স্যাদিতি চেত্তত্রাহ মনস্বিন ইতি। যাদৃশ-তাদৃশনামপ্যর্থিনাং কামোপনয়েন কামপূরণেন দুর্গতি দৈন্যমিতি যত্তচ্ছোভনং ভদ্রমেব। ভবাদৃশানান্তু কামোপনয়েন দুর্গতিঃ শোভনমিতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি। তীর্থে সৎপ্রদানে। অত স্তনুত্যাগাদপি ধনত্যাগো দুষ্করঃ। সএব ময়া কর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ৮ ॥

নন্থ তর্হি তব দারিদ্র্যং ভবিষ্যতীতি তত্রাহ। মনস্বিনো দানবীরস্য শোভনমেতদেব যৎ অর্থিনাং যাচকানাং যাদৃশ-তাদৃশানামপি কামোপনয়েন কামপূরণেন দুর্গতি র্দারিদ্র্যং দরিদ্রা দুর্গতাবিতি দুর্গতিদারিদ্র্যয়ো স্তুল্যার্থত্বাৎ ভবাদৃশানাং তু কামোপনয়েন দুর্গতিঃ শোভনমিতি কিং পুনর্ব্বক্তব্যমিত্যর্থঃ ॥ ৯ ॥

সহকারে ধনাদি দান করেন, এরূপ লোক অতি বিরল ॥ ৮ ॥

হে ব্রহ্মন্ ! সাধারণ যাচকগণের কামনা পূরণের দ্বারা অর্থক্ষয়াদি-জনিত নিজের দুর্ভাগ্যকে কৃপাপরতন্ত্র দানবীর মনস্বিগণ যখন আপনাদের সৌভাগ্য বলিয়া মনে করেন, তখন আপনাদের ন্যায় ব্রহ্মজ্ঞ সদাচার-পরায়ণ যাচকের কামনা-পূরণ জন্য দৈন্যদশাকে মঙ্গল বলিয়া আমার কেন জ্ঞান হইবে না ? অতএব এই ব্রাহ্মণ-কুমারকে আমি ইহার অভিলষিত বিষয় অবশ্যই প্রদান করিব ॥ ৯ ॥

যদি বলেন যে, ইনি ব্রাহ্মণ নহেন ; স্বয়ং বিষ্ণু ! ছলনা করত আমার নিকট যাচ্ঞা করিতেছেন, তাহা হইলেও বেদোক্ত যাগযজ্ঞাদির অনুষ্ঠানে বিচক্ষণ আপনাদের ন্যায় ক্রিয়াপটু ব্রাহ্মণগণকে আদর পূর্ব্বক বরণ করত, লোকে যজ্ঞের

যজন্তি যজ্ঞং ক্রতুভির্যমাদৃতা ভবন্ত আম্নায়বিধানকোবিদাঃ।
স এষ বিষ্ণু র্বরদোঽস্তু বা পরো দাস্যাম্যমুষ্মৈ ক্ষিতিমীপ্সিতাং মুনে॥
যদ্যপ্যসাবধর্ম্মেণ মাং বধ্নীয়াদনাগসং।
তথাপ্যেনং ন হিংসিষ্যে ভীতং ব্রহ্মতনুং রিপুং॥ ১০॥

অন্বয়ঃ।

আম্নায়-বিধান-কোবিদাঃ বেদোক্ত-যজ্ঞাদ্যনুষ্ঠান-কুশলাঃ ভবন্তঃ আদৃতাঃ সাদরং আহূতাঃ সন্তঃ যজ্ঞৈঃ ক্রতুভিঃ যং বিষ্ণুং যজন্তি আরাধয়ন্তি সঃ এষোঽয়ং বিষ্ণুঃ মম বরদঃ বা অপরঃ শত্রুঃ, বা অস্তু! হে মুনে! ঈপ্সিতাং ক্ষিতিং অমুষ্মৈ বামনায় দাস্যামি॥

অনাগসং নিরপরাধিনং, মাং যদি অপি অসৌ অধর্ম্মেণ (বামনরূপং প্রদর্শ্য তৎপরিমিত-পাদত্রয়ভূমিং যাচিত্বা পুনর্বিশ্বরূপং আবিষ্কৃত্য ছলেন) বধ্নীয়াৎ তথাপি এনং ভীতং ব্রহ্মতনুং রিপুং শত্রুং অপি ন হিংসিষ্যে ন হনিষ্যামি॥ ১০॥

শ্রীধরস্বামী।

নন্বু নায়ং বটুঃ কিন্তু বিষ্ণু স্তব শত্রুরিত্যুক্তং তর্হি সুতরামেব দাস্যামীত্যাহ যজন্তীতি। পরঃ শত্রুর্বা অস্তু॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু নায়ং বটুঃ কিন্তু বিষ্ণু স্তব শত্রু রিত্যুক্তং। তর্হি সুতরামেব দাস্যামীত্যাহ যজন্তীতি পরঃ শত্রু র্বাস্তু॥

ভীতমিতি বিষ্ণুত্বেঽপি ব্রাহ্মণ-তনুত্ব-হেতুকং ভয়মস্যাবশ্যং ভাবীতি ভাবঃ॥ ১০॥

অনুষ্ঠানে যে বিষ্ণুর আরাধনা করিয়া থাকে, সেই সাক্ষাৎ বিষ্ণু যখন আমার নিকট প্রার্থী হইয়াছেন, বরদ ভাবেই হউক্ বা শত্রুর ভাবেই আসুন্! আমি এই বামনকে অভিলষিত ভূমি প্রদানে বিরত হইব না॥

আমার হৃদয়ে কোন কপটতা নাই! সরলপ্রাণে দান করিতেছি! তিনি যদি কাপট্যের পরিচয়ে এক্ষণে এই বামন বিগ্রহ ধারণ পূর্ব্বক ছল করত ত্রিপাদ ভূমি যাচ্ঞা করিয়া পরে বিশ্বরূপ ধারণে অধর্ম্মের পরিচয়ে আমাকে বন্ধন করেন, তাহা হইলে অবশ্য স্বীকার করিতে হইবে যে, প্রাণভয়ে ভীত হইয়াই ইনি অবধ্য ব্রাহ্মণবেশ স্বীকার করিয়াছেন। অতএব প্রকৃত শত্রু হইলেও, ব্রাহ্মণ-বিগ্রহ ধারণে যখন উপনীত হইয়াছেন, তখন আমি কিছুতেই ইহাঁকে নিহত করিব না। ১০॥

আপনি আরও বিবেচনা করিয়া দেখুন্! যে, যদি ইনি সেই উত্তমশ্লোক বিষ্ণুই হন, তাহা হইলেও তিনি কখন নিজের কীর্ত্তি পরিত্যাগ করিবেন না। তাঁহাকে মঙ্গলময় বলিয়া সকলে যখন কীর্ত্তন করেন, তখন আমি তাঁহাকে সর্ব্বস্ব সমর্পণ করিলে, তিনি আমার মঙ্গলার্থ ঐশ্বর্য্য প্রদান না করিয়া, থাকিতে পারি-

এষ বা উত্তমশ্লোকো ন জিহাসতি যদ্‌যশঃ।
হত্বা মৈনাং হরেদ্‌যুদ্ধে শয়ীত নিহতো ময়া ॥ ১১ ॥
শ্রীশুক উবাচ ॥
এবমশ্রদ্দিতং শিষ্যমনাদেশকরং গুরুঃ।
শশাপ দৈবপ্রহিতঃ সত্যসন্ধং মনস্বিনং ॥

অন্বয়ঃ।

কিঞ্চ যৎ যদি এষঃ উত্তমশ্লোকঃ সৎকীর্ত্তিঃ বিষ্ণুঃ এব তর্হি স্বযশঃ স্বকীর্ত্তিং ন জিহাসতি ত্যক্তুং ন ইচ্ছতি। (উত্তমশ্লোকত্বাৎ সর্ব্বস্বদং মাং ঐশ্বর্য্যং দাস্যতি এব) অন্যথা প্রত্যাখানে যুদ্ধে মা মাং হত্বা এনাং ভূমিং হরেৎ। (যদি মাং হন্তুং অসমর্থঃ বিষ্ণুঃ অন্যঃ বা তদা ময়া হতঃ যুদ্ধে শয়িত বা এবং অপি ব্রাহ্মণবধাৎ প্রতিশ্রুতাদানাৎ চ নরকপাতঃ লোকেঽসৎকীর্ত্তিশ্চ। অতঃ প্রতিশ্রুতং সম্পাদনীয়ং এব) ॥ ১১ ॥

শ্রীশুকঃ উবাচ। এবং উক্তপ্রকারেণ অনাদেশকরং স্বাজ্ঞোল্লঙ্ঘনং অশ্রদ্দিতং স্ববচনে অজাতশ্রদ্ধং শিষ্যং সত্যসন্ধং (সত্যে সন্ধা মতিঃ যস্য তং) মনস্বিনং উদারস্বভাবং বলিং দৈবপ্রহিতঃ গুরুঃ শুক্রাচার্য্যঃ শশাপ ॥

শ্রীধরস্বামী।

যদ্‌যদি যশো ন জিহাসতি তর্হি যুদ্ধে মাং হত্বা এনাং ভূমিং হরেৎ শয়ীত বা সম্যক্ জ্ঞাতঃ সন্ মম চিত্তে শয়ীতেতি বাস্তবোঽর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এষ বৈ নিশ্চিতমুত্তমশ্লোক এব যদ্‌যস্মাৎ স্বযশো ন জিহাসতি অতো ভূমির্ন দাতব্যেতি ময়োক্তে যাচ্ঞা-ভঙ্গপরাভব মসহমানেনানেন তর্হি যুদ্ধং দেহীতি প্রার্থিতে ময়ি চোমিত্যুক্তবতি সতি যুদ্ধে মাং হত্বা এনাং ভূমিং হরেদেব। ননু মহাবীরাৎ তস্যোঽস্য পরাভবোঽপি সংভবেদিতি চেত্তত্রাহ। শয়িতেতি ময়া নিহতো যুদ্ধে শয়ীতেতি কাকুঃ নৈব শয়ীত বিষ্ণোরবধ্যত্বাদিতি ভাবঃ। যদ্বা মেত্যস্যাবৃত্ত্যা অস্মদর্থে নিষেধার্থে চ বর্ত্তনাদ্বিনাপি কাকা সঙ্গতিঃ ॥ ১১ ॥

বেন না। এ দিকে যদি তাঁহার প্রার্থিত ভূমি দান না করিয়া আমি প্রত্যাখ্যান করি, তাহা হইলে যুদ্ধে আমাকে নিহত করত নিজের অভীষ্টসিদ্ধি তিনি নিশ্চয়ই করিবেন। আর যদি রণে পরাস্ত হইয়া, এই বামন প্রাণ পরিত্যাগ করেন, তখন তিনি বিষ্ণুই হউন বা নাই হউন! আমার দ্বারা রণে নিহত হইলে, প্রথমত প্রতিশ্রুতির ভঙ্গ, দ্বিতীয়ত ব্রাহ্মণ-বধ নিবন্ধন নরকপ্রাপ্তি এবং লোকে অসৎকীর্ত্তির হস্ত হইতে আমার কিছুতেই নিষ্কৃতি নাই। অতএব প্রদান করিতে যখন প্রতিশ্রুত হইয়াছি, তখন অবশ্য তাহার সম্পাদন করিব ॥ ১১ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! স্বীয় শিষ্য দৈত্যপতি বলি অশ্রদ্ধা সহ-

দৃঢ়ং পণ্ডিতমান্যজ্ঞঃ স্তব্ধোঽস্যস্মদুপেক্ষয়া।
মচ্ছাসনাতিগো যস্ত্বমচিরান্ত্রশ্যসে শ্রিয়ঃ ॥
এবং শপ্ত স্বগুরুণা সত্যান্ন চলিতো মহান্।
বামনায় দদাবেতামর্চ্চিত্বোদকপূর্ব্বকং ॥ ১২ ॥
বিন্ধ্যাবলিস্তদাগত্য পত্নী জালকমালিনী।

অন্বয়ঃ।

দৃঢ়ং যথাস্যাৎ তথা আত্মানং পণ্ডিতমানী (বস্তুতস্তু) অজ্ঞঃ অতঃ স্তব্ধঃ অনম্রঃ, তথা মচ্ছাসনাতিগঃ মমাজ্ঞামতিক্রান্তবান্ অসি যঃ ত্বং অস্মদুপেক্ষয়া অচিরাৎ শীঘ্রং, এব শ্রিয়ঃ ত্রৈলোক্যাধিপত্যাৎ, ভ্রশ্যসে ভ্রষ্টঃ ভবিষ্যসি ॥

এবং স্বগুরুণা শুক্রেণ শপ্তঃ অপি মহান্ বলিঃ সত্যাৎ স্বপ্রতিশ্রুতাৎ ন চলিতঃ কিন্তু বামনায় বামনং উদকদানপূর্ব্বকং অর্চ্চিত্বা এতাং ভূমিং তস্মৈ দদৌ ॥ ১২ ॥

বলেঃ পত্নীঃ জালকমালিনী মুক্তামালা-বিভূষিতা বিন্ধ্যাবলিঃ তদা আগত্য অবনেজনীনাং

শ্রীধরস্বামী।

অশ্রদ্ধিতং অজাত শ্রদ্ধং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অশ্রদ্ধা সংজাতাঽস্যেত্যশ্রদ্ধিতং। দৈবেন ভগবৎপ্রেম-সুখ-প্রতিকূল-প্রাচীনাপরাধোত্থেনাভাগ্যেন প্রেরিতবুদ্ধিঃ সত্যপ্রতিজ্ঞং উত্তমমনস্কং ॥

পণ্ডিতমানী পণ্ডিতানাং মাননীয়ঃ ন বিদ্যতে জ্ঞো যস্মাৎ সঃ। অস্মদুপেক্ষয়া অস্মৎ কর্ত্তৃকয়া উপেক্ষয়াপি স্তব্ধঃ। ভয়াভাবাদনম্রঃ। মচ্ছাসনমতিক্রম্য গচ্ছসি বিষ্ণুমিতি ভাবঃ। তস্মাৎ ন চিরাপি শ্রিয়ো ভ্রশ্যসে। ভগবদ্দত্তাং নিত্যাং সম্পদং প্রাপ্স্যসীত্যেবং বাস্তবোঽর্থঃ ॥

এনাং ভূমিং উদকদানপূর্ব্বকং ॥ ১২ ॥

পরমলজ্জাবত্যসূর্য্যংপশ্যাপি রাজ্ঞী ভর্ত্তুর্ভক্তিনিষ্ঠামবগম্যানন্দাশ্রুস্তিমিতা হর্ষোত্থং

কারে আদেশ প্রতিপালনে পরাঙ্মুখ হইলে, শুক্রাচার্য্যের আর ক্রোধের সীমা রহিল না; তিনি তখন দৈব-প্রেরিত হইয়া, সেই সত্যপ্রতিজ্ঞ উদার-স্বভাব বলিরাজকে অভিসম্পাত প্রদানে বলিলেন ॥—

তুমি স্বয়ং অনভিজ্ঞ হইয়াও আপনাকে অতিবিচক্ষণ এবং মহাজ্ঞানী বিবেচনায় একান্ত স্তব্ধ হইয়া আমার আজ্ঞাকে উল্লঙ্ঘন করিতেছ, তখন অচিরাৎ এই ত্রৈলোক্যাধিপত্য হইতে পরিভ্রষ্ট হইবে, সন্দেহ নাই ॥

কুলগুরু শুক্রাচার্য্য কর্ত্তৃক এই প্রকারে অভিশপ্ত হইয়া, মহামনা বলি নিজের প্রতিজ্ঞা হইতে বিচ্যুত হইলেন না; উদক প্রদান পূর্ব্বক সংকল্প করিয়া, বামনদেবকে অর্চ্চনা করিলেন এবং ভূমিদানার্থ প্রস্তুত হইলেন ॥ ১২ ॥

ইত্যবসরে মুক্তামালা-বিলম্বিতা পতিপরায়ণা বলি-পত্নী বিন্ধ্যাবলি স্বামীর

আনিন্যে কলসং হৈমমবনেজন্যপাংভৃতং ॥
যজমানঃ স্বয়ং তস্য শ্রীমৎপাদযুগং মুদা।
অবনিজ্যাবহন্মূর্দ্ধ্নি তদপো বিশ্বপাবনীঃ ॥
তদাসুরেন্দ্রং দিবি দেবতাগণা গন্ধর্ব্ব বিদ্যাধর সিদ্ধচারণাঃ।
তৎ কর্ম্ম সর্ব্বোঽপি গৃণন্ত আর্জবং প্রসূনবর্ষৈ র্ববৃষু র্মুদান্বিতাঃ ॥
নেদুর্মুহুর্দুন্দুভয়ঃ সহস্রশো গন্ধর্ব্ব কিংপুরুষ-কিন্নরা জগুঃ।

অন্বয়ঃ।

পাদপ্রক্ষালনার্থানাং অপাং অদ্ভিঃ ভৃতং পূর্ণং হেমকলসং আনিন্যে আনীতবতী ॥

ততঃ যজমানঃ বলিঃ স্বয়ং তস্য বামনস্য শ্রীমৎপাদযুগং মুদা হর্ষেণ, অবনিজ্য প্রক্ষাল্য বিশ্বস্য পাবনীঃ তৎঅপঃ পাদপ্রক্ষালন-জলানি মূর্দ্ধ্নি অবহন্ দধার ॥

তদা দিবি দেবতাগণঃ গন্ধর্ব্ব-বিদ্যাধর-সিদ্ধচারণাঃ শক্রভৃতাঃ অপি সর্ব্বে মুদান্বিতাঃ হর্ষ-পূর্ণাঃ, সন্তঃ তস্য বলেঃ কর্ম্ম ভূমিদানং, আর্জবং অকৌটিল্যং চ গৃণন্তঃ প্রশংসন্তঃ অসুরেন্দ্রং বলিং প্রসূনবর্ষৈঃ ববৃষুঃ আচ্ছাদিতবন্তঃ ॥

(তৈর্নাদিতাঃ) সহস্রশঃ দুন্দুভয়ঃ মুহুঃ নেদুঃ; গন্ধর্ব্ব-কিংপুরুষ-কিন্নরাঃ জগুঃ; দেবপক্ষ-

শ্রীধরস্বামী।

জালকং মুক্তাভরণ বিশেষ স্তন্মালাবতী। অবনেজনীনামপাং কলসং ভৃতং পূর্ণং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চাপল্যং নিহ্নোতুমশক্নুবতী দাসীরপ্যনপেক্ষমাণা কলসং বহন্তী বহির্নিশ্চক্রামেত্যাহ বিন্ধ্যাবলিরিতি। জালকং মল্লিকাদ্যপকুকোরক ইতি কেচিৎ। সপুষ্পাতি-কোমল-কল-মিত্যন্যে। ক্ষারকো জালকং ক্লীব ইত্যমরঃ। জালকং মুক্তাভরণবিশেষ ইতি স্বামিচরণাঃ। অবনেজনীনামপাং কলসং ভৃতং পূর্ণং ॥

কার্য্য সৌকর্য্যার্থে স্বয়ং রাজসভায় উপনীতা হইলেন এবং বামনদেবের পাদ-প্রক্ষালনার্থ পবিত্র জলের দ্বারা পরিপূর্ণ সুবর্ণ কলস তথায় আনয়ন করিলেন।।

এবং যজমান স্বয়ং বলি একান্ত আনন্দ সহকারে সেই স্বর্ণ কলসস্থ বারির দ্বারা বামনদেবের চরণ ধৌত করিলেন, ও বিশ্বসংসারের পবিত্রকারী সেই পদধৌত বারি লইয়া স্বয়ং মস্তকে ধারণ করিলেন ॥

বলিরাজের তাদৃশ নিষ্কপট কার্য্যদর্শনে বিপক্ষ দেবতাগণেরও আনন্দের সীমা রহিল না; স্বর্গবাসী দেবতা, গন্ধর্ব্ব, বিদ্যাধর, সিদ্ধ এবং চারণাদি সকলেই বলির ঔদার্য্যের ভূরি ভূরি প্রশংসা করত, আনন্দের উচ্ছ্বাসে তদুপরি কুসুম বর্ষণ করিতে লাগিলেন।।

সকলে একত্র সহস্র সহস্র দুন্দুভি ধ্বনি করিতে লাগিলেন। এদিকে

মনস্বিনানেন কৃতং সুদুষ্করং বিদ্বানদাদ্‌যদ্ত্রিপবে জগত্ত্রয়ং ॥ ১৩ ॥
তদ্বামনং রূপমবর্দ্ধতাদ্ভুতং হরেরনন্তস্য গুণত্রয়াত্মকং।
ভূঃ খং দিশো দ্যৌর্বিবরাঃ পয়োধয় স্তির্য্যঙ্ নৃদেবা ঋষয়ো যদাসত ॥১৪॥
কায়ে বলিস্তস্য মহাবিভূতেঃ সহর্ত্বিগাচার্য্যসদস্য এতৎ।

অন্বয়ঃ।

পাতী বামনরূপী বিষ্ণুঃ ত্রিপদব্যাজেন জগত্ত্রয়ং গ্রহীষ্যতি ইতি জানন্ অপি রিপবে জগৎ-ত্রয়ং যৎ অদাৎ ইতি অনৈঃ সুদুষ্করং কর্ম্ম অনেন মনস্বিনা বলিনা, কৃতং ইতি জগুঃ ॥ ১৩ ॥

ততঃ অনন্তস্য হরেঃ তৎ গুণত্রয়াত্মকং বামনরূপং অদ্ভুতং যথা স্যাৎ তথা অবর্দ্ধত! যৎ যত্র, রূপে ভূঃ খং দ্যৌঃ দিশঃ বিবরাঃ পয়োধয়ঃ সাগরাদয়ঃ, চ তথা নৃদেবাঃ ঋষয়শ্চ আসত ॥ ১৪ ॥

ততঃ সহর্ত্বিগাচার্য্যসদস্যঃ ঋত্বিগাদিসহিতঃ বলিঃ তস্য মহাবিভূতেঃ ভগবতঃ গুণাত্মকে বাময় শরীরে ভূতেন্দ্রিয়ার্থাশয়জীববৃকং (ভূতানি পৃথিব্যাদীনি, ইন্দ্রিয়াণি অর্থাঃ

শ্রীধরস্বামী।

অবর্দ্ধত বাঞ্ছিতং প্রতিগৃহ্যতামিতি বলিনা পূর্ব্বমুক্তত্বাৎ গুণত্রয়মাত্মনি যস্য তৎ। অতএব ভূঃ খমিত্যাদয়ো যদ্‌যস্মিন্ আসত স্থিতা স্তৎ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎ তস্য কর্ম্ম আর্জ্জবমকৌটিল্যঞ্চ গৃণন্তঃ স্তবন্তঃ ॥ ১৩ ॥

অবর্দ্ধত বাঞ্ছাতঃ প্রতিগৃহ্যতামিতি বলিনা পূর্ব্বমুক্তত্বাৎ। গুণত্রয়ং ময়া তৎকার্য্যঞ্চ আত্মনি সর্ব্বাধিষ্ঠানত্বাৎ স্বস্মিন্নেব যস্য তৎ। অতএব ভূঃ খং ইত্যাদয়ো যদ্‌যস্মিন্ আসত স্থিতবন্তঃ ॥ ১৪ ॥

গন্ধর্ব্ব, কিন্নর এবং কিংপুরুষগণ উচ্চকণ্ঠে গান করত বলিতে লাগিলেন যে, এই মহামনা বলি কি দুষ্কর কার্য্যেরই সম্পাদন করিলেন! ইনি নিজের অনিষ্টকারী শত্রুকে জানিয়া শুনিয়াও, ত্রিভুনের আধিপত্য অবলীলাক্রমে দান করিলেন ॥ ১৩ ॥

তখন সেই অনন্তদেব ভগবান্ শ্রীহরির গুণত্রয়াত্মক বামন-বিগ্রহ অদ্ভুত-ভাবে পরিবর্দ্ধিত হইয়া উঠিল; এমন কি! পৃথিবী, আকাশ, দিক্‌সমূহ, স্বর্গ, রসাতলাদি বিবর-সমূহ, যাবতীয় সমুদ্র, পশ্বাদি তির্য্যক্ জাতি, মনুষ্য, দেবতা এবং ঋষিগণ সমস্ত সেই বামন কলেবরে বিদ্যমান বলিয়া প্রতীত হইতে লাগিল ॥ ১৪ ॥

হে রাজেন্দ্র! তৎকালে ঋত্বিক্, আচার্য্য এবং সদস্যগণ সহ মহারাজ বলি মহাবিভূতি-বিশিষ্ট ভগবানের তাদৃশ বিশ্বরূপ গুণময় বামন-কলেবরে ক্ষিত্যাদি

দদর্শ বিশ্বং ত্রিগুণং গুণাত্মকে ভূতেন্দ্রিয়ার্থাশয়-জীবযুক্তং ॥ ১৫ ॥
রসামচষ্টাঙ্ঘ্রিতলেঽথ পাদয়োর্মহীং মহীধ্রান্ পুরুষস্য জঙ্ঘয়োঃ।
পতত্রিণো জানুনি বিশ্বমূর্ত্তের্রূর্ব্বোর্গণং মারুতমিন্দ্রসেনঃ ॥ ১৬ ॥
সন্ধ্যাং বিভোর্ব্বাসসি গুহ্য ঐক্ষৎ প্রজাপতীন্ জঘনে আত্মমুখ্যান্।
নাভ্যাং নভঃ কুক্ষিষু সপ্তসিন্ধূনুরুক্রমস্যোরসি ঋক্ষমালাং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

শব্দাদয়ঃ আশয়ঃ অন্তঃকরণং জীবঃ চ তৈঃ যুক্তং) ত্রিগুণং বিশ্বং দদর্শ ॥ ১৫ ॥

ইন্দ্রসেনঃ বলিঃ পুরুষস্য বিশ্বরূপস্য ভগবতঃ অঙ্ঘ্রিতলে রসাং রসাতলাদিলোক-সপ্তকং পাদয়োঃ মহীং, জঙ্ঘয়োঃ মহীধ্রান্ পর্ব্বতান্, জানুনি পতত্রিণঃ পক্ষিণঃ, ঊর্ব্বোঃ মারুতং গণং বায়ুসঙ্ঘং ॥ ১৬ ॥

বিভোঃ বাসসি বস্ত্রে সন্ধ্যাং, গুহ্যে গুদে আত্মা স্বয়ং মুখ্যঃ যেষাং তান্ অসুরান্ ঐক্ষৎ; জঘনে প্রজাপতীন্ মরীচ্যাদীন্, নাভ্যাং নভঃ অন্তরীক্ষং, কুক্ষিষু সপ্তসিন্ধূন্ তথা উরুক্রমস্য বিশ্বরূপস্য উরসি চ ঋক্ষমালাং নক্ষত্রসমূহং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ঋত্বিগাদিসহিতো বলিস্তস্য হরেঃ কায়ে এতদ্বিশ্বং দদর্শ ॥ ১৫ ॥

তদেব প্রপঞ্চয়তি রসামিতি পাদোনৈঃ সপ্তভিঃ। মারুতং গণং বায়ুসংঘং। ইন্দ্রস্য সেনৈব সেনা যস্য সঃ ইন্দ্রপদে স্থিতত্বাৎ ॥ ১৬ ॥

ঐক্ষৎ ঐক্ষত। আত্মা স্বয়ং বলির্মুখ্যো যেষাং তান্ অসুরান্। ঋক্ষমালাং নক্ষত্রপঙ্‌ক্তিং ॥ ১৭

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণানাং আত্মকে উত্তমাধিষ্ঠাতরি। ভূতানিচ ইন্দ্রিয়াণিচ। অর্থাঃ শব্দাদয়শ্চ আশয়োঽন্তঃকরণানিচ জীবাংশ্চ তৈর্যুক্তং ॥ ১৫ ॥

তদেব প্রপঞ্চয়তি রসামিতি পাদোনৈঃ সপ্তভিঃ। রসাং ভূতলং মহীং ভূতলোপরিস্থান্ নগর-গৃহ-হট্ট-বৃক্ষাদীনিত্যর্থঃ। মহীধ্রান্ তদুপরিগতান্ পর্ব্বতানিত্যর্থঃ। পতত্রিণ স্তদুপরিচরান্ পক্ষিণঃ। মারুতং গণং বায়ুসঙ্ঘং। ইন্দ্রস্য সেনৈব সেনা যস্য সঃ ॥ ১৬ ॥

আত্মমুখ্যান্ বলিপ্রধানানসুরান্। ভূতল-লক্ষিতোঽপি বলিঃ স্বেষাং তজ্জঘনাধিষ্ঠানত্বাৎ জঘন এবৈক্ষত ইত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ১৭ ॥

পঞ্চ মহাভূত, ইন্দ্রিয়-নিচয়, শব্দাদি তন্মাত্র, সূক্ষ্ম অন্তঃকরণ এবং তাহাতে উপহিত জীব-নিচয় সহ ত্রিগুণাত্মক বিশ্ব-সংসার যে ভাবে সুস্পষ্ট অবলোকন করিয়াছিলেন, তাহা বলিতেছি; আপনি শ্রবণ করুন! ॥ ১৫ ॥

দেবেন্দ্রপদে প্রতিষ্ঠিত মহামনা বলি বিশ্বমূর্ত্তি ভগবানের পদতলে রসাতল, চরণদ্বয়ে ধরণী, জঙ্ঘাদ্বয়ে পর্ব্বতসমূহ, জানুদেশে পতত্রিকুল এবং ঊরুদ্বয়ে মরুদ্গণকে অবলোকন করিলেন ॥ ১৬ ॥

হৃদ্যঙ্গ ধর্ম্মং স্তনয়ো মুরারে ঋতঞ্চ সত্যঞ্চ মনস্যথেন্দুং।
শ্রিয়ঞ্চ বক্ষস্যরবিন্দহস্তাং কণ্ঠেচ সামানি সমস্তরেফান্ ॥ ১৮ ॥
ইন্দ্রপ্রধানানমরান্ ভুজেষু তৎকর্ণয়োঃ ককুভো দ্যৌশ্চ মূর্দ্ধ্নি।
কেশেষু মেঘান্ শ্বসনং নাসিকায়ামক্ষ্ণোশ্চ সূর্য্যং বদনেচ বহ্নিং ॥ ১৯ ॥
বাণ্যাঞ্চ ছন্দাংসি রসে জলেশং ভ্রুবো নিষেধঞ্চ বিধিঞ্চ পক্ষ্মসু।
অহশ্চ রাত্রিঞ্চ পরস্য পুংসো মন্যুং ললাটেঽধর এব লোভং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! মুরারেঃ হৃদি ধর্ম্মং, স্তনয়োঃ ঋতং চ সত্যং চ (ঋতং চ সূনৃতা বাণী সত্যঞ্চ সমদর্শনং) অথ মনসি ইন্দুং চন্দ্রং, বক্ষসি অরবিন্দং কমলং হস্তে যস্যাঃ তাং শ্রিয়ং লক্ষ্মীং, কণ্ঠে সামানি, সমস্তান্ রেফান্ অকারাদি-বর্ণান্ চ ॥ ১৮ ॥

ভুজেষু ইন্দ্রপ্রধানান্ অমরান্ দেবান্, কর্ণয়োঃ ককুভঃ দিশঃ, মূর্দ্ধ্নি দ্যৌঃ দ্যাং, কেশে মেঘান্, নাসিকায়াং শ্বসনং প্রাণবায়ুং, অক্ষ্ণোঃ সূর্য্যং, বদনে বহ্নিং চ ॥ ১৯ ॥

বাণ্যাং ছন্দাংসি বেদান্, রসে রসনে জলেশং বরুণং, ভ্রুবোঃ নিষেধং শাস্ত্রং বিধিং প্রবর্ত্তকং শাস্ত্রং, পক্ষ্মসু অহঃ দিনং, তথা রাত্রিং, পরস্য পুংসঃ ললাটে মন্যুং ক্রোধং, অধরে অধরোষ্ঠে লোভং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

অঙ্গ হে রাজন্! সমস্তান্ রেফাংশ্চ শব্দান্ ॥ ১৮ ॥
দ্যৌশ্চ দ্যাং ॥ ১৯ ॥ রসে রসনে ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋতং প্রিয়বাক্যং। সমস্তান্ রেফান্ রেফোপলক্ষিতানকারাদি-সর্ব্ববর্ণান্ ॥ ১৮ ॥
দ্যৌশ্চ দ্যাং ॥ ১৯ ॥ রসে রসনে। পক্ষ্মসু পক্ষ্মোন্মীলন-নিমীলনয়োঃ ॥ ২০ ॥

বিভুর বদনে সন্ধ্যা, গুহ্যে প্রজাপতিগণ, জঘনে আপনার ন্যায় সুপ্রসিদ্ধ অসুরগণ, নাভিস্থলে আকাশ, কুক্ষি-সমূহে সপ্ত সমুদ্র এবং বক্ষস্থলে নক্ষত্রশ্রেণী বিরাজমান নিরীক্ষণ করিলেন। ১৭ ॥

হে রাজন্! তদীয় হৃদয়দেশে ধর্ম্ম, স্তনদ্বয়ে ঋত (অর্থাৎ সূনৃতা বাণী) এবং সত্য (অর্থাৎ সমদর্শন) এবং মনোমধ্যে চন্দ্র প্রতীত হইতেছিল। তদীয় বক্ষস্থলে পদ্মহস্তা স্বয়ং শ্রীঃ এবং কণ্ঠদেশে সামাদি বেদ-চতুষ্টয় এবং অকারাদি যাবতীয় বর্ণসমূহ সুস্পষ্ট অবলোকন করিলেন। ১৮ ॥

তদীয় ভুজসমূহে ইন্দ্রপ্রমুখ দেববৃন্দ, শ্রবণ-যুগলে দিক্ সমূহ এবং মস্তকে স্বর্গ, কেশভাগে জলদগণ, নাসিকাতে প্রাণবায়ু, লোচনদ্বয়ে দিবাকর এবং বদনে বহ্নি প্রতীত হইয়াছিল ॥ ১৯ ॥

বাক্যে বেদ-চতুষ্টয়, রসনাতে জলাধিপতি বরুণ, ভ্রুযুগলে বিধি এবং

স্পর্শে চ কামং নৃপ রেতসোঽন্তঃ পৃষ্ঠে ত্বধর্ম্মং ক্রমণেষু যজ্ঞং।
ছায়াসু মৃত্যুং হসিতে চ মায়াং তনূরুহেষ্বোষধি-জাতয়শ্চ ॥ ২১ ॥
নদীশ্চ নাড়ীষু শিলা নখেষু বুদ্ধাবজং দেবগণানৃষী শ্চ।
প্রাণেষু গাত্রে স্থিরজঙ্গমানি সর্ব্বাণি ভূতানি দদর্শ বীরঃ ॥ ২২ ॥
সর্ব্বাত্মনীদং ভুবনং নিরীক্ষ্য সর্ব্বেঽসুরাঃ কশ্মলমাপুরঙ্গ।
সুদর্শনং চক্রমসহ্যতেজো ধনুশ্চ শার্ঙ্গং স্তনয়িত্নুঘোষং ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে নৃপ! স্পর্শে ত্বগিন্দ্রিয়ে কামং, রেতসঃ রেতসি, অন্তঃ জলং, পৃষ্ঠে অধর্ম্মং পাপং, ক্রমণেষু পাদন্যাসেষু, যজ্ঞং, ছায়াসু মৃত্যুং, হসিতে চ মায়াং, তনূরুহেষু লোমসু ওষধি-জাতীঃ ॥ ২১ ॥

নাড়ীষু নদীঃ, নখেষু শিলাঃ পাষাণান্, বুদ্ধৌ অজং ব্রহ্মাণং, প্রাণেষু ইন্দ্রিয়েষু দেবগণান্, গাত্রে স্থিরজঙ্গমানি সর্ব্বাণি ভূতানি বীরঃ বলিঃ, দদর্শ ॥ ২২ ॥

অঙ্গ হে রাজন্! সর্ব্বাত্মনি সর্ব্বাধারভূতে ভগবতি ইদং ভুবনং নিরীক্ষ্য সর্ব্বে অসুরাঃ কশ্মলং ভয়ং, আপুঃ প্রাপুঃ। তথা সুদর্শনং নাম অসহ্যতেজঃ চক্রং, স্তনয়িত্নুবৎ ঘোষঃ যস্য তৎ শার্ঙ্গং ধনুঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

রেতসঃ রেতসি। ক্রমণেষু পদন্যাসেষু। ওষধিজাতীশ্চ ॥ ২১ ॥
প্রাণেষু ইন্দ্রিয়েষু ॥ ২২ ॥
সর্ব্বাত্মনীত্যাদি বাক্যান্তরং সুদর্শনমিত্যাদীনামীশমুপতস্থু রিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

রেতসঃ রেতসি। ক্রমণেষু পাদবিন্যাসেষু। ওষধিজাতীশ্চ ॥ ২১ ॥
প্রাণেষ্বিন্দ্রিয়েষু ॥ ২২ ॥ ২৩ ॥

নিষেধ-বাচক শাস্ত্র, অক্ষিপত্রে দিবারাত্রি, ললাটদেশে ক্রোধ এবং সেই পরম পুরুষের ওষ্ঠাধরে লোভ প্রতীত হইতে লাগিল ॥ ২০ ॥

তদীয় ত্বগিন্দ্রিয়ে কাম, রেতে জল, পৃষ্ঠে অধর্ম্ম, পাদবিক্ষেপে যজ্ঞ, ছায়াতে মৃত্যু, হাস্যে মায়া, রোমাবলিতে ওষধিজাতি ॥ ২১ ॥

নাড়ীসমূহে নদী, নখরসমূহে পাষাণ, বুদ্ধিতে ব্রহ্মা, ইন্দ্রিয়সমূহে দেবতা ও ঋষিগণ এবং গাত্রে স্থাবর জঙ্গমাত্মক ভূতনিচয় বলিরাজ নয়নগোচর করিলেন ॥ ২২ ॥

হে রাজন্! সর্ব্বাত্মা বামন-দেহে এই প্রকারে ত্রিভুবন নিরীক্ষণ করত, যাবতীয় অসুরগণ সম্পূর্ণ বিস্মিত হইল; তখন দুরন্তবীর্য্য সুদর্শন চক্র, বজ্রোপম ধ্বনি-বিশিষ্ট শার্ঙ্গ ধনুঃ ॥ ২৩ ॥

পর্জ্জন্যঘোষো জলজঃ পাঞ্চজন্যঃ কৌমোদকী বিষ্ণুগদা তরস্বিনী।
বিদ্যাধরোঽসিঃ শতচন্দ্রযুক্তস্তূণোত্তমাবক্ষয়সায়কৌ চ।
সুনন্দমুখ্যা উপতস্থুরীশং পার্ষদমুখ্যাঃ সহলোকপালাঃ॥ ২৪॥
স্ফুরৎ কিরীটাঙ্গদ-মীন-কুণ্ডলঃ শ্রীবৎস-রত্নোত্তমমেখলাম্বরৈঃ।
মধুব্রতস্রগ্বনমালয়া বৃতো বরাজ রাজন্ ভগবানুরুক্রমঃ॥ ২৫॥

অন্বয়ঃ।

পর্জ্জন্যবৎ ঘোষঃ যস্য সঃ পাঞ্চজন্যঃ জলজঃ শঙ্খঃ, তরস্বিনী বেগবতী কৌমোদকী নাম্নী বিষ্ণোঃ গদা, শতচন্দ্রযুক্তঃ বিদ্যাধরাখ্যঃ অসিঃ খড়্গঃ, অক্ষয়সায়কৌ অক্ষয়াঃ সায়কাঃ যয়োঃ তৌ তূণোত্তমৌ চ, তথা সুনন্দঃ মুখ্যঃ যেষাং তে সহলোকপালাঃ ভগবতঃ পার্ষদমুখ্যাঃ ঈশং উপতস্থুঃ॥ ২৪॥

তদা চ হে রাজন্! স্ফুরন্তি কিরীটাদীনি যস্য সঃ ভগবান্ উরুক্রমঃ শ্রীবৎসরত্নোত্তম-মেখলাম্বরৈঃ তথা মধুব্রতানাং ভ্রমরাণাং স্রক্ পংক্তিঃ যস্যাং তয়া বনমালয়াচ বৃতঃ এব বরাজ॥ ২৫॥

শ্রীধরস্বামী।

বিদ্যাধরসংজ্ঞোঽসিঃ॥ ২৪॥

মীনকুণ্ডলে মকরকুণ্ডলে। স্ফুরন্তি কিরীটাদীনি যস্য সঃ। মধুব্রতানাং স্রজো যস্যাং তয়া বনমালয়া শ্রীবৎসাদিভিশ্চাবৃতো ব্যাপ্তঃ॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেব প্রত্যক্ষীভূয় সুদর্শনাদয়ঃ ঈশমুপতস্থুরিতি দ্বাভ্যামন্বয়ঃ। বিদ্যাধরসংজ্ঞোঽসিঃ। শতচন্দ্রং ফলকং তদ্যুক্তঃ। পার্ষদেষু মুখ্যাঃ সুনন্দমুখ্যা ইতি তেষ্বপি সুনন্দো মুখ্য ইত্যর্থঃ॥২৪

কুণ্ডল ইত্যন্তং পৃথক্ পদং। মধুব্রতানাং স্রক্ মালাকারসমূহো যত্র তথাভূতয়া বনমালয়া বৃতো ব্যাপ্তঃ॥ ২৫॥

মেঘ-গম্ভীর ধ্বনি-বিশিষ্ট পাঞ্চজন্য শঙ্খ, অতীব বেগবতী কৌমোদকী নাম্নী গদা, শতচন্দ্র-শোভিত বিদ্যাধরনামে অসি, অক্ষয়-সায়ক তূণীর-দ্বয় এবং মূর্ত্তি পরিগ্রহে লোকপালগণে পরিবেষ্টিত সুনন্দ প্রভৃতি পার্ষদগণ সকলে একত্র হইয়া, সর্ব্বেশ্বরের স্তব আরম্ভ করিলেন॥ ২৪॥

হে রাজন্! এদিকে ভগবান্ উরুক্রম কিন্তু মস্তকে কিরীট, গাত্রে বিচিত্র আভরণ, শ্রবণ-যুগলে স্বচ্ছ মকরাকার কুণ্ডলদ্বয়, বক্ষস্থলে শ্রীবৎস চিহ্ন, কণ্ঠে কৌস্তুভ মণি, কটিদেশে পীতাম্বর ও তদুপরি মণিময় মেখলা এবং গলদেশে ভ্রমর-পংক্তি-শোভিত বনমালা ধারণে কি অনুপম শোভায় পরিশোভিত হইয়াছিলেন!॥ ২৫॥

বলির যাবতীয় ভূমিকে এক পদে সমাবৃত করিয়া, শরীরের দ্বারা নভো-

ক্ষিতিং পদৈকেন বলের্বিচক্রমে নভঃ শরীরেণ দিশশ্চ বাহুভিঃ ॥২৬॥
পদং দ্বিতীয়ং ক্রমতস্ত্রিপিষ্টপং নবৈ তৃতীয়ায় তদীয়মঞ্জপি।
উরুক্রমস্যাঙ্ঘ্রি রুপর্য্যুপর্য্যথো মহর্জনাভ্যাং তপসঃ পরং গতঃ ॥ ২৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মষ্টমস্কন্ধে বিশ্বরূপ দর্শনং বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

অন্বয়ঃ।

বলেঃ সম্বন্ধিনীং ক্ষিতিং একেন পদা, নভঃ অন্তরীক্ষং শরীরেণ, সর্ব্বাঃ দিশঃ বাহুভিঃ ॥২৬॥

দ্বিতীয়ং পদং ক্রমতঃ বিক্ষিপতঃ ত্রিপিষ্টপং স্বর্গং জাতং। তৃতীয়ায় তু তদীয়ং কিঞ্চিৎ অণুমাত্রং অপি ন বৈ নৈব অবশিষ্টং। উরুক্রমস্য অঙ্ঘ্রিঃ ত্রিপিষ্টপাৎ উপরি গচ্ছন্ মহ-র্জনাভ্যাং তপসঃ চ পরং সত্যং লোকং গতঃ ॥ ২৭ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে বিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

উরুক্রমত্বমেবাহ ক্ষিতিমিতি ॥ ২৬ ॥

দ্বিতীয়ং পদং ক্রমতঃ বিক্ষিপতঃ ত্রিপিষ্টপং তদীয়ং কিঞ্চিন্মাত্রং জাতং তৃতীয়ায় তু ন কিঞ্চিদপি তত্র হেতুঃ উরুক্রমস্যাঙ্ঘ্রিঃ ত্রিপিষ্টপাদুপর্য্যুপরি গচ্ছন্ মহর্জনাভ্যাং তপসশ্চ পরং সত্যলোকং গতঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি অষ্টমে বিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উরুক্রমত্বমেবাহ ক্ষিতিমিতি। দ্বিতীয়ং বামপদং ক্রমমাণস্য তস্য ত্রিপিষ্টপং তদীয়ং প্রাপ্ত-মেবাভূদিতি শেষঃ। তৃতীয়ায় তৃতীয়পদন্যাসার্থং অণ্বপি অণুমাত্রমপি নাবশিষ্টমিত্যর্থঃ। অত্র ত্রিপদমাত্রভূমেঃ প্রতিগৃহীতত্বেঽপি ভুজাদ্যঙ্গে নভ আদি ব্যাপ্তিশ্চ নান্যায্যা তাবদ্ভূমাবূর্দ্ধা-বস্থিতৈরপ্যপেক্ষিতত্বাদিতি সন্দর্ভঃ। নভ আদীনামপি পদদ্বয়ান্তর্ভূতত্বাৎ পদদ্বয়েনৈব ব্যাপ্তি রুচ্যত ইত্যপরে ॥ ২৬ ॥

দ্বিতীয়ং পদং কিয়ৎ প্রবৃদ্ধমভূদিত্যপেক্ষায়ামাহ মহর্জনাভ্যাং সকাশাৎ পরং সত্যলোকং গতঃ। তদীয়ো নখস্তু কটাহং বিভেদেতি কেচিৎ। অষ্টাবরণানি ভিত্ত্বা বিরজাজলে প্রবিষ্ট ইত্যন্যে ॥ ২৭ ॥ ॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

বিংশোঽধ্যায়োঽষ্টমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভাগ এবং বাহুসমূহে দশ দিক্ বামন সমাবৃত করিলেন ॥ ২৬ ॥

এবং দ্বিতীয় পদের বিক্ষেপে সমগ্র স্বর্গলোক অধিকার করত, ক্রমান্বয়ে মহ ও জনলোক আক্রমণ করিয়া তপোলোক অধিকার করিলেন; তখন বামনের তৃতীয় চরণ-বিক্ষেপার্থ বলির অধিকারে কিছুমাত্র স্থান আর অবশিষ্ট রহিল না ॥ ২৭ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত বিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শ্রীশুক উবাচ ॥

সত্যং সমীক্ষ্যাজভবো নখেন্দুভি র্হৃতঃ স্বধাম-দ্যুতিরাবৃতোঽভ্যগাৎ।
মরীচিমিশ্রা ঋষয়ো বৃহদ্ব্রতাঃ সনন্দনাদ্যা নরদেব যোগিনঃ ॥ ১ ॥
বেদোপবেদা নিয়মা যমান্বিতা স্তর্কেতিহাসাঙ্গ-পুরাণসংহিতাঃ।
যে চাপরে যোগসমীরদীপিতজ্ঞানাগ্নিনা রন্ধিতকর্ম্মকল্মষাঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। (ভগবতঃ) নখাঃ এব ইন্দবঃ তৈঃ হৃতা স্বধাম্নঃ দ্যুতিঃ যস্য সঃ স্বয়ং চ তৈঃ আবৃতঃ অজভবঃ ব্রহ্মা সত্যং সত্যলোকং প্রাপ্তং তৎ অঙ্ঘ্রিং সমীক্ষ্য অভ্যগাৎ।

শ্রীধরস্বামী।

একবিংশে পদাপূর্ত্তিমিষেণ বলিবন্ধনং।
বিষ্ণুনা কৃতমুৎকর্ষং তস্য খ্যাপয়িতুং জনে ॥ * ॥

উরুক্রমস্যাঙ্ঘ্রি স্তপসঃ পরং গত ইত্যুক্তং ততঃ কিং বৃত্তং তদাহ সত্যং সত্যলোকং প্রাপ্তং তমাঙ্ঘ্রিং সমীক্ষ্য অজভবোঽভ্যগাৎ। তথা মরীচিমিশ্রাদয়শ্চ ইতি দ্বয়োরন্বয়ঃ। কথংভূতোঽজভবঃ হরে রঙ্ঘ্রি র্নখা এব ইন্দব স্তৈর্হৃতা স্বধাম্নো দ্যুতি র্যস্য সঃ স্বয়ঞ্চ তৈরাবৃতঃ ছন্নঃ। হে নরদেব। বৃহদ্ব্রতা যোগিনশ্চ ॥ ১ ॥

অঙ্গানি শিক্ষাদীনি পুরাণানি সংহিতাশ্চ যোগএব সমীর স্তেন দীপিতং জ্ঞানমেবাগ্নিস্তেন রন্ধিতং দগ্ধং কর্ম্ম কল্মষং কর্ম্মমলং যেষাং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আনর্চ্চ চরণং ব্রহ্মা দৈত্যান্ যুদ্ধান্যবারয়ৎ।
বলিন্তং গরুড়োঽবধ্নদেকবিংশেঽর্থকোবিদঃ ॥ * ॥

অঙ্ঘ্রিঃ সত্যলোকং গত ইত্যুক্তং ততঃ কিং বৃত্তমিত্যত আহ সত্যমিতি। নখাএব ইন্দব স্তৈঃ সহ সত্যং সত্যলোকং সমীক্ষ্যাজভবো ব্রহ্মা অভ্যগাৎ মরীচ্যাদয়শ্চাভ্যগুঃ। ববন্দিরে

শুকদেব বলিলেন, হে নরনাথ! ভগবান্ উরুক্রমের দ্বিতীয় চরণ সত্য লোক পরিব্যাপ্ত করিলে, তদীয় চরণের নখচন্দ্রের দ্যুতিতে স্বকীয় ধাম সমাবৃত অবলোকন করিয়া, পদ্মযোনি ব্রহ্মা ভগবানের সমীপে আগমন করিলেন। তখন মরীচী প্রভৃতি ঋষিগণ, নারদাদি চির ব্রহ্মচারিগণ, সনন্দনাদি যোগিগণ, বেদ, উপবেদ, যমনিয়মাদি যোগাঙ্গসমূহ, ন্যায়শাস্ত্র, ইতিহাস, পুরাণ এবং সংহিতাদি অঙ্গশাস্ত্রসমূহ এবং অন্যান্য সকলে যাঁহারা যোগরূপ

আভাস।

এক বিংশতি অধ্যায়ে বলির উৎকর্ষ খ্যাপনার্থ তদীয় পদ পূরণচ্ছলে বিষ্ণু কর্ত্তৃক বলির বন্ধন।

ববন্দিরে যৎ স্মরণানুভাবতঃ স্বায়ম্ভুবং ধাম গতা অকর্ম্মকং ॥ ৩ ॥
অথাভ্যুয়ে প্রোন্নমিতায় বিষ্ণোরুপাহরৎ পদ্মভবোঽর্হণোদকং।
সমর্চ্চ্য ভক্ত্যাভ্যগৃণাচ্ছুচিশ্রবা যন্নাভিপঙ্কেরুহসম্ভবঃ স্বয়ং ॥ ৪ ॥
ধাতুঃ কমণ্ডলুজলং তদুরুক্রমস্য পাদাবনেজন-পবিত্রতয়া নরেন্দ্র।

অন্বয়ঃ।

হে নরদেব! মরীচিমিশ্রাঃ ঋষয়ঃ, বৃহদ্ব্রতাঃ নারদাদয়ঃ, সনন্দনাদ্যাঃ যোগিনঃ, বেদোপবেদাঃ, যমান্বিতাঃ নিয়মাঃ, তর্কঃ ন্যায়শাস্ত্রং ইতিহাসাদয়ঃ চ। যে চ অপরে যোগঃ এব সমীরঃ বায়ুঃ তেন দীপিতেন জ্ঞানাগ্নিনা রন্ধিতং দগ্ধং কর্ম্ম পাপাদিকং যেষাং তে তথাভূতাঃ সন্তঃ যস্য ভগবচ্চরণারবিন্দস্য স্মরণানুভাবতঃ অকর্ম্মকং স্বায়ম্ভুবং ব্রহ্মলোকং গতাঃ তে সর্ব্বে তং অভ্যুয়ং ববন্দিরে ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥

অথ অনন্তরং শুচিশ্রবাঃ বিমলকীর্ত্তিঃ, পদ্মভবঃ ব্রহ্মা স্বয়ং যস্য নাভিকমলসম্ভবঃ তস্য বিষ্ণোঃ প্রোন্নমিতায় ঊর্দ্ধং স্থিতায়, অভ্যুয়ে অর্হণোদকং অর্ঘ্যং উপাহরৎ সমর্পিতবান্, তথা অভ্যুয়ং সম্যক্ অর্চ্চা ভক্ত্যা অভ্যগৃণাৎ অস্তৌষীৎ ॥ ৪ ॥

হে নরেন্দ্র! তৎ অর্হণতয়া সমর্পিতং ধাতুঃ ব্রহ্মণঃ কমণ্ডলুজলং উরুক্রমস্য পাদয়োঃ

শ্রীধরস্বামী।

তে চ সর্ব্বে তমভ্যুয়ং ববন্দিরে। যস্যাভ্যুয়ং স্মরণানুভাবতঃ অকর্ম্মকং কর্ম্মভিরপ্রাপ্যং ॥ ৩ ॥
বিষ্ণোরভ্যুয়ে। স্বয়ং যস্য নাভিপঙ্কেরুহ-সম্ভবঃ তস্য বিষ্ণোরভ্যুয়ং সমর্চ্চ্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজভবশ্চ ববন্দে ইত্যুভয়েষামুভয়োরুভয়ক্রিয়াম্বয়ঃ। কীদৃশঃ নখেন্দুভি র্হতা স্তিরস্কৃতাঃ স্বধামদ্যুতয়ো যস্য সঃ স্বয়ঞ্চ তৈরাবৃতশ্ছন্ন ইতি নখেন্দুভিরিত্যস্য ত্রিষ্বপ্যন্বয়ঃ। তর্কো ন্যায়শাস্ত্রং। ইতিহাসো ভারতাদিঃ। অঙ্গানি শিক্ষাদীনি। পুরাণানি ব্রাহ্মাদীনি। সংহিতা ব্রহ্মসংহিতাদ্যাঃ। অকর্ম্মকং ন বিদ্যন্তে কর্ম্মকাণি নিকৃষ্টকর্ম্মাণি সাধনত্বেন যস্য তৎ ॥ ১—৩ ॥

অভ্যগৃণাৎ তুষ্টাব ॥ ৪ ॥

কমণ্ডলুজলং- পাদাবনেজনেন পবিত্রং ভূত্বা গঙ্গা অভূৎ। পঞ্চমস্কন্ধে তু সুমেরু-বর্ণনে

সমীরণের প্রভাবে প্রদীপিত জ্ঞানাগ্নিবলে পূর্ব্বসঞ্চিত পুণ্য-পাপাত্মক সমস্ত কর্ম্মের পরিদহনে ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন, তাঁহারা সকলে ব্রহ্মার সহিত তথায় উপনীত হইয়া, ভগবানের চরণ বন্দন করিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥

তখন বিমল-কীর্ত্তি ভগবান্ পদ্মযোনি স্বীয় ধামগত ভগবান্ বিষ্ণুর চরণ-কমলে অর্ঘ্যাদি উপহার প্রদান পূর্ব্বক, বিশেষ ভক্তি-সহকারে স্তব করিতে লাগিলেন ॥ ৪ ॥

স্বধুন্যভূন্নভসি সা পততী নিমার্ষ্টি লোকত্রয়ং ভগবতো বিশদেবকীর্ত্তিঃ ॥ ৫ ॥

ব্রহ্মাদয়ো লোকনাথাঃ স্বনাথায় সমাদৃতাঃ।
সানুগা বলিমাজহ্রুঃ সংক্ষিপ্তাত্মবিভূতয়ে ॥
তোয়ৈঃ সমর্হণৈঃ স্রগ্ভি র্দ্দিব্য-গন্ধানুলেপনৈঃ।
ধূপৈ র্দীপৈঃ সুরভিভি র্লাজাক্ষত-ফলোৎকরৈঃ ॥
স্তবনৈ র্জয়-শব্দৈশ্চ তদ্বীর্য্যমহিমাঙ্কিতৈঃ।
নৃত্য-বাদিত্র-গীতৈশ্চ শঙ্খ-দুন্দুভিনিঃস্বনৈঃ ॥

অন্বয়ঃ।

অবনেজনেন প্রক্ষালনেন পবিত্রতয়া স্বধুনী গঙ্গা অভূৎ। যা নভসি আকাশে পততী পতন্তী সতী ভগবতঃ বিশদা কীর্ত্তিঃ ইব লোকত্রয়ং নিমার্ষ্টি পবিত্রীকরোতি ॥ ৫ ॥

ততশ্চ সমাদৃতাঃ সানুগাঃ লোকনাথাঃ ব্রহ্মাদয়ঃ সংক্ষিপ্তাত্মবিভূতয়ে (সংক্ষিপ্তা উপসংহৃতা আত্মবিভূতিঃ স্বদেহবিস্তারঃ যেন তস্মৈ বামনরূপেণ স্থিতায়) স্বনাথায় স্বামিনে বলিং উপহারং আজহ্রুঃ পূজাং কৃতবন্তঃ ॥

তোয়ৈঃ সমর্হণৈঃ অর্ঘ্যজলৈঃ দিব্যঃ গন্ধঃ যেষাং তৈঃ, অনুলেপনৈঃ চন্দনাদিভিঃ লাজাঃ ভৃষ্টধানাঃ, অক্ষতাঃ যবদুর্ব্বাদ্যঙ্কুরাঃ তৈঃ ॥

তস্য ভগবতঃ বীর্য্যং পরাক্রমঃ মহিমা বিভূতিঃ তাভ্যাং অঙ্কিতৈঃ স্তবনৈঃ স্তোত্রৈঃ। নৃত্যাদিভিঃ ॥

শ্রীধরস্বামী।

লোকত্রয়ং নিমার্ষ্টি পবিত্রয়তি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বামপাদাঙ্গুষ্ঠনখনির্ভিন্নোর্দ্ধাণ্ড-কটাহ-বহির্জলধারৈব গঙ্গা। ক্বচিত্তু সাক্ষান্নারায়ণএব দ্রবরূপেণ গঙ্গেত্যতো জলত্রিতয়মেব মিলিতং গঙ্গাভূদিতি জ্ঞেয়ং। পততী পতন্তী। নিমার্ষ্টি পবিত্রয়তি ॥ ৫ ॥

সংক্ষিপ্তাত্মবিভূতয়ে ত্রিবিক্রমস্বরূপমন্তর্দ্ধাপ্য বামন-স্বরূপেণৈব স্থিতায়েত্যর্থঃ। তদেব

হে নরেন্দ্র! উপহার-স্বরূপে প্রদত্ত ব্রহ্মার কমণ্ডলুস্থ বারি উরুক্রমের চরণ প্রাক্ষালনে পবিত্র হইয়া, স্বধুনী গঙ্গা নামে প্রবাহিত হইল এবং নভোভাগে সেই জল পতিত হইয়া, ভগবানের বিশদ কীর্ত্তির পরিচয়ে ত্রিভুবনকে অদ্যাপি পবিত্র করিতেছেন ॥ ৫ ॥

অনন্তর অনুচরবর্গ সহ সমাদৃত ব্রহ্মাদি লোকপালগণ সেই আত্মস্বরূপে উপসংহৃত সর্ব্ব-বিভূতি-বিশিষ্ট বামন-বিগ্রহধারী ত্রিলোকনাথ ভগবানের সমীপে পূজাদ্রব্য সংগ্রহে যথাবিধি পূজা করিয়াছিলেন ॥

পবিত্র শীতল জল, সুন্দর মাল্য, সুগন্ধ চন্দন এবং অনুলেপন দ্রব্য,

জাম্ববান্ঋক্ষরাজস্তু ভেরীশব্দৈ র্মনোজবঃ।
বিজয়ং দিক্ষু সর্ব্বাসু মহোৎসবমঘোষয়ৎ ॥ ৬ ॥
মহীং সর্ব্বাং হৃতাং দৃষ্ট্বা ত্রিপদব্যাজ-যাচ্ঞয়া।
ঊচুঃ স্বভর্ত্তুরসুরা দীক্ষিতস্যাত্যমর্ষিতাঃ ॥ ৭ ॥
নবা অয়ং ব্রহ্মবন্ধু র্বিষ্ণু র্মায়াবিনাম্বরঃ।
দ্বিজরূপপ্রতিচ্ছন্নো দেবকার্য্যং চিকীর্ষতি ॥

অন্বয়ঃ।

মনোবৎ জবঃ বেগঃ যস্য সঃ ঋক্ষাণাং রাজা জাম্ববান্ ভেরীশব্দৈঃ সর্ব্বাসু দিক্ষু মহোৎসবং বামনস্য বিজয়ং অঘোষয়ৎ ॥ ৬ ॥

ত্রিপদানি ব্যাজমাত্রং যস্যাঃ তয়া যাচ্ঞয়া স্বভর্ত্তুঃ দীক্ষিতস্য বলেঃ, সর্ব্বাং মহীং হৃতাং দৃষ্ট্বা অত্যমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ অসুরাঃ পরস্পরং ঊচুঃ ॥ ৭ ॥

অয়ং বামনঃ ব্রহ্মবন্ধুঃ ন ভবতি কিন্তু মায়াবিনাং বরঃ শ্রেষ্ঠঃ বিষ্ণুঃ এব দ্বিজরূপেণ প্রতিচ্ছন্নঃ সন্ দেবকার্য্যং কর্ত্তুং ইচ্ছতি ॥

শ্রীধরস্বামী।

সংক্ষিপ্তা উপসংহৃতা আত্মবিভূতিঃ স্ববিস্তারো যেন তস্মৈ। যথাপূর্ব্বং বামনরূপেণ স্থিতায়েত্যর্থঃ ॥ ৬ ॥

ত্রিপদবিষয়া যা ব্যাজযাচ্ঞা কপটযাচ্ঞা তয়া স্বভর্ত্তুর্বলে র্মহীং হৃতাং দৃষ্ট্বা ঊচুঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মাদয় স্তত্রৈবাগত্য তোয়াদিভিঃ পাদ্যাদিভি র্বলিং পূজাং আজহ্রুরুপকল্পয়ামাসুঃ ॥ ৬ । ৭ ॥

সুবাসিত ধূপ দীপ, লাজ, অক্ষত (আতপ তণ্ডুল) এবং নানাবিধ ফলাদি প্রদানে ভগবানের অর্চ্চনা করত তদীয় বীর্য্য এবং মহিমা-প্রকাশক বাক্যের দ্বারা এবং জয়-শব্দের উচ্চারণে সকলে ভগবানের স্তব করিতে লাগিলেন। এদিকে নৃত্য গীত বাদিত্র এবং শঙ্খ দুন্দুভির ধ্বনিতে মহান্ উৎসবেরই পরিচয় হইয়া উঠিল। এতদ্দর্শনে মনের ন্যায় তীব্রবেগ ঋক্ষরাজ জাম্ববান্ ভেরী-ধ্বনির দ্বারা উক্ত জয়োৎসব ব্যাপার সকল দিক্ দিগন্তে ঘোষিত করিতে লাগিলেন ॥ ৬ ॥

এদিকে ত্রিপাদ-ভূমি যাচ্ঞার ছলনায় বামনদেব আপনাদের প্রভু বলি-রাজের নিকট হইতে সমগ্রা ধরণী হরণ করিয়াছেন এবং বলিরাজ যজ্ঞ-কার্য্যে দীক্ষিত থাকার অনুরোধে তাহার কোনরূপ প্রতিকার করিতে পারেন নাই, দেখিয়া দৈত্যগণ ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিল এবং পরস্পরে বলিল যে ॥ ৭ ॥

এই বামন প্রকৃত ব্রাহ্মণ নহেন; ইনি একজন প্রচণ্ড মায়াবী। ব্রাহ্মণের

অনেন যাচমানেন শক্রণা বটুরূপিণা।
সর্ব্বস্বং নো হৃতং ভর্ত্তুর্ন্যস্তদণ্ডস্য বর্হিষি॥
সত্যব্রতস্য সততং দীক্ষিতস্য বিশেষতঃ।
নানৃতং ভাষিতুং শক্যং ব্রহ্মণ্যস্য দয়াবতঃ॥ ৮॥
তস্মাদস্য বধো ধর্ম্মো ভর্ত্তুঃ শুশ্রূষণঞ্চ নঃ।
ইত্যায়ুধানি জগৃহুর্ব্বলেরনুচরাসুরাঃ॥

অন্বয়ঃ।

অতঃ যাচমানেন বটুরূপিণা অনেন শক্রণা বিষ্ণুনা, বর্হিষি যজ্ঞে, ন্যস্তদণ্ডস্য নঃ অস্মাকং, ভর্ত্তুঃ সর্ব্বস্বং হৃতং॥

সততং সর্ব্বদা সত্যব্রতস্য সত্যসংকল্পস্য, বিশেষতঃ যজ্ঞে দীক্ষিতস্য দয়াবতঃ ব্রহ্মণ্যস্য ব্রাহ্মণভক্তস্য, প্রভোঃ (প্রভুণা) অনৃতং ভাষিতুং ন শক্যং॥ ৮॥

তস্মাৎ অস্য বামনস্য বধঃ এব নঃ অস্মাকং ধর্ম্মঃ; অনেন ভর্ত্তুঃ শুশ্রূষণং ভবেৎ ইতি এবং বদন্তঃ বলেঃ অনুচরাঃ অসুরাঃ আয়ুধানি জগৃহুঃ॥

শ্রীধরস্বামী।

কিমুচুস্তদাহ নবা ইতি সার্দ্ধৈস্ত্রিভিঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বর্হিষি যজ্ঞে॥ ৮॥

বিগ্রহে আপনাকে প্রচ্ছন্ন করত এই ভগবান্ বিষ্ণু দেবপক্ষের সহায়তা এবং আনুকূল্য করিতেই একান্ত বাসনা করিতেছেন॥

আমাদের প্রভু প্রবল-পরাক্রম বলি রাজসূয় যজ্ঞে দীক্ষিত; সংকল্প পূর্ব্বক সুতরাং দানেই ব্রতী হইয়াছেন; সুতরাং তাঁহার দ্বারা দুষ্টের কোনরূপ দণ্ডের ব্যবস্থা হইবে না জানিয়াই, ব্রাহ্মণ-কুমারের রূপ ধারণে সাক্ষাৎ পরম শত্রু বিষ্ণু কেবল ছলনা পূর্ব্বক প্রার্থনা করিয়া, ইহার সর্ব্বস্ব হরণ করিলেন॥

অহো! আমাদের প্রভু নিরন্তর সত্যপরায়ণ দাতা দয়ালু এবং ব্রাহ্মণ-ভক্ত! বিশেষত এই সময় তিনি সংকল্প পূর্ব্বক যজ্ঞে দীক্ষিত আছেন! সুতরাং তাদৃশ ব্যক্তির দ্বারা মিথ্যা ব্যবহারও কিছুতেই সম্ভবপর নহে। অতএব প্রতিশ্রুত হইয়া, আর তাহার অন্যথা করিতেও পারিলেন না॥ ৮॥

কিন্তু আমাদের দ্বারা উক্ত বামনের নিধন হওয়া একান্ত প্রয়োজন; তাহা হইলে প্রভুর প্রকৃত শুশ্রূষা আমাদের করা হয়। এই প্রকার বলিয়া, বলিরাজের অনুচর দৈত্যগণ বামন-বধার্থ অস্ত্র শস্ত্র গ্রহণে প্রস্তুত হইল॥

হে রাজেন্দ্র! বলিরাজের অনিচ্ছা সত্ত্বেও ক্রুদ্ধ দানবগণ বামনকে নিহত

তে সর্ব্বে বামনং হন্তুং শূলপট্টিশপাণয়ঃ।
অনিচ্ছতো বলে রাজন্ প্রাদ্রবন্ জাতমন্যবঃ॥
তানভিদ্রবতো দৃষ্ট্বা দিতিজানীকপান্ নৃপ।
প্রহস্যানুচরা বিষ্ণোঃ প্রত্যষেধন্ দায়ুধাঃ।
নন্দঃ সুনন্দোঽথ জয়ো বিজয়ঃ প্রবলো বলঃ।
কুমুদঃ কুমুদাক্ষশ্চ বিষ্বক্সেনঃ পতত্রিরাট্।
জয়ন্তঃ শ্রুতদেবশ্চ পুষ্পদন্তোঽথ সাত্বতঃ॥
সর্ব্বে নাগাযুত-প্রাণাশ্চমুন্তে জঘ্নুরাসুরীং।
হন্যমানান্ স্বকান্ দৃষ্ট্বা পুরুষানুচরৈর্ব্বলিঃ।
বারয়ামাস সংরব্ধান্ কাব্যশাপমনুস্মরন্॥ ৯॥

অন্বয়ঃ।

হে রাজন্! শূলাদয়ঃ পাণিষু যেষাং তে জাতমন্যবঃ ক্রুদ্ধাঃ, সর্ব্বে তে অসুরাঃ বলেঃ অনিচ্ছতঃ এব বামনং হন্তুং প্রাদ্রবন্॥

হে নৃপ! দিতিজানাং দৈত্যানাং অনীকপান সেনাপতীন্, অভিদ্রবতঃ দৃষ্ট্বা উদ্যতায়ুধাঃ (উদ্যতানি আয়ুধানি যেষাং তে) বিষ্ণোঃ পার্ষদাঃ প্রহস্য ন্যষেধন্ নিবারয়ামাসুঃ॥

নাগাযুতপ্রাণাঃ নাগাযুতস্য হস্তিদশ-সহস্রস্য প্রাণঃ ইব বলং যেষাং তে সর্ব্বে নন্দাদয়ঃ বিষ্ণুপার্ষদাঃ আসুরীং চমূং সেনাং জঘ্নুঃ॥

পুরুষানুচরৈঃ ভগবৎপার্ষদৈঃ স্বকান্ দৈত্যান্ হন্যমানান্, দৃষ্ট্বা সংরব্ধান্ অতিক্রুদ্ধান্, তান্ কাব্যশাপং অনুস্মরন্ বারয়ামাস॥ ৯॥

শ্রীধরস্বামী।

অনুচরাশ্চ তেঽসুরাশ্চ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জয় বিজয় ইতি ভগবতো ব্রহ্মণ্যত্বস্য ভক্তানামপরাধবিভীষিকায়াশ্চ প্রদর্শনার্থমেবানয়োঃ

করিবার অভিপ্রায়ে শূল এবং পট্টিশাদি অস্ত্র-সমূহ লইয়া, তদভিমুখে যুদ্ধার্থ ধাবিত হইল॥

দৈতেয় সেনাপতিগণকে যুদ্ধার্থ অভিমুখে ধাবিত হইতে দেখিয়া, উদ্যতাস্ত্র বিষ্ণুর অনুচরগণ তাহাদের প্রতিরোধ করিলেন॥

এবং দশ সহস্র হস্তিতুল্য বলশালী নন্দ, সুনন্দ, জয়, বিজয়, প্রবল, বল, কুমুদ, কুমুদাক্ষ, বিষ্বক্সেন, পতত্রিরাট্, জয়ন্ত, শ্রুতদেব, পুষ্পদন্ত এবং সাত্বত প্রভৃতি বিষ্ণু-পার্ষদগণ দৈত্যসেনাকুলকে নিহত করিতে লাগিলেন॥

মহাপুরুষের কিঙ্করগণ কর্ত্তৃক স্বকীয় উদ্ধত দৈত্য সৈন্যগণ নিহত হই-

হে বিপ্রচিত্তে হে রাহো হে নেমে শ্রূয়তাং বচঃ।
মাযুধ্যত নিবর্ত্তধ্বং ন নঃ কালোঽয়মর্থকৃৎ ॥ ১০ ॥
যঃ প্রভুঃ সর্ব্বভূতানাং সুখদুঃখোপপত্তয়ে।
তং নাতিবর্ত্তিতুং দৈত্যাঃ পৌরুষৈরীশ্বরঃ পুমান্ ॥
যো নো ভবায় প্রাগাসীদভবায় দিবৌকসাং।
সএব ভগবানদ্য বর্ত্ততে তদ্বিপর্য্যয়ং ॥

অন্বয়ঃ।

হে বিপ্রচিত্ত্যাদয়ঃ! যুষ্মাভিঃ মে বচঃ শ্রূয়তাং! মা যুধ্যত! কিন্তু নিবর্ত্তধ্বং! যতঃ অয়ং কালঃ নঃ অস্মাকং অর্থকৃৎ অনুকূলঃ ন ॥ ১০ ॥

হে দৈত্যাঃ! যঃ কালঃ সর্ব্বেষাং ভূতানাং সুখদুঃখয়োঃ উপপত্তয়ে প্রদানায়, প্রভুঃ সমর্থঃ, তং পৌরুষৈঃ পরাক্রমাদিভিঃ, অতিবর্ত্তিতুং পুমান্ ঈশ্বরঃ সমর্থঃ ন ভবতি ॥

যঃ কালরূপঃ ভগবান্ প্রাক্ পূর্ব্বং নঃ অস্মাকং ভবায় উদ্ভবায়, তথা দিবৌকসাং অভবায় চ আসীৎ সঃ এব অদ্য ততঃ বিপর্য্যয়ং (অস্মাকং অভবায়, দেবানাং ভবায়) বর্ত্ততে ॥

শ্রীধরস্বামী।

অর্থকৃৎ অনুকূলঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকাশাবেব বৈকুণ্ঠাদধঃ পেতত্বু রিতি তৃতীয়ে বৈকুণ্ঠবর্ণনএব ব্যাখ্যাতং। নাগা হস্তিন স্তেচ লোকালোকোপরিবর্ত্তিনো ভগবদ্বিভূতিরূপা বৈকুণ্ঠবর্ত্তিনো বা জ্ঞেয়াঃ ॥ ৯ ॥ ১০ ॥

তেছে অবলোকন করিয়া, দৈত্যপতি বলি কুলগুরু শুক্রাচার্য্যের অভিসম্পাত স্মরণ পূর্ব্বক, তাহাদিগকে নিষেধ করত বলিলেন— ॥ ৯ ॥

হে বিপ্রচিত্তে! হে রাহো! হে নেমে! তোমরা সকলে আমার কথা শ্রবণ কর! আর যুদ্ধ করিও না! উপস্থিত সময় আমাদের অনুকূল নহে। অতএব এক্ষণে কার্য্য-সিদ্ধির কোন সম্ভাবনাই নাই! তোমরা এক্ষণে যুদ্ধে ক্ষান্ত হও! ॥ ১০ ॥

এই সমগ্র প্রাণিমাত্রেরই সুখ বা দুঃখের প্রাপ্তি যে সর্ব্বনিয়ন্তা কালের উপর নির্ভর করে, হে দৈত্যগণ! জগতে এমন কোন ব্যক্তি নাই যে, স্বীয় পরাক্রম-বলে সেই কালকে অতিক্রম করিতে পারে! ॥

অতএব পূর্ব্বে যিনি আমাদের উন্নতি-সাধনে অনুকূল থাকিয়া, স্বর্গবাসী দেবতাগণের প্রতিকূলাচরণ করিয়াছিলেন, এক্ষণে সেই ভগবদ্রূপী কাল স্বয়ং তাহার অন্যথাচরণে দেবতাগণের অনুকূল হইয়া, আমাদের বিরুদ্ধাচরণ করিতেছেন।

তোমরা বিশেষরূপে বিবেচনা করিয়া দেখ যে, সৈন্যবল, অমাত্য, বিচার-

বলেন সচিবৈর্বুদ্ধ্যা দুর্গমন্ত্রৌষধাদিভিঃ।
সামাদিভিরুপায়ৈশ্চ কালং নাত্যেতি বৈ জনঃ ॥ ১১ ॥
ভবদ্ভি র্নির্জিতা হ্যেতে বহুশোঽনুচরা হরেঃ।
দৈবেনর্দ্ধৈ স্তএবাদ্য যুধি জিত্বা নদন্তি নঃ ॥ ১২ ॥
এতান্ বয়ং বিজেষ্যামো যদি দৈবং প্রসীদতি।
তস্মাৎ কালং প্রতীক্ষধ্বং যো নোঽর্থত্বায় কল্পতে ॥

অন্বয়ঃ।

বলেন সচিবৈঃ বুদ্ধ্যা, দুর্গমন্ত্রৌষধাদিভিঃ সামাদিভিঃ উপায়ৈঃ চ জনঃ বৈ নিশ্চিতং, কালং ন অত্যেতি ন অতিক্রামতি ॥ ১১ ॥

দৈবেন কালেন, ঋদ্ধৈঃ সমৃদ্ধৈঃ, এতে হরেঃ অনুচরাঃ ভবদ্ভিঃ বহুশঃ নির্জিতাঃ ; তে এব অদ্য যুধি নঃ অস্মান্, জিত্বা নদন্তি ॥ ১২ ॥

পুনঃ যদি দৈবং কালঃ, প্রসীদতি অনুকূলঃ ভবতি, তদা বয়ং অপি এতান্ বিজেষ্যামঃ ; তস্মাৎ যঃ কালঃ নঃ অস্মাকং অর্থত্বায় অর্থ-সাধনায়, কল্পতে তং কালং প্রতীক্ষধ্বং ॥

শ্রীধরস্বামী।

পৌরুষে স্তমতিবর্ত্তিতুং পুমানীশ্বরঃ সমর্থো ন ভবতি ॥ ১১ ॥

হরেরনুচরা দেবাঃ দৈবেন ঋদ্ধৈঃ সমৃদ্ধৈ র্ভবদ্ভিঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালং কালরূপিণং প্রভুং ॥ ১১ ॥

এবং তত্ত্বোপদেশমগৃহ্নত স্তমোগ্রস্তান্ সুরানালক্ষ্য প্রোৎসাহনেন দৈত্যানুকূলমন্ত্রোপদেশেন নিবর্ত্তয়িতুমাহ ভবদ্ভিরিতি। দৈবেন ঋদ্ধৈঃ সমৃদ্ধৈ র্ভবদ্ভিঃ ॥ ১২ ॥

অর্থত্বায় অর্থসাধকত্বায় ॥

বুদ্ধি, দুর্গ, মন্ত্র ও ঔষধির বলে বা সাম, দান, দণ্ড, ভেদ প্রভৃতি নীতির আশ্রয়ে কেহ কখন কালকে অতিক্রম করিতে পারে নাই ॥ ১১ ॥

অহো! শ্রীহরির এই সকল অনুচরবর্গকে তোমরা পূর্ব্বে কতবার পরাজয় করিয়াছ! কিন্তু এক্ষণে তাহারা দৈবের আনুকূল্যে সমৃদ্ধি সম্পন্ন হইয়া, সেই তোমাদিগকেই আবার যুদ্ধে পরাজয় করত, কিরূপ দর্পের পরিচয়ে আস্ফালন করিতেছে ! ॥ ১২ ॥

দেখ! দৈব যদি সুপ্রসন্ন হন, তাহা হইলে আমরা পুনরায় ইহাদিগকে পরাজয় করিব ; সন্দেহ নাই। অতএব কাল যদবধি আমাদের অভীষ্ট সিদ্ধির জন্য অনুকূল না হন, তদবধি তোমরা প্রতীক্ষা কর ! ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! প্রভু দৈত্যেশ্বরের বাক্য শ্রবণে দৈত্য দানব-

শ্রীশুক উবাচ।
পত্যুর্নিগদিতং শ্রুত্বা দৈত্য-দানব-যূথপাঃ।
রসাং নির্ব্বিবিশূ রাজন্ বিষ্ণুপার্ষদ-তাড়িতাঃ॥ ১৩॥
অথ তার্ক্ষ্যসুতো জ্ঞাত্বা বিরাট্ প্রভুচিকীর্ষিতং।
ববন্ধ বারুণৈঃ পাশৈ র্বলিং সুত্যেঽহনি ক্রতৌ॥ ১৪॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! এবং পত্যুঃ স্বামিনঃ বলেঃ নিগদিতং বাক্যং, শ্রুত্বা তে দৈত্যদানব-যূথপাঃ বিষ্ণুপার্ষদৈঃ তাড়িতাঃ সন্তঃ রসাতলং নির্ব্বিবিশুঃ॥ ১৩॥

অথ অনন্তরং বিরাট্ (বিষু পক্ষিষু রাজতে ইতি) পক্ষিরাজঃ তার্ক্ষ্যসুতঃ গরুড়ঃ প্রভুচিকীর্ষিতং (প্রভোঃ ভগবতঃ চিকীর্ষিতং অভিপ্রায়ং) জ্ঞাত্বা ক্রতৌ যজ্ঞে, সুত্যে অহনি সোমাভিসবদিনে বারুণৈঃ পাশৈঃ বলিং ববন্ধ॥ ১৪॥

শ্রীধরস্বামী।

অর্থত্বায় আনুকূল্যায়॥ ১৩॥

বিষু পক্ষিষু রাজত ইতি বিরাট্। প্রভোশ্চিকীর্ষিতং জ্ঞাত্বা অয়মর্থঃ। অস্য সর্ব্বস্বাপহারেণ মমেত্যভিমানং সংত্যজ্য ইদানীং দেহস্বীকারেণ অহঙ্কারমপি ত্যাজয়িত্বা পরমানুগ্রহং কর্ত্তুমিচ্ছতি। ন চানেন তুল্যঃ অন্যঃ কোঽপি সত্যসন্ধো ধীরো বাস্তীতি তদ্বশঃ প্রখ্যাপনার্থং কিঞ্চিৎ যাতয়িতুমপীচ্ছতীতি প্রভোরভিপ্রায়ং জ্ঞাত্বা তং ববন্ধেতি। সুত্যেঽহনি সোমাভিসবদিনে॥১৪

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রসাং রসাতলং। ১৩॥

বিষু পক্ষিষু রাজত ইতি বিরাট্। প্রভোশ্চিকীর্ষিতং জ্ঞাত্বেতি অস্য মমতাস্পদং সর্ব্বমঙ্গীকৃত্য অহন্তাস্পদমপ্যঙ্গীকর্ত্তুমিচ্ছতি মৎপ্রভুঃ প্রতিদানাসামর্থ্যমভিদ্যোত্যাস্য ঋণী ভবন্ দ্বারপালো বুভূষতি স্বস্য ভক্তাধীনত্বং ভক্তস্যচ সর্ব্বোৎকর্ষং লোকেষু খ্যাপয়িতুমতো দণ্ডেনাপ্যনশ্বরমস্য ধৈর্য্যং দর্শয়ামি সর্ব্বলোকানিতি ববন্ধ সুত্যেঽহনি সোমাভিসবদিনে॥ ১৪॥

যূথপতিগণ যুদ্ধ হইতে প্রতিনিবৃত্ত হইল এবং বিষ্ণু-পার্ষদগণের তাড়নায় বিব্রত হইয়া, সকলে রসাতলে প্রবেশ করিল॥ ১৩॥

এদিকে তার্ক্ষ্যনন্দন পক্ষিরাজ গরুড় দেখিলেন যে, ভগবান্ বলিরাজের সর্ব্বস্ব হরণ করত, "আমার" বলিবার তাঁহার কিছুই রাখেন নাই; এক্ষণে তদীয় দেহ পর্য্যন্ত আত্মসাৎ করত অহঙ্কারকে পরিত্যাগ করাইয়া তৎ প্রতি বিশেষ অনুগ্রহ করিবারই বাসনা করিয়াছেন এবং বলিরাজের ন্যায় সহিষ্ণু এবং সত্যপ্রতিজ্ঞ ভক্ত যে আর কেহ নাই, তাহার পরিচয়ার্থ আরও কিছু যাতনা দিতে তিনি ইচ্ছুক বিবেচনা করিয়া, যজ্ঞের সোমাভিসব দিবসে বারুণপাশে গরুড় বলিকে বন্ধন করিলেন॥ ১৪॥

হাহাকারো মহানাসীদ্রোদস্যোঃ সর্ব্বতো দিশং।
নিগৃহ্যমাণেঽসুরপতৌ বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥
তং বদ্ধং বারুণৈঃ পাশৈ র্ভগবানাহ বামনঃ।
নষ্টশ্রিয়ং স্থিরপ্রজ্ঞমুদারযশসং নৃপ ॥
পদানি ত্রীণি দত্তানি ভূমে র্মহ্যং ত্বয়াসুর।
দ্বাভ্যাং ক্রান্তা মহী সর্ব্বা তৃতীয়মুপকল্পয় ॥ ১৫ ॥
যাবত্তপত্যসৌ গোভি র্যাবদিন্দুঃ সহোড়ুভিঃ।

অন্বয়ঃ।

প্রভবিষ্ণুনা বিষ্ণুনা অসুরপতৌ বলৌ নিগৃহ্যমাণে সতি রোদস্যোঃ দ্যাবাপৃথিব্যোঃ, সর্ব্বতো দিশং সর্ব্বদিক্ষু মহান্ হাহাকারঃ শব্দঃ আসীৎ ॥

হে নৃপ! নষ্টশ্রিয়ং বারুণৈঃ পাশৈঃ বদ্ধং তথাপি স্থিরপ্রজ্ঞং (স্থিরা প্রজ্ঞা বুদ্ধিঃ যস্য তং) উদার-যশসং বিপুলকীর্ত্তিং, তং বলিং, ভগবান্ বামনঃ, আহ ॥

হে অসুর! ভূমেঃ ত্রীণি পদানি ত্বয়া মহ্যং দত্তানি (দাস্যামীতি প্রতিশ্রুতানি) তত্র দ্বাভ্যাং পদ্ভ্যাং তব সর্ব্বা মহী ময়া ক্রান্তা গৃহীতা; ইদানীং তৃতীয়-পদস্থানং উপকল্পয় দেহি! ॥ ১৫ ॥

অসৌ সূর্য্যঃ, গোভিঃ কিরণৈঃ, যাবৎ তপতি, উড়ুভিঃ নক্ষত্রৈঃ সহ ইন্দুঃ চন্দ্রঃ, যাবৎ

শ্রীধরস্বামী।

রোদস্যো র্দ্যাবাপৃথিব্যোঃ। ভ্রষ্টশ্রিয়ং বিগতসম্পৎকং। তদপি স্থিরপ্রজ্ঞং অক্ষুব্ধধিয়ং। রোদস্যো র্দ্যাবা-পৃথিব্যোঃ ॥ ১৫ ॥ অসৌ সূর্য্যঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত উদারযশসং সংপত্তেরপচয়েঽপি যশসোঽত্যুপচয়ং প্রাপ্তমিত্যর্থঃ ॥
মহী ত্বৎস্বামিকং স্থানং ॥ ১৫ ॥
অসৌ সূর্য্যঃ। তনো স্তত্র। স্বং ত্বদীয়ং ধনং। আত্মনা স্বরূপেণৈব ন চ ত্রিবিক্রমত্ব-

অহো! সর্ব্বেশ্বর বিষ্ণু এই প্রকারে দৈত্যপতির নিগ্রহ করিলে, মর্ত্তধাম ও স্বর্গলোক ব্যাপিয়া সর্ব্বদিক্ হইতে হাহাকার শব্দ উত্থিত হইল ॥

হে রাজন্! হৃতসর্ব্বস্ব বলি এই প্রকারে বারুণ পাশে বদ্ধ হইয়াও, অটল ভাবে অবস্থান করিতেছিলেন; তাঁহার প্রজ্ঞার কিছুমাত্র বৈলক্ষণ্য ঘটে নাই। তখন ভগবান্ বামনদেব সেই বিপুলকীর্ত্তি বলিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥

রে অসুর! তুমি ত্রিপাদ মাত্র ভূমি আমাকে দিবে বলিয়া স্বীকার করিয়াছ; কিন্তু দুই পাদে তোমার যাবদীয় মহী পরিব্যাপ্ত করা হইয়াছে; এক্ষণে তৃতীয় চরণ পরিমিত স্থান তুমি আমাকে প্রদান কর! ॥ ১৫ ॥

দিবাকর স্বীয় কিরণ জ্যোতিতে যতদূর আলোকিত করেন এবং তারকা-

যাবদ্বর্ষতি পর্জ্জন্য স্তাবতী ভূরিয়ং তব ॥ ১৬ ॥
পদৈকেন ময়াক্রান্তো ভূর্লোকঃ খং দিশ স্তনোঃ।
স্বর্লোক স্তে দ্বিতীয়েন পশ্যত স্তে স্বমাত্মনা ॥ ১৭ ॥
প্রতিশ্রুতমদাতু স্তে নিরয়ে বাস ইষ্যতে।

অন্বয়ঃ।

প্রকাশতে, পর্জ্জন্যঃ মেঘঃ যাবৎ বর্ষতি তাবতী ইয়ং ভূঃ তব এব ॥ ১৬ ॥

একেন পদা ময়া ভূর্লোকঃ ক্রান্তঃ ; তথা খং অন্তরীক্ষং, দিশঃ চ তনোঃ তস্যা, আত্মনা ; দ্বিতীয়েন পদা স্বর্লোকঃ ক্রান্তঃ। এবং তে তব পশ্যতঃ এব আত্মনা ব্যাপকেন ময়া তে স্বং সর্ব্বস্বং, গৃহীতং (তৃতীয়পদন্যাসার্থা ত্বদীয়া ভূমি র্নাস্তি) ॥ ১৭ ॥

অতঃ প্রতিশ্রুতং তৃতীয়পদস্থানং অদাতুঃ তে তব নিরয়ে নরকে বাসঃ ইষ্যতে ইষ্টঃ

শ্রীধরস্বামী।

ময়া আত্মনেত্যন্বয়ঃ ব্যাপিনেত্যর্থঃ। খঞ্চ দিশশ্চ তনো স্তস্যা তে স্বং সর্ব্বস্বং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্যদীয়ং স্বরূপমিতি ভাবঃ। পদৈকেন ময়াক্রান্ত ইতি পূর্ব্বতো লোকালোকাৎ পশ্চিমতো-ঽলোকালোকঃ একেনৈব পদা ময়াক্রান্ত ইত্যর্থঃ ॥ ১৬ ॥

তর্হি ময়া কিং কর্ত্তব্যমিতি চেৎ নিরয়ে বাসঃ ক্রিয়তামিতি। তস্য ধীরত্বং নিরুপাধি-ভক্তি-নিষ্ঠাং চ লোকে খ্যাপয়িতুং প্রকটমাহ প্রতীতি। নিরয়ে নরকে। গুরুণা অনুমোদিত ইতি কিমহং যুক্তং ব্রবীম্যুতাযুক্তং বেতি তত্ত্বং স্বগুরুং বিদ্বাংসং শুক্রাচার্য্যমেব পৃষ্টেতি ভাবঃ। বস্তুতস্তু ভক্তাভাসস্যাপি নরকাসম্ভবাৎ প্রতিশ্রুতমদাতুরপি তে নিরয়ে। রলয়োরৈক্যাৎ নিলয়ে মদীয়ে বৈকুণ্ঠে এব বাস ইষ্যতে উচিতো ভবতি। যদ্যপি তদপি সংপ্রতি নিলয়ং ময়া দীয়মানং সুতলাখ্যং মদীয়-স্থান-বিশেষং বিশ ত্বদধিকারান্তে এব বৈকুণ্ঠে ত্বাং বাসয়িষ্যামীতি ভাবঃ। গুরুণা শুক্রেণেতি যদ্যপি ত্বং স্বগুরুং তং মদ্বিমুখং জ্ঞাত্বা সম্প্রত্যবমনস্যসে তদপি সত্ত্ব-

---

জালে বেষ্টিত নিশানাথ যতদূর পর্য্যন্ত শোভিত করেন এবং জলদগণ যত দূর পর্য্যন্ত বর্ষণ করেন, এই সমস্ত ভূমিই তোমার অধিকারভুক্ত ॥ ১৬ ॥

কিন্তু আমি একটী পাদ বিন্যাসে তোমার যাবতীয় ভূলোক অধিকার করিয়াছি এবং তদুপলক্ষে মদীয় দেহের বিস্তারে সমস্ত দিক্ ও অন্তরীক্ষ লোক ব্যাপ্ত করা হইয়াছে ; এদিকে দ্বিতীয় চরণের দ্বারা তোমার স্বর্গলোক আবরণ করায় তোমার সর্ব্বস্বই গ্রহণ করা হইল। তৃতীয় পাদন্যাসের ভূমি তোমার আর নাই ॥ ১৭ ॥

এক্ষণে প্রতিশ্রুত হইয়া যদি না দাও, তাহা হইলে তোমাকে নরকগামী হইতে হইবে। তোমার আচার্য্য উশনাও এ কথা তোমাকে বলিয়াছেন ;

বিশ ত্বং নিরয়ং তস্মাদ্গুরুণা চানুমোদিতঃ ॥ ১৮ ॥
বৃথা মনোরথ স্তস্য দূরঃ স্বর্গঃ পততাধঃ।
যো বিপ্রায় প্রতিশ্রুত্য ন তদর্থয়তে শ্রুতং ॥ ১৯ ॥
বিপ্রলব্ধো দদামীতি ত্বয়াহং চাঢ্যমানিনা।

অন্বয়ঃ।

ভবতি। তস্মাৎ প্রতিশ্রুতাদানাৎ গুরুণা চ অনুমোদিতত্বাৎ ত্বং নরকং বিশ। ॥ ১৮ ॥

যঃ প্রতিশ্রুত্য, বিপ্রায় তৎ শ্রুতং ন অর্পয়তে তস্য মনোরথঃ বৃথা; স্বর্গঃ তস্য দূরে এব; সঃ অধঃ পততি ॥ ১৯ ॥

আঢ্যমানিনা (ঐশ্বর্য্যবানহং ইতি অভিমানবতা) ত্বয়া যথেষ্টং গৃহাণ অহং দদামি ইতি

শ্রীধরস্বামী।

গুরুণা শুক্রেণানুমোদিতঃ সন্ ॥ ১৮ ॥

এবমুক্ত্বাপি নিরয়পরিহারার্থং স্বর্গাদ্ভ্রংশ-পরিহারার্থঞ্চ মনোরথং কুর্ব্বন্তং প্রত্যাহ বৃথেতি। যঃ প্রতিশ্রুতস্যাদানেন যাচকং বিপ্রলম্ভতে তস্য মনোরথো বৃথৈব স্বর্গস্তস্য দূরএব স চাধঃ পুতত্যেব ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষয়ক-স্নেহ-ভরেণৈব লুপ্তবিবেকো মমাতিপ্রিয়এব ময়াবগতঃ। অতস্তেন সহৈব বিশেত্যর্থঃ ॥ ১৭ ॥ ১৮ ॥

বৃথেতি প্রকটার্থঃ স্পষ্টঃ। অগ্রিম-ভগবদ্বাক্য-তৎফলদৃষ্ট্যা বস্তুর্থশ্চৈবং ব্যাখ্যায়তে। তস্য প্রসিদ্ধসদ্ভক্তস্য ভবত ইন্দ্রপদমধ্যাস্যামিতি মনোরথো বৃথৈব। যত স্ততো বৈকুণ্ঠস্থাৎ সকাশাৎ দূরঃ স্বর্গোঽধঃ পততি। সংপ্রত্যপি ভবান্ সুতলং প্রস্থাপ্যমানোঽপি স্বর্গাদূর্দ্ধমধিরোহসি সুতলভোগস্য স্বর্গেঽপ্যবিদ্যমানত্বাদিতি ভাবঃ। যো ভবান্ স্বদেহাত্ম-সর্ব্বস্ব-সমর্পণাৎ প্রতিশ্রুতস্য আসম্যক্ প্রকারতো দানেন মামর্থিনং পুরুষার্থ-চতুষ্টয়বস্তুমপি বিশেষতঃ প্রকর্ষেণ লভতে ত্বদীয়ো দ্বারপালো ভূত্বা স্থাস্যামীতি ভাবঃ ॥ ১৯ ॥

ততঃ কিমিতি চেৎ শ্রূয়তামিত্যাহ বিপ্রলব্ধ ইতি। আঢ্যেভ্যঃ শক্রাদিভ্যোঽপি মানিনা লোকৈর্দীয়মান সংমানবতা ত্বয়াহং যতো বিশেষতঃ প্রকর্ষেণ লব্ধঃ ততস্মাৎ ইতি দদামি। ব্যলীকং বিগতালীকং ময়া দীয়মানত্বাৎ পরমসত্যং ফলং যত্র তৎ নিলয়ং সুতলসম্বন্ধি

অতএব তদনুসারে এক্ষণে নরকেই গমন কর! ॥ ১৮ ॥

যে ব্যক্তি দানার্থ প্রতিশ্রুত হইয়া, ব্রাহ্মণকে তাহা দিতে অপারক হয়, তাহার মনোরথ নিরর্থক; তাহার স্বর্গলাভের কথা দূরে থাকুক! নরকেই পতন হইয়া থাকে; সন্দেহ নাই ॥ ১৯ ॥

আপনাকে অতুল ঐশ্বর্য্যশালী মনে করিয়া, যথেচ্ছ গ্রহণ কর! আমি তাহাই দিব, বলিয়া আমাকে তুমি বঞ্চিত করিতেছ! অতএব তাদৃশ বঞ্চনা

তদ্ব্যলীকফলং ভুঙ্ক্ষ্ব নিরয়ং কতিচিৎ সমাঃ ॥ ২০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অষ্টমস্কন্ধে বলিনিগ্রহ একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং বিপ্রকৃতো রাজন্ বলি র্ভগবতাসুরঃ।
ভিদ্যমানোঽপ্যভিন্নাত্মা প্রত্যাহাবিক্লবং বচঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

বিপ্রলব্ধঃ বঞ্চিতঃ। অতঃ তস্য ব্যলীকস্য বঞ্চনস্য ফলং নিরয়ং নরকদুঃখং কতিচিৎ সমাঃ সম্বৎসরান্, ভুঙ্ক্ষ্ব ॥ ২০ ॥

ইত্যষ্টমে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃতান্বয়ে একবিংশতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! ভগবতা বামনেন এবং বিপ্রকৃতঃ বঞ্চনেন বচসা চ তিরস্কৃতঃ, অসুরঃ বলিঃ ভিদ্যমানঃ সত্যাৎ চাল্যমানঃ, অপি অভিন্নাত্মা (অভিন্নঃ সত্যাৎ অপ্রচলিতঃ আত্মা মনঃ যস্য সঃ) অবিক্লবং অদীনং, বচঃ তং প্রতি আহ ॥ ১ ॥

শ্রীধরস্বামী

ত্বয়া চাহং বিপ্রলব্ধ স্তস্মাদ্ব্যলীকফলং অনৃতস্য ফলং নিরয়ং ভুঙ্ক্ষ্ব ত্যর্থঃ ॥ ২০ ॥

॥ * ॥ ইত্যষ্টমে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশেতু প্রসন্নঃ সন্ প্রস্থাপ্য সুতলং বলিং। দত্ত্বা বরান্ হরি র্ন্যূনং মত্বা তদ্দ্বারপোঽভবৎ। সমার্পিত তনূবিত্ত নির্ম্মলাচল ভক্তিতঃ। ছলিতো বলিনা নূনং স্বমেবার্পয়দচ্যুতঃ ॥ * ॥

বিপ্রকৃতঃ অপকৃতঃ। ভিদ্যমানঃ সত্যাচ্চাল্যমানঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্পদং কতিচিৎ সমাঃ সংবৎসরান্ ব্যাপ্য ভুঙ্ক্ষ্ব ততোঽষ্টমে মন্বন্তরে ত্বামিন্দ্রপদং প্রাপয্য স্বধাম বৈকুণ্ঠমেব নেষ্যে ইতি ভাবঃ ॥ ২০ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একবিংশোঽষ্টমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বলি প্রহ্লাদয়োর্ব্বিদ্ধ্যাবলি-পদ্মজয়োরপি। সূক্তির্ব্বরানদাদস্মৈ দ্বাবিংশে করুণাম্বুধিঃ। বব্রন্ধ কপটী যস্মাদ্বলিং নিরঘমীশ্বরঃ। অত স্তদ্দ্বারি তৎপ্রেমপাশৈ র্ব্বদ্ধঃ সদাবসৎ ॥ * ॥

এবমনেন প্রকারেণ বিপ্রকৃতো লোকদৃষ্ট্যাপকৃতঃ। ভিদ্যমানঃ সত্যাচ্চাল্যমানঃ ॥ ১ ॥

কারবার ফলে কয়েক সম্বৎসর কাল নরক-দুঃখ ভোগ কর! ॥ ২০ ॥

ইতি অষ্টমে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত একবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শুকদেব বলিলেন, হে রাজন্! দৈত্যপতি বলি প্রতিশ্রুত সম্পাদনে

আভাস।

দ্বাবিংশ অধ্যায়ে সুতলে প্রস্থাপনানন্তর ন্যূনতা বোধে বলির প্রতি বরদান পূর্ব্বক ভগবানের তদ্দ্বারপালত্ব স্বীকার ॥

বলিরুবাচ ॥

যদুত্তমঃশ্লোক ভবান্নমেরিতং বচো ব্যলীকং সুরবর্য্য মন্যতে।

অন্বয়ঃ।

বলিঃ উবাচ। হে উত্তমঃশ্লোক! হে সুরবর্য্য! যদি মম ঈরিতং প্রতিশ্রুতং বচঃ

শ্রীধরস্বামী।

হে উত্তমঃশ্লোকেতি কটাক্ষঃ। মম বচঃ ঈরিতং প্রতিশ্রুতং ন তাবদ্ব্যলীকং ত্বয়া কপটেন বামনতয়া ভিক্ষিত্বা রূপান্তরস্যাবিষ্কৃতত্বাৎ এবমপি যদি ভবান্ ব্যলীকং মন্যতে তথাপি ঋত-মেবাহং করোমি মদুক্তং প্রলম্ভনং ন ভবতু মে শীঘ্রি নিজং তৃতীয়ং পদং কুরু। নচ দ্বাভ্যাং বিশ্বং ক্রান্তবতো মে তব শিরঃ পদপর্য্যন্তং ন ভবতীতি মন্যেথাঃ। বিত্তেন চেৎ পদদ্বয়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উত্তমঃশ্লোকেতি স্বপ্রভৌ সনর্ম্মোক্তিঃ। স্বস্য বামনস্য ত্রিভিঃ পদৈঃ পরিমিতাং ভূমিং ভিক্ষিত্বা স্বরূপান্তরস্য ত্রিবিক্রম্য ত্রিভিঃ পদৈঃ প্রতিগ্রহীতুং প্রযতমানস্য, নির্লোভস্য বিপ্রবটো তব নিস্পৃহত্বং ব্যক্তীভূতমিত্যেতাং কীর্ত্তিং সুধামেব নিরপায়ং পায়ং পায়মেব ভক্তা বয়মানন্দমত্তা ভবাম যদহো লক্ষ্মীকান্তোঽপি মাং তাবদতিরঙ্কমপি ভূমিং ভিক্ষসে। তত্রাপি ছলেনাধিকজিঘৃক্ষা তত্রাপি বটুবেশত্বেন বটুজ্ঞানাং কপটমর্থস্পৃহামশান্তিমপ্রাপ্যা কোপং দাতরি দণ্ডঞ্চ স্বাভাবিকং ধর্ম্মমভিব্যজ্য তেষাং বিড়ম্বনং শাস্ত্রাভিজ্ঞানাং মদ্গুরূণামপি বুদ্ধি-লোপঃ স্বকৃপাপরমাণুমাত্রস্পৃষ্টেষ্বিন্দ্রাদিষু স্বপক্ষত্বব্যঞ্জনা। স্বকৃপামৃতমহোদধিমধ্যমগ্নে ময়ি বিপক্ষত্ব-ব্যঞ্জনেত্যেবমাদয় এব তবোক্তমাঃ শ্লোকাঃ কবিভিঃ শ্লোকৈ র্গাস্যন্ত ইতি ভাবঃ। যদি ভবান্ মদ্বচো ব্যলীকং মিথ্যা মন্যতে ইতি স্বভক্তমন্যায়েনাপি জিগীষুণা ত্বয়া তৎ স্বভক্ত-বচো মিথ্যা কর্ত্তুমশক্যমেবেতি ভাবঃ। হে সুরবর্য্য সুরৈর্ব্বরণীয়-ত্রৈলোক্যং ভিক্ষিত্বা বলেঃ সকাশাদানীয় অস্মভ্যং ভোগার্থং দেহীতি সুরৈর্ম্মন্যে বরং প্রার্থিতো ভবান্ অভূদিতি ভাবঃ। তদ্বচঃ ঋতং সত্যং করোমি। মদুক্তং হি প্রলম্ভনং ন ভবেৎ। যথা স্বচরণ-প্রেমামৃত-মদ-দানস্য সুরৈঃ স্তুতস্য তব বচ স্ত্রিবর্গমাত্র-প্রদায়কত্বাৎ সুরপ্রলম্ভকমিতি ভাবঃ। মে শীঘ্রি নিজং তৃতীয়ং পদং কুরু নচ দ্বাভ্যাং বিশ্বং ক্রান্তবতো মম তব শিরঃ পাদপর্য্যাপ্তং ন ভবতীতি মন্যেথাঃ। বিত্তেন চেৎ পদদ্বয়ং জাতং তর্হীদমধিকমেব স্যাৎ বিত্তাদপি বিত্ত-

---

অসামর্থ্যতা নিবন্ধন প্রতিজ্ঞাচ্যুত হইলেও, অবিচলিত-চিত্তে অবস্থান পূর্ব্বক যুক্তিযুক্ত কয়একটী কথা ভগবানকে বলিলেন ॥ ১ ॥

বলি বলিলেন, হে উত্তমশ্লোক হে সুরশ্রেষ্ঠ! ন্যায়ত আমি প্রতিজ্ঞাচ্যুত হই নাই; আপনিই বরং বামন-বিগ্রহানুরূপ চরণের ত্রিপাদ পরিমিত ভূমি গ্রহণে স্বীকার করত, বিরাটরূপের ত্রিপাদ ভূমি এক্ষণে গ্রহণে অভিলাষী হইয়া সত্যের অপলাপ করিতেছেন! তথাপি যদি সত্যভঙ্গের অপরাধে আমাকে দোষী মনে করেন, তাহা হইলে, যাহাতে আমার বাক্য মিথ্যা না হয়, তাহা

করোম্যৃতং তন্ন ভবেৎ প্রলম্ভনং পদং তৃতীয়ং কুরু শীর্ষ্ণি মে নিজং ॥ ২ ॥
বিভেমি নাহং নিরয়াৎ পদচ্যুতো ন পাশবন্ধাদ্ব্যসনাদ্দুরত্যয়াৎ।
নৈবার্থকৃচ্ছ্রাদ্ভবতো বিনিগ্রহাদসাধুবাদাত্তু শমুদ্বিজে যথা ॥ ৩ ॥
পুংসাং শ্লাঘ্যতমং মন্যে দণ্ডমর্হত্তমার্পিতং।

অন্বয়ঃ।

ব্যলীকং অনৃতং, মন্যতে তদা তৎবচনং প্রলম্ভনং ন ভবেৎ ঋতং সত্যং এব করোমি! যতঃ নিজং তৃতীয়ং পদং মে শীর্ষ্ণি কুরু! ॥ ২ ॥

হে ভগবন্! অহং নিরয়াৎ নরকদুঃখাৎ, পদচ্যুতঃ স্থানভ্রংশাৎ, পাশৈঃ বন্ধাৎ দুরত্যয়াৎ দুরতিক্রমণীয়াৎ ব্যসনাৎ দুঃখাৎ, অর্থকৃচ্ছ্রাৎ ধনাদিব্যয়জনিতাৎ কষ্টাৎ, ভবতা বিনিগ্রহাৎ ন তথা বিভেমি যথা অসাধুবাদাৎ অপকীর্ত্তেঃ, ভৃশং উদ্বিজে বিভেমি ॥ ৩ ॥

অর্হত্তমেন যোগ্যতমেন, ভবতা অর্পিতং কৃতং দণ্ডং পুংসাং শ্লাঘ্যতমং অহং মন্যে। হি

শ্রীধরস্বামী।

জাতং তর্হি ইদমধিকমেব স্যাৎ বিত্তাদপি বিত্তবতোঽধিকত্বাদিতি ভাবঃ ॥ ২ ॥

নন্বুচ আপদর্থে ধনং রক্ষেদ্দারান্রক্ষেদ্ধনৈ রপি। আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি ইত্যাদি বচনাদাত্মভয়-পরিহারায় সর্ব্বস্বং ত্যজ্যতে। ত্বন্তু কুতোঽভীতঃ সন্ আত্মানং সমর্পয়সি। অত আহ বিভেমীতি। অসাধুবাদাদপকীর্ত্তেঃ যথা অহং ভৃশমুদ্বিজে তথা নিরয়াদিভ্যো ন বিভেমি ॥ ৩ ॥

নন্বু ময়া কৃতনিগ্রহাত্তব অপকীর্ত্তি র্ভাতৈব নৈবেত্যাহ পুংসামিতি। অর্হত্তমৈ রর্পিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বামিনোঽধিকত্বাদিতি ভাবঃ ॥ ২ ॥

নন্বু কিং বারুণ-পাশ-বন্ধভয়াৎ নরকভয়াদ্বা আত্মানং দাতুমিচ্ছসীতি তত্রাহ বিভেমীতি অর্থকৃচ্ছ্রাৎ দ্রব্যোপার্জনকষ্টাৎ অসাধুবাদাৎ ভগবদ্ভক্তা ব্রাহ্মণবঞ্চকা ভবন্তি যথা বলিরিতি বৈষ্ণবলোক-দুষ্কীর্ত্তিবাদাৎ ॥ ৩ ॥

নন্বু ময়া নিগ্রহাত্তব দুষ্কীর্ত্তি র্জায়তে বেতি তত্রাহ। পুংসামিতি হিতৈষিত্বাৎ দণ্ডয়ন্তোঽপি

আমি অবশ্য করিব। আপনি আপনার তৃতীয় চরণ আমার মস্তকে স্থাপন করুন্ ॥ ২ ॥

হে ভগবন্! নরকদুঃখ, স্থানভ্রষ্টের দুঃখ, পাশবন্ধন-ক্লেশ বা অর্থাভাব-জনিত দারুণ যাতনা, অথবা আপনার দ্বারা নিগ্রহ-ভয়ে আমি কিছু মাত্র ভীত নহি। প্রতিজ্ঞাপালনে পরাঙ্মুখ হইয়াছি বলিয়া লোকে যে অপবাদ ও কুযশ করিবে, তদপেক্ষা দুঃখের বিষয় আর আমার কিছুই নাই! আমি লোক-নিন্দাকে একান্ত ভয় করি ॥ ৩ ॥

আপনার ন্যায় সর্ব্বশ্রেষ্ঠ পূজ্যতম ব্যক্তির প্রদত্ত দণ্ড পুরুষের পক্ষে বরং

যং ন মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চাদিশন্তি হি ॥ ৪ ।
ত্বং নূনমসুরাণাং নঃ পরোক্ষঃ পরমো গুরুঃ।
যো নোঽনেকমদান্ধানাং বিভ্রংশং চক্ষুরাদিশৎ ॥ ৫ ॥
যস্মিন্ বৈরানুবন্ধেন বৃঢ়েন বিবুধেতরাঃ।

অন্বয়ঃ।

যস্মাৎ ত্বং এবম্ভূতং দণ্ডং মাতা পিতা ভ্রাতা সুহৃদশ্চ ন দিশন্তি নৈব অর্পয়ন্তি ॥ ৪ ॥

ত্বং অস্মাকং অসুরাণাং পরোক্ষঃ পরমঃ গুরুঃ। (শত্রুতয়া প্রতীয়মানঃ অপি) যঃ ভবান্ অনেকমদান্ধানাং (অনেকৈঃ শৌর্য্য-বীর্য্য-ধনাভিজনাদিযুক্তৈঃ মদৈঃ অন্ধানাং) নঃ অস্মাকং, বিভ্রংশং বিনষ্টং, চক্ষুঃ আদিশৎ ॥ ৫ ॥

উহ। যাং মোক্ষলক্ষণাং সিদ্ধিং ফলং একান্তযোগিনঃ অনন্য-ভক্তি-যোগনিষ্ঠাঃ লেভিরে

শ্রীধরস্বামী।

যং দণ্ডং মাত্রাদয়ো ন হ্যাদিশন্তি নৈবার্পয়ন্তি হিতৈষিণা ত্বয়া নিগৃহীতোঽহং শ্লাঘ্য এবাস্মীতি ভাবঃ ॥ ৪ ॥

নন্বহং দেবানাং হিতৈষী নাসুরাণাং। তত্রাহ ত্বং নূনমিতি পরোক্ষঃ শক্রচ্ছলেন বর্ত্তমানঃ ॥৫

শক্রত্বং পুনর্ভক্তানিবাস্মান্ অনুগ্রহীতুমেবেত্যাহ যস্মিন্নিতি উ অহো হ প্রসিদ্ধং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাত্রাদয়ো যং দণ্ডং আ সম্যক্ প্রকারেণ ন দিশন্তি ন দদাতি। মাত্রাদয়োহি ঐহিক-হিতৈষিণঃ অর্হত্তমাস্তু পারলৌকিকহিতৈষিণো মাতৃকোটিভ্যোঽপ্যতিবৎসলা ইতি ভাবঃ ॥ ৪ ॥

নন্বহং দেবানাং হিতৈষী প্রসিদ্ধো নাসুরাণাং তত্রাহ ত্বমিতি। গুরুর্হিতকারী পরোক্ষঃ। শক্রচ্ছলেন বর্ত্তমানত্বাদিতি ভাবঃ। প্রত্যক্ষহিতকারিত্বাদপি পরোক্ষ-হিতকারিত্বং প্রত্যধিক-সূচকমতএব পরমঃ দেবানাস্তুপরমঃ তৎকামিতৈশ্বর্য্যপ্রদত্বেন বাস্তবহিতৈষিত্বাভাবাদিতি ভাবঃ। অস্মাকন্তু ত্বং বাস্তব-হিতকৃদেবেত্যাহ য ইতি চক্ষুরিতি। দেবানাং স্বাত্মমিতি ভাবঃ। আদিশদিতি প্রথমপুরুষ আর্ষঃ ॥ ৫ ॥

মাদৃশানাং ত্বদৈকান্তভক্তানাং খলু কা বার্ত্তা যে পুনরসুরা ত্বয়ি বৈরমনুবধ্নন্তি তেষ্বপি

শ্লাঘার বিষয়, সন্দেহ নাই। কারণ তদ্দ্বারাই প্রকৃত উপকার লাভ হয়; এ প্রকার উপকার স্বার্থপর মাতা পিতা বা ভ্রাতা বন্ধুগণের দণ্ডে কখনই ঘটে না ॥ ৪ ॥

আপনি আমাদের ন্যায় অসুরগণের পক্ষে পরোক্ষে পরম গুরু! আপনি শত্রুর ন্যায় প্রতীত হইলেও, প্রকৃত প্রস্তাবে পরম হিতকারী। কারণ আমাদিগ শৌর্য্যবীর্য্য ধন মান এবং আভিজাত্যাদির মদে সম্পূর্ণ অন্ধপ্রায় আমাদের চক্ষুকে আপনিই নির্ম্মল করিয়া থাকেন ॥ ৫ ॥

অহো! অনুপম মুক্তিফল অনন্যভক্তিযোগবিশিষ্ট সাধুগণই লাভ করিয়া থাকেন; কেবল আপনার প্রতি বিষম বিদ্বেষভাবের ব্যবহারে দেবদ্বেষী অগণ্য

বহবো লেভিরে সিদ্ধিং যামুহৈকান্তযোগিনঃ ॥ ৬ ॥
তেনাহং নিগৃহীতোঽস্মি ভবতা ভূরিকর্ম্মণা।
বদ্ধশ্চ বারুণৈঃ পাশৈর্নাত্র ব্রীড়ে ন বিব্যথে ॥ ৭ ॥
পিতামহো মে ভবদীয়-সম্মতঃ প্রহ্লাদ আবিষ্কৃত-সাধুবাদঃ।
ভবদ্বিপক্ষেণ বিচিত্র-বৈশসং সংপ্রাপিত ত্বং পরমঃ স্বপিত্রা ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তাং সিদ্ধিং বহবঃ বিবুধেতরাঃ অসুরাঃ, যস্মিন্ ত্বয়ি বূঢ়েন দৃঢ়েন, বৈরানুবন্ধেন এব লেভিরে ॥৬॥

তেন ভূরিকর্ম্মণা অচিন্ত্যানন্ত-বীর্য্যেণ ভবতা অহং নিগৃহীতঃ অস্মি; বারুণৈঃ পাশৈঃ বদ্ধঃ তথাপি অত্র নাহং ব্রীড়ে লজ্জাং ন প্রাপ্নোমি ন চ ব্যথে ব্যথাং অপি ন অনুভবামি ॥ ৭ ॥

ভবদ্বিপক্ষেণ ভবচ্ছত্রুণা স্বপিত্রা হিরণ্যকশিপুনা, বিচিত্রবৈশসং নানাবিধদুঃখং প্রাপিতঃ ত্বৎপরমঃ (ত্বং এব পরমঃ সেব্যঃ আশ্রয়শ্চ যস্য সঃ) অতঃ আবিষ্কৃতঃ সাধুবাদঃ সৎকীর্ত্তিঃ যস্য সঃ, ভবদীয়ত্বেন সম্মতঃ মে মম পিতামহঃ প্রহ্লাদঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অতো মম নাত্র লজ্জা নাপি দুঃখমিত্যাহ তেন গুরুণা ভবতা ॥ ৭ ॥

কিঞ্চ যোঽয়ং দণ্ডরূপো মমানুগ্রহ স্ত্বয়া কৃতঃ সতু ত্বদ্ভক্তপৌত্রত্বেন নত্বহমনুগ্রহস্য পাত্রমিত্যাশয়েনাহ পিতামহ ইতি ভবদীয়ানাং সম্মতঃ যত আবিষ্কৃতঃ সাধুবাদো যস্য ত্বমেব পরম আশ্রয়ো যস্য সঃ অতো ভবতো বিপক্ষেণ বিদ্বিষা হিরণ্যকশিপুনা বিচিত্রং বৈশসং হিংসাং সংপ্রাপিতোঽপি দেহাদীনামসারূপত্বং নিশ্চিত্য অকুতোভয়ঞ্চ ধ্রুবঞ্চ ভবতঃ পাদপদ্মমেব প্রপেদে। অথ তস্মাদহমপি দৈবেন তস্যৈব ভাগ্যেন তবান্তিকং নীত ইতি চতুর্থমন্বয়ঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তব তাবদলৌকিকোঽব দণ্ডেত্যাহ যস্মিন্নিতি ॥ ৬ ॥

তেন গুরুণা ভূরিকর্ম্মণেতি মন্নিগ্রহস্তে বহুকার্য্যার্থঃ। তথাহি কিঙ্কিণ্যাজ্ঞী মে ব্রীড়া উৎপদ্যতে সা খলু মে চিত্তশুদ্ধ্যভাবাদেবেতি ভাবঃ ॥ ৭ ॥

অস্মৎ কুলদৈবতস্ত্বেনৈব ত্বদ্দণ্ডো মমাবশ্যঃ সহ্য এব ত্বমপি মদ্ভক্তপৌত্রোঽয়মিতি বুদ্ধ্যৈব ময়ি স্নিহ্যসীত্যাহ পিতামহ ইতি। ভবদ্বিপক্ষেণ হিরণ্যকশিপুনা বিচিত্রং বিপত্তিং প্রাপিতঃ প্রাপিতোঽপি ॥ ৮ ॥

অসুরগণও অবলীলাক্রমে সেই চরম ফল প্রাপ্ত হইয়াছেন ॥ ৬ ॥

হে ভগবন্! আপনার বীর্য্যের সীমা নাই; এবং কোন্ অভিপ্রায়ে আপনি যে কোন্ কর্ম্ম করিতেছেন, কে তাহার নিরূপণ করে! আপনি আমাকে বারুণ পাশে বন্ধন করত যথেষ্ট নিগ্রহ করিয়াছেন, সত্য! কিন্তু আমি তজ্জন্য লজ্জিত বা ব্যথিত হই নাই ॥ ৭ ॥

আমার পিতামহ প্রহ্লাদ ভবদীয় ভক্ত এবং একজন যথার্থ প্রিয় পাত্র।

কিমাত্মনানেন জহাতি যোঽন্ততঃ কিং রিক্থহারৈঃ স্বজনাখ্যদস্যুভিঃ।
কিং জায়য়া সংসৃতি-হেতুভূতয়া মর্ত্ত্যস্য গেহৈঃ কিমিহায়ুষো ব্যয়ঃ ॥ ৯ ॥
ইত্থং স নিশ্চিত্য পিতামহো মহানগাধবোধো ভবতঃ পাদপদ্মং।

অন্বয়ঃ।

মর্ত্যস্য মরণশীলস্য, পুংসঃ যঃ অন্ততঃ দেহিনং জহাতি তেন অনেন আত্মনা দেহেন কিং প্রয়োজনং! তথা রিক্থহারৈঃ দায়াদৈঃ, স্বজনাখ্যদস্যুভিঃ (স্বজনঃ ইতি আখ্যা নাম বস্তুতস্তু ধনধর্ম্মাদিক্ষয়হেতুত্বাৎ দস্যবঃ এব যে তৈঃ) পুত্রৈঃ কিং? জন্ম-মরণাদি-সংসৃতিহেতু-ভূতয়া জায়য়া ভার্য্যয়া, কিং গেহৈঃ কারাসদৃশৈঃ কিং? (কিন্তু ইহ প্রবৃত্তিমার্গে) এতৈঃ কেবলং আয়ুষঃ ব্যয়ঃ ক্ষয়ঃ এব ভবতি ॥ ৯ ॥

অগাধবোধঃ অপরিমিত-জ্ঞান-সম্পন্নঃ, সত্তমঃ ভক্তশ্রেষ্ঠঃ, মহান্ সর্ব্বসদ্‌গুণসম্পন্নঃ

শ্রীধরস্বামী।

অন্ততঃ আয়ুষোঽন্তে রিক্থহারৈঃ পুত্রৈরিহ গেহে কেবলমায়ুষো ব্যয়এব নতু সুখং কিঞ্চিৎ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ সোঽপি পিতরমনুপেক্ষ্য কিমিতি মাং এপেদে তত্রাহ কিমিতি দ্বাভ্যাং। আত্মনা দেহেন রিক্থং ত্বৎসেবার্থকমপি ধনং হরন্তীতি তৈঃ ॥ ৯ ॥

আপনিই তাঁহার সেব্য এবং পরম আশ্রয়! সুতরাং আপনার বিদ্বেষী তদীয় জনক হিরণ্যকশিপুর দ্বারা তিনি কত রকম দুঃখ যে পাইয়াছিলেন, তাহার ইয়ত্তা নাই এবং তাঁহার যশেরও ইয়ত্তা নাই ॥ ৮ ॥

অহো! যাহাকে আত্মার ন্যায় চিরকাল যত্ন করা হয়, সেই দেহই যখন পরিণামে জীবাত্মাকে পরিত্যাগ পূর্ব্বক পতিত থাকে, তখন তাহাতে জীবের কি ফলোদয়? ধনাদির উত্তরাধিকারী পুত্রের অপেক্ষা মানবের আর প্রিয়পাত্র কেহই নাই? কিন্তু ফলতঃ ওরূপ শত্রুও কেহ নাই। কারণ ইহারা স্বজনের বেশে প্রকৃত দস্যুর আচরণই করিয়া থাকে। ইহাদের উপলক্ষে মানবের জীবদ্দশায় ধন এবং ধর্ম্ম উভয়ই বিনষ্ট হইয়া থাকে। ভার্য্যা সংসারে মানবের জন্ম ও মরণরূপ সংসার-প্রবাহেরই একটী অপূর্ব্ব এবং সর্ব্বশ্রেষ্ঠ হেতু; এবং গৃহ একটী অনির্ব্বচনীয় স্বকৃত কারাগৃহ। এই কয়েকটীর বন্ধনে আবদ্ধ থাকিলে, কেবল নিরর্থক পরমায়ুর ক্ষয় হয় মাত্র; অতএব এই সকল ভোগের কিছুমাত্র প্রয়োজন আছে বলিয়া, আমি মনে করি না ॥ ৯ ॥

অগাধজ্ঞানী মহামনা উদারপ্রকৃতি মদীয় পিতামহ প্রহ্লাদ জন-সংসর্গকে যমালয়বৎ ভীষণজ্ঞানে পরিহার পূর্ব্বক, স্বীয় দৈত্যকুলের অবনতিকারক

ধ্রুবং প্রপেদে হ্যকুতোভয়ং জনাদ্ভীতঃ স্বপক্ষক্ষপণস্য সত্তম ॥ ১০ ॥
অথাহমপ্যাত্মরিপোস্তবান্তিকং দৈবেন নীতঃ প্রসভং ত্যাজিতশ্রীঃ।
ইদং কৃতান্তান্তিকবর্ত্তি জীবিতং যয়া ধ্রুবং স্তব্ধমতি র্ন বুধ্যতে ॥ ১১ ॥

শ্রীশুক উবাচ ॥

তস্যেত্থং ভাষমাণস্য প্রহ্লাদো ভগবৎপ্রিয়ঃ।

অন্বয়ঃ।

সঃ অস্মাকং পিতামহঃ ইত্থং নিশ্চিত্য জনাৎ সংসারিজনসঙ্গাৎ ভীতঃ সন্ স্বপক্ষক্ষপণস্য (স্বপক্ষং দৈত্যকুলং ক্ষপয়তীতি তথাভূতস্য) ভবতঃ অকুতোভয়ং (নাস্তি কুতোঽপি ভয়ং যস্মাৎ তথাভূতং) ধ্রুবং নিত্যং, পুরুষার্থরূপং পাদপদ্মং প্রপেদে শরণং জগাম ॥ ১০ ॥

অথঃ তস্মাৎ তৎপৌত্রত্বাৎ দৈবেন তস্য পুণ্যপ্রভাবেণ অহং অপি আত্মরিপোঃ তব অন্তিকং নীতঃ তথা ত্বয়া চ প্রসভং বলাৎ, এব অহং ত্যাজিতশ্রীঃ (ত্যাজিতা শ্রীঃ যস্য তথাভূতঃ জাতঃ) যয়া শ্রিয়া স্তব্ধমতিঃ কুণ্ঠিতবিবেকঃ পুমান্ ইদং জীবিতং অধ্রুবং কৃতান্তস্য অন্তিকবর্ত্তি ইতি ন বুধ্যতে ॥ ১১ ॥

শ্রীশুকঃ উবাচ। হে কুরুশ্রেষ্ঠ! তস্য বলেঃ ইত্থং ভাষমাণস্য সতঃ উত্থিতঃ উদিতঃ,

শ্রীধর-স্বামী।

স প্রসিদ্ধো মহান্। স্বপক্ষং দৈত্যকুলং ক্ষপয়তীতি তথা তস্যাপি ॥ ১০ ॥

প্রসভং বলাৎ ত্যাজিতা শ্রীর্যস্য। যয়া শ্রিয়া স্তব্ধমতিঃ সন্ পুমানিদং জীবিতং অধ্রুবং ন বুধ্যতে। কথম্ভূতং কৃতান্তস্য অন্তিকবর্ত্তি মৃত্যোঃ সন্নিহিতং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপক্ষং দৈত্যকুলং ক্ষপয়তীতি তস্য ॥ ১০ ॥

আত্মরিপোরিতি ব্যাজস্তুত্যৈবোক্তিঃ। বস্তুতস্তু আত্মনঃ পরম-প্রিয়-সুহৃদঃ। যদ্বা। আত্মনঃ স্থূল সূক্ষ্ম দেহদ্বয়স্য রিপোর্নাশকস্য মোক্ষপ্রদস্য ইত্যর্থঃ। যদ্বা। আত্মনো মদহঙ্কারস্য শত্রো স্তুয়াদ্য মম ত্রিভুবনাধীশত্বাহঙ্কারমহারোগঃ সাধু নাশিত ইত্যর্থঃ। দৈবেন প্রহ্লাদপৌত্রত্ব-প্রাপকেন ভাগ্যেন যয়া শ্রিয়া ধ্বস্তবুদ্ধিরয়ং মল্লক্ষণো জনঃ। ইদং জীবিতং অধ্রুবং

আপনাকে জানিয়াও, ভবভয়হারী ভবদীয় চরণপদ্মেরই শরণাগত হইয়াছিলেন ॥ ১০ ॥

আমিও মদীয় সুপ্রসন্ন দৈবের প্রভাবে অদ্য আপনার ন্যায় আত্মশত্রুর সমীপে আনীত হইয়াছি! আপনিই অদ্য বলপূর্ব্বক আমার শ্রীকে পরিত্যাগ করাইয়া মুক্তিপদের সম্মুখীন আমাকে করিয়াছেন। অহো! এই ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া, মানব কৃতান্তের করালকবলে অনুক্ষণ কবলিত জীবনকে অনিশ্চিত এবং ক্ষণভঙ্গুর বলিয়া তিলেকের জন্যও চিন্তা করিতে সাহসী হয় না ॥ ১১ ॥

শুকদেব বলিলেন, হে কুরুশ্রেষ্ঠ! দৈত্যপতি বলি এই প্রকার বলিতেছেন,

আজগাম কুরুশ্রেষ্ঠ রাকাপতিরিবোত্থিতঃ ॥ ১২ ॥
তমিন্দ্রসেনঃ স্বপিতামহং শ্রিয়া বিরাজমানং নলিনায়তেক্ষণং।
প্রাংশুং পিশঙ্গাম্বরমঞ্জনত্বিষং প্রলম্ববাহুং সুভগর্ষভমৈক্ষত ॥ ১৩ ॥
তস্মৈ বলি র্বারুণপাশযন্ত্রিতঃ সমর্হণং নোপজহার পূর্ব্ববৎ।
ননাম মূর্দ্ধাশ্রু বিলোললোচনঃ সব্রীড়নীচীনমুখো বভূব ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

রাকাপতিঃ পূর্ণচন্দ্রঃ ইব ভগবৎপ্রিয়ঃ প্রহ্লাদঃ আজগাম ॥ ১২ ॥

সঃ ইন্দ্রসেনঃ প্রাপ্তেন্দ্ররাজ্যঃ বলিঃ শ্রিয়া কান্ত্যা বিরাজমানং নলিনায়তেক্ষণং (নলিনবৎ আয়তে ঈক্ষণে যস্য তং) প্রাংশুং উন্নতং পিশঙ্গে অম্বরে যস্য তং অঞ্জনত্বিষং শ্যামলং, প্রলম্ববাহুং (প্রলম্বৌ আজানুলম্বৌ বাহূ যস্য তং) সুভগর্ষভং সর্ব্বলোকপ্রিয়ং স্বপিতামহং ঐক্ষত ॥ ১৩ ॥

বারুণ-পাশযন্ত্রিতঃ পাশবদ্ধঃ, বলিঃ তস্মৈ প্রহ্লাদায় পূর্ব্ববৎ সমর্হণং অর্ঘ্যাদি পূর্ব্বকং পূজনং ন উপজহার ন কৃতবান্, কিন্তু কেবলং মূর্দ্ধা ননাম। (তথা ভগবৎসমীপে সাহঙ্কারোক্তিং স্মরন্) অশ্রুবিলোল-লোচনঃ (অশ্রুভিঃ বিলোলে মুগ্ধে লোচনে যস্য তথাবিধঃ সন্) সব্রীড়ং নীচীনং অধঃকৃতং, মুখং যস্য তাদৃশঃ বভূব ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

রাকাপতিঃ পূর্ণচন্দ্রঃ ॥ ১২ ॥ অঞ্জনত্বিষং শ্যামং ॥ ১৩ ॥

স্বকৃতাহঙ্কারাদিরূপাপরাধ-স্মরণেন সব্রীড়ং নীচীনমধোমুখং যস্য সঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন বুধ্যত ইত্যতো ধন্বন্তরিমিব মৎসর্ব্বরোগচিকিৎসকং ত্বামহং ভাগ্যেন প্রাপ্ত ইতি ভাবঃ ॥ ১১ ॥ ১২ ॥ সুভগর্ষভং সর্ব্বলোকপ্রিয়ং ॥ ১৩ ॥

অপরাধং বিনা কথং বন্ধনমিত্যপরাধলক্ষণস্য প্রহ্লাদদৃষ্টত্বাৎ সব্রীড়ং যদ্বা প্রহ্লাদাৎ

এমত সময়ে পূর্ব্বাকাশে উদিত পূর্ণ-শশধরের ন্যায়, ভগবদ্ভক্ত প্রহ্লাদ অকস্মাৎ তৎসমীপে উপনীত হইলেন ॥ ১২ ॥

ইন্দ্রপদে অধিষ্ঠিত বলিরাজ অকস্মাৎ অপূর্ব্ব কান্তিবিশিষ্ট উন্নত-কলেবর পদ্মপলাশলোচন এবং পীতকৌশেষবসনধারী আজানুলম্বিত বাহু শ্যামসুন্দর সর্ব্বলোক-মনোরম পিতামহকে নয়নগোচর করিলেন বটে ॥ ১৩ ॥

কিন্তু নিজে বারুণ-পাশে বদ্ধ থাকায়, পূর্ব্ববৎ অর্ঘ্যাদি প্রদানে যথোপযুক্ত পূজা করিতে পারিলেন না ; কেবল অবনত মস্তকে প্রণাম মাত্র করিলেন। বরং ভগবান্ বামন-দেবের সমক্ষে 'দানোপলক্ষে যে সকল সাহঙ্কার উক্তির প্রয়োগ করিয়াছিলেন, তজ্জন্য দুঃখিত এবং লজ্জিত হইয়া, অশ্রুপূর্ণ-লোচনে অধো-

স তত্র হাসীনমুদীক্ষ্য সৎপতিং হরিং সুনন্দাদ্যনুগৈরুপাসিতং।
উপেত্য ভূমৌ শিরসা মহামনা ননাম মূর্দ্ধ্না পুলকাশ্রুবিক্লবঃ॥ ১৫॥
প্রহ্লাদ উবাচ॥
ত্বয়ৈব দত্তং পদমৈন্দ্রমূর্জিতং হৃতং তদেবাদ্য তথৈব শোভনং।
মন্যে মহানস্য কৃতো হ্যনুগ্রহো বিভ্রংশিতো যচ্ছ্রিয় আত্মমোহনাৎ॥ ১৬॥

অন্বয়ঃ।

সঃ মহামনাঃ প্রসন্নমনাঃ প্রহ্লাদঃ সুনন্দাদ্যনুগৈঃ পার্ষদৈঃ উপাসিতং সেব্যমানং সৎপতিং হরিং বামনং তত্র আসীনং উপবিষ্টং, উদীক্ষ্য পুলকৈঃ উত্থিতরোমভিঃ অশ্রুভিঃ চ বিক্লবঃ ব্যাকুলঃ সন শিরসা নমন্ এব উপেত্য মূর্দ্ধ্না ভূমৌ ননাম॥ ১৫॥

প্রহ্লাদঃ উবাচ। ঊর্জ্জিতং সমৃদ্ধং ঐন্দ্রপদং অস্মৈ ত্বয়া এব পূর্ব্বং দত্তং। তৎ অদ্য ত্বয়া এব হৃতং তথৈব শোভনং এব কৃতং; হি নিশ্চিতং অস্য বলেঃ ভবতা মহান্ এব অনুগ্রহঃ কৃতঃ ইত্যহং মন্যে; যৎ যস্মাৎ শ্রীঃ এব আত্মমোহনং আত্মজ্ঞানপ্রতিবন্ধকং তস্মাৎ অয়ং বিভ্রংশিতঃ (অতঃ রক্ষিতঃ এব)॥ ১৬॥

শ্রীধরস্বামী।

শিরসা নমন্নেব উপেত্য মূর্দ্ধ্না ননাম। বলেস্তৎকৃতং অনুগ্রহং দৃষ্ট্বা পুলকৈরশ্রুভিশ্চ বিক্লবো বিহ্বলঃ॥ ১৫॥

ত্বয়ৈবেতি নহ্যৈন্দ্রং পদমেতদীয়ং ত্বয়াপহৃতং কিন্তু স্বীয়মেব পুনঃ স্বীকৃতং তচ্চ শোভনমেব কৃতং তত্র হেতুঃ মন্য ইতি। যৎ যস্মাৎ শ্রীরেব যদাত্মমোহনং তস্মাদ্বিভ্রংশিতঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদৈব শিক্ষিতস্য নিরভিমানত্ব-লক্ষণস্য ধর্ম্মস্য ভূমিদান-প্রস্তাবে সহসা বিস্মরণাৎ তদ্দর্শনে সতি সব্রীড়ং। সব্রীড়ত্বাদেব নীচীনং মুখং যস্য সঃ॥ ১৪॥ ১৫॥

ত্বয়ৈবেতি নহ্যৈন্দ্রং পদমেতদীয়ং ত্বয়াহৃতং কিন্তু স্বীয়মেব পুনঃ স্বীকৃতং তচ্চ শোভনমেব কৃতং। যতঃ সংস্বতোঽপি জনঃ তৎ তস্যাং সম্পদি তস্যাং ক আত্মনো গতি স্তত্ত্বং যথাবদ্বিচষ্টে

বদনেই অবস্থান করিয়া রহিলেন॥ ১৪॥

এদিকে মহামনা প্রহ্লাদ সুনন্দাদি অনুচরবর্গের দ্বারা স্তুতি মিমতি সহকারে পরিসেবিত ভক্তবৎসল ভগবান্ বামনদেবকে বলির সমীপে সুখাসীন অবলোকন করিয়া, হর্ষাশ্রুপুলকে বিহ্বল হইয়া বিনম্র-মস্তকে তৎসমীপে গমন করিলেন এবং ভূমিতে শিরস্পর্শ করত, প্রণাম করিলেন॥ ১৫॥

প্রহ্লাদ বামনদেবকে লক্ষ্য করিয়া বলিলেন, হে জগন্নাথ! যে উৎকৃষ্ট ইন্দ্রপদ পূর্ব্বে আপনিই এই বলিকে প্রদান করিয়াছিলেন, এক্ষণে আপনিই তাহা প্রত্যাহরণ করত ভালই করিয়াছেন! এতদ্দ্বারা আপনি বলির বিশেষ উপকার করিয়াছেন বলিয়াই আমি মনে করিতেছি! কারণ এই এক ঐশ্বর্য্যের

যয়াহি বিদ্বানপি মুহ্যতে যতস্তং কো বিচষ্টে গতিমাত্মনো যথা।
তস্মৈ নমস্তে জগদীশ্বরায় বৈ নারায়ণায়াখিললোকসাক্ষিণে॥ ১৭॥

শ্রীশুক উবাচ॥

তস্যানুশৃণ্বতো রাজন্ প্রহ্লাদস্য কৃতাঞ্জলেঃ।
হিরণ্যগর্ভো ভগবানুবাচ মধুসূদনং। ১৮॥
বদ্ধং বীক্ষ্য পতিং সাধ্বী তৎপত্নী ভয়বিহ্বলা।

অন্বয়ঃ।

যয়া শ্রিয়া বিদ্বান্ পণ্ডিতঃ, যতঃ সংযতচিত্তঃ অপি জনঃ মুহ্যতে আত্মতত্ত্বং বিস্মরতি তস্যাং সত্যাং কঃ বা অন্যঃ পুমান্ আত্মনঃ গতিং তত্ত্বং যথাবৎ বিচষ্টে পশ্যতি! তস্মৈ অখিললোক-সাক্ষিণে জগদীশ্বরায় তে তুভ্যং নারায়ণায় বৈ নমঃ॥ ১৭॥

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! কৃতাঞ্জলেঃ তস্য প্রহ্লাদস্য শৃণ্বতঃ এব সতঃ ভগবান্ হিরণ্যগর্ভঃ মধুসূদনং বামনং উবাচ বক্তুং উদ্যতঃ॥ ১৮॥

তথা তস্য বলেঃ পত্নী সাধ্বী বিন্ধ্যাবলিঃ পতিং বদ্ধং বীক্ষ্য ভয়বিহ্বলা অতঃ প্রাঞ্জলিঃ

শ্রীধরস্বামী।

মোহনত্বমেবাহ যয়া শ্রিয়া বিদ্বানপি যতঃ সংযতোঽপি মুহ্যতে। তত্তস্যাং সত্যাং কোঽন্যঃ পুমানাত্মনো গতিং তত্ত্বং যথাবদ্বিচষ্টে পশ্যতি। তস্মৈ মহাকারুণিকায়॥ ১৭॥

তস্য প্রহ্লাদস্যানু শৃণ্বত উবাচেতি কিঞ্চিদ্বক্তুং প্রবৃত্ত ইত্যর্থঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কোঽপীত্যর্থঃ। নচ অত্র তব দত্তাপহার-লক্ষণো দোষোঽপি স্নেহেন পুত্রহস্তে দত্তস্যাপি মোদকাদেরাহতাশঙ্কয়া পুনরাচ্ছিদ্য নীতবতঃ পিতুর্যথা তথেত্যর্থঃ॥ ১৬॥ ১৭॥

উবাচোত কিঞ্চিদ্বক্তুং প্রবৃত্ত ইত্যর্থঃ॥ ১৮॥

তদৈব বিন্ধ্যাবলিরপি বক্তুং প্রবৃত্তা। তাঞ্চ সংমানয়ন্ হিরণ্যগর্ভঃ ক্ষণং তূষ্ণীং স্থিতঃ।

মোহে জীবের আত্মজ্ঞান পর্য্যন্ত বিলুপ্ত হইয়া যায়; অতএব সেই ঐশ্বর্য্যকে প্রত্যাহরণ করত, ইহাকে বরং আপনি রক্ষাই করিয়াছেন; সন্দেহ নাই॥ ১৬॥

অহো! পণ্ডিত সংযতচেতা বিবেকী পুরুষগণও যে ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া, আপনাদের সুপরিচিত আত্মতত্ত্বও বিস্মৃত হন, তখন তাদৃশ শ্রীলাভে বিমোহিত না হইয়া, এমন কোন্ পুরুষ আছে যে, আত্মতত্ত্বের আবার অনুসন্ধান করিবে? অতএব হে অখিল-লোক-সাক্ষিন্ জগৎপতে নারায়ণ! আপনিই সর্ব্বমঙ্গলময়! আপনাকে প্রণাম করি! ॥ ১৭॥

শুকদেব বলিলেন, ভক্ত প্রহ্লাদ কৃতাঞ্জলিপুটে ভগবানের সমক্ষে দণ্ডায়মান রহিয়াছেন, এমন সময়ে তাঁহার সম্মুখেই উপনীত হইয়া, পদ্মযোনি ব্রহ্মা বামনদেবকে কিছু বলিবার জন্য উদ্যত হইলেন॥ ১৮॥

প্রাঞ্জলিঃ প্রণতোপেন্দ্রং বভাষেঽবাঙ্মুখী নৃপ ॥ ১৯ ॥

বিন্ধ্যাবলিরুবাচ ॥

ক্রীড়ার্থমাত্মন ইদং ত্রিজগৎ কৃতন্তে স্বাম্যন্তু তত্র কুধিয়োঽপর ঈশ কুর্য্যুঃ।

অন্বয়ঃ।

অবাঙ্মুখী প্রণতা সতী হে নৃপ! ইদং বভাষে উবাচ ॥ ১৯ ॥

বিন্ধ্যাবলিঃ উবাচ। হে ঈশ! তে ত্বয়া, আত্মনঃ স্বস্য, ক্রীড়ার্থং ইদং লোকত্রয়াত্মকং জগৎ কৃতং সৃষ্টং! তত্র ত্বৎক্রীড়োপকরণভূতে জগতি অপরে কেচিৎ স্বাম্যং স্বত্ববুদ্ধিং কুর্য্যুঃ কুর্ব্বন্তি। হে ঈশ! ত্বয়া অবরোপিতঃ মায়াপ্রেরণয়া কর্ত্তৃবাদাঃ বয়ং স্বতন্ত্রাঃ কর্ত্তারঃ ইতি

শ্রীধরস্বামী।

তদৈব বিন্ধ্যাবলিরপি বক্তুং প্রবৃত্তা তাঞ্চ সম্মানয়ন্ হিরণ্যগর্ভঃ তূষ্ণীং ক্ষণং স্থিতঃ অতস্তস্যা এব বাক্যং প্রথমমবতারয়তি বদ্ধং বীক্ষ্যেতি ॥ ১৯ ॥

ত্রিজগতঃ কর্ত্তুঃ প্রভোঃ পালকস্য অস্যতঃ সংহর্ত্তুশ্চ ঈশ্বরস্য তবান্যে কিমাবহন্তি কিং সমর্পয়ন্তি ত্বয়াঽবরোপিতঃ কর্ত্তৃবাদঃ কর্ত্তারঃ স্বতন্ত্রা বয়মিতি বাদমাত্রমপি যেষাং তে। অয়ং ভাবঃ। লোকত্রয়ং ময়ার্পিতং তৃতীয়পাদায় দেহং সমর্পা প্রতিশ্রুতং শ্রুতং করোমীতি দেহাদিষু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতস্তস্যা এব বাক্যমবতারয়তি। বদ্ধং বীক্ষ্যেতি ভয়বিহ্বলা ভগবত্যপরাধভয়-ব্যগ্রা অবাঙ্মুখী স্ত্রীস্বভাবান্নীচীন-বদনা ॥ ১৯ ॥

তে ত্বয়া। কুধিয়ো বলি প্রভৃতয়ঃ। কর্ত্তুঃ স্রষ্টুঃ প্রভোঃ পালয়িতুঃ অস্যতঃ সংহর্ত্তুশ্চ তবেতি চতুর্থ্যর্থে ষষ্ঠ্যঃ। এবংভূতায় তুভ্যং কিং বস্তু আবহন্তি দদতি। অহন্তাস্পদ-মমতাস্পদ-বস্তূনাং মধ্যে কস্মিন্ বস্তুনি স্বাম্যং বর্ত্ততে যৎ তৃতীয়-পাদায় প্রতিশ্রুতমৃতং করোমীতি উক্ত্বা স্বদেহং দাতুমিচ্ছন্তি তাক্তহ্রিয়ঃ ত্রিভুবনস্য দেহস্যচ ত্বৎসৃষ্টত্বাৎ ত্বদীয়-মেবেদং সর্ব্বং তুভ্যং দত্ত্বা স্বকীর্ত্তিং চিকীর্ষবো লজ্জামাপ কিং ত্যক্তবন্ত ইত্যর্থঃ। অতএবৈতে মহোন্মাদ-রোগগ্রস্তা ত্বয়া সবৈদ্যেন কৃপয়া সাধু চিকিৎসিতা ইত্যাহ অবরোপিতঃ অত্যর্দ্ধ-

---

এদিকে বলিপত্নী পতিপরায়ণা বিন্ধ্যাবলি স্বামীর তাদৃশ বন্ধনদশা দর্শনে ভয়বিহ্বল-নেত্রে কৃতাঞ্জলি হইয়া, অধোবদনে প্রণাম করত বামনদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ১৯ ॥

হে জগৎস্বামিন্! আপনি স্বীয় ক্রীড়ানির্ব্বাহার্থ এই ত্রিভুবনাত্মক জগৎকে নির্ম্মাণ করিয়াছেন! কিন্তু কি আশ্চর্য্য! আপনার সৃষ্ট কোন কোন জীবই আবার আপনার ক্রীড়োপকরণ এই জগতের উপর আপনাদের আধিপত্য স্থাপনে স্বামিত্বের পরিচয় দিয়া থাকে। এ সকলই আপনার মায়ার খেলা। বৈষ্ণবী মায়ার প্রভাবে বিমোহিত জীবই আপনাকে স্বতন্ত্র কর্ত্তা বলিয়া মনে করে; কিন্তু ইহা একান্ত দুঃখের বিষয় যে, যাহাদের প্রকৃত প্রস্তাবে কোন অধিকার

কর্ত্তুঃ প্রভোস্তব কিমস্যত আবহন্তি ত্যক্তহ্রিয় স্বদবরোপিত কর্ত্তৃবাদাঃ ॥ ২০ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

ভূতভাবন ভূতেশ দেবদেব জগন্ময়।
মুঞ্চৈনং হৃতসর্ব্বস্বং নায়মর্হতি নিগ্রহং ॥ ২১ ॥
কৃৎস্না তেঽনেন দত্তা ভূর্লোকাঃ কর্ম্মার্জ্জিতাশ্চ যে।

অন্বয়ঃ।

বাদমাত্রং যেষাং তে ত্যক্তহ্রিয়ঃ নির্লজ্জাঃ, জনাঃ কর্ত্তুঃ জগৎস্রষ্টুঃ, প্রভোঃ পালকস্য, অস্যতঃ সংহর্ত্তুঃ, তব কিং আবহন্তি সমর্পয়ন্তি (স্বত্বাভাবাৎ ন কিমপীতি ভাবঃ) ॥ ২০ ॥

ব্রহ্মা উবাচ। হে ভূতভাবন। হে ভূতেশ! ভূতনিয়ন্তর্! হে দেবদেব! হে জগন্ময়! হৃতসর্ব্বস্বং (হৃতং স্বীকৃতং সর্ব্বস্বং যস্মাৎ তৎ) এনং বলিং মুঞ্চ! অয়ং নিগ্রহং দণ্ডং ন অর্হতি ॥ ২১ ॥

অবিক্লবয়া অদীনয়া ধিয়া, অনেন বলিনা, তে তুভ্যং সর্ব্বস্বং নিবেদিতং, কৃৎস্না ভূঃ দত্তা,

শ্রীধরস্বামী।

স্বাম্যাবিষ্কারেণ ব্রুবন্নয়ং কুবুদ্ধি র্নির্লজ্জশ্চ যত স্তস্যৈব সর্ব্বব্যাপী স্বামী অতো মন্দবুদ্ধিমেনং কেবলং কৃপয়া বিমুচ্য পালয়েতি ॥ ২০ ॥

তদেবং প্রহ্লাদস্য বিদ্ধ্যাবলেশ্চ পরমার্থোক্ত্যা প্রসন্নো হরিঃ ব্রহ্মাতু লোকদৃষ্টৈব বিজ্ঞাপয়তি ভূতভাবনেতি ত্রিভিঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মারোহন্নপি সহসৈবাবরোহিতঃ ত্রিভুবন-পালন-কর্ত্তারো বয়মিতি মিথ্যাহঙ্কার-মূলকঃ কর্ত্তৃবাদো যেষাং তেষাং তে তস্মাদপরাধিনোঽস্য বন্ধনমুচিতমেবেতি ভাবঃ ॥ ২০ ॥

তদেবং প্রহ্লাদস্য বিদ্ধ্যাবলেশ্চ পরমার্থোক্ত্যা প্রসাদিতমেব ভগবন্তং ব্রহ্মা লোকতদ্দৃষ্ট্যৈব প্রসাদয়তি ভূতেতি ॥ ২১ ॥

নাই, তাহারাই নিতান্ত নির্লজ্জের ন্যায় যিনি বাস্তবিক জগতের কর্ত্তা হর্ত্তা এবং প্রতিপালক তাঁহাকে ভূমি প্রভৃতি দানে উদ্যোগী হয় ॥ ২০ ॥

তখন বীরবর বিকুক্ষি পিতার আদেশ শিরোধার্য্য করিয়া, মৃগয়ার্থ বনে গমন করিলেন এবং শ্রাদ্ধে দেয় বিবিধ মৃগ বধ করত, অতিশয় শ্রম নিবন্ধন ক্লান্ত হইয়া পড়িলেন; ক্ষুধা এবং পিপাসায় তাঁহার কলেবর অবসন্ন হইল; তখন তিনি শ্রাদ্ধের কথা বিস্মৃত হইয়া, ক্ষুন্নিবারণার্থ নিহত মৃগের মধ্যে একটী শশ মৃগ ভোজন করিয়া, কথঞ্চিৎ পরিতৃপ্ত হইলেন। ৭ ॥

পরে অবশিষ্ট সমস্ত মাংস আনিয়া পিতাকে প্রদান করিলেন; এদিকে পিতা ইক্ষ্বাকু সেই মাংস-সমূহের শ্রাদ্ধোচিত সংস্কার নির্ব্বাহার্থ কুলগুরু

জ্ঞাত্বা পুত্রস্য তৎ কর্ম্ম গুরুণাভিহিতং নৃপঃ।
দেশান্নিঃসারয়ামাস সুতং ত্যক্তবিধিং রুষা ॥ ৯ ॥
সতু বিপ্রেণ সংবাদং জ্ঞাপকেন সমাচরন্ ॥ ১০ ॥
ত্যক্ত্বা কলেবরং যোগী স তেনাবাপ যৎপরং ॥ ১১ ॥
পিতর্য্যুপরতেঽভ্যেত্য বিকুক্ষিঃ পৃথিবীমিমাং।

অন্বয়ঃ।

ততঃ নৃপঃ ইক্ষ্বাকুঃ গুরুণা অভিহিতং পুত্রস্য তৎ কর্ম্ম জ্ঞাত্বা রুষা ত্যক্তবিধিং (ত্যক্তঃ বিধিঃ শাস্ত্রীয়নিয়মঃ যেন তৎ) সুতং বিকুক্ষিং দেশাৎ নিঃসারয়ামাস ॥ ৯ ॥

সঃ তু ইক্ষ্বাকুঃ জ্ঞাপকেন গুরুণা বিপ্রেণ বশিষ্ঠেন সহ সম্বাদং তত্ত্ববিচারং সমাচরন্ অকরোৎ। ততঃ তেন বিচারেণ সঃ ইক্ষ্বাকুঃ যোগী জ্ঞানযোগনিষ্ঠঃ সন্ কলেবরং ত্যক্ত্বা যৎ পরং ব্রহ্ম তৎ অবাপ ॥ ১০ ॥ ১১ ॥

এবং পিতরি ইক্ষ্বাকৌ উপরতে মৃতে সতি বিকুক্ষিঃ অভ্যেত্য গৃহং আগত্য ইমাং

শ্রীধরস্বামী।

ত্যক্তো বিধিঃ সদাচারো যেন তং ॥ ৯ ॥ সতু ইক্ষ্বাকুঃ জ্ঞাপকেন বশিষ্ঠেন ॥ ১০ ॥

রাজ্যভোগেন বিরক্তো যোগী সন্ তেন যোগেন কলেবরং ত্যক্ত্বা স যৎ পরং তত্ত্বং তদবাপ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদাহুরু র্ব্বশিষ্ঠঃ। দুষ্টমিত্যগ্রভাগস্য বিকুক্ষিণা ভুক্তত্বাৎ ॥ ৮ ॥ ৯ ॥

সতু ইক্ষ্বাকুঃ জ্ঞাপকেন জ্ঞানদায়না বশিষ্ঠেন ॥ ১০ ॥

বশিষ্ঠদেবকে আনুরোধি করিলেন; কিন্তু গুরুদেব মাংস সংস্কারার্থ প্রবৃত্ত হইয়াই বলিলেন যে, এ মাংস দূষিত হইয়াছে; শ্রাদ্ধাদ কর্ম্মে প্রদত্ত হইবার উপযুক্ত নহে। কারণ ভবদীয় পুত্র বিকুক্ষি ইহার অগ্রভাগ ভোজন করত ইহাকে উচ্ছিষ্ট করিয়াছে ॥ ৮ ॥

রাজা ইক্ষ্বাকু গুরুমুখে পুত্রের তাদৃশ অবৈধ কর্ম্মের কথা শ্রবণ করিয়া, অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং তাদৃশ শাস্ত্রবিধির উল্লঙ্ঘনকারী পুত্রকে দেশ হইতে নির্ব্বাসিত করিলেন ॥ ৯ ॥

এদিকে রাজা ইক্ষ্বাকু উপদেষ্টা ব্রাহ্মণ বশিষ্ঠদেবের নিকট পরমার্থ ব্রহ্মতত্ত্বের বিষয় অবধারণ করত, যোগাবলম্বনে দেহ পরিত্যাগ পূর্ব্বক পরম পদ ব্রহ্মপদবী লাভে কৃতার্থ হইলেন ॥ ১০ ॥ ১১ ॥

পিতার মৃত্যু হইলে, বিকুক্ষি পুনরায় গৃহে প্রত্যাগমন পূর্ব্বক তদীয় পিতৃ-রাজ্যে অধিষ্ঠিত হইয়া প্রজা পালন করিয়াছিলেন বলিয়া, তিনি শশাদ নামে

শাসদীজে হরিং যজ্ঞৈঃ শশাদ ইতি বিশ্রুতঃ ॥ ১২ ॥
পুরঞ্জয়স্তস্য সুত ইন্দ্রবাহ ইতীরিতঃ।
ককুৎস্থ ইতি চাপ্যুক্তঃ শৃণু নামানি কর্ম্মভিঃ ॥ ১৩ ॥
কৃতান্ত আসীৎ সমরো দেবানাং সহ দানবৈঃ।
পার্ষ্ণিগ্রাহো বৃতো বীরো দেবৈ দৈত্যপরাজিতৈঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পৃথিবীং শাসৎ পালয়ৎ তথা যজ্ঞৈঃ হরিং ঈজে আরাধিতবান্। সঃ চ শশাদনেন কর্ম্মণা শশাদঃ ইতি বিশ্রুতঃ ॥ ১২ ॥

তস্য বিকুক্ষেঃ সুতঃ পুরঞ্জয়ঃ; সঃ এব ইন্দ্রবাহঃ ইতি ককুৎস্থঃ ইতি চ ঈরিতঃ উক্তঃ। কর্ম্মভিঃ এতানি নামানি যানি জাতানি তানি শৃণু ॥ ১৩ ॥

দানবৈঃ সহ দেবানাং কৃতান্তঃ (কৃতং বিশ্বং অন্তয়তি বিনাশয়তীতি কৃতান্তঃ প্রলয়সদৃশঃ) সমরঃ আসীৎ। তদা দৈত্যপরাজিতৈঃ দেবৈঃ সঃ বীরঃ পুরঞ্জয়ঃ পার্ষ্ণিগ্রাহঃ বৃতঃ সহায়ত্বেন প্রার্থিতঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

শাসৎ পালয়ন্ হরিমীজে ॥ ১২ ॥

দৈত্যপুরস্য জয়াৎ পুরঞ্জয়ঃ। ইন্দ্রো বাহোঽস্যেতীন্দ্রবাহঃ। ককুদি স্থিতত্বাৎ ককুৎস্থ ইতিচ শশাদসুতস্য ত্রীণি নামানি তৎকর্ম্ম-নিমিত্তানি ॥ ১৩ ॥

তানি ব্যাচক্ষাণ আহ কৃতান্ত ইতি সপ্তভিঃ। কৃতং বিশ্বমন্তয়তীতি তথা পার্ষ্ণিগ্রাহঃ সহায়ঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শাসৎ পালয়ন্ সন্ ॥ ১১ ॥ ১২ ॥

দৈত্যপুরস্য জয়াৎ পুরঞ্জয়ঃ। ইন্দ্রো বাহোঽস্যেতি ইন্দ্রবাহঃ। ককুদি স্থিতত্বাৎ ককুৎস্থ ইতি। কর্ম্মভিরিতি যৈঃ কর্ম্মভি স্ত্রীণি নামানি তানি শৃণ্বিত্যর্থঃ ॥ ১৩ ॥

কৃতস্য বিশ্বস্যান্তো নাশো যস্মাত্তাদৃশঃ সমর আসীৎ। তত্র দেবৈঃ পার্ষ্ণিগ্রাহো বৃতঃ ॥ ১৪ ॥

অভিহিত হন। তিনি তৎকালে বিবিধ যজ্ঞের অনুষ্ঠানে ভগবান্ শ্রীহরির আরাধনা করিয়াছিলেন ॥ ১২ ॥

তদীয় পুত্র পুরঞ্জয়, ইন্দ্রবাহ এবং ককুৎস্থ এই তিন নামে অভিহিত হন। হে নরনাথ! যে যে কর্ম্মোপলক্ষে তিনি এই তিন নামে বিখ্যাত হইয়াছিলেন, তাহা আমি আপনার নিকট বর্ণন করিতেছি, শ্রবণ করুন্!

পূর্ব্বে যে সময় দানবগণের সহিত দেবতাদিগের বিশ্ব-বিনাশন একটী ভীষণ সমর আরম্ভ হয়, তখন দৈত্যগণের দ্বারা পরাজিত দেববৃন্দ এই বীরবর পুরঞ্জয়কে আপনাদের সহায়রূপে গ্রহণ করেন ॥ ১৪ ॥

বচনাদ্দেবদেবস্য বিষ্ণোর্বিশ্বাত্মনঃ প্রভোঃ।
বাহনত্বে বৃতস্তস্য বভূবেন্দ্রো মহাবৃষঃ॥
স সন্নদ্ধো ধনুর্দ্দিব্যমাদায় বিশিখান্ শিতান্।
স্তূয়মান স্তমারুহ্য যুযুৎসুঃ ককুদি স্থিতঃ॥
তেজসাপ্যায়িতো বিষ্ণোঃ পুরুষস্য মহাত্মনঃ।
প্রতীচ্যাং দিশি দৈত্যানাং ন্যরুণৎ ত্রিদশৈঃ পুরং ॥ ১৫॥

অন্বয়ঃ।

দেবদেবস্য বিশ্বাত্মনঃ প্রভোঃ বিষ্ণোঃ বচনাৎ তস্য বাহনত্বে বৃতঃ ইন্দ্রঃ মহাবৃষঃ বভূব॥ তত যুযুৎসুঃ সঃ পুরুঞ্জয়ঃ সন্নদ্ধঃ বদ্ধকবচঃ, দিব্যং ধনুঃ নিশিতান্ বিশিখান্ বাণান্, আদায় তং বৃষভং আরুহ্য তস্য ককুদি স্কন্ধসমীপ-মাংস-পিণ্ডে স্থিতঃ বন্দিভিঃ স্তূয়মানঃ, মহাত্মনঃ পুরুষস্য বিষ্ণোঃ তেজসা আপ্যায়িতঃ উপবৃংহিতঃ, ত্রিদশৈঃ দেবৈঃ, সহ প্রতীচ্যাং দিশি দৈত্যানাং পুরং ন্যরুণৎ নিরুদ্ধবান্ ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

ইন্দ্রো যদি মম বাহনং স্যাৎ তর্হি দৈত্যান্ হনিষ্যামীতি তেন বাহনত্বেন বৃতঃ সন্নিন্দ্রো লজ্জয়া তদনঙ্গীকুর্ব্বন্ বিষ্ণো র্ব্বচনাৎ তস্য বাহনত্বায় মহাবৃষো বভূবেত্যর্থঃ॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রো যদি মম বাহনং স্যাত্তদা দৈত্যান্ হনিষ্যামীতি তেন বাহনত্বেন বৃতঃ সন্নিন্দ্রো লজ্জয়া তদনঙ্গীকুর্ব্বন্ বিষ্ণোর্ব্বচনাৎ তস্য বাহনং মহাবৃষো বভূবেত্যর্থঃ। স পুরঞ্জয়ঃ বৃষং সমারুহ্যেতীন্দ্রবাহঃ ককুদিস্থিত ইতি ককুৎস্থশ্চাভূৎ॥

ত্রিদশৈঃ সহিতঃ পুরং ন্যরুণৎ॥ ১৫॥

কিন্তু পুরঞ্জয় অমরপতি বাসবকে স্বকীয় বাহনরূপে প্রার্থনা করায়, দেবেন্দ্র লজ্জায় প্রথমত অস্বীকার করিলেন; পরে বিশ্বাত্মা ভগবান্ বিষ্ণুর অনুমতি অনুসারে ইন্দ্র স্বীকার করিয়া, একটী মহাকায় বৃষরূপ ধারণ করিলেন॥

তখন মহারথ পুরঞ্জয় বর্ম্ম পরিধান পূর্ব্বক দিব্য অস্ত্র শস্ত্র ও বাণ সমূহ গ্রহণ করিলেন এবং ভগবান্ বিষ্ণুর অলৌকিক তেজে নিজে বিশেষ পুষ্টি লাভ করত, বৃষভের স্কন্ধদেশস্থ মাংসপিণ্ডোপরি অবস্থান পূর্ব্বক, যুদ্ধার্থ নির্গত হইলেন; তখন বন্দিগণ তাঁহাকে স্তব করিতে লাগিল। তিনি তখন দেববৃন্দে পরিবৃত হইয়া, পূর্ব্ব দিক্‌ভাগে যাত্রা করত, দৈত্যগণের পুরী অবরুদ্ধ করিলেন ১৫॥

দৈত্যগণের সহিত তথায় তাঁহার অতীব লোমহর্ষণ তুমুল সংগ্রাম আরম্ভ হইল। অধিক কি! যে কোন দৈত্য অভিমুখী হইয়া, রণপ্রাঙ্গণে উপস্থিত

তৈস্তস্য চাভূৎ প্রধনং তুমুলং লোমহর্ষণং।
যমায় ভল্লৈরনয়দ্দৈত্যানভিযযু র্মৃধে ॥ ১৬ ॥
তস্যেষু-পাতাভিমুখং যুগান্তাগ্নিমিবোল্বণং।
বিসৃজ্য দুদ্রুবু র্দৈত্যা হন্যমানাঃ স্বমালয়ং ॥ ১৭ ॥
জিত্বা পুরং ধনং সর্ব্বং সস্ত্রীকং বজ্রপাণয়ে।
প্রত্যযচ্ছৎ স রাজর্ষিরিতি নামভিরাহৃতঃ ॥
পুরঞ্জয়স্য পুত্রোঽভূদনেনা যৎসুতঃ পৃথুঃ।

অন্বয়ঃ।

তৈঃ দৈত্যৈঃ সহ তস্য পুরঞ্জয়স্য তুমুলং লোমহর্ষণং প্রধনং যুদ্ধং অভূৎ। তত্র যে দৈত্যাঃ মৃধে অভিমুখং যযুঃ তান্ দৈত্যান্ যমায় যমং দর্শয়িতুং সদেহান্ এব ভল্লৈঃ বাণৈঃ অনয়ৎ ॥১৬

উল্বণং দুঃসহং, যুগান্তাগ্নিং ইব তস্য ইষুপাতাভিমুখং রণাজিরং, বিসৃজ্য হন্যমানাঃ দৈত্যাঃ স্বং আলয়ং পাতালং দুদ্রুবুঃ ॥ ১৭ ॥

ইতি এবং দৈত্যান্ জিত্বা সঃ রাজর্ষিঃ তেষাং সস্ত্রীকং পুরং ধনং সর্ব্বং বজ্রপাণয়ে ইন্দ্রায়, প্রত্যযচ্ছৎ প্রদদৌ। অতো দৈত্য-পুরজয়াৎ পুরঞ্জয়ঃ তথা ইন্দ্রং বাহনত্বেন পরিগৃহীতত্বাৎ ইন্দ্রবাহঃ ইতি তথা তস্য ককুদি স্থিতত্বাৎ ককুৎস্থঃ ইতি ত্রিভিঃ নামভিঃ সঃ আহৃতঃ আহূতঃ ॥

শ্রীধরস্বামী।

যেঽভিমুখং যযু স্তান্ যমং দর্শয়িতুং সদেহানেব ভল্লৈরনয়দিত্যর্থঃ ॥ ১৬ ॥
তচ্চ দৃষ্ট্বান্যে চ দুদ্রুবুঃ। স্বমালয়ং পাতালং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যমায় অনয়ৎ যমং মৃত্যুং প্রাপয়ামাস। গত্যর্থ-কর্ম্মণীতি চতুর্থী ॥ ১৬ ॥
দৈত্যাবশিষ্টাঃ। আলয়ং পাতালং ॥ ১৭ ॥

হইয়াছিল, তাহাকেই তিনি বাণ প্রহারে শমনের অতিথি করিয়াছিলেন ॥১৬॥

অহো! যুগান্তকালীন কালানলোপম তদীয় বাণপতন-স্থান রণপ্রাঙ্গণকে পরিত্যাগ করিয়া, দৈত্যগণ ইতস্তত পলায়ন করত পাতালপুরে প্রবেশ করিতে লাগিল ॥ ১৭ ॥

এই প্রকার বিষম পরাক্রমের পরিচয়ে রাজর্ষি পুরঞ্জয় দৈত্যপুরী জয় করত তাহাদের বনিতাগণ সহ যাবতীয় ধন সম্পত্তি সংগ্রহ করিয়া বজ্রপাণি বাসবকে প্রদান করিলেন! অতএব দৈত্যপুরী জয় করেন বলিয়া পুরঞ্জয়, ইন্দ্রকে স্বীয় বাহন করেন বলিয়া ইন্দ্রবাহ এবং বৃষের ককুদে অবস্থান পূর্ব্বক যুদ্ধ করিয়াছিলেন বলিয়া, তিনি ককুৎস্থ নামে অভিহিত হইয়াছিলেন ॥

পুরঞ্জয়ের পুত্র অনেনা, তাঁহার পুত্র পৃথু; তাঁহার পুত্র বিশ্বগন্ধ; তৎ-

বিশ্বগন্ধি স্তত শ্চন্দ্রো যুবনাশ্বস্ত তৎসুতঃ॥ ১৮॥
শ্রাবস্ত স্তৎসুতো যেন শ্রাবস্তী নির্ম্মমে পুরী।
বৃহদশ্বস্তু শ্রাবস্তি স্ততঃ কুবলয়াশ্বকঃ॥ ১৯॥
যঃ প্রিয়ার্থমুতঙ্কস্য ধুন্ধুনামাসুরং বলী।
সুতানামেকবিংশত্যা সহস্রৈরহনদ্বৃতঃ॥ ২০॥
ধুন্ধুমার ইতি খ্যাত স্তৎসুতা স্তেচ জজ্বলুঃ।
ধুন্ধো র্মুখাগ্নিনা সর্ব্বে ত্রয় এবাবশেষিতাঃ॥

অন্বয়ঃ

পুরঞ্জয়স্য পুত্রঃ অনেনাঃ, তস্য পুত্রঃ পৃথুঃ তস্য বিশ্বগন্ধঃ তস্য চন্দ্রঃ, তস্য পুত্রঃ যুবনাশ্বঃ অভূৎ॥ ১৮॥

তস্য যুবনাশ্বস্য সুতঃ শ্রাবস্তঃ, যেন শ্রাবস্তেন শ্রাবস্তী পুরী নির্ম্মমে নির্ম্মিতা; শ্রবস্তস্য সুতঃ বৃহদশ্বঃ ততঃ চ কুবলয়াশ্বকঃ॥ ১৯॥

যঃ বলী কুবলয়াশ্বকঃ উতঙ্কস্য ঋষেঃ প্রিয়ার্থং স্বসুতানাং একবিংশত্যা সহস্রৈঃ বৃতঃ সন্ যুদ্ধে ধুন্ধুনামাসুরং অহনৎ॥ ২০॥

অতঃ সঃ ধুন্ধুমারঃ আখ্যাতঃ। ধুন্ধোঃ মুখাগ্নিনা সর্ব্বে তে তৎসুতাঃ জজ্বলুঃ

শ্রীধরস্বামী।

ইত্যেতৈঃ কর্ম্মভিঃ পুরঞ্জয়াদি নামভিরাহৃতঃ। আহত ইতি পাঠান্তরে আহূত ইত্যর্থঃ॥১৮॥

শ্রাবস্তি শ্রাবস্তস্য সুতঃ॥ ১৯॥

কুবলয়াশ্ব এব ধুন্ধুমার ইতি খ্যাতঃ। তত্র কারণমাহ য ইতি। সুতানামেকবিংশত্যা সহস্রৈ বৃতঃ সন্ হতবান্॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জিত্বা পুরমিতি পুরঞ্জয়ঃ স বজ্রপাণিঃ প্রত্যষচ্ছৎ পুন স্তস্য রাজর্ষে রাজর্ষয়ে দদৌ অতএব স রাজর্ষিঃ নামভিঃ পুরঞ্জয়াদিভিরাহৃতঃ। আহত ইতি পাঠে আহূত ইত্যর্থঃ॥ ১৮॥ ১৯॥

পুত্র চন্দ্র এবং চন্দ্রের পুত্র যুবনাশ্ব॥ ১৮॥

যুবনাশ্বের পুত্র শ্রাবস্ত; এই শ্রাবস্ত শ্রাবস্তী নামে পুরী নির্ম্মাণ করেন। শ্রাবস্তের পুত্র বৃহদশ্ব এবং তাঁহার পুত্র কুবলয়াশ্বক॥ ১৯॥

এই মহাবল রাজা কুবলয়াশ্বক এক সময়ে ঋষি উতঙ্কের হিতসাধনার্থ স্বকীয় একবিংশতি সহস্র পুত্রগণে পরিবৃত হইয়া, ধুন্ধুনামা অসুরের নিধন-সাধন করেন॥ ২০॥

এই ব্যাপার উপলক্ষে তিনি পরিণামে ধুন্ধুমার নামে বিখ্যাত হন। ধুন্ধুর মুখ-নিঃসৃত অনল-জ্যোতিতে তাঁহার সকল পুত্রই ভস্মীভূত হইয়াছিল; কেবল যে তিনটী মাত্র জীবিত ছিল॥

দৃঢ়াশ্বঃ কপিলাশ্বশ্চ ভদ্রাশ্ব ইতি ভারত।
দৃঢ়াশ্বপুত্রো হর্য্যশ্বো নিকুম্ভ স্তৎসুতঃ স্মৃতঃ ॥ ২১ ॥
বহুলাশ্বো নিকুম্ভস্য কৃশাশ্বোঽথাস্য সেনজিৎ।
যুবনাশ্বোঽভবৎ তস্য সোঽনপত্যো বনং গতঃ ॥ ২২ ॥
ভার্য্যা-শতেন নির্ব্বিণ্ণ ঋষয়োঽস্য কৃপালবঃ।
ইষ্টিং স্ম বর্ত্তয়াঞ্চক্রু রৈন্দ্রীং তে সুসমাহিতাঃ ॥ ২৩ ॥
রাজা তদ্ যজ্ঞ-সদনং প্রবিষ্টো নিশি তর্ষিতঃ।

অন্বয়ঃ।

দগ্ধাঃ বভূবুঃ; তেষাং মধ্যে ত্রয়ঃ এব যে সুতাঃ অবশেষিতাঃ তে দৃঢ়াশ্বঃ কপিলাশ্বঃ ভদ্রাশ্বঃ চ ইতি। দৃঢ়াশ্ব-পুত্রঃ হর্য্যশ্বঃ; তস্য সুতঃ নিকুম্ভঃ স্মৃতঃ ॥ ২১ ॥

নিকুম্ভস্য পুত্রঃ বর্হিণাশ্বঃ, তস্য সুতঃ কৃশাশ্বঃ তস্য সুতঃ সেনজিৎ তস্য যুবনাশ্বঃ সুতঃ অভবৎ। তস্য ভার্য্যাশতং আসীৎ তথাপি তাসু অনপত্যঃ সঃ ভার্য্যা-শতেন সহ বনং গতঃ ॥ ২২ ॥

তে চ কৃপালবঃ ঋষয়ঃ সুসমাহিতাঃ অস্য পুত্রলাভায় ঐন্দ্রীং ইষ্টিং স্ম প্রবর্ত্তয়াঞ্চক্রুঃ ॥ ২৩ ॥

রাজা যুবনাশ্বঃ তর্ষিতঃ তৃষিতঃ সন্ নিশি (জলার্থং) তৎ যজ্ঞসদনং প্রবিষ্টঃ তত্র তান্

শ্রীধরস্বামী।

ধুন্ধুমার ইতি চেতি চকারস্যান্বয়ঃ ॥ ২১ ॥ অথ তস্মান্নিকুম্ভাৎ কৃশাশ্বঃ ॥ ২২ ॥

ভার্য্যাণাং শতেন সহ অস্য পুত্রার্থং ইন্দ্রদৈবত্যামিষ্টিং প্রবর্ত্তয়া মাসুঃ স্মেত্যাশ্চর্য্যে ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুতানামেকবিংশত্যা সহস্রৈর্যুক্তঃ সন্নহনং ॥ ২০—২৩ ॥

তাহাদের নাম দৃঢ়াশ্ব, কপিলাশ্ব এবং ভদ্রাশ্ব। দৃঢ়াশ্বের পুত্র হর্য্যশ্ব এবং তদীয় পুত্র নিকুম্ভ নামে বিখ্যাত হন ॥ ২১ ॥

নিকুম্ভের পুত্র বহুলাশ্ব; তাঁহার পুত্র কৃশাশ্ব এবং কৃশাশ্বের পুত্র সেনজিৎ; সেনজিতের পুত্র যুবনাশ্ব। তিনি অনপত্যতা নিবন্ধন বনে গমন করিয়াছিলেন ॥ ২২ ॥

মহারাজ যুবনাশ্ব অনপত্যতা নিবন্ধন অতি দুঃখিত-চিত্তে স্বকীয় এক শত বনিতা সহ বনে গমন করিলে, তত্রত্য ঋষিগণ তাঁহাকে দেখিয়া অতীব দুঃখিত হইলেন; এবং তাঁহার প্রতি বিশেষ অনুগ্রহের প্রকাশে বিশেষরূপ সমাহিত হইয়া, রাজার দ্বারা একটি ইন্দ্র-যাগের অনুষ্ঠান করিলেন ॥ ২৩ ॥

এক দিবস রাত্রিকালে মহারাজ একান্ত তৃষ্ণার্ত্ত হইয়া, জল পানার্থ সেই যজ্ঞগৃহে প্রবেশ করেন এবং তথায় ঋত্বিক্ ব্রাহ্মণগণকে নিদ্রিত

দৃষ্ট্বা শয়ানান্ বিপ্রাংস্তান্ পপৌ মন্ত্রজলং স্বয়ং ॥ ২৪ ॥
উত্থিতাস্তে নিশম্যাথ ব্যুদকং কলসং প্রভো।
পপ্রচ্ছুঃ কস্য কর্ম্মেদং পীতং পুংসবনং জলং ॥ ২৫ ॥
রাজ্ঞা পীতং বিদিত্বা বৈ ঈশ্বরপ্রহিতেন তে।
ঈশ্বরায় নমশ্চক্রু রহো দৈববলং বলং ॥
ততঃ কাল উপাবৃত্তে কুক্ষিং নির্ভিদ্য দক্ষিণং।

অন্বয়ঃ।

বিপ্রান্ শয়ানান্ দৃষ্ট্বা মন্ত্রজলং (মন্ত্রাভিমন্ত্রিতং পত্ন্যৈ দেয়ং) জলং স্বয়ং পপৌ ॥ ২৪ ॥

অথ উত্থিতাঃ তে ব্রাহ্মণাঃ কলসং ব্যুদকং নিরুদকং, নিশম্য দৃষ্ট্বা, পুংসবনং পুত্রোৎপত্তি-কারণং, জলং কেন পীতং ? ইদং কস্য কর্ম্ম ইতি পপ্রচ্ছুঃ ॥ ২৫ ॥

ঈশ্বর-প্রহিতেন দৈব-প্রেরিতেন রাজ্ঞা বৈ এব পীতং ইতি বিদিত্বা তে ব্রাহ্মণাঃ "অহো দৈববলং এব বলং মুখ্যং" ইতি বদন্তঃ সন্তঃ ঈশ্বরায় নমশ্চক্রুঃ ॥

অতঃ কালে উপাবৃত্তে উপস্থিতে সতি যুবনাশ্বস্য দক্ষিণং কুক্ষিং নির্ভিদ্য চক্রবর্ত্তী তল্লক্ষণা-

শ্রীধরস্বামী।

তদেবাহ রাজেতি ষড়্ভিঃ। তর্ষিত স্তৃষিতঃ সন্ জলার্থং প্রবিষ্টো মন্ত্রাভিমন্ত্রিতং জলং পত্ন্যৈ দেয়ং স্বয়ং পপৌ ॥ ২৪ ॥

ব্যুদকং নিরুদকং। পুংসবনং পুত্রোৎপত্তিকারণং ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্ষিতঃ তৃষার্ত্তঃ। মন্ত্রাদিভির্ম্মন্ত্রিতং পত্ন্যৈ দেয়ং স্বয়ং পপৌ ॥ ২৪ ॥ ২৫ ॥

অবলোকন করিয়া, পুত্রোৎপাদনের হেতুভূত পত্নীকে দেয় মন্ত্রপূত কুম্ভস্থ জল না জানিয়া, স্বয়ং পান করিয়া ফেলিলেন ॥ ২৪ ॥

পরক্ষণেই তথায় ব্রাহ্মণগণ সকলে জাগিয়া উঠিলেন এবং কুম্ভে মন্ত্রপূত জল নাই দেখিয়া, সকলে বলিতে লাগিলেন যে, এই ঘটস্থ পুংসবন বারি কে পান করিয়াছে ! কে এরূপ অন্যায় কর্ম্মের অনুষ্ঠান করিল ! ॥ ২৫ ॥

পরে তাঁহারা ক্রমশ জানিতে পারিলেন যে, রাজা যুবনাশ্ব নিজেই এই জল পান করিয়াছেন। তখন তাঁহারা বুঝিলেন যে, দৈব কর্ত্তৃকই এই কার্য্য সম্পাদিত হইয়াছে। অতএব দৈববলই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং অনুল্লঙ্ঘনীয় বলিয়া নিশ্চয় করত, তাঁহারা সকলে সেই সারাৎসার দেবদেবের চরণেই মনে মনে প্রণাম করিলেন ॥

এদিকে সন্তান প্রসবের উপযুক্ত কাল উপস্থিত হইলে, রাজা যুবনাশ্বের দক্ষিণ কুক্ষি ভেদ করত সার্ব্বভৌম রাজচক্রবর্ত্তীর লক্ষণাক্রান্ত এক অনুপম

যুবনাশ্বস্য তনয় শ্চক্রবর্ত্তী জজানহ ॥ ২৬ ॥
কং ধাস্যতি কুমারোঽয়ং স্তন্যে রোরূয়তে ভৃশং।
মান্ধাতা বৎস মারোদীরিতীন্দ্রো দেশিনীমদাৎ ॥ ২৭ ॥
ন মমার পিতা তস্য বিপ্রদেব-প্রসাদতঃ।
যুবনাশ্বোঽথ তত্রৈব তপসা সিদ্ধিমন্বগাৎ ॥ ২৮ ॥
ত্রসদস্যুরিতীন্দ্রোঽঙ্গ বিদধে নাম যস্য বৈ।

অন্বয়ঃ।

ক্রান্তঃ তনয়ঃ হ জজান জাতঃ ॥ ২৬ ॥

স্তন্যে দুগ্ধার্থং ভৃশং অত্যন্তং রোরূয়তে অয়ং বুভুক্ষিতঃ কুমারঃ কং ধাস্যতি পাস্যতি ইতি বিপ্রৈঃ উক্তে সতি মাং ধাতা মাং পাস্যতি ইতি হে বৎস! মা রোদীঃ ইতি ব্রুবন্ ইন্দ্রঃ দেশিনীং অমৃতস্রাবিণীং স্বতর্জ্জনীং অদাৎ কুমারস্য মুখে নিহিতবান্ ॥ ২৭ ॥

তস্য মান্ধাতুঃ পিতা যুবনাশ্বঃ ভিন্নকুক্ষিঃ আপ বিপ্রাণাং দেবানাং চ প্রসাদতঃ ন মমার; অথ তত্র এব তপসা সিদ্ধিং অনুপশ্চাৎ অগাৎ প্রাপ ॥ ২৮ ॥

হে অঙ্গ! ইন্দ্রঃ তস্য কুমারস্য ত্রসদস্যুঃ ইতি নাম বিদধে চকার। হি যস্মাৎ মান্ধাতুঃ

শ্রীধরস্বামী।

অহো দৈববলমেব মুখ্যং বলং পুরুষবলন্তু ন কিঞ্চিদিতি বদন্ত ঈশ্বরায় নমস্কারং চক্রুঃ ॥২৬॥

অয়ং কং ধাস্যতি পাস্যতীতি দুঃখিতৈ র্বিপ্রৈরুক্তে সতি তস্যামিষ্ট্যামারাধিত ইন্দ্রো মাং ধাতা পাতা! হে বৎস মারোদীরিতি ব্রুবন্ দেশিনীং তর্জনীমদাদিত্যর্থঃ ॥ ২৭ ॥

তস্য পিতা যুবনাশ্বো ভিন্নকুক্ষিরপি ন মমার কিন্তু কালান্তরে তপসা সিদ্ধিমন্বগাৎ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈববলমেব বলমিতি বদন্তঃ ॥ ২৬ ॥

পুত্র জন্ম গ্রহণ করিল ॥ ২৬ ॥

কিন্তু পুত্র জন্মিবার পর স্তন্য-পানার্থ অত্যন্ত রোদন করিতে দেখিয়া, ঋষিগণ দুঃখিত-চিত্তে বলিলেন যে, অহো! এই শিশু এক্ষণে স্তন্যপানার্থ কাহাকে আশ্রয় করিবে! এতৎ শ্রবণে যজ্ঞে তুষ্ট দেবরাজ ইন্দ্র বলিলেন যে, এই বালক আমাকেই আশ্রয় করিবে। শিশু! তুমি আর রোদন করিও না। এই কথা বলিয়া অমৃতবর্ষিণী স্বকীয় তর্জ্জনী তিনি সেই বালকের মুখে পানার্থ প্রদান করিলেন ॥ ২৭ ॥

এদিকে যুবনাশ্বের কুক্ষিদেশ বিদীর্ণ হইলেও, দেবতা এবং ব্রাহ্মণগণের প্রসাদে তাঁহার জীবন নষ্ট হইল না। তিনি সেই স্থানেই কঠোর তপস্যার অনুশীলনে সিদ্ধি লাভ করিলেন ॥ ২৮ ॥

এই মান্ধাতার প্রতাপে রাবণাদি দস্যু-দল সর্ব্বদাই উৎকণ্ঠিত থাকিত

যস্মাৎ ত্রসন্তি হ্যুদ্বিগ্না দস্যবো রাবণাদয়ঃ ॥ ২৯ ॥
যৌবনাশ্বোঽথ মান্ধাতা চক্রবর্ত্ত্যবনীং প্রভুঃ।
সপ্তদ্বীপবতীমেকঃ শশাসাচ্যুততেজসা ॥ ৩০ ॥
ঈজেচ যজ্ঞং ক্রতুভিরাত্মবিদ্ভূরি দক্ষিণৈঃ।
সর্ব্বদেবময়ং দেবং সর্ব্বাত্মকমতীন্দ্রিয়ং ॥
দ্রব্যং মন্ত্রো বিধির্যজ্ঞো যজমানস্তথর্ত্বিজঃ।
ধর্ম্মো দেশশ্চ কালশ্চ সর্ব্বমেতদ্যদাত্মকং ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

সকাশাৎ উদ্বিগ্নাঃ দস্যবঃ রাবণাদয়ঃ ত্রসন্তি বিভ্যতি স্ম ॥ ২৯ ॥

সঃ চ যৌবনাশ্বঃ যুবনাশ্বস্য পুত্রঃ চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ প্রভুঃ মান্ধাতা অচ্যুত-তেজসা একঃ এব সপ্তদ্বীপবতীং অবনীং শশাস ॥ ৩০ ॥

ভূরি দক্ষিণা যেষু তৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ আত্মবিৎ মান্ধাতা সর্ব্বদেবময়ং সর্ব্বাত্মকং অতীন্দ্রিয়ং দেবং যজ্ঞং বিষ্ণুং, ঈজে আরাধয়ামাস ॥

দ্রব্যং চরুপুরোডাশাদিকং, মন্ত্রঃ দ্রব্যদেবতা-প্রকাশকো বেদভাগঃ, বিধিঃ চোদনাত্মকো বেদভাগঃ, যজ্ঞঃ বিষ্ণুঃ, যজমানঃ কর্ত্তা, ঋত্বিজঃ ব্রাহ্মণাঃ, ধর্ম্মঃ অপূর্ব্বাখ্যঃ, দেশঃ ভূভাগঃ, কালঃ বসন্তাদিঃ, সর্ব্বং এব এতৎ বিশ্বং যদাত্মকং তৎ ঈজে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

মান্ধাতু র্মহিমানমাহ ত্রসদস্যুরিতি ষড়্ভিঃ। অঙ্গ হে রাজন্ যস্মান্মান্ধাতু র্দস্যব উদ্বিগ্নাঃ কম্পিতাঃ সন্তঃ ত্রসান্ত অত ইন্দ্রো যস্য ত্রসদস্যুরিতি নাম বিদধে স মান্ধাতা অবনীমেকঃ শশাসেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৯ ॥

অচ্যুতস্য তেজসা। অপ্রচ্যুতেন তেজসেতি বা ॥ ৩০ ॥

আত্মবিদপি স যজ্ঞং বিষ্ণুং ঈজে। তমেব বিশিনষ্টি সর্ব্বদেবময়মিতি সার্দ্ধেন ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অয়ং কং ধাম্যতি পাস্যতীতি বিপ্রৈরুক্তে সতি তস্যামিষ্ট্যামারাধিতঃ ইন্দ্রো মান্ধাতা পাতা হে বৎস মারোদীরিতি ব্রুবন্ দেশিনীং তর্জ্জনীমদাৎ ॥ ২৭—৩১ ॥

বলিয়া, দেবরাজ ইন্দ্র তাঁহার ত্রসদস্যু বলিয়া একটী নাম রক্ষা করিলেন ॥২৯॥

এই সার্ব্বভৌম রাজচক্রবর্ত্তী যুবনাশ্ব-নন্দন মহারাজ মান্ধাতা ভগবান্ অচ্যুতের তেজে তেজস্বী হইয়া, এই সপ্তদ্বীপ-বিশিষ্টা ধরাধামকে একাকীই প্রতিপালন করিয়াছিলেন ॥ ৩০ ॥

এবং ভূরি ভূরি দক্ষিণা প্রদানে বহুবিধ যজ্ঞের অনুষ্ঠানে সর্ব্ব-দেবময় সর্ব্বান্তর্যামী অধোক্ষজ দেব বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন ॥

যাবৎ সূর্য্য উদেতি স্ম যাবচ্চ প্রতিতিষ্ঠতি।
তৎ সর্ব্বং যৌবনাশ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রমুচ্যতে ॥
শশবিন্দো র্দুহিতরি বিন্দুমত্যামধাম্ নৃপঃ।
পুরুকুৎস মম্বরীষং মুচুকুন্দঞ্চ যোগিনং ॥ ৩২ ॥
তেষাং স্বসারং পঞ্চাশৎ সৌভরিং বব্রিরে পতিং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

যাবৎ যত্র সূর্য্যঃ উদেতি যাবৎ যত্র চ প্রতিতিষ্ঠতি অস্তং এতি তৎ সর্ব্বং যৌবনাশ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রং পালিতং স্থানং উচ্যতে ॥

সঃ নৃপঃ মান্ধাতা শশবিন্দোঃ দুহিতরি বিন্দুমত্যাং স্বভার্য্যায়াং পুরুকুৎসং অম্বরীষং তথা যোগিনং মুচুকুন্দং চ ইতি ত্রীন্ পুত্রান্ অধাৎ উৎপাদয়ামাস ॥ ৩২ ॥

তেষাং পুরুকুৎসাদীনাং পঞ্চাশৎ সংখ্যাকাঃ স্বসারঃ ভগিন্যঃ সৌভরিং ঋষিং পতিং বব্রিরে পরিজগৃহুঃ ॥ ৩৩ ॥

শ্রীধ স্বামী।

প্রতিতিষ্ঠতি অস্তং গচ্ছতি ॥ ৩২ ॥

প্রসঙ্গাৎ সৌভরেশ্চরিতমাহ তেষামিতি যাবৎ সমাপ্তি। তেষাং স্বসারঃ মান্ধাতুঃ কন্যাঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতিতিষ্ঠতি অস্তং গচ্ছতি ॥ ৩২ ॥ ৩৩ ॥

অহো! যিনি চরুপুরোডাশাদি দ্রব্য, দ্রব্য ও দেবতার প্রকাশক বেদভাগ মন্ত্র, প্রেরণাত্মক বেদভাগ বিধি, যজ্ঞের স্বরূপ, যজমান, ঋত্বিক্ ব্রাহ্মণ, অপূর্ব্ব নামক ধর্ম্ম, দেশ ও কাল, প্রভৃতি এই বিশ্ব সংসারাত্মক যাবতীয় ভাবে একাকী বিরাজ করিতেছেন, এই মান্ধাতার যজ্ঞে তিনিই আরাধিত হইয়াছিলেন ॥ ৩১ ॥

হে রাজন্! যে যে স্থানে দিবাকর উদিত থাকেন এবং যে যে স্থানে অস্ত যান, সেই সকল স্থান মান্ধাতার পালনীয় বলিয়া প্রখ্যাত! তাঁহার রাজত্বে সূর্য্যদেব কখন অস্তমিত হন নাই ॥

মহারাজ মান্ধাতা শশবিন্দুর দুহিতা স্বকীয় ভার্য্যা বিন্দুমতীর গর্ভে পুরুকুৎস, অম্বরীষ এবং মহাযোগী মুচুকুন্দ নামে তিনটী পুত্র উৎপাদন করেন ॥ ৩২ ॥

তন্মধ্যে এই পুরুকুৎসাদির পঞ্চাশৎ সংখ্যক ভগ্নী মহর্ষি সৌভরিকে পতিত্বে বরণ করিয়াছিলেন ॥ ৩৩ ॥

মহর্ষি সৌভরি লোক-সংসর্গ ভয়ে নির্জ্জনে গমন করত, যমুনার জলমধ্যে

যমুনান্তর্জলে মগ্ন স্তপ্যমানঃ পরং তপঃ।
নির্বৃতিং মীনরাজস্য দৃষ্ট্বা মৈথুনধর্ম্মিণঃ॥ ৩৪॥
জাতস্পৃহো নৃপং বিপ্রঃ কন্যামেকামযাচত।
সোঽপ্যাহ গৃহ্যতাং ব্রহ্মন্ কামং কন্যা স্বয়ম্বরে॥ ৩৫॥
স বিচিন্ত্যাপ্রিয়ং স্ত্রীণাং জরঠোঽহমসম্মতঃ।
বলী পলিত এজৎক ইত্যহং প্রত্যুদাহৃতঃ॥ ৩৬॥

অন্বয়ঃ।

যমুনায়াং অন্তর্জলে জলমধ্যে মগ্নঃ স্থিতঃ পরং উৎকৃষ্টং তপঃ তপ্যমানঃ বিপ্রঃ সৌভরিঃ মৈথুনধর্ম্মিণঃ মীনরাজস্য নির্বৃতিং মৈথুনসুখং বীক্ষ্য দৃষ্ট্বা॥ ৩৪॥

তস্মিন্ ব্যবায়ে জাতস্পৃহঃ নৃপং মান্ধাতারং প্রতি আগত্য একাং কন্যাং অযাচত। সোঽপি মান্ধাতা হে ব্রহ্মন্! কামং কন্যেচ্ছানুরোধেন স্বয়ম্বরে কন্যাঃ গৃহ্যতাং ইতি উবাচ॥ ৩৫॥

সঃ সৌভরিঃ স্ত্রীণাং অপ্রিয়ং মাং বিচিন্ত্য অনেন জরঠঃ বৃদ্ধঃ বলিভিঃ যুক্তঃ পলিতঃ চ এজৎকঃ কম্পমানশিরাঃ অয়ং স্ত্রীণাং অসম্মতঃ ইতি অতঃ অপ্রিয়ং বিচিন্ত্য অহং প্রত্যুদাহৃতঃ স্বয়ম্বরমিষেণ প্রত্যুক্তঃ॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

নন্বু মহাতাপসস্য তস্য কুতো বিবাহ-প্রসঙ্গঃ কথম্বা জরা-জর্জরিতং রাজকন্যা বব্রিরে তদাহ যমুনান্তর্জলে ইতি ষড়্ভিঃ॥ ৩৪॥

নৃপং মান্ধাতারং। সোঽপি মান্ধাতা স্বয়ম্বরে কামং গৃহ্যতামিত্যাহ॥ ৩৫॥

স বিপ্রঃ স্ত্রীণামপ্রিয়ং মাং বিচিন্ত্যানেনাহং প্রত্যুক্তোঽত আত্মানং তথা সাধয়িষ্যামীতি ব্যবসিতঃ নিশ্চিতবানিতি দ্বয়োরন্বয়ঃ। অপ্রিয়ত্বে হেতুঃ জরঠো বৃদ্ধঃ বলীভির্যুক্তঃ। পলিতশ্চ এজৎকঃ কম্পমানশিরাঃ তাপসত্বাদিনা চাসম্মতোঽহমিতি মত্বা॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু মহাতপস্বিনা সৌভরিণা কথং তা বূঢ়াঃ কথং বা জরাজর্জ্জরিতং তা রাজকন্যা বব্রিরে তত্রাহ যমুনেতি। ততো জলাদুত্থায় মথুরামাগত্য নৃপং মান্ধাতারং॥ ৩৪॥ ৩৫॥

যোগবলে প্রবেশ করত, উৎকট তপস্যার অনুষ্ঠান করিতেছিলেন; তথায় মীন-রাজের মৈথুন-সুখে তৃপ্তি নিরীক্ষণ করিয়া— ॥ ৩৪॥

স্বয়ং তৎ সুখানুভবে অভিলাষ করিলেন। এবং মহারাজ মান্ধাতার নিকট উপনীত হইয়া, তজ্জন্য একটী কন্যা তৎসমীপে প্রার্থনা করিলেন। কিন্তু রাজা তাঁহার তাদৃশ প্রাচীন অবস্থা অবলোকন করিয়া, উপেক্ষার অভিপ্রায়ে বলিলেন যে, হে ব্রহ্মন্! আমার কন্যার মধ্যে যে কেহ আপনাকে অভিলাষ করিবেন, তাহাকেই আপনি গ্রহণ করিতে পারেন॥ ৩৫॥

সাধয়িষ্যে তথাত্মানং সুরস্ত্রীণামভীপ্সিতং।
কিং পুনর্মনুজেন্দ্রাণামিতি ব্যবসিতঃ প্রভুঃ॥ ৩৭ ॥
মুনিঃ প্রবেশিতঃ ক্ষত্রা কন্যান্তঃপুরমৃদ্ধিমৎ।
বৃতঃ স রাজকন্যাভিরেকঃ পঞ্চাশতা বরঃ॥
তাসাং কলির্ভূয়াংস্তদর্থেঽপোহ্য সৌহৃদং।
মমানুরূপো নায়ং ব ইতি তদ্গতচেতসাং॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

প্রভুঃ সমর্থঃ সৌভরিঃ সুরস্ত্রীণাং অভীপ্সিতং ইতি তু কিং পুনঃ মনুজেন্দ্রাণাং বক্তব্যং ইতি আত্মানং সাধয়িষ্যে এবং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ॥ ৩৭ ॥

সঃ মুনিঃ ক্ষত্রা প্রতিহারেণ, ঋদ্ধিমৎ কন্যান্তঃপুরং প্রবেশিতঃ সন্ পঞ্চাশতা পঞ্চাশৎ সংখ্যাকাভিঃ রাজকন্যাভিঃ একঃ এব বরঃ বৃতঃ অঙ্গীকৃতঃ॥

তদা তদর্থে বরনিমিত্তং সৌহৃদং সৌদর্য্য-প্রযুক্ত-স্নেহং, অপোহ্য ত্যক্ত্বা, তদ্গতচেতসাং (তস্মিন্ এব অতিসুন্দরে গতং আসক্তং চেতো যাসাং তাসাং) কন্যানাং ভূয়ান্ মহান্ কলিঃ কলহঃ, পরস্পরং অভূৎ যথা অয়ং মমৈব অনুরূপঃ যোগ্যঃ বরঃ বঃ যুষ্মাকং, ন ইতি॥৩৮॥

শ্রীধরস্বামী।

ভথেত্যস্য প্রপঞ্চঃ। সুরস্ত্রীণামভীপ্সিতং কিং পুন র্মনুজেন্দ্রাণাং যাঃ স্ত্রিয় স্তাসামিতি॥৩৭॥

ততঃ কিং বৃত্তং তদাহ মুনিরিতি দ্বাভ্যাং। ক্ষত্রা প্রতীহারেণ। পঞ্চাশতাপি রাজ-কন্যাভিঃ স এক এব বরো বৃতঃ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এজৎকঃ কম্পমানশিরাঃ প্রত্যুদাহৃতঃ প্রত্যাখ্যাতঃ। ইতি ব্যবসিতঃ নিশ্চিতবান্॥৩৬-৩৮॥

রাজার উত্তর শ্রবণ করিয়া, মহর্ষি সৌভরি মনে মনে বিবেচনা করিলেন যে, আমাকে নিতান্ত বৃদ্ধ বলি-পলিত-সর্ব্বাঙ্গ কম্পিত-কলেবর সুতরাং কামিনী-গণের নিতান্ত অপ্রিয় মনে করিয়া, রাজা মান্ধাতা স্বয়ম্বরের ছলনায় আমাকে প্রকারান্তরে উপেক্ষা করিতেছেন॥ ৩৬॥

অতএব আমাকে এরূপ সুন্দর মূর্ত্তি পরিগ্রহ করিতে হইবে, যাহা দেখিলে সামান্য রাজ-কন্যাগণের কথা কি! দেব-কন্যাগণেরও মন বিমোহিত হয়। এই ভাবিয়া যোগিবর যখন তাহার আয়োজন করিতেছেন॥ ৩৭॥

ইতিমধ্যে রাজার আদেশ অনুসারে প্রহরী কর্ত্তৃক তিনি সর্ব্ব-সৌন্দর্য্য-বিশিষ্ট রাজকন্যাগণের অন্তঃপুরে নীত হইলেন। তথায় ঐ কন্যাগণ তাঁহার অলৌকিক রূপলাবণ্যে বিমোহিত হইয়া, সেই পঞ্চাশৎ কন্যাই এক সৌভরিকে পতিত্বে বরণ করিলেন॥

স বহ্বৃচ স্তাভিরপারণীয়-তপঃ শ্রিয়ানর্ঘ্য-পরিচ্ছদেষু।
গৃহেষু নানোপবনামলাম্ভঃ-সরঃসু সৌগন্ধিককাননেষু ॥ ৩৯ ॥
মহার্হ-শয্যাসন-বস্ত্র-ভূষণ-স্নানানুলেপাভ্যবহারমাল্যকৈঃ।
স্বলঙ্কৃতস্ত্রীপুরুষেষু নিত্যদা রেমেঽনুগায়দ্বিজভৃঙ্গবন্দিষু ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

তাভিঃ স্ত্রীভিঃ সহ অপারণীয়ং দুরন্তং তপঃ তস্য শ্রিয়া সমৃদ্ধ্যা হেতুভূতয়া অনর্ঘ্যাঃ অমূল্যাঃ পরিচ্ছদাঃ উপকরণানি যেষু তেষু গৃহেষু তথা নানাবিধেষু বনেষু তথা অমলানি অম্ভাংসি যেষু তথাবিধানি সরাংসি তেষু চ সৌগন্ধিকানাং কহ্লারাদীনাং কাননানি স্তোমা যেষু তেষু সঃ বহ্বৃচঃ রেমে ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৩৯ ॥

স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ পুরুষাশ্চ যেষু তেষু, অনুগায়ন্তঃ দ্বিজাঃ পক্ষিণঃ মৃগাঃ চ বন্দিনঃ চ যেষু তেষু গৃহেষু মহার্হশয্যাদিভিঃ নিত্যদা রেমে ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

তস্য গার্হস্থ্যং বর্ণয়তি স ইতি চতুর্ভিঃ। বহ্বৃচ ইতি মন্ত্র-সামর্থ্যমুক্তং। তাভিঃ সহ রেমে ইত্যুত্তরেণান্বয়ঃ। ক রেমে অপারণীয়ং-দুরন্তং যত্তপঃ তস্য শ্রিয়া সমৃদ্ধ্যা অনর্ঘ্যাঃ পরিচ্ছদা যেষু তেষু গৃহেষু। তথা নানাবিধেষু উপবনেষুচ অমলানি অম্ভাংসি যেষাং তেষু সরঃসুচ কীদৃশেষু সৌগন্ধিকানাং কহ্লারাণাং কাননানি স্তোমা যেষু ॥ ৩৯ ॥

কীদৃশেষু গৃহাদিষু স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ পুরুষাশ্চ যেষু। অনুগায়ন্তো দ্বিজাশ্চ পক্ষিণঃ ভৃঙ্গাংশ্চ বন্দিনশ্চ যেষু। কীদৃশঃ মহার্হ শয্যাদিভিরুপলক্ষিতঃ সন্ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বহ্বৃচ ইত্যেতাদৃশ-সংপত্তি-সূত্রৌ মন্ত্র-সামর্থ্যমেব কারণমিতি ভাবঃ। অপারণীয়মন্যৈরশক্যং যত্তপ স্তস্য শ্রিয়া সমৃদ্ধ্যা সৃষ্টেষু গৃহেষু গৃহোপলক্ষিতেষু বিবিধপুরেষু। মহার্হশয্যাদিভিরুপলক্ষিতো রেমে ॥ ৩৯ ॥ ৪০ ॥

তাহাতেও তাঁহাদের মধ্যে এরূপ বিষম কলহ উৎপন্ন হইল যে, তাঁহাদের পরস্পরের মধ্যে সহোদরত্ব-নিবন্ধন সৌহৃদ্য পর্য্যন্ত বিলুপ্ত হইয়া গেল, সকলেই বলিতে লাগিলেন যে, "ইনি আমারই উপযুক্ত পতি, তোমাদের নহে"। কারণ সকলের প্রাণ মন সেই ঋষি একাকীই হরণ করিয়াছিলেন ॥ ৩৮ ॥

ঋগাদি বেদমন্ত্রে পারদর্শী মহর্ষি সৌভরি দুরন্ত তপোনুষ্ঠানের ফলে অক্ষুণ্ণ শ্রীসম্পন্ন মহামূল্য পরিচ্ছদাদি বিশিষ্ট, কহ্লারাদি সুগন্ধ পুষ্পোদ্যানে পরিবৃত এবং বিবিধ উপবন ও পবিত্র স্বচ্ছ সরোবরাদিতে পরিশোভিত গৃহাদির অভ্যন্তরে তাদৃশ রমণীয়া কামিনীগণ সহ নিত্য বিহার করিয়াছিলেন ॥ ৩৯ ॥

বস্ত্রাভরণাদিতে বিভূষিত দাস ও দাসীগণ সর্ব্বদা তাঁহার সেবায় অনুরক্ত-

যদ্গার্হস্থ্যন্তু সংবীক্ষ্য সপ্তদ্বীপবতী পতিঃ।
বিস্মিতঃ স্তম্ভমজহাৎ সার্ব্বভৌমশ্রিয়ান্বিতঃ ॥ ৪১ ॥
এবং গৃহেষ্বভিরতো বিষয়ান্ বিবিধৈঃ সুখৈঃ।
সেবমানো ন চাতুষ্যদাজ্যস্তোকৈরিবানলঃ ॥ ৪২ ॥
স কদাচিদুপাসীন আত্মাপহ্নবমাত্মনঃ।

অন্বয়ঃ।

সপ্তদ্বীপবতীপতিঃ সার্ব্বভৌম-শ্রিয়ান্বিতঃ মান্ধাতা অপি যস্য সৌভরেঃ গার্হস্থ্যং সংবীক্ষ্য বিস্মিতঃ সন্ স্তম্ভং গর্ব্বং অজহাৎ ॥ ৪১ ॥

এবং গৃহেষু অভিরতঃ আসক্তঃ সৌভরিঃ বিবিধৈঃ সুখৈঃ বিষয়ান্ শব্দাদীন্ সেবমানঃ অপি আজ্যস্তোকৈঃ ঘৃতবিন্দুভিঃ অনলঃ হুতাশনঃ ইব ন চ অতুষ্যৎ অলমিতি ন অমন্যত ॥ ৪২ ॥

কদাচিৎ উপাসীনঃ উপবিষ্টঃ সঃ বহ্বৃচাচার্য্যঃ সৌভরিঃ মৌনস্য সঙ্গাৎ সমুত্থিতং বিবাহাদি

শ্রীধরস্বামী।

স্তম্ভং গর্ব্বং ॥ ৪১ ॥　　আজ্যস্তোকৈ ঘৃতবিন্দুভিঃ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তম্ভং গর্ব্বং ॥ ৪১ ॥　　আজ্যস্য স্তোকৈ র্ঘৃতবিন্দুভিঃ ॥ ৪২ ॥

এবং তস্য গরুড়াপরাধস্য গৃহাবেশ-প্রাপকস্য ভোগান্তে পুনর্বিবেকোদয়মাহ স ইতি

ছিল। পাক্ষকুলের কাকলি, ভৃঙ্গগণের মধুর ঝঙ্কার ধ্বনি এবং বন্দিগণের স্তুতিবাক্যে তদীয় বিহার-ভবন যেন সর্ব্বদাই প্রতিধ্বনিত হইত। তাদৃশ অনুপম বিহার-ভবনে সৌভরি ঋষি মহামূল্য শয্যা, আসন, বস্ত্র ভূষণ স্নান অনুলেপন দ্রব্য এবং মাল্যাদি ভোগ্যসামগ্রী লইয়া, নিরন্তর উপভোগ করিতে লাগিলেন ॥ ৪০ ॥

অহো! সপ্তদ্বীপবতী ধরণীর অধীশ্বর স্বয়ং মান্ধাতা সৌভরির গার্হস্থ্য-ব্যাপার অবলোকন করিয়া, বিস্মিত হইলেন। রাজ-চক্রবর্ত্তীর সার্ব্বভৌম শ্রীঃ স্বয়ং প্রাপ্ত হইয়াও, মহর্ষির তুলনায় তাহা অতি সামান্য বলিয়াই তাঁহার অনুভূত হইয়াছিল ॥ ৪১ ॥

পরন্তু সৌভরি গৃহস্থাশ্রমে আসক্ত থাকিয়া, বিবিধ সুখালাপে বিচিত্র সুখসম্ভোগ নিরন্তর উপভোগ করিয়াও কিন্তু পরিতুষ্ট হইলেন না। ঘৃতবিন্দু লাভে হুতাশন যেমন অধিক লাভের আশায় উত্তরোত্তর প্রজ্বালিত হইয়াই উঠে; উপশমিত হয় না; সেইরূপ বিষয়-সম্ভোগে সৌভরির ভোগলালসা প্রশমিত না হইয়া, বরং উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হইয়াছিল ॥ ৪২ ॥

দদর্শ বহ্বৃচাচার্য্যো মীনসঙ্গসমুত্থিতং ॥ ৪৩ ॥

অহো ইমং পশ্যত মে বিনাশং তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য।

অন্তর্জলে বারিচরপ্রসঙ্গাৎ প্রস্রাবিতং ব্রহ্ম চিরং ধৃতং যৎ ॥ ৪৪ ॥

সঙ্গং ত্যজেত মিথুনব্রতিনাং মুমুক্ষুঃ সর্ব্বাত্মনা ন বিসৃজেদ্বহি রিন্দ্রিয়াণি।

অন্বয়ঃ।

আত্মনঃ অপহ্নবং তপোহানিং, দদর্শ ॥ ৪৩ ॥

অহো! তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য মে মম ইমং বিনাশং লোকাঃ পশ্যত! যতঃ অন্তর্জলে বারিচরঃ মীনঃ তৎ প্রসঙ্গাৎ তস্য মৈথুন-দর্শনেন বিবাহাদি-প্রপঞ্চাৎ হেতোঃ যৎ চিরং ধৃতং বহুকালাভ্যাসেন ধ্যানবিষয়ীকৃতং ব্রহ্ম তৎ প্রস্রাবিতং বিস্মৃতং ইতি ॥ ৪৪ ॥

মুমুক্ষুঃ সর্ব্বাত্মনা নিশ্চিতেন মনসা মিথুনব্রতিনাং দাম্পত্য-ধর্ম্মবতাং সঙ্গং ত্যজেত।

শ্রীধরস্বামী।

ইদানীং তস্যানুতাপ-পূর্ব্বকং বানপ্রস্থাশ্রমমাহ স কদাচিদিতি সপ্তভিঃ। আত্মনো মনসো হেতোরাত্মনোঽপহ্নবং তপোহানিং দদর্শ ॥ ৪৩ ॥

সৎশ্চাসৌ চরিত-ব্রতশ্চ যোঽহং তস্য ব্রহ্ম তপঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্তভিঃ। আত্মনঃ স্বস্মাদেব হেতোরাত্মন আত্মানন্দস্য অপহ্নবং বঞ্চনং। মীনসঙ্গসমুত্থিত-মিতি মীনসঙ্গস্য কারণং তু মীনরক্ষার্থং গরুড়নিবারণ-রূপোঽপরাধ এব জ্ঞেয়ঃ ॥ ৪৩ ॥

ব্রহ্ম তপঃ ॥ ৪৪ ॥

তস্মাদন্যো মাদৃশো মাভবত্বিতি সনির্ব্বেদমাহ সঙ্গমিতি দ্বাভ্যাং। বহিরিন্দ্রিয়াণি ন বিসৃজেদিত্যন্তরিন্দ্রিয়াণি ন বিসৃজেদিতি বিবাতুমশক্তেঃ। অশক্যানুষ্ঠানকস্য বিধেরপ্রামাণ্যা-

---

এক দিন সেই বেদাচার্য্য মহর্ষি সৌভরি নির্জ্জনে উপবিষ্ট হইয়া অন্যান্য চিন্তা করিতে করিতে, মীন-সঙ্গজনিত বিবাহাদি ব্যাপারের দ্বারা নিজের তপস্যার বিলক্ষণ হানির বিষয় মনোমধ্যে আলোচনা করিলেন ॥ ৪৩ ॥

অহো! আমি একজন তপস্বী এবং প্রকৃত সচ্চরিত্র ব্রতাবলম্বী হইয়াও কিরূপ বিনষ্ট হইয়াছি! আমি লোকসঙ্গভয়ে গভীর জলমধ্যে অবস্থান পূর্ব্বক তপস্যা করিতেছিলাম, তথায় সামান্য মৎস্যের মৈথুন-ব্যাপার দর্শনে কামাতুর হইয়া, আমাকে বিবাহাদি ব্যাপারে ব্যাপৃত হইতে হইয়াছে এবং পরিণামে পূর্ব্বে বহুকালের অভ্যাস-বলে যে ব্রহ্মস্বরূপকে আমি অনায়াসে হৃদয়-মন্দিরে চিন্তা করিতে পারিতাম, এক্ষণে তাহাকে যে কোথায় হারাইয়াছি, তাহার কিছুই নিরূপণ করিতে পারিতেছি না ॥ ৪৪ ॥

অহো! যাঁহারা মুক্তির প্রার্থনা করেন, তাঁহারা যেন মৈথুন্য-রস-সম্ভোগী

একশ্চরন্ রহসি চিত্তমনন্ত ঈশে যুঞ্জীত তদ্ব্রতিষু সাধুষু চেৎ প্রসঙ্গঃ ॥ ৪৫ ॥
একস্তপস্যাহমথাম্ভসি মৎস্যসঙ্গাৎ পঞ্চাশদাসমুত পঞ্চসহস্রসর্গঃ।

অন্বয়ঃ।

তথা ইন্দ্রিয়াণি চ বহিঃ শব্দাদি-বিষয়েষু ন বিসৃজেৎ ন প্রবর্ত্তয়েৎ। একঃ অসহায়ঃ এব চরন্ রহসি একান্তে স্থিতঃ সন্ অনন্তে সর্ব্বপরিচ্ছেদ-শূন্যে ঈশে ভগবতি চিত্তং যুঞ্জীত ভগবন্তং ধ্যায়েৎ। তস্য ভগবতঃ ব্রতং অস্তি যেষাং তেষু সাধুষু এব প্রসঙ্গঃ চেৎ কুর্য্যাৎ এব ॥ ৪৫ ॥

প্রথমং একঃ অসহায়ঃ তপস্বী তপোনিষ্ঠঃ এব অহং আসং ; অথ অনন্তরং অম্ভসি যঃ মৎস্যস্য সঙ্গঃ মৈথুনাদি-ক্রীড়াদর্শন-প্রসঙ্গঃ তস্মাৎ পঞ্চাশৎ আসং পঞ্চাশৎ ভার্য্যা-বিবাহিতাভিঃ সহ একদা সম্বন্ধায় তাবৎ শরীর-বিশিষ্টঃ তথা সুতৈঃ পঞ্চসহস্রসর্গঃ অভবং। অতঃ মায়াগুণৈঃ

শ্রীধরস্বামী।

মিথুনব্রতিনাং দাম্পত্য-ধর্ম্মবতাং চেদ্‌যদি প্রসঙ্গ স্তর্হি তদ্ব্রতিষু ঈশ্বরার্থ-ধর্ম্ম-পরেষ্বেব কার্য্য ইতি শেষঃ ॥ ৪৫ ॥

সঙ্গাজ্জাতং দোষং প্রপঞ্চয়তি এক ইতি। পঞ্চাশতা ভার্য্যাভিঃ সম্বন্ধাৎ পঞ্চাশৎ আসং অভূবমিত্যর্থঃ। ততশ্চ সুতৈঃ পঞ্চ-সহস্র-সর্গ আসং প্রত্যেকং তাসু-পুত্রশত-রূপেণোৎপত্তেঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিতি ভাবঃ। তদ্ব্রতিষু অনন্ত-ভক্তিনিষ্ঠেষু সাধুষু যদি প্রকৃষ্টঃ সঙ্গঃ স্যাদিতি মমতু তদভাবাদেব গরুড়ে দোষ-দর্শন-জনিতো মিথুন-ব্রতিনো মীনস্য সঙ্গোঽভূদিতি ভাবঃ। চেৎপ্রসঙ্গ ইত্যত্র নঞ্ অধ্যাহার্য্যঃ ॥ ৪৫ ॥

সঙ্গাজ্জাতং দোষং প্রপঞ্চয়তি এক ইতি। পঞ্চশতা ভার্য্যাভিঃ সম্বন্ধাৎ পঞ্চাশদাসং ততশ্চ সুতৈঃ পঞ্চসহস্র-সর্গ-আসমিতি প্রত্যেকং তাসু পুত্র-শত-রূপেণোৎপত্তেঃ। উভয়-কৃত্যানি

ব্যক্তিগণের সঙ্গ দূর হইতে বর্জ্জন করেন ; এবং ইন্দ্রিয়-গ্রামকে কখন বিষয় রসে বিচরণ করিতে না দেন ! সর্ব্বসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক একাকী নির্জ্জনে অবস্থান পূর্ব্বক দেশ কালাদি পরিচ্ছেদ শূন্য অনন্ত সর্ব্বেশ্বর ভগবানেই যেন চিত্ত সর্ব্বদা সংলগ্ন রাখেন ; যদি সঙ্গ নিতান্ত করিতে হয়, তাহা -হইলে কেবল ভগবদ্ভক্ত সাধু ব্যক্তিগণের সঙ্গ করাই বিধেয় ॥ ৪৫ ॥

অহো ! আমি প্রথমত নির্জ্জনে তপোনুষ্ঠানেই একাকী অবস্থান করিতে ছিলাম ; পরে অগাধ সলিলের অন্তরে এক মৎস্যের মৈথুনাদি ক্রীড়া-ব্যাপার নয়নগোচর করিয়া, আমি একাকী পঞ্চাশৎ মূর্ত্তি হইলাম। অর্থাৎ পরিণীতা পঞ্চাশৎ ভার্য্যার সহিত একসময়ে সম্বন্ধ করিবার অনুরোধে পঞ্চাশৎ শরীর-বিশিষ্ট আমাকে হইতে হইয়াছে ; আবার তাঁহাদের গর্ভজাত সন্তানাদিরূপে পঞ্চাশৎ সহস্র হইয়াছি। এক্ষণে রজো আদি মায়াগুণে আমার মন

নান্তং ব্রজাম্যুভয়-কৃত্য-মনোরথানাং মায়াগুণৈর্হৃতমতি র্বিষয়েঽর্থভাবঃ॥ ৪৬॥

এবং বসন্ গৃহে কালং বিরক্তো ন্যাসমাস্থিতঃ।
বনং জগামানুযজু স্তৎপত্ন্যঃ পতিদেবতাঃ॥
তত্র তপ্ত্বা তপস্তীব্রমাত্মদর্শনমাত্মবিৎ।
সহৈবাগ্নিভিরাত্মানং যুযোজ পরমাত্মনি॥ ৪৭॥

অন্বয়ঃ।

রজঃআদি গুণৈঃ হৃতা মতিঃ বুদ্ধিঃ যস্য তাদৃশঃ বিষয়ে অর্থভাবঃ পুরুষার্থ-বুদ্ধিঃ, অহং উভয়কৃত্য-মনোরথানাং (উভয়-কৃত্যানি স্ত্রীপুংস-কর্ম্মাণি তদ্বিষয়াণাং মনোরথানাং অন্তং ন ব্রজামি॥৪৬॥

এবং বহুকালং গৃহে বসন্ তত্র বিরক্তঃ সন্ ন্যাসং আস্থিতঃ কাম্যকর্ম্মাদিত্যাগং কৃত্বা তপঃ কর্ত্তুং বনং জগাম। তথা পতিদেবতাঃ পতিব্রতাঃ, তস্য পত্ন্যঃ অপি তং পতিং অনুযযুঃ সহজগ্মুঃ॥

তত্র বনে সঃ আত্মবান্ সৌভরিঃ তীক্ষ্ণং তীব্রং অতএব আত্মকর্ষণং শরীর-কার্শ্যকরং তপঃ তপ্ত্বা কৃত্বা আহবনীয়াদিভিঃ অগ্নিভিঃ সহ প্রত্যগাত্মানং পরমাত্মনি যুযোজ লীনং কৃতবান্; মুক্তং অবাপ॥ ৪৭॥

শ্রীধরস্বামী।

উভয়-কৃত্যানি ঐহিক-পারত্রিকাণি কর্ম্মাণি তদ্বিষয়াণাং মনোরথানাং অর্থভাবঃ পুরুষার্থ-বুদ্ধিমান্॥ ৪৬॥

ন্যাসোঽত্র সঙ্গত্যাগ এব বানপ্রস্থ-ধর্ম্ম ইত্যর্থঃ॥ ৪৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঐহিক-পারত্রিকানি কর্ম্মাণি তদ্বিষয়াণাং মনোরথানাং অর্থভাবঃ পুরুষার্থবুদ্ধিঃ॥ ৪৬॥

ন্যাসং সঙ্গত্যাগরূপং বানপ্রস্থ-ধর্ম্মমিত্যর্থঃ॥

সহৈবাগ্নিভিঃ সহৈব দেহং ত্যক্ত্বেতি শেষঃ॥ ৪৭॥

চঞ্চল এবং বুদ্ধি বিচারশূন্যা হইয়াছে। সুতরাং বিষয় প্রাপ্তিকেই পুরুষার্থসিদ্ধ বলিয়া আমার প্রতীত হইতেছে। এক্ষণে পতি ও পত্নীর কর্ত্তব্যতাসম্বন্ধে আমি মনোরথের আর অন্ত দেখিতে পাই না!॥ ৪৬॥

এই প্রকারে সৌভরি ঋষি বহুকাল গৃহস্থাশ্রমে অবস্থান করিবার পর, যখন তাঁহার বৈরাগ্যের উদয় হইল, তখন তিনি সন্ন্যাস অবলম্বনে কাম্যকর্ম্মাদি পরিত্যাগ পূর্ব্বক, তপস্যার্থ বনে গমন করিলেন। এদিকে তদীয় সহধর্ম্মিণী পতিব্রতা পত্নীগণ সকলেই তাঁহার অনুসরণ করিলেন॥

বনে গমন করিয়া, আত্মনিষ্ঠ সৌভরি ঋষি শরীর-কর্ষক উগ্র তপস্যার অনুশীলনে আহবনীয়াদি অগ্নি সহ প্রত্যগাত্মাকে পরমাত্মাতে লীন করত মুক্তিপদ লাভ করিলেন॥ ৪৭॥

তাঃ স্বপত্যু র্মহারাজ নিরীক্ষ্যাধ্যাত্মিকীং গতিং।
অন্বীয়ুস্তৎপ্রভাবেন শান্তমগ্নিমিবার্চ্চিষঃ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে সৌভর্য্যুপাখ্যানং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

মান্ধাতুঃ পুত্রপ্রবরো যোঽম্বরীষঃ প্রকীর্ত্তিতঃ।
পিতামহেন প্রবৃতো যুবনাশ্বস্য তঃসুতঃ ॥

অন্বয়ঃ।

তাঃ সৌভরিপত্ন্যঃ স্বপত্যুঃ আধ্যাত্মিকীং পরমাত্ম-প্রাপ্তিরূপাং গতিং মুক্তিং, নিরীক্ষ্য তস্য এব তপঃ উপাসনাদি-প্রভাবেণ তমেব "শান্তং নিরিন্ধনং অগ্নিং অর্চ্চিষঃ জ্বালাঃ ইব" অন্বীয়ুঃ মুক্তাঃ বভূবুঃ ॥ ৪৮ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। মান্ধাতুঃ পুত্রাণাং পুরুকুৎসাদীনাং মধ্যে প্রবরঃ শ্রেষ্ঠঃ যঃ অম্বরীষঃ ইতি প্রকীর্ত্তিতঃ সঃ পিতামহেন যুবনাশ্বেন তস্য পুত্রতয়া প্রবৃতঃ স্বীকৃতঃ। তৎসুতঃ তস্য

শ্রীধরস্বামী।

আধ্যাত্মিকীং গতিং ব্রহ্মনি লয়ং ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি নবমে ষষ্ঠঃ ॥ * ॥

মান্ধাতুরম্বরীষঃ প্রোক্তঃ সপ্তমে যত্র গীয়তে।
পুরুকুৎসস্য চাখ্যানং হরিশ্চন্দ্রস্য চোত্তমং ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্বীয়ুরনুস্বতাঃ ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদার্শন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽয়ং নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
সপ্তমেতু হরিশ্চন্দ্রো মান্ধাত্রন্বয়-সম্ভবঃ।
বরুণং বঞ্চয়ন্ পুত্রস্নেহাদাজে নৃমেধতঃ ॥ * ॥

সৌভরির পত্নীগণ স্বীয় পতির তাদৃশ পরমাত্ম-সাক্ষাৎকাররূপ পরম গতি প্রত্যক্ষ করিলেন এবং স্বামীর তপস্যা এবং উপাসনাদির ফলে, ইন্ধন-শূন্য হুতাশনে তদীয় জ্বালার প্রবেশের ন্যায়, তাঁহারা সকলে স্বামীরই সহগামিনী হইলেন ॥ ৪৮ ॥

ইতি নবম স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃত ষষ্ঠাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

সপ্তমাধ্যায়ে মান্ধাতার বংশ-বৃত্তান্ত প্রসঙ্গে পুরুকুৎস তথা হরিশ্চন্দ্রের উপাখ্যান ॥

হারীত স্তস্য পুত্রোঽভূন্মান্ধাতৃপ্রবরা ইমে ॥ ১ ॥
নর্ম্মদা ভ্রাতৃভির্দত্তা পুরুকুৎসায় যোরগৈঃ।
তয়া রসাতলং নীতো ভুজগেন্দ্র-প্রযুক্তয়া ॥ ২ ॥

অন্বয়ঃ।

যুবনাশ্বস্য হারীতঃ পুত্রঃ অভূৎ। ইমে অম্বরীষ-যুবনাশ্ব-হারীতাঃ মান্ধাতৃ-প্রবরাঃ মান্ধাতৃ-বংশস্য অবতারোৎকর্ষপ্রবর্ত্তকাঃ ॥ ১ ॥

ভ্রাতৃভিঃ উরগৈঃ যা নর্ম্মদা নাগকন্যা পুরুকুৎসায় দত্তা তথা ভুজগেন্দ্রৈঃ ভ্রাতৃভিঃ প্রযুক্তয়া তয়া এব সঃ রসাতলং নাগালয়ং নীতঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

পুত্রপ্রবরঃ পুত্রশ্রেষ্ঠঃ। স পিতামহেন যুবনাশ্বেন প্রবৃতঃ পুত্রত্বেন স্বীকৃতঃ। অতএব তস্য মান্ধাতৃপ্রবর্গ্যত্বং। তৎসুতঃ অম্বরীষস্য সুতঃ। ইমে যুবনাশ্বাম্বরীষ-হারীতাঃ মান্ধাতৃগোত্রস্য প্রবরাঃ অবান্তর-বিশেষ-প্রবর্ত্তকাঃ। যদ্বা যুবনাশ্ব-বিশেষণং পিতামহেন মান্ধাত্রা সহ আর্ষেয়-প্রবরত্বেন প্রবৃতঃ। মান্ধাতা প্রবরো যেষাং ত ইমে অম্বরীষ-যুবনাশ্ব হারীতাঃ। যথাহাশ্ব-লায়নঃ। হারত-কুৎস-পিঙ্গদর্ভ-ভৈম-গবীনামাঙ্গিরসাম্বরীষযৌবনাশ্বাশ্চেতি মান্ধাতারং হেকে ব্রুবতে। অবন্তীত্যাঙ্গিরসং মান্ধাত্রম্বরীষ-যৌবনাশ্বাশ্চেতি ॥ ১ ॥

পুরুকুৎসস্য বংশং কথয়িষ্যন্নাদৌ তস্য বিবাহং প্রভাবঞ্চাহ। উরগৈ র্ভ্রাতৃভি র্যা দত্তা নর্ম্মদা তয়া ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিতামহেন যুবনাশ্বেন প্রবৃতঃ পুত্রত্বেন স্বীকৃতঃ। তৎসুতঃ অম্বরীষপুত্রো যৌবনাশ্বঃ। ইমে অম্বরীষ-যুবনাশ্ব-হারীতাঃ মান্ধাতৃ-প্রবরাঃ মান্ধাতৈব প্রবরো যেষাং তে ॥ ১ ॥

মান্ধাতৃ-পুত্রস্য পুরুকুৎসস্য বংশং বদন্ প্রথমং তস্য বিবাহমাহ। নর্ম্মদা খলু যা উরগৈ র্দত্তা তয়া স পুরুকুৎসো রসাতলং নীতঃ ॥ ২ ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! পুরুকুৎসাদি মান্ধাতৃ-তনয়গণের মধ্যে অম্বরীষ নামক পুত্রই সর্ব্বশ্রেষ্ঠ! কারণ তদীয় পিতামহ যুবনাশ্ব তাঁহাকে পুত্ররূপে গ্রহণ করিয়াছিলেন। অম্বরীষের পুত্র যুবনাশ্ব; যুবনাশ্বের পুত্র হারীত। এই অম্বরীষ, যুবনাশ্ব এবং হারীত মান্ধাতার বংশকে গৌরবান্বিত করিয়াছিলেন ॥ ১ ॥

হে রাজন্! উরগগণ স্বকীয় ভগ্নী নর্ম্মদাকে পুরুকুৎসের হস্তে সম্প্রদান করেন; এবং ভুজগেন্দ্রের প্ররোচনায় নর্ম্মদা কর্ত্তৃক পুরুকুৎস রসাতলে নীত হন ॥ ২ ॥

গন্ধর্ব্বগণ নাগলোকের যথেষ্ট অনিষ্টাচরণ করিত! সুতরাং সেই দুষ্ট গন্ধর্ব্বগণের বিনাশ-সাধনার্থ বিষ্ণুশক্তিধারী পুরুকুৎস রসাতলে গমন

গন্ধর্ব্বানবধীত্তত্র বধ্যান্ বৈ বিষ্ণুশক্তিদৃক্।
নাগাল্লব্ধ-বরঃ সর্পাদভয়ং স্মরতামিদং ॥ ৩ ॥
ত্রসদস্যুঃ পৌরুকুৎসো যোঽনরণ্যস্য দেহকৃৎ।
হর্য্যশ্ব স্তৎসুত স্তস্মাৎ প্রারুণোঽথ ত্রিবন্ধনঃ ॥ ৪ ॥
তস্য সত্যব্রতঃ পুত্র স্ত্রিশঙ্কুরিতি বিশ্রুতঃ।

অন্বয়ঃ।

অতঃ তত্র রসাতলে বধ্যান্ নাগারিত্বেন দুষ্টত্বেন চ বধার্হান্ গন্ধর্বান্ সঃ বিষ্ণুশক্তিধৃক্ ভগবদাহিতবলঃ পুরুকুৎসঃ অবধীৎ। ততশ্চ নাগাৎ লব্ধবরঃ ইদং নর্ম্মদয়া রসাতলে নয়নাদ্যাখ্যানং স্মরতাং সর্পাৎ অভয়ং স্যাৎ ইতি নাগাৎ লব্ধবরঃ বভূব ॥ ৩।

পুরুকুৎসস্য অপত্যং ত্রসদস্যুঃ অভূৎ। সঃ অনরণ্যস্য দেহকৃৎ পিতা। তস্য সুতঃ হর্য্যশ্বঃ ; তস্মাৎ প্রারুণঃ জজ্ঞে ; প্রারুণাৎ ত্রিবন্ধনঃ ॥ ৪ ॥

তস্য পুত্রঃ সত্যব্রতঃ, সঃ এব ত্রিশঙ্কুঃ ইতি বিশ্রুতঃ প্রসিদ্ধঃ। সঃ চ গুরোঃ বশিষ্ঠস্য

শ্রীধরস্বামী।

বধ্যান্ বধার্হান্ সচ পুরুকুৎসো নাগাল্লব্ধবরোঽভূৎ। বরমাহ ইদং নর্ম্মদয়া রসাতল-নয়নাদিকং স্মরতাং সর্পাদভয়মিতি ॥ ৩ ॥

দেহকৃৎ পিতা। ত্রসদস্যোঃ সুতোঽনরণ্য ইত্যর্থঃ ॥ ৪ ॥

ত্রয়ঃ শঙ্কব ইব দুঃখহেতবো দোষা যস্যাসৌ ত্রিশঙ্কুঃ। তদুক্তং হরিবংশে পিতুশ্চাপরি-তোষেণ গুরো র্দ্দোষ্ক্রী-বধেনচ। অপ্রোক্ষিতোপযোগাচ্চ ত্রিবিধস্তে ব্যতিক্রম ইতি পরিণীয়মান-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বধার্হান্ অবধীৎ ইদং রসাতল-নয়নাদিকং স্মরতাং জনানাং সর্পাদভয়ং স্যাৎ ॥ ৩ ॥

দেহকৃৎ পিতা। ত্রসদস্যো সুতোঽনরণ্য ইত্যর্থঃ ॥ ৪ ॥

ত্রয়ঃ শঙ্কব ইব দুঃখহেতবো দোষা যস্য স ত্রিশঙ্কুঃ। তদুক্তং হরিবংশে পিতুশ্চাপরি-

---

করত দুষ্ট গন্ধর্ব্বগণকে বিনষ্ট করেন। নাগগণ বিপন্মুক্ত হইয়া সন্তুষ্ট-চিত্তে পুরুকুৎসকে বর গ্রহণে অনুরোধ করিলে, তিনি বলিলেন যে, নর্ম্মদা কর্ত্তৃক আমার রসাতলে নয়নাদি বৃত্তান্ত যাহারা স্মরণ করিবে, তাহাদের আর সর্পভয় যেন না থাকে। নাগগণ তথাস্তু বলিয়া স্বীকার করিলেন ॥ ৩ ॥

পুরুকুৎসের পুত্র ত্রসদস্যু ; তাঁহার পুত্র অনরণ্য ; অনরণ্যের পুত্র হর্য্যশ্ব ; তাঁহার ঔরসে প্রারুণ নামে এক পুত্র জন্ম গ্রহণ করেন। এই প্রারুণের পুত্র ত্রিবন্ধন ; ত্রিবন্ধনের পুত্র সত্যব্রত ! ইনি ত্রিশঙ্কু নামে অভিহিত হইয়াছিলেন ॥ ৪ ।

অর্থাৎ তিনি ত্রিবিধ অন্যায় কার্য্যের অনুষ্ঠান করায়, ত্রিবিধ দুঃখ-শঙ্কা

প্রাপ্তশ্চাণ্ডালতাং শাপাদ্গুরোঃ কৌশিকতেজসা ॥ ৫ ॥
সশরীরো গতঃ স্বর্গমদ্যাপি দিবি দৃশ্যতে।
পাতিতোঽবাক্‌শিরা দেবৈস্তেনৈব স্তম্ভিতো বলাৎ ॥ ৬ ॥
ত্রৈশঙ্কবো হরিশ্চন্দ্রো বিশ্বামিত্র-বশিষ্ঠয়োঃ।

অন্বয়ঃ।

শাপাৎ চাণ্ডালতাং প্রাপ্তঃ ; পুনঃ চ কৌশিকস্য বিশ্বামিত্রস্য, তেজসা তপঃপ্রভাবেণ ॥ ৫ ॥

সশরীরঃ এব স্বর্গং গতঃ সঃ তত্রত্যৈঃ দেবৈঃ অবাক্‌শিরাঃ পাতিতঃ। এবং তথা পত্যমানঃ পুনঃ তেন কৌশিকেন বলাৎ স্তম্ভিতঃ ॥ ৬ ॥

ত্রৈশঙ্কবঃ ত্রিশঙ্কু-পুত্রঃ হরিশ্চন্দ্রঃ অভূৎ। যস্য হরিশ্চন্দ্রস্য নিমিত্তং পক্ষিণোঃ পক্ষিত্ব-

শ্রীধরস্বামী।

বিপ্রকন্যাহরণাৎ ক্রুদ্ধস্য গুরোঃ পিতুঃ শাপাৎ। কৌশিকস্য বিশ্বামিত্রস্য তেজসা প্রভাবেণ ॥ ৫ ॥ তেনৈব কৌশিকেন ॥ ৬ ॥

পক্ষিণোঃ আড়ী-বকয়োঃ সতোঃ। বিশ্বামিত্রো রাজসূয়দক্ষিণাচ্ছলেন হরিশ্চন্দ্রং সর্ব্বস্ব-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তোষেণ গুরো র্দোগ্ধ্রী-বধেনচ। অপ্রোক্ষিতোপযোগাচ্চ ত্রিবিধত্বে ব্যতিক্রম ইতি। পরিণীয়-মানবিপ্রকন্যাহরণাৎ ক্রুদ্ধস্য গুরোঃ পিতুঃ শাপাৎ। কৌশিকস্য বিশ্বামিত্রস্য তেজসা ॥ ৫ ॥

তেনৈব বিশ্বামিত্রেণৈব স্তম্ভিতো নাধঃ পপাত ॥ ৬ ॥

পক্ষিণোরিতি। বিশ্বামিত্রো রাজসূয়-দক্ষিণাচ্ছলেন হরিশ্চন্দ্রস্য সর্ব্বস্বমপজহার। তচ্ছ্রুত্বা

তাঁহাতে প্রতীত হয়। তিনি পরিণীতা ব্রাহ্মণ-পত্নীকে হরণ করিয়াছিলেন ; গুরুর দুগ্ধবতী গাভীকে বিনষ্ট করেন এবং অসংস্কৃত মাংস ভোজন করেন ; এই ত্রিবিধ পাপের জন্য তদীয় গুরু পিতা তাঁহাকে "চণ্ডালত্ব প্রাপ্ত হও!" বলিয়া অভিশাপ প্রদান করেন। তখন তিনি নিষ্কৃতির উপায় না দেখিয়া, সশরীরে স্বর্গে গমনার্থ যজ্ঞের অনুষ্ঠান করিলেন। এবং কুশিক নন্দন-বিশ্বামিত্রের তপোবলে সশরীরে স্বর্গে গমন করিয়াছিলেন ॥ ৫ ॥

ত্রিশঙ্কু যখন স্বর্গে গমন করিলেন, তত্রত্য দেবতাগণ তখন তাঁহাকে দেখিবা মাত্র অধো-মস্তকে স্বর্গ হইতে নিম্নে নিক্ষেপ করিলেন। ত্রিশঙ্কু তখন উচ্চকণ্ঠে বিশ্বামিত্রের শরণাগত হওয়ায়, বিশ্বামিত্র স্বীয় তপোবলে তাঁহাকে সেই স্বর্গ-পথেই স্তম্ভিত করিয়া রাখিলেন এবং অদ্যাপি নক্ষত্ররূপে ত্রিশঙ্কু নভোমণ্ডলে পরিদৃষ্ট হইতেছেন ॥ ৬ ॥

ত্রিশঙ্কুর পুত্র হরিশ্চন্দ্র। মহর্ষি বিশ্বামিত্র রাজসূয় যজ্ঞে দক্ষিণার চ্ছলে রাজা হরিশ্চন্দ্রের সর্ব্বস্ব অপহরণ করত, তাঁহাকে বিলক্ষণ যাতনা প্রদান

যন্নিমিত্তমভূদ্‌যুদ্ধং পক্ষিণোর্বৈ বার্ষিকং ॥ ৭ ॥
সোঽনপত্যো বিষণ্ণাত্মা নারদস্যোপদেশতঃ।
বরুণং শরণং যাত পুত্রো মে জায়তাং প্রভো ॥
যদি বীরো মহারাজ তেনৈব ত্বাং যজে ইতি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

প্রাপ্তয়োঃ বিশ্বামিত্র-বশিষ্ঠয়োঃ বহ্বর্ষিকং বহুবর্ষপর্য্যন্তং যুদ্ধং অভূৎ ॥ ৭ ॥

হরিশ্চন্দ্রঃ অনপত্যঃ পুত্ররহিতঃ, অতঃ বিষণ্ণঃ দুঃখিতঃ আত্মা মনঃ যস্য সঃ নারদস্য উপদেশতঃ বরুণং শরণং গতঃ। হে মহারাজ! তথা আহ চ যথা হে প্রভো! মে পুত্রঃ যথা জায়তাং তথা অনুগৃহাণ। তথাপি যদি মে বীরঃ পুত্রঃ জায়েত তর্হি তেনৈব পুরুষ-পশুনা ত্বাং যজে যজামি ইতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

মপহৃত্য যাতয়ামাস। তৎশ্রুত্বা কুপিতো বশিষ্ঠো বিশ্বামিত্রং ত্বং আড়ী ভবেতি শশাপ। সোঽপি ত্বং বকো ভবেতি বশিষ্ঠং শশাপ। তয়োশ্চ যুদ্ধ মভূদিতি প্রসিদ্ধং ॥ ৭ ॥

হরিশ্চন্দ্রো হ বৈধস ঐক্ষ্বাকবো রাজা অপুত্র আস্তে ইত্যাদি শ্রুতে প্রসিদ্ধং হরিশ্চন্দ্রস্য চরিতমাহ সোঽনপত্য ইত্যাদিনা যাবৎ সমাপ্তি। কথং শরণং যাত তদাহ পুত্রো মে জায়তাং। যদি বীরঃ পুত্রো মে জায়েত তর্হি তেনৈব পুরুষ-পশুনা ত্বাং যজে যজামীতি ভাষয়া ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুপিতো বশিষ্ঠো বিশ্বামিত্রং ত্বমাড়ী ভবেতি শশাপ। সোঽপি ত্বং বকো ভবেতি শশাপ। তত-স্তয়ো র্যুদ্ধমভূৎ ॥ ৭ ॥　　স হরিশ্চন্দ্রঃ ॥ ৮ ॥

করেন। এই বার্ত্তা যখন হরিশ্চন্দ্রের গুরু বশিষ্ঠদেবের কর্ণগোচর হইল, তখন তিনি ক্রুদ্ধ হইয়া, বিশ্বামিত্রকে "তুমি আড়ী (বলাকা) পক্ষী হও!" বলিয়া অভিসম্পাত করিলেন। বিশ্বামিত্রও বশিষ্ঠকে তুমি "বক হও!" বলিয়া শাপ প্রদান করিলেন। উভয়ের অব্যর্থ বাগ্‌বজ্রে উভয়ে উভয় প্রকার পক্ষী হইয়া, বহু সংবৎসর কাল উভয়ে পরস্পরে যুদ্ধ করিয়াছিলেন ॥ ৭ ॥

রাজা হরিশ্চন্দ্রের পুত্র না থাকায়, সর্ব্বদা দুঃখিত-চিত্তেই তিনি কালাতিপাত করিতেন। হে মহারাজ! এক দিবস দেবর্ষি নারদের উপদেশ অনুসারে তিনি জলাধিপতি বরুণের শরণাগত হইয়া, পুত্র-প্রার্থনায় বলিলেন যে, হে প্রভো! আপনার প্রসাদে যদি আমার পুত্র জন্মে, তাহা হইলে সেই পুরুষ পশুর দ্বারা আমি আপনার যজ্ঞ করিব ॥ ৮ ॥

জলাধিপ তথাস্তু বলিয়া স্বীকার করিলে, অতি অল্পকাল মধ্যে রাজা

তথেতি বরুণেনাস্য পুত্রো জাতস্তু রোহিতঃ।
জাতঃ সুতো হ্যনেনাঙ্গ মাং যজস্বেতি সোঽব্রবীৎ ॥ ৯ ॥
যদাপশু র্নির্দ্দশঃ স্যাদথ মেধ্যো ভবেদিতি।
নির্দ্দশেচ স আগত্য যজস্বেত্যাহ সোঽব্রবীৎ ॥

অন্বয়ঃ।

ততঃ তথা অস্তু ইতি উক্তবতা বরুণেন অস্য হরিশ্চন্দ্রস্য রোহিতঃ তদাখ্যঃ পুত্রঃ জাতঃ। তদাহি বরুণঃ তব পুত্রঃ জাতঃ! হে অঙ্গ! অনেন মাং যজস্ব ইতি অব্রবীৎ ॥ ৯ ॥

তদা স হরিশ্চন্দ্রঃ অপি যদা পশুঃ পুত্রঃ নির্দশঃ নির্গত-দশদিনঃ স্যাৎ অথ তদনন্তরং মেধ্যঃ পবিত্রঃ, যাগযোগ্যঃ ভবেৎ ইতি অব্রবীৎ। ততঃ নির্দশে দশসু অহঃসু ব্যতীতেষু সৎসু, পুনঃ আগত্য বরুণঃ যজস্ব ইতি আহ ॥

অথ অনন্তরং সঃ হরিশ্চন্দ্রঃ আহ যৎ যদা পশোঃ দন্তাঃ জায়েরন্ অথ "তদা মেধ্যঃ ভবেৎ। ততশ্চ যদা দন্তাঃ জাতাঃ, তদা সঃ বরুণঃ আগত্য, দন্তাঃ জাতাঃ অতঃ যজস্ব ইতি, রাজানং প্রত্যাহ ॥

শ্রীধরস্বামী।

তথেত্যুক্তবতা বরুণেন নিমিত্তেনাস্য রোহিতো নাম পুত্রো জাতঃ। জাতে পুত্রে স বরুণো জাতঃ সুতো মামনেন যজস্বেত্যব্রবীৎ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথেতি বরং দদতা বরুণেন হেতুনা। ততশ্চ স বরুণঃ-জাত ইত্যাদি অব্রবীৎ। ততশ্চ

হরিশ্চন্দ্রের রোহিত নামে এক পুত্র উৎপন্ন হইল। তখন বরুণদেব প্রত্যক্ষ হইয়া বলিলেন, হে রাজন্! আপনার ত পুত্র জন্মিয়াছে, এক্ষণে তদ্দ্বারা আমার যজ্ঞ সমাধা করুন্! ॥ ৯ ॥

তখন রাজা বলিলেন যে, পশুর বয়ঃক্রম অন্তত দশ দিবস কাল অতীত না হইলে, যজ্ঞে দেয় উপযুক্ত পশু বলিয়া গণ্য নহে। সুতরাং দশ দিবস অতীত হইলে, পুনরায় বরুণ যখন বলিলেন, এই সময় আমার যজ্ঞ কর! ॥

তখন রাজা বলিলেন, নরপশুর দন্তের উদ্গম হইলে পবিত্র এবং যজ্ঞাহ বলিয়া পরিগণিত হয়। সুতরাং কিছুকালের পর রোহিতের দন্তের উদ্গম হইলে পর, রাজা হরিশ্চন্দ্রকে বরুণ বলিলেন, ভবদীয় পুত্র এক্ষণে জাতদন্ত; অতএব এক্ষণে তুমি তদ্দ্বারা আমার যজ্ঞের অনুষ্ঠান কর! ॥

তদুত্তরে রাজা বলিলেন, পশুর দন্ত পতিত না হইলে, নরপশু ত মেধ্য হয় না। সুতরাং বরুণদেব তখন চলিয়া গেলেন; এবং কিছুকাল পরে

দন্তাঃ পশো র্যজ্জায়েরন্নথ মেধ্যো ভবেদিতি।
দন্তা জাতা যজস্বেতি স প্রত্যাহাথ সোঽব্রবীৎ॥
যদা পতন্ত্যস্য দন্তা অথ মেধ্যো ভবেদিতি।
পশোর্মে পতিতা দন্তা যজস্বেত্যাহ সোঽব্রবীৎ॥
যদা পশোঃ পুনর্দন্তা জায়ন্তে ঽথ পশুঃ শুচিঃ।
পুন র্জাতা যজস্বেতি স প্রত্যাহাথ সোঽব্রবীৎ॥ ১০॥
সান্নাহিকো যদা রাজন্ রাজন্যোঽথ পশুঃ শুচিঃ॥ ১১॥

অন্বয়ঃ।

অথ হরিশ্চন্দ্রঃ আহ যদা অস্য পুরুষ-পশোঃ প্রথমজাতাঃ দন্তাঃ পতন্তি অথ তদা মেধ্যঃ ভবেৎ ইতি অব্রবীৎ। দন্তেষু পতিতেষু সৎসু পুনঃ বরুণঃ আগত্য পুরুষপশোঃ মে দন্তাঃ পতিতাঃ অতঃ মাং যজস্ব ইতি আহ॥

সঃ হরিশ্চ : যদা পশোঃ পুনঃ দন্তাঃ জায়ন্তে অথ তদা পশুঃ শুচিঃ ভবতি ইতি অব্রবীৎ। পুনঃ দন্তেষু জাতেষু সঃ বরুণঃ আগত্য রাজানং প্রতি পুনঃ দন্তাঃ জাতাঃ অতঃ মাং যজস্ব ইত্যাহ॥ ১০॥

তদা পুনঃ সঃ হরিশ্চন্দ্রঃ, হে রাজন্ বরুণ! রাজন্যঃ পুরুষপশুঃ যদা সান্নাহিকঃ কবচ-বন্ধনার্হঃ যুদ্ধযোগ্যঃ, ভবেৎ তদা শুচিঃ যাগার্হঃ ভবেৎ ইত্যব্রবীৎ॥ ১১॥

শ্রীধরস্বামী।

যদা পশু র্নির্দ্দশঃ নির্গত-দশ-দিবসঃ স্যাৎ ইত্যত্র স রাজা অব্রবীদিত্যনুষঙ্গঃ॥ ১০॥

রাজন্ হে বরুণ! রাজন্যঃ পশুঃ যদা সান্নাহিকঃ কবচবন্ধার্হঃ সংগ্রামে সমর্থঃ অথ তদা শুচিঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজা পুত্রস্নেহাৎ তং বঞ্চয়ন্ যদেত্যাদি অব্রবীৎ। নির্দ্দশঃ নির্গতদশদিবসঃ স্যাৎ॥ ৯॥ ১০॥

রাজন্ হে বরুণ! রাজন্যঃ পশুঃ সান্নাহিকঃ কবচবন্ধার্হঃ স্যাত্তদা শুচিঃ॥ ১১॥

বালকের দন্ত-পতন আরম্ভ হইলে, তিনি আসিয়া বলিলেন যে, আমার পশুর দন্ত পতিত হইয়াছে; এক্ষণে যজ্ঞের আয়োজন কর!॥

রাজা বলিলেন, শিশুদন্ত কেবল পতিত হইলেই মেধ্য পশু হয় না, দন্তের পুনরুদ্গম হইলে পর পশু মেধ্য বলিয়া গণ্য। বালকের দন্ত পুনরুদ্গত হইল; তখন বরুণ আসিয়া বলিলেন যে, পশুর দ্বিতীয়বার দন্তের উদ্গম হইয়াছে, এক্ষণে যজ্ঞের আয়োজন কর!॥ ১০॥

রাজা তদুত্তরে বলিলেন, ক্ষত্রিয় পশু যদবধি বদ্ধ-কবচ হইয়া সংগ্রামে সমর্থ না হয়, তদবধি বলির উপযুক্ত পশু বলিয়া গণ্য নহে॥ ১১॥

ইতি পুত্রানুরাগেণ স্নেহ-যন্ত্রিত-চেতসা।
কালং বঞ্চয়তা তং তমুক্তো দেবস্তমৈক্ষত ॥ ১২ ॥
রোহিতস্তদভিজ্ঞায় পিতুঃ কর্ম্ম চিকীর্ষিতং।
প্রাণপ্রেপ্সুর্ধনুষ্পাণিররণ্যং প্রত্যপদ্যত ॥ ১৩ ॥
পিতরং বরুণগ্রস্তং শ্রুত্বা জাতমহোদরং।
রোহিতো গ্রামমেয়ায় তমিন্দ্রঃ প্রত্যষেধত ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পুত্রে অনুরাগঃ প্রেম যস্য তেন অতঃ স্নেহেন যন্ত্রিতং বশীকৃতং চেতঃ যস্য তেন হরিশ্চন্দ্রেণ তং তং নির্দ্দশাদিরূপং কালং বঞ্চয়তা প্রতিক্ষিপতা এবং উক্তঃ প্রার্থিতঃ দেবঃ বরুণঃ, তং তং কালং প্রত্যৈক্ষত ॥ ১২ ॥

কিঞ্চ রোহিতঃ পিতুঃ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং তৎ (আত্মনা বরুণ-যজনরূপং কর্ম্ম অভিজ্ঞায় প্রাণ-প্রেপ্সুঃ জিজীবিষুঃ ধনুষ্পাণিঃ অরণ্যং প্রতি অপদ্যত জগাম ॥ ১৩ ॥

তস্মিন্ বনং গতে সতি কুপিতঃ বরুণঃ হরিশ্চন্দ্রং জগ্রাহ (রাজ্ঞঃ উদরে জলোদরাখ্যঃ রোগবিশেষঃ জাতঃ) তথাভূতং পিতরং শ্রুত্বা রোহিতঃ গ্রামং এয়ায় আগন্তুং উদ্যতঃ জাতঃ। তদা ইন্দ্রঃ তং প্রত্যষেধত গৃহং মাগাঃ ইতি উক্তবান ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ইত্যেবং তং তং কালং বঞ্চয়তা রাজ্ঞা উক্তঃ প্রার্থিতো দেবো বরুণ স্তং তং কালং প্রত্যৈক্ষতেত্যর্থঃ ॥ ১২ ॥

চিকীর্ষিতং আত্মনা পশুনা বরুণযজনং ॥ ১৩ ॥

ততশ্চ কুপিতেন বরুণেন গ্রস্তং অতএব জাতং মহদুদরং যস্য তং পিতরং শ্রুত্বা ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তং তং কালং বঞ্চয়তা উক্তঃ প্রার্থিতো বরুণ স্তং তং কালং প্রত্যৈক্ষতেত্যন্বয়ঃ ॥১২—১৪॥

হে কুরুবংশাবতংস পরীক্ষিৎ! রাজা হরিশ্চন্দ্র পুত্র-প্রেমানুরোধে স্নেহাকৃষ্ট হইয়া, এই প্রকারে ক্রমাগত প্রতিশ্রুত কালকে অতিক্রম করিতে লাগিলেন এবং বরুণদেবও তদীয় প্রতিশ্রুত কালের প্রতীক্ষায় অপেক্ষা করিতে লাগিলেন ॥ ১২ ॥

এদিকে রাজপুত্র রোহিত পিতার অভিপ্রায় এবং ভাবি বরুণ-যজ্ঞরূপ কর্ম্মের বিষয় অবধারণ করিয়া, স্বীয় প্রাণ-রক্ষার নিমিত্ত ধনুর্ব্বাণ হস্তে বনে প্রস্থান করিলেন ॥ ১৩ ॥

তথা হইতে শ্রবণ করিলেন যে, পিতা হরিশ্চন্দ্র প্রতিশ্রুত পুরুষ-যজ্ঞের উপেক্ষা করায়, বরুণদেবের কোপে নিপতিত হইয়াছেন। বরুণ-কোপে

ভূমেঃ পর্য্যটনং পুণ্যং তীর্থক্ষেত্র-নিষেবণৈঃ।
রোহিতায়াদিশচ্ছক্রঃ সোঽপ্যরণ্যেঽবসৎ সমাং ॥ ১৫॥
এবং দ্বিতীয়ে তৃতীয়ে চতুর্থে পঞ্চমে তথা।
অভ্যেত্যাভ্যেত্য স্থবিরো বিপ্রো ভূত্বাহ বিব্রহা ॥
ষষ্ঠং সম্বৎসরং তত্র চরিত্বা রোহিতঃ পুরীং।
উপব্রজন্নজীগর্ত্তাদক্রীণান্মধ্যমং সুতং ॥
শুনঃশেফং পশুং পিত্রে প্রদায় সমবন্দত। ১৬॥

অন্বয়ঃ।

তীর্থানাং ক্ষেত্রাণাং নিষেবণৈঃ ভূমেঃ পর্য্যটনং এব পুণ্যং ইতি শক্রঃ ইন্দ্রঃ, রোহিতায় আদিশৎ। তদা রোহিতঃ অপি অরণ্যে সমাং এক বর্ষং অবসৎ ॥ ১৫ ॥

এবং এব দ্বিতীয়ে তৃতীয়ে চতুর্থে পঞ্চমে বর্ষেষু স্থবিরঃ বৃদ্ধঃ বিপ্রঃ ভূত্বা বৃত্রহা ইন্দ্রঃ, অভ্যেত্য আগত্য, গ্রামং মাগাঃ তীর্থ-পর্য্যটনং কুরু ইতি রোহিতায় আহ ॥

ততঃ চ রোহিতঃ ষষ্ঠং সংবৎসরং বনে চরিত্বা পুরীং উপব্রজন্ আগচ্ছন্ ভার্গববংশজাৎ অজীগর্ত্তাৎ তস্য মধ্যমং সুতং শুনঃশেফাখ্যং অক্রীণাৎ। তথা তং শুনঃশেফং পশুং পিত্রে প্রদায় স্বপ্রতিনিধিতয়া সমর্প্য, সমবন্দত প্রণনাম ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

সমাং বৎসরং ॥ ১৫ ॥

দ্বিতীয়ে তৃতীয়েচ বর্ষে বৃত্রহা অভ্যেত্য তথৈব তং প্রতিষেধন্ কিঞ্চিৎ কিঞ্চিদাহ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমাং বর্ষং ॥ ১৫ ॥

এবং দ্বিতীয়েঽপি বর্ষে পুনঃ কৃপয়ৈবাগতং তং বৃত্রহা পুনঃ প্রতিষেধেন তথৈবাহ ॥ ১৬ ॥

হরিশ্চন্দ্রের উদর জলে পরিপূর্ণ হইয়া বৃহদাকার ধারণ করিয়াছে। তখন তিনি পিতার ক্লেশে দুঃখিত হইয়া, গ্রামে প্রত্যাগমন করিবার উদ্‌যোগ করিলেন। তখন ইন্দ্র তৎসমীপে উপনীত হইয়া, নিষেধ করত বলিলেন। ।১৪ ।

গৃহে প্রত্যাগমন করিবার অপেক্ষা তীর্থক্ষেত্রাদি পুণ্যভূমে বিচরণ করাই মঙ্গল। তুমি এক্ষণে গ্রামে প্রত্যাগমন করিও না! তৎ শ্রবণে রোহিত এক বৎসর কাল অরণ্যেই অবস্থান করিলেন ॥ ১৫ ॥

এই প্রকারে দ্বিতীয় তৃতীয় চতুর্থ এবং পঞ্চম বৎসরে যখনই রোহিত গৃহে প্রত্যাগমন করিবার বাসনা করিয়াছিলেন, দেবেন্দ্র সেই সেই সময় একটী প্রাচীন ব্রাহ্মণের বেশ ধারণে তাঁহার সমক্ষে প্রত্যক্ষ হইয়া, প্রতিবারই তাঁহাকে নিষেধ করিয়াছিলেন ॥

ততঃ পুরুষমেধেন হরিশ্চন্দ্রো মহাযশাঃ।
মুক্তোদরোঽযজদ্দেবান্ বরুণাদীন্মহৎকথঃ ॥ ১৭ ॥
বিশ্বামিত্রোঽভবত্তস্মিন্ হোতা চাধ্বর্য্যুরাত্মবান্।
যমদগ্নির্ভূব্রহ্মা বশিষ্ঠোঽয়াস্যঃ সামগঃ ॥ ১৮ ॥
তস্মৈ তুষ্টো দদাবিন্দ্রঃ শাতকৌম্ভময়ং রথং।
শুনঃশেফস্য মাহাত্ম্যমুপরিষ্টাৎ প্রবক্ষ্যতে ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ততঃ মহাযশাঃ হরিশ্চন্দ্র পুরুষমেধেন বরুণাদীন্ দেবান্ অযজৎ। ততঃ মুক্তং বরুণেন ত্যক্তং উদরং যস্য তথা মহৎ যশঃ যস্য সঃ, মহৎসু কথা যস্য সঃ তথা বভূব ॥ ১৭ ॥

তস্মিন্ নরযজ্ঞে বিশ্বামিত্রঃ হোতা অভবৎ, আত্মবান্ আত্মজ্ঞঃ যমদগ্নিঃ অধ্বর্য্যুঃ অভূৎ, অয়াস্যাখ্যঃ মুনিঃ সামগঃ উদ্গাতা অভূৎ ॥ ১৮ ॥

এবং পুরুষমেধেন তুষ্টঃ ইন্দ্রঃ তস্মৈ হরিচন্দ্রায়, শাত-কৌম্ভময়ং সুবর্ণ-বিরচিতং রথং দদৌ। শুনঃশেফস্য মাহাত্ম্যং উপরিষ্টাৎ বিশ্বামিত্র-সুতাখ্যান-প্রসঙ্গে প্রবক্ষ্যতে ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

বরুণেন মুক্তমুদরং যস্য। মহৎসু কথা যস্য সঃ ॥ ১৭ ॥
আত্মবান্ যমদগ্নি রধ্বর্য্যুরভূৎ। অয়াস্যো মুনিঃ সামগ উদ্গাতাভূদিত্যর্থঃ ॥ ১৮ ॥
উপরিষ্টাৎ বিশ্বামিত্র-সুতাখ্যান-প্রসঙ্গে ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহৎসু কথা যস্য সঃ ॥ ১৭ ॥
অয়াস্যো মুনিঃ সামগ উদ্গাতাভূদিত্যর্থঃ ॥ ১৮ ॥
উপরিষ্টাৎ বিশ্বামিত্র-সুতাখ্যান-কথাপ্রসঙ্গে ॥ ১৯ ॥

অনন্তর রোহিত ষষ্ঠ বৎসর পর্য্যন্ত অরণ্যে বাস করত স্বকীয় পুরীতে প্রত্যাগমন করিলেন এবং অজীগর্ত্তের মধ্যম পুত্র শুনঃশেফকে যজ্ঞার্থ পশু-রূপে ক্রয় করিয়া, পিতা হরিশ্চন্দ্রকে সমর্পণ পূর্ব্বক প্রণাম করিলেন ॥ ১৬ ॥

তখন সেই নরপশুর দ্বারা রাজা হরিশ্চন্দ্র বরুণাদি দেবতাগণের উদ্দেশে যজ্ঞ সমাপন পূর্ব্বক উদরী রোগ হইতে মুক্তিলাভে যশস্বী হইলেন এবং এক জন মহাজনের মধ্যে গণ্য হইলেন ॥ ১৭ ॥

এই নরযজ্ঞে মহর্ষি বিশ্বামিত্র হোতা এবং আত্মতত্ত্বজ্ঞ ভগবান্ যমদগ্নি অধ্বর্য্যু হইয়াছিলেন। বশিষ্ঠদেব ব্রহ্মা এবং অয়াস্য মুনি উদ্গাতা হইয়াছিলেন ॥ ১৮ ॥

নরযাগে পরিতুষ্ট হইয়া, অমরাধিপ ইন্দ্র মহারাজ হরিশ্চন্দ্রকে অতি অপূর্ব্ব

সত্যসারাং ধৃতিং দৃষ্ট্বা সভার্য্যস্য স ভূপতেঃ।
বিশ্বামিত্রো ভৃশং প্রীতো দদাববিহতাং গতিং ॥ ২০ ॥
মনঃ পৃথিব্যাং তামদ্ভি স্তেজসাপোঽনিলেন তৎ।
খে বায়ুং ধারয়ৎ স্তচ্চ ভূতাদৌ তৎ মহাত্মনি ॥ ২১ ॥

অন্বয়ঃ

(হৃত-সর্ব্বস্বস্যাপি) সভার্য্যস্য ভূপতেঃ হরিশ্চন্দ্রস্য, সত্যং সত্যপ্রতিজ্ঞত্বং এব সারঃ বলং যস্যাঃ তাং ধৃতিং দৃষ্ট্বা বিশ্বামিত্রঃ ভৃশং অতিশয়েন, প্রীতঃ সন্ তস্মৈ অবিহতাং পরমার্থ-বিষয়াং গতিং জ্ঞানং দদৌ ॥ ২০ ॥

(তাং গতিং স্পষ্টয়তি) সংসার-মূলং মনঃ অন্নশব্দবাচ্যায়াং পৃথিব্যাং একীকুর্ব্বন্ তাং পৃথিবীং অদ্ভিঃ তৎকারণ-ভূতাভিঃ সহ, তাঃ অপঃ তেজসা একীকুর্ব্বন্, তৎ তেজঃ অনিলেন, তং বায়ুং, খে আকাশে, ধারয়ন্ তৎ চ খং ভূতাদৌ তামসাহঙ্কারে ধারয়ন্, তং অহঙ্কারং, মহাত্মনি মহত্তত্ত্বে, ধারয়ন্ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অবিহতাং গতিং জ্ঞানং ॥ ২০ ॥

উক্ত মধুচ্ছন্দা নামে বিশ্বামিত্রের শতপুত্রের মধ্যে প্রথমজ পঞ্চাশৎ সংখ্যক ভ্রাতা পিতার আদেশ প্রতিপালন করিলেন না। তাঁহারা পিতার অনুমতি

যে মধুচ্ছন্দসো জ্যেষ্ঠাঃ কুশলং মেনিরে ন তৎ।
অশপত্তামুনিঃ ক্রুদ্ধো ম্লেচ্ছা ভবত দুর্জ্জনাঃ ॥ ২১ ॥
স হোবাচ মধুচ্ছন্দাঃ সার্দ্ধং পঞ্চাশতা ততঃ।
যন্নো ভবান্ সংজানীতে তস্মিং স্তিষ্ঠামহে বয়ং ॥ ২২ ॥

অন্বয়ঃ।

যে মধুচ্ছন্দসঃ তেষু জ্যেষ্ঠাঃ পঞ্চাশৎ তে তৎ পিত্রা উক্তং (জ্যেষ্ঠ এষ প্রকল্পতামিতি) শুনঃশেফস্য জ্যেষ্ঠত্বং কুশলং ভদ্রং ন মেনিরে নাঙ্গীকৃতবন্তঃ। অতশ্চ ক্রুদ্ধঃ মুনিঃ বিশ্বামিত্রঃ তান্ হে দুর্জ্জনাঃ! ম্লেচ্ছাঃ ভবত! ইতি অশপৎ ॥ ২১ ॥

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সার্দ্ধং সঃ মধ্যমঃ মধুচ্ছন্দঃ ততঃ অনন্তরং পিতরং উবাচ। যথা ভবান্ পিতা নঃ অস্মান্ পুত্রান্ যৎ শুনঃশেফস্য জ্যেষ্ঠত্বাঙ্গীকরণং সংজানীতে আজ্ঞাপয়তি, তস্মিন্ আদেশে, বয়ং তিষ্ঠামহে ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তত্তস্য জ্যেষ্ঠত্বং কুশলং ন মেনিরে মধ্যমত্বস্যানর্থাবহত্বং দৃষ্ট্বা নাঙ্গীকৃতবন্তঃ। মুনির্বিশ্বামিত্রঃ ॥ ২১ ॥

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সাকং মধ্যমো মধুচ্ছন্দা উবাচ। নোঽস্মাকং যৎ জ্যেষ্ঠত্বং কনিষ্ঠত্বং বা ভবান্ পিতা সংজানীতে মন্যতে তস্মিন্ বয়ং তিষ্ঠামেতি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যে জ্যেষ্ঠাঃ পঞ্চাশৎ তৎ শুনঃশেফস্য জ্যেষ্ঠত্বং কুশলং ভদ্রং ন মেনিরে। মুনির্বিশ্বামিত্রঃ ॥ ২১ ॥

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সাকং স মধ্যমো মধুচ্ছন্দাঃ হ স্পষ্টমুবাচ নোঽস্মাকং পিতা ভবান্ যৎ জ্যেষ্ঠত্বং কনিষ্ঠত্বং বা সংজানীতে মন্যতে তস্মিন্নেব বয়ং তিষ্ঠামেতি ॥ ২২ ॥

অনুসারে শুনঃশেফকে জ্যেষ্ঠ বলিয়া স্বীকার করিলেন না। সুতরাং মুনিবর বিশ্বামিত্র ক্রুদ্ধ হইয়া, অবাধ্য পুত্রগণকে অভিসম্পাত প্রদানে বলিলেন, রে দুষ্টগণ! তোমরা যখন আমার অনুমতি প্রতিপালনে পরাঙ্মুখ হইয়াছ, তখন ম্লেচ্ছ হইয়া থাক। ২১ ॥

অবশিষ্ট পঞ্চাশৎ কনিষ্ঠ ভ্রাতা সহ বিশ্বামিত্রের মধ্যম পুত্র মধুচ্ছন্দা পিতার নিকট উপস্থিত হইয়া বলিলেন, "আপনি পিতা! আমরা আপনার পুত্র! শুনঃশেফকে আমাদের অগ্রজ জ্যেষ্ঠ ভ্রাতা বলিয়া স্বীকার করিবার জন্য আপনি আমাদিগকে যে আদেশ করিয়াছেন, আমরা তাহা অবশ্য প্রতিপালন করিব" ॥ ২২ ॥

এই বলিয়া সেই মন্ত্রজ্ঞ দেবরাত শুনঃশেফকে তাঁহারা আপনাদের অগ্রজ ভ্রাতা বলিয়া স্বীকার করিলেন; এবং তাঁহাকে বলিলেন যে, "আমরা সকলে

জ্যেষ্ঠং মন্ত্রদৃশং চক্রুস্ত্বামন্বঞ্চো বয়ং স্মহি ॥ ২৩ ॥
বিশ্বামিত্রঃ সুতানাহ বীরবন্তো ভবিষ্যথ।
যে মানং মেঽনুগৃহ্ণন্তো বীরবন্তমকর্ত্ত মাং ॥ ২৪ ॥
এষ বঃ কুশিকা বীরো দেবরাত স্তমন্বিতঃ।

অন্বয়ঃ।

এবং উক্ত্বা তে মন্ত্রদৃশং দেবরাতং জ্যেষ্ঠং চক্রুঃ যথা বয়ং সর্ব্বে ত্বাং অন্বঞ্চঃ স্মহি অনুগন্তারঃ স্ম। তব কনিষ্ঠাঃ ভবাম ॥ ২৩ ॥

ততঃ প্রসন্নঃ বিশ্বামিত্রঃ তান সুতান্ আহ যতঃ যে যূয়ং মে মানং পূজাত্বং অনুগৃহ্ণন্তঃ অনুবর্ত্তমানাঃ সন্তঃ অস্য জ্যেষ্ঠত্বাঙ্গীকারেণ মাং বীরবন্তং পুত্রবন্তং অকর্ত্ত কৃতবন্তঃ অতঃ যূয়ং বীরবন্তঃ পুত্রবন্তঃ ভবিষ্যথ ॥ ২৪ ॥

হে কুশিকাঃ! এষঃ দেবরাতঃ বঃ যুষ্মদীয়ঃ কৌশিকঃ এব যতঃ বীরঃ মৎপুত্রঃ, অতঃ

শ্রীধরস্বামী।

এবমুক্ত্বা মন্ত্রদৃশং কস্য নূনং কতমস্যামৃতানামিত্যাদি মন্ত্রাণাং দ্রষ্টারং শুনঃশেফং জ্যেষ্ঠং চক্রুঃ। কথং চক্রুঃ তদাহ বয়ং সর্ব্বে ত্বামন্বঞ্চঃ স্মহি অনুগন্তারঃ কনিষ্ঠাঃ স্ম ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ততঃ প্রসন্নো বিশ্বামিত্র স্তান্ সুতানাহ বীরবন্তঃ পুত্রবন্তো ভবিষ্যথ যে যূয়ং মে মানং পূজাত্বং অনুগৃহ্ণন্তঃ অনুবর্ত্তমানাঃ সন্তঃ মাং বীরবন্তং পুত্রবন্তমকর্ত্ত কৃতবন্ত ইত্যর্থঃ ॥২৪

হে কুশিকাঃ এষ দেবরাতঃ বো যুষ্মদীয়ঃ কৌশিক এব যতো বীরঃ মৎপুত্রঃ তমেনমন্বিত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ শুনঃশেফং জ্যেষ্ঠং চক্রুঃ মন্ত্রদৃশং। তস্য নূনং কতমস্যামৃতানামিত্যাদি মন্ত্রাণাং দ্রষ্টারং। তদাহ বয়ং সর্ব্বে ত্বামন্বঞ্চঃ অনুগন্তারঃ কনিষ্ঠাঃ স্ম ইত্যুচুরিত্যর্থঃ। ততঃ প্রসন্নো বিশ্বামিত্র স্তান্ সুতানাহ উবাচ। বীরবন্তঃ পুত্রবন্তো ভবিষ্যথ যে যূয়ং মে মানং পূজাত্বং অনুমদাজ্ঞানন্তরং গৃহ্ণন্তঃ অঙ্গীকুর্ব্বন্তঃ সন্তঃ মাং বীরবন্তং অকর্ত্ত কৃতবন্তঃ। অন্যথা যুষ্মাস্বপি মচ্ছাপাৎ ম্লেচ্ছীভূতেষু অপুত্রক এবাভবিষ্যমিতি ভাবঃ ॥ ২৩ ॥

হে কুশিকা বো যুষ্মদীয়ঃ কৌশিকএব যতঃ। বীরঃ মৎপুত্রঃ। তমেনমন্বিত অনুগচ্ছত।

আপনার কনিষ্ঠ ভ্রাতা অনুগত ব্যক্তি! আপনার অনুসরণ আমরা সকলে চিরকাল করিব ॥ ২৩ ॥

এতৎ শ্রবণে বিশ্বামিত্র ঋষি প্রসন্ন হইয়া, পুত্রগণকে সম্বোধন করত বলিলেন যে, তোমরা যখন আমার সম্মান রক্ষা করত শুনঃশেফের জ্যেষ্ঠত্ব স্বীকারে আমাকে পুত্র-বিশিষ্ট করিয়াছ, আমি আশীর্ব্বাদ করিতেছি, তোমরাও সকলে পুত্রবান্ হও! ॥ ২৪ ॥

হে কুশিকবংশ-সম্ভূতগণ! এই দেবরাতও তোমাদের মধ্যে কৌশিক বলিয়া পরিগণিত হইলেন। কারণ আমি ইহাঁকে নিজের পুত্র বলিয়া স্বীকার

অন্যে চাষ্টক হারীত জয় ক্রতুমদাদয়ঃ ॥ ২৫ ॥
এবং কৌশিক-গোত্রস্তু বৈশ্বামিত্রৈঃ পৃথগ্বিধং।
প্রবরান্তরমাপন্নং তদ্ধি চৈবং প্রকল্পিতং ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে শ্রীপরশুরাম-চরিতং ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

অন্বয়ঃ।

তং এনং অন্বিত অনুগচ্ছত! ততঃ অন্যে চাষ্টকাদয়ঃ তস্য বিশ্বামিত্রস্য পুত্রাঃ আসন্ ॥ ২৫ ॥ (একে শপ্তাঃ একে অনুগৃহীতাঃ অন্যঃ তু পুত্রত্বেন স্বীকৃতঃ ইতি) এবং বৈশ্বামিত্রৈঃ বিশ্বামিত্রপুত্রৈঃ কৌশিক-গোত্রং পৃথক্‌বিধং নানাপ্রকারং জাতং; তৎ চ প্রবরান্তরং আপন্নং হি যস্মাৎ দেবরাত-জ্যেষ্ঠত্বেন তৎ-প্রবরান্তরং প্রকল্পিতং ॥ ২৬ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষোড়শোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

অনুগচ্ছত। অন্যে চাষ্টকাদয় স্তস্য সুতা আসন্ ॥ ২৫ ॥

উপসংহরতি এবমিতি। একে শপ্তাঃ একেঽনুগৃহীতাঃ অন্যস্তু পুত্রত্বেন স্বীকৃত ইত্যেবং কৌশিকগোত্রং পৃথগ্বিধং নানাপ্রকারং জাতং তচ্চ প্রবরান্তরমাপন্নং প্রাপ্তং হি যস্মাদেবং দেবরাত-জ্যেষ্ঠত্বেন তৎ কল্পিতং ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি নবমে ষোড়শঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যে চাষ্টকাদয় স্তস্য সুতা আসন্ ॥ ২৪ ॥ ২৫ ॥

উপসংহরতি এবমিতি। একে শপ্তা একেঽনুগৃহীতাঃ অন্যস্তু পুত্রত্বেন গৃহীতঃ। ইত্যেবং কৌশিক-গোত্রং বিশ্বামিত্রৈঃ বিশ্বামিত্রেণ হেতুনা পৃথগ্বিধং নানাপ্রকারং জাতং। তচ্চ প্রবরান্তরমাপন্নং হি যস্মাদেবং দেবরাতজ্যেষ্ঠত্বেন তৎ দেবরাত-প্রবরং প্রকল্পিতং ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
নবমে ষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

করিয়াছ! অতএব তোমরা সকলে আপনাদিগকে কনিষ্ঠ জ্ঞানে ইহাঁর মতানুসারে কার্য্য কর! হে রাজন্! এতদ্ব্যতীত অষ্টক, হারীত, জয় এবং ক্রতুমান্ নামে বিশ্বামিত্রের আরও অন্যান্য অনেক পুত্র ছিল ॥ ২৫ ॥

হে রাজন্! কেবল এক দেবরাতকে পুত্রত্বে স্বীকার করায়, বিশ্বামিত্রের পুত্রগণ কৌশিক গোত্রকে নানাপ্রকারে অভিব্যক্ত করিয়াছেন। কিন্তু ভিন্ন বংশোৎপন্ন দেবরাতের অনুরোধে তাঁহাদের প্রবরেরও পার্থক্য ঘটিয়াছিল ॥ ২৬ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥
যঃ পুরূরবসঃ পুত্র আয়ুস্তস্যাভবন্ সুতাঃ।
নহুষঃ ক্ষত্রবৃদ্ধশ্চ রজী রম্ভশ্চ বীর্য্যবান্ ॥ ১ ॥
অনেনা ইতি রাজেন্দ্র শৃণু ক্ষত্রবৃধোঽন্বয়ং।
ক্ষত্রবৃদ্ধ-সুতস্যাসন্ সুহোত্রস্যাত্মজা ত্রয়ঃ ॥
কাশ্যঃ কুশো গৃৎসমদ ইতি গৃৎসমদাদভূৎ।
শুনকঃ শৌনকো যস্য বহ্বৃচ-প্রবরো মুনিঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। যঃ পুরূরবসঃ পুত্রঃ আয়ুঃ তস্য নহুষাদয়ঃ পঞ্চ সুতাঃ অভবন্ ॥ ১ ॥

হে রাজেন্দ্র! অত্র তাবৎ ক্ষত্রবৃধোঽন্বয়ং শৃণু। ক্ষত্রবৃদ্ধস্য যঃ সুতঃ সুহোত্রঃ তস্য ত্রয়ঃ আত্মজাঃ আসন্ ॥

তে যথা কাশ্যঃ কুশঃ গৃৎসমদঃ ইতি। গৃৎসমদাৎ শুনকঃ, যস্য শুনকস্য বহ্বৃচেষু প্রবরঃ শ্রেষ্ঠঃ মুনিঃ মননশীলঃ শৌনকঃ পুত্রঃ অভূৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

আয়োঃ সপ্তদশে ত্বৈল জ্যেষ্ঠপুত্রস্য পঞ্চসু।
সুতেষু ক্ষত্রবৃদ্ধাদি চতুর্ণাং বংশ বর্ণনং ॥ * ॥

ইহ শ্রীকৃষ্ণাবতার-প্রস্তাবায় বংশানুবর্ণনমন্নাদিক্রমেণ প্রক্রান্তমিতি। যস্য বংশে শ্রীকৃষ্ণাবতারঃ তস্য বংশোঽতিবিস্তৃতত্বাদন্তে নিরূপ্যতে। অতঃ পুরূরবস পুত্রাণাং পঞ্চানাং কনিষ্ঠানাং বংশমুক্ত্বা ইদানীং প্রথমস্য বংশমাহ য ইতি। এবং নহুষ যযাতি যদু প্রভৃতিষ্বপি দ্রষ্টব্যং ॥ ১ ॥ ক্ষত্রবৃধঃ ক্ষত্রবৃদ্ধস্য ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আয়োরৈলসুতস্যাত্র শ্লোক্তাঃ সপ্তদশে সুতাঃ।
ক্ষত্রবৃদ্ধাদয়ঃ খ্যাতা অলর্কাদ্যা যদন্বয়ে ॥ * ॥

ক্ষত্রবৃধঃ ক্ষত্রবৃদ্ধস্য ॥ ১ ॥ ২ ॥

ব্যাসনন্দন শুকদেব বলিলেন, হে নরনাথ! আয়ু নামে পুরূরবার যে পুত্র ছিলেন, তাঁহার ঔরসে নহুষ, ক্ষত্রবৃদ্ধ, রজী, রম্ভ এবং অনেনা নামে পাঁচটী পুত্র জন্ম গ্রহণ করেন ॥ ১ ॥

হে রাজেন্দ্র! এখানে সম্প্রতি ক্ষত্রবৃদ্ধের বংশ বর্ণন করিতেছি, শ্রবণ করুন! ক্ষত্রবৃদ্ধের পুত্র সুহোত্রের তিনটী পুত্র জন্মে ॥

আভাস।

সপ্তদশ অধ্যায়ে আয়ুর পঞ্চপুত্র মধ্যে ক্ষত্রবৃদ্ধাদি চারি জনের বংশ বিবৃত হইল ॥

কাশ্যস্য কাশিস্তৎপুত্রো রাষ্ট্রো দীর্ঘতমঃ পিতা।
ধন্বন্তরি র্দীর্ঘতমস আয়ুর্ব্বেদ-প্রবর্ত্তকঃ ॥
যজ্ঞভুগ্বাসুদেবাংশঃ স্মৃতমাত্রার্ত্তিনাশনঃ।
তৎপুত্রঃ কেতুমানস্য জজ্ঞে ভীমরথস্ততঃ ॥
দিবোদাসো দ্যুমাংস্তস্মাৎ প্রতর্দ্দন ইতি স্মৃতঃ ॥ ৩ ॥
স এব শত্রুজিৎ বৎস ঋতধ্বজ ইতীরিতঃ।
তথা কুবলয়াশ্বেতি প্রোক্তোঽলর্কাদয় স্ততঃ ॥

অন্বয়ঃ।

কাশ্যস্য পুত্রঃ কাশিঃ, তস্য পুত্রঃ রাষ্ট্রঃ, সঃ চ দীর্ঘতমসঃ পিতা ; তস্য দীর্ঘতমসঃ পুত্রঃ ধন্বন্তরিঃ ; যঃ বাসুদেবাংশঃ আয়ুর্বেদ-প্রবর্ত্তকঃ তথা যজ্ঞভুক্ যজ্ঞভাগভোক্তা ; স্মৃতমাত্রঃ এব আর্ত্তিনাশনঃ (আর্ত্তিং রোগপীড়াং নাশয়তি ইতি)।।

তস্য পুত্রঃ কেতুমান্ ; অস্য পুত্রঃ ভীমরথঃ ; ততঃ ভীমরথাৎ দিবোদাসঃ তস্মাৎ দ্যুমান্ জাতঃ ; সঃ এব প্রতর্দ্দনঃ স্মৃতঃ ॥ ৩ ॥

হে বৎস! সঃ এব শত্রুজিৎ ঋতধ্বজঃ ইতি ঈরিতঃ কথিতঃ। তথা কুবলয়াশ্বঃ ইতি অপি সঃ এব প্রোক্তঃ। ততঃ দ্যুমতঃ অলর্কাদয়ঃ জজ্ঞিরে ॥

শ্রীধরস্বামী।

দীর্ঘতমসঃ পিতা। স্মৃতমাত্র এবার্ত্তিং রোগ-দুঃখং নাশয়তীতি তথা ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতর্দ্দনাদি-শব্দবাচ্যাৎ দ্যুমতঃ সকাশাদলর্কাদয়ঃ ॥ ৩ ॥ ৪ ॥

তাঁহাদের নাম যথা, কাশ্য, কুশ এবং গৃৎসমদ! গৃৎসমদের পুত্র শুনক। এই শুনকের ঔরসে বহ্বৃচ-প্রবরের মধ্যে শ্রেষ্ঠ মননশীল শৌনক নামে পুত্র জন্ম গ্রহণ করিয়াছিলেন ॥ ২ ॥

কাশ্যের পুত্র কাশি ; তাঁহার তনয় রাষ্ট্র, তাঁহার ঔরসে দীর্ঘতমাঃ জন্ম গ্রহণ করেন। দীর্ঘতমার সন্তান ধন্বন্তরি ; ইনি শ্রীবাসুদেবের অংশ এবং আয়ুর্ব্বেদের প্রবর্ত্তক বলিয়া যজ্ঞ-ভাগ-ভোগী হইয়াছিলেন। অধিক কি! ইহাঁর স্মরণ মাত্র করিলেও, মানবের রোগ-পীড়া থাকে না ॥

ধন্বন্তরির পুত্র কেতুমান্, তাঁহার তনয় ভীমরথ ; তাঁহার ঔরসে দিবোদাস জন্ম পরিগ্রহ করেন। দিবোদাসের আত্মজ দ্যুমন্! ইনি প্রতর্দ্দন নামেও অভিহিত হইতেন ॥ ৩ ॥

হে বৎস! এই দ্যুমন্ শত্রুজিৎ আবার ঋতধ্বজ ও কুবলয়াশ্ব এই দুই নামেও কথিত হইতেন। এই দ্যুমানের ঔরসে অলর্কাদি অনেকগুলি সন্তান জন্মে ॥

ষষ্টিং বর্ষসহস্রাণি ষষ্টিং বর্ষশতানিচ।
নালর্কাদপরো রাজন্ বুভুজে মেদিনীং যুবা॥ ৪॥
অলর্কাৎ সন্ততি স্তস্মাৎ সুনীতোঽথ নিকেতনঃ।
ধর্ম্মকেতুঃ সুতস্তস্মাৎ সত্যকেতুরজায়ত॥ ৫॥
ধৃষ্টকেতু স্ততস্তস্মাৎ সুকুমারঃ ক্ষিতীশ্বরঃ।
বীতিহোত্রোঽস্য ভর্গোঽতো ভার্গভূমির্ভূন্নৃপ॥ ৬॥

অন্বয়ঃ।

ষট্ সহস্রাধিক ষষ্টি সহস্র বর্ষাণি অলর্কঃ এব রাজা সন্ মেদিনীং ভূমিং, বুভুজে; অলর্কাৎ অপরঃ তু ন তথা কৃতবান্॥ ৪॥

অলর্কাৎ সন্ততিঃ নাম পুত্রঃ, তস্মাৎ সুনীথঃ; তস্য সুকেতনঃ, তস্মাৎ ধর্ম্মকেতুঃ ততঃ সত্যকেতুঃ অজায়ত॥ ৫॥

তস্য ধৃষ্টকেতুঃ তস্মাৎ সুকুমারঃ নাম ক্ষিতীশ্বরঃ ভূমিপঃ জাতঃ। সুকুমারাৎ বীতিহোত্রঃ, তস্য পুত্রঃ ভর্গঃ। ততঃ ভর্গাৎ হে নৃপ! ভার্গভূমিঃ নাম পুত্রঃ অভূৎ॥ ৬॥

শ্রীধরস্বামী।

ততঃ প্রতর্দ্দনাদি-শব্দবাচ্যাৎ দ্যুমতঃ সকাশাৎ অলর্কাদয়ঃ॥ ৪॥

সন্ততিঃ সন্ততি-সংজ্ঞঃ॥ ৫॥

সত্যকেতো ধৃষ্টকেতুঃ। তস্মাৎ সুকুমারঃ। তস্মাদ্বীতিহোত্রঃ। তস্য ভর্গঃ। অতো ভর্গাৎ ভার্গভূমিঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্ততি সংজ্ঞঃ॥ ৫॥

সুকুমারাদ্বীতিহোত্রঃ তস্য ভর্গঃ। অতো ভর্গাৎ॥ ৬॥

তন্মধ্যে হে রাজন্! এই অলর্ক ষষ্টিশতাধিক ষষ্টি সহস্র সম্বৎসর যাবৎ রাজত্ব করিয়াছিলেন; যৌবন লইয়া এতকাল মেদিনী সম্ভোগ করিবার কথা এক অলর্ক ব্যতীত আর কাহারও সম্বন্ধে কখন শুনা যায় না॥ ৪॥

অলর্কের ঔরসে সন্ততি নামে এক পুত্র জন্মে। সন্ততির পুত্র সুনীত; তাঁহার সন্তান নিকেতন; তাঁহার ধর্ম্মকেতু নামে এক সুত হয় এবং এই ধর্ম্মকেতুর ঔরসে সত্যকেতু জন্ম পরিগ্রহ করেন॥ ৫॥

সত্যকেতুর পুত্র ধৃষ্টকেতু; তাঁহার ঔরসে ক্ষিতীশ্বর সুকুমার জন্ম গ্রহণ করেন। তাঁহার তনয় বীতিহোত্র; তাঁহার পুত্র ভর্গ এবং তৎ সুত ভার্গভূমি হইয়াছিলেন॥ ৬॥

হে পরীক্ষিৎ! কাশি-বংশীয় ভূপালগণের নাম আমি বর্ণন করিলাম। ইহাঁরা সকলে কাশির প্রপিতামহ ক্ষত্রবৃদ্ধের বংশাবলীর অনুগামী ছিলেন।

ইতীমে কাশয়ো ভূপাঃ ক্ষত্রবৃদ্ধান্বয়ায়িনঃ।
রম্ভস্য রভসঃ পুত্রো গম্ভীরশ্চাক্রিয় স্ততঃ॥
তদ্গোত্রং ব্রহ্মবিজ্জজ্ঞে শৃণু বংশমনেনসঃ॥ ৭॥
শুদ্ধস্ততঃ শুচিস্তস্মাচ্চিত্রকুপ্ ধর্ম্মসারথিঃ।
ততঃ শান্তরজা জজ্ঞে কৃতকৃত্যঃ স আত্মবান্॥
রজেঃ পঞ্চশতান্যাসন্ পুত্রাণাম মিতৌজসাং।
দেবৈরভ্যর্থিতো দৈত্যান্ হত্বেন্দ্রায়াদদাদ্দিবং॥

অন্বয়ঃ।

ইতি ইমে উক্তাঃ কাশয়ঃ কাশিবংশজাঃ নৃপাঃ ক্ষত্রবৃদ্ধস্য অন্বয়িনঃ (অন্বয়ং অয়ন্তি যান্তি ইতি)। অথ রম্ভস্য রভসঃ গম্ভীরঃ চ দ্বৌ পুত্রৌ জাতৌ। গম্ভীরস্য অক্রিয়ঃ। তৎক্ষেত্রে ব্রহ্মবিৎ ব্রহ্মকুলং জজ্ঞে; আয়ুপুত্রস্য অনেনসঃ বংশং শৃণু!॥ ৭॥

ততঃ অনেনসঃ শুদ্ধঃ তস্মাৎ শুচিঃ, তস্মাৎ চিত্রকুপ্ ধর্ম্মসারথিঃ, ততঃ ত্রিককুপঃ শান্তরজা জজ্ঞে। কৃতং অনুষ্ঠিতং কৃত্যং মুক্তিসাধনং যেন তথাভূতঃ সর্ব্বকর্ত্তব্যশূন্যঃ যতঃ আত্মবান্॥

অথ আয়ু-পুত্রস্য রজেঃ অমিতৌজসাং মহাবল-পরাক্রম-যুক্তানাং পুত্রাণাং পঞ্চশতানি আসন্। সঃ চ রজিঃ দেবৈঃ অভ্যর্থিতঃ প্রার্থিতঃ সন্ দৈত্যান্ হত্বা তৈঃ হৃতান্ দিবং স্বর্গং পুনঃ ইন্দ্রায় অদদাৎ॥

শ্রীধরস্বামী।

কাশয়ঃ কাশে র্বংশ্যাঃ। কাশেঃ প্রপিতামহস্য ক্ষত্রবৃদ্ধস্যান্বয়ং। অয়ন্তে যান্তীতি তথা॥৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কাশয়ঃ কাশে র্বংশ্যাঃ ক্ষত্রবৃদ্ধস্যান্বয়ং অয়ন্তে প্রাপ্নুবন্তীতি তে তথা॥ ৭॥

ইহার পর রাভের বংশ বর্ণন করিতেছি, শ্রবণ করুন্! রাভের পুত্র রভস; তাঁহার তনয় গম্ভীর, তাঁহার ঔরসে অক্রিয়ের উৎপত্তি হয়। এই অক্রিয়ের আত্মজ ব্রহ্মবিৎ। অনন্তর অনেনার বংশ বৃত্তান্ত বর্ণন করিতেছি, শ্রবণ করুন্!॥ ৭॥

অনেনার ঔরসে শুদ্ধ, তাঁহার ঔরসে শুচি, তদৌরসে ধর্ম্মসারথি চিত্রকুপের জন্ম হয়। চিত্রকুপের পুত্র শান্তরজা। তিনি জিতেন্দ্রিয় ও আত্মজ্ঞান-সম্পন্ন ছিলেন; সুতরাং তিনি সংসার-ভয়ে আর কোন পুত্র উৎপাদনের উদ্‌যোগ করেন নাই॥

রজির অসীম বল-বিক্রম-সম্পন্ন পঞ্চ শত পুত্র জন্মে; তাঁহারা দেবতাগণের প্রার্থনা অনুসারে যুদ্ধে দৈত্যগণকে নিহত করত, তাহাদের নিকট হইতে স্বর্গরাজ্য পুনরুদ্ধার করিয়া ইন্দ্রকে প্রত্যর্পণ করেন॥

ইন্দ্রস্তস্মৈ পুনর্দ্দত্ত্বা গৃহীত্বা চরণৌ রজেঃ।
আত্মানমর্পয়ামাস প্রহ্লাদাদ্যরিশঙ্কিতঃ॥
পিতর্য্যুপরতে পুত্রা যাচমানায় নো দদুঃ।
ত্রিপিষ্টপং মহেন্দ্রায় যজ্ঞভাগান্ সমাদদুঃ॥ ৮॥
গুরুণা হূয়মানেঽগ্নৌ বলভিত্তনয়ান্ রজেঃ।
অবধীদ্ বৃৎশিতান্মার্গা কশ্চিদবশেষিতঃ॥ ৯॥

অন্বয়ঃ।

ইন্দ্রঃ তু প্রহ্লাদাদিভ্যঃ অরিভ্যঃ শঙ্কিতঃ ভীতঃ এব দিবং তস্মৈ রজয়ে, দত্ত্বা তস্য চরণৌ গৃহীত্বা আত্মানং অর্পয়ামাস (স্বরক্ষাভারং তস্মিন্ নিহিতবান্)॥

পিতরি রজৌ উপরতে মৃতে সতি তস্য পুত্রাঃ যাচমানায় মহেন্দ্রায় ত্রিপিষ্টপং স্বর্গং নো ন দদুঃ; কিঞ্চ যজ্ঞভাগান্ অপি সমাদদুঃ গৃহীতবন্তঃ॥ ৮॥

অথ গুরুণা বৃহস্পতিনা তেষাং মতিভ্রংশায় অভিচার-বিধিনা অগ্নৌ হূয়মানে সতি মার্গাৎ ইন্দ্রাধিপত্যানুকূল-বুদ্ধিরূপাৎ ভ্রংশিতান্ রজেঃ পুত্রান্ সর্ব্বান্ এব বলভিৎ ইন্দ্রঃ, অবধীৎ কশ্চিৎ একঃ অপি ন অবশেষিতঃ॥ ৯॥

শ্রীধরস্বামী।

ততঃ অনেনসঃ শুদ্ধো জজ্ঞে। কৃতকৃত্যঃ সঃ যত আত্মবান্ জ্ঞানী অতঃ পুত্রোৎপাদনং ন কৃতবানিত্যর্থঃ॥ ৮॥

তেষাং মতিভ্রংশায় গুরুণা বৃহস্পতিনাঽভিচারবিধানেনাগ্নৌ হূয়মানে সতি॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রহ্লাদাদ্যরীত্যতদ্গুণসংবিজ্ঞানোঽয়ং বহুব্রীহিঃ॥

পিতরি রজৌ কালেন উপরতে মৃতে সতি পুত্রা রজিসুতা অস্মৎপৈতৃকং ত্রিপিষ্টপমিতি ন্যায়েন ন দদুঃ॥ ৮॥

অভিচার-বিধানেনাগ্নৌ হূয়মানে সতি বলভিদিন্দ্রঃ রজে স্তনয়ানবধীৎ॥ ৯॥

ইন্দ্র কিন্তু আপনাকে অক্ষম বিবেচনায় প্রহ্লাদাদি শত্রুকুলের ভয়ে ভীত হইয়া, মহারাজ রজির হস্তে স্বর্গরাজ্য সমর্পণ পূর্ব্বক তাঁহার চরণ ধারণে নিজের রক্ষার ভারও ন্যস্ত করিয়াছিলেন॥

এদিকে মহারাজ রজির পরলোক গমন হইলে, তদীয় পুত্রগণ লোভ বশত আপনারাই স্বর্গরাজ্য অধিকার করিয়া রাখিলেন। ইন্দ্র বারংবার প্রার্থনা করিলেও, স্বর্গরাজ্য তাঁহারা ইন্দ্রকে প্রত্যর্পণ করিলেন না; বরং যজ্ঞ ভাগ পর্য্যন্ত নিজেরাই অধিকার করিলেন॥ ৮॥

তখন ইন্দ্রের অনুরোধে দেবগুরু বৃহস্পতি তাহাদের মতিভ্রংশ ঘটাইবার

কুশাৎ প্রতিঃ ক্ষাত্রবৃদ্ধাৎ সঞ্জয় স্তৎসুতো জয়ঃ।
ততঃ কৃতঃ কৃতস্যাপি জজ্ঞে হর্য্যবলো নৃপঃ॥
সহদেব স্ততো হীনো জয়সেনস্তু তৎসুতঃ।
সংকৃতি স্তস্য চ জয়ঃ ক্ষত্রধর্ম্মা মহারথঃ॥
ক্ষত্রবৃদ্ধান্বয়া ভূপা ইমে শৃণ্বথ নাহুষান্॥ ১০॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে আয়ুবংশঃ সপ্তদশোঽধ্যায়ঃ॥ * ॥ ১৭ ॥ * ॥

অন্বয়ঃ

সুহোত্র-পুত্রস্য কুশস্য প্রতিঃ পুত্রঃ; তস্য সঞ্জয়ঃ; তস্য জয়ঃ তস্য বৃতঃ তস্য হর্য্যবলঃ; তস্য সহদেবঃ, তস্য অহীনঃ, তস্য জয়সেনঃ॥

তস্য সংকৃতিঃ তস্য জয়ঃ তস্য ক্ষত্রধর্ম্মা ইতি ইমে ক্ষত্রবৃদ্ধান্বয়াঃ ভূপাঃ আসন্; অথ নাহুষান্ শৃণু!॥ ১০॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তদশোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

সিংহাবলোকনেনাহ ক্ষাত্রবৃদ্ধাৎ ক্ষত্রবৃদ্ধপৌত্রাৎ কুশাৎ প্রতিঃ। প্রতেঃ সঞ্জয়ঃ॥ ১০॥

॥ * ॥ ইতি নবমে সপ্তদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষত্রবৃদ্ধপৌত্রাৎ কুশাৎ প্রতিঃ॥ ১০॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
নবমেঽসৌ সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

জন্য অভিচার প্রয়োগের দ্বারা অগ্নিতে আহুতি প্রদান করিলে, ইন্দ্রত্ব-ভোগের সদ্বুদ্ধি তাহাদের অন্তর হইতে তিরোহিত হইল। তখন বলবান্ ইন্দ্র অতি সামান্য প্রয়াসের দ্বারাই তাদৃশ ভ্রষ্টবুদ্ধি রজি-নন্দনদিগকে নিঃশেষে নিহত করিয়া ফেলিলেন্। তাঁহাদের আর কেহ বংশধর অবশিষ্ট ছিল না॥৯॥

সুহোত্র পুত্র কুশের প্রতি-নামে এক সন্তান জন্মে; এই সন্তানের ঔরসে সঞ্জয় নামে পুত্র জন্মে। সঞ্জয়ের তনয় জয়; তাঁহার তনয় বৃত; তাঁহার পুত্র হর্য্যবল। তাঁহার তনয় সহদেব, তাঁহার তনয় অহীন এবং অহীনের পুত্র জয়সেন॥

জয়সেনের এক পুত্র হয়, তাঁহার নাম সংকৃতি; তাঁহার পুত্র জয়; জয়ের পুত্র ক্ষত্রধর্ম্মা। এই ক্ষত্রবৃদ্ধের বংশ আমি বর্ণন করিলাম। এক্ষণে নহুষের বংশ বর্ণন করিতেছি, শ্রবণ করুন্!॥ ১০॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

শ্রীশুক উবাচ ॥
যতি র্যযাতিঃ শর্য্যাতি রায়তি র্বিয়তিঃ কৃতিঃ।
ষড়িমে নহুষস্যাসন্নিন্দ্রিয়াণীব দেহিনঃ ॥ ১ ॥
রাজ্যং নৈচ্ছদ্‌যতি পিত্রা দত্তং তৎ পরিণামবিৎ।
যত্র প্রবিষ্টঃ পুরুষ আত্মানং নাববুধ্যতে ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। দেহিনঃ (বশবর্ত্তিত্বাৎ কার্য্যসাধকানি) ইন্দ্রিয়াণি ইব নহুষস্য যতিঃ যযাতিঃ শর্য্যাতিঃ আয়তিঃ বিয়তিঃ কৃতিঃ ইতি ইমে ষট্ বশবর্ত্তিনঃ পুত্রাঃ আসন্ ॥ ১ ॥

যত্র রাজ্যাদিভোগে প্রবিষ্টঃ পুরুষঃ আত্মানং পরমাত্মানং চ ন অববুধ্যতে তৎ তস্য রাজ্যস্য পরিণামং নরকাদি-দুঃখহেতুত্বং বেত্তি ইতি পরিণামবিৎ যতিঃ জ্যেষ্ঠঃ পুত্রঃ পিত্রা নহুষেণ দত্তং অপি রাজ্যং ন ঐচ্ছৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অষ্টাদশে যযাতেস্তু নাহুষস্য কথোচ্যতে। যস্য পঞ্চসু পুত্রেষু কনীয়ানগ্রহীজ্জরাং ॥ ১ ॥
তস্য রাজ্যস্য পরিণামং অনর্থাবহত্বং বেত্তীতি তথা। তত্র হেতুঃ যত্রেতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টাদশে দেবযানী শর্ম্মিষ্ঠা কলহার্দ্দিকা। কথা যত্র জরাং পুরু র্যযাতেরগ্রহীৎপিতুঃ ॥ ১ ॥
স্থানাৎ স্বর্গাৎ দ্বিজৈ রগস্ত্যাদিভিঃ ॥ ২ ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! দেহধারী মানবের নিজ-বশবর্ত্তী দেহোপকারী ইন্দ্রিয়বর্গের ন্যায়, মহারাজ নহুষের যতি, যযাতি, শর্য্যাতি, আয়তি, বিয়তি এবং কৃতি নামে ছয়টী পুত্র জন্ম গ্রহণ করেন ॥ ১ ॥

তন্মধ্যে জ্যেষ্ঠ পুত্র যতি বিষয়-ভোগের পরিণাম বিশেষরূপে অবগত ছিলেন। সংসার-রসে প্রমত্ত হইলে, মানব আত্মস্বরূপ পর্য্যন্ত যে বিস্মৃত হয়, তাহা অবধারণ করত, তিনি পিতৃদত্ত রাজ্যৈশ্বর্য্যে আর লিপ্ত হইলেন না ॥ ২ ॥

এ দিকে মহারাজ নহুষ স্বর্গরাজ্যের অধিকার প্রাপ্তে ইন্দ্রত্ব লাভ করিয়া, শচী-সম্ভোগে উদ্‌যোগী হইলেন; এবং শচীর সন্নিধানে মনোগত ভাব প্রকাশ করিলে, সেই সাধ্বী স্ত্রী মনে মনে বিশেষ উৎকণ্ঠিতা হইয়া দেবগুরু বৃহস্পতির শরণাগতা হইলেন। গুরুদেব তখন শচীর অব্যাহতির উপায় চিন্তা করত

আভাস।

অষ্টাদশ অধ্যায়ে নহুষ-পুত্র যযাতির বিবরণ বর্ণিত হইয়াছে; যাঁহার পঞ্চ পুত্রের মধ্যে কনিষ্ঠতনয় পুরু তদীয় জরা গ্রহণ করিয়াছিলেন ॥

পিতরি ভ্রংশিতে স্থানাদিন্দ্রাণ্যা ধর্ষণাদ্দ্বিজৈঃ।
প্রাপিতেঽজগরত্বং বৈ যযাতিরভবন্নৃপঃ॥ ৩॥
চতস্রুষ্বাদিশদ্দিক্ষু ভ্রাতৄন্ ভ্রাতা যবীয়সঃ।
কৃতদারো জুগোপোর্ব্বীং কাব্যস্য বৃষপর্ব্বণঃ॥
রাজোবাচ॥
ব্রহ্মর্ষির্ভগবান্ কাব্যঃ ক্ষত্রবন্ধুশ্চ নাহুষঃ।

অন্বয়ঃ।

ইন্দ্রাণ্যাঃ শচ্যাঃ, ধর্ষণাৎ ভোগাভিলাষ-দোষাৎ, দ্বিজৈঃ অগস্ত্যাদিভিঃ, পিতরি নহুষে স্থানাৎ স্বর্গাদ্যধিকারাৎ, ভ্রংশিতে তথা অজগরত্বং প্রাপিতে সতি যযাতিঃ এব নৃপঃ অভবৎ॥ ৩॥

সঃ ভ্রাতা যযাতিঃ যবীয়সঃ কনিষ্ঠান্, চতুরঃ ভ্রাতৄন্ শর্য্যাতি-প্রভৃতীন্ চতস্রুষু দিক্ষু আদিশৎ পালনার্থং নিযুক্তবান্। স্বয়ং তু কাব্যস্য শুক্রস্য বৃষপর্ব্বণঃ দানবস্য চ কন্যাভ্যাং কৃতদারঃ সন্ উর্ব্বীং পৃথ্বীং জুগোপ পালয়ামাস॥

রাজা পরীক্ষিৎ উবাচ। ভগবান্ কাব্যঃ শুক্রাচার্য্যঃ ব্রহ্মর্ষিঃ তথা নাহুষঃ যযাতিঃ ক্ষত্র-

শ্রীধরস্বামী।

স্থানাৎ স্বর্গাৎ। দ্বিজৈরগস্ত্যাদিভিঃ॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কাব্যস্য শুক্রস্য কন্যয়া বৃষপর্ব্বণশ্চ কন্যয়া কৃতদারঃ॥ ৩॥

ইন্দ্রাণীকে পরামর্শ প্রদানে বলিলেন যে, নহুষ যখন পুনরায় প্রার্থনা করিবেন, তখন তুমি তাঁহাকে বলিবে যে, শচীকে সম্ভোগ করিতে হইলে, ব্রাহ্মণ-বাহ্য শিবিকায় আরোহণ করিয়া আসিতে হইবে। এতৎ শ্রবণে মহারাজ নহুষ অগস্ত্যাদি ঋষিগণের দ্বারা বাহ্য শিবিকায় আরোহণ পূর্ব্বক যখন আগমন করিতেছিলেন, তখন দ্রুতবেগে গমনার্থ ঋষিগণকে "শীঘ্রং সর্প সর্প" বলায়, তাঁহারা অভিসম্পাত প্রদানে বলিয়াছিলেন যে, তুমি এখন সর্পত্ব লাভ কর। হে রাজন্! সেই ব্রাহ্মণগণের অভিসম্পাতে সর্প যোনি লাভে নহুষ পতিত হইলে, তদীয় দ্বিতীয় পুত্র যযাতি পিতৃ-সিংহাসনে অধিরূঢ় হইলেন॥ ৩॥

যযাতি তখন অপর চারি ভ্রাতাকে চারিদিকের অধিপতিত্ব প্রদানে স্বয়ং শুক্রকন্যা দেবযানী এবং বৃষপর্ব্ব-কন্যা শর্ম্মিষ্ঠার পাণিগ্রহণ করত ধরাধাম শাসন করিতে লাগিলেন।

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! ভগবান্ শুক্রাচার্য্য ব্রাহ্মণ এবং ঋষি; এদিকে রাজা নহুষ একজন ক্ষত্রিয়। ব্রাহ্মণের পক্ষে ক্ষত্রিয়-কন্যাকে

রাজন্যবিপ্রয়োঃ কস্মাদ্বিবাহঃ প্রাতিলোমিকঃ ॥ ৪ ॥

শ্রীশুক উবাচ ॥

একদা দানবেন্দ্রস্য শর্ম্মিষ্ঠা নাম কন্যকা।
সখীসহস্রসংযুক্তা গুরুপুত্র্যাচ ভামিনী ॥
দেবযান্যা পুরোদ্যানে পুষ্পিত-দ্রুমসংকুলে।
ব্যচরৎ কলগীতালি-নলিনী-পুলিনেঽবলা ॥ ৫ ॥
তা জলাশয়মাসাদ্য কন্যাঃ কমললোচনাঃ।

অন্বয়ঃ।

বন্ধুঃ ক্ষত্রিয়বরঃ; অতঃ তয়োঃ রাজন্য-বিপ্রয়োঃ প্রাতিলোমিকঃ (ব্রাহ্মণকন্যায়াঃ ক্ষত্রিয়েণ সহ বিপরীতত্বাৎ) বিবাহঃ কস্মাৎ অভূৎ ॥ ৪ ॥

শ্রীশুকঃ উবাচ। দানবেন্দ্রস্য বৃষপর্ব্বণঃ কন্যা অবলা ভামিনী শর্ম্মিষ্ঠা নাম কন্যকা একদা সখীসহস্রসংযুক্তা তথা গুরুপুত্র্যা দেবযান্যা চ সংযুক্তা সতী পুষ্পিতৈঃ দ্রুমৈঃ সংকুলে ব্যাপ্তে, কলং অব্যক্তং মধুরং গীতং যেষাং তে অলয়ঃ ভৃঙ্গাঃ যেষু তানি নলিনী-পুলিনানি যস্মিন্ তস্মিন্ পুরোদ্যানে ব্যচরৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৫ ॥

তাঃ শর্ম্মিষ্ঠাদয়ঃ কমল-লোচনাঃ কন্যাঃ জলাশয়ং আসাদ্য প্রাপ্য তীরে দুকূলানি ন্যস্য

শ্রীধরস্বামী।

যবীয়সো ভ্রাতৃনাদিশৎ। কাব্যস্য শুক্রস্য বৃষপর্ব্বণশ্চ কন্যাভ্যাং কৃতদারঃ সন্ ॥ ৪ ॥

ন প্রতিলোমতা-দোষঃ ঈশ্বরঘটনাদিতি দর্শয়ন্ কথামাহ। একদেত্যাদিনা প্রতিজগ্রাহ ওদ্বচ ইত্যন্তেন। গুরোঃ শুক্রস্য পুত্র্যা দেবযান্যা ব্যচরদিতি দ্বয়োরন্বয়ঃ। কলগীতা অলয়ো যেষু তানি নলিনীপুলিনানি যস্মিন্ পুরোদ্যানে। অবলা শর্ম্মিষ্ঠা ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রাহ্মণ-কন্যা-গ্রহণ-শ্রবণাৎ যযাতিঃ ক্ষত্রবন্ধুপদেন নির্দ্দিষ্টো রাজ্ঞা অজ্ঞাত-চরতত্ত্বেনৈবেতি জ্ঞেয়ং ॥ ৪ ॥

দানবেন্দ্রস্য বৃষপর্ব্বণঃ। কলগীতালয়ো যেষু তথাবিধানি নলিনী-পুলিনানি যস্মিংস্তত্র ॥৫॥

বিবাহ করা বরং সঙ্গত; এস্থলে ক্ষত্রিয় নাহুষ ব্রাহ্মণ কাব্যের কন্যা বিবাহ করায় প্রতিলোম অশাস্ত্রীয় বিবাহ কিরূপে সঙ্গত হইল ॥ ৪ ॥

এতদুত্তরে শুকদেব বলিলেন, এক দিবস দানবেন্দ্র বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা সখীসহস্রে পরিবৃতা হইয়া, গুরুকন্যা দেবযানী সহ ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে।—

বিকচ-কমল-শোভিত সরোবরে মধুকরের মধুর গুঞ্জনে নিনাদিত ফুল-পুষ্পোপশোভিত পুরবর্ত্তী উদ্যানের মধ্যে প্রবেশ করিলেন ॥ ৫ ॥

তথায় সেই কমল-লোচনা কামিনীগণ স্বচ্ছসলিল সরোবর নয়নগোচর

তীরে ন্যস্য দুকূলানি বিজহ্রুঃ সিঞ্চতী মিথঃ।
বীক্ষ্য ব্রজন্তং গিরিশং সহদেব্যা বৃষস্থিতং।
সহসোত্তীর্য্য বাসাংসি পর্য্যধুর্ব্রীড়িতাঃ স্ত্রিয়ঃ॥ ৬॥
শর্ম্মিষ্ঠাঽজানতী বাসো গুরুপুত্র্যাঃ সমব্যয়ৎ।
স্বীয়ং মত্বা প্রকুপিতা দেবযান্যদমব্রবীৎ॥ ৭॥
অহো নিরীক্ষ্যতামস্যা দাস্যাঃ কর্ম্ম হ্যসাম্প্রতং।

অন্বয়ঃ।

নিধায়, তস্মিন্ প্রবিশ্য মিথঃ সিঞ্চতীঃ সিঞ্চন্ত্যঃ, বিজহ্রুঃ বিহারং চক্রুঃ॥

তদা দেব্যা উময়া সহ বৃষে নন্দীশ্বরে, স্থিতং ব্রজন্তং গিরিশং বীক্ষ্য দৃষ্ট্বা, ব্রীড়িতাঃ সত্যঃ স্ত্রিয়ঃ সহসা আশু, উত্তীর্য্য তীরে উত্থায়, বাসাংসি পর্য্যধুঃ ধৃতবত্যঃ॥ ৬॥

তদা শর্ম্মিষ্ঠা অজানতী গুরুপুত্র্যাঃ দেবযান্যাঃ বাসঃ স্বীয়ং মত্বা সমব্যয়ৎ পর্য্যধাৎ। ততঃ দেবযানী শর্ম্মিষ্ঠয়া পরিধৃতং বাসঃ স্বীয়ং স্বকীয়ং মত্বা প্রকুপিতা সতী ইদং বক্ষ্যমাণং অব্রবীৎ॥ ৭॥

অহো অস্যাঃ দাস্যাঃ অসাম্প্রতং অযুক্তং, কর্ম্ম নিরীক্ষ্যতাং; যৎ অস্মৎধার্য্যং বাসঃ

শ্রীধরস্বামী।

সিঞ্চতীঃ সিঞ্চন্ত্যঃ॥ ৬॥

অজানতী স্বীয়ং মত্বা গুরুপুত্র্যা-বাসঃ সমব্যয়ৎ পর্য্যধাৎ॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিঞ্চতীঃ সিঞ্চন্ত্যঃ॥ ৬॥

অজানতী স্বীয়ং মত্বা গুরুপুত্র্যাঃ বাসঃ সমব্যয়ৎ পর্য্যধাৎ॥ ৭॥

করিয়া, তীরে স্ব স্ব বস্ত্রাদি রাখিয়া অবগাহন পূর্ব্বক পরস্পরে জলক্রীড়া আরম্ভ করিলেন॥

কিছুকাল পরে সতীপতি ভগবান্ ত্রিলোচন নন্দীশ্বর বৃষে আরোহণ-পূর্ব্বক উমা সহ সেই স্থান দিয়া গমন করিতেছেন দেখিয়া, কামিনীগণ বিশেষ লজ্জিতা হইয়া সত্বর জল হইতে তীরে উঠিয়া স্ব স্ব বস্ত্র পরিধান করিলেন॥ ৬

দানব-পুত্রী শর্ম্মিষ্ঠা দ্রুততা নিবন্ধন অবিচার পূর্ব্বক আপন বস্ত্র জ্ঞানে গুরুকন্যা দেবযানীর বসন পরিধান করিয়াছিলেন। সুতরাং দেবযানী স্বীয় বস্ত্র শর্ম্মিষ্ঠা পরিধান করিয়াছেন দেখিয়া, ক্রোধ-প্রকুপিত-চিত্তে বলিয়া উঠিলেন॥ ৭॥

অহো! দাসীর কি অসঙ্গত কার্য্য দেখ! কুকুরের পক্ষে যজ্ঞীয় হবি ভোজনের ন্যায়, এই দাসী স্পর্দ্ধা করত আমি যে বস্ত্র পরিধান করি,

অসাম্প্রতমার্য্যং ধৃতবতী শুনীব হবি রধ্বরে ॥ ৮ ॥
যৈরিদং তপসা সৃষ্টং মুখং পুংসঃ পরস্য যে।
ধার্য্যতে যৈরিহ জ্যোতিঃ শিবঃ পন্থাঃ প্রদর্শিতঃ ॥
যান্ বন্দন্ত্যুপতিষ্ঠন্তে লোকনাথাঃ সুরেশ্বরাঃ।
ভগবানপি বিশ্বাত্মা পাবনঃ শ্রীনিকেতনঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তদ্ধৃতবতী। যথা অধ্বরে হবিঃ গ্রহীতুং অনর্হা শুনীব ॥ ৮ ॥

যৈঃ ব্রহ্মাদিভিঃ প্রজাপতিভিঃ ব্রাহ্মণৈঃ ইদং বিশ্বং তপসা তপোবলেন সৃষ্টং; যে চ ব্রাহ্মণাঃ পরস্য পুংসঃ ভগবতঃ মুখং শ্রেষ্ঠাঃ এব; ইহ সংসারে যৈঃ ব্রাহ্মণৈঃ জ্যোতিঃ স্বয়ং প্রকাশরূপং, পরং ব্রহ্ম উপাস্যতয়া হৃদি ধার্য্যতে, যৈঃ চ শিবঃ ক্ষেমকরঃ, পন্থা বৈদিকঃ চ দর্শিতঃ প্রবর্ত্ততে ইতি ॥

যান্ ব্রাহ্মণান্ সুরেশ্বরাঃ ইন্দ্রাদয়ঃ লোকনাথাঃ বন্দন্তি প্রণমন্তি, উপতিষ্ঠন্তে স্তবন্তি চ; কিং বহুনা বিশ্বাত্মা পাবনঃ পবিত্রকারকঃ শ্রীনিকেতনঃ ভগবান্ বিষ্ণুঃ অপি যান্ প্রণমতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অসাম্প্রতং অন্যায্যং ॥ ৮ ॥

অন্যায়মেব ব্রাহ্মণোৎকর্ষবর্ণনেন ব্যনক্তি যৈরিতি ত্রিভিঃ। যে ব্রাহ্মণাঃ পরস্য পুংসো মুখং মুখাদুৎপন্নত্বেন তৃপ্তিদ্বারেণ চ শ্রেষ্ঠা ইত্যর্থঃ। জ্যোতি ব্রহ্ম। পন্থা বেদমার্গঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অসাম্প্রতমনুচিতং ব্রাহ্মণৈর্ধার্য্যং হবিঃ শুনীব ॥ ৮ ॥

অনৌচিত্যমেবাহ ত্রিভিঃ যৈ র্দীক্ষাদিভিঃ। জ্যোতি ব্রহ্ম ॥ ৯ ॥

অবলীলাক্রমে তাহাই সে পরিধান করিয়াছে ॥ ৮ ॥

ব্রহ্মাদি লোকপাল-স্থানীয় যে ব্রাহ্মণগণ তপোবলে এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি কার্য্য করিয়াছেন; ব্রহ্মার মুখ হইতে উৎপন্ন হওয়ায় বর্ণ চতুষ্টয়ের মধ্যে যাঁহারা গুরু-স্থানীয়, পরম পুরুষ পরমাত্মার স্বরূপানন্দ যাঁহারা এই মানব দেহেই অবধারণ করিয়া থাকেন এবং এই সংসার-পথে বেদোক্ত ধর্ম্মের পথ যাঁহাদের দ্বারাই প্রবর্ত্তিত হইয়াছে ॥

সুরনাথ লোকপালগণ যাঁহাদের প্রশংসাবাদ ও উপাসনা করিয়া থাকেন; অধিক কি! পরম পবিত্র বিশ্বাত্মা শ্রীনিবাস বিষ্ণু যাঁহাদের আদর করেন ॥ ৯ ॥

বিশেষত যাঁহার পদাঘাত স্বয়ং বিষ্ণু বক্ষে ধারণ করিয়াছিলেন, সেই প্রথিতনামা ভৃগুর বংশে আমরা জন্ম গ্রহণ করিয়াছি; যাঁহার শিষ্য এই

বয়ং তত্রাপি ভৃগবঃ শিষ্যোঽস্যা নঃ পিতাসুরঃ।
অস্মদ্ধার্য্যং ধৃতবতী শূদ্রো বেদমিবাসতী ॥
এবং শপন্তীং শর্ম্মিষ্ঠা গুরুপুত্রীমভাষত।
রুষা শ্বসন্ত্যুরগীব ধর্ষিতা দষ্টদচ্ছদা ॥
আত্মবৃত্তমবিজ্ঞায় কথসে বহু ভিক্ষুকি।
কিং ন প্রতীক্ষসেঽস্মাকং গৃহান্ বলিভুজো যথা ॥
এবংবিধৈঃ সুপরুষৈঃ ক্ষিপ্তাচার্য্যসুতাং সতীং।
শর্ম্মিষ্ঠা প্রাক্ষিপৎ কূপে বাসশ্চাদায় মন্যুনা ॥

অন্বয়ঃ।

তত্র তেষু অপি বয়ং ভৃগবঃ যস্য ভৃগোঃ পাদতাড়নং অপি ভগবান্ সেহে। তদ্বংশীয়াঃ সর্ব্ব-ব্রাহ্মণ-শ্রেষ্ঠাঃ। এবং অস্যাঃ পিতা অপি নঃ অস্মাকং, শিষ্যঃ অসুরঃ। এবং অসুর-পুত্রীত্বাৎ অসতী ইয়ং, শূদ্রঃ বেদং ইব, অস্মদ্ধার্য্যং বাসঃ ধৃতবতী ॥

এবং শপন্তীং তিরস্কুর্ব্বন্তীং গুরুপুত্রীং দেবযানীং দষ্টঃ দচ্ছদঃ অধরোষ্ঠঃ যয়া সা রুষা ক্রোধেন ধর্ষিতা পাদাক্রান্তা উরগী সার্পিণী ইব শ্বসন্তী সতী শর্ম্মিষ্ঠা অভাষত ॥

হে ভিক্ষুকি! ত্বং আত্মবৃত্তং অবিজ্ঞায় অননুসন্ধায়, বহুধা কথসে আত্মানং শ্লাঘসে। যথা বলিভুজঃ বায়সাঃ শ্বানঃ বা তথা ত্বং অস্মাকং গৃহান্ জীবনার্থং কিং ন প্রতীক্ষসে? ॥

এবংবিধৈঃ অন্যৈঃ অপি সুপরুষৈঃ বচোভিঃ সতীং পূজ্যাং, আচার্য্যসুতাং দেবযানীং, ক্ষিপ্তা উপালভ্য, মন্যুনা ক্রোধেন, তৎপরিহিতং বাসঃ বস্ত্রং, আদায় কূপে তাং প্রাক্ষিপৎ প্রাহরৎ।

শ্রীধরস্বামী।

তদেবং ব্রাহ্মণমাত্রমেব তাবৎ পূজ্যং। তত্রাপি বয়ং ভৃগবঃ। অস্যাশ্চ পিতা নঃ শিষ্যঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং ব্রাহ্মণমাত্রমেব তাবৎ পূজ্যং তত্রাপি বয়ং ভৃগবঃ তত্রাপ্যস্যাঃ পিতা নঃ শিষ্যঃ। বলিভুজঃ কাকাঃ ॥

দাসীরই পিতা; যিনি জন্মত আবার অসুর; অতএব শূদ্র যেমন অন্যায় পূর্ব্বক বেদকে অধিকার করিতে যায়, সেইরূপ এই দুর্ম্মতী দাসী আমার পরিধেয় বসন নিজে পরিধান করিয়াছে। এইরূপ তিরস্কার করিলে ॥

শর্ম্মিষ্ঠা আর নিরস্ত থাকিতে পারিলেন না; ক্রোধে তাঁহার অধরোষ্ঠ কম্পিত হইয়া উঠিল; তখন পদাহত কৃষ্ণসর্পের ন্যায়, দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক কঠোর কণ্ঠে গুরু-পুত্রীকে সম্বোধন করত শর্ম্মিষ্ঠা বলিলেন ॥

রে ভিক্ষুকি! নিজের অবস্থার বিষয় বিস্মৃত হইয়াই তুমি এতাদৃশ বহু উক্তির প্রয়োগ করিতেছ! তোমার এরূপ বলিতে লজ্জা বোধ হয় না!

তস্যাং গতায়াং স্বগৃহং যযাতি র্মৃগয়াক্ষরন্।
প্রাপ্তো যদৃচ্ছয়া কূপে জলার্থী তাং দদর্শ হ ॥ ॥
দত্ত্বা স্বমুত্তরং বাসস্তস্যৈ রাজা বিবাসসে।
গৃহীত্বা পাণিনা পাণিমুজ্জহার দয়াপরঃ ॥
তং বীরমাহৌশনসী প্রেমনির্ভরয়া গিরা।
রাজং স্ত্বয়া গৃহীতো মে পাণিঃ পরপুরঞ্জয়ঃ ॥
হস্তগ্রাহোঽপরো মাভূদ্গৃহীতায়া স্ত্বয়া হি মে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

অথ তস্যাং শর্ম্মিষ্ঠায়াং, স্বগৃহং প্রতি গতায়াং সত্যাং মৃগয়াং চরন্ জলার্থী যযাতিঃ যদৃচ্ছয়া অকস্মাৎ এব তত্র প্রাপ্তঃ সন্ কূপে তাং দেবযানীং নগ্নাং দদর্শ ॥

দয়াপরঃ রাজা তস্যৈ বিবাসসে দেবযান্যৈ স্বং উত্তরীয়ং বাসঃ দত্ত্বা পাণিনা তৎপাণিং গৃহীত্বা তাং কূপাৎ উজ্জহার নিঃসারিতবান্ ॥

তং আত্মানং উদ্ধৃতবন্তং বীরং যযাতিং ঔশনসী কাব্যকন্যা দেবযানি প্রেম্না পূর্ণয়া গিরা আহ যথা হে রাজন্! পরপুরঞ্জয়! (পরেষাং শত্রূণাং পুরাণি জয়তীতি) হি যতঃ তে ত্বয়া মম পাণিঃ গৃহীতঃ তস্মাৎ ত্বয়া গৃহীতায়াঃ মে মম হস্তগ্রাহকঃ ত্বত্তঃ অপরঃ পুরুষঃ মাভূৎ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

এবং সত্যপি অস্মাভি র্ধার্য্যং বাসঃ ইয়মসতী ধৃতবতী ॥ ১০ ॥

সামান্য বলিপ্রার্থী বায়স এবং কুকুরের ন্যায় জীবিকার্থ আমাদের গৃহের দ্বারে তোমরা চিরকাল প্রতীক্ষা করিয়া থাক না কি ?॥

এইরূপ বহুবিধ তিরস্কার বাক্যে আচার্য্য-নন্দিনী দেবযানীকে অবমানিতা করিয়াও শর্ম্মিষ্ঠার হৃদয়ে শান্তিলাভ হইল না। তিনি তখন দেবযানীর পরিধেয় বস্ত্রাদি কাড়িয়া লইয়া, তাঁহাকে নিকটবর্ত্তী এক কূপের মধ্যে নিক্ষেপ করত স্বয়ং গৃহে প্রত্যাগমন করিলেন॥

দানব-কুমারী শর্ম্মিষ্ঠা দেবযানীকে উলঙ্গ অবস্থায় কূপে নিক্ষেপ করত গৃহে প্রত্যাগমন করিবার অব্যবহিত পরেই, মহারাজা যযাতি মৃগয়ার উপলক্ষে পর্য্যটন করত, সেই স্থানে উপনীত হইলেন এবং যদৃচ্ছাক্রমে অগ্রসর হইয়া তথায় নিপতিতা দেবযানীকে নয়ন-গোচর করিলেন।

এবং তাঁহার তাদৃশ দুরবস্থা দেখিয়া দয়ার প্রকাশে স্বীয় উত্তরীয় বসন পরিধানার্থ প্রদান করিয়া, সেই বিবস্ত্রা রমণীর হস্তধারণে উপরে উঠাইলেন॥

কূপ হইতে নিষ্কৃতিলাভে কাব্যনন্দিনী দেবযানী রাজা যযাতিকে সম্বোধন করিয়া বলিলেন, হে শত্রুকুলনাশন রাজন্! আপনি যখন আমার এই দুর্দ্দশার

এষ ঈশকৃতো বীর সম্বন্ধো নৌ ন পৌরুষঃ।
যদিদং কূপমগ্নায়া ভবতো দর্শনং মম ॥ ১১ ॥

অন্বয়ঃ।

হে বীর! নৌ আবয়োঃ এষঃ ভর্ত্তৃভার্য্যারূপঃ সম্বন্ধঃ ঈশকৃতঃ এব ন পৌরুষঃ পুরুষ-সম্পাদিতঃ ন। যৎ যস্মাৎ কূপ-মগ্নায়াঃ মম ইদং অসম্ভাবিতং ভবতঃ দর্শনং জাতং ইতি ॥১১॥

শ্রীধরস্বামী।

নিষিদ্ধোঽয়ং প্রতিলোম-সম্বন্ধ ইতি চেত্তত্রাহ এষ ইতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং জাতিস্ত্বমিত্যুক্ত্বা সা রাজন্মৌশনসী ভবামীতি প্রোবাচেতি জ্ঞেয়ং ! ॥ ১০ ॥ ১১ ॥

কালে পাণি গ্রহণ করিয়াছেন; তখন ভবিষ্যতে যেন অন্য কেহ আমার পাণি গ্রহণ না করেন। কারণ এই গ্রহণেই আপনা কর্ত্তৃক আমার পাণিগ্রহণ করা হইল ॥ ১০ ॥

আমার সহিত আপনার এই অপূর্ব্ব মিলন ভগবান্ কর্ত্তৃকই সাধিত হইয়াছে। মানবের ইচ্ছায় কখন ঘটে নাই। নতুবা কূপমধ্যে নিমজ্জিত অবস্থায় আপনার সন্দর্শন আমার কিরূপে হওয়া সম্ভব ? ॥ ১১ ॥

আভাস।

উত্তম উর্ব্বর ক্ষেত্রে উত্তম বীজ রোপিত হইলে, উত্তরোত্তর ফলের উৎকর্ষ-সাধনই হইয়া থাকে। কিন্তু এই বীজ-ক্ষেত্রের বিপর্য্যয় স্থলে, অধম ক্ষেত্রে উত্তম বীজ, রোপিত হওয়া বরং মঙ্গল; কারণ তাহা হইলে, ফলের উৎকর্ষ-সাধন না হইলেও, স্বরূপের কোন ব্যাঘাত ঘটে না। কিন্তু উত্তম ক্ষেত্রে যদি নিকৃষ্ট বীজ নিপতিত হয়, তাহা হইলে নিকৃষ্টভাবেরই উৎকর্ষ-সাধন ঘটিয়া থাকে। এই নীতির অনুসরণে পূর্ব্ব পূর্ব্ব ঋষিগণ বিবাহে সবর্ণা স্ত্রী সর্ব্বাপেক্ষা গ্রাহ্য বলিয়া স্বীকার করিয়াছেন; তদ্ব্যতীত সর্ব্বত্র বিপর্য্যয়-বিবাহে তদুৎপন্ন সন্ততি-স্রোতের অপকর্ষই সাধিত হয় বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। অর্থাৎ ব্রাহ্মণের ঔরসে ব্রাহ্মণীর গর্ভে ব্রহ্মণ্যবিশিষ্ট উত্তম সন্তানই উৎপাদিত হইয়া থাকে; কিন্তু ব্রাহ্মণের বীর্য্য যদি অধম ক্ষেত্রে নিপতিত হয়, তাহা হইলে, ক্ষেত্রের দৌর্ব্বল্য বশত পুত্র হীনবীর্য্যই হইবে, সন্দেহ নাই। ব্রাহ্মণের অনেক অংশ তাহাতে বিলুপ্ত হইবার সম্ভাবনা। কিন্তু উত্তমবর্ণা স্ত্রীর ক্ষেত্রে যদি নীচবর্ণের বীর্য্য নিহিত হয়, তাহা হইলে ক্ষেত্রের উৎকর্ষত, নিবন্ধন নীচ বীর্য্য স্বরূপত উৎকর্ষলাভে পরিবর্দ্ধিত হইলে, নীচত্বেরই শ্রীবৃদ্ধি হইবে। অতএব সমাজের উত্তরোত্তর অবনতিই হইবার সম্ভাবনা বিবেচনা করিয়া, ঋষিগণ অনুলোম বিবাহের অপেক্ষা প্রতিলোম অর্থাৎ উত্তমবর্ণা স্ত্রীর সহ অধমবর্ণ পুরুষের বিবাহকে বিশেষ নিন্দিত বলিয়া কীর্ত্তন করিয়াছেন। এস্থলে নীতিজ্ঞ ব্রহ্মর্ষি শুক্রাচার্য্যের কন্যা দেবযানীর বিবাহ ক্ষত্রিয়-বংশধর যযাতির সহ কিরূপে সাধিত হইল ! বলিয়া বিশেষ সন্দেহ উপস্থিত হইয়াছে ॥

ন ব্রাহ্মণো মে ভবিতা হস্তগ্রাহো মহাভুজ।
কচস্য বার্হস্পত্যস্য শাপাদ্‌যমশপং পুরা ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে মহাভুজ! মে মম হস্তগ্রাহঃ ভর্ত্তা ব্রাহ্মণঃ ন ভবিতা ন ভবিষ্যতি। বার্হস্পত্যস্য বৃহস্পতিসুতস্য কচস্য শাপাৎ; যং কচং অহং পুরা প্রথমং অশপং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণমেব ত্বং বৃণীহি কিমনেনাগ্রহেণ ইতি চেত্তত্রাহ ন ব্রাহ্মণ ইতি। বৃহস্পতেঃ সুতঃ কচঃ শুক্রান্মৃতসংজীবনী বিদ্যামধ্যগাৎ তদাচ দেবযানী তং পতিং চকমে। সচ গুরুপুত্রী মম পূজ্যেতি ন তাং উদবহৎ। ততঃ কুপিতা সতী তবেয়ং বিদ্যা নিষ্ফলা ভবত্বিতি তং শশাপ। সচ তব ব্রাহ্মণপতি র্ন ভবেদিতি তাং শশাপ। তদেতদাহ যমহমশপং তস্য শাপাৎ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যমশপং পুরেতি বৃহস্পতেঃ পুত্রঃ কচঃ শুক্রান্মৃতসঞ্জীবনীং বিদ্যামধ্যগাৎ। তদাচ দেবযানী তং পতিঞ্চকমে সচ গুরুপুত্রী মম পূজ্যেতি ন তামুদবহৎ। ততশ্চ কুপিতা সতী তবেয়ং বিদ্যা নিষ্ফলা ভবত্বিতি তং শশাপ। সচ তব ব্রাহ্মণঃ পতি র্ন ভবেদিতি তাং শশাপেতি ॥ ১২ ॥

হে মহাবাহো! আমি ব্রাহ্মণ-কন্যা হইলেও ব্রাহ্মণের সহিত যে আমার বিবাহ হইবে না, তাহা আমি পূর্ব্বেই বিলক্ষণ-অবগত আছি। কারণ বৃহস্পতি-পুত্র কচের অভিসম্পাত আছে; যেহেতু আমি তাঁহাকে পূর্ব্বেই অভিশপ্ত করিয়াছিলাম ॥ ১২ ॥

আভাস।

এতদুত্তরে দেবযানী মীমাংসা করিলেন যে, ঈশ্বরের ইচ্ছাই বলবতী। মানবের ইচ্ছার সহিত কোন সম্পর্ক এখানে ঘটে নাই। পূর্ব্বে বৃহস্পতি-নন্দন কচ মৃতসঞ্জীবনী বিদ্যা শিক্ষা করিবার অভিপ্রায়ে শুক্রাচার্য্যের গৃহে কিছুকাল বাস করিয়াছিলেন। সেই সময় কাব্য-তনয়া দেবযানী উক্ত কচকে পতিরূপে প্রার্থনা করেন। কিন্তু গুরুকন্যা পূজার্হা এবং প্রণম্যা জ্ঞানে বৃহস্পতি পুত্র কচ দেবযানীর প্রার্থনায় সম্মত হইলেন না। দেবযানী তখন ক্রুদ্ধা হইয়া কচকে অভিসম্পাত প্রদানে বলিলেন, "তুমি যখন আমার প্রার্থনায় সম্মত হইলে না, তখন আমার পিতৃসন্নিধানে লব্ধ তোমার মৃত-সঞ্জীবনী বিদ্যা বিলুপ্ত হইবে। দেবযানীর শাপে কচ সন্তপ্ত হইয়া প্রতিশাপ প্রদানে বাললেন যে," "তুমিও ব্রাহ্মণ-কন্যা হইয়া, ব্রাহ্মণ-করে পরিণীতা হইবে না।" এক্ষণে সেই শাপের স্মরণে দেবযানী মহারাজ যযাতিকেই বিধি-নির্দ্দিষ্ট পতি বলিয়া অবধারণ করিলেন। এদিকে রাজা যযাতি ভাবিলেন যে, দেবযানীকে ব্রাহ্মণী বিশেষত শুক্রাচার্য্যের কন্যা বলিয়া জানিয়াও, আমার চিত্ত তাঁহার প্রতি কেন ধাবিত হইতেছে? অন্যায় কার্য্যে আমার চিত্তত কখনও অগ্রসর হয় না! অতএব বোধ হয়, ইহা ভগবানেরই

যযাতিরনভিপ্রেতং দৈবোপভূতমাত্মনঃ।
মনস্তু তদ্গতং বুদ্ধা প্রতিজগ্রাহ তদ্বচঃ॥ ১৩॥
গতে রাজনি সা বীরে তত্র স্ম রুদতী পিতুঃ।
ন্যবেদয়ত্ততঃ সর্ব্বমুক্তং শর্ম্মিষ্ঠয়া কৃতং॥ ১৪॥

অন্বয়ঃ।

ততঃ যযাতিঃ অনভিপ্রেতং অপি দৈবোপভূতং ঈশ্বরেচ্ছয়া প্রাপিতং বুদ্ধা তথা তদ্গতং তস্যাং আসক্তং আত্মনঃ মনঃ চ বুদ্ধা (ন চ অধর্ম্মে মদীয়ং মনঃ প্রবর্ত্ততে ইতি নিশ্চিত্য) তস্য বচঃ জগ্রাহ যথা পিতা দাস্যতি চেৎ তর্হি ত্বাং অঙ্গীকরিষ্যামি ইত্যুক্তবান্॥ ১৩॥

বীরে রাজনি যযাতৌ গতে সতি সা দেবযানী, তত্র ততঃ রুদতী পিতুঃ সমীপং এত্য ততঃ শর্ম্মিষ্ঠয়া কৃতং কূপপ্রক্ষেপাদিকং তথা উক্তং ভিক্ষুকীত্যাদি সর্ব্বং ন্যবেদয়ৎ বিজ্ঞাপিতবতী॥ ১৪॥

শ্রীধরস্বামী।

অশাস্ত্রীয়ত্বাদনভিপ্রেতমপি দৈবেনোপভূতং প্রাপিতং বুদ্ধা তদ্গতং তস্যাং সকামং স্বমনশ্চ বুদ্ধা। ন হ্যধর্ম্মে মদীয়ং মনঃ প্রবিশেদিতি তস্যা বচঃ প্রতিজগ্রাহ অঙ্গীকৃতবান্॥১৩॥

শর্ম্মিষ্ঠা সম্বন্ধোঽপি দৈববশাদেবাভবদিতি দর্শয়ন্নাহ গতে রাজনীতি নবভিঃ। উক্তং ভিক্ষুকীত্যাদি। কৃতং কূপপ্রক্ষেপাদি॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রাহ্মণ-কন্যাপরিণয়স্যাধর্ম্মসাধনত্বাদনভিপ্রেতং দৈবেন পরমেশ্বরেণৈব আত্মনে উপহৃতমিত্যত্র হেতুঃ তদ্গতং স্বমনশ্চ বুদ্ধা বাল্যমারভ্য মদীয়ং মনঃ ক্বচিদপি নাধর্ম্মেঽরমত নাপি মৎ প্রভু স্তচ্চরণৈক-শরণস্য মম মনো হ্যধর্ম্মে রময়েদিতি ধর্ম্মস্য সূক্ষ্মা গতি রিত্যতো নায়মধর্ম্মো ভবিষ্যতীতি নিশ্চিত্য তস্যা বচঃ প্রতিজগ্রাহ॥ ১৩॥ ১৪॥

তখন মহারাজ যযাতি ব্রাহ্মণ-কন্যার পাণিগ্রহণ করা নিজের সম্পূর্ণ অনভিপ্রেত হইলেও, ঈশ্বরের অভিপ্রায় অনুসারেই তাদৃশ অপূর্ব্ব সংযোগ উপস্থিত হইয়াছিল বিবেচনা করিলেন। কারণ তাঁহার মন কখন অধর্ম্মে নিয়োজিত না হইয়াও যখন দেবযানীর প্রতি আকৃষ্ট হইয়াছে, সুতরাং তিনি দেবযানীর কথায় সম্মত হইয়া বলিলেন যে, তোমার পিতা যদি তোমাকে আমার করে সম্প্রদান করেন, তাহা হইলে আমি তোমাকে পত্নীত্বে গ্রহণ করিব॥ ১৩॥

অনন্তর রাজা যযাতি তথা হইতে প্রস্থান করিলে, দেবযানী গৃহে প্রত্যাগমন করিলেন এবং রোদন করত পিতৃ সন্নিধানে গমন করিয়া শর্ম্মিষ্ঠা-কৃত

আভাস।

অভিপ্রেত। আমার চিত্ত ভগবানের চরণে সমর্পণ করিয়া, আমি সংসার-ক্ষেত্রে বিচরণ করিয়া থাকি। সর্ব্বপ্রকার অভিসন্ধি পরিত্যাগ পূর্ব্বক অবস্থান কালে, যখন যে দিকে তিনি

দুর্ম্মনা ভগবান্ কাব্যঃ পৌরোহিত্যং বিগর্হয়ন্।
স্তবন্ বৃত্তিঞ্চ কাপোতীং দুহিত্রা স যযৌ পুরাৎ ॥ ১৫ ॥
বৃষপর্ব্বা তমাজ্ঞায় প্রত্যনীকবিবক্ষিতং।
গুরুং প্রসাদয়ন্মূর্দ্ধ্না পাদয়োঃ পতিতঃ পথি ॥

অন্বয়ঃ।

তৎ শ্রুত্বা বিবেকী ভগবান্ কাব্যঃ শুক্রঃ দুর্ম্মনাঃ দুঃখিতচিত্তঃ, সন্ পৌরোহিত্যং বিগর্হয়ন্ নিন্দন্ কাপোতীং উঞ্ছবৃত্তিং স্তবন্ দুহিত্রা সহ বৃষপর্ব্বণঃ পুরাৎ যযৌ নিশ্চক্রাম ॥ ১৫ ॥

ততঃ বৃষপর্ব্বা প্রত্যনীক-বিবক্ষিতং (প্রত্যনীকাঃ দেবাঃ বিবক্ষিতাঃ জয়ং প্রাপনীয়াঃ ইতি অভিপ্রেতং যস্য তথাভূতং) তং গুরুং আজ্ঞায় জ্ঞাত্বা পথি গচ্ছন্তং তং প্রসাদয়ন্ মূর্দ্ধ্না তস্য পাদয়োঃ পতিতঃ ॥

শ্রীধরস্বামী।

কাপোতীং উঞ্ছবৃত্তিং ॥ ১৫ ॥

প্রত্যনীকা দেবাঃ তে বিবক্ষিতা জয়ং প্রাপণীয়া ইত্যভিপ্রেতং যস্য তথাভূতং জ্ঞাত্বা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কাপোতীমুঞ্ছবৃত্তিং ॥ ১৫ ॥

প্রত্যনীকেষু দেবেষু বিবিক্ষিতং অসুরান্ পরিত্যজ্য যুষ্মানেব জয়ং প্রাপয়ামীত্যাদিকং

তিরস্কার বচন এবং কূপ-মধ্যে নিক্ষেপাদির বৃত্তান্ত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন ॥ ১৪ ॥

শুক্রাচার্য্য দুহিতার মুখে তাদৃশ ব্যবহারের কথা শ্রবণ করিয়া, মনে মনে অত্যন্ত দুঃখিত হইলেন; এবং পৌরোহিত্যের নিন্দা করত উঞ্ছবৃত্তির দ্বারা জীবিকা নির্ব্বাহ শ্রেয়স্কর বলিয়া অবধারণ করিয়া, দুহিতাকে সঙ্গে লইয়া রাজা বৃষপর্ব্বার পুরী হইতে নির্গত হইলেন ॥ ১৫ ॥

শুক্রাচার্য্য পুরী পরিত্যাগে প্রস্থান করিতেছেন শুনিয়া, রাজা বৃষপর্ব্বা আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। শুক্রাচার্য্যের সহায়ে এক্ষণে দেবতাগণ নিশ্চয়ই জয় লাভ করিবে; সুতরাং গুরুকে যে কোন প্রকারে শান্ত করা প্রয়োজন বিবেচনা করিয়া, তিনি তৎক্ষণাৎ পথ মধ্যে গুরুর প্রস্থানে প্রতিবন্ধক করিয়া, তাঁহার চরণ ধারণে ভূমিতে পতিত হইলেন এবং প্রিয় কথায় তাঁহাকে প্রসন্ন করিলেন ॥

আভাস।

আমাকে প্রণোদিত করিবেন, তাহা লোক-দৃষ্টিতে ভালই হউক্ বা মন্দই হউক্, শুভজ্ঞানে আমি তাহার অনুসরণ করিব। এই বলিয়া রাজা যযাতি দেবযানীর প্রার্থনায় অনুমোদন করিলেন ॥ ১১—১৩ ॥

ক্ষণার্দ্ধমন্যু র্ভগবান্ শিষ্যং ব্যাচষ্ট ভার্গবঃ।
কামোঽস্যাঃ ক্রিয়তাং রাজন্ নৈনাং ত্যক্তুমিহোৎসহে ॥ ১৬ ॥
তথেত্যবস্থিতে প্রাহ দেবযানী মনোগতং।
পিত্রা দত্তা যতো যাস্যে সানুগা যাতু মামনু ॥ ১৭ ॥
পিত্রা দত্তা দেবযান্যৈ শর্ম্মিষ্ঠা সানুগা তদা।

অন্বয়ঃ।

ক্ষণার্দ্ধং এব মন্যুঃ ক্রোধঃ যস্য সঃ ভগবান্ বিবেকী সমর্থঃ ভার্গবঃ কাব্যঃ, শিষ্যং বৃষপর্ব্বাণং ব্যাচষ্ট অব্রবীৎ যথা হে রাজন্! অস্যাঃ কন্যায়াঃ কামঃ ক্রিয়তাং অন্যথা এনাং ত্যক্তুং উদাসীনাং কর্ত্তুং, ন উৎসহে ॥ ১৬ ॥

তথৈব অস্তু ইত্যঙ্গীকৃত্য বৃষপর্বাণি অবস্থিতে সতি দেবযানী স্বং মনোগতং প্রাহ যথা পিত্রা দত্তা সতী অহং যতঃ যত্র যাস্যে গমিষ্যামি তত্র ইয়ং শর্ম্মিষ্ঠা সানুগা স্বসখীসহিতা মাং অনুযাতু মদ্দাস্য কর্ত্তুং অনুগচ্ছতু ॥ ১৭ ॥

ততঃ পিত্রা বৃষপর্বণা দেবযান্যৈ দত্তা সানুগা শর্ম্মিষ্ঠা তদা স্বানাং পিত্রাদীনাং তৎ সঙ্কটং

শ্রীধরস্বামী।

প্রত্যনীকানাং বিবক্ষিতমিতি বা ॥ ১৬ ॥

সানুগা সখীসহিতা শর্ম্মিষ্ঠা মামনু যাস্যতি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যক্তুমিষ্টং যস্য তথাভূতং তং আজ্ঞায় ॥ ১৬ ॥

তথেতি দেবযান্যাঃ পাদয়োঃ পতিত্বা বৃষপর্ব্বণ্যবস্থিতে সতি। মনোগতমেব প্রাহ প্রকটমুবাচ। সানুগা সখীসহিতা শর্ম্মিষ্ঠা মামনুযাস্যতি ॥ ১৭ ॥

অহো! ক্ষণকালের মধ্যে শুক্রের ক্রোধ অপনীত হইল; তখন সেই অসামান্য-বুদ্ধিমান্ ভৃগুবংশাবতংস ভগবান্ শুক্রাচার্য্য বৃষপর্ব্বাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! এই মদীয়া কন্যা দেবযানীর মনোরথ পূর্ণ করুন্! কারণ এই কন্যাকে আমি উদাসীনা করিতে কখনই পারিব না। ১৬ ॥

এতৎ শ্রবণে রাজা বৃষপর্ব্বা তাহাই করিবেন বলিয়া প্রতিশ্রুত হইলেন; তখন দেবযানী স্বকীয় মনোগত ভাবের প্রকাশে রাজাকে বলিলেন যে, হে রাজন্! পিতা কর্ত্তৃক প্রদত্তা হইয়া আমি যখন স্বামীগৃহে গমন করিব, তখন আপনার কন্যা শর্ম্মিষ্ঠা সখীগণ সহ দাসীরূপে আমার অনুগমন করিবে; ইহাই আমার প্রার্থনা ॥ ১৭ ॥

এতৎ শ্রবণে রাজা বৃষপর্ব্বা সখীগণে পরিবৃতা শর্ম্মিষ্ঠাকে দেবযানীর দাসীত্বে প্রদান করিলেন এবং শর্ম্মিষ্ঠাও পিত্রাদি স্বজনগণের প্রকৃত সংকট-

স্বানাং তৎ সঙ্কটং বীক্ষ্য তদর্থস্য চ গৌরবং ॥
দেবযানীং পর্য্যচরৎ স্ত্রীসহস্রেণ দাসবৎ ॥ ১৮ ॥
নাহুষায় সুতাং দত্ত্বা সহ শর্ম্মিষ্ঠয়োশনা।
তমাহ রাজন্ শর্ম্মিষ্ঠামধাস্তল্পে ন কর্হিচিৎ।
বিলোক্যৌশনসীং রাজন্ শর্ম্মিষ্ঠা সুপ্রজাং ক্বচিৎ।
তমেব বব্রে রহসি সখ্যাঃ পতিমৃতৌ সতী ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

বীক্ষ্য তদর্থস্য তথা দেবযানী-সংমাননাৎ চ তেষাং অর্থস্য কার্য্যস্য গৌরবং বীক্ষ্য স্ত্রীসহস্রেণ সহ দাসীবৎ দেবযানীং পর্য্যচরৎ ॥ ১৮ ॥

ততশ্চ উশনাঃ শুক্রঃ শর্ম্মিষ্ঠয়া সহ সুতাং দেবযানীং নাহুষায় যযাতয়ে দত্ত্বা হে রাজন্! তল্পে শয্যায়াং শর্ম্মিষ্ঠাং কর্হিচিৎ অপি ন অধাঃ নোপগচ্ছেঃ ইতি তং যযাতিং আহ ॥

ততঃ হে রাজন্! কদাচিৎ শর্ম্মিষ্ঠা ঔশনসীং দেবযানীং, সপ্রজাং পুত্রবতীং, বিলোক্য স্বয়ং অপি ঋতৌ সতী সখ্যাঃ দেবযান্যাঃ পতিং তং যযাতিং এব বব্রে (অপত্যার্থং প্রার্থিতবতী) ॥১৯॥

শ্রীধরস্বামী।

ততস্মাৎ নির্গতাৎ শুক্রাৎ সঙ্কটং বীক্ষ্য। ততস্মাদবস্থিতাদর্থস্য প্রয়োজনস্য গৌরবঞ্চ বীক্ষ্য ॥ ১৮ ॥ তল্পে নাধাঃ নোপগচ্ছেরিত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততঃ শুক্রাৎ কুপিতাৎ স্বানামসুরাণাং সঙ্কটং বীক্ষ্য তথৈব ততঃ প্রসন্নাৎ অর্থস্য স্বপ্রয়োজনস্য গৌরবঞ্চ বীক্ষ্য দাসবৎ দাস ইব বৃষপর্ব্বা পর্য্যচরৎ ॥ ১৮ ॥

কর্হিচিদপি তল্পে ন অধাঃ ন ধেহি ন ধাস্যসীত্যর্থঃ ॥ ১৯ ॥

কাল উপস্থিত এবং এই প্রকারে নিজে দেবযানীর দাসী হইয়া থাকিলে, তাঁহাদের সে বিপদ্ ঘটিবার আর সম্ভাবনা থাকিবে না বলিয়া মনে মনে স্থির করত, শর্ম্মিষ্ঠা সহস্র সখী সহ দেবযানীর পরিচর্য্যায় প্রবৃত্ত হইলেন ॥ ১৮ ॥

এদিকে ভগবান্ শুক্রাচার্য্য স্বীয় তনয়া দেবযানীকে যযাতির করে সম্প্রদান করিয়া, তাঁহাকে বলিলেন, হে রাজন্! এই সহস্র-সখী-সমন্বিতা দাসী শর্ম্মিষ্ঠা সহ দেবযানীকে যদিও আপনার করে অদ্য আমি সম্প্রদান করিলাম বটে, কিন্তু সাবধান! আপনি যেন কখন এই রাজনন্দিনীকে স্বীয় শয্যায় গ্রহণ না করেন ॥

যযাতিও তথাস্তু বলিয়া স্বীকার করিলেন। অনন্তর কিছুকাল অতীত হইলে, কাব্য-কন্যা দেবযানী পুত্রবতী হইলেন। এক দিবস রাজনন্দিনী স্বীয় ঋতুকাল উপস্থিত এবং দেবযানীও পুত্রবতী হইয়াছেন দেখিয়া, পুত্র-লাভের

রাজপুত্র্যার্থিতোঽপত্যে ধর্ম্মঞ্চাবেক্ষ্য ধর্ম্মবিৎ।
স্মরন্ শুক্রবচঃ কালে দিষ্টমেবাভ্যপদ্যত ॥
যদুঞ্চ তুর্ব্বসুঞ্চৈব দেবযানী ব্যজায়ত।
দ্রুহ্যঞ্চানুঞ্চ পূরুঞ্চ শর্ম্মিষ্ঠা বার্ষপর্ব্বণী ॥ ২০ ॥
গর্ভসম্ভবমাসুর্য্যা ভর্ত্তুর্বিজ্ঞায় মানিনী।

অন্বয়ঃ।

এবং অপত্যে অপত্যার্থং, রাজপুত্র্যা শর্ম্মিষ্ঠয়া, অর্থিতঃ প্রার্থিতঃ, ধর্ম্মবিৎ যযাতিঃ ধর্ম্মং অবেক্ষ্য (অপত্যার্থং ঋতুকালে প্রার্থয়মানায়াঃ কামপূরণং ধর্ম্মঃ এব ইতি বিচার্য্য) ভৃগুবচঃ স্মরন্ অপি কালে ঋতুকালে দিষ্টং দৈবপ্রাপিতং তৎসঙ্গমং অভ্যপদ্যত প্রাপ ॥

যদুং তুর্ব্বসুং চ দ্বৌ পুত্রৌ দেবযানী ব্যজায়ত সুষুবে। তথা বার্ষপর্ব্বণী শর্ম্মিষ্ঠা দ্রুহ্যং অনুং পূরুং চ ইতি ত্রীন্ সুতান্ ব্যজায়ত ॥ ২০ ॥

মানিনী দেবযানী ভর্ত্তুঃ সকাশাৎ অসুর্য্যাঃ অসুরকন্যায়াঃ শর্ম্মিষ্ঠায়াঃ, গর্ভসম্ভবং বিজ্ঞায়

শ্রীধরস্বামী।

অপত্যার্থমৃতুকালে প্রার্থনাস্তস্যাঃ কামপূরণং ধর্ম্মমবেক্ষ্য শুক্রস্য বচঃ স্মরন্ দিষ্টং দৈব-প্রাপিতমেব তৎ সঙ্গমভ্যপদ্যত নতু কামত ইত্যর্থঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মবিদিতি অপত্যার্থমৃতুকালে প্রার্থয়মানায়া অস্যাঃ কামপূরণং ধর্ম্ম এবেতি জানন্ শুক্রবচশ্চ শর্ম্মিষ্ঠা-সঙ্গ-প্রতিষেধকং স্মরন্ দোলায়মানচিত্তোঽপি দিষ্টং দৈবপ্রাপিতং সঙ্গমেব প্রাপ ॥　　ব্যজায়ত ব্যজনয়ৎ ॥ ২০ ॥

প্রার্থনায় সখীপতি যযাতিকে গোপনে প্রার্থনা করেন ॥ ১৯ ॥

রাজপুত্রী পুত্র-কামনায় ঋতুকালে যখন প্রার্থিনী হইয়াছেন, তখন তাঁহার ঋতু রক্ষা করাই ধর্ম্মসঙ্গত কার্য্য বিবেচনা করিয়া, রাজা যযাতি শুক্রাচার্য্যের নিষেধ বাণী মনে মনে স্মরণ করিলেন। কিন্তু দৈব-স্রোত কে রুদ্ধ করিতে পারে! যযাতি দৈববশে প্রণোদিত হইয়া, শর্ম্মিষ্ঠার অনুরোধ রক্ষা করিলেন ॥

এই প্রকারে দেবযানীর গর্ভে যদু এবং তুর্ব্বসু নামে দুইটী পুত্র এবং বৃষপর্ব্বা-নন্দিনী শর্ম্মিষ্ঠার গর্ভে দ্রুহ্যু, অনু এবং পূরু নামে তিনটী এই সর্ব্ব সমেত রাজা যযাতির পাঁচটী পুত্র জন্মে ॥ ২০ ॥

হে রাজন্! প্রসঙ্গক্রমে দেবযানী যখন অবগত হইলেন যে, তদীয় পতি যযাতির ঔরসে দাসী শর্ম্মিষ্ঠার পুত্র জন্মিয়াছে; তখন তাঁহার আর অভিমানের সীমা রহিল না; তিনি ক্রোধ-মূর্চ্ছিত-হৃদয়ে পিতৃ-সন্নিধানে গমনার্থ উদ্‌যোগ করিলেন ॥ ২১ ॥

দেবযানী পিতুর্গেহং যযৌ ক্রোধবিমূর্চ্ছিতা ॥ ২১ ॥
প্রিয়ামনুগতঃ কামী বচোভিরুপমন্ত্রয়ন্।
ন প্রসাদয়িতুং শেকে পাদসম্বাহনাদিভিঃ ॥ ২২ ॥
শুক্রস্তমাহ কুপিতঃ স্ত্রীকামানৃতপুরুষ।
ত্বাং জরা বিশতাং মন্দ বিরূপকরণী নৃণাং ॥ ২৩ ॥
যযাতিরুবাচ ॥
অতৃপ্তোঽস্ম্যদ্য কামানাং ব্রহ্মন্ দুহিতরি স্ম তে।

অন্বয়ঃ।

ক্রোধেন বিমূর্চ্ছিতা সতী পিতুঃ শুক্রস্য গেহং যযৌ ॥ ২১ ॥

কামী যযাতিঃ অপি তাং প্রিয়াং দেবযানীং এব অনুগতঃ সন্ মার্গে পাদসম্বাহনাদিভিঃ (কায়িকব্যাপারৈঃ) বচোভিঃ চ উপমন্ত্রয়ন্ প্রসাদয়িতুং ন শেকে ॥ ২২ ॥

(দেবযান্যা নিবেদিত-বৃত্তান্তঃ) শুক্রঃ কুপিতঃ সন্ হে স্ত্রীকাম! স্ত্রীলোভিন্! হে অনৃতপ্রতিজ্ঞ! হে মন্দ! নৃণাং বিরূপকরিণী জরা ত্বাং বিশতাং প্রবিশতু ইতি ॥ ২৩ ॥

(এবং শুক্রশাপং শ্রুত্বা) যযাতিঃ উবাচ। হে ব্রহ্মন্! তে তব দুহিতরি কামানাং কাম-

শ্রীধরস্বামী।

আসুর্য্যাঃ শর্ম্মিষ্ঠায়া ভর্ত্তুঃ সকাশাৎ ॥ ২১ ॥

উপমন্ত্রয়ন্ প্রসাদয়ন্ ॥ ২২ ॥ বিকৃতং রূপং করোতীতি তথা ॥ ২৩ ॥

তে দুহিতরি কামৈরদ্যাপ্যতৃপ্তোঽস্মি কামানাং ভোগৈরিতি বা। শুক্র আহ তর্হি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভর্ত্তুঃ সকাশাদ্গর্ভসম্ভবমাজ্ঞায়েতি পূর্ব্বপূর্ব্বমন্যস্মাদ্ ঋণাদ্বিকাদেব জানত্যাসীদিতি ভাবঃ ॥ ২১ ॥ উপমন্ত্রয়ন্ সান্ত্বয়ন্ ॥ ২২ ॥ ২৩ ॥

যযাতি একজন নিতান্ত স্ত্রৈণ পুরুষ; তিনি দেবযানীকে অত্যন্ত প্রেম করিতেন; সুতরাং দেবযানীর পশ্চাৎ পশ্চাৎ গমন করত নানাপ্রকার প্রিয় বাক্যে তাঁহাকে সান্ত্বনা করিতে চেষ্টা করিলেন; অবশেষে চরণ ধারণে প্রতি-নিবৃত্ত হইতে প্রার্থনা করিয়াও, যখন ক্ষান্ত করিতে পারিলেন না, তখন তাঁহার সহিত অগত্যা শ্বশুরালয়ে গমন করিলেন ॥ ২২ ॥

দেবযানীর মুখে যযাতির আচরণের কথা শ্রবণ করিয়া, ভগবান্ শুক্রাচার্য্য অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং রাজা যযাতিকে সম্বোধন করত বলিলেন, রে স্ত্রৈণ! তুমি যখন আমার অনুমতিকে উপেক্ষা করত দাসী শর্ম্মিষ্ঠার গৃহে গমন করিয়াছ! তখন তুমি দেহ-বিরূপকারিণী জরার দ্বারা অকালে অভিভূত হও ॥ ২৩ ॥

ব্যত্যস্যতাং যথাকামং বয়সা যোঽভিধাস্যতি ॥ ২৪ ॥
ইতি লব্ধব্যবস্থানঃ পুত্রং জ্যেষ্ঠমবোচত।
যদো তাত প্রতীচ্ছেমাং জরাং দেহি নিজং বয়ঃ ॥

অন্বয়ঃ।

ভোগৈঃ অহং অদ্য পর্য্যন্তং অতৃপ্তঃ অস্মি। (এবং উক্তঃ শুক্রঃ আহ) যদ্যেবং তর্হি যঃ কশ্চিৎ তব প্রিয়ঃ পুত্রঃ জরাং অভিধাস্যতি ধারয়িষ্যতি তস্য বয়সা যৌবনেন যথাকামং যথেচ্ছং, তাং জরাং, ব্যত্যস্য তাং ব্যত্য সংগময়॥ ২৪ ॥

ইতি এবং লব্ধং ব্যবস্থানং জরা-ব্যবস্থিতিঃ যেন সঃ যযাতিঃ জ্যেষ্ঠং পুত্রং যদুং অবোচত; যথা, হে তাত বৎস! যদো! ইমাং তব মাতামহেন কৃতাং প্রাপিতাং জরাং ত্বং প্রতীচ্ছ গৃহাণ!

শ্রীধরস্বামী।

যোঽভিধাস্যতি অভিতো ধারয়িষ্যতি তস্য বয়সা কামং ব্যত্যস্যতাং যথেচ্ছং জরাব্যত্যয়ং যাতু নীয়তামিতি বা। যদ্বা ব্যত্যস্যেতি ছেদঃ। তাং জরাং ব্যত্য সংগময়েত্যর্থঃ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামানামিতি নাগ্নি স্তৃপ্যতি কাষ্ঠানামিতিবৎ ষষ্ঠী। তে দুহিতরীতি ভঙ্গ্যা ত্বৎশাপোঽয়ং তব দুহিতর্য্যপি ফলিত ইতি ব্যঞ্জিতং। শুক্রোঽপি বিমৃশ্য প্রসীদন্নুবাচ। যথেষ্টং জরা বয়সা যৌবনেন ব্যত্যস্যতাং বিনিময়তাং। নন্বু জরাং গৃহীত্বা বিনিময়েন যৌবনং কঃ খলু দাস্যতি তত্রাহ। যোঽভিধাস্যতি যঃ পুত্রাদিকঃ ত্বয়ি স্নেহেন অভিতো ধাস্যতি জরাং স ধারয়িষ্যতি। যদ্বা ত্বমেবং বিনিময়ং সর্ব্বান্ জ্ঞাপয় তেষু মধ্যে যোঽভিধাস্যতি যৌবনং দত্ত্বা জরামেষোঽহং গৃহ্লামীতি বদিষ্যতীত্যর্থঃ॥ ২৪ ॥

অন্তরা যৌবন-মধ্যে এব। কুত অবিদিত্বেত্যাদি। অয়মস্যাশয়ঃ মম বিধিৎসিত-ভগবদ্ভক্ত্যনুকূলং বিষয়-বৈতৃষ্ণ্যমপেক্ষিতং বর্ত্ততে তচ্চ ভোগ-বাহুল্যং বিনা প্রায়ো ন ভবেৎ। তত্র যদ্যপি কালবিলম্বে সতি ত্বং স্বীয়াং জরাং গৃহীত্বা মদ্‌যৌবনং দাস্যসীতি জানামি তদপি

কাব্যের কঠোর শাপোক্তিতে কাতর-হৃদয় মহারাজ যযাতি তখন বলিলেন, হে ব্রহ্মন্! আপনার দুহিতাকে-সম্ভোগ করিয়া অদ্যাপি আমার চিত্ত পরিতৃপ্ত হয় নাই। আপনি তাহার প্রতিবিধান করুন্! এতদুত্তরে শুক্র বলিলেন, তাহা হইলে, তোমার যে কোন প্রিয় পুত্র তোমার জরা গ্রহণে স্বীয় যৌবন তোমাকে প্রদান করিতে পারিবেন; তুমি তাহাদের কাহারও যৌবন লইয়া যথেচ্ছ জরা তাহাকে প্রদান করিতে পারিবে॥ ২৪॥

এই প্রকারে জরা-বিনিময়ের ব্যবস্থা প্রাপ্ত হইয়া, মহারাজ যযাতি স্বকীয় জ্যেষ্ঠ পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন, হে তাত যদো! কিছু কালের জন্য তুমি আমার এই জরা লইয়া, স্বীয় যৌবন আমাকে প্রদান কর!

মাতামহ-কৃতাৎ বৎস ন তৃপ্তো বিষয়েষ্বহং।
বয়সা ভবদীয়েন রংস্যে কতিপয়াঃ সমাঃ॥
যদুরুবাচ।
নোৎসহে জরসা স্থাতুমন্তরা প্রাপ্তয়া তব।
অবিদিত্বা সুখং গ্রাম্যং বৈতৃষ্ণ্যং নৈতি পুরুষঃ॥ ২৫॥
তুর্ব্বসুং শোদিতঃ পিত্রা দ্রুহ্যশ্চানুশ্চ ভারত।
প্রত্যাচখ্যু রধর্ম্মজ্ঞা হ্যনিত্যে নিত্যবুদ্ধয়ঃ॥ ২৬॥

অন্বয়ঃ।

নিজং ত্বদীয়ং বয়ঃ যৌবনং, মহ্যং দেহি! তেন ভবদীয়েন এবং বয়সা অহং কতিপয়াঃ সমাঃ সংবৎসরান্ রংস্যে বিষয়সুখং অনুভবিষ্যামি। যতঃ বিষয়ভোগেষু অহং ন তৃপ্তঃ অস্মি; ইতি দ্বয়োরন্বয়ঃ॥

যদুঃ উবাচ। তব অন্তরা বয়োমধ্যে এব প্রাপ্তয়া জরসা অহং স্থাতুং ন উৎসহে। যতঃ গ্রাম্যসুখং অবিদিত্বা পুরুষঃ বৈতৃষ্ণ্যং বৈরাগ্যং, ন প্রাপ্নোতি॥ ২৫॥

হে ভারত! পিত্রা যযাতিনা, এবং তুর্ব্বসুঃ দ্রুহ্যঃ অনুঃ চ ত্রয়ঃ পুত্রাঃ অপি চোদিতাঃ যৌবনদানায় অনুরুদ্ধাঃ সন্তঃ যদুবৎ প্রত্যাচখ্যুঃ। যতঃ অনিত্যে দেহ-যৌবনাদৌ নিত্যবুদ্ধয়ঃ অতঃ অধর্ম্মজ্ঞাঃ এব তে॥ ২৬॥

শ্রীধরস্বামী।

ইতি পঞ্চং ব্যবস্থানং জরয়া ব্যবস্থিতি র্যেন সঃ॥ ২৫॥
যতো ন ধর্ম্মজ্ঞাঃ অনিত্যে চ যৌবনে নিত্যবুদ্ধয়ঃ॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরন্তরায় হরিভজনস্যোৎকণ্ঠস্য মম কালবিলম্বস্যাসহত্বাৎ পিতুরপি তবেমামাজ্ঞাং ন পালয়াম্যত্র যদ্ভবেত্তদ্ভবত্বিতি অতএব যদোশ্চ ধর্ম্মশীলস্যেতি রাজ্ঞা দশমে বক্ষ্যতে পরম

কারণ তোমার মাতামহের অভিসম্পাতে আমি অকালে জরাগ্রস্ত হইয়াছি; কিন্তু অদ্যাবধি আমি বিষয়-সম্ভোগে পরিতৃপ্ত হই নাই। অতএব তোমার যৌবনের দ্বারা আমি কয়েক বৎসর বিষয় সম্ভোগ করিয়া, তোমার যৌবন তোমাকে প্রত্যর্পণ করিব॥

এতদুত্তরে যদু বলিলেন, হে পিতঃ! আপনার অকাল-প্রাপ্ত জরা লইয়া, আমি অবস্থান করিতে ইচ্ছা করি না। কারণ মানব বিষয়-ভোগ না করিলে, কখন বৈরাগ্য-লাভ করিতে পারে না॥ ২৫॥

এই প্রকারে যদু কর্ত্তৃক উপেক্ষিত হইয়া, যযাতি তুর্ব্বসু দ্রুহ্য এবং অনু-নামক পুত্রত্রয়কেও পূর্ব্ববৎ জরা গ্রহণে অনুরোধ করিলেন। কিন্তু দুঃখের

অপৃচ্ছত্তনয়ং পুরুং বয়সোনং গুণাধিকং।
ন ত্বমগ্রজবৎ বৎস মাং প্রত্যাখ্যাতুমর্হসি ॥ ২৭ ॥
পুরুরুবাচ ॥
কোনু লোকে মনুষ্যেন্দ্র পিতুরাত্মকৃতঃ পুমান্।
প্রতিকর্ত্তুং ক্ষমো যস্য প্রসাদাদ্বিন্দতে পরং ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

তদা যযাতিঃ বয়সা ঊনং কনিষ্ঠং, অপি গুণাধিকং গুণৈঃ অধিকং, তনয়ং পুরুং যৌবনদানায় অপৃচ্ছৎ, যথা হে বৎস! অগ্রজবৎ যদাদিবৎ ত্বং অপি মাং প্রত্যাখ্যাতুং ন অর্হসি ইতি আহ ॥ ২৭ ॥

পুরুঃ উবাচ। হে মনুষ্যেন্দ্র! যস্য প্রসাদাৎ অনুগ্রহাৎ পরং ঐহিকামুষ্মিকং পুরুষার্থং বিন্দতে লভতে তস্য আত্মকৃতঃ সর্ব্ব-পুরুষার্থ-সাধন-দেহোৎপাদকস্য পিতুঃ প্রতিকর্ত্তুং লোকে কঃ নু পুমান্ ক্ষমঃ সমর্থঃ? ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

ত্বং জরাং কিং গ্রহীষ্যসীতি অপৃচ্ছৎ। প্রত্যাখ্যানং মাকৃথাঃ ইত্যাহ ন ত্বমিতি ॥ ২৭ ॥
আত্মকৃতঃ দেহকর্ত্তুঃ প্রত্যুপকারং কর্ত্তুং কোনু ক্ষমঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মাপেক্ষয়া পিতু রাজ্ঞাপালন-লক্ষণ-ধর্ম্মস্য প্রাকৃতস্য সনকাদিভিরিব তেন ত্যাগাৎ যতএব সংতুষ্যং স্তদ্বংশে ভগবান্ স্বয়মবততার। যদোঃ প্রিয়স্যান্ববায় ইতি কুন্তীস্তুতিশ্চ যা তৃত্তরশ্লোকেঽধর্ম্মজ্ঞা ইতি শুকোক্তিঃ সাতু তুর্ব্বস্বাদীন্ প্রত্যেবেতি ॥ ২৫—২৭ ॥

আত্মকৃতঃ দেহোৎপাদয়িতুঃ। পরং স্বর্গাদি ॥ ২৮ ॥

বিষয়। সেই সকল ভোগ-পরতন্ত্র পুত্রত্রয়ও অগ্রজ যদুর ন্যায়, পিতাকে উপেক্ষা করত যৌবন দানে সম্মত হইলেন না ॥ ২৬ ॥

অনন্তর তিনি সর্ব্বকনিষ্ঠ কিন্তু সর্ব্বগুণালঙ্কৃত পুরুনামক পুত্রকে সম্বোধন করত বলিলেন, হে বৎস! তুমি আমাকে তোমার যৌবন প্রদানে আমার জরা গ্রহণ কর। দেখ! যেন তুমিও তোমার অগ্রজগণের ন্যায় আমাকে উপেক্ষা করিও না! ॥ ২৭ ॥

এতৎ শ্রবণে পুরু বলিলেন, হে নরনাথ! যে পিতার প্রসাদে এই অপূর্ব্ব দেহ লাভে মানব পরম পুরুষ পরমাত্মাকে অবধারণ করত মোক্ষপদ প্রাপ্ত হইতে পারে, তাদৃশ জন্মদাতা পিতার ঋণ পরিশোধ করিতে পারে, জগতে এমন কে ব্যক্তি আছে? ২৮ ॥

পিতার মনোগত ভাব বুঝিয়া যে পুত্র কার্য্য করে, তাহাকেই উত্তম পুত্র বলিয়া গণনা করা যায়। পিতার অনুমতি ক্রমে যে পুত্র কর্ম্ম করে, সে পুত্র

উত্তমশ্চিন্তিতং কুর্য্যাৎ প্রোক্তকারী তু মধ্যমঃ।
অধমোঽশ্রদ্ধয়া কুর্য্যাদকর্ত্তোচ্চরিতং পিতুঃ॥ ২৯॥
ইতি প্রমুদিতঃ পূরুঃ প্রত্যগৃহ্লাজ্জরাং পিতুঃ।
সোঽপি তদ্বয়সা কামান্ যথাবজ্জুজুষে নৃপঃ॥ ৩০॥
সপ্তদ্বীপপতিঃ সম্যক্ পিতৃবৎ পালয়ন্ প্রজাঃ।
যথোপজোষং বিষয়ান্ জুজুষে ব্যাহতেন্দ্রিয়ঃ॥

অন্বয়ঃ।

যঃ পুত্রঃ পিতুঃ চিন্তিতং মনসা অভিপ্রেতং, কুর্য্যাৎ সঃ উত্তমঃ। যঃ তু প্রোক্তকারী (পিত্রা প্রোক্তং করোতি, সঃ মধ্যমঃ। পিত্রা উক্তং কর্ম্ম অশ্রদ্ধয়া যঃ কুর্য্যাৎ সঃ অধমঃ। যঃ তু প্রোক্তঃ অপি অকর্ত্তা সঃ পিতুঃ উচ্চরিতং পুরীষ-প্রায়ঃ ত্যজ্যঃ এব॥ ২৯॥

ইতি এবং উক্ত্বা প্রমুদিতঃ হর্ষযুক্তঃ, পুরুঃ স্বীয়ং যৌবনং পিত্রে দত্ত্বা পিতুঃ জরাং প্রত্যগৃহ্লাৎ। ততঃ সঃ নৃপঃ যযাতিঃ অপি তদ্দত্তেন বয়সা যৌবনেন, যথাবৎ যথাসুখং, কামান্ বিষয়ান্ জুজুষে সেবিতবান্॥ ৩০॥

অব্যাহতেন্দ্রিয়ঃ সপ্তদ্বীপপতিঃ যযাতিঃ পিতৃবৎ সম্যক্ প্রজাঃ পালয়ন্ যথোপজোষং যথাপ্রীতি বিষয়ান্ জুজুষে॥

শ্রীধরস্বামী।

তথা পিতুর্যশ্চিন্তিতং কুর্য্যাৎ স উত্তমঃ। যস্তু প্রোক্তকারী স মধ্যমঃ। যস্তু অশ্রদ্ধয়া কুর্য্যাৎ সোঽধমঃ। অকর্ত্তা পিতুঃ উচ্চরিতং পুরীষপ্রায়ঃ॥ ২৯॥

জুজুষে সেবিতবান্॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদপি তবাজ্ঞাং পালয়ন্নপ্যহমুত্তমঃ পুত্রো ন; কিন্তু মধ্যম এবেত্যাহ। উত্তম ইতি পাঠে। উচ্চরিতং মূত্রমলসদৃশ ইতি॥ ২৯॥ ৩০॥

সপ্তদ্বীপপতিঃ ভারতবর্ষবর্ত্তিনো যে নবদ্বীপা স্তেষামাদিমান্তিমৌ দ্বীপৌ বিনা যে সপ্ত-

---

মধ্যম। যে ব্যক্তি পিতার আদেশকে অশ্রদ্ধা পূর্ব্বক প্রতিপালন করে, তাহাকে অধম পুত্র বলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু যে পুত্র পিতার আদেশ প্রতিপালন করিতেও স্বীকার করে না, তাহাকে পিতার মূত্র এবং পুরীষবৎ ত্যাজ্য বলিয়া সকলে নির্ণয় করিয়া থাকেন॥ ২৯॥

এই প্রকার বলিয়া, প্রীত-প্রসন্ন-চিত্তে পিতার জরা স্বয়ং গ্রহণ করত, পূরু স্বীয় যৌবন তাঁহাকে প্রদান করিলেন; এবং পিতা যযাতিও পুত্রের যৌবনের দ্বারা যথেচ্ছ বিষয়-সম্ভোগ করিয়াছিলেন॥ ৩০॥

অব্যাহত ইন্দ্রিয়-শক্তির প্রভাবে সপ্তদ্বীপপতি মহারাজ যযাতি পিতার ন্যায় পুত্রনির্ব্বিশেষে প্রজাপালন করত, বহুকাল বিষয়-সম্ভোগে চরিতার্থ

দেবযান্যপ্যনুদিনং মনোবাগ্দেহ-বস্তুভিঃ।
প্রেয়সঃ পরমাং প্রীতিমুবাহ প্রেয়সী রহঃ॥
অযজদ্‌যজ্ঞপুরুষং ক্রতুভি র্ভূরিদক্ষিণৈঃ।
সর্ব্বদেবময়ং দেবং সর্ব্ববেদময়ং হরিং॥ ৩১॥
যস্মিন্নিদং বিরচিতং ব্যোম্নীব জলদাবলিঃ।
নানেব ভাতি নাভাতি স্বপ্নমায়ামনোরথঃ॥

অন্বয়ঃ।

তৎপ্রেয়সী ভার্য্যা দেবযানী অপি অনুদিনং মনসা বাচা দেহেন পরিচর্য্যাদিনা চ রহঃ একান্তে প্রেয়সঃ ভর্ত্তুঃ তস্য পরমাং প্রীতিং উবাহ॥

ভূরিদক্ষিণৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ, সর্ব্বদেবময়ং দেবং সর্ব্ববেদময়ং যজ্ঞপুরুষং হরিং অযজৎ পূজয়ামাস॥ ৩১॥

যস্মিন্ হরৌ ইদং বিশ্বং ব্যোম্নি আকাশে, জলদাবলিঃ মেঘপটলঃ, ইব বিরচিতং সৎ নানা ইব ভাতি তথা স্বপ্নমায়ামনোরথঃ ইব কদাচিৎ ন আভাতি চ তৎ গুহাশয়ং (সর্ব্বেষাং

শ্রীস্বামী।

যথোপজোষং যথাপ্রীতি জুজুষে॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংখ্যা দ্বীপা স্তেষাং পতিরিত্যেব ব্যাখ্যেয়মগ্রিমগ্রন্থব্যাখ্যানুরোধাৎ। যথোপজোষং যথাপ্রীতি॥ ৩১॥

যস্মিন্নধিষ্ঠানে ইদং জগন্নানেব কারণরূপেণ তেনৈবৈক্যাৎ ন তু বস্তুতো নানেত্যর্থঃ। অতএব প্রলয়ে তত্র প্রবিষ্টত্বান্নাভাতি ন বহির্ব্যক্তীভবতি স্বপ্নমায়ামনোরথ ইত্যস্মৈর্য্যে দৃষ্টান্তত্রয়ং সর্ব্বোদ্বন্দ্বোবিভাষয়ৈকবদ্ভবতীত্যেকবচনং॥

হইতে চেষ্টা করিতে লাগিলেন॥

এদিকে প্রিয় বনিতা দেবযানী প্রত্যহ স্নেহের পরিচয়ে মধুর-ভাষায় সেবা শুশ্রূষাদির দ্বারা পরম প্রিয় ভর্ত্তা যযাতির মনো-বিনোদনার্থ একান্তে যথেষ্ট যত্ন করিতেছিলেন॥

ভূরিদক্ষিণ বহুবিধ যজ্ঞের অনুষ্ঠানে যযাতি সর্ব্বদেবময়-এবং সর্ব্ববেদময়-ভগবান্ যজ্ঞপুরুষ শ্রীহরির আরাধনা করিয়াছিলেন॥ ৩১॥

অহো! নভোভাগে সমুত্থিত জলদ-পটলের ন্যায়, এই বিশ্ব ব্রহ্মাণ্ড যাঁহাতে উৎপন্ন হইয়া বিচিত্রভাবে পরিলক্ষিত হইতেছে এবং কখন ও বা ছিন্নাভ্রের সদৃশ, অব্যক্তভাবে স্বপ্ন, মায়া এবং মনোরাজ্যের ন্যায় বিলীন হইতেছে, সেই সর্ব্বভূত-হৃদয়চারী অতীব সূক্ষ্মতম ভগবান্ নারায়ণকে হৃদয়ে ধারণ করত

তমেব হৃদি বিন্যস্য বাসুদেবং গুহাশয়ং।
নারায়ণমণীয়াংসং নিরাশীরযজৎ প্রভুঃ ॥ ৩২ ॥
এবং বর্ষসহস্রাণি মনঃষষ্ঠৈর্মনঃসুখং।
বিদধানোঽপি নাতৃপ্যৎ সার্ব্বভৌমঃ কদিন্দ্রিয়ৈঃ ॥ ৩৩ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে যযাতে ২ষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

অন্বয়ঃ।

গুহায়াং অন্তঃকরণে শেতে বসতি তং) অনীয়াংসং অতি সূক্ষ্মং, বাসুদেবং নারায়ণং হৃদি বিন্যস্য প্রভুঃ নিরাশীঃ ফলান্তরাভি-সন্ধিরহিতঃ যযাতিঃ অযজৎ আরাধয়ামাস ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৩২ ॥

এবং পূর্ব্বোক্তপ্রকারেণ মনঃ ষষ্ঠং যেষাং তৈঃ মনঃষষ্ঠৈঃ কুৎসিতৈঃ বিষয়াসক্তৈঃ ইন্দ্রিয়ৈঃ বর্ষসহস্রাণি মনঃসুখং কামভোগং, বিদধানঃ প্রকুর্ব্বন্ অপি সার্ব্বভৌমঃ যযাতিঃ ন অতৃপ্যৎ ॥৩৩

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

নানেব ভাতি যাবদিন্দ্রিয়বৃত্তিঃ তদুপরমে নাভাতি চ স্বপ্নমায়াভ্যাং সহিতো মনোরথ ইবেত্যর্থঃ ॥ ৩২ ॥

মনঃসুখং কামভোগং। কদিন্দ্রিয়ৈঃ কুৎসিতৈঃ পরাঙ্মুখৈরিন্দ্রিয়ৈঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি নবমেঽষ্টাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাসুদেবমিতি সর্ব্বত্রৈবাসৌ বসতীত্যতঃ প্রয়াসাভাবঃ। যতো গুহায়ামন্তঃকরণে শেতে ন চান্যঃ, শয়ান ইব যতো নারং জীবসমূহং অয়তে জানাতি। নচ জীবসমূহ স্তং জানাতীত্যাহ। অনীয়াংসং দুর্জ্ঞেয়ং। সচ বহির্ব্বিষয়-লম্পটোঽপি যযাতি র্মনসা বিষয়লম্পট ইত্যাহ নিরাশীঃ। প্রভুমিতি দাস্যভাবাকাঙ্ক্ষী ॥ ৩২ ॥

বিষয়লাম্পট্যাৎ কদিন্দ্রিয়ৈঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
নবমেঽষ্টাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মহারাজ যযাতি সম্পূর্ণ নির্লিপ্তভাবে তাঁহার আরাধনা করিয়াছিলেন ॥ ৩২ ॥

হে রাজন্! সার্ব্বভৌম মহীপতি যযাতি এই প্রকারে বিষয়ানুরক্ত মন এবং পঞ্চ ইন্দ্রিয়ের দ্বারা ক্রমান্বয়ে সহস্র সহস্র বৎসর মনের শান্তির জন্য নিরন্তর বিষয়-ভোগ করিয়াও কোন মতে পরিতৃপ্তি লাভে সমর্থ হন নাই ॥ ৩৩ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শ্রীশুক উবাচ ॥
স ইত্থমাচরন্ কামান্ স্ত্রৈণোপহ্নবমাত্মনঃ।
বুদ্ধ্বা প্রিয়ায়ৈ নির্ব্বিণ্ণো গাথামেতামগায়ত ॥ ১ ॥
শৃণু ভার্গব্যমুং গাথাং মদ্বিধাচরিতাং ভুবি।
ধীরা যস্যানুশোচন্তি বনে গ্রামনিবাসিনঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ইত্থং পূর্ব্বোক্তপ্রকারেণ স্ত্রৈণঃ স্ত্রীবশ্যঃ, সঃ যযাতিঃ, কামান্ বিষয়ান্, আচরন্ উপভুঞ্জানঃ, ভোগেন আত্মনঃ অপহ্নবং তিরস্কারং, অন্যথাভাবং বুদ্ধ্বা নির্ব্বিণ্ণঃ ভোগাৎ বিরক্তঃ, সন্ প্রিয়ায়ৈ দেবযান্যৈ, এতাং গাথাং অগায়ত কথয়ামাস ॥ ১ ॥

হে ভার্গবি। যস্য গ্রামনিবাসিনঃ গৃহস্থস্য, চরিতং অনুভূয় বনে স্থিতাঃ ধীরাঃ জিতেন্দ্রিয়াঃ কথং অস্য ভদ্রং স্যাৎ ইতি অনুশোচন্তি তেন মদ্বিধেন ভুবি আচরিতাং অমুং বক্ষ্যমাণাং গাথাং ইতিহাসং, শৃণু ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ঊনবিংশে যযাতিঃ স্বং চেষ্টিতেন ত্বজোপমং। দেবযানীং সমাশ্রাব্য বিরক্তো মুক্তিমাপ্তবান্। ভুক্তভোগামজাং হাস্যন্নজবৎ বৃত্তমাত্মনঃ। বিড়ম্বয়ন্ প্রিয়ামাহ নির্ব্বেদয়িতুমাত্মবান্ ॥ * ॥

কামানাচরন্ উপভুঞ্জানঃ। গাথামিতিহাসং ॥ ১ ॥

মদ্বিধেন মাদৃশেনাচরিতাং অনুষ্ঠিতাং। মদ্বিধস্যাচরিতং যস্যামিতি বা। যস্য গ্রামনিবাসিনঃ কামিনো মদ্বিধস্যাচরিতং বনে স্থিতা ধীরা শোচন্তি তস্য গাথাং শৃণু ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঊনবিংশে ছাগগাথাবর্ণিতঃ স্বস্বরূপকঃ।
বিরজ্য প্রাপ কৃষ্ণং স দেবযান্যপি সা তথা ॥ * ॥

কামান্ আচরন্ উপভুঞ্জানঃ। অপহ্নবং বঞ্চনং ॥ ১ ॥

মদ্বিধস্যাচরিতং যস্যাং তাং। যস্য গ্রামনিবাসিনো মদ্বিধস্যাচরিতাং বনে স্থিতা ধীরা অনুশোচন্তীতি সমাসে গুণীভূতাভ্যামপি পদাভ্যামন্বয় আর্ষত্বাৎ ॥ ২ ॥

শুকদেব বলিলেন, স্ত্রীজিত রাজা যযাতি এই প্রকারে বহুকাল বিষয়-সম্ভোগ করিবার উপলক্ষে আত্মজ্ঞান যে হারাইয়াছিলেন, তাহা তিনি বিশেষ-রূপে অবধারণ করিলেন। সুতরাং বিষয়-সম্ভোগে বিরত হইয়া, স্বকীয় প্রিয় পত্নী দেবযানীকে সম্বোধন পূর্ব্বক নিম্নলিখিত ইতিহাস বর্ণন করিলেন ॥ ১ ॥

হে ভার্গব-নন্দিনি! আমার ন্যায় একজন কামুক ব্যক্তি গ্রামে বাস করিত।

আভাস।

ঊনবিংশ অধ্যায়ে যযাতির বৈরাগ্যোদয় হেতু ছাগের ন্যায় স্বীয় আচরণ দেবযানীকে শ্রবণ করাইয়া, স্বয়ং বানপ্রস্থাবলম্বনে মোক্ষ লাভ করেন ॥

বস্ত একো বনে কশ্চিদ্বিচিন্বন্ প্রিয়মাত্মনঃ।
দদর্শ কূপে পতিতাং স্বকর্ম্মবশগামজাং ॥ ৩ ॥
তস্যা উদ্ধরণোপায়ং বস্তঃ কামী বিচিন্তয়ন্।
ব্যধত্ত তীর্থমুদ্ধৃত্য বিষাণাগ্রেণ রোধসি।
সোত্তীর্য্য কূপাৎ সুশ্রোণী তমেব চকমে কিল। ৪ ॥
তয়া বৃতং সমুদ্বীক্ষ্য বহ্বোঽজাঃ কান্তকামিনীঃ।

অন্বয়ঃ।

একঃ অসহায়ঃ কশ্চিৎ বস্তঃ ছাগঃ মেষঃ বা, বনে আত্মনঃ প্রিয়ং বিচিন্বন্ কূপে পতিতাং কর্ম্মবশগাং কাঞ্চিৎ অজাং দদর্শ ॥ ৩ ॥

তস্যাঃ অজায়াঃ উদ্ধারণোপায়ং বিচিন্তয়ন্ কামী বস্তঃ মেষঃ রোধসি কূপতটে, বিষাণাগ্রেণ মৃদাদিকং উদ্ধৃত্য তীর্থং নির্গমায় মার্গং ব্যধত্ত কৃতবান্। অনেন সা সুশ্রোণী কূপাৎ উত্তীর্য্য নির্গত্য, তং বস্তং এব কিল চকমে ॥ ৪ ॥

তয়া অজয়া বৃতং শ্রেষ্ঠং প্রেমযুক্তং, মীঢ্বাংসং রেতঃসেক্তারং, যাভকোবিদং (যাভে মৈথুনে

শ্রীধরস্বামী।

আত্মানমনুলক্ষ্যাহ বস্ত ইতি প্রিয়মনুলক্ষ্যাহ অজামিতি বনে সংসারে প্রিয়ং বিষয়ং ॥ ৩ ॥

রোধসি তটে। বিষাণাগ্রেণ মৃদাদিকমুদ্ধৃত্য তীর্থং নির্গমায় মার্গং ব্যধত্ত ॥ ৪ ॥

বহ্বঃ ইতি শর্ম্মিষ্ঠাপ্রমুখাঃ কাময়ামানুঃ। কান্তং প্রতি কামিনীঃ কামবত্যঃ পীবানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বস্তশ্ছাগঃ অতিশয়োক্ত্যা যযাতিঃ। বনে সংসারে। প্রিয়ং বিষয়সুখং। অজাং দেবযানীং ॥৩॥
রোধসি তটে বিষাণাগ্রেণ মৃদাদিমুদ্ধৃত্য তীর্থং নির্গমমার্গং ব্যধত্ত ॥ ৪ ॥

তাহার আচরণের কথা শ্রবণে বনবাসী বিবেকী ব্যক্তিগণ যেরূপ দুঃখ প্রকাশ করিতেন, তদ্বিষয় আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর! ॥ ২ ॥

তাঁহারা দুঃখ-প্রকাশ উপলক্ষে বর্ণন করিয়াছিলেন যে, কোন সময়ে একটী ছাগ বনমধ্যে আপনার একটী প্রিয়পাত্রের অনুসন্ধানে বিচরণ করত, অকস্মাৎ কোন একটী অজাকে নয়ন-গোচর করিল। কিন্তু সেই অজা নিজ কর্ম্ম-দোষে তৎকালে একটী কূপ মধ্যে নিপতিতা ছিল ॥ ৩ ॥

ছাগ তখন কূপতটস্থ মৃত্তিকা উদ্ধরণ পূর্ব্বক ছাগীর নির্গমণার্থ একটী পথ প্রস্তুত করিল; তখন ঐ ছাগী সেই বর্ত্ম অবলম্বনে কূপ হইতে নির্ম্মুক্ত হইয়া, স্বীয় উদ্ধার-কর্ত্তা সেই ছাগ পশুকেই আপনার অভিপ্রেত স্বামিরূপে প্রার্থনা করিল ॥ ৪ ॥

পীবানং শ্মশ্রুলং প্রেষ্ঠ মীঢ্বাংসং যাভকোবিদং ॥ ৫ ॥
স একোঽজবৃষস্তাসাং বহ্বীনাং রতিবর্দ্ধনঃ।
রেমে কামগ্রহগ্রস্ত আত্মানং নাববুধ্যত ॥
তমেব প্রেষ্ঠতময়া রমমাণমজান্যয়া।
বিলোক্য কূপসংবিগ্না নাম্ষ্যদ্বস্তুকর্ম্ম তৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

কোবিদং অভিজ্ঞঃ শ্মশ্রুলং পীবানং পুষ্টাঙ্গং, বস্তুং মেষং সমুদীক্ষ্য ততঃ অন্যাঃ অপি বহ্ব্যঃ অজাঃ কান্তকামিনীঃ কান্তং প্রতি কামবত্যঃ জাতাঃ ॥ ৫ ॥

সঃ একঃ এব অজবৃষঃ বস্তুশ্রেষ্ঠঃ তাসাং বহ্বীনাং অজানাং রতিবর্দ্ধনঃ প্রীতিজনকঃ স্বয়ং চ কামগ্রহেণ গ্রস্তঃ সন্ তাভিঃ রেমে। আত্মানং দেহাদিবিলক্ষণস্বরূপং ন অববুদ্ধ্যত ন অনুসন্ধিবান্ ॥

তং এব প্রেষ্ঠতমং স্বপতিং অন্যয়া অজয়া সহ রমমাণং বিলোক্য কূপসংবিগ্না কূপপতিতা, সা অজা তৎ অজান্তরেণ রমনরূপং বস্তুস্য কর্ম্ম, ন অমৃষ্যৎ ন অসহত ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

পুষ্টং। শ্মশ্রুলং শ্মশ্রুবহুলং রতিসমর্থমিত্যর্থঃ। মীঢ্বাংসং রেতঃসেক্তারং। যাভে মৈথুনে কোবিদং অভিজ্ঞং অতএব প্রেষ্ঠং ॥ ৫ ॥

নাববুধ্যত নাববুধ্যত ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজাঃ শর্ম্মিষ্ঠাদ্যাঃ কান্তং কাময়িতুং শীলং যাসাং তাঃ কান্তকামিন্যঃ তমেব কাময়ামাসুঃ। মীঢ্বাংসং রেতঃসেক্তারং। যাভে মৈথুনে কোবিদং পণ্ডিতং ॥ ৫ ॥

অন্যয়া অজয়েত্যাহিতাগ্ন্যাদিত্বাৎ পরনিপাতঃ। কূপসংবিগ্না দেবযানী ॥ ৬ ॥

নবীন যৌবন-সম্পন্না ছাগী সেই মেষকে পতিরূপে গ্রহণ করিলে, তত্রত্য অন্যান্য অনেকগুলি অজা সেই বিশাল শ্মশ্রু-বিশিষ্ট স্থূল-কলেবর রতিসমর্থ রেতঃসেক্তা মেষকে কান্তরূপে পরিগ্রহণার্থ নিতান্ত অভিলাষিণী হইল ॥ ৫ ॥

এই প্রকারে সেই পুরুষ অজা বহু পত্নীর পতি হইয়া, তাহাদের রতিবর্দ্ধনে একাকী রতিসুখে কালাতিপাত করিতে লাগিল। কিন্তু কাম গ্রহের প্রভাবে সম্পূর্ণ অভিভূত হইয়া, বস্তু আত্মহারা হইল ॥

কিন্তু অন্যান্য অজা সহ রমণে উন্মত্ত অনুভব করিয়া, কূপ-নিপতিতা প্রথমা অজাপত্নী মেষের তাদৃশ ব্যবহার সহ্য করিতে পারিল না ॥ ৬ ॥

সে ভাবিল যে, পুরুষগণের হৃদয়ে প্রকৃত স্নেহ নাই। তাহারা কপট প্রেমের পরিচয়ে একটী কামিনীর হৃদয়কে আকৃষ্ট করত, পুনঃ অন্য পত্নীতে

তং দুর্হৃদং সুহৃদ্রূপং কামিনং ক্ষণসৌহৃদং।
ইন্দ্রিয়ারামমুৎসৃজ্য স্বামিনং দুঃখিতা যযৌ ॥ ৭ ॥
সোঽপি চানুগত স্নৈণঃ কৃপণ স্তাং প্রসাদিতুং।
কুর্ব্বন্নিড়িবিড়াকারং নাশক্নোৎ পথি সন্ধিতুং ॥ ৮ ॥
তস্য তত্র দ্বিজঃ কশ্চিদজাস্বাম্যচ্ছিনদ্রুষা।

অন্বয়ঃ।

তং দুর্হৃদং কাপট্যযুক্তান্তঃকরণং সুহৃদ্রূপং প্রেমবত্তেন প্রতীয়মানং ক্ষণসৌহৃদং কামিনং ইন্দ্রিয়ারামং ইন্দ্রিয়বর্গবশবর্ত্তিনং স্বামিনং বস্তং উৎসৃজ্য দুঃখিতা অজা স্বামিনং স্বপালয়িতারং প্রতি যযৌ ॥ ৭ ॥

সঃ স্নৈণঃ অতঃ কৃপণঃ বস্তঃ অপি তাং প্রসাদিতুং ইড়বিড়াকারং বস্তজাতি-শব্দং কুর্ব্বন্ অনুগতঃ তথাপি পথি তাং সন্ধিতুং প্রসাদয়িতুং ন অশক্নোৎ ॥ ৮ ॥

তত্র তস্যাঃ অজায়াঃ স্বামী প্রতিপালকঃ কশ্চনঃ দ্বিজঃ অস্য অজস্য লম্বন্তং বৃষণং অণ্ডং

শ্রীধরস্বামী।

স্বামিনমিতি শুক্রাভিপ্রায়েণ ॥ ৭ ॥ ইড়বিড়াকারং শব্দং। সন্ধিতুং প্রসাদয়িতুং ॥ ৮ ॥ বৃষণমচ্ছিনৎ জরয়া সম্ভোগাসমর্থমকরোৎ। অর্থায় স্বপুত্র্যাঃ কামভোগায়। যোগবিৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বামিনমিতি শুক্রাভিপ্রায়েণোক্তৌ বিরুদ্ধ-মতিকৃদ্দোষ আর্ষত্বাৎ সোঢ়ব্যঃ। স্বামিনৈশ্বর্য্য ইতি পাণিনি স্মরণাৎ স্বামিশব্দোঽপি ন কেবলং পতিপর্য্যায়ো দুষ্টঃ। যদ্বা স্বামিনং তং যযাতিমুৎসৃজ্য যযৌ ॥ ৭ ॥

ইড়বিড়াকারং বস্ত-জাতি-শব্দং। সন্ধিতুং প্রসাদয়িতুং ॥ ৮ ॥

দ্বিজঃ শুক্রাচার্য্যঃ। অজা শুক্রস্য স্ত্রী তস্যাঃ স্বামী সএব বৃষণমচ্ছিনৎ। জরয়া

আসক্ত হয়। তাহাদের সৌহার্দ্দ ক্ষণস্থায়ী; ইন্দ্রিয়-চরিতার্থ করিবার উপলক্ষে কপট প্রেমেরই পরিচয় দেয় মাত্র। এই ভাবিয়া সেই কূপ-নির্গতা ছাগী অত্যন্ত দুঃখিত-চিত্তে স্বীয় পতিকে আপন মর্ম্মবেদনা অবগত করাইল ॥ ৭ ॥

স্ত্রীর কথা শুনিয়া, প্রেমিক মেষ উদ্বিগ্ন হইল এবং স্বীয় জাত্যুচিত ভাষায় শব্দ করত পত্নীকে প্রসন্ন করিতে চেষ্টা করিল। কিন্তু পতি পরিত্যাগে অন্যত্র চলিয়া যাইবার জন্য কৃত-সংকল্পা অজা-কামিনীকে কিছুতেই তাহার সংকল্প হইতে মেষ নিরস্ত করিতে পারিল না ॥ ৮ ॥

এই ছাগীর প্রতিপালক একজন ব্রাহ্মণ ছিলেন। ছাগী ক্রোধ ভরে সেই প্রতিপালকের সমীপে উপনীত হইলে, ব্রাহ্মণ তৎসহ উক্ত মেষকে দেখিয়া ক্রোধ প্রকাশে তাহার অণ্ডকোষ ছেদন করিয়া লইলেন। ব্রাহ্মণ যোগী!

লম্বন্তং বৃষণং ভূয়ঃ সন্দধেঽর্থায় যোগবিৎ ॥ ৯ ॥
সংবব্ধবৃষণঃ সোঽপি ছজয়া কূপলব্ধয়া।
কালং বহুতিথং ভদ্রে কামৈ র্নাদ্যাপি তুষ্যতি ॥
তথাহং কৃপণঃ সুভ্রু ভবত্যাঃ প্রেময়ন্ত্রিতঃ।
আত্মানং নাভিজানামি মোহিত স্তব মায়য়া ॥ ১০ ॥

অন্বয়ঃ।

কৃষা ক্রোধেন অচ্ছিনৎ ; কিন্তু যোগবিৎ সঃ ভূয়ঃ পুনঃ অর্থায় স্বপ্রয়োজনায়, বৃষণং সন্দধে ॥৯॥

সংবব্ধবৃষণঃ সঃ অজঃ অপি কূপ-লব্ধয়া অজয়া বহুতিথং কালং ভোগান্ ভুঞ্জানঃ তৈঃ কামৈঃ বিষয়ভোগৈঃ হে ভদ্রে ! অদ্যাপি ন তুষ্যতি অলমিতি ন মন্যতে ॥

হে সুভ্রু ! তথা বস্তবৎ অহং অপি ভবত্যাঃ তব প্রেম্না যন্ত্রিতঃ বশীকৃতঃ তব মায়য়া বিভ্রমাদিরূপয়া মোহিতঃ অধুনা অপি আত্মানং ন অভিজানামি ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

উপায়জ্ঞঃ। জরা ব্যত্যাসেন রতিশক্তিং দদাবিত্যর্থঃ ॥ ৯ ॥

কূপলব্ধয়া সহ কামৈঃ সেব্যমানৈ ন তুষ্যতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্ভোগাসমর্থমকরোৎ। ভূয়ঃ প্রসন্নঃ সন্নর্থায় কামভোগায় সন্দধে বৃষণং যথাস্থিতমকরোৎ। জরাং ব্যত্যয়েন যৌবনযুক্তং চকার। যোগবিৎ উপায়জ্ঞঃ ॥ ৯ ॥

কূপলব্ধয়া কামলব্ধয়েতি প্রাঠদ্বয়ং। বহুতিথং কালং ব্যাপ্যাপি সেব্যমানৈরদ্যাপি ন তুষ্যতি ন তৃপ্যতি ॥

মোহিত স্তব মায়য়েতি মম জীবস্য ত্বমেব মূর্ত্তিমত্যবিদ্যেতি ভাবঃ ॥ ১০ ॥

যোগবলে মেষের বৃত্তান্ত অন্তরে অবগত হইয়া, স্বীয় তপস্যার প্রভাবে সেই মেষের অণ্ডকোষ পুনরায় মেষের অঙ্গেই সংলগ্ন করিয়া দিলেন। ৯ ॥

মেষ তখন স্বীয় অণ্ডকোষ লাভে পরিতুষ্ট হইয়া সেই ছাগী সহ রমণ-সম্ভোগে বহুকাল অতিবাহিত করিল। কিন্তু দুঃখের বিষয় এই যে, যতই রতিরসে মত্ত হইল, তাহাতে তাহার কোনরূপ শান্তি বা প্রচুর সুখ বোধ হইল না ॥

যযাতি বলিলেন, হে সুলোচনে ! এই মেষ-পশুর ন্যায়, আমিও তোমার প্রেমে সম্পূর্ণ মুগ্ধ হইয়াছি ! অহো ! তোমার হাব, ভাব এবং লাবণ্যাদির প্রকাশক মায়ায় আমি এতই বিমোহিত হইয়াছি যে, অদ্যাবধি আত্মস্বরূপের অবধারণে সম্পূর্ণ অসমর্থ হইলাম। ॥ ১০ ॥

কেবল নারীর প্রেম বা রতিক্রিয়া কেন ! পৃথিবীতে যে কিছু ব্রীহি যব,

যৎ পৃথিব্যাং ব্রীহি-যবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ।
ন দুহ্যন্তি মনঃপ্রীতিং পুংসঃ কামহতস্য তে ॥ ১১ ॥
ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে ॥ ১২ ॥
যদা ন কুরুতে ভাবং সর্ব্বভূতেষমঙ্গলং।

অন্বয়ঃ।

যৎ যে পৃথিব্যাং ব্রীহিযবাদয়ঃ বিষয়াঃ তে সর্ব্বে অপি কামহতস্য তৃষ্ণাগ্রস্তস্য পুংসঃ মনসঃ প্রীতিং সন্তোষং ন দুহ্যন্তি ন পূরয়ন্তি ॥ ১১ ॥

জাতু কদাচিৎ অপি কামানাং উপভোগেন কামঃ বিষয়ভোগাভিলাষঃ ন শাম্যতি কিন্তু হবিষা ঘৃতেন, কৃষ্ণবর্ত্মা বহ্নিঃ ইব ভূয়ঃ বর্দ্ধতে এব ॥ ১২ ॥

যদা ভূতেষু পদার্থমাত্রেষু অমঙ্গলং ইদং শোভনং ইদং অশোভনং ইতি বৈষম্যং ভাবং ন

শ্রীধরস্বামী।

নন্বু তর্হি পুনরপি বহবো বিষয়াঃ সেব্যন্তাং ততো মনসি প্রীতে সতি কামোপশান্ত্যা মোহো নিবর্ত্তেতেতি চেত্তত্রাহ যদিতি দ্বাভ্যাং। ন দুহ্যন্তি ন পূরয়ন্তি ॥ ১১ ॥

হবিষা ঘৃতেন কৃষ্ণবর্ত্মা অগ্নিরিব ॥ ১২ ॥

তর্হি কদা কেনোপায়েন মনসঃ সম্পূর্ণা প্রীতিঃ স্যাৎ। যদা কামোপশমঃ স্যাদিত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ননু ত্বং সম্রাট্ পূর্ণকামোঽসি বিষয়ানন্দেনাত্মানং রময়ন্ স্তব কথমেতাবদ্দৈন্যং সম্ভবেত্তত্রাহ যদিতি। ন দুহ্যন্তি ন পূরয়ন্তি কামহতস্যেতি কামহতত্বমেবাপূর্ণকামত্বে কারণমিতি ভাবঃ ॥ ১১ ॥

ননু যাবান্তে কাম স্তাবানেব ততোঽপ্যধিক-প্রমাণো বা বিষয় উপভুজ্যতাং মহাসম্পন্নস্য তব অকৃচন্দন-বনিতাদি-বিষয়াণাং কিমল্পত্বমিত্যত আহ। ন জাতিতি। কৃষ্ণবর্ত্মা অগ্নিঃ; তস্মাদশান্তকামস্য সদা দুঃখমেবেত্যতঃ শান্তকাম এব সুখীতি ভাবঃ ॥ ১২ ॥

শান্তকামস্যাসাধারণং লক্ষণমাহ যদেতি সর্ব্বভূতেষু স্বদ্বেষ্টৃষ্বপি অমঙ্গলং দ্বেষং ন কুরুত

হিরণ্য, পশু এবং স্ত্রী আছে, সে সমস্ত যদি একজনেরও ভোগ্য হয়, তথাপি সেই কামোপহত-চিত্ত কামুকের হৃদয়ে কিছুতেই শান্তি লাভ হইবে না ॥ ১১ ॥

কারণ কামভোগের দ্বারা কাম-প্রবৃত্তির কখন চরিতার্থতা ঘটে না। হবি এবং ইন্ধন যোগে হুতাশন কখন নিবৃত্ত না হইয়া বরং উত্তরোত্তর যেমন পরিবর্দ্ধিত হইয়াই থাকে, ভোগ্য সম্পর্কে ভোগ-আলসা সেইরূপ উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়াই থাকে, সন্দেহ নাই ॥ ১২ ॥

পদার্থ মাত্রেরই শোভন এবং অশোভন বলিয়া উভয়ভাবই পরিহার পূর্ব্বক ভোগ্য-বিষয়ের বিচারে যখন আর চিত্ত অগ্রসর হয় না, তখনই তাদৃশ চিত্তকে

সমদৃষ্টে স্তদা পুংসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ ॥ ১৩ ॥
যা দুস্ত্যজা দুর্ম্মতিভি র্জীর্য্যতো যা ন জীর্য্যতি।
তাং তৃষ্ণাং দুঃখনিবহাং শর্ম্মকামো দ্রুতং ত্যজেৎ ॥ ১৪
মাত্রা স্বস্রা দুহিত্রা বা নাবিবিক্তাসনো ভবেৎ।
বলবানিন্দ্রিয়গ্রামো বিদ্বাংসমপি কর্ষতি ॥

অন্বয়ঃ।

কুরুতে তদা সমদৃষ্টেঃ প্রাকৃতত্বেন সর্ব্বত্র দুঃখহেতুত্বং পশ্যতঃ পুংসঃ সর্ব্বাঃ এব দিশঃ সুখময়াঃ এব ॥ ১৩ ॥

যা তৃষ্ণা দুর্ম্মতিভিঃ দুস্ত্যজা ত্যক্তুমশক্যা; জীর্য্যতঃ বয়োহানিং প্রাপ্নুবতঃ, অপি পুংসঃ যা তৃষ্ণা ন জীর্য্যতি জীর্ণতাং ন প্রাপ্নোতি; দুঃখনিবহাং (দুঃখানি নিতরাং বহতি ইতি তথা-ভূতাং) তাং তৃষ্ণাং শর্ম্মকামঃ জনঃ দ্রুতং ত্যজেৎ ॥ ১৪ ॥

মাত্রা স্বস্রা, দুহিত্রা বা মাত্রাদীনাং অন্যতময়া অপি অবিবিক্তং সংকীর্ণং আসনং যস্য তথাভূতঃ ন ভবেৎ। যতঃ বলবান্ ইন্দ্রিয়াণাং গ্রামঃ বিদ্বাংসং বিবেকিনং অপি কর্ষতি স্ত্রীসম্ভোগাদৌ প্রবর্ত্তয়তি ॥

শ্রীধরস্বামী।

যদেতি ষড়্ভিঃ। অমঙ্গলং ভাবং রাগদ্বেষাদিবৈষম্যং ॥ ১৩ ॥

দুঃখানি নিতরাং বহতীতি তথা তাং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি। স্বসংমানাদি কামসত্ত্বে এবাবমানাদিকর্ত্তরি দ্বেষঃ সংভবেদিতি ভাবঃ। সমদৃষ্টেঃ ব্যাবহারিক-নিন্দা-স্তত্যাদিষু তুল্যবুদ্ধেঃ সুখময়াঃ সুখময়াঃ ॥ ১৩ ॥

সর্ব্বসংহর্ত্তা কালোঽপি কামনায়াঃ সংহারে ন হেতু রিত্যাহ যেতি। যদ্বা দুরূপশমায়া অপি কামনায়া উপশমে সাধনমাহ যেতি। জীর্য্যতঃ জরাং প্রাপ্নুবতোঽপি লোকস্য শর্ম্মকামঃ স্বশত্রূণামপি যো মঙ্গলং কাময়তে সঃ ॥ ১৪ ॥

কিঞ্চ স্ত্রীবিষয়ঃ কামস্তু সদাচারেণৈব শাম্যতীতি সদাচারং দর্শয়তি মাত্রেতি। অবিবিক্তং অপৃথগ্ভূতমাসনং যস্য সঃ। বিদ্বাংসমপ্যাকর্ষতি ॥

সমদর্শী বলিয়া স্বীকার করা যায়। তাদৃশ ব্যক্তি সর্ব্বত্রই দুঃখের নিদানভূত সম্পর্ককে দূরে নিক্ষেপ করত, সর্ব্বত্র সুখময় ভাবেরই উপলব্ধি করেন ॥ ১৩ ॥

অহো! বিষয়-ত্যাগ কিছু কঠিন নহে! বিষয়-সম্ভোগের লালসা পরিত্যাগ করাই দুরূহ। কামুক ব্যক্তিগণ কাল-সহকারে জীর্ণ শীর্ণ হইতেছে বটে, কিন্তু তাহাদের অন্তরস্থ কাম-পিপাসার কণা মাত্র ক্ষয় হয় না, বা অবসন্ন হয় না। অতএব বিষয়-পিপাসাই যাবতীয় অনর্থের মূল। সুতরাং শান্তি-লাভের প্রার্থনায় বিচক্ষণ পণ্ডিতগণ সর্ব্বানর্থপ্রদ ভব-তৃষ্ণাকেই সর্ব্বাগ্রে

পূর্ণং বর্ষসহস্রং মে বিষয়ান্ সেবতোঽসকৃৎ।
তথাপি চানুসবনং তৃষ্ণা তেষূপজায়তে॥
তস্মাদেতামহং ত্যক্ত্বা ব্রহ্মণ্যাধায় মানসং।
নির্দ্বন্দ্বো নিরহঙ্কার শ্চরিষ্যামি মৃগৈঃ সহ॥ ১৫॥

অন্বয়ঃ।

অসকৃৎ পুনঃ পুনঃ বিষয়ান্ অনুসেবতঃ ভুঞ্জানস্য অপি মে মম বর্ষসহস্রং পূর্ণং অভূৎ; তথাপি অনুসবনং তত্তদ্বিষয়ানুভব-সময়ং অনতিক্রম্য তেষু বিষয়েষু তৃষ্ণা এব উপজায়তে॥

তস্মাৎ এতাং তৃষ্ণাং ত্যক্ত্বা ব্রহ্মণি মানসং আধায় সমর্প্য নির্দ্বন্দ্বঃ নিরহঙ্কারঃ সন্ মৃগৈঃ সহ মৃগবৎ বনে বিচরিষ্যামি॥ ১৫॥

শ্রীধরস্বামী।

স্ত্রীসন্নিধানন্তু সর্ব্বথা ত্যাজ্যমিত্যাহ মাত্রেতি। অবিবিক্তং সংকীর্ণমাসনং যস্য সঃ। কর্ষতি আকর্ষাত॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষয়াভিনিবেশস্য কাল-দুর্জ্জয়ত্বেঽহমেব দৃষ্টান্ত ইত্যাহ পূর্ণমিতি॥

ননু তর্হি কস্মাৎ তস্য্যা উপশমস্তত্র ভগবদ্রূপগুণাদৌ মনোনিধানাদিত্যাহ মানসং আধায়েতি নিরাকারস্য ধ্যানং ন সংভবতীতি সাকারে ব্রহ্মণীত্যর্থঃ। ভাগবতীং গতিং লেভে ইত্যগ্রেতনোক্তেশ্চ। মৃগৈঃ সহেতি এতাবন্তং কালং ভবত্যাঃ ক্রীড়ামৃগঃ সন্ গৃহাঙ্গনে নৃত্যমকরবং অতঃপরন্তু বনে মৃগৈঃ কৃষ্ণসারৈঃ সহৈবং কৃষ্ণলীলামগ্নো নর্ত্তিষ্যামীতি ভাবঃ॥১৫॥

পরিত্যাগ করিয়া থাকেন॥ ১৪॥

অধিক কি! মাতা, ভগিনী এবং কন্যার সহিতও কখন একত্র নির্জ্জন স্থানে অবস্থান করা কর্ত্তব্য নহে; কারণ ইন্দ্রিয়গ্রাম অতীব বলবান্; জ্ঞানবান্ পণ্ডিতের চিত্তকেও অবসর পাইলে, অসৎ কর্ম্মে প্রবৃত্ত করায়, সন্দেহ নাই॥

অহো! নিরন্তর বিষয়-সম্ভোগ করিতে করিতে আমার প্রায় দশ সহস্র বৎসর পরিপূর্ণ হইল; তথাপি উপভুক্ত বিষয়ের ভোগেচ্ছা আমার উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হইতেছে॥

অতএব আমি এক্ষণে ভোগ-পিপাসা পরিত্যাগ করিয়া পরাৎপর পূর্ণব্রহ্মে চিত্ত সমাহিত করিব! এবং সুখ দুঃখাদি দ্বন্দ্ব বিষয়ে উপেক্ষা করত, নিরভিমানে বনচারী মৃগকুলের সহিত বনে বনে বিচরণ করিব॥ ১৫॥

ঐহিকের-সুখ সমৃদ্ধি এযাবৎ আমি যাহা অনুভব করিয়াছি এবং পরলোকে স্বর্গাদি যে সকল সুখ ভোগের কথা যাহা শুনিয়াছি, এক্ষণে তৎসম্বন্ধে আর আমি কিছুমাত্র চিন্তা করিব না এবং তৎসম্বন্ধে কোনরূপ আকাঙ্ক্ষাও রাখিব না। কারণ এই সকল বিষয়ের স্মরণে এবং সংকল্পেই যে দুরন্ত সংসার-স্রোতে

দৃষ্ট শ্রুতমসদ্বুদ্ধ্যা নানুধ্যায়েন্ন সংবিশেৎ।
সংসৃতিঞ্চাত্মনাশঞ্চ তত্র বিদ্বান্ স আত্মদৃক্॥
ইত্যুক্ত্বা নাহুষো জায়াং তদীয়ং পূরবে বয়ঃ।
দত্ত্বা স্বজরসং তস্মাদাদদে বিগতস্পৃহঃ॥
দিশি দক্ষিণপূর্ব্বস্যাং দ্রুহ্যং দক্ষিণতো যদুং।
প্রতীচ্যাং তুর্ব্বসুঞ্চক্রে উদীচ্যামনুমীশ্বরং॥ ১৬॥

অন্বয়ঃ।

দৃষ্টং ঐহিক-বিষয়-জাতং, শ্রুতং আমুষ্মিকং বিষয়জাতং, অসৎ তুচ্ছং অপুরুষার্থরূপং বুদ্ধ্যা তথা তত্র বিষয়ধ্যানাদৌ জন্ম-মরণাদি-রূপাং সংসৃতিং আত্মনঃ স্বরূপস্য পুরুষার্থ-ভূতস্য নাশং তিরোধানং চ বিদ্বান্ জানন্ যঃ পুমান্ ন অনুধ্যায়েৎ ন সংবিশেৎ ন চ উপভুঞ্জীত সঃ এব আত্মদৃক্ ভবতি॥

বিগতস্পৃহঃ নাহুষঃ যযাতিঃ, জায়াং দেবযানীং, ইতি উক্ত্বা পূরবে তদীয়ং বয়ঃ যৌবনং দত্ত্বা স্বজরসং তস্মাৎ আদদে॥

ততঃ দক্ষিণ-পূর্ব্বস্যাং দিশি দ্রুহ্যং, দক্ষিণতঃ দক্ষিণস্যাং দিশি যদুং, প্রতীচ্যাং তুর্ব্বসুং তথা উদীচ্যাং অনুং ঈশ্বরং অধিপতিং চক্রে॥ ১৬॥

শ্রীধরস্বামী।

ননু তৃষ্ণাত্যাগস্যাতিদুষ্করত্বাৎ কথং ব্রহ্মণি মনস আধানং স্যাত্তত্রাহ দৃষ্টমিতি। যো নানুধ্যায়েৎ ন সংবিশেৎ ন চোপভুঞ্জীত। তত্র দৃষ্ট-শ্রুতয়োরনুধ্যানাদৌ। স আত্মদৃগ্ ভবতি॥১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্ববিচারেণাপি বিষয়ধ্যানং ত্যক্তুং ভগবদ্ধ্যান-পরিপাকে সত্যেব শক্নুয়াদিত্যাহ দৃষ্টমিতি। য আত্মদৃক্ ধ্যানেনাত্মানং ভগবন্তং পশ্যতি স এবং দৃষ্টং শ্রুতঞ্চ বিষয়সুখং অসৎ অসাধুত্বাদরোচকং বুদ্ধা ন পুনঃ পুনর্দ্ধ্যায়েৎ ন চোপভুঞ্জীত কিন্তু তত্র দৃষ্টশ্রুত-ধ্যানে এব সংসৃতিং আত্মনাশমাত্মঘাতঞ্চ বিদ্বান্ জানন্॥ ১৬॥

পতিত জীব আত্মহারা হয়, তাহাতে আর সন্দেহ নাই। অতএব ভোগ-দোষ যাঁহার অবধারণ করা আছে, তিনিই প্রকৃত আত্মদর্শী॥

নহুষ-পুত্র যযাতি প্রণয়িনী দেবযানীকে এইরূপ বলিয়া, নিজে ভোগ-লালসা পরিত্যাগ করিলেন এবং কনিষ্ঠ পুত্র পূরুকে তদীয় যৌবন প্রত্যর্পণ পূর্ব্বক স্বীয় জরা তাঁহার নিকট হইতে প্রতিগ্রহণ করিলেন॥

অনন্তর যযাতি দক্ষিণ-পূর্ব্ব ভাগে দ্রুহ্য, দক্ষিণ দিকে যদু, পশ্চিম দিকে তুর্ব্বসু এবং উত্তর দিকে অনুকে অধীশ্বররূপে স্থাপন করিলেন॥ ১৬॥

কনিষ্ঠ পুত্র পূরু সর্ব্বগুণে অলঙ্কৃত; সুতরাং সমগ্র ধরণী মণ্ডলের যাবতীয়

ভূমণ্ডলস্য সর্ব্বস্য পূরুমর্হত্তমং বিশাং।
অভিষিচ্যাগ্রজাংস্তস্য বশে স্থাপ্য বনং যযৌ॥ ১৭॥
আসেবিতং বর্ষপূগান্ ষড়্বর্গং বিষয়েষু সঃ।
ক্ষণেন মুমুচে নীড়ং জাতপক্ষ ইব দ্বিজঃ॥ ১৮॥
স তত্র নির্মুক্ত-সমস্তসঙ্গ আত্মানুভূত্যা বিধুতত্রিলিঙ্গঃ।

অন্বয়ঃ।

পূরুং কনিষ্ঠং অপি সর্ব্বস্য ভূমণ্ডলস্য অধিপতিং অভিষিচ্য অগ্রজান্ যদ্বাদীন্ তস্য বশে স্থাপ্য যযাতিঃ বনং যযৌ॥ ১৭॥

সঃ যযাতিঃ বর্ষপূগান্ বর্ষসমূহান্ বিষয়েষু শব্দাদিষু আসেবিতং অনুভূতং ষড়্বর্গং ষড়িন্দ্রিয়সুখং জাতপক্ষঃ দ্বিজঃ বিহঙ্গমঃ, নীড়ং ইব ক্ষণেন মুমুচে উপেক্ষিতবান্॥ ১৮॥

সঃ প্রতীতঃ প্রখ্যাতঃ, যযাতিঃ তত্র বনে পরে ব্রহ্মণি অমলে বাসুদেবে আত্মানুভূত্যা (আত্মপরমাত্ম-স্বরূপ-সাক্ষাৎকারেণ) বিধুত-ত্রিলিঙ্গঃ (বিধুতং ত্রিলিঙ্গং ত্রিগুণকার্য্যং যস্মাৎ

শ্রীধরস্বামী।

তস্য পুরোর্ব্বংশে স্থাপয়িত্বা॥ ১৭॥

বিষয়েষু শব্দাদিষু আসেবিতং ষড়্বর্গং ষড়িন্দ্রিয়সুখং। মুমুচে তত্যাজ। যদ্বা বিষয়েষু আসেবিতং সেবাং কারিতং যস্মাৎ ইন্দ্রিয়াণাং বর্গং মুমুচে উপেক্ষতেত্যর্থঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশাং সর্ব্বভূমণ্ডল-সম্বন্ধি-ধনানাং অর্হত্তমং অতিশয়েনার্হতীতি তং॥ ১৭॥

বর্ষপূগানপি ব্যাপ্য বিষয়েষু আসম্যক্ সেবিতমাশক্তির্যস্য তথাভূতমপি ষড়িন্দ্রিয়বর্গং ক্ষণেনৈব মুমুচে উপেক্ষত ইন্দ্রিয়াধীনো ন বভূবেত্যর্থঃ। নীড়ং মুমুচে নীড়াধীনো ন বভূবেত্যর্থঃ॥

ধন সম্পত্তির উপর পুরুর অধিকার স্থাপন এবং যদু প্রভৃতি তদীয় অগ্রজগণকে তদীয় অধীনতা স্বীকার করাইয়া, মহারাজ যযাতি বানপ্রস্থ ধর্ম্মের অনুশীলনে বনে গমন করিলেন॥ ১৭॥

অহো! বহু সম্বৎসর যাবৎ অনন্ত বিষয়-সম্ভোগের আয়োজনে যিনি মন এবং ইন্দ্রিয়বর্গের সেবায় নিমগ্ন ছিলেন, এক্ষণে জাত-পক্ষ পক্ষি-শাবক যেমন নীড়ের আর সম্বন্ধ রাখে না, অন্যত্র চলিয়া যায়; সেইরূপ রাজা যযাতি বৈরাগ্যের উদয়ে তাহার আর কোন সম্পর্কই রাখিলেন না॥ ১৮॥

তিনি মন ও ইন্দ্রিয়বর্গের আকর্ষণকে দূরে নিক্ষেপ করত, বিষয়াসক্তিকে বিসর্জ্জন করিলেন; এবং নিরন্তর আত্মস্বরূপের অনুভূতি-বলে ত্রিগুণাত্মক স্থূল সূক্ষ্ম ও কারণ দেহকে অতিক্রম করিলেন; এবং নিত্য নিরঞ্জন পরাৎপর ব্রহ্ম-

পরেঽমলে ব্রহ্মণি বাসুদেবে লেভে গতিং ভাগবতীং প্রতীতঃ ॥ ১৯ ॥
শ্রুত্বা গাথাং দেবযানী মেনে প্রস্তোভমাত্মনঃ।
স্ত্রী-পুংসোঃ স্নেহবৈক্লব্যাৎ পরিহাসমিবেরিতং ॥
সা সংনিবাসং সুহৃদাং প্রপায়ামিব গচ্ছতাং।
বিজ্ঞায়েশ্বরতন্ত্রাণাং মায়াবিরচিতং প্রভোঃ ॥

অন্বয়ঃ।

সঃ) তথা নির্মুক্তঃ ত্যক্তঃ সমস্তঃ সঙ্গঃ সংযোগঃ যেন তাদৃশঃ সন্ পরে অমলে ব্রহ্মণি বাসুদেবে ভাগবতীং ভগবদুপাসনৈকলভ্যাং গতিং লোভে প্রাপ ॥ ১৯ ॥

দেবযানী তু ভর্ত্রা কথিতাং তাং গাথাং শ্রুত্বা তয়া স্নেহবৈক্লব্যাৎ স্ত্রীপুংসোঃ সম্বন্ধে ঈরিতং কথিতং, পরিহাসং ইব আত্মনঃ প্রস্তোভং নিবৃত্তিমার্গে প্রোৎসাহনং এব মেনে ॥

ততঃ চ সা দেবযানী ঈশ্বর-তন্ত্রাণাং সুহৃদাং পতিপুত্রাদীনাং সন্নিবাসং সহবাসং গচ্ছতাং পান্থানাং প্রপায়াং পান-শালায়াং, ইব অস্থিরং অতঃ প্রভোঃ মায়াবিরচিতং ঈশ্বরেচ্ছাধীনং বিজ্ঞায় ॥

শ্রীধরস্বামী।

বিধুতং নিরস্তং ত্রিগুণাত্মকং লিঙ্গং যেন। প্রতীতঃ প্রখ্যাতঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিধুতং ত্রিগুণাত্মকং লিঙ্গং যেন সঃ। ভাগবতীং ভগবদ্ধাম্নি প্রেমবৎ পার্ষদত্বং। প্রতীতঃ খ্যাতঃ ॥ ১৯ ॥

গাথাং ছাগেতিহাসং আত্মনঃ স্বস্য প্রস্তোভমুপালম্ভনমেব বস্তুতো মেনে। স্নেহে বৈক্লব্যাদেব হেতোঃ স্ত্রীপুংসোঃ পরিহাস-তুল্যমুক্তং। তেন হে দেবযানি ময়া যদ্বং কৃপয়া পানীয়কূপাদুদ্ধৃতাভূঃ তৎপরিশোধনং ত্বয়া সম্যক্ কৃতং। যদহমেতাবন্তং কালং বিষয়-মহান্ধকূপে নিপাতিত ইতি। মৎপতির্যযাতির্মামবোচদিতি দেবযানী জানাতি স্মেতি ॥

স্বরূপ ভগবান্ বাসুদেবে আত্ম-সমর্পণ পূর্ব্বক জগতে বিখ্যাত হইয়াছিলেন এবং অন্তে ভক্ত-লভ্য পরম গতি লাভ করিয়াছিলেন ॥ ১৯ ॥

অহো! স্ত্রী পুরুষের মধ্যে ঐকান্তিক এবং অচ্ছেদ্য স্নেহ নিবন্ধন পরিহাসের ন্যায় কথিত এই অপূর্ব্ব ঐতিহাসিক বৃত্তান্তটী পতিমুখে শ্রবণ করিয়া, দেবযানী তাহাকে আপনার নিবৃত্তি-মার্গেরই উৎসাহপ্রদ বাক্য বলিয়া অবধারণ করিলেন ॥

পতি পুত্রাদি সুহৃদ্‌গণ সকলেই পরমেশ্বরের সম্পূর্ণ অধীন। সরোবরাদি জলপান করিবার স্থলে পশুকুলের তাৎকালিক মিলনের ন্যায়, বন্ধুবর্গের একত্র সমাগম ঈশ্বরেরই অধীন এবং তাহা সেই পরমেশের অনির্ব্বচনীয় মায়ার কৌশল মাত্র বলিয়া, দেবযানী অবধারণ করিলেন ॥

সর্ব্বত্র সঙ্গমুৎসৃজ্য স্বপ্নৌপম্যেন ভার্গবী।
কৃষ্ণে মনঃ সমাবেশ্য ব্যধুনোল্লিঙ্গমাত্মনঃ ॥ ২০ ॥
নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় বেধসে।
সর্ব্বভূতাধিবাসায় শান্তায় বৃহতে নমঃ ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবম স্কন্ধে যযাতি-মোক্ষ-নিরূপণং নামৈকোনবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

অন্বয়ঃ।

তথা স্বপ্নৌপম্যেন স্বপ্নদৃষ্ট-পদার্থ-দৃষ্টান্তেন সর্ব্বত্র দেহাদৌ সঙ্গং আসক্তিং, উৎসৃজ্য শ্রীকৃষ্ণে মনঃ সমাবেশ্য স্থিরীকৃত্য, ভার্গবী দেবযানী আত্মনঃ লিঙ্গং শরীরং, ব্যধুনোৎ তত্যাজ ॥ ২০ ॥

ভগবতে ঐশ্বর্য্যাদিগুণপূর্ণায়, বেধসে জগৎকারণায়, সর্ব্বভূতাধিবাসায় সর্ব্বান্তর্যামিনে সর্ব্বসাক্ষিণে শান্তায় রাগদ্বেষাদি-রহিতায় বৃহতে মহতে বাসুদেবায় শ্রীকৃষ্ণায় তুভ্যং নমো নমঃ ॥ ২১ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

প্রস্তোভমেবাহ পরিহাসমিবেতি। যদ্বা প্রস্তোভং নিবৃত্তিমার্গপ্রোৎসাহনং মেনে ॥ ২০ ॥

কথং সমাবেশ্য তদাহ নম ইতি। নমনাদিভিঃ সমাবেশ্য ইত্যর্থঃ। শ্রীশুকো বা নমস্করোতি ॥ ২১ ॥

॥ * ॥ ইতি নবমে একোনবিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রভোর্হরেঃ ॥ ২০ ॥

কেন সাধনেন কৃষ্ণে মন আবেশিতমিতি চেন্নমস্কারধ্যান-কীর্ত্তনাদিভি রিত্যাহ নম ইতি। অত্র যদা অম্বরীষঃ সপ্তদ্বীপাধিপতিশ্চক্রবর্ত্তী বভূব তদৈব যযাতি স্তন্মণ্ডলাধ্যক্ষঃ প্রায়ো ভারতবর্ষ-ভূপতি রিত্যবসীয়তে। ব্রহ্ম মরীচি কশ্যপ বিবস্বৎ শ্রাদ্ধদেবে নভগ নাভাগা-

---

সুতরাং ভার্গব-নন্দিনী দেবযানী যাবতীয় বিষয়-সুখকে স্বপ্নবৎ পরিহার করত, ভগবান্ শ্রীকৃষ্ণে চিত্ত সমর্পণ পূর্ব্বক ভৌতিক কলেবর পরিত্যাগ করিলেন ॥ ২০ ॥

প্রাণান্তকালে প্রণিহিত-মনে তিনি এই মন্ত্র পাঠ করিয়াছিলেন; যথা, হে সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন সর্ব্বভূতাধার সর্ব্বান্তর্যামিন্ বিশ্ববিধাতঃ দেব বাসুদেব! আপনাকে প্রণাম করি। আপনাতে কোনরূপ রাগদ্বেষাদি ভাব স্থান পায় না; অথচ বিশ্ব সংসারকে আপনি আপনাতে স্থান দিয়া থাকেন; সুতরাং এই জ্ঞানহীনা ললনাকে আপনি আশ্রয় দিন। আপনাকে প্রণাম করি! ॥ ২১ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনবিংশাঽধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

পুরোর্বংশং প্রবক্ষ্যামি যত্র জাতোঽসি ভারত।
যত্র রাজর্ষয়ো বংশ্যা ব্রহ্মবংশ্যাশ্চ জজ্ঞিরে ॥
জনমেজয়ো হ্যভূৎ পুরোঃ প্রচিন্বাংস্তৎসুতস্ততঃ।
প্রবীরোঽথ মনস্যুর্বৈ তস্মাচ্চারুপদোঽভবৎ ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। হে ভারত! যত্র যস্মিন্ বংশে ত্বং জাতঃ অসি, যত্র চ বংশ্যাঃ বংশে সাধবঃ বংশ-বিবর্দ্ধনাঃ রাজর্ষয়ঃ ক্ষত্রিয়-শ্রেষ্ঠাঃ, ব্রহ্মবংশ্যাঃ বংশবর্দ্ধনাঃ ব্রাহ্মণাঃ চ জজ্ঞিরে তং পুরোঃ বংশং প্রবক্ষ্যামি ॥

পুরোঃ পুত্রঃ জনমেজয়ঃ অভূৎ, তস্য সুতঃ প্রচিন্বান্ অভূৎ; ততঃ প্রবীরঃ ততঃ মনস্যুঃ তস্মাৎ চারুপদঃ পুত্রঃ অভবৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

বিংশে পিতৃ-প্রসাদাপ্ত রাজাসনমহোন্নতেঃ। পুরোর্ব্বংশেতু দৌষ্মন্তে ভরতস্যোর্য্যতে যশঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ম্বরীষা স্তথা ব্রহ্মাত্রি চন্দ্র বুধ পুরূরব আয়ু নহুষ যযাতয় ইতি ব্রহ্মাত স্তয়োরষ্টমপুরুষত্বাৎ। অতএবাম্বরীষ-সঙ্গ-প্রভাবাদেব তাদৃশ বিষয়-লম্পটস্যাপি যযাতে স্তাদৃশী ভক্তি র্যযাতেশ্চ সঙ্গাদ্দেবযান্যাশ্চ। কিঞ্চৈষামেব সূর্য্যবংশ-চন্দ্রবংশয়ো র্যুগপৎ প্রবৃত্তয়ো র্যদা সূর্য্যবংশ্যঃ সপ্তদ্বীপাধিপতিশ্চক্রবর্ত্তী স্যাত্তদা চন্দ্রবংশ্য স্তন্মণ্ডলাধ্যক্ষো রাজা। যদা চন্দ্রবংশ্য শ্চক্রবর্ত্তী তদা সূর্য্যবংশ্যো রাজেত্যুভয়-বংশ্যানাং ব্যবস্থয়া চক্রবর্ত্তিত্ব-রাজত্বে জ্ঞেয়ে ॥ ২১ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একোনবিংশো নবমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পুরুবংশেঽত্র দৌষ্মন্তে ভরতস্য কথাদ্বিতং। শাকুন্তলমুপাখ্যানং বিংশোঽধ্যায়েঽত্র

ব্যাসনন্দন শুকদেব বলিলেন, হে ভরতবংশাবতংস রাজন্ পরীক্ষিৎ! যে বংশে আপনি জন্মগ্রহণ করিয়াছেন এবং পবিত্র-চরিত্র বংশ-গৌরব-বৃদ্ধিকারী রাজর্ষিগণ যে বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন, অধিক কি! বংশবৃদ্ধিকারী ব্রাহ্মণগণও যে বংশে জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, এক্ষণে সেই পুরুর বংশ আপনার নিকট আমি কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন্! ॥

পুরুর যে পুত্র জন্মে, তাঁহার নাম জনমেজয়। তাঁহার ঔরসে প্রচিন্বান্ জন্মেন; তৎসুত প্রবীর; তৎপুত্র মনস্যু; তাঁহার পুত্র চারুপদ নামে অভিহিত হন ॥ ১ ॥

আভাস।

বিংশতি অধ্যায়ে পুরুর বংশবিবরণ এবং তদ্বংশীয় দুষ্মন্ততনয় ভরতের যশঃ বর্ণিত হইয়াছে ॥

তস্য সুহ্যুরভূৎ পুত্র স্তস্মাদ্বহুগবস্ততঃ।
সংযাতিস্তস্যাহংযাতী রৌদ্রাশ্বস্তৎসুতঃ স্মৃতঃ॥ ২॥
ঋতেয়ু স্তস্য কক্ষেয়ুঃ স্থণ্ডিলেয়ুঃ কৃতেয়ুকঃ।
জলেয়ুঃ সন্নতেয়ুশ্চ ধর্ম্মসত্যব্রতেয়বঃ॥
দশৈতেঽপ্সরসঃ পুত্রা বনেয়ুশ্চাবমঃ স্মৃতঃ।
ঘৃতাচ্যামিন্দ্রিয়াণীব মুখ্যস্য জগদাত্মনঃ।

অন্বয়ঃ।

তস্য সুহ্যুঃ পুত্রঃ অভূৎ; তস্মাৎ বহুগবঃ, ততঃ সংযাতিঃ, তস্য পুত্রঃ অহংযাতিঃ, তথা তস্য সুতঃ রৌদ্রাশ্বঃ স্মৃতঃ॥ ২॥

তস্য রৌদ্রাশ্বস্য ঘৃতাচ্যাং অপ্সরসি জগদাত্মনঃ মুখ্যস্য প্রাণস্য বশীভূতানি ইন্দ্রিয়াণি ইব এতে দশ পুত্রাঃ বভূবুঃ। তে চ ঋতেয়ুঃ কক্ষেয়ুঃ, স্থণ্ডিলেয়ুঃ কৃতেয়ুঃ জলেয়ুঃ, সন্ততেয়ুঃ, ধর্ম্মেয়ুঃ, সতেয়ুঃ, ব্রতেয়ুঃ, বনেয়ুঃ ইতি॥

তত্র ঋতয়োঃ পুত্রঃ রন্তিভাবঃ অভূৎ; হে নৃপ! তস্য ত্রয়ঃ আত্মজাঃ জাতাঃ যথা সুমতিঃ, ধ্রুবঃ, অপ্রতিরথঃ ইতি। তত্র অপ্রতিরথস্য আত্মজঃ কণ্বঃ॥

শ্রীধরস্বামী।

তৎসুতঃ অহংযাতেঃ সুতঃ॥ ২॥

ধর্ম্মেয়ুশ্চ সত্যেয়ুশ্চ ব্রতেয়ুশ্চ ধর্ম্মসত্যব্রতেয়বঃ। বনেয়ুশ্চাবমঃ স্মৃতঃ। এবং দশৈতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বর্ণ্যতে। ব্রহ্মবংশ্যাশ্চ ব্রাহ্মণ-বংশোদ্ভূতাশ্চ॥ ১॥ ২॥

তস্য রৌদ্রাশ্বস্য ঋতেয়ু প্রভৃতয়ো দশ পুত্রাঃ ধর্ম্ম-সত্যব্রতেয়বঃ ধর্ম্মেয়ুঃ সত্যেয়ুঃ ব্রতেয়ুঃ। অবমঃ কনিষ্ঠো দশম ইত্যর্থঃ॥

চারুপদের তনয় সুহ্যু; তাঁহার পুত্র বহুগব; তৎপুত্র সংযাতি; তৎপুত্র অহংযাতী এবং অহংযাতীর তনয় রৌদ্রাশ্ব নামে অভিহিত হইয়াছিলেন॥ ২॥

এই রৌদ্রাশ্বের ঔরসে ঘৃতাচী নাম্নী অপ্সরার গর্ভে ঋতেয়ু, কক্ষেয়ু, স্থণ্ডিলেয়ু, কৃতেয়ু, জলেয়ু, সন্নতেয়ু, ধর্ম্মেয়ু, সত্যেয়ু, ব্রতেয়ু, এবং বনেয়ু নামে দশটী পুত্র জন্মে। অহো! সর্ব্বব্যাপী সর্ব্বসারভূত প্রধান প্রাণশক্তির বশবর্ত্তী ইন্দ্রিয়-গ্রামের ন্যায়, এই দশটী পুত্র পিতার একান্ত বশবর্ত্তী ছিলেন। তন্মধ্যে বনেয়ু নামক পুত্রটী সর্ব্বকনিষ্ঠ॥

তন্মধ্যে ঋতেয়ুর রন্তিনাব নামে পুত্র জন্মেন; তাঁহার ঔরসে সুমতি, ধ্রুব এবং অপ্রতিরথ নামে তিনটী তনয় উৎপন্ন হন; এবং এই অপ্রতিরথের পুত্র কণ্ব নামে প্রথিত হইয়াছিলেন॥

ঋতয়োরন্তিনাবোঽভূৎ ত্রয়স্তস্যাত্মজা নৃপ।
সুমতিশ্রুবোঽপ্রতিরথঃ কণ্বোঽপ্রতিরথাত্মজঃ॥
তস্য মেধাতিথি স্তস্মাৎ প্রস্কন্নাদ্যা দ্বিজাতয়ঃ।
পুত্রোঽভূৎ সুমতেরেভি র্দুষ্মন্ত স্তৎসুতো মতঃ॥ ৩॥
দুষ্মন্তো মৃগয়াং যাতঃ কণ্বাশ্রমপদং গতঃ।
তত্রাসীনাং স্বপ্রভয়া মণ্ডয়ন্তীং রমামিব॥
বিলোক্য সদ্যো মুমুহে দেবমায়ামিব স্ত্রিয়ং॥ ৪॥
বভাষে তাং বরারোহাং ভটৈঃ কতিপয়ৈ র্বৃতঃ।
তদ্দর্শন-প্রমুদিতঃ সংনিবৃত্ত-পরিশ্রমঃ॥

অন্বয়ঃ।

তস্য পুত্রঃ মেধাতিথিঃ; তস্মাৎ প্রস্কন্নপ্রভৃতয়ঃ দ্বিজাতয়ঃ ব্রাহ্মণাঃ জজ্ঞিরে। সুমতেঃ পুত্রঃ রৈভ্যঃ অভূৎ তস্য সুতঃ দুষ্মন্তঃ মতঃ প্রখ্যাতঃ॥ ৩॥

কদাচিৎ দুষ্মন্তঃ বনে মৃগয়াং কুর্ব্বন্ যদৃচ্ছয়া কণ্বস্য ঋষেঃ আশ্রমং স্থানং গতঃ; তত্র আশ্রমে আসীনাং উপবিষ্টাং স্বপ্রভয়া আশ্রমং মণ্ডয়ন্তীং শোভয়ন্তীং দেবস্য মায়াং মোহিনী-শক্তিং রমাং ইব স্ত্রিয়ং বিলোক্য সদ্যঃ তৎক্ষণমেব মুমুহে॥ ৪॥

তস্যাঃ দর্শনেন প্রমুদিতঃ হৃষ্টঃ অতএব সন্নিবৃত্তঃ পরিশ্রমঃ যস্য সঃ দুষ্মন্তঃ কতিপয়ৈঃ ভটৈঃ বৃতঃ সন্ তাং বরারোহাং সুন্দরীং বভাসে॥

শ্রীধরস্বামী।

ঋতেষুপ্রমুখাঃ তস্য রৌদ্রাশ্বস্য ঘৃতাচ্যামপ্সরসি পুত্রা জাতাঃ। অপ্সরস ইতি ষষ্ঠী সপ্তম্যর্থে। বশবর্ত্তিত্বে দৃষ্টান্তঃ জগদাত্মনঃ জগত আত্মভূতস্য মুখ্যস্য প্রাণস্যেন্দ্রিয়াণীব॥ ৩॥

দুষ্মন্তস্য শকুন্তলায়াং ভরতঃ পুত্রোঽভবদিতি কথাদ্বারেণাহ দুষ্মন্তো মৃগয়ামিতি পঞ্চ-দশভিঃ। তমাশ্রমং মণ্ডয়ন্তীং স্ত্রিয়ং বিলোক্য মুমুহে অমুহ্যত॥ ৪॥

কণ্বের পুত্র মেধাতিথি। এই মেধাতিথির ঔরসে প্রস্কন্নাদি দ্বিজাতিগণের উৎপত্তি হয়। রন্তিনাবের পুত্র সুমতির ঔরসে রেভি নামে যে তনয় জন্মে, তাঁহার ঔরসে রাজা দুষ্মন্ত জন্ম পরিগ্রহ করেন॥ ৩॥

এক দিবস রাজা দুষ্মন্ত মৃগয়ার উপলক্ষে মহর্ষি কণ্বের আশ্রমে উপনীত হইলেন; এবং তথায় সাক্ষাৎ রমার ন্যায়, রমণীয় রূপলাবণ্যে সেই আশ্রম-স্থলকে আলোকিত করত, সমাসীনা এক রমণীকে নয়নগোচর করিলেন। দেবমায়া সদৃশী সেই তরুণীকে অবলোকন করিয়া, দুষ্মন্তের চিত্ত সম্পূর্ণ বিমোহিত হইল॥ ৪॥

কামিনীকে দেখিয়া দুষ্মন্তের হৃদয়ে এতই আনন্দ জন্মিল যে, মৃগয়ার

পপ্রচ্ছ কামসন্তপ্তঃ প্রহসন্ শ্লক্ষ্ণয়া গিরা।
কা ত্বং কমল-পত্রাক্ষি কস্যাসি হৃদয়ঙ্গমে ॥
কিং স্বিচ্চিকীর্ষিতং ত্বত্র ভবত্যা নির্জ্জনে বনে ॥ ৫ ॥
ব্যক্তং রাজন্যতনয়াং বেদ্ম্যহং ত্বাং সুমধ্যমে।
নহি চেতঃ পৌরবাণামধর্ম্মে রমতে ক্বচিৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

সঃ কামেন সন্তপ্তঃ চ প্রহসন্ শ্লক্ষ্ণয়া গিরা তাং পপ্রচ্ছ যথা হে কমলপত্রাক্ষি! হে হৃদয়ঙ্গমে মনোহরে! ত্বং কা জাতিবিশিষ্টা! কস্য কন্যা ইতি! অত্র তু নির্জ্জনে ভবত্যা ত্বয়া কিং চিকীর্ষিতং কর্ত্তুং ইষ্টং অস্তি ॥ ৫ ॥

হে সুমধ্যমে! ত্বাং অহং রাজন্যতনয়াং ব্যক্তং স্পষ্টং বেদ্মি! যতঃ হি পৌরবাণাং পুরুবংশজানাং, চেতঃ অধর্ম্মে ক্বচিদপি ন রমতে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

তস্যা দর্শনেন প্রমুদিতঃ। অতঃ সংনিবৃত্তঃ পরিশ্রমো যস্য ॥ ৫ ॥

পৌরবাণাং চেতো ন হ্যধর্ম্মে রমতে। অতো মচ্চেতসস্ত্বয়ি রমণাদেবাহং ত্বাং রাজন্যতনয়াং বেদ্মি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্সরস ইতি সপ্তম্যর্থে ষষ্ঠী। জীবস্য দশেন্দ্রিয়াণীব ॥ ৩—৫ ॥

বেদ্মীতি ত্বয়ি মচ্চেতসঃ সলোভত্বান্যথানুপপত্ত্যেতি ভাবঃ ॥ ৬ ॥

পরিশ্রম অন্তর্হিত হইল। তিনি আর বিলম্ব না করিয়া, কতিপয় অনুচরবর্গে পরিবৃত হইয়া, সেই সুন্দরী কামিনীর নিকটবর্ত্তী হইলেন; এবং তাঁহাকে সম্বোধন করত, বলিতে লাগিলেন ॥

তাঁহার হৃদয়-মধ্যে কামভাবের একান্ত উদ্দীপন হওয়ায়, দুষ্মন্ত সহাস্য বদনে এবং অতি সুমধুর বাক্যে সেই কামিনীকে জিজ্ঞাসা করত বলিলেন, হে কমললোচনে! তুমি কাহার বংশে জন্ম পরিগ্রহ করিয়াছ? তোমার পিতার নাম কি? এবং তোমার কি জাতি? এই নির্জ্জন বনে তোমার অবস্থান করিবার কারণই বা কি? ॥ ৫ ॥

হে সুমধ্যমে! তোমাকে ক্ষত্রিয়কন্যা বলিয়াই আমার স্পষ্টত প্রতীত হইতেছে! ব্রাহ্মণের কন্যা হইলে, আমার চিত্ত কখনই তোমার প্রতি আসক্ত হইত না। কারণ পুরুবংশীয়গণের চিত্ত কখন অধর্ম্মানুষ্ঠানে অগ্রসর বা উৎসুক হয় না ॥ ৬ ॥

শকুন্তলা বলিলেন, হে রাজন্! আমি মহর্ষি বিশ্বামিত্রের ঔরসে অপ্সরা

শকুন্তলোবাচ ॥

বিশ্বামিত্রাত্মজৈবাহং ত্যক্তা মেনকয়া বনে।
বেদৈতত্তগবান্ কণ্বো বীর কিং করবাম তে ॥
আস্যতাং দ্বরবিন্দাক্ষ গৃহ্যতামর্হণঞ্চ নঃ।
ভুজ্যতাং সন্তি নীবারা উষ্যতাং যদি রোচতে ॥ ৭ ॥

দুষ্মন্ত উবাচ ॥

উপপন্নমিদং সুভ্রু জাতায়াঃ কুশিকান্বয়ে।
স্বয়ং হি বৃণুতে রাজ্ঞাং কন্যকা সদৃশং বরং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

শকুন্তলা উবাচ। বিশ্বামিত্রস্য ক্ষত্রিয়স্য আত্মজা কন্যা অহং মেনকায়াং অপ্সরসি জাতা; স্বর্গং গচ্ছন্ত্যা তয়া চ বনে ত্যক্তা। এতৎ বৃত্তান্তং ভগবান্ কণ্বঃ বেদ জানাতি। হে বীর! তে তব কিং করবাম!॥

হে অরবিন্দাক্ষ! যথাসুখং ত্বয়া অত্র আস্যতাং স্থীয়তাং! নঃ অস্মাকং অর্হণং জলাসনাদিকং গৃহ্যতাং! অত্র নীবরাঃ আরণ্যক-ব্রীহয়ঃ সন্তি, ভুজ্যতাং যদি রোচতে তর্হি উষ্যতাং ॥৭

দুষ্মন্তঃ উবাচ। হে সুভ্রু! কুশিকান্বয়ে জাতায়াঃ তব ইদং কিং করবাম! ইত্যাদি বচনং উপপন্নং যুক্তমেব। হি যস্মাৎ রাজ্ঞাং কন্যকা স্বয়মেব সদৃশং বরং পতিং বৃণুতে ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বিশ্বামিত্রস্যাত্মজাহং মেনকায়াং জাতা তয়াচ স্বর্গং গচ্ছন্ত্যা অত্র ত্যক্তা। অতো রাজন্যকন্যৈবাহমিত্যর্থঃ ॥ ৭ ॥

কিং করবাম ইত্যাদি বাক্যং তদভিপ্রায়ং জ্ঞাত্বাহ উপপন্নমিতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদেতি কণ্বস্য মুখাত্ময়েদং শ্রুতং। অহন্তু মাতাপিতরৌ ন পরিচিনোমীতি ভাবঃ ॥ ৭ ॥

কিং করবামেত্যাদিবাক্যে তস্যাপি মনঃ স্বস্মিন্নভিরতং জ্ঞাত্বাহ উপন্নমিতি ॥ ৮ ॥

মেনকার গর্ভে জন্ম পরিগ্রহ করিয়াছি। সেই স্বর্গ-বনিতা মেনকা ইন্দ্রপুরে গমনের উপলক্ষে আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন। ভগবান্ কণ্ব এ বিষয় সমস্ত অবগত আছেন। এক্ষণে হে বীর! অনুমতি করুন! আপনার কি কার্য্য আমাকে করিতে হইবে?॥

হে কমল-লোচন! এই স্থানে আগমন করুন! আমাদের প্রদত্ত পানীয় এবং আসনাদি পরিগ্রহ করুন! আমাদের নীবার শষ্য আছে! যদি অভিপ্রেত হয়, তাহা হইলে তাহা ভোজন করুন! এবং এই আশ্রমে অদ্য অবস্থান করুন!॥ ৭॥

ওমিত্যুক্তে যথাধর্ম্মমুপযেমে শকুন্তলাং।
গান্ধর্ব্ববিধিনা রাজা দেশকালবিধানবিৎ॥
অমোঘবীর্য্যো রাজর্ষি র্মহিষ্যাং বীর্য্যমাদধে।
শ্বোভূতে স্বপুরং যাত. কালেনাসূত সা সুতং॥
কণ্বঃ কুমারস্য বনে চক্রে সমুচিতাঃ ক্রিয়াঃ।
বদ্ধা মৃগেন্দ্রং তরসা ক্রীড়তিস্ম স বালকঃ॥ ৯॥

অন্বয়ঃ।

ততঃ তয়া দুষ্মন্তোক্তে ওং ইত্যঙ্গীকৃতে সতি দেশকাল-বিভাগবিৎ রাজা দুষ্মন্তঃ গন্ধর্ব্ব-বিধিনা মিথঃ সময়পূর্ব্বকেন যথাধর্ম্মং শকুন্তলাং উপযেমে স্বীকৃতবান্॥

অমোঘং অবিতথং, বীর্য্যং যস্য সঃ রাজর্ষিঃ দুষ্মন্তঃ মহিষ্যাং তস্যাং শকুন্তলায়াং, বীর্য্যং রেতঃ, আদধে নিহিতবান্! ততশ্চ শ্বোভূতে অহনি প্রভাতে সতি, স্বপুরং যাতঃ গতঃ। কালেন সা শকুন্তলা সুতং অসূত সুষুবে॥

তস্য কুমারস্য সমুচিতাঃ জাতকর্ম্মাদিক্রিয়াঃ কণ্বঃ বনে এব চক্রে। সঃ চ বালকঃ তরসা বলেন, মৃগেন্দ্রান্ সিংহান্ বদ্ধা তৈঃ ক্রীড়তি স্ম॥ ৯॥

শ্রীধরস্বামী।

গন্ধর্ব্ববিধিনা মিথঃ সময়পূর্ব্বকেণ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ওমিতি শকুন্তলয়া মৌনেনৈবোক্তে সতীত্যর্থঃ॥ ৯॥

এতদুত্তরে রাজা দুষ্মন্ত বলিলেন, হে সুলোচনে! তুমি পূর্ব্বেই বলিয়াছ যে, হে মহারাজ! আপনার কোন্ কার্য্য করিতে হইবে? ইত্যাদি বাক্যের দ্বারা যথেষ্ট প্রতীত হইয়াছে যে, তুমি কুশিকবংশে জন্ম পরিগ্রহ করিয়াছ। কারণ রাজ-কন্যারাই আপন আপন অভিমত পতি নিজেরাই বরণ করিয়া থাকেন॥ ৮॥

দুষ্মন্তের উক্তিতে শকুন্তলা অনুমোদন করিলে, দেশ কাল অনুসারে বিধান-বিজ্ঞ মহারাজ দুষ্মন্ত গান্ধর্ব্ব-বিবাহের পদ্ধতি অনুসারে ধর্ম্মত শকুন্তলার পাণি গ্রহণ করিলেন॥

সেই রাত্রি অমোঘ-বীর্য্য রাজর্ষি দুষ্মন্ত মহিষী শকুন্তলার গর্ভে বীর্য্য প্রদান করিলেন এবং পর দিবস প্রভাতে গাত্রোত্থান করিয়া, স্বপুরে প্রস্থান করিলেন। এদিকে শকুন্তলা যথাকালে একটী অপূর্ব্ব সন্তান প্রসব করিলেন॥

মহর্ষি কণ্ব সেই বালকের সমস্ত জাত-কর্ম্ম বনমধ্যেই নিজে সমাধা

তং দুরত্যয়বিক্রান্তমাদায় প্রমদোত্তমা।
হরেরংশাংশসম্ভূতং ভর্ত্তুরন্তিকমাগমৎ ॥
যদা ন জগৃহে রাজা ভার্য্যাপুত্রাবনিন্দিতৌ।
শৃণ্বতাং সর্ব্বভূতানাং খে বাগাহাশরীরিণী ॥ ১০ ॥
মাতা ভস্ত্রা পিতুঃ পুত্রো যেন জাতঃ স এব সঃ।

অন্বয়ঃ।

দুরত্যয়ং অপ্রতিহতং বিক্রান্তং বিক্রমণং যস্য তং হরেঃ ভগবতঃ, অংশাংশেন সম্ভূতং তং কুমারং আদায় গৃহীত্বা, সা প্রমদোত্তমা শকুন্তলা, ভর্ত্তুঃ দুষ্মন্তস্য, অন্তিকং সমীপং, আগমৎ।

অনিন্দিতৌ নির্দুষ্টৌ, ভার্য্যা-পুত্রৌ (জনাপবাদভয়াৎ) যদা রাজা দুষ্মন্তঃ ন জগৃহে স্বকীয়-ত্বেন ন স্বীকৃতবান্, তদা শৃণ্বতাং সর্ব্বভূতানাং সতাং খে আকাশে, অশরীরিণী অদৃষ্টবক্তৃকা, বাক্ আহ অশ্রৌষত ইতি ॥ ১০ ॥

ভস্ত্রা চর্ম্মময়ং পাত্রং তদ্বদাধার-মাত্রং এব মাতা; পুত্রঃ তু পিতুঃ এব। যেন পিত্রা

শ্রীধরস্বামী।

দুরত্যয়ং বিক্রান্তং বিক্রমণং যস্য ॥ ১০ ॥

ভস্ত্রা চর্ম্মপাত্রং তদ্বন্মাতা আধারমাত্রং। পিতুরেব পুত্রঃ। তত্র হেতুঃ যেনেতি। আত্মা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন জগৃহে লোকাপবাদ-ভয়ান্ন জগ্রাহ ॥ ১০ ॥

ভস্ত্রা চর্ম্মপাত্রং তদ্বদেব মাতা আধার-পাত্রং পিতুরেব পুত্রঃ। আত্মা বৈ পুত্রনামাসীতি

করিলেন। বালকটী ক্রমশঃ এতই বল-বিক্রমশালী হইয়া উঠিল যে, কিশোর কালেই বলের পরিচয়ে সেই বালক সিংহকে বন্ধন করত, বনে ক্রীড়া করিতে লাগিল ॥ ৯ ।

অহো। ভগবান্ শ্রীহরির অংশ-সম্ভূত সেই বিপুল-পরাক্রম পুত্রটীকে লইয়া প্রমদোত্তমা শকুন্তলা ভর্ত্তৃ-সন্নিধানে উপনীতা হইলেন ॥

কিন্তু মহারাজ দুষ্মন্ত তাদৃশ পবিত্র পুত্র এবং বনিতাকে নয়নগোচর করিয়াও লোকাপবাদ ভয়ে স্বীয় পুত্র বা ভার্য্যা বলিয়া প্রথমত স্বীকার করিতে পারিলেন না। সুতরাং তাহাদিগকে উপেক্ষা করায়, উপস্থিত জন-সাধারণের শ্রুতি-গোচরে আকাশবাণী রাজা দুষ্মন্তকে সম্বোধন করিয়া বলিলেন ॥ ১০ ॥

হে মহারাজ! পুত্রের জননী চর্ম্মপাত্রবৎ আধার মাত্র! যিনি পুত্রের জন্মদাতা পিতা, তিনিই পুত্ররূপে নিজেই জন্ম পরিগ্রহ করিয়া থাকেন

ভরস্ব পুত্রং দুষ্মন্ত মাবমংস্থাঃ শকুন্তলাং ॥ ১১ ॥
রেতোধাঃ পুত্রো নয়তি নরদেব যমক্ষয়াৎ।
ত্বঞ্চাস্য ধাতা গর্ভস্য সত্যমাহ শকুন্তলা ॥ ১২ ॥
পিতর্যুপরতে সোঽপি চক্রবর্ত্তী মহাযশাঃ।

অন্বয়ঃ।

জাতঃ উৎপাদিতঃ সঃ পুত্রঃ সঃ এব পিতৃরূপঃ। অতঃ পুত্রং ভরস্ব পুষাণ! হে দুষ্মন্ত! শকুন্তলাং মা অবমংস্থাঃ ॥ ১১ ॥

রেতোধাঃ রেতঃসেক্তা বংশকর্ত্তা পুত্রঃ যমক্ষয়াৎ (যমস্য ক্ষয়াৎ স্থানাৎ) পিতরং নয়তি তারয়তি। তস্য গর্ভস্য ত্বং এব ধাতা ধারকঃ। শকুন্তলা সত্যং আহ ॥ ১২ ॥

ততশ্চ পিতরি দুষ্মন্তে উপরতে মৃতে, সতি সঃ ভরতঃ অপি চক্রবর্ত্তী সপ্তদ্বীপাধিপতিঃ মহা-

শ্রীধরস্বামী।

বৈ পুত্র নামাসীতি শ্রুতেঃ। ভরস্ব পুষাণ। অনেন ভরতনাম নিরুক্তং ॥ ১১ ॥

কিঞ্চ রেতোধাঃ রেতঃসেক্তারং শকৃৎ পুত্রো যমক্ষয়াৎ পিতরং নয়তি তারয়তি। তথাচ স্মৃতিঃ। পুন্নাম্নো নরকাৎ যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবেতি। পুত্রমিতি পাঠান্তরে মাতাপিত্রোঃ পুত্রং প্রতি বিবাদে যমক্ষয়াদ্ধর্ম্মনির্ণেতু র্যমস্য সভায়াঃ সকাশাৎ রেতোধাঃ রেতঃসেক্তা পিতৈব ধর্ম্মেণ বিজিত্য পুত্রং নয়তি নতু মাতেত্যর্থঃ। ততশ্চ ভার্য্যাপুত্রৌ স্বীকৃতবানিতি জ্ঞেয়ং ॥ ১২ ॥

চক্রবর্ত্তী বভূবেতি শেষঃ। তস্য মহিমা গীয়তে তদর্থেতে শ্লোকা অভিগীতা ইত্যাদি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রুতেঃ। ভরস্ব অঙ্গীকুরু। অনেনৈব ভরতনাম নিরুক্তিঃ ॥ ১১ ॥

রেতোধা রেতঃসেক্তারং শকৃদিত্যর্থঃ। যদ্বা পিতুরেতঃ স্বদেহোপাদানত্বেন ধত্ত ইত্যেরসঃ পুত্র ইত্যর্থঃ। যমক্ষয়াৎ যমালয়াৎ পিতরং নয়তি তারয়তি। তথাচ স্মৃতিঃ পুন্নাম্নো নরকাদ্যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবোত। পুত্রমিতি দ্বিতীয়ান্ত পাঠে পুত্রপ্রাপ্ত্যর্থং মাতাপিত্রো র্বিবাদে যমক্ষয়াৎ ধর্ম্মনির্ণেতু র্যমস্য স্থানাৎ রেতোধা রেতঃসেক্তা পিতৈব ধর্ম্মেণ বিজিত্য পুত্রং নয়তি নতু মাতেত্যর্থঃ। ততশ্চ ভার্য্যাপুত্রৌ স্বীকৃতবানিতি জ্ঞেয়ং ॥ ১২ ॥

হে দুষ্মন্ত! তুমি তোমার এই পুত্রকে প্রতিপালন কর। শকুন্তলাকে অবমানিতা করিও না ॥ ১১ ॥

হে নরদেব! রেতঃসেক্তা পিতাকে যমালয় হইতে পুত্রই রক্ষা করিয়া থাকে। এই গর্ভের রেতঃসেক্তা তুমিই বটে। শকুন্তলা যাহা বলিয়াছেন, তাহা সম্পূর্ণ সত্য। অনন্তর দুষ্মন্ত স্ত্রী ও পুত্রকে গ্রহণ করিলেন ॥ ১২ ॥

অনন্তর পিতা দুষ্মন্তের পরলোক গমন হইলে, মহাযশা তৎপুত্র এই

মহিমা গীয়তে তস্য হরেরংশভুবো ভুবি ।।
চক্রং দক্ষিণহস্তেঽস্য পদ্মকোষোঽস্য পাদয়োঃ ।। ১৩ ।।
ঈজে মহাভিষেকেণ সোঽভিষিক্তোঽধিরাড্ বিভুঃ ।
পঞ্চপঞ্চাশতামেধ্যৈ র্গঙ্গায়ামনুবাজিভিঃ ।। ১৪ ।।
মামতেয়ং পুরোধায় যমুনামনু চ প্রভুঃ ।
অষ্টসপ্ততি মেধ্যাশ্বান্ ববন্ধ প্রদদদ্বসু ।। ১৫ ।।

অন্বয়ঃ ।

যশাঃ বিপুলকীর্ত্তিঃ চ বভূব । ভুবি হরেঃ অংশভুবঃ তস্য মহিমা অধুনাপি গীয়তে । যতঃ অস্য ভরতস্য দক্ষিণ-হস্তে চক্রং চক্রাকারো রেখা তথা অস্য পাদয়োঃ পদ্মকোষঃ পদ্মকোষাকারা রেখা চ বর্ত্ততে ইতি ॥ ১৩ ॥

সঃ চ মহাভিষেকবিধিনা রাজ্যে অভিষিক্তঃ স্থাপিতঃ অধিরাট্ সার্ব্বভৌমঃ বিভুঃ সমর্থঃ ভরতঃ মামতেয়ং মমতায়াঃ অপত্যং, দীর্ঘতমসং ঋষিং পুরোধায় পুরোহিতং কৃত্বা, গঙ্গায়াং অনু গঙ্গাতীরে, পঞ্চ পঞ্চশতা মেধ্যৈঃ পবিত্রৈঃ বাজিভিঃ অশ্বৈঃ অশ্বমেধৈঃ হরিং ঈজে আরাধিতবান্, তথা বসু ধনং, প্রদদৎ প্রযচ্ছৎ যমুনাং অনু যমুনাতীরে, অষ্টাধিক সপ্ততি সংখ্যাকান্ মেধ্যান্ অশ্বান্ ববন্ধ বন্ধন-পূর্ব্বকং ঈজে। ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৪ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী ।

বহ্বৃচ শ্রুত্যা হরেরংশভুবঃ অংশোজ্জাতস্য। তত্র লিঙ্গমাহ চক্রমিতি ॥ ১৩ ॥

গঙ্গায়ামনুলোমং পঞ্চপঞ্চাশতা বাজিভি রীজে ॥ ১৪ ॥

পুরোধায় পুরোহিতং কৃত্বা। যমুনামনুচ যমুনায়াশ্চানুলোমং অষ্টাধিক সপ্ততিং মেধ্যানশ্বান্ ববন্ধ। কিং কুর্ব্বন্ বসু ধনং প্রকর্ষেণ দদৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

চক্রবর্ত্তী বভূব ॥ ১৩ ॥　　বাজিভিরশ্বমেধৈঃ ॥ ১৪ ॥

মমতায়াঃ পুত্রং পুরোধায় পুরোহিতং কৃত্বা অশ্বান্ ববন্ধ যজ্ঞার্থমিত্যর্থঃ ॥ ১৫ ॥

ভরত রাজচক্রবর্ত্তীর আসন গ্রহণ করিলেন। অহো! বিষ্ণুর অংশ-সম্ভূত সেই মহারাজ চক্রবর্ত্তী ভরতের যশোরাশি অদ্যাপি জগতে পরিকীর্ত্তিত হইয়া থাকে। তাঁহার দক্ষিণ হস্তে চক্রাকার চিহ্ন এবং পাদদ্বয়ে পদ্মকোষাকার চিহ্ন সুস্পষ্ট প্রতীত হইত ॥ ১৩ ॥

অনন্তর মহাভিষেকের পদ্ধতি অনুসারে রাজ্যে অভিষিক্ত সার্ব্বভৌম বিপুল-পরাক্রম রাজা ভরত মমতা-নন্দন দীর্ঘতমস নামক ঋষিকে পৌরহিত্যে নিযুক্ত করিয়া, গঙ্গাতীরে ক্রমান্বয়ে পঞ্চ পঞ্চাশৎ অতি পবিত্র অশ্বের দ্বারা অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে ভগবান্ বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন। আবার

ভরতস্য হি দৌষ্মন্তেরগ্নিঃ সাচীগুণে চিতঃ।
সহস্রং বদ্ধশো যস্মিন্ ব্রাহ্মণা গা বিভেজিরে॥ ১৬॥
ত্রয়স্ত্রিংশচ্ছতং হ্যশ্বান্ বদ্ধ্বা বিস্মাপয়ন্ নৃপান্।

অন্বয়ঃ।

দৌষ্মন্তেঃ দুষ্মন্ত-পুত্রস্য ভরতস্য, সাচীগুণে প্রকৃষ্ট-গুণবতি দেশে অগ্নিঃ চিতঃ অভূৎ; যস্মিন্ অগ্নিচয়ন-স্থলে সহস্রং ব্রাহ্মণাঃ ভরতেন ভূরিদানেন দত্তাঃ গাঃ বদ্ধশঃ প্রত্যেকং বদ্ধং বদ্ধং বিভেজিরে বিভজ্য জগৃহুঃ॥ ১৬॥

ত্রয়স্ত্রিংশৎ শত সংখ্যাকান্ অশ্বান্ স্বারোহণার্থং বদ্ধ্বা স্বৈশ্বর্য্যেণ নৃপান্ অন্যান্ বিস্মাপয়ন্ দৌষ্মন্তিঃ ভরতঃ দেবানাং অপি মায়াং বৈভবং অত্যগাৎ অত্যশেত; যতঃ দেবানাং গুরুং

শ্রীধরস্বামী।

সাচীগুণে প্রকৃষ্টগুণবতি দেশেঽগ্নিশ্চিতোঽভূৎ যস্মিন্নগ্নিচয়নে দেশে বা সহস্রং ব্রাহ্মণা ভরতেন ভূরিদানেন দত্তা গা বদ্ধশঃ প্রত্যেকং বদ্ধং বিভেজিরে বিভজ্য জগৃহুঃ। চতুরশীত্যধিকৈ স্ত্রয়োদশ সহস্রৈরেকং বদ্ধং ভবতি। তথাহি হিরণ্যেন পরিবৃতান্ কৃষ্ণান্ শুক্লদতো মৃগান্। মক্ষারে ভরতোঽদদাৎ শতং বদ্ধানি সপ্তচেতি শ্রুত্যুক্তানি সপ্তাধিক শতং বদ্ধানি। শ্রীশুকে-নোত্তর-শ্লোকে চতুর্দ্দশ লক্ষত্বেন সংগৃহীতানি। অদাৎ কর্ম্মণি মক্ষারে নিযুতানি চতুর্দ্দশ ইতি এবং চতুর্দ্দশ লক্ষাণাং সপ্তাধিক শতভাগো বদ্ধ মিত্যুক্তং ভবতি। ইয়ঞ্চ বদ্ধসংখ্যা শ্লোকেন সংগৃহ্যতে। চতুর্দ্দশানাং লক্ষাণাং সপ্তাধিক শতাংশকঃ। বদ্ধং চতুরশীত্যগ্র সহস্রাণি ত্রয়োদশ ইতি॥ ১৬॥

দেবানামপি মায়াং বৈভবং অত্যগাৎ অত্যশেত। যতো গুরুং পূজ্যং হরিং আধ্বযৌ প্রাপ্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাচীগুণে প্রকৃষ্টগুণবতি দেশেঽগ্নিশ্চিতোঽভবৎ। যস্মিন্নগ্নিচয়নে কর্ম্মণি সহস্র সংখ্যা ব্রাহ্মণাঃ প্রত্যেকং বদ্ধং বদ্ধং চতুরশীত্যধিকত্রয়োদশ সহস্রাণি গা বিভেজিরে প্রাপুঃ। বদ্ধং চতুরশীত্যগ্র সহস্রাণি ত্রয়োদশ॥ ১৬॥

দেবানামপি মায়াং বৈভবং অত্যগাৎ অত্যশেত। যতঃ গুরুং জগদ্গুরুং হরিং যযৌ প্রাপ্তঃ।

যমুনার উপকূলেও প্রচুর ধনাদি দানে অষ্টাধিক সপ্ততি সংখ্যক মেধ্য অশ্ব বন্ধন পূর্ব্বক যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন॥ ১৪॥ ১৫॥

'দুষ্মন্ত-নন্দন ভরতের হোমাগ্নি এরূপ পবিত্র স্থানে প্রজ্বালিত করা হইয়াছিল যে, সহস্র সহস্র ব্রাহ্মণ ভরতের প্রদত্ত গাভী প্রত্যেকে বদ্ধ বদ্ধ সংখ্যায় বিভাগ করিয়া লইয়া ছিলেন। ত্রয়োদশ সহস্র চতুরশীতি সংখ্যক গাভীতে এক বদ্ধ সংজ্ঞা হইত॥ ১৬॥

মহারাজ ভরত ত্রয়স্ত্রিংশৎ শত যজ্ঞীয় অশ্ব একত্র বন্ধন করিয়া, স্বীয় ঐশ্বর্য্যবলে নৃপতিবৃন্দের বিস্ময় উৎপাদন করিয়াছিলেন। তিনি বীর্য্য-প্রভাবে

দৌষ্মন্তিরত্যগাম্মায়াং দেবানাং গুরুমাযযৌ ॥ ১৭ ॥
মৃগান্ শুক্লদতঃ কৃষ্ণান্ হিরণ্যেন পরীবৃতান্।
অদাৎ কর্ম্মণি মঘোরে নিযুতানি চতুর্দ্দশ ॥
ভরতস্য মহৎ কর্ম্ম ন পূর্ব্বে নাপরে নৃপাঃ।
নৈবাপু র্নৈব প্রাপ্স্যন্তি বাহুভ্যাং ত্রিদিবং যথা ॥

অন্বয়ঃ।

পূজ্যং ভগবন্তং এব যযৌ শরণং জাতঃ ॥ ১৭ ॥

শুক্লদতঃ শুক্লদন্তবিশিষ্টান্ হিরণ্যেন পরিবৃতান্ ভূষিতান্ লক্ষাণি ত্রয়োদশ কৃষ্ণান্ মৃগান্ ভদ্রমন্ত্র-মৃগাদিজাতি-বিশিষ্টান্ গজশ্রেষ্ঠান্, মঘোরে মঘারাখ্যে কর্ম্মবিশেষে চ অদদাৎ প্রাযচ্ছৎ ॥

কিঞ্চ ভরতস্য মহৎ অদ্ভুতং কর্ম্ম পূর্ব্বে যে অতীতাঃ নৃপাঃ তে ন কৃতবন্তঃ তথা যে অপরে ভাবিনঃ বর্ত্তমানাঃ চ নৃপাঃ তেঽপি ন করিষ্যন্তি; যথা পুণ্যং বিনা কেবলং বাহুভ্যাং বাহুবলেন স্বর্গং জনাঃ ন প্রাপ্নুবন্তি ॥

শ্রীধরস্বামী।

তদংশভবত্বাৎ। ময়বত্তর ইতি পাঠে হ্রস্বঃ শ্রুত্যনুসারেণ। মায়াবতাং শ্রেষ্ঠঃ হরিরেবাসা-বিত্যর্থঃ ॥ ১৭ ॥

মৃগান্ শ্রেষ্ঠগজান্ ভদ্রমন্ত্র মৃগাদয়ো গজজাতিভেদাঃ। মঘোরে ইত্যস্য শ্রুতিপদস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মায়বত্তর ইতি পাঠে মায়াবৈভবং তদ্বতাং শ্রেষ্ঠঃ হরেরংশত্বাৎ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিবৃত্ত-রজস্কাপি শৈব্যা তেষাং কৃপয়া গর্ভমধাৎ। ভার্য্যাবশ্যাস্তু যে কেচিদ্ভবিষ্যন্ত্যথবা মৃতাঃ। তেষাং তু জ্যামঘঃ শ্রেষ্ঠঃ শৈব্যাপতিরভূন্নৃপ ইতি পরাশরাদয় আহুঃ ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
নবমস্য ত্রয়োবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তখন জ্যামঘ আরও ভীত হইয়া বলিয়াছিলেন, হে রাজ্ঞি! তুমি যে পুত্র প্রসব করিবে, ইনি তাহারই পত্নী হইবেন। এইরূপ বলিতে বলিতে পত্নীর ভয়ে জ্যামঘ কম্পিত-কলেবর হইলেন। ঘর্ম্মে সমস্ত কলেবর আর্দ্র হইয়া গেল। অহো! জ্যামঘের তাদৃশ প্রাণ-সংকট কাল উপস্থিত দেখিয়া বহু কাল যাবৎ আরাধিত দেবতাগণ এবং পিতৃলোক প্রসন্ন হইয়া, জ্যামঘ-কথিত উক্তিটী তথাস্তু বলিয়া অনুমোদন করিলেন ॥ ১৭ ॥

সুতরাং সেই দেবতা এবং পিতৃলোকের প্রসাদে নিবৃত্ত-রজস্কা শৈব্যাও গর্ভ-ধারণ করিলেন এবং যথাকালে একটী পরম সুন্দর পুত্র প্রসব করিলেন। এই পুত্র বিদর্ভ নামে অভিহিত হইলেন এবং বয়ঃপ্রাপ্ত হইয়া ইনি যথাকালে সেই জ্যামঘ কর্ত্তৃক আনীতা রমণীর পাণি গ্রহণ করিয়াছিলেন ॥ ১৮ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রয়োবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! এই বিদর্ভ স্বকীয় ভার্য্যার গর্ভে কুশ, ক্রম এবং বিদর্ভ-কুল-তিলক রোমপাদ নামে তিনটী পুত্র উৎপাদন করেন।

শ্রীশুক উবাচ ॥

তস্যাং বিদর্ভোঽজনয়ৎ পুত্রৌ নাম্না কুশক্রথৌ।
তৃতীয়ং রোমপাদঞ্চ বিদর্ভকুলনন্দনং ॥
রোমপাদসুতো বভ্রু র্বভ্রোঃ কৃতিরজায়ত ॥ ১ ॥
উশিক স্তৎসুত স্তস্মাচ্চেদি শ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
ক্রথস্য কুন্তিপুত্রোঽভূদ্ বৃষ্ণিস্তস্যাথ নির্বৃতিঃ ॥
ততো দশার্হো নামাভূত্তস্য ব্যোমঃ সুতস্ততঃ।
জীমূতো বিকৃতি স্তস্য যস্য ভীমরথঃ সুতঃ ॥ ২ ॥
ততো নবরথঃ পুত্রো জাতো দশরথ স্ততঃ।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। বিদর্ভঃ তস্যাং ভার্য্যায়াং কুশং ক্রথং তৃতীয়ং বিদর্ভ-কুলনন্দনং রোমপাদং চ ত্রীন্ পুত্রান্ অজনয়ৎ। রোমপাদস্য সুতঃ বভ্রুঃ, তস্য সুতঃ কৃতিঃ অজায়ত ॥ ১ ॥

কৃতেঃ উশিকঃ, তস্য চেদিঃ, তস্মাৎ চৈদ্যাদয়ঃ নৃপাঃ। অথ ক্রথস্য কুন্তিঃ, তস্য বৃষ্ণিঃ অথ তস্য নির্বৃতিঃ তস্য দশার্হঃ তস্য ব্যোমঃ তস্য জীমূতঃ। তস্য বিকৃতিঃ তস্য ভীমরথঃ সুতঃ জাতঃ ॥ ২ ॥

তস্য নবরথঃ, তস্য দশরথঃ, তস্য শকুনিঃ, তস্য করম্ভিঃ, তস্য দেবরাতঃ, তস্য দেবক্ষত্রঃ,

শ্রীধরস্বামী।

চতুর্ব্বিংশে বিদর্ভস্য পুত্রত্রয়-সমুদ্ভবাঃ। বংশা নানামুখাঃ প্রোক্তা রামকৃষ্ণোদ্ভবাবধি ॥১॥
চৈদ্যাদয়ো দমঘোষাদয়ঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুর্ব্বিংশে প্রকীর্ত্ত্যন্তে বংশে নানামুখে যদোঃ। দেবকী-বসুদেবাদ্যাঃ পিতরৌ রামকৃষ্ণয়োঃ ॥ ১ ॥　　চৈদ্যাদয়ঃ দমঘোষাদয়ঃ ॥ ২ ॥

রোমপাদের তনয় বভ্রু এবং তৎপুত্র কৃতি নামে অভিহিত হইয়াছিলেন ॥ ১ ॥

কৃতির ঔরসে উশিক, তাঁহার ঔরসে চেদি এবং চেদির ঔরসে চৈদ্যাদি নৃপগণ জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। এদিকে ক্রথের পুত্র কুন্তি, তৎসুত বৃষ্ণি তাঁহার ঔরসে নির্বৃতি, তাঁহার ঔরসে দশার্হ এবং তাঁহার ব্যোম নামে পুত্র জন্মে। ব্যোমের তনয় জীমূত, তাঁহার তনয় বিকৃতি এবং তাঁহার পুত্র ভীমরথ নামে অভিহিত হইয়াছিলেন ॥ ২ ॥

ভীমরথের তনয় নবরথ, তাঁহার পুত্র দশরথ, তাঁহার তনয় শকুনি, তাঁহার

আভাস

চতুর্ব্বিংশতি অধ্যায়ে রামকৃষ্ণের উদ্ভব পর্য্যন্ত বিদর্ভ পুত্রত্রয়োৎপন্ন বিবিধ বংশ ॥

করন্ধিঃ শকুনেঃ পুত্রো দেবরাত স্তদাত্মজঃ ॥ ৩ ॥
দেবক্ষত্র স্তত স্তস্য মধুঃ কুরুবশাদনুঃ।
পুরুহোত্র স্ত্বনোঃ পুত্র স্তস্যাসুঃ সাত্বত স্ততঃ ॥ ৪ ॥
ভজমানো ভজি র্দ্দিব্যো বৃষ্ণি র্দেবাবৃধোঽন্ধকঃ।
সাত্বতস্য সুতাঃ সপ্ত মহাভোজশ্চ মারিষ ॥
ভজমানস্য নিম্লোচিঃ কিঙ্কণো ধৃষ্টিরেবচ।
একস্যামাত্মজাঃ পত্ন্যামন্যস্যাঞ্চ ত্রয়ঃ সুতাঃ ॥
শতাজিচ্চ সহস্রাজিদযুতাজিদিতি প্রভো।
বভ্রুর্দ্দেবাবৃধসুত স্তয়োঃ শ্লোকৌ পঠন্ত্যমূ ॥

অন্বয়ঃ।

তস্য মধুঃ, তস্য কুরুবশঃ, তস্য অনুঃ, তস্য পুরুহোত্রঃ, তস্য আয়ুঃ, তস্য সাত্বতঃ ॥ ৩ ॥ ৪ ॥

তস্য ভজমানঃ ভজিঃ দিব্যঃ বৃষ্ণিঃ দেবাবৃধঃ, অন্ধকঃ মহাভোজঃ ইতি সপ্তপুত্রাঃ আসন্। হে মারিষ আর্য্য! ভজমানাৎ একস্যাং ভার্য্যায়াং নিম্লোচিঃ কিঙ্কিণঃ ধৃষ্টিঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ তথা অন্যস্যাং শতাজিৎ সহস্রাজিৎ তথা অযুতাজিৎ ইতি ত্রয়ঃ পুত্রাঃ আসন্। অথ দেবাবৃধাৎ বভ্রুঃ তয়োঃ দেবাবৃধ-বভ্রোঃ মাহাত্ম্যসূচকৌ অমূ শ্লোকৌ বৃদ্ধাঃ পঠন্তি ॥

যথা যাদৃশগুণ-বিশিষ্টৌ দেবাবৃধ-বভ্রূ দূরাৎ শুশ্রুমঃ শ্রুতবন্তঃ তথৈব তাদৃশৌ এব অন্তি-

শ্রীধরস্বামী।

ততো দশরথাৎ শকুনিঃ (তস্য করন্ধিরিত্যর্থঃ) পুরাণান্তরাদেবমাদির্বিশেষো দ্রষ্টব্যঃ ॥ ৩ ॥
ততঃ কুরুবংশাদনুঃ। অনোঃ পুত্রঃ পুরুহোত্রঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রথস্য বিদর্ভপুত্রস্য ॥ ৩ ॥ তস্য মধুঃ কুরুবংশশ্চ। ততঃ কুরুবশাদনুঃ ॥ ৪ ॥

করন্ধি, তাঁহার পুত্র দেবরাত, তাঁহার নন্দন দেবক্ষত্র, তাঁহার তনয় মধু, তাঁহার পুত্র কুরুবশ, তাঁহার অনু, তৎতনয় পুরুহোত্র, তাঁহার পুত্র আয়ু; তাঁহার তনয় সাত্বত নামে অভিহিত হইয়াছিলেন ॥ ৩ ॥ ৪ ॥

উক্ত সাত্বতের ঔরসে ভজমান, ভজি, দিব্য, বৃষ্ণি, দেবাবৃধ, অন্ধক এবং মহাভোজ নামে সাতটী পুত্র জন্মে। হে আর্য্য! ভজমানের ঔরসে তাঁহার এক পত্নীর গর্ভে নিম্লোচি, কিঙ্কিণ এবং ধৃষ্টি নামে তিন পুত্র জন্মে। দেবাবৃধের ঔরসে বভ্রু জন্ম পরিগ্রহ করেন। এই দেবাবৃধ এবং বভ্রুর মাহাত্ম্যপ্রকাশক দুইটী শ্লোক বৃদ্ধগণ সর্ব্বদাই উল্লেখ করিয়া থাকেন; যথা ॥

অহো! যেরূপ গুণবান্ বলিয়া দেবাবৃধ এবং বভ্রুর কথা আমরা দূর হইতে শুনিতে পাই, সমীপে উপস্থিত থাকিয়া তাঁহাদিগকে তাদৃশ গুণবান্ বলিয়াই

যথৈব শৃণুমো দূরাৎ সংপশ্যাম স্তথান্তিকাৎ।
বজ্রঃ শ্রেষ্ঠো মনুষ্যাণাং দেবৈ র্দেবাবৃধঃ সমঃ ॥ ৫ ॥
পুরুষাঃ পঞ্চ ষষ্টিশ্চ ষট্ সহস্রাণি চাষ্ট চ।
যেঽমৃতত্বমনুপ্রাপ্তা বভ্রো র্দেবাবৃধাদপি ॥
মহাভোজোঽতিধর্ম্মাত্মা ভোজা আসংস্তদন্বয়ে।
বৃষ্ণেঃ সুমিত্রঃ পুত্রোঽভূদ্যুধাজিচ্চ পরন্তপ ॥ ৬ ॥
শিনিস্তস্যানমিত্রশ্চ নিঘ্নোঽভূদনমিত্রতঃ।

অন্বয়ঃ।

কাং সমীপে অপি সংপশ্যামঃ। মনুষ্যাণাং মধ্যে বজ্রঃ শ্রেষ্টঃ, দেবাবৃধঃ তু দেবৈঃ সমঃ তুল্যঃ ॥ ৫ ॥

বভ্রোঃ দেবাবৃধাৎ অপি অনু পশ্চাৎ যে তদ্বংশজাঃ পঞ্চষষ্ট্যধিক-চতুর্দ্দশ-সহস্র-সংখ্যাকাঃ তে সর্ব্বে তয়োঃ প্রভাবাদেব অমৃতত্বং মুক্তিং প্রাপ্তাঃ ॥

মহাভোজঃ তু অতিধর্ম্মাত্মা ; তস্য অন্বয়ে বংশে ভোজাখ্যাঃ নৃপাঃ আসন্। হে পরন্তপ! বৃষ্ণেঃ তু পুত্রঃ সুমিত্রঃ যুধাজিৎ চ অভূৎ ॥ ৬ ॥

যুধাজিতঃ শিনিঃ অনমিত্রঃ চ ইতি দ্বৌ পুত্রৌ জাতৌ। অনমিত্রাৎ নিঘ্নঃ অভূৎ। নিঘ্নস্য

শ্রীধরস্বামী।

মহাভোজশ্চেত্যেবং সপ্ত। মারিষ হে আর্য্য ॥ ৫ ॥

তত্তদুপদেশেন যে পঞ্চষষ্ট্যাদি সংখ্যাঃ পুরুষা স্তেঽমৃতত্বং মোক্ষং প্রাপ্তাঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাত্বতপুত্রস্য দেবাবৃধস্য সুতো বজ্রঃ। তয়োঃ পিতাপুত্রয়োঃ ॥ ৫ ॥

বভ্রোরিতি বজ্রদেবাবৃধয়োঃ সঙ্গপ্রভাবাদিত্যর্থঃ ॥

আমরা স্বচক্ষে প্রত্যক্ষ করিতেছি। কারণ বজ্র যেমন মনুষ্যগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ, দেবাবৃধও সেইরূপ সর্ব্বাংশে দেবতাগণের সমতুল্য ॥ ৫ ॥

এই দেবাবৃধ এবং বজ্রর বংশে অষ্টাধিক পঞ্চষষ্টি সহস্র সংখ্যক পুরুষ জন্ম গ্রহণ করিয়াছিলেন ; তাঁহারা সকলেই পরিণামে জ্ঞানানুশীলনের দ্বারা মুক্তি লাভ করিয়াছিলেন ॥

মহাভোজ একজন বিশেষ ধার্ম্মিক ব্যক্তি ছিলেন। তাঁহার বংশে ভোজ নামক নৃপতিবৃন্দ জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। হে পরন্তপ! বৃষ্ণির দুই পুত্র জন্মে। এক জনের নাম সুমিত্র, অপরের নাম যুধাজিৎ ॥ ৬ ॥

যুধাজিতের ঔরসে শিনি এবং অনমিত্র নামে দুইটী পুত্র জন্মে ; তন্মধ্যে অনমিত্রের এক বনিতার গর্ভে নিঘ্ন নামে যে পুত্র জন্মে, তাঁহার ঔরসে সত্রাজিত

সত্রাজিতঃ প্রসেনশ্চ নিঘ্নস্যাথাসতুঃ সুতৌ ॥
অনমিত্রসুতো যোঽন্যঃ শিনি স্তস্যচ সত্যকঃ ॥ ৭ ॥
যুযুধানঃ সাত্যকি র্বৈ জয় স্তস্য কুণি স্ততঃ।
যুগন্ধরোঽনমিত্রস্য বৃষ্ণিঃ পুত্রোঽপরস্ততঃ ॥
শ্বফল্কশ্চিত্ররথশ্চৈব গান্ধিন্যাস্তু শ্বফল্কতঃ ॥ ৮ ॥
অক্রূরপ্রমুখা আসন্ পুত্রা দ্বাদশ বিশ্রুতাঃ।
আসঙ্গঃ সারমেয়শ্চ মৃদুরো মৃদুবিদ্গিরিঃ ॥
ধর্ম্মবৃদ্ধঃ সুকর্ম্মা চ ক্ষত্রোপেক্ষোঽরিমর্দ্দনঃ।

অন্বয়ঃ।

তু সত্রাজিতঃ প্রসেনঃ চ ইতি দ্বৌ পুত্রৌ জাতৌ। তথা অন্যস্যাং অপি ভার্য্যায়াং অনমিত্রস্য যঃ অন্যঃ সুতঃ শিনিঃ তস্য সত্যকঃ পুত্রঃ আসীৎ ॥ ৭ ॥

তস্য যুযুধানঃ, তস্য জয়ঃ তস্য কুণিঃ, তস্য যুগন্ধরঃ, অনমিত্রস্য অপরঃ পুত্রঃ বৃষ্ণিঃ। তস্য শ্বফল্কঃ চিত্ররথঃ চ ইতি দ্বৌ পুত্রৌ জাতৌ ॥ ৮ ॥

শ্বফল্কাৎ গান্ধিন্যাং ভার্য্যায়াং অক্রূরপ্রমুখাঃ, যথা অক্রূরঃ আসঙ্গঃ সারমেয়ঃ, মৃদুরঃ মৃদুবিৎ, গিরিঃ, ধর্ম্মবৃদ্ধঃ, সুকর্ম্মা, ক্ষত্রোপেক্ষঃ অরিমর্দ্দনঃ, শত্রুঘ্নঃ গন্ধমাদঃ প্রতিবাহুঃ ইতি

শ্রীধরস্বামী।

তস্য যুধাজিতঃ শিনিরনমিত্রশ্চ ॥ ৭ ॥

সাত্যকিঃ সত্যকস্য পুত্রো যুযুধান স্তস্য জয়ঃ তস্য কুণিঃ ততঃ কুণে র্যুগন্ধরঃ। অনমিত্র-স্যৈবাপরঃ বৃষ্ণির্নাম পুত্রঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃষ্ণেঃ সাত্বতপুত্রস্য ॥ ৬ ॥ ৭ ॥

সাত্যকিঃ সত্যকস্য পুত্রো যুযুধানঃ। অনমিত্রস্যৈবাপরো বৃষ্ণি র্নামপুত্রঃ। অক্রূরঃ

এবং প্রসেন নামে দুইটী সন্তান হয়। অনমিত্রের অপর ভার্য্যার গর্ভজাত পুত্র শিনির ঔরসে সত্যক নামে এক তনয় জন্মে ॥ ৭ ॥

সত্যকের তনয় যুযুধান; তাঁহার তনয় জয়, তাঁহার কুণি, তাঁহার পুত্র যুগন্ধর। অনমিত্রের অপর তনয়ের নাম বৃষ্ণি; তাঁহার শ্বফল্ক ও চিত্ররথ নামে দুইটী পুত্র জন্মে ॥ ৮ ॥

গান্ধিনী নাম্নী বনিতার গর্ভে শ্বফল্কের অক্রূর, আসঙ্গ, সারমেয়, মৃদুর, মৃদুবিৎ, গিরি, ধর্ম্মবৃদ্ধ, সুকর্ম্মা, ক্ষত্রোপেক্ষ, অরিমর্দ্দন, শত্রুঘ্ন, গন্ধমাদ এবং প্রতিবাহু নামে লোকবিশ্রুত ত্রয়োদশ পুত্র জন্ম গ্রহণ করেন। ইহাঁদের এক ভগ্নী জন্মে তাঁহার নাম সুচারা। অক্রূরেরও দেববান্ এবং উপদেব

শত্রুঘ্নো গন্ধনাদশ্চ প্রতিবাহুশ্চ দ্বাদশ ॥
তেষাং স্বসা সুচারাখ্যা দ্বাবক্রূরসুতাবপি ॥ ৯ ॥
দেববানুপদেবশ্চ তথা চিত্ররথাত্মজাঃ।
পৃথুর্বিদূরথাদ্যাশ্চ বহবো বৃষ্ণিনন্দনাঃ ॥ ১০ ॥
কুকুরো ভজমানশ্চ শুচিঃ কম্বলবর্হিষঃ।
কুকুরস্য সুতো বৃষ্ণির্বিলোমা তনয়স্ততঃ ॥
কপোতরোমা তস্যানুঃ সখা যস্য চ তুম্বুরুঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

বিশ্রুতাঃ ত্রয়োদশ পুত্রাঃ আসন্; সুচারাখ্যা স্বসা তেষাং আসীৎ। অক্রূরস্য অপি দ্বৌ পুত্রৌ দেববান্ উপদেবশ্চ ইতি। শ্বফল্কবন্ধোঃ চিত্ররথস্য পৃথুঃ একঃ তথা বিদূরথাদ্যাঃ বহবঃ পুত্রাঃ জাতাঃ ॥ ৯ ॥ ১০ ॥

সাত্বত-পুত্রাৎ অন্ধকাৎ কুকুরঃ ভজমানঃ শুচিঃ কম্বলবর্হিঃ ইতি চত্বারঃ পুত্রাঃ জাতাঃ। তেষু কুকুরস্য বহ্নিঃ তস্য তনয়ঃ বিলোমা; তস্য কপোতরোমা তস্য অনুঃ যস্য অনোঃ তুম্বুরুঃ সখা অভূৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অক্রূরঃ প্রমুখো যেষাং ইত্যতদ্গুণসম্বিজ্ঞানো বহুব্রীহিঃ। অতোঽক্রূর ব্যতিরিক্তান্ দ্বাদশ দর্শয়তি আসঙ্গ ইতি ॥ ৯ ॥

পৃথুরেকঃ বিদূরথাদ্যাঃ অন্যেচ বহবঃ। পৃথুর্বিপৃথুর্দ্ধান্যাদ্যা ইতি পাঠে আদ্যশব্দেন বিদূরথোঽপ্যুক্তঃ ততশ্চ শূরো বিদূরথাদাসীদিতি বক্ষ্যমাণাতিনির্দ্দেশোপপত্তিঃ ॥ ১০ ॥

কুকুরাদয়শ্চত্বারোঽন্ধকস্য সুতা ইতি জ্ঞেয়ং। যথাহ পরাশরঃ কুকুর ভজমান শুচি কম্বলবর্হিষাখ্যা স্তথান্ধকস্য পুত্রা ইতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রমুখো যেষামাসঙ্গাদীনামিত্যতদ্গুণ-সংবিজ্ঞান-বহুব্রীহিঃ ॥ ৮ ॥ ৯ ॥

চিত্ররথস্য শ্বফল্কভ্রাতুরাত্মজাঃ ॥ ১০ ॥

বৃষ্ণেরনমিত্রপুত্রস্য নন্দনাঃ কুকুরাদ্যাঃ। বিষ্ণুপুরাণেত্বন্ধক-পুত্রাঃ কুকুরাদয়ো দৃষ্টাঃ ॥ ১১ ॥

নামে দুই পুত্র জন্মে। শ্বফল্কবন্ধু চিত্ররথের পুত্র পৃথু। এতদ্ভিন্ন বিদুরথাদি নামে তাঁহার আরও অনেক পুত্র জন্মিয়াছিল। তাঁহারা সকলেই বৃষ্ণিকুল-নন্দন বলিয়া প্রথিত ॥ ৯ ॥ ১০ ॥

সাত্বত-তনয় অন্ধকের ঔরসে কুকুর, ভজমান, শুচি এবং কম্বলবর্হি নামে চারিটী পুত্র উৎপন্ন হয়। তন্মধ্যে কুকুরের তনয় বৃষ্ণি এবং বৃষ্ণির পুত্র বিলোমা, তাঁহার তনয় কপোতরোমা, তৎপুত্র অনু। এই অনুর সহিত তুম্বুরুর সখ্যভাব জন্মিয়াছিল ॥ ১১ ॥

অন্ধকাদ্দুন্দুভিস্তস্মাদবিদ্যোতঃ পুনর্ব্বসুঃ।
তস্যাহুকশ্চাহুকী চ কন্যা চৈবাহুকাত্মজৌ॥
দেবকশ্চোগ্রসেনশ্চ চত্বারো দেবকাত্মজাঃ।
দেববানুপদেবশ্চ সুদেবো দেববর্দ্ধনঃ॥ ১২॥
তেষাং স্বসারঃ সপ্তাসন ধৃতদেবাদয়ো নৃপ
শান্তিদেবোপদেবাচ শ্রীদেবা দেবরক্ষিতা॥
সহদেবা দেবকী চ বসুদেব উবাহ তাঃ॥ ১৩॥
কংসঃ সুনামা ন্যগ্রোধঃ কঙ্কঃ শঙ্কুঃ সুহুস্তথা।

অন্বয়ঃ।

অনোঃ অন্ধকঃ, তস্য দুন্দুভিঃ, তস্য অবিদ্যোতঃ, তস্য পুনর্ব্বসুঃ, তস্য আহুকঃ পুত্রঃ, আহুকী কন্যা চ, আহুকস্য দেবকঃ উগ্রসেনঃ ইতি দ্বৌ পুত্রৌ। দেবকাত্মজাঃ চত্বারঃ যথা দেববান্ উপদেবঃ, সুদেবঃ দেববর্দ্ধনঃ ইতি॥ ১২॥

তেষাং স্বাসারঃ ভগিন্যঃ সপ্ত আসন্। তাঃ যথা ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা শ্রীদেবা দেবরক্ষিতা, সহদেবা, দেবকী চ ইতি। তাঃ বসুদেবঃ উবাহ উপযেমে॥ ১৩॥

উগ্রসেনস্য কংসঃ, সুনামা, ন্যগ্রোধঃ, কঙ্কঃ, শঙ্কুঃ সুহুঃ, রাষ্ট্রপালঃ, বৃষ্টিঃ তুষ্টিমান্ ইতি নব পুত্রাঃ তথা কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূঃ রাষ্ট্রপালিকা ইতি পঞ্চ দুহিতরঃ জাতাঃ। এতাঃ

শ্রীধরস্বামী।

অনোরন্ধকঃ। অন্ধকাদ্দুন্দুভিরিত্যপি তদ্বচনাদেব জ্ঞেয়ং॥ ১২॥
ধৃতদেবা আদির্যেষাং শান্তিদেবাদীনাং যস্যাং। তাঃ সপ্ত॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অন্ধকাৎ সাত্বতপুত্রাৎ॥ ১২॥ ১৩॥

অনুর পুত্র অন্ধক, তত্তনয় দুন্দুভি; তাঁহার অবিদ্যোত, তাঁহার পুনর্ব্বসু তাঁহার নন্দন আহুক এবং কন্যা আহুকী নামে প্রথিত হইয়াছিলেন। এই আহুকের ঔরসে দেবক এবং উগ্রসেন নামে দুইটী পুত্র জন্মে। দেবকের পুত্র চতুষ্টয় যথাক্রমে দেববান্, উপদেব, সুদেব এবং দেববর্দ্ধন নামে অভিহিত হইয়াছিলেন॥ ১২॥

তাঁহাদের ভগিনীও সাতটী হইয়াছিল; যথা, ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সহদেবা এবং দেবকী। এই সকলগুলিকে একা বসুদেবই বিবাহ করেন॥ ১৩॥

উগ্রসেনেরও কংস, সুনামা, ন্যগ্রোধ, কঙ্ক, শঙ্কু, সুহু, রাষ্ট্রপাল, বৃষ্টি এবং তুষ্টিমান্ নামে নয়টী পুত্র উৎপন্ন হয় এবং কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূ,

রাষ্ট্রপালোঽথ বৃষ্টিশ্চ তুষ্টিমানৌগ্রসেনয়ঃ ॥ ১৪ ।
কংসা কংসবতী কঙ্কা শূরভূ রাষ্ট্রপালিকা।
উগ্রসেনদুহিতরো বসুদেবানুজস্ত্রিয়ঃ ॥ ১৫ ॥
শূরো বিদূরথাদাসীদ্ভজমানস্তু তৎসুতঃ।
সিনিস্তস্মাৎ স্বয়ংভোজো হৃদিকস্তৎসুতো মতঃ ॥
দেবমীঢ়ঃ শতধনুঃ কৃতবর্ম্মেতি তৎসুতাঃ ॥ ১৬ ॥
দেবমীঢ়স্য শূরস্য মারিষা নাম পত্ন্যভূৎ।
তস্যাং স জনয়ামাস দশপুত্রানকল্মষান্ ॥

অন্বয়ঃ।

বসুদেবস্য অনুজানাং দেবভানাদীনাং স্ত্রিয়ঃ ভার্য্যাঃ আসন ॥ ১৪ ॥ ১৫ ॥

অথ অন্ধকপুত্রস্য ভজমানস্য সুতঃ বিদূরথঃ, তস্য শূরঃ, তস্য ভজমানঃ, তস্য শিনিঃ, তস্য স্বয়ম্ভোজঃ তৎসুতস্য হৃদীকস্য দেববাহুঃ শতধনুঃ কৃতবর্ম্মা দেবমীঢ়ঃ ইতি চত্বারঃ সুতাঃ জাতাঃ ॥ ১৬ ॥

দেবমীঢ়স্য পুত্রঃ শূরঃ, সঃ মারীষায়াং ভার্য্যায়াং দশ পুত্রান্ জনয়ামাস। তে যথা, বসুদেবঃ,

শ্রীধরস্বামী।

ঔগ্রসেনয়ঃ উগ্রসেনস্য সুতাঃ ॥ ১৪ ॥

বসুদেবস্য যেঽনুজ, দেবভাগাদয় স্তেষাং স্ত্রিয়ো ভার্য্যাঃ ॥ ১৫ ॥

অন্ধকস্য সুতানাং চতুর্ণাং প্রথমস্য কুকুরস্য বংশ উক্তঃ দ্বিতীয়স্য ভজমানস্য বংশমাহ শূরো বিদূরথাদিতি। ভজমানাচ্চ বিদূরথঃ পুত্রোঽভবৎ বিদূরথাচ্চ শূর ইতি পরাশরাদিবচনাৎ। যদ্বা পৃথুকিদূরথাদ্যাশ্চেতি পূর্ব্বোক্তশ্চিত্ররথাত্মজাৎ বিদূরথাৎ ॥ ১৬ ॥

দেবমীঢ়স্য যঃ শূরো নাম পুত্র স্তস্য দেবমীঢ়ো হৃদিকস্যৈব সুতঃ যথাহ পরাশরঃ তস্যাপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঔগ্রসেনয়ঃ উগ্রসেনস্য পুত্রাঃ কংসাদয়ঃ ॥ ১৪ ॥ ১৫ ॥ বিদূরথাচ্চিত্ররথপুত্রাৎ ॥ ১৬ ॥

রাষ্ট্রপালিকা নামে পাঁচটী কন্যা জন্মে। ইহাঁরা সকলে বসুদেবের কনিষ্ঠ ভ্রাতাগণেরই পত্নী হইয়াছিলেন। ১৪ ॥ ১৫ ॥

অন্ধক-নন্দন ভজমানের পুত্র বিদূরথ, তাঁহার তনয় শূর, তাঁহার তনয় ভজমান, তৎপুত্র সিনি। এই সিনির ঔরসে স্বয়ম্ভোজ, তদৌরসে হৃদীক, তদৌরসে দেববাহু, শতধনু, কৃতবর্ম্মা এবং দেবমীঢ় নামে চারিটী সন্তান জন্মে ॥ ১৬ ॥

দেবমীঢ়ের তনয় শূর; তিনি মারীষা নাম্নী পত্নীর গর্ভে দশটী পুত্র উৎপাদন করেন। তাঁহাদের নাম; বসুদেব, দেবভাগ, দেবশ্রবা, আনক, সৃঞ্জয়,

বসুদেবং দেবভাগং দেবশ্রবসমানকং।
সৃঞ্জয়ং শ্যামকং কঙ্কং সমীকং বৎসকং বৃকং ॥ ১৭ ॥
দেবদুন্দুভয়ো নেদুরানকা যস্য জন্মনি।
বসুদেবং হরেঃ স্থানং বদন্ত্যানকদুন্দুভিং ॥
পৃথাচ শ্রুতদেবাচ শ্রুতকীর্ত্তিঃ শ্রুতশ্রবাঃ।
রাজাধিদেবী চৈতেষাং ভগিন্যঃ পঞ্চকন্যকাঃ ॥ ১৮ ॥
কুন্তেঃ সখ্যুঃ পিতা শূরো হ্যপুত্রস্য পৃথামদাৎ।
সাপ দুর্ব্বাসসো বিদ্যাং দেবহূতং প্রতোষিতাৎ ॥

অন্বয়ঃ।

দেবভাগঃ, দেবশ্রবাঃ আনকঃ, সৃঞ্জয়ঃ, শ্যামকঃ কঙ্কঃ শমীকঃ, বৎসকঃ বৃকঃ ইতি ॥ ১৭ ॥

যস্য বসুদেবস্য জন্মনি দেবদুন্দুভয়ঃ আনকাঃ চ নেদুঃ। হরেঃ অবতরিষ্যমাণস্য শ্রীকৃষ্ণস্য অবতারযোগ্যং স্থানং বসুদেবং আনক-দুন্দুভিং বদন্তি ॥

শূরস্য পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্ত্তিঃ, শ্রুতশ্রবাঃ তথা রাজাধিদেবী চ পঞ্চকন্যকাঃ এতেষাং ভগিন্যঃ ॥ ১৮ ॥

শূর[illegible] অতঃ পৃথায়াঃ কুন্তীতি
নামান্ত প্রতোষিতাৎ তস্মাৎ

কৃতবর্ম্ম ্যাপি মারিষা নাম
পত্ন্যভূৎ
আ
পৃং কদাচিদ্গৃহমাগতং
হ্বা
হ
তা য়ে অদাৎ ॥

শ্যালকঃ, কঙ্ক, শমীক, বৎসক এবং বৃক ॥ ১৭ ॥

এই বসুদেবের জন্মকালে স্বর্গ হইতে আনক এবং দেবদুন্দুভির ধ্বনি হইয়াছিল। ভগবান্ শ্রীহরির অবতীর্ণ হইবার উপযুক্ত স্থান বিবেচনায় এই বসুদেবকে আনক-দুন্দুভি নামে সিদ্ধগণ অভিহিত করিতেন।

উক্ত শূরের বসুদেবাদি ব্যতীত তাঁহাদের ভগিনী পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্ত্তি, শ্রুতশ্রবা এবং রাজাধিদেবী নামে পাঁচটী কন্যা জন্মে। ১৮ ॥

[illegible]াজা কুন্তির কোনরূপ সন্তান সন্ততি জন্মে নাই; সুতরাং

তস্য বীর্য্যপরীক্ষার্থমাজুহাব রবিং শুচিঃ ॥ ১৯ ॥
তদৈবোপাগতং দেবং বীক্ষ্য বিস্মিতমানসা।
প্রত্যয়ার্থং প্রযুক্তা মে যাহি দেব ক্ষমস্ব মে ॥

অন্বয়ঃ।

দেবহূতিং (দেবান্ আহূয়ন্তে অনয়া ইতি তথা তাং) বিদ্যাং আপ। তস্যাঃ বিদ্যায়াঃ বীর্য্যস্য সামর্থ্যস্য পরীক্ষার্থং (স্নানাদিনা) শুচিঃ সতী কুন্তী রবিং আজুহাব ॥ ১৯ ॥

তদা এব উপ সমীপে আগতং দেবং সূর্য্যং বীক্ষ্য বিস্মিতং মানসং যস্যাঃ সা কুন্তী আহ যথা হে দেব! প্রত্যয়ার্থং যাথার্থত্ব-পরীক্ষার্থং মে ময়া বিদ্যা প্রযুক্তা, অতঃ যাহি! মে মম ক্ষমস্ব!

শ্রীধরস্বামী।

দুর্ব্বাসসঃ পৃথা পরিচর্য্যাদিনা তোষয়ামাস। ততশ্চ সা তস্মাদ্দেবাহ্বানহেতুং বিদ্যামবাপ তদাহ সা পতি ॥ ১৯ ॥

দেবমুপাগতং বীক্ষ্য সা প্রাহ প্রত্যয়ার্থং পরীক্ষার্থং ময়া বিদ্যা প্রযুক্তা নতু ত্বয়া কিঞ্চিৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাচ পৃথা কদাচিদ্দুর্ব্বাসসমাগতাৎ পরিচর্য্যয়া প্রতোষিতাৎ দুর্ব্বাসসঃ সকাশাৎ দেবহূতিং দেবাহ্বানহেতুং বিদ্যাং আপ ॥ ১৯ ॥

দেবং সূর্য্যং। প্রত্যয়ার্থং পরীক্ষার্থং ময়া বিদ্যা প্রযুক্তাতঃ ক্ষমস্ব সংপ্রত্যহং কন্যাস্মি ত্বয়া ন কিমপি কার্য্যং। যাহি!॥

মহারাজ শূর সৌহার্দ্দের অনুরোধে কুন্তিরাজকে স্বীয় কন্যা পৃথাকে কন্যাত্বে প্রদান করিলেন। তদবধি পৃথা কুন্তী নামে অভিহিতা হইলেন। কোন সময়ে মহর্ষি দুর্ব্বাসা কুন্তিরাজের গৃহে উপনীত হন। সেই সময় এই কুন্তী বিশেষ শ্রদ্ধা সহকারে মহর্ষির পূজার আয়োজনাদির দ্বারা যথেষ্ট পরিচর্য্যা করেন। মহর্ষি দুর্ব্বাসা কুন্তীর পরিচর্য্যায় পরম প্রীত হইয়া, দেবতাকে আহ্বান করিবার বিদ্যা তাঁহাকে প্রদান করেন। কুন্তী বাল্যচাপল্য বশত দুর্ব্বাসা-প্রদত্ত বিদ্যার পরীক্ষার্থ এক দিবস স্নানাদির দ্বারা পবিত্র হইয়া, ভগবান্ দিবাকরকে সেই বিদ্যার প্রয়োগে আহ্বান করিলেন ॥ ১৯ ॥

এবং অনতিবিলম্বে সূর্য্যদেবকে আপন সমীপে উপনীত অবলোকন করিয়া, কুন্তী বিস্মিতা হইলেন; এবং অতি বিনীত ভাবে রবিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে দেব! আমি কেবল আহ্বান-বিদ্যার পরিচয় গ্রহণার্থ মাত্র প্রয়োগ করিয়াছি! আপনার দ্বারা আমার অভীষ্ট-সিদ্ধির এখন কোন প্রয়োজন নাই! আমাকে ক্ষমা করুন্! এবং আপনি যথাস্থানে প্রস্থান করুন্! ॥

অমোঘং দেবসন্দর্শমাদধে ত্বয়ি চাত্মজং।
যোনি র্যথা ন দুষ্যেত কর্ত্তাহং তে সুমধ্যমে॥
ইতি তস্যাং স আধায় গর্ভং সূর্য্যো দিবং গতঃ।
সদ্যঃ কুমারঃ সংজজ্ঞে দ্বিতীয় ইব ভাস্করঃ॥
তং সা ত্যজন্ নদীতোয়ে কৃচ্ছ্রাল্লোকস্য বিভ্যতী।
প্রপিতামহ স্তামুবাহ পাণ্ডু র্বৈ সত্যবিক্রমঃ॥

অন্বয়ঃ।

রবিঃ আহ, হে দেবি! দেবস্য মম সন্দর্শনং অমোঘং ন ব্যর্থং। ত্বয়ি আত্মজং আদধে আধাস্যে। হে সুমধ্যমে! যথা তে তব যোনিঃ ন দুষ্যেত ন বিদীর্য্যেত তথা অহং কর্ত্তা করিষ্যামি॥

ইতি উক্ত্বা সঃ সূর্য্যঃ তস্যাং গর্ভং আধায় দিবং স্বর্গং গতঃ, ততঃ, তত্রঃ দ্বিতীয়ঃ ভাস্করঃ ইব কুমারঃ সদ্যঃ সংজজ্ঞে॥

লোকস্য লোকাৎ জনাপবাদাৎ বিভ্যতী সতী সা পৃথা তং বালং(পেটিকায়াং সংস্থাপ্য) কৃচ্ছ্রাৎ কষ্টেন নদীতোয়ে অত্যজৎ চিক্ষেপ। তব প্রপিতামহঃ সত্যবিক্রমঃ বৈ পাণ্ডুঃ তাং কুন্তীং উবাহ উপযেমে॥

শ্রীধরস্বামী।

কার্য্যমিত্যভিসন্ধিনা। ততো যাহি ইত্যেবমুক্তে রবিরুবাচ অমোঘং দেবদর্শনমিতি। কন্যাহ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্য উবাচ অমোঘমিত্যাদি। নন্বু তর্হি যোনিদুষ্টাং কন্যাং মাং কঃ পরিণয়েদিতি

দিবাকর বলিলেন, হে দেবি! আমার ন্যায় দেবতার সন্দর্শন কভু ব্যর্থ হইবে না। তোমাতে আমি পুত্র অবশ্যই উৎপাদন করিব! হে সুন্দরি! তোমার যোনি যাহাতে দূষিত না হয়, আমি তাহারও ব্যবস্থা অবশ্য করিব॥

এই কথা বলিয়া, সূর্য্যদেব কুন্তীর গর্ভোৎপাদন করত স্বর্গে গমন করিলেন; এবং দ্বিতীয় দিবাকরের ন্যায় এক অপূর্ব্ব পুত্র তৎক্ষণাৎ কুন্তীর গর্ভ হইতে উৎপন্ন হইল॥

কন্যাকালে তাদৃশ পুত্র-জননে কুন্তী লোকাপবাদের ভয়ে অত্যন্ত ভীতা হইলেন এবং নিজের নিন্দাবাদ নিবারণার্থ সেই বালকটীকে একটী পেটিকার মধ্যে রাখিয়া, অতি কষ্টে নদীর জলে ভাসাইয়া দিলেন। হে পরীক্ষিৎ! আপনার পিতামহ সত্যবিক্রম মহারথ পাণ্ডু এই কুন্তীর পাণি গ্রহণ করিয়াছিলেন॥

বৃহদ্ধর্ম্মা কারূষ শ্রুতদেবাকে বিবাহ করেন। পূর্ব্বে ঋষিগণ কর্ত্তৃক অভি-

শ্রুতদেবান্ত কারূষো বৃদ্ধশর্ম্মা সমগ্রহীৎ।
যস্যামভূদ্দন্তবক্র ঋষিশপ্তো দিতেঃ সুতঃ॥
কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ শ্রুতকীর্ত্তিমবিন্দত।
সন্তর্দ্দনাদয় স্তস্যাঃ পঞ্চাসন্ কৈকয়াঃ সুতাঃ॥ ২০॥
রাজাধিদেব্যামাবন্ত্যৌ জয়সেনোঽজনিষ্ট হ।
দমঘোষ শ্চেদিরাজঃ শ্রুতশ্রবসমগ্রহীৎ॥
পিশুপালঃ সুতস্তস্যাঃ কথিতস্তস্য সম্ভবঃ॥ ২১॥
দেবভাগস্য কংসায়াং চিত্রকেতু-বৃহদ্বলৌ।

অন্বয়ঃ।

বৃদ্ধশর্ম্মা কারূষঃ শ্রুতদেবাং সমগ্রহীৎ উপযেমে। যস্যাং পূর্ব্বং ঋষিভিঃ শপ্তঃ ভগবদ্দ্বার-পালঃ বিজয়ঃ দিতেঃ সুতঃ হিরণ্যাক্ষো অভূৎ সঃ ইদানীং দন্তবক্রঃ অভূৎ॥

কৈকেয়ঃ ধৃষ্টকেতুঃ শ্রুতকীর্ত্তিং অবিন্দত উপযেমে; যস্যাং তু কৈকেয়াঃ সন্তর্দ্দনাদয়ঃ পঞ্চ সুতাঃ আসন্॥ ২০॥

জয়সেনঃ রাজাধিদেব্যাং আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ দ্বৌ সুতৌ অজনিষ্ট জনয়ামাস। চেদি-রাজঃ দমঘোষঃ শ্রুতশ্রবসং অগ্রহীৎ। তস্য সম্ভবঃ তস্যাঃ সুতঃ শিশুপালঃ কথিতঃ॥ ২১॥

শ্রীধরস্বামী।

মিতি চেৎ তত্রাহ যথা যোনি র্ন দূষ্যেত তথাহং কর্ত্তা করিষ্যামি॥ ২০॥

আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চেত্তত্রাহ যোনিরিতি। কর্ত্তা করিষ্যামি॥ ২০॥ আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ॥ ২১॥

শপ্ত হইয়া ভগবানের দ্বারপাল যে বিজয় দিতির গর্ভে পূর্ব্বজন্মে হিরণ্যাক্ষ হইয়া জন্ম গ্রহণ করিয়াছিলেন, বর্ত্তমান জন্মে এই শ্রুতদেবার গর্ভে তিনিই দন্তবক্ররূপে দ্বিতীয় বার জন্ম পরিগ্রহ করিলেন॥

কৈকেয়-বংশসম্ভূত ধৃষ্টকেতু শ্রুতকীর্ত্তিকে বিবাহ করেন এবং কৈকেয়-সংজ্ঞক সন্তর্দ্দনাদি পঞ্চ তনয় তাঁহার গর্ভে উৎপাদন করেন॥ ২০॥

জয়সেন রাজাধিদেবীর পাণি গ্রহণ করিয়া, তদীয় গর্ভে অবন্তী দেশাধি-পতি বিন্দ এবং অনুবিন্দ নামে দুই পুত্র উৎপাদন করেন। চেদিপতি দমঘোষ শ্রুতশ্রবার পাণি গ্রহণ করত সম্ভব নামে এক পুত্র উৎপাদন করেন। এই সম্ভবের পুত্র শিশুপাল নামে অভিহিত হইয়াছেন॥ ২১॥

দেবভাগ স্বকীয় বনিতা কংসার গর্ভে চিত্রকেতু এবং বৃহদ্বল নামে দুইটী তনয় উৎপাদন করেন। দেবশ্রবার ঔরসে তদীয় ভার্য্যা কংসবতীর গর্ভে

কংসবত্যাং দেবশ্রবসঃ সুবীর ইষুমাংস্তথা ॥
বকঃ কঙ্কাত্তু কঙ্কায়াং সত্যজিৎ পুরুজিত্তথা।
সৃঞ্জয়ো রাষ্ট্রপাল্যাঞ্চ বৃষ-দুর্ম্মর্ষণাদিকান্ ॥
হরিকেশ-হিরণ্যাক্ষৌ শূরভূম্যাঞ্চ শ্যামকঃ।
মিশ্রকেশ্যামপ্সরসি বৃকাদীন্ বৎসকস্তথা ॥
তক্ষ-পুষ্করমালাদীন্ দূর্ব্বাক্ষ্যাং বৃক আদধে।
সুমিত্রার্জ্জুন-পালাদীন্ সমীকাত্তু সুদামনী ॥
আনকঃ কর্ণিকায়াং বৈ ঋতধামা জয়াবপি ॥ ২২ ॥

অন্বয়ঃ।

দেবভাগস্য কংসায়াং চিত্রকেতু-বৃহদ্বলৌ দ্বৌ সুতৌ। দেবশ্রবসঃ কংসবত্যাং সুবীরঃ ইষুমান্ ইতি দ্বৌ পুত্রৌ ॥

কঙ্কাৎ কঙ্কায়াং বকঃ সত্যজিৎ তথা পুরুজিৎ চ জজ্ঞিরে। সৃঞ্জয়ঃ রাষ্ট্রপাল্যাং বৃষ-দুর্ম্মর্ষণাদিকান্ উৎপাদয়ামাস ॥

শ্যামকঃ শূরভূম্যাং হরিকেশ-হিরণ্যাক্ষৌ জনয়ামাস। বৎসকঃ তথা অপ্সরসি মিশ্রকেশ্যাং বৃকাদীন্ উৎপাদয়ামাস ॥

বৃকঃ দুর্ব্বাক্ষ্যাং তক্ষ-পুষ্কর-মালাদীন্ আদধে। সমীকাৎ সুদামনী-সুমিত্রার্জ্জুন-পালাদীন্ জনয়ামাস তথা আনকঃ কর্ণিকায়াং ভার্য্যায়াং ঋতধামাজয়ৌ দ্বৌ সুতৌ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তদেবং বসুদেবস্য ভগিনীনাং পতীন্ পুত্রাংশ্চ উক্ত্বা তস্ত্রাতৃণাং নবানাং পত্নীঃ পুত্রাংশ্চাহ দেবভাগস্যেতি নবভিঃ শ্লোকার্দ্ধৈঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বসুদেবস্য ভগিনীনাং পতীন্ পুত্রাংশ্চোক্ত্বা তস্ত্রাতৃণাং নবানাং পত্নীঃ পুত্রাংশ্চাহ দেব-

---

সুবীর এবং ইষুমান্ নামে দুইটী পুত্র জন্মে ॥

কঙ্কপত্নী কঙ্কা স্বামীর ঔরসে বক, সত্যজিৎ এবং পুরুজিৎ নামে তিনটী তনয় প্রসব করেন। সঞ্জয়-বনিতা রাষ্ট্রপালীকার গর্ভে বৃষ ও দুর্ম্মর্ষণ প্রভৃতি কয়েকটী তনয় উৎপন্ন হইয়াছে ॥

শ্যামক-ভার্য্যা শূরভূমীর গর্ভে হরিকেশ এবং হিরণ্যাক্ষ নামে দুই পুত্র জন্মে। বৎসক স্বীয় পত্নী মিশ্রকেশী নাম্নী অপ্সরার গর্ভে বৃকাদি পুত্রগণকে উৎপাদন করিয়াছেন ॥

বৃকের পত্নী দুর্ব্বাক্ষী; তাঁহার গর্ভে তক্ষ, পুষ্কর এবং মালাদি নামে কয়েকটী সন্তান উৎপন্ন হয়। সমীকের ঔরসে তদীয়া পত্নী সুদামনীর গর্ভে

পৌরবী রোহিণী ভদ্রা মদিরা রোচনা ইলা।
দেবকী-প্রমুখাশ্চাসন্ পত্ন্যা আনকদুন্দুভেঃ ॥
বলং গদং সারণঞ্চ দুর্ম্মদং বিপুলং ধ্রুবং।
বসুদেবস্তু রোহিণ্যাং কৃতাদীনুদপাদয়ৎ ॥
সুভদ্রো ভদ্রবাহুশ্চ দুর্ম্মদো ভদ্র এবচ।
পৌরব্যা তনয়া হ্যেতে ভূতাদ্যা দ্বাদশাভবন্ ॥
নন্দোপনন্দ-কৃতক-শূরাদ্যা মদিরাত্মজাঃ ॥ ২৩ ॥
কৌশল্যা কেশিনং ত্বেকমসূত কুলনন্দনং।
রোচনায়ামতো জাতা হস্ত-হেমাঙ্গদাদয়ঃ ॥

অন্বয়ঃ।

আনকদুন্দুভেঃ বসুদেবস্য পৌরবী রোহিণী ভদ্রা মদিরা, রোচনা ইলা দেবকীপ্রমুখাঃ পত্ন্যাঃ আসন্।

বসুদেবঃ তু রোহিণ্যাং বলং গদং সারণং দুর্ম্মদং বিপুলং ধ্রুবং কৃতাদীন্ চ জনয়ামাস। বসুদেবস্য সুভদ্রঃ ভদ্রবাহুঃ দুর্ম্মদঃ ভদ্রঃ ভূতাদ্যাঃ দ্বাদশ তনয়াঃ পৌরব্যাঃ ভার্য্যায়াঃ অভবন্। তথা মদিরায়াং ভার্য্যায়াং নন্দোপনন্দ-কৃতক-সুরাদ্যাঃ আত্মজাঃ অভবন্ ॥ ২৩ ॥

কৌশল্যা বসুদেব-ভার্য্যাতু একং কুলনন্দনং কেশিনং অসূত। হস্তহেমাদয়ঃ রোচনায়াং জাতাঃ ॥

শ্রীধরস্বামী।

বসুদেবস্য পত্নীঃ পুত্রাংশ্চাহ পৌরবীত্যেকাদশভিঃ। ২৩।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাগস্যেতি নবভিঃ শ্লোকার্দ্ধৈঃ ॥ ২২ ॥ ২৩ ॥

সুমিত্র ও অর্জ্জুনপালাদি কয়েকটী পুত্র জন্মিয়াছিল। আনক স্বীয় ভার্য্যা কর্ণিকার গর্ভে ঋতধামা ও জয় নামে দুইটী তনয় উৎপাদন করেন ॥ ২২ ॥

আনক-দুন্দুভি বসুদেবের পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা, রোচনা ইলা এবং দেবকী নামে অনেকগুলি পত্নী ছিল। তন্মধ্যে রোহিণীর গর্ভে বলরাম, গদ, সারণ, দুর্ম্মদ, বিপুল, ধ্রুব, এক এবং কৃতাদি নামে তাহার কয়েকটী সন্তান জন্মে; পৌরবী নাম্নী পত্নীর গর্ভে সুভদ্র, ভদ্রবাহু, দুর্ম্মদ, ভদ্র এবং ভূতাদি নামে দ্বাদশটী সন্তান জন্মে। বসুদেবের মদিরা নাম্নী ভার্য্যার গর্ভে নন্দ উপনন্দ কৃতক এবং সুরাদি অপত্যগণ জন্ম গ্রহণ করেন; এবং কৌশল্যা নাম্নী ভার্য্যা কিন্তু কেশি নামক একটী পুত্র প্রসব করেন মাত্র। রোচনার গর্ভে হস্ত এবং হেমাঙ্গদাদি কয়েকটী সন্তান জন্মে ॥ ২৩ ॥

বসুদেব ইলানাম্নী পত্নীতে উরু এবং কঙ্কাদি যদুশ্রেষ্ঠ কয়েকটী পুত্র

ইলায়ামুরু-বল্কাদীন্ ষড়ুমুখ্যানজীজনৎ।
বিপৃষ্ঠো ধৃতদেবায়ামেক আনকদুন্দুভেঃ॥
শান্তিদেবাত্মজা রাজন্ প্রশম-প্রথিতাদয়ঃ।
রাজন্য-কল্পবর্ষাদ্যা উপদেবাসুতা দশ॥
বসু হংস সুবংশাদ্যাঃ শ্রীদেবায়াস্তু ষট্ সুতাঃ।
দেবরক্ষিতয়া লব্ধা নব চাত্র গদাদয়ঃ॥
বসুদেবঃ সুতানষ্টাবাদধে সহদেবয়া।
প্রবর-শ্রুতমুখ্যাংশ্চ সাক্ষাদ্ধর্ম্মো বসূনিব॥
বসুদেবস্তু দেবক্যামষ্টপুত্রানজীজনৎ।
কীর্ত্তিমন্তং সুষেণঞ্চ ভদ্রসেনমুদারধীঃ॥
ঋজুং সম্মর্দ্দনং ভদ্রং সঙ্কর্ষণমহীশ্বরং॥ ২৪॥

অন্বয়ঃ।

তথা ইলায়াং উরুবল্কাদীন্ ষড়ুমুখ্যান্ সুতান্ অজীজনৎ। ধৃতদেবায়াং বিপৃষ্ঠঃ নাম একঃ পুত্রঃ আনক-দুন্দুভেঃ জাতঃ। শান্তিদেবায়াং প্রশম-প্রসিতাদয়ঃ। উপদেবায়াং কল্প-বর্ষাদ্যাঃ দশ তথা শ্রীদেবায়াং বসু হংস সুহংসাদ্যাঃ ষট্। দেবরক্ষিতায়াং গদাদয়ঃ নব॥

সাক্ষাৎ ধর্ম্মঃ অষ্টৌ বসূন্ ইব বসুদেবঃ সহদেবয়া ভার্য্যয়া প্রবর-শ্রুতমুখ্যান্ অষ্টৌ সুতান্ আদধে জনয়ামাস। দেবক্যাং অপি বসুদেবঃ কীর্ত্তিমদাদীন্ অষ্টপুত্রান্ অজীজনৎ। তেষু ষট্পুত্রাঃ জীববিশেষাঃ। সপ্তমস্তু অহীনাং ঈশ্বরঃ সঙ্কর্ষণঃ ভগবান্ এব॥ ২৪॥

শ্রীধরস্বামী।

কৌশল্যা ভদ্রা॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৌশল্যা ভদ্রা॥ ২৪॥

উৎপাদন করেন এবং ভার্য্যা ধৃতদেবা কেবল বিপৃষ্ঠ নামে একটী পুত্র প্রসব করেন। শান্তিদেবাতে প্রশম এবং প্রসিতাদি সন্তানগণ জন্মে। উপদেবা নাম্নী বনিতার গর্ভে কল্পবর্ষাদি দশটী তনয় এবং শ্রীদেবার গর্ভে বসু হংস এবং সুহৎসাদি ছয়টী ও দেবরক্ষিতার গর্ভে গদাদি নয়টী সন্তান উৎপন্ন হয়॥

সাক্ষাৎ ধর্ম্মের ঔরসে অষ্টজন বসুর উৎপত্তির ন্যায়, বসুদেবের ঔরসে তদীয়া পত্নী সহদেবার গর্ভে প্রবর এবং শ্রুতমুখ্যাদি বীর্য্যবান্ আটটী তনয় জন্ম গ্রহণ করেন। এদিকে দেবকীর গর্ভে বসুদেবের কীর্ত্তিমানাদি আটটী সন্তান জন্মে। তন্মধ্যে পূর্ব্ববর্ত্তী ছয়জন জীববিশেষ; সপ্তম তনয় সাক্ষাৎ অহীশ্বর ভগবান্ সঙ্কর্ষণ॥ ২৪॥

বসুদেবের ঔরসে তদীয়া ভার্য্যা দেবকীর অষ্টম গর্ভে স্বয়ং বিষ্ণু ভগবান্

অষ্টমস্তু তয়োরাসীৎ স্বয়মেব হরিঃ কিল।
সুভদ্রাচ মহাভাগা তব রাজন্ পিতামহী ॥ ২৫ ॥
যদা যদাহি ধর্ম্মস্য ক্ষয়ো বৃদ্ধিশ্চ পাপ্মনঃ।
তদা তু ভগবানীশ আত্মানং সৃজতে হরিঃ ॥ ২৬ ॥
নহুষস্য জন্মনো হেতুঃ কর্ম্মণো বা মহীপতে।

অন্বয়ঃ।

তয়োঃ একা কন্যাচ আসীৎ যা সুভদ্রা হে রাজন্! তব পিতামহী এব ॥ ২৫ ॥

যদা যদা কালে ধর্ম্মস্য ক্ষয়ঃ বিনাশঃ পাপ্মনঃ চ বৃদ্ধিঃ ভবতি তদাহি ভগবান্ ঈশঃ হরিঃ আত্মানং সৃজতে ॥ ২৬ ॥

হে মহীপতে! আত্মনঃ ঈশস্য পরস্য দ্রষ্টুঃ সর্ব্বসাক্ষিণঃ, অস্য ভগবতঃ আত্মমায়াং

শ্রীধরস্বামী।

অষ্টমস্তু স্বয়মেবাসীৎ নতু কর্ম্মাদিনা হেতুনা। তাভ্যাং জনিতো বা যতোঽসৌ হরিঃ ॥২৫॥

তদেবোপপাদয়তি যত্রেতি ত্রিভিঃ ॥ ২৬ ॥

ঈশস্য মায়ানিয়ন্তুঃ পরস্য অসঙ্গস্য দ্রষ্টুঃ সাক্ষিণঃ আত্মনঃ সর্ব্বগতস্য নহ্যেবংভূতস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বয়মেব নত্বংশেন ॥ ২৫ ॥

তত্র ভগবদবতারমাত্রস্য সামান্যতঃ কারণমাহ যদেতি ॥ ২৬ ॥

ননু জীবস্য জন্মকর্ম্মণো হেতুঃ প্রাচীনং কর্ম্মৈব স্যাৎ তস্য চ হেতুর্ম্মায়া শ্রীভগবতস্তু কিং স্যাদিত্যত আহ নহুস্যেতি। আত্মনঃ স্বস্য আত্মসু জীবেষু মায়াং কৃপাং বিনা উত্তর-শ্লোকে অনুগ্রহ ইতি মায়ার্থ-বিবরণাৎ। মায়া তন্তে কৃপায়াং চেতি বিশ্বপ্রকাশাৎ মায়া-

শ্রীহরি আবির্ভূত হন। তাঁহার পর যে কন্যা জন্মে তাঁহার নাম সুভদ্রা! হে রাজন্! এই সুভদ্রাই আপনার পিতামহী ॥ ২৫ ॥

যে যে সময়ে ধর্ম্মের ক্ষয় এবং অধর্ম্মের শ্রীবৃদ্ধি হইয়া পাপের বিশেষ উদয় হয়, সেই সেই সময়ে ভগবান্ শ্রীহরি বিগ্রহ ধারণে অবতীর্ণ হইয়া থাকেন ॥ ২৬ ॥

হে মহীপতে! পরমাত্মা সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন সর্ব্বসাক্ষী ভগবানের দেহ-ধারণ বা অবতার সাধারণ জীবের ন্যায়, কর্ম্ম নিবন্ধন নহে। তাঁহার ইচ্ছা

আভাস।

মায়াবশবর্ত্তী জীব সঞ্চিত কর্ম্মের অনুসারে ভোগায়তন দেহ এবং তদুপযোগী ভোগ লাভে জন্ম জন্মান্তর উপভোগ করিয়া থাকে। ভগবানের অবতার গ্রহণ সেরূপ কর্ম্মানুসারে হয় না। কারণ তিনি মায়ার বশবর্ত্তী নহেন। মায়াই তাঁহার অধীন; তাঁহার ইচ্ছাই মায়ারূপ ধারণে জীবকে বিচিত্র ব্যাপার প্রদর্শনে মোহিত এবং প্রবোধিত করে। সুতরাং তদ্দ্বারা তাঁহার

আত্মমায়াং বিনেশস্য পরস্য দ্রষ্টুরাত্মনঃ ॥ ২৭ ॥
যন্মায়াচেষ্টিতং পুংসঃ স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় হি।

অন্বয়ঃ।

স্বকীয়াং ইচ্ছাং বিনা জন্মনঃ কর্ম্মণঃ বা হেতুঃ নাস্তি ॥ ২৭ ॥

যস্য মায়াচেষ্টিতং পুংসঃ জীবস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় (উপাধিসৃষ্ট্যাদিনা ধর্ম্মাদি-সম্পাদনেন)

শ্রীধরস্বামী।

মায়াবিনোদং বিনা জন্মনঃ কর্ম্মণো বা হেতুঃ সম্ভবতীত্যর্থঃ ॥ ২৭ ॥

কিঞ্চ যস্য মায়াচেষ্টিতং পুংসো জীবস্যানুগ্রহঃ তস্য সর্ব্বজীবানুগ্রাহকস্য কুতঃ কর্ম্মাদি পারতন্ত্র্যেণ জন্মাদি-সম্বন্ধঃ। অনুগ্রহমেবাহ হি যস্মাৎ তদেব স্থিত্যাদয়ে ইষ্যতে। প্রলয়ে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শব্দেনাত্র কৃপৈবোচ্যতে। কৃপায়াঃ ফলমভিব্যঞ্জয়তি। ঈশস্য জন্মকর্ম্মভ্যাং দর্শিতাভ্যাং সর্ব্ব-জীবোদ্ধার-সমর্থস্যেত্যর্থঃ। সামর্থ্যে হেতুঃ পরস্য সর্ব্বোৎকৃষ্টস্য। কৃপায়াং হেতুঃ আত্মনো জীবান্ দ্রষ্টুঃ সংসার-দুঃখার্ত্তো পতিতান্ বিলোকয়িতুঃ ॥ ২৭ ॥

কৃপায়া এব হেতুত্বং কৈমুত্যেন দর্শয়তি যদিতি। পুংসঃ প্রকৃতীক্ষণকর্ত্তুঃ মায়ায়াং যচ্চেষ্টিত-মীক্ষণাদিকং কর্ম্ম জীবানাং স্থিত্যাদ্যর্থং হি নিশ্চিতং তচ্চাপি অনুগ্রহাদেব হেতোঃ কিমুত মায়াগন্ধেনাপি রহিতং গোবর্দ্ধন-ধারণাদি-চেষ্টিতমিতি ভাবঃ। বুদ্ধীন্দ্রিয়াদিকং প্রাপ্য জীবা বিষয়-ভোগাদিকং প্রাপ্নুবন্ত্বিতি যা কৃপা তত এব মায়ায়াং চেষ্টিতমিত্যর্থঃ। ননু বিষয়ভোগাদি-

---

শক্তিই বৈষ্ণবী মায়া; সেই ইচ্ছাশক্তির প্রভাবেই তিনি আবির্ভূত হইয়া থাকেন। ২৭ ॥

যাঁহার ইচ্ছা নাম্নী মায়া শক্তির প্রভাবে জীবনিচয়ের সৃষ্টি, স্থিতি এবং সংহার-ক্রিয়ার অন্তর্গত দেহরূপ উপাধির অধীনে ধর্ম্মাদির প্রতিষ্ঠা হইয়া থাকে; পুনরায় সেই সৃষ্ট্যাদির কারণ যে তিনি, তাহা অবধারণ করিবা মাত্র

আভাস।

নিজের মোহ বা প্রবোধের কোন সম্ভাবনা নাই। ব্রহ্মাণ্ড-রচনার্থ যখন তিনি মায়াকে চালিত করেন, তখন প্রয়োজনোচিত স্বকীয় লীলাবিগ্রহ পরিগ্রহে মায়ার প্রেরণাকে তাঁহার ইচ্ছা শক্তির বিকাশ বলিয়াই অবশ্য স্বীকার করিতে হইবে ॥ ২৭ ॥

মায়াপ্রবাহে জীবকে নিক্ষেপ করাও ভগবানের তৎপ্রতি কৃপার পরিচয়, সন্দেহ নাই। কারণ অবগণ্ড শিশুকে পক লঙ্কার আস্বাদ জানান পিতার পক্ষে বালকের যেমন ভাবি মঙ্গলেরই কামনা; কারণ একবার স্বাদ অবগত হইলে, সে কখন সুন্দর জ্ঞানে তাহা স্বীয় চক্ষুতে কখন স্পর্শ করাইবে না এবং আপাতত জ্বালা নিবারণের উপায় পিতৃ সান্নিধানে অবগত হইয়া, ভবিষ্যতে অন্যের তদ্নিষ্ঠ জ্বালা নিবারণে প্রাজ্ঞ হইয়া থাকে, সন্দেহ নাই। ভগবান্ দেহরূপ উপাধির সৃজনে জীবকে সৃষ্টি পালন ও সংহাররূপ মায়ার স্রোতে ভাসাইয়া, মায়ার স্বরূপ

অনুগ্রহ স্তন্নিবৃত্তে রাত্মলাভায় চেষ্যতে ॥ ২৮ ॥
অক্ষৌহিণীনাং পতিভি রসুরৈ র্নৃপলাঞ্ছনৈঃ।
ভুব আক্রম্যমাণায়া অভারায় কৃতোদ্যমঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

অনুগ্রহঃ জ্ঞেয়ঃ, তথা (তেনৈব শ্রূয়মাণেন) তস্য স্থিত্যাদেঃ নিবৃত্তেঃ আত্মলাভায় চ ইষ্যতে তস্য জীবানুগ্রাহকস্য কৃতঃ কর্ম্মাদি-পারতন্ত্র্যাৎ জন্মাদি ॥ ২৮ ॥

অক্ষৌহিণীনাং পতিভিঃ নৃপলাঞ্ছনৈঃ (নৃপাণাং ক্ষত্রিয়াণাং ইব লাঞ্ছনানি চিহ্নানি যেষাং তৈঃ) অসুরৈঃ আক্রম্যমাণায়াঃ ভারায়মাণায়াঃ, ভুবঃ অভারায় ভারাবতারায়, কৃতঃ উদ্যমঃ যেন সঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

নিমিত্তোপাধে র্জীবস্য ধর্ম্মাদাসম্ভবাদুপাধি-সুধ্যাদিনা ধর্ম্মাদি-সম্পাদনেনানুগ্রহঃ তথা আত্মলাভায় মোক্ষায় চেষ্যতে। তত্র হেতুঃ তেনৈব শ্রূয়মাণেন তস্য স্থিত্যাদে র্নিবৃত্তেঃ ॥ ২৮ ॥

তস্য চেষ্টিতং ভূমেরপ্যনুগ্রহঃ ইত্যাহ অক্ষৌহিণীনামিত্যাদি দ্বাভ্যাং। অভারায় ভারপরিহারায় ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হেতুভ্যাঃ স্থিত্যাদিভ্যঃ পুনঃ সংসার-দুঃখমেব স্যাদিতি কোঽয়মনুগ্রহ স্তত্রাহ। তন্নিবৃত্তে স্তেষাং স্থিত্যাদীনাং ভক্তি-জ্ঞান-বৈরাগ্যে র্নিবৃত্তে রাত্মনো ভাগবতো যো লাভ স্তদর্থঞ্চেষ্যতে। বুদ্ধীন্দ্রিয়াদিকং বিনা ভক্তিজ্ঞানাদ্যাপি ন সিদ্ধ্যেদিতি জীবমাত্রেষু কৃপৈব হেতু রিত্যর্থঃ। যদুক্তং। বুদ্ধীন্দ্রিয় মনঃ প্রাণান্ জনানামসৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে কল্পনায়চেতি ॥ ২৮ ॥

শ্রীকৃষ্ণস্যতু জন্মকর্ম্মণো র্হেতুঃ স্পষ্টমেব পৃথিব্যাং পৃথিবীসৃজনেষু সাধক-সিদ্ধ-ভক্তেষ্বপি

ঐ সৃষ্ট উপাধির বিলয়ে জীব মুক্তি লাভ করে। তাদৃশ অনুকম্পাকারী ভগবানের আবির্ভাবাদির সম্বন্ধে সাধারণ জীববৎ কর্ম্মের সম্পর্ক কিরূপে নির্ণীত হওয়া সম্ভব ? ॥ ২৮ ॥

শত শত অক্ষৌহিণী সেনার অধিপতি প্রজাপালক নরপতির বেশধারী প্রকৃত দারুণ-স্বভাব অসুর-কুলের পদভরে মেদিনী যখন বিষম ভারাক্রান্ত হন, তখন সেই ভার অপনোদনার্থই তিনি আবির্ভূত হইয়া থাকেন মাত্র ॥ ২৯ ॥

ভগবান্ শ্রীহরি সাক্ষাৎ অনন্তদেব সঙ্কর্ষণ সহ ধরাধামে অবতীর্ণ হইয়া,

আভাস।

জীবকে পরিজ্ঞাত করান। জীব তখন কোন উপায়ে সেই মায়ার হস্ত হইতে নিষ্কৃতি লাভ হইবে বলিয়া তন্ন তন্ন বিচারের দ্বারা যখন মায়ানিয়ন্তাকে অবধারণ করিতে পারে, তখন তাহাদের ভাবী অনিষ্টের সম্ভাবনা থাকে না। অনাদি কাল হইতে বিদ্যমান জীব একবার মায়ার কুহকে নিপতিত হইয়া, অনন্তকালের জন্য চিরনির্বৃতি উপভোগ করে। তজ্জন্য ভগবানের ক্রিয়া জীবের পক্ষে অনুগ্রহেরই পরিচয় সন্দেহ নাই। জীব দেহের ধর্ম্ম কর্ম্মাদির অনুষ্ঠানে আত্মজ্ঞান লাভ করিয়া মুক্ত হয় ॥ ২৮ ॥

কর্ম্মাণ্যপরিমেয়াণি মনসাপি সুরেশ্বরৈঃ।
সহ সঙ্কর্ষণশ্চক্রে ভগবান্ মধুসূদনঃ ॥ ৩০ ॥
কলৌ জনিষ্যমাণানাং দুঃখ-শোক-তমোনুদং।
অনুগ্রহায় ভক্তানাং সুপুণ্যং ব্যতনোদ্ যশঃ। ৩১ ॥
যস্মিন্ সৎকর্ণ-পীযুষে যশস্তীর্থবরে সকৃৎ।

অন্বয়ঃ।

সহসঙ্কর্ষণঃ ভগবান্ মধুসূদনঃ সুরেশ্বরৈঃ ইন্দ্রাদিভিঃ মনসা অপি অপরিমেয়াণি কর্ম্মাণি চক্রে ॥ ৩০ ॥

কলৌ জনিষ্যমাণানাং ভক্তানাং অনুগ্রহায় দুঃখং শোকং তমঃ তৎকারণং অজ্ঞানং চ সুদতি অপনয়তি তথাভূতং সুপুণ্যং যশঃ ব্যতনোৎ ॥ ৩১ ॥

সতাং নির্ম্মলান্তঃকরণানাং কর্ণপীযুষে অমৃততুল্যে যস্মিন্ যশোরূপে তীর্থবরে শ্রোত্রং

শ্রীধরস্বামী।

সুরেশ্বরৈরপি মনসাপি অপরিমেয়াণি অবিতর্কাণি। সঙ্কর্ষণ-সহিত শ্চক্রে ॥ ৩০ ॥

সংকল্পমাত্রেণ ভূভারহরণ-সমর্থস্যাদি-কর্ম্ম-করণং যশোবিস্তার-দ্বারা ভক্তানুগ্রহার্থমিত্যাহ কলাবিতি দ্বাভ্যাং। দুঃখ শোক তমাংসি নুদতীতি তথা যদ্যশো ব্যতনোৎ ॥ ৩১ ॥

যস্মিন্ সতাং কর্ণপীযুষে যশোরূপে তীর্থবরে শ্রোত্রমেব অঞ্জলিঃ পানসাধনং যস্য সঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃপৈব দৃশ্যত ইত্যাহ অক্ষৌহিণীনামিতি সপ্তভিঃ। ভুবো ভারহরণাৎ অসুরাণামপি বধেন সংসার-হরণাৎ কৃপোক্তা ॥ ২৯ ॥ ৩০ ॥

ভুবি স্থিতেষু কৃপা মুক্তা ভুবি স্থাস্যংস্বপি কৃপামাহ কলাবিতি। তমোঽবিদ্যা ॥ ৩১ ॥

ননু সুপুণ্যমিত্যুক্ত্যা যশঃ স্বর্গজনক মবগম্যতে তত্র মৈবমিত্যাহ যস্মিন্নিতি। সন্তিঃ কর্ণপেয়-পীযূষময়ে যশোরূপে তীর্থবরে শ্রোত্রমেবাঞ্জলিঃ পানসাধনং যস্য স উপস্পৃশ্য

যে সকল অলোক-সামান্য কর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন, তাহা সাধারণ লোকের কথা দূরে থাকুক্। ইন্দ্রাদি লোকপালগণও তাহা মনে মনে ধারণা করিতেও সক্ষম হন না ॥ ৩০ ॥

কালযুগে যে সকল ভক্তবৃন্দ জন্ম পরিগ্রহ করিয়া থাকেন, কেবল অনুগ্রহের প্রকাশে যাহাতে তাঁহাদের দুঃখ শোক এবং তমোগুণের কারণীভূত ঘোর অজ্ঞানের নিবারণ হয়, তাদৃশ পুণ্যাবকাশক যশোরাশির বিকীরণে তিনি জগতে লীলা করিয়া থাকেন মাত্র ॥ ৩১ ॥

অহো! বিশুদ্ধাত্মা সদাশয় সাধুগণের শ্রবণ-পীযূষ তুল্য যে পবিত্র যশোতীর্থের সমীপবর্ত্তী মানব যদি শ্রবণরূপ পান পাত্রের দ্বারা উক্ত যশোরূপ অমৃত

আভাস।

সময়ক্রমে জীব যখন মায়ার কুহককে অতিক্রম করিতে পারে না; ভক্তি বা জ্ঞান তাহাদের হৃদয়ে স্থান পায় না, তখন ভগবান্ নিজে মানবাদি বিগ্রহ ধারণে অবতীর্ণ হইয়া

শ্রোত্রাঞ্জলিরুপস্পৃশ্য ধুনুতে কর্ম্মবাসনাং ॥ ৩২ ॥
ভোজবৃষ্ণ্যন্ধক-মধু-শূরসেন-দশার্হকৈঃ।
শ্লাঘনীয়েহিতঃ শশ্বৎ কুরু-সঞ্জয়-পাণ্ডুভিঃ ॥ ৩৩ ॥
স্নিগ্ধস্মিতেক্ষিতোদারৈর্বাক্যৈ বিক্রমলীলয়া।
নৃলোকং রময়ামাস মূর্ত্ত্যা সর্ব্বাঙ্গরম্যয়া ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

এবং অঞ্জলিঃ পানসাধনং যস্য সঃ পুরুষঃ সকৃৎ বারমেকং উপস্পৃশ্য আচম্য, কর্ম্মবাসনাং ধুনুতে [illegible]পয়তি ॥ ৩২ ॥

ভোজাদিভিঃ কুরু-প্রভৃতিভিঃ চ শ্লাঘনীয়ং ঈহিতং লীলা যস্য সঃ শ্রীকৃষ্ণঃ স্নিগ্ধং স্মিতং যত্র তথাভূতং যৎ ঈক্ষিতং অবলোকনং তেন উদারৈঃ বাক্যৈঃ বিক্রমঃ পরাক্রমঃ তৎপূর্ব্বিকয়া লীলয়া সর্ব্বৈঃ অঙ্গৈঃ রম্যয়া মূর্ত্ত্যা চ নৃলোকং রময়ামাস ॥ ৩৩ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

পুরুষঃ সকৃদপি উপস্পৃশ্য আচমনং কৃত্বা তৎসৌন্দর্য্যাকৃষ্টচিত্তঃ সন্ কর্ম্মবাসনাং ধুনুতে ॥ ৩২ ॥

তদেবাহ দ্বাভ্যাং। ভোজাদিভিঃ শ্লাঘনীয়মীহিতং যস্য ॥ ৩৩ ॥

সর্ব্বৈরঙ্গৈ রম্যয়া মূর্ত্ত্যা চ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আচমনমাত্রং কৃত্বা কিং পুনরাপীয় সকৃদেকবারমপি কিং পুনর্ব্বহুশঃ। কর্ম্মবাসনামবিদ্যাং যস্য পরোক্ষবর্ত্তিনোঽপি যৎকিঞ্চিদ্যশঃশ্রবণমাত্রেণৈব সংসারং তরন্তীত্যর্থঃ ॥ ৩২ ॥

তৎসমকালভবত্বেনাপরোক্ষবর্ত্তিন স্তল্লীলা পরিকরা স্তুগণ্যমহিমানঃ পরমমন্যো এবেত্যাহ ভোজেত্যাদি ॥ ৩৩ ॥

যেতু তস্যাতি-প্রেম-বিষয়ীভূতাঃ নেত্রাঞ্জলিভ্যাং তদীয়-রূপ-মাধুর্য্যপানাসক্তাঃ শ্রোত্রাদীনপি ফলয়ন্তি তে ত্বতিধন্যা ইত্যাহ স্নিগ্ধং স্মিতং যত্র তথাভূতং যদীক্ষিত মবলোকনং তেনোদারৈ র্মনোবাঞ্ছা-পূরকৈঃ কদাচিদ্বিক্রমস্য স্বমধুরচরণ-বিন্যাসস্য বীররসব্যঞ্জকস্য স্বশৌটীর্যস্য বা লীলয়া নৃলোকং মনুষ্যজাতিং স্বপ্রিয়জনসমূহং ॥ ৩৪ ॥

[illegible]কবার মাত্র পান করেন, বা আচমন মাত্র করেন, তাহা হইলে তিনি কর্ম্মবাসনা হইতে নিষ্কৃতি লাভে কৃতার্থ হইয়া থাকেন ॥ ৩২ ॥

অহো! যাহার উদার লীলার সম্বন্ধে ভোজ, বৃষ্ণি, অন্ধক, শূরসেন, মধু, [illegible]শার্হ এবং কুরু, সৃঞ্জয় ও পাণ্ডুবংশীয় শ্রেষ্ঠ পুরুষগণ শ্লাঘা করিয়া থাকেন, [illegible]সহ পুরুষোত্তম ভগবান্ শ্রীকৃষ্ণ ॥ ৩৩ ॥

প্রেমপূর্ণ দৃষ্টি, উদার বচন, এবং অদ্ভুত পরাক্রম সহকারে বিচিত্র লীলার [illegible]কাশে এবং রমণীয় বিগ্রহের পরিচয়ে মানব-মাত্রেরই মন বিমোহিত করিয়া [illegible]লেন ॥ ৩৪ ॥

আভাস।

[illegible]হাদের পরিত্রাণের পথ প্রশস্ত করিয়া দেন। যাহারা তাঁহাকে দর্শন করে বা অবশেষে [illegible]য় লীলা গাথা শ্রবণ করে, তাহারা জ্ঞান ও ভক্তিলাভে মুক্ত হয়, সন্দেহ নাই ॥ ৩২ ॥

যস্যাননং মকর-কুণ্ডলচারুকর্ণভ্রাজৎ কপোলসুভগং সবিলাসহাসং।
নিত্যোৎসবং ন ততৃপু র্দৃশিভিঃ পিবন্ত্যো
নার্য্যো নরাশ্চ মুদিতাঃ কুপিতা নিমেশ্চ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

যস্য শ্রীকৃষ্ণস্য মকরকুণ্ডলাভ্যাং চারু কর্ণৌ ভ্রাজন্তৌ কপোলৌ চ তৈঃ সুভগং সুন্দরং তথা সবিলাসো হাসো যস্মিন্ তৎ, নিত্যং উৎসবঃ শোভাতিশয়ঃ যস্মিন্ তৎ আননং দৃশিভিঃ নেত্রৈঃ, পিবন্ত্যঃ অতিতৃষ্ণায় পশ্যন্ত্যঃ মুদিতাঃ নার্য্যঃ নরাঃ চ ন ততৃপুঃ তৃপ্তাঃ ন জাতাঃ অপিতু নিমেঃ নিমেষোন্মেষকর্ত্তুঃ চ কুপিতাঃ বভূবুঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

তৎপ্রদর্শনার্থং মুখশোভামাহ যস্যাননং দৃশিভিঃ নেত্রৈঃ পিবন্তো নার্য্যো নরাশ্চ ন ততৃপুঃ ন তৃপ্তাঃ। নিমেষোন্মেষমাত্র-ব্যবধানমপ্যসহমানা স্তৎকর্ত্তুর্নিমেঃ কুপিতাশ্চ বভূবুঃ। কথং ভূতমাননং মকর-কুণ্ডলাভ্যাং চারুকর্ণ-ভ্রাজন্তৌ কপোলৌচ তৈঃ সুভগং। স বিলাসো হাসো যস্মিন্ নিত্যমুৎসবো যস্মিন্ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষ্বপি ব্রজবাসিন স্তেষ্বপি গোপ্য স্তৎপ্রিয়নর্ম্মসখায়শ্চ তন্মাধুর্য্যপানপ্রবরাঃ পরম ধন্যতমা ইত্যাহ যস্যেতি। সর্ব্বজ্ঞেষ্বপি মধ্যে পরম-মধুরমাননং, তদাননমপ্যূর্দ্ধাধো-ভাগাভ্যাং দ্বিধা বিভক্তং মহামাধুর্য্যং ভবতি। তত্রাপি সর্ব্বমহামাধুর্য্যাণাং চক্রবর্ত্তী হাসামৃত-মহা মধুরিমা তদধর-ভাগ-মধ্যে নিবসতীত্যধরভাগং বর্ণয়তি। মকর-কুণ্ডলাভ্যা চারু দেদীপ্যমানৌ যৌ কর্ণৌ তাভ্যাং ভ্রাজন্তৌ যৌ কপোলৌ তাভ্যাং সুভগং দ্রষ্টৃজন-মনোহরং বিলাসৈ র্হর্ষোৎসুক্য-চাপল্যাদিভি র্দ্যোতমানৈঃ সহিতো হাসো যত্র তৎ। যদ্বা মকর-কুণ্ডলাভ্যাং সকাশাদপি চারুকর্ণৌ ভূষণ-ভূষণাঙ্গমিত্যুক্তে স্তয়োরপি শোভাবর্দ্ধকত্বাৎ অর্থাৎ মকর কুণ্ডলাভ্যাং তাভ্যাং সকাশাদপি ভ্রাজন্তৌ কপোলৌ। অন্তর্ব্বর্ত্তি চর্ব্ব্যমাণতাম্বূলস্য পা স্থয়ো র্হাস-কুণ্ডলয়োশ্চ ছবিমত্ত্বাৎ তাম্বূল-হেতুকদরোত্তুঙ্গিমবদেকতরত্বাদতি-স্বচ্ছত্বাদ সুকুমারত্বাচ্চ অর্থাৎ মকর-কুণ্ডলাভ্যাং তাভ্যাং সকাশাদপি সবিলাসো হাসঃ বিম্বাধর-দশ স্বক্কণী-শোভানুরঞ্জিতত্বাৎ সর্ব্ব-মাধুর্য্য-মহারাজ-চক্রবর্ত্তিত্বাৎ স্বজ্যোৎস্না-প্রবাহ-নির্ব্বাপি সর্ব্ব-সন্তাপ-শ্রেণীকত্বাৎ সর্ব্বভক্তচেতশ্চকোরাতিলোভনীয়ত্বাৎ যুবতি-জন-কামাম্বুধি-বর্দ্ধক ব্রজকুলবালা-কুলজাতি-ধর্ম্মধৈর্য্য-ধ্বংসক-মহোন্মাদ-প্রবর্ত্তক-কার্ম্মণ-ধর্ম্মবত্ত্বাৎ যত্র ত দৃশিভি র্নেত্রাঞ্জলিভিঃ পিবন্ত্যোঽপি ন ততৃপুঃ। নিমেষোন্মেষমাত্র-ব্যবধানমপ্যসহমানা

স্বচ্ছ মকরাকার কুণ্ডল-বিশিষ্ট চারু কর্ণযুগলের শোভায় রমণীর ম হাস্যলাঞ্ছনে নিত্য উৎসব-বিকাশী বদন-মণ্ডলের কান্তি নিরন্তর দর্শনে তত্রত্য নরনারীগণ যেন তৃপ্তির অভাবে লোচন-নিমেষকারী নিমিরাজের প্র সর্ব্বদাই নিমেষ-জন্য প্রতিবন্ধকের উপলক্ষে ক্রোধ এবং বিরক্তির প্রকা করিতেন ॥ ৩৫ ॥

আভাস।

অবতার-দর্শকের মধ্যে প্রথম সৌভাগ্যবান্ ব্রজবাসী; তাঁহাদের মধ্যে গোপীগণ ধন্যতম মহামাধুরী-বিশিষ্ট শ্রীকৃষ্ণের মানব-বিগ্রহ দর্শনে কিছুতে প্রচুর বোধ করিতে তাহারা পা নাই। রাজা পরীক্ষিতের সমীপে পরবর্ত্তী দশম স্কন্ধের সংক্ষিপ্ত বিবরণ এই শ্লোকে ক

জাতো গতঃ পিতৃগৃহাদ্ব্রজমেধিতার্থো হত্বা রিপূন্ সুতশতানি কৃতোরুদারঃ।
উৎপাদ্য তেষু পুরুষঃ ক্রতুভিঃ সমীজে আত্মানমাত্মনিগমং প্রথয়ন্ জনেষু ॥৩৬॥

অন্বয়ঃ।

পুরুষঃ পুরুষোত্তমঃ আদৌ নিজরূপেণ জাতঃ সন্ পিতৃগৃহাৎ কারাগৃহাৎ ব্রজং গতঃ; তত্র ব্রজবাসিনাং এধিতাঃ সম্বর্দ্ধিতাঃ অর্থাঃ যেন তাদৃশঃ সন্ রিপূন্ কংসাদীন্ হত্বা, কৃতোরুদায়ঃ (কৃতাঃ উরবঃ ষোড়শ-সহস্রৈক শতাষ্ট সংখ্যাকাঃ দারাঃ কলত্রাণি যেন সঃ) তেষু দারেষু সুতশতানি উৎপাদ্য, আত্মনিগমং বেদমার্গং জনেষু প্রথয়ন্ প্রথয়িতুং ক্রতুভিঃ নানাবিধৈঃ যজ্ঞৈঃ আত্মানং এব সমীজে সম্যক্ আরাধিতবান্ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণ-চরিতং সমাসতো বর্ণয়তি জাত ইতি দ্বাভ্যাং। জাতো নিজেন রূপেণ পশ্চাৎ পুরুষো মনুষ্যাকারঃ সন্ ব্রজং গতঃ ব্রজবাসিনামেধিতা অর্থা যেন তেষু দারেষু সুতানাং শতানি উৎপাদ্য আত্মানগমং স্বকীয়ং বেদমার্গং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ত্তুং নির্মেঃ কুপিতা বভূবুরিতি নিমেষাসহত্বেন রূঢ়-মহাভদ্র-লক্ষণেনাত্র স্ত্রিয়ো গোপ্য এব নান্যাঃ নরাঃ কৃষ্ণাপ্রয়নর্ম্মসখাঃ সুবলাদয়ঃ নান্যে জ্ঞেয়াঃ। গোপীঃ প্রিয়নর্ম্মসখাংশ্চ বিনা রূঢ়ভাবস্যান্যত্রোদয়সম্ভবাভাবাৎ। যদুক্তমুজ্জ্বলনীলমণৌ আদ্যা প্রেমাস্তিকাং তত্রানুরাগাস্তাং সমঞ্জসা রতি র্ভাবাস্তিমাং সীমাং সমর্থৈব প্রপদ্যতে। রতি র্নর্ম্মবয়স্যানামনুরাগাজ্জয়াঃ স্মৃতিং। তেষ্বেব সুবলাদীনাং ভাবান্তামেব গচ্ছতীতি ॥ ৩৫ ॥

অথ কে তে জন্মকর্ম্মণী ইত্যপেক্ষায়াং সর্ব্বমেব যুগপৎ স্ফুরিতং উচ্চরিতমাপাততো নিজোৎকণ্ঠাকুণ্ঠনেচ্ছয়া রাজোৎকণ্ঠাবর্দ্ধনেচ্ছয়া চ সমাসেন বর্ণয়তি জাত ইতি দ্বাভ্যাং। পিতুর্বসুদেবস্য গৃহাৎ ব্রজং গতঃ কিমর্থং এধিতঃ প্রকটীকৃত্য বর্দ্ধিতঃ বৃদ্ধিসীমাং প্রাপিতোঽর্থঃ সর্ব্বপুরুষার্থশিরোমণিঃ প্রেমা যেন সঃ। প্রেমপ্রখ্যাপনস্যৈবাবতার-মুখ্যপ্রয়োজনত্বাৎ প্রেম্নশ্চ ব্রজএব বৃদ্ধি সীমা প্রাপ্তত্বাচ্চ। রিপূন্ হত্বেতি রিপুভ্যো মোক্ষপ্রদানমপ্যেকং প্রয়োজনমাত তেষু দারেষু সুতশতান্যুৎপাদ্যেত্যাদিনা বর্ণাশ্রম-ধর্ম্ম-স্থাপনঞ্চ দর্শিতং। নরাকৃতি-পরব্রহ্মত্বাৎ পুরুষঃ। আত্মানং সমীজে ইজ্যমানস্যান্যস্যাভাবাৎ কিমর্থং সমীজে তত্রাহ। আত্মনিগমং আত্মানুগতং স্বকীয়ং বেদমার্গং ॥ ৩৬ ॥

সেই পুরুষোত্তম বিষ্ণু-স্বরূপে বসুদেব-গৃহে আবির্ভূত হইয়া, কংস কারাগার হইতে ব্রজমণ্ডলে গমন করেন। তথায় ব্রজবাসিগণের প্রেম-মূর্চ্ছিত বাসনার পূরণ করত কংসাদি দারুণ দানবকুলের সংহার করেন। পরে অষ্টোত্তর শতাধিক ষোড়শ সহস্র বনিতার পাণি গ্রহণ করত, তাহাদের গর্ভে শত শত সন্তান উৎপাদন করিয়া, জন সাধারণের মধ্যে চিরানুমত বেদমার্গের প্রতিষ্ঠা স্থাপনার্থ বিবিধ যজ্ঞের অনুষ্ঠানে পরম পুরুষ পরমাত্মার আরাধনা করিয়াছিলেন ॥ ৩৬ ॥

আভাস।

কবিরা শুকদেব নিজের উজ্জনিত পরমানন্দেরই বিশেষ পরিচয় প্রদান করিয়াছেন। তিনি ভগবৎপ্রেমে যে সম্পূর্ণ মুগ্ধ, তাহার প্রকাশে রাজা পরীক্ষিতের শ্রবণেচ্ছারই শ্রীবৃদ্ধি করিয়াছেন ॥ ৩৫ ॥ ৩৬ ॥

পৃথ্ব্যাঃ স বৈ গুরুভরং ক্ষপয়ন্ কুরূণামন্তঃসমুত্থ-কলিনা যুধি ভূপচম্বঃ।
দৃষ্ট্যা বিধূয় বিজয়ে জয়মুদ্ঘোষ্য প্রোচ্যোদ্ধবায় চ পরং সমগাৎ স্বধাম ॥ ৩৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
নবমস্কন্ধে যদুবংশ-কীর্ত্তনং নাম চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৪ ॥ * ॥
॥ * ॥ সমাপ্তশ্চায়ং নবমস্কন্ধঃ ॥ * ॥

অন্বয়ঃ।

তথা কুরূণাং অন্তঃসমুত্থ-কলিনা পৃথ্ব্যাঃ পৃথিব্যাঃ, গুরুং অধিকং ভারং ক্ষপয়ন্ যুধি সংগ্রামে ভূপানাং চম্বঃ সেনাঃ স্বদৃষ্ট্যৈব বিধূয় নিহত্য, বিজয়ে অর্জ্জুনে জয়ং উদ্ঘোষ্য উদ্ঘোষ্য চ পরং তত্ত্বং প্রোচ্য উপদিশ্য চ স্বধাম বৈকুণ্ঠং জগাম ॥ ৩৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবত-নবম-স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতায়াং চতুর্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥
সমাপ্তশ্চায়ং নবমস্কন্ধঃ ॥ নমো ভগবতে বাসুদেবায় ॥

শ্রীধরস্বামী।

অন্তঃসমুত্থেন কলিনা নিমিত্তেন গুরুভরং ক্ষপয়ন্ দৃষ্ট্যৈব ভূপচমূর্বিধূয় বিজয়ে জয়ং অর্জ্জুনেন জিতং ইত্যেবমুদ্ঘোষ্য কৃত্বা পরং তত্ত্বমুদ্ধবায়োপাদিশ্য স্বধাম সম্যক্ তেনৈব রূপেণ জগামেতি ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি নবমে চতুর্ব্বিংশঃ ॥ * ॥
॥ * ॥ সমাপ্তোঽয়ং নবমস্কন্ধ ভাবার্থদীপকেতি ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভুভারহরণং প্রয়োজনমাহ পৃথ্ব্যা ইতি। ভূপচম্বঃ ভূপচমূঃ দৃষ্ট্যৈব বিধূয় তৎ প্রয়োজনমাহ। বিজয়েঽর্জ্জুনে জয়ং উৎকর্ষেণ বিঘোষ্য অর্জ্জুনেন জিতমিতি জনেষু খ্যাপয়িত্বেত্যর্থঃ। ভক্তি-জ্ঞান-বৈরাগ্য-প্রখ্যাপনমপ্যেকং প্রয়োজনং তদাহ প্রোচ্যেতি। স্বধাম দ্বারকাং সমগাৎ সঙ্গতঃ প্রাপ্তো বভূব প্রপঞ্চগোচরতাং পরিত্যজ্যেতি ভাবঃ। নারায়ণস্বরূপেণ স্বধাম বৈকুণ্ঠকাগাৎ ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
নবমস্য চতুর্ব্বিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
মজ্জ্ঞাসিন্ধু নিমজ্জন্তমন্তঃ সন্তাপ-সন্দিতং।
করুণাদৃষ্ট্যৈব সন্তঃ কর্ষন্তু মাং ততঃ ॥ * ॥
বৈশাখ শুক্লপঞ্চম্যাং রাধাকৃষ্ণসরঃতটে। নবমস্কন্ধটীকেয়মবাপ পরিপূর্ণতাং।
নবমস্কন্ধীয় টীকা শ্লোকাঙ্কঃ ৯৫০ ॥
॥ * ॥ ওঁ নমো ভগবতে বাসুদেবায়। শ্রীগোপালো বিজয়তে ॥ * ॥

পরে কুরুগণের মধ্যে পরস্পরের কলহ উত্থাপন করিয়া, ধরণীর গুরু ভার অপনোদন করিবার উপলক্ষে সংগ্রামচ্ছলে ভূপতিগণের সৈন্যকুলকে স্বীয় দৃষ্টিনিক্ষেপেই নিহত করিয়া, ভক্ত অর্জ্জুনের জয়কে সংস্থাপিত করেন। সর্ব্বান্তে উদ্ধবকে পরম তত্ত্বের উপদেশ প্রদানে স্বকীয় বৈকুণ্ঠ ধামে গমন করিয়াছেন ॥ ৩৭ ॥

ইতি নবমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥
নবম স্কন্ধ সমাপ্ত ॥